কাফিয়া

আরবি-বাংলা

অনুবাদ ও সম্পাদনায়

- মাওলানা মোহাম্মদ আবুল কালাম মাসূম
  ফাযেলে দারুল উলূম দেওবন্দ, ভারত
- মাওলানা মোহাম্মদ আনোয়ারুল হক
  ফাযেলে কাছেমুল উলূম জামিল মাদরাসা, বগুড়া
- মাওলানা মোহাম্মদ নূরুল আমীন
  ফাযেলে দারুল কুরআন শামসুল উলূম মাদরাসা
  চৌধুরী পাড়া, ঢাকা

পরিবেশনায়

ইসলামিয়া কুতুবখানা

৩০/৩২, নর্থব্রুক হল রোড, বাংলাবাজার, ঢাকা-১১০০

প্রকাশক
মাওলানা মুহাম্মদ মুস্তফা এম. এম.
৩০/৩২, নর্থব্রুক হল রোড, বাংলাবাজার, ঢাকা-১১০০

(প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত)

হাদিয়া : ৩০০.০০ টাকা মাত্র

বর্ণ বিন্যাস
আল-মাহমূদ কম্পিউটার হোম
৩০/৩২, নর্থব্রুক হল রোড, বাংলাবাজার, ঢাকা-১১০০

মুদ্রণে
ইসলামিয়া অফসেট প্রেস
প্যারীদাস রোড, বাংলাবাজার,
ঢাকা-১১০০

ভূমিকা

নাহ্‌মাদুহু ওয়া নুসাল্লি 'আলা রাসূলিহিল কারীম

হাম্‌দ ও সালাতের পর ইলমে নাহুর সুবিখ্যাত কিতাব আল্লামা জামাল উদ্দিন ইবনে হাজেব কর্তৃক রচিত কাফিয়া ইবনে হাজেব-এর নতুন করে পরিচয় দেওয়ার প্রয়োজন বোধ করছি না। বাংলাদেশসহ বিশ্বের সকল মাদ্‌রাসায় এটি পাঠ্য তালিকার অন্তর্ভুক্ত রয়েছে। মূলত কাফিয়া কিতাবখানাতে ইলমে নাহুর প্রয়োজনীয় সকল বিধানাবলি সংক্ষিপ্ত ইবারতে বিশদভাবে বর্ণনা করা হয়েছে। কিন্তু বাংলা ভাষাভাষী শিক্ষার্থীদের জন্য সরাসরি অর্থ ও ব্যাখ্যা বুঝা দুঃসাধ্য বিধায় সহজবোধ্য করার নিমিত্তে এ কিতাবটির বঙ্গানুবাদ, ব্যাখ্যা ও তারকীব সহজ-সরল ও প্রাঞ্জল ভাষায় সন্নিবেশিত করা হয়েছে। এ জাতীয় কিতাব সম্ভবত এটাই প্রথম। আশা করি আসাতিযায়ে কেরাম ও কোমলমতি ছাত্রদের জন্য তা ফলপ্রসূ হবে। আল্লাহ তা'আলা আমাদের এ প্রয়াসকে কবুল করুন।

আমাদের ঐকান্তিক প্রচেষ্টা সত্ত্বেও কিছু ভুল-ভ্রান্তি থাকা অস্বাভাবিক নয়। অনিচ্ছাকৃত ভুলগুলো ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার অনুরোধ রইল। তবে মৌলিক কোনো ভুল-ভ্রান্তি দৃষ্টিগোচর হলে এবং আমাদেরকে জানালে পরবর্তী সংস্করণে তা সংশোধন করে দেব ইনশাআল্লাহ্‌।

পরিশেষে মহান রাব্বুল আলামীনের দরবারে প্রার্থনা করছি যে, এ কিতাবটি তিনি লেখক, পাঠক, প্রকাশক এবং সংশ্লিষ্ট সকলের নাজাত ও সাফল্যের মাধ্যম হিসেবে কবুল করুন।

বিনীত

প্রকাশক

সূচিপত্র

১। ইলমে নাহুর ভূমিকা ৫
২। ইলমে নাহুর সংজ্ঞা ৫
৩। ইলমে নাহুর প্রয়োজনীয়তা ৬
৪। ইলমে নাহুর উৎপত্তি বা সংকলন ৬
৫। প্রথম শতাব্দীর নাহু বিশারদগণ ৭
৬। দ্বিতীয় শতাব্দীর নাহু বিশারদগণ ৮
৭। তৃতীয় শতাব্দীর নাহু বিশারদগণ ৮
৮। চতুর্থ শতাব্দীর নাহু বিশারদগণ ৮
৯। কাফিয়া কিতাবের লেখক পরিচিতি ৯
১০। কাফিয়া কিতাবের পরিচিতি ১০
১১। الكلمة لفظ الخ -এর আলোচনা ১৫
১২। جملة ও كلام -এর মধ্যে পার্থক্য ২৭
১৩। مثنى -এর পরিচয় ও প্রকারভেদ ৪৫
১৪। عدل -এর পারিভাষিক অর্থ ও প্রকারভেদ ৬০
১৫। معرفة -এর প্রকারভেদ ৭২
১৬। সীবাওয়াইহের নামকরণ ও জীবন কথা ৯৩
১৭। আখফাশের পরিচিতি ৯৩
১৮। المرفوعات -এর আলোচনা ৯৭
১৯। لا -এর ইসমের প্রকারভেদ ১৪৯
২০। المنصوبات -এর আলোচনা ১৫২
২১। اهلا وسهلا -এর মর্মার্থ ১৬৬
২২। ارسلها العراك -এর আনুষঙ্গিকতা ২২২
২৩। المجرورات -এর আলোচনা ২৭৪
২৪। اسم الفاعل -এর আলোচনা ৩৫২
২৫। الصفة المشبهة -এর আলোচনা ৩৫৬
২৬। الفعل -এর আলোচনা ৩৬৫
২৭। الحرف -এর আলোচনা ৪০৪

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

ইলমে নাহুর ভূমিকা

ইলমে নাহুর সংজ্ঞা : مَعْنَى النَّحْوِ لُغَةً : نَحْوٌ শব্দটি একবচন, বহুবচনে اَنْحَاءٌ । এটি বেশ কয়েকটি অর্থে ব্যবহৃত হয়ে থাকে। নিম্নে সেগুলো আলোচনা করা হলো–

১. قَصْدٌ (ইচ্ছা বা সংকল্প করা)। যথা– نَحَوْتُ هٰذَا আমি এ ইচ্ছা করেছি।
২. مِقْدَارٌ (পরিমাণ)। যথা– عِنْدِيْ نَحْوُ اَلْفِ دِيْنَارٍ আমার নিকট এক হাজার পরিমাণ স্বর্ণমুদ্রা আছে।
৩. قَبِيْلَةٌ (গোত্র বা বংশ)। যথা– مِنْ اَيِّ اَنْحَاءٍ তুমি কোন বংশের।
৪. نَوْعٌ (প্রকার)। যথা– هٰذَا عَلٰى اَرْبَعَةِ اَنْحَاءٍ এটা চার প্রকার।
৫. مِثْلٌ (মতো)। যথা– اُسَامَةُ نَحْوُ عُمَرَ উসামা ওমর (রা.)-এর মতো।
৬. نَظِيْرٌ (যেমন, যথা)। যথা– نَحْوُ قَامَ زَيْدٌ যেমন– যায়েদ দাঁড়াল।
৭. جِهَةٌ (দিক)। যথা– هُنَّ نَحْوَ الْبَيْتِ عَائِدَاتٌ তারা বাড়ির দিকে প্রত্যাবর্তনকারী।
৮. مَيْلٌ (ঝুঁক বা আকর্ষণ)। যথা– نَحَوْتُ اِلَيْهِ আমি তার প্রতি ঝুঁকে পড়েছি।
৯. اِعْرَاضٌ (বিমুখকতা)। যথা– نَحَوْتُ عَنْهُ আমি তার থেকে বিমুখতা প্রদর্শন করেছি।
১০. فَصَاحَةٌ (ভাষার মাধুর্যতা বা স্পষ্টতা)। যথা– مَا اَحْسَنَ نَحْوَكَ فِى الْكَلَامِ কতই না সুন্দর মাধুর্যতা তোমার কথায়।
১১. اِعْتِمَادٌ (ভরসা করা)। যথা– نَحَوْتُ عَلَيْهِ আমি তাঁর উপর ভরসা করেছি।
১২. صَرْفٌ (ঘুরল, ফিরাল)। যথা– نَحَوْتُ بَصَرِيْ اِلَيْهِ আমি তার প্রতি দৃষ্টি ফিরিয়েছি।
১৩. طَرِيْقٌ (রাস্তা, পথ)। যথা– هٰذَا نَحْوُ السَّوِيِّ এটা সঠিক পথ।

نحو শব্দের উপরোক্ত অর্থগুলো নিম্নোক্ত পংক্তিগুলোতে কবি গ্রথিত করেছেন–

بفت معنى نحو دارد جمله را از من بجو * قصد و مقدار وقبيله نوع وشرح وشبه وسو
نحو را شش معنى ديگر ياد ميدار اے شفيق * ميل واعراض وفصاحت اعتماد وصرف وطريق

علم نحو-এর পারিভাষিক অর্থ : مَعْنَى النَّحْوِ اِصْطِلَاحًا

اَلنَّحْوُ عِلْمٌ بِاُصُوْلٍ يُعْرَفُ بِهَا اَحْوَالُ اَوَاخِرِ الْكَلِمِ الثَّلٰثِ مِنْ حَيْثُ الْاِعْرَابِ وَالْبِنَاءِ وَكَيْفِيَّةُ التَّرْكِيْبِ بَعْضُهَا مَعَ بَعْضٍ.

অর্থাৎ ইলমে নাহু এমন কতিপয় নীতিমালা জানার নাম, যার দ্বারা معرب ও مبنى হওয়া হিসাবে তিন كلمه তথা فعل ، اسم ، ও حرف-এর শেষ অক্ষরের অবস্থাদি ও বাক্যের অন্তর্গত শব্দগুলোর একটিকে অপরটির সাথে সংযোজনের পদ্ধতি সম্পর্কে অবগত হওয়া যায়।

علم نحو-এর মাওযু (আলোচ্য বিষয়) : علم نحو-এর আলোচ্য বিষয় হলো كلام ও كلمه। কেননা, যে বস্তুর عوارض ذاتيه তথা বস্তুসত্তা নিয়ে কোনো শাস্ত্রে আলোচনা করা হয় ঐ বস্তুটিই হলো উক্ত শাস্ত্রের আলোচ্য বিষয়। যেমন– মানব দেহের বস্তুসত্তা নিয়ে ডাক্তারি শাস্ত্রে আলোচনা করা হয় বলে ডাক্তারি শাস্ত্রের আলোচ্য বিষয় হলো 'মানবদেহ'; এ হিসাবে كلمه ও كلام নিয়ে علم نحو-এর মধ্যে আলোচনা করা হয় বিধায় এ বিদ্যার আলোচ্য বিষয় হলো كلمه ও كلام ।

علم نحو-এর গরয (উদ্দেশ্য) : صِيَانَةُ الذِّهْنِ عَنِ الْخَطَإِ اللَّفْظِيِّ فِىْ كَلَامِ الْعَرَبِ

অর্থাৎ আরবি ভাষার শাব্দিক ভুল-ভ্রান্তি হতে মস্তিষ্ককে রক্ষা করা।

উপরোক্ত বক্তব্যের মূলকথা হলো, علم النحو-এর দ্বারা দু'টি উপকার সাবিত হয়ে থাকে। **প্রথমত** এ বিদ্যা অর্জনের মাধ্যমে তিন কালিমা তথা اسم ، فعل ও حرف-এর শেষ অক্ষরের হরকত নির্ভুলভাবে আদায় করা যায় এবং معرب বা مبنى হওয়া সম্পর্কে অবগতি লাভ করা যায়। **দ্বিতীয়ত** কয়েকটি শব্দ একত্র করে বাক্য গঠনের সঠিক পদ্ধতি জানা যায়। আর যখন কেউ আরবি শব্দের শেষাক্ষরের হরকত সঠিকভাবে আদায় করতে সক্ষম হয় এবং বাক্য গঠনের নির্ভুল পদ্ধতি সম্পর্কে অবহিত হয় তখন সে আরবি ভাষার শাব্দিক ভুল-ভ্রান্তি হতে নিরাপদ হয়ে যায়।

ইলমে নাহুর প্রয়োজনীয়তা : রাসূল ﷺ ইরশাদ করেছেন- تَرَكْتُ فِيكُمْ أَمْرَيْنِ لَنْ تَضِلُّوا مَا تَمَسَّكْتُمْ بِهِمَا كِتَابَ اللّٰهِ وَسُنَّةَ رَسُوْلِهِ. আমি তোমাদের নিকট দু'টো বস্তু রেখে গেলাম। যতদিন তোমরা এ দু'টোকে আঁকড়ে ধরে রাখবে ততদিন তোমরা কখনও পথভ্রষ্ট হবে না। তা হলো আল্লাহর কিতাব এবং হাদীসে রাসূল ﷺ। এ কথা সর্বজনীন স্বীকৃত ও দিবালোকের ন্যায় সুস্পষ্ট যে, রাসূল ﷺ -এর স্বীয় মাতৃভাষা আরবি হওয়ায় তদীয় অমীয় বাণী তথা হাদীসের কিতাবগুলো রচিত হয়েছে আরবি ভাষায়ই আর কুরআনুল কারীমের ভাষা তো হলো আরবি। সুতরাং কুরআনুল কারীম ও হাদীস শরীফ বুঝতে হলে আরবি ভাষা সম্পর্কে সম্যক জ্ঞান থাকা আবশ্যক। কোনো ভাষা শিক্ষা নির্ভর করে উক্ত ভাষার ব্যাকরণ শাস্ত্রের উপর। আর আরবি ভাষার ব্যাকরণ শাস্ত্রের দু'টি দিক রয়েছে একটি হলো নাহু আর অপরটি হলো সরফ। কথিত আছে যে, اَلنَّحْوُ اَبُو الْعِلْمِ وَالصَّرْفُ اُمُّهَا অর্থাৎ নাহু হলো জ্ঞানের পিতা আর সরফ হলো তার মাতা।

আরবি ভাষায় ইলমে নাহুর প্রয়োজনীয়তা অপরিসীম। ইলমে নাহুর শিক্ষা দ্বারা মানুষ ই'রাবের ভ্রান্তি হতে রক্ষা পায়। আরবি ই'রাবের সাথে অর্থের বিরাট মিল রয়েছে। কেউ কোনো শব্দের ই'রাবে ভুল করলে যে শুধুমাত্র শব্দটির উচ্চারণে ভুল হবে তা নয়, বরং কোনে কোনো ক্ষেত্রে অর্থে এমন পরিবর্তন ঘটে যায়, যা উদ্দেশ্যের সম্পূর্ণ বিপরীত। যেমন, আল্লাহ তা'আলার বাণী- وَاِذِ ابْتَلٰى اِبْرٰهِيْمَ رَبُّهٗ (ইবরাহীম (আ.)-কে তাঁর প্রভু পরীক্ষা করেছেন)। উক্ত আয়াতের ابراهيم-এর ميم বর্ণে যবরের স্থলে পেশ দিলে আর ربه-এর باء-এর পেশের স্থলে যবর দিয়ে পড়লে অর্থ দাঁড়াবে 'যখন ইবরাহীম (আ.) তাঁর প্রভুকে পরীক্ষা করেছিল।' (না'ঊযুবিল্লাহি মিনহু।) উপরোক্ত আলোচনা দ্বারা এ কথাই প্রতীয়মান হলো যে, ই'রাবের পরিবর্তনে অর্থের মধ্যে বড় ধরনের পরিবর্তন সাধিত হয়ে থাকে। তাইতো হযরত ওমর (রা.) বলেছেন- تَعَلَّمُوا النَّحْوَ كَمَا تَعَلَّمُوْنَ السُّنَنَ وَالْفَرَائِضَ অর্থাৎ তোমরা ফরজ ও সুন্নতসমূহের মতো ইলমে নাহু শিক্ষা লাভ করো। হযরত আবূ আইয়্যূব সাখতিইয়ানী (র.) বলেন- تَعَلَّمُوا النَّحْوَ فَاِنَّهٗ جَمَالٌ لِلْوَضِيْعِ وَتَرْكُهٗ هُجْنَةٌ لِلشَّرِيْفِ অর্থাৎ তোমরা ইলমে নাহু শিক্ষা লাভ করো। কেননা এটা সাধারণ লোকদের জন্য সৌন্দর্য ও প্রশংসনীয়। আর শিক্ষা লাভ না করা ভদ্রোচিত লোকদের জন্য দূষণীয়। মিফতাহুল সা'আদার গ্রন্থকার বলেন, ইলমে নাহুর জ্ঞান অর্জন করা ফরজে কিফায়ার অন্তর্ভুক্ত। তা ছাড়া কথিত আছে- اَلنَّحْوُ فِى الْكَلَامِ كَالْمِلْحِ فِى الطَّعَامِ অর্থাৎ বাক্যের মধ্যে নাহুর অবস্থা খাবারের মধ্যে লবণের মতো। অর্থাৎ যেরূপ লবণহীন খাবার বিস্বাদ তদ্রূপ নাহুহীন আরবিও অকেজো।

উপরোক্ত কারণসমূহের বিবেচনায় বলা যায় যে, ইলমে নাহুর প্রয়োজনীয়তা ও গুরুত্ব অপরিসীম।

ইলমে নাহুর উৎপত্তি বা সংকলন : জাহেলিয়াত ও ইসলামের সূচনাকাল পর্যন্ত বহুকাল ধরে আরবজাতি আল্লাহ প্রদত্ত অতুলনীয় মেধা ও ধীশক্তির কারণে বিশেষ কোনো বিধিবদ্ধ নিয়মাবলি ব্যতিরেকেই আরবি লিখন, পঠন, কথন ও ভাবের আদান-প্রদানে সুদক্ষ ও পারদর্শী ছিল। আরবগণ একে অপর থেকে এ ভাষা রপ্ত করে থাকতেন। ইসলামের প্রাথমিক যুগ পর্যন্ত তেমন কোনো জটিলতা সৃষ্টি হয়নি। তবে ইসলামের বিজয় কেতন যখন আরব ভূখণ্ডের সীমা ছাড়িয়ে অনারবে উড়তে শুরু করল, অসৎ অনারব লোক ইসলাম ধর্ম গ্রহণ করে ইসলামের সুশীতল ছায়াতলে আশ্রয় নিল, অনারব নওমুসলিমগণ ইসলাম শিক্ষার জন্যে আরবি মুসলমানদের আসা-যাওয়ার মাধ্যমে আরব ও অনারবের মেলামেশার এক অপূর্ব সুযোগ সৃষ্টি হয়, ঠিক তখনই কথাবার্তা ও ভাবের আদান-প্রদানে এমন কিছু মারাত্মক ভুল-ত্রুটি পরিলক্ষিত হয়। যদ্বারা বাক্যের উদ্দিষ্ট অর্থ বুঝতে ব্যাহত হয়। সঙ্গত কারণে প্রয়োজন দেখা দেয় এমন কিছু নিয়মাবলি লিপিবদ্ধ করার, যার দ্বারা আরব-অনারব সকলেই আরবি ভাষার শাব্দিক ভুল-ভ্রান্তি হতে রক্ষা পেতে পারে।

নুজহাতুল আউলিয়া নামক গ্রন্থে বর্ণিত রয়েছে, প্রখ্যাত তাবেয়ী হযরত আবুল আসওয়াদ দুওয়ায়লী (র.) (মৃত : ৬৭ হিজরি) বর্ণনা করেন যে, একদা আমি আমীরুল মু'মিনীন হযরত আলী (রা.)-এর দরবারে উপস্থিত হলাম। দেখতে পেলাম তাঁর হাতে একটি কাগজের টুকরা। আমি আরজ করলাম, হে আমীরুল মু'মিনীন ! এটা কি? তিনি বললেন, আমি আরবি ভাষা নিয়ে গভীর চিন্তা-ভাবনা করতে ছিলাম, দেখতে পাচ্ছি, ইসলামের বিস্তৃতির সাথে সাথে অনারবিদের সংমিশ্রণে ক্রমান্বয়ে আরবি ভাষার ভাবমূর্তি বিনষ্ট হতে চলেছে। এ জন্য আমি কিছু মূলনীতি প্রণয়ন করতে চাচ্ছি। যেগুলোর অনুসরণে এ ক্ষতি হতে রক্ষা পাওয়া যেতে পারে। এ বলে তিনি কাগজের টুকরাটি আমার হাতে তুলে দিয়ে আমাকে এ নির্দেশ দিলেন যে, আপনি এ বিষয়টির প্রতি মনোযোগ দিন এবং এ আলোকে বিস্তারিত নীতিমালা প্রণয়ন করুন এবং অতিরিক্ত কিছু বেইনে আসলে তাও অন্তর্ভুক্ত করুন। এই বলে তিনি কাগজের টুকরাটি আমাকে দিলেন। কাগজটিতে দেখতে পেলাম লেখা রয়েছে–

اَلْكَلَامُ كُلُّهُ ثَلَاثٌ اِسْمٌ وَفِعْلٌ وَحَرْفٌ فَالْاِسْمُ مَا اَنْبَأَ عَنِ الْمُسَمّٰى وَالْفِعْلُ مَا اُنْبِئَ بِهٖ وَالْحُرُوْفُ مَا اَفَادَ مَعْنًى لَيْسَ بِاِسْمٍ وَلَا فِعْلٍ، كُلُّ فَاعِلٍ مَرْفُوْعٌ وَكُلُّ مَفْعُوْلٍ مَنْصُوْبٌ وَكُلُّ مُضَافٍ اِلَيْهِ مَجْرُوْرٌ.

সুতরাং তাঁর প্রদত্ত নীতিমালার আলোকে আমি ইলমে নাহুর নীতিমালা সংকলন করি। অবশেষে তাঁর আদেশ অনুযায়ী استفهام ، تعجب ، نعت ، عطف প্রভৃতি বিষয় লিখে বাবে ان পর্যন্ত পৌঁছে তাঁর খেদমতে পেশ করলাম। তিনি দেখে বলেন, لكن-এর আলোচনা حرف مشبهة بالفعل-এর সাথে সংযুক্ত করুন। এভাবে তাঁর দিক-নির্দেশনাক্রমে আরো বেশ কয়েকটি বিষয়কে সংকলিত করে মোটামুটি একটি শাস্ত্রের রূপ দান করে তাঁকে দেখালাম। তিনি তা দেখে আনন্দিত হয়ে বললেন– مَا اَحْسَنَ هٰذَا النَّحْوَ الَّذِيْ قَدْ نَحَوْتَ (فَلِذَا سُمِّيَ نَحْوًا) আপনার সংকলিত এ তরীকা কতইনা চমৎকার। তাঁর মুখ-নিসৃত النحو শব্দ হতেই এ শাস্ত্রের নাম علم نحو রাখা হয়েছে। এ বর্ণনা মতে ইলমে নাহুর উদ্যোক্তা হযরত আলী (রা.); আর সংকলক হলেন হযরত আবুল আসওয়াদ দুয়াইলী (র.)। অপর বর্ণনা মতে ইলমে নাহুর উদ্যোক্তা হলেন হযরত ওমর (রা.)। এর কারণ স্বারূপ বলা হয়– হযরত ওমর (রা.)-এর খেলাফতকালে একজন বেদুইন সাহাবায়ে কেরামকে লক্ষ্য করে বললেন, কে আছো আমাকে রাসূল ﷺ -এর উপর নাজিলকৃত কুরআন শিখাবার? এতে জনৈক সাহাবী রাজি হলেন এবং সূরা বারাআতের কতিপয় আয়াত শিক্ষা দিতে লাগলেন। একপর্যায়ে যখন اِنَّ اللّٰهَ بَرِيْءٌ مِّنَ الْمُشْرِكِيْنَ وَ رَسُوْلُهٗ আয়াতে পৌঁছলেন, তখন ভুল করে বসলেন। رسوله-এর পেশের স্থলে যের পড়লেন, যার অর্থ দাঁড়ায়– নিশ্চয় আল্লাহ মুশরিক ও তাঁর রাসূল ﷺ হতে পৃথক। এতদশ্রবণে লোকটি বলল, হায়! আল্লাহ কি তাঁর রাসূল ﷺ থেকে মুক্ত। যদি তাই হয় তাহলে আমিও তাঁর থেকে পৃথক। অথচ এর মূল অর্থ হলো, নিশ্চয় আল্লাহ ও তাঁর রাসূল ﷺ মুশরিকদের থেকে পৃথক। এ ঘটনাটি হযরত ওমর (রা.)-এর কানে পৌঁছলে তিনি ঐ গ্রাম্য লোকটিকে ডেকে এনে বলে দিলেন, তুমি যা শুনেছ তা সঠিক নয়; বরং সঠিক হলো, رسوله-এর لام বর্ণে পেশ যোগে হবে। এ ঘটনার পর তিনি [ওমর (রা.)] বিশিষ্ট তাবেয়ী হযরত আবুল আসওয়াদ দুওয়াইলীকে ডেকে আরবি ভাষা সঠিক রূপে পঠন ও লিখনের জন্য নীতিমালা প্রণয়নের নির্দেশ দেন। সেমতে তিনি গভীর চিন্তা-ভাবনার মাধ্যমে অতি সুচারুরূপে এ কাজ-আঞ্জাম দেন এবং এ শাস্ত্রের নামকরণ করেন علم نحو বলে। (এ বর্ণনা মতে হযরত আবুল আসওয়াদ দুওয়াইলী হলেন علم نحو-এর সংকলক।) কারো কারো মতে ইলমে নাহুর মূল সংকলক হলেন আব্দুর রহমান ইবনে হুরমুজ। কারো কারো মতে নসর ইবনে আসেম (রা.)। তবে প্রথম মতটি সঠিক ও অধিক নির্ভরযোগ্য। কেননা, পরবর্তী দু'জন আবুল আসওয়াদ দুওয়ায়লী (রা.)-এরই শিষ্য।

মোটকথা, আমীরুল মু'মিনীন হযরত আলী (রা.)-এর আদেশক্রমে তাঁরই প্রদত্ত অধ্যায়সমূহের উপর ভিত্তি করে বিশিষ্ট তাবেয়ী হযরত আবুল আসওয়াদ দুওয়াইলী (র.) সর্বপ্রথম ইলমে নাহুর মৌলিক নীতিমালাগুলো প্রবর্তন করেন। কেননা, বর্ণিত আছে যে, হযরত আবুল আসওয়াদ দুওয়াইলী (র.)-কে প্রশ্ন করা হলো যে, مِنْ اَيْنَ لَكَ هٰذَا النَّحْوُ؟ (আপনি কোথা হতে এ নাহু পেয়েছেন?) তিনি উত্তরে বলেন, لَقَّقْتُ حُدُوْدَهٗ مِنْ عَلِيِّ بْنِ اَبِيْ طَالِبٍ

প্রথম শতাব্দীর নাহু বিশারদগণ : বিশিষ্ট তাবেয়ী হযরত আবুল আসওয়াদ দুওয়াইলী (র.) (মৃত : ৬৭ হিজরি)। এর পরে তাঁর সুযোগ্য ছাত্রগণ ইলমে নাহুকে সুবিন্যস্ত ও সমৃদ্ধশালী করেন। তাঁদের মধ্যে—

১.আমবাসা ইবনে মা'দান (র.)। যিনি আমবাসাতুল ফীল নামে প্রসিদ্ধ ছিলেন (মৃত : ৯৩ হিজরি)।

২. মাইমূনুল আকরান (র.) (মৃত : ১০২ হিজরি)।

৩. আবু সুলায়মান ইয়াহ ইবনে ইয়ামার (র.)।

৪. আ'তা ইবনে সাহিল আসওয়াদ (মৃত : ১৩০ হিজরি) বিশেষভাবে উল্লেখ যোগ্য। তাছাড়া আবু উমর বসরী ও তাঁর শিষ্য খলীল ইবনে আহমদ।

দ্বিতীয় শতাব্দীর নাহু বিশারদগণ : এ শতাব্দীর উল্লেখযোগ্য নাহু বিশারদগণ হলেন॥

১. আবূ ওমর ঈসা ছাকাফী (র.) (মৃত : ১৪৭হিজরি)। নাহু বিষয়ে আকমাল ও জামে' কিতাবদ্বয় তাঁরই রচিত।

২. আবূ ওমর ইবনে আলা তামীমী মাযুনী (র.) (মৃত : ১৫৪হিজরি)।

৩. আবূ আবদির রহমান খলীল ইবনে আহমদ বসরী ফরাহীদী (র.) (মৃত : ১৬০ হিজরি)। যিনি ইলমে আরূযের প্রথম প্রবর্তক এবং সীবওয়াইহ ও নসর ইবনে শামীল (র.) সহ প্রসিদ্ধ নাহুবিদদের সম্মানিত উস্তাদ।

৪. আবূ বিশর আমর ইবনে ওসমান কাম্বর (র.) (মৃত : ১৬১হিজরি)। তিনি সীবওয়াইহ নামে সর্বাধিক প্রসিদ্ধ ছিলেন এবং পূর্বে ও পরবর্তীদের মধ্যে সবচেয়ে বেশি নাহুশাস্ত্র বিশারদ ছিলেন। তিনি খলীল ইবনে আহমদ, ইউনুস ইবনে হাবীব ও ঈসা ইবনে আমরের যোগ্য ছাত্র ছিলেন এবং আবুল হাসান আখ্‌ফাশ ও ইমাম কুতরুবের সুযোগ্য উস্তাদ ছিলেন। নাহু বিষয়ে তাঁর লিখিত 'আল-কিতাবুস সীবওয়াইহ সর্বাধিক প্রসিদ্ধ।

৫. আবুল হাসান আলী ইবনে হাম্‌যা কিসায়ী (র.) (মৃত : ১৮৯হিজরি)। যিনি ইমাম ফাররা নাহ্‌বীর উস্তাদ ছিলেন।

৬. আবূ যাকারিয়া ইয়াহ্‌ইয়া ইবনে যিয়াদ আল-ফাররা আল-কূফী (র.) (মৃত : ২০৭ হিজরি)। তিনি কূফাবাসী নাহু ও সাহিত্য বিশারদদের মধ্যে সর্বাধিক প্রসিদ্ধ ছিলেন।

তৃতীয় শতাব্দীর নাহু বিশারদগণ : ১. আবুল হাসান সাঈদ ইবনে সা'দাহ মাজাশি'য়ী (র.) (মৃত : ২১৫ মতান্তরে ২২১ হিজরি)। যিনি ইবনে আখফাশ নামে সুপ্রসিদ্ধ ছিলেন এবং ইমাম সীবওয়াইহ (র.)-এর সুযোগ্য শিষ্যের অন্তর্ভুক্ত ছিলেন। ইলমে নাহু বিষয়ে 'আল-আওসাত্ব' নামে তাঁর একখানা প্রসিদ্ধ কিতাব আছে।

২. আবূ ওমর সালেহ ইবনে ইসহাক জারমী (র.) (মৃত : ২২৫ হিজরি)। তিনি ইল্‌মে নাহু ও ইলমে লোগাতের পাশাপাশি ইল্‌মে ফিক্‌হেও লাভ করেছিলেন তিনি আখফাশ নাহবী আবূ ওবায়দাহ, আবূ যায়েদ আনসারী (র.) ইত্যাদি মনীষীগণ থেকে জ্ঞানার্জন করেন। ইলমে নাহু বিষয়ে তাঁর লিখিত মুখতাসার আল-ফারাহ কিতাব প্রসিদ্ধ।

৩. আবূ ওসমান বকর ইবনে মুহাম্মদ ইবনে ওসমান আল-মাযনী আল-বসরী (র.) (মৃত : ২৪৯হিজরি)। তিনি নাহু ও সাহিত্য বিষয়ে তাঁর যুগের ইমাম ছিলেন। নাহু বিষয়ে 'জালালুন্নাহু' তাঁর লিখিত এক অনন্য কিতাব।

৪. আবুল আব্বাস মুহাম্মদ ইবনে ইয়াযীদ বুখারী (র.) (মৃত : ২৮৫ হিজরি)। তিনি ইমাম মুবাররাদ নামে প্রসিদ্ধ ছিলেন এবং তিনি আবূ ওমর জুরমী, আবু ওসমান মাযুনী ও আবূ হাতেম সিজিস্‌তানী ইত্যাদি মহা মনীষীদের সুযোগ্য শিষ্য ছিলেন। ইল্‌মে নাহু বিষয়ে তাঁর লিখিত কিতাব আল মুকাদামাহ সুবিখ্যাত।

৫. আবুল আব্বাস আহমদ ইবনে ইয়াহ্‌ইয়া (র.) (মৃত : ২৯১ হিজরি)। যিনি "ছা'লাব" নামে প্রসিদ্ধ ছিলেন। নাহু বিষয়ে তদ্বীয় লিখিত কিতাব 'আল-আওসাত্ব' নামে সুপরিচিত।

৬. আবূ ইসহাক ইব্‌রাহীম ইবনে মুহাম্মদ ইবনে আস্ সিররী ইবনে সাহল (র.) (মৃত ৩১৬ হিজরি)। যিনি ইমাম যুজাজ নাহবী হিসেবে বিখ্যাত ছিলেন এবং ইমাম মুবারবাদ ও ইমাম ছা'লাবের সুযোগ্য ছাত্র ছিলেন।

৭. আবূ বকর মুহাম্মদ ইনে আস্ সিররী ইবনে সাহল (র.) (মৃত : ৩১৬ হিজরি)। যিনি ইবনে সিরাজ নামে খ্যাত ছিলেন।

৮. আবূ হাসান মুহাম্মদ ইবনে আহমদ বাগদাদী (র.) (মৃত : ৩২০ হিজরি)। যিনি ইবনে কীসান নামে খ্যাত ছিলেন। তাঁর লিখিত মুহায্‌যাব ও ইলালুন্নাহু কিতাবদ্বয় অত্যধিক প্রসিদ্ধ।

চতুর্থ শতাব্দীর নাহু বিশারদগণ :

১. আবূ জা'ফর আহমদ ইবনে মুহাম্মদ (র.) (মৃত : ৩৩৮ হিজরি)। যিনি নাহ্‌হাস নাহবী নামে সুপরিচিত ছিলেন। নাহু বিষয়ে তাঁর লিখিত তুহাফা ও আল-ক্বাফী বিখ্যাত।

২. আবুল কাসেম আব্দুর রহমান ইবনে ইসহাক যুজামী (র.) (মৃত : ৩৩৬ হিজরি)। নাহু বিষয়ে তাঁর লিখিত আল-জুমালুল কাবীরাহ অত্যান্ত উপকারী বরকতময় বিখ্যাত কিতাব। যার প্রতিটি অধ্যায় বায়তুল্লাহ'র তওয়াফের পর মক্কা

মুকাররমায় লিখিত এবং বায়তুল্লাহ তওয়াফের সময়–কিতাবটি দ্বারা যেন মানুষ উপকার লাভ করতে পারে এবং এটি যেন তাঁর নাজাতের অসিলা হয় এ দোয়া করতেন।

৩. মুহাম্মদ ইব্নে মাওযাবান (মৃত : ৩৪৫ হিজরি) যিনি ইমাম মুবাররাদ ও ইমাম যুজাজ নাহবীর সুযোগ্য শিষ্য ছিলেন।

৪. আবু মুহাম্মদ আব্দুল্লাহ ইব্নে জা'আফর (মৃত : ৩৪৭হিজরি) যিনি ইবনে দুরাস্তুরিয়্যাহ নামে বিখ্যাত ছিলেন এবং ইমাম মুবাররাদ ও ইব্নে কুতাইবার যোগ্য ছাত্র ছিলেন। নাহু বিষয়ে তাঁর কিতাব "আল-ইরশাদ" সুখ্যাত।

৫. আবু সাঈদ হাসান ইব্নে আব্দুল্লাহ (মৃত : ৩৬৮হিজরি) যিনি ইমাম সাইরাদী নামে প্রসিদ্ধ ছিলেন। নাহু বিষয়ে "শরহে কিতাবে সিবওয়াইহ তাঁর একটি বিখ্যাত কিতাব।

৬ হুসাইন ইব্নে আহমদ (মৃত : ৩৭০ হিজরি) যিনি ইব্নে খালুরিয়্যাহ হামদানী হিসেবে বিখ্যাত ছিলেন। নাহু বিষয়ে তাঁর লিখিত "আল-জুমাল" একটি প্রসিদ্ধ কিতাব।

৭. আবূ আলী হাসান ইবনে আহমদ কারেসী (মৃত : ৩৭৭ হিজরি) যিনি একজন বিখ্যাত নাহভী ও ইমাম জিন্নীর ওস্তাদ ছিলেন এবং ইব্নে সিরাজ ও আবু ইসহাকের যোগ্য শিষ্য ছিলেন। নাহু বিষয়ে তাঁর লিখিত "আল-ইজাহ" কিতাবটি সার্বিক বিখ্যাত। যাঁর ১৯৬টি অধ্যায়ের ১০০টি অধ্যায়ই ইল্মে নাহু সম্বলিত ছিল।

৮. আবুল হাসান আলী ইবনে ঈসা (র.) (মৃত : ৩৮২ হিজরি)।

৯. আবুল ফাতাহ ওসমান ইবনে জিন্নী মুসেলী (র.) (মৃত : ৩৯২ হিজরি)। যিনি নাহু সরফ ও সাহিত্য বিশারদ ছিলেন। ইলমে নাহু বিষয়ে লিখিত 'আল-খাসায়েস ও আল-লুম'আ' কিতাবদ্বয় সর্বাধিক প্রসিদ্ধ।

১০. আবুল কাসেম মাহমূদ ইব্নে ওমর যমখশরী (র.) (মৃত : ৫৩৮ হিজরি)।

১১. ইবনে মালেক ত্বায়ী (র.) (মৃত : ৬৭২হিজরি)।

১২. ইবনে হিশাম হাম্বলী (র.) (মৃত : ৭৬১ হিজরি)।

মোটকথা, ইসলামের চতুর্থ খলিফা আমীরুল ম'মিনীন হযরত আলী (আ.)-এর দিক-নির্দেশনা ও প্রসিদ্ধ তাবেয়ী হযরত আবুল আসওয়াদ দুওয়াইলী (র.)-এর আকর্ষণীয় উপস্থাপনার মাধ্যমে ইল্মে নাহুর যে শুভ যাত্রা আরম্ভ হয়েছিল, তা শতাব্দীর পর শতাব্দী অতিক্রম করে অসংখ্য নাহু বিশারদ ও যোগ্য আলিম সৃষ্টির মাধ্যমে সপ্তম শতাব্দিতে এসে পৌঁছলে। এ শতাব্দীতে আল্লামা জুরজানী (র.)-এর মতো বিশ্ববরেণ্য আলিমে দীন ও নাহু বিশারদ তৈরি করল। এভাবে যুগ, যুগ ধরে নাহু বিশারদগণের ত্যাগ তিতিক্ষা ও নিরলস সাধনা ও আকর্ষণীয় উপস্থাপনার মাধ্যমে ইলমে নাহু আজ আমাদের সম্মুখে মুক্তামালার ন্যায় সুবিন্যস্ত হয়ে আছে।

কাফিয়া কিতাবের লেখক পরিচিতি :

নাম ও বংশ : কাফিয়া কিতাবের মুসান্নিফ (র.)-এর নাম 'ওসমান'; উপনাম আবূ আমর ; উপাধি জামালুদ্দীন। পিতার নাম ওমর। হাফেজ যাহ্রী (র.)-এর ভাষ্য অনুযায়ী তাঁর পিতা বাদশাহ ইযযুদ্দীন (عِزُّ الدِّيْنِ) মূসেক সিলাহীর দারোয়ান ছিলেন। আরবি ভাষায় যাকে হাজিব (حَاجِبٌ) বলে। এ জন্যই তিনি ইবনে হাজিব নামে সর্বাধিক পরিচিতি। তাঁর বংশ পরম্পরা নিম্নরূপ— জামালুদ্দীন আবূ আমর ওসমান ইবনে ওমর ইবনে আবী বকর ইবনে ইউনুস আদ্ দুওয়াইলী আল-মিসরী আল-মালিকী (র.)।

জন্মগ্রহণ : ক্ষণজন্মা এ মহা মনীষী মিসরের সাঈদ 'আলা-এর আমালে কাওসিয়ায় 'আসনা' নামক গ্রামে ৫৭০ হিজরির শেষাংশে জন্ম গ্রহণ করেন।

শিক্ষাজীবন : লেখক (র.) মিশরের রাজধানী কায়রো শহরে প্রাথমিক শিক্ষা লাভ করেন। বাল্যকালেই তিনি পবিত্র কালামুল্লাহ শরীফ হিফ্জ করেন। তিনি আল্লামা শাত্বিবী (র.) থেকে ইল্মে ক্বিরাআতের আয়ত্ত করেন এবং আত্তাইসীর হাদীস-গ্রন্থ শ্রবণ (سَمَاعٌ) করেন।

আল্লামা আবুল জূদ (র.) থেকে ক্বিরাআতে সাব'আ পড়েন এবং শায়খ আবুল মানসূব শাত্বিবী (র.) থেকে ইলমে ফিক্হ, মালিকী মাযহাবে আল্লামা শাত্বিবী (র.) এবং ইব্নুল বান্না (র.) হতে সাহিত্য জ্ঞান অর্জন করেন।

যোগ্যতা : আল্লামা ইবনে হাজিব একাধারে একজন সুদক্ষ ফকীহ, উচ্চমাপের তর্কবিদ, দীনদার, অত্যধিক খোদাভীরু, নির্ভরযোগ্য, অত্যন্ত বিনয়ী ও অকৃত্রিম লোক ছিলেন। তিনি সর্ববিষয়ে সুগভীর জ্ঞানের অধিকারী ছিলেন। ঐতিহ-

াসিক ইবনে খালকান বর্ণনা করেন যে, একবার ইবনে হাজিব (র.) আমার নিকট সাক্ষাৎ দান প্রসঙ্গে আগমন করেন। আমি আরবি ভাষার কঠিন কঠিন খুঁটিনাটি মাসআলা জিজ্ঞেস করি; কিন্তু তিনি প্রত্যেকটি প্রশ্নেরই অত্যন্ত ধীরস্থির ও মাহাত্ম্যের সাথে প্রশান্তিমূলক ও যুক্তিসম্মত উত্তর প্রদান করেন। তিনি আরো বলেন, আমার প্রশ্ন হতে একটি প্রশ্ন কবি গুরু মুতানাব্বীর নিম্নোক্ত কবিতা সর্ম্পকে ছিল, لَقَدْ تَصَبَّرْتَ حَتّٰى لَاتَ مُصْطَبَرٍ * قَالُوْنَ اَقْحَمَ حَتّٰى مُفْتَحَمٍ এ কবিতায় لات শব্দটি حرف جار না হওয়া সত্ত্বেও مصطبر ও مفتحم শব্দদ্বয়ে যের বিশিষ্ট হলো কেন ? তিনি [ইবনে হাজিব (র.)] নিম্নোক্ত কবিতার মাধ্যমে তার উত্তর দিলেন– جوابے دلکش ومطبوع گفتش * چناں کامد ازاں گفتن شگفتش তিনি উক্ত প্রশ্নের নাতিদীর্ঘ অত্যধিক উত্তম জবাব প্রদান করেন। ইল্‌মে নাহুর বেশ কতগুলো মাসআলায় তিনি নাহুশাস্ত্র বিশারদ্‌দের সাথে মতবিরোধ করে এমন এক প্রশ্ন উত্থাপন করেন যে, যেগুলোর উত্তর দেওয়া প্রায় দুঃসাধ্য। তাঁর তীক্ষ্ণমেধার প্রশংসা করে ইবনে খালকান (র.) বলেন– كَانَ مَنْ اَحْسَنَ خَلَقَ اللّٰهُ ذِهْنًا তিনি আল্লাহর সৃষ্টির মধ্যে সর্বাধিক বুদ্ধিমত্তার অধিকারী ছিলেন।

কর্মজীবন : তিনি শিক্ষাজীবন সমাপ্ত করে প্রায় একযুগ কালব্যাপী দামেস্কের জামে মসজিদে শিক্ষা-দীক্ষার কাজে নিয়োজিত ছিলেন। অতঃপর শায়খ ইযযুদ্দীন ইবনে আব্দুস সালাম এবং তিনি মিসরে গমন করেন। সেখানে মাদ্‌রাসায়ে ফাযিলিয়্যাহ'র সদর নিযুক্ত হন। সবশেষে তিনি ইসকান্দারিয়ায় আগমন করেন। এখানে তিনি স্থায়ীভাবে থাকার ইচ্ছা পোষণ করেন, কিন্তু বেশি দিন না যেতেই তিনি খোদাই ফয়সালার স্বীকার হয়ে যান।

কাব্য ও কাব্যিকতা : তিনি যে শুধু একজন নাহুশাস্ত্রবিদ ও সাহিত্যিক ছিলেন তা নয়; বরং তিনি একজন কবিও ছিলেন বটে। তিনি একজন সূক্ষ্মচিন্তাবিদ ও প্রশস্ত কল্পনার অধিকারী ছিলেন। তাঁর বর্ণনাভঙ্গি ছিল অত্যন্ত সহজ-সরল এবং ভাষা ছিল সুস্পষ্ট। তিনি কাফিয়া কিতাবকে কাব্য আকারে লিখেছেন, যার নাম হলো (الوافيه) আল-ওয়াফিয়া এবং مؤنث سماعيه গুলোকে তিনি মাত্র তেইশটি শ্লোকে একত্রিত করেন। তা ছাড়াও তিনি অসংখ্য কবিতা রচনা করেছেন।

রচনাবলি : আল্লামা ইবনে হাজিব কর্তৃক রচিত কিতাবাদি নিম্নরূপ : (১) আল-মুকতাফিয়ুল মুবতাদী। এ কিতাবটি শায়খ আবূ আলী ফার্সী (র.)-এর 'ঈযাহ' নামক কিতাবের ব্যাখ্যা-গ্রন্থ। (২) আল-ঈযাহ-শরহে মুফাস্‌সাল। (৩) আল-মুখতাসার (ফিক্‌হ বিষয়ে)। (৪) আল্‌-মুখতাসার (উসূল বিষয়ে)। (৫) জামালুল আরব (ইলমে আদব বিষয়ে)। (৬) আল-মাকসাদুল জালীলু ফী ইলমিল খালীলি (আরূয বিষয়ে)। (৭) মুতাহিউস সুয়ালি ওয়াল আমালি ফী ইলমিল উসূলে ওয়াল জাদলি। এটি ইমাম মালেক (র.)-এর মাযহাবের উপর একটি দীর্ঘ কিতাব, যা 'মুখতাসারে ইবনে হাজিব' নামে প্রসিদ্ধ। (৮) আল-মুনতাহী (উসূল বিষয়ে) যা আল-মুখতাসার থেকে বৃহদাকার। (৯) শাফিয়া। (১০) শরহে শাফিয়া। (১১) আল-আমালু ফিন নাহবিয়া। (১২) কিতাবু জামিইল উম্মাহাত (ইলমে ফিক্‌হ বিষয়ে)।

তিরোধান : এ কালজয়ী মহাপুরুষ ৬৪৬ হিজরিতে ১৬ শাওয়াল বৃহস্পতিবারে ইসকান্দারিয়া নামক স্থানে রফীকে 'আলার আহ্‌বানে সাড়া দিয়ে ইহধাম ত্যাগ করেন এবং বাবুল বাহারের বাহিরে শেখ সালেহ ইবনে আবী উসামায় সমাধির নিকট সমাহিত হন।

কাফিয়া কিতাবের পরিচিতি : কাফিয়া কিতাবটি আরবি ভাষায় লিখিত নাহু শাস্ত্রের একটি বে-নজীব কিতাব। এটির ভাষা খুবই সংক্ষিপ্ত কিন্তু অর্থ ও মর্ম অতি ব্যাপক। তা ছাড়া কাফিয়া কিতাবটি এত প্রসিদ্ধি লাভ করেছে, যা বর্ণনার অবকাশ রাখে না। যার মধ্যে [লেখক (র.)] ইলমের নাহুর প্রায় সকল মূলনীতি অত্যন্ত উত্তম পদ্ধতিতে একত্রিত করেছেন, এ কারণেই এ মহা মূল্যবান কিতাব প্রায় সাতশত বৎসর ধরে বিশ্বের প্রায় সকল দীনি প্রতিষ্ঠানেই পাঠ্য তালিকায় অন্তর্ভুক্ত রয়েছে এবং যুগ যুগ ধরে এ কিতাবটি অসংখ্য ব্যাখ্যা-গ্রন্থ লিপিবদ্ধ হয়েছে। নিম্নে তার কতিপয় ব্যাখ্যা-গ্রন্থের নাম আলোচনা করা হলো।

কাফিয়ার ব্যাখ্যা-গ্রন্থসমূহ :

১. শরহে কাফিয়া— শেখ জামালুদ্দীন আবু আমর উসমান ইবনে হাজিব (মৃত : ৬৪৬)
২. শরহে কাফিয়া— শেখ রাজিউদ্দীন মুহাম্মদ ইবনে হাসান আসতরাবাদী, (মৃত : ৬৮২)
৩. হাশিয়ায়ে ফার্সী— সায়্যেদ শরীফ আলী ইবনে মুহাম্মদ জুরজানী (র.) (মৃত : ৮১৬)
৪. আল-বাসীত (কাবীর) — সায়্যেদ দরুতুন্নুদ্দী হাসান মুহাম্মদ ইসতারাবাদী (মৃত : ৭১৭)
৫. আল-ওয়াফিয়াহ (মুতাওয়াস্‌সাত)
৬. শরহে কাফিয়া (সগীর)
৭. শরহে কাফিয়া — শায়খ জালালুদ্দীন আহমদ ইবনে আলী ইবনে মাহমূদ মাযদওয়ানী (মৃত : ৭১৭ হিজরি)

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

অনুবাদ : দয়াময় পরম দয়ালু আল্লাহর নামে (আরম্ভ করছি)।

ব্যাখ্যা : প্রশ্ন : সম্মানিত গ্রন্থকার তদ্বীয় কিতাব কে تسميه দ্বারা কেন আরম্ভ করেছেন? **উত্তর :** মুসান্নিফ (র.) উক্ত কিতাবখানা تسميه-এর দ্বারা শুরু করার পিছনে বেশ কয়েকটি কারণ রয়েছে। যথা–

১. আল্লাহ তা'য়ালার কিতাব পবিত্র কুরআনুল কারীমের আনুসরণ করার লক্ষ্যে। কেননা, কুরআনুল কারীমের প্রথমেই تسميه রয়েছে। তাছাড়া কুরআনের যে আয়াতটি সর্বপ্রথম অবতীর্ণ হয়, তাতে আল্লাহর নামে শুরু করার জন্য নির্দেশ করেছে। যেমন, আল্লাহর বাণী– اِقْرَأْ بِاسْمِ رَبِّكَ الَّذِىْ خَلَقَ

২. পবিত্র হাদীস শরীফ তথা রাসূল ﷺ-এর বাণীর অনুকরণ করার মানসে। যেমন, রাসূল ﷺ ইরশাদ করেছেন– كُلُّ اَمْرٍ ذِىْ بَالٍ لَمْ يُبْدَأْ بِاسْمِ اللّٰهِ تَعَالٰى فَهُوَ اَبْتَرُ وَاَقْطَعُ অর্থাৎ প্রত্যেক গুরুত্বপূর্ণ কার্যাবলি যা আল্লাহর নাম নিয়ে আরম্ভ করা হয়নি, তা লেজকাটা তথা বরকতশূন্য থেকে যায়।

৩. سلف صالحين তথা পূর্ববর্তী বুজুর্গদের অনুসরণে। অর্থাৎ سلف صالحين তাঁদের রচিত কিতাবাদি تسميه দ্বারা শুরু করেছেন। তাই মুসান্নিফ (র.)ও অনুরূপ করেছেন।

৪. শয়তানকে দুর্বল করার উদ্দেশ্য। কেননা, হাদীস শরীফে এসেছে– مَنْ قَالَ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ يَذُوْبُ الشَّيْطَانُ كَمَا يَذُوْبُ الرَّصَاصُ فِى النَّارِ অর্থাৎ تسميه দ্বারা আরম্ভ করলে শয়তান এরূপভাবে বিগলিত হয়ে যায় যেভাবে সীসা আগুনের দ্বারা গলে যায়।

৫. আল্লাহর নাম ও তাঁর প্রশংসা দ্বারা বরকত অর্জনের লক্ষ্যে।

৬. পথভ্রষ্ট কাফিরদের প্রচলিত রীতিনীতিকে দূর করণার্থে। অর্থাৎ কাফিরগণ যে কোনো কাজ بِاسْمِ اللَّاتِ وَالْعُزّٰى বলে শুরু করতো। তাদের এ প্রথা যেন চিরতরে খতম হয়ে যায় এবং সমাজের সকল শ্রেণীর লোকের بسم الله বলে কাজ করার মানসিকতা গড়ে উঠে।

যদি কেউ প্রশ্ন করে, تسميه সংক্রান্ত হাদীসের উপর আমল করা অসম্ভব। কারণ, تسميهও তো একটি গুরুত্বপূর্ণ কাজ. আর প্রত্যেক গুরুত্বপূর্ণ কাজের শুরু تسميه দ্বারা করা আবশ্যক। এ হিসেবে অপরিহার্য হলো এ تسميه -এর শুরু উপর একটি تسميه দ্বারা করা এবং ঐ تسميه-এর শুরু অপর আরেকটি تسميه দ্বারা করা এভাবে تسلسل লাযেম হবে, যা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। **উত্তর :** تسميه সম্পর্কিত হাদীসটি নির্দিষ্ট, অর্থাৎ গুরুত্বপূর্ণ বিষয় দ্বারা উদ্দেশ্য হলো تسميه ব্যতীত অন্য সব বস্তু। অথবা বলা যেতে পারে যে, গুরুত্বপূর্ণ বিষয় দ্বারা উদ্দেশ্য হলো উদ্দিষ্ট গুরুত্বপূর্ণ বিষয় আর بسمله টি উদ্দিষ্ট গুরুত্বপূর্ণ বিষয় নয়।

যদি কেউ প্রশ্ন করে, হাদীস দ্বারা বুঝা যায় যে, যদি কোনো গুরুত্বপূর্ণ কাজ تسميه-এর দ্বারা শুরু করা না হয়, তাহলে তা লেজকাটা তথা অসম্পূর্ণ থেকে যায়। অথচ অসংখ্য গুরুত্বপূর্ণ কাজ بسم الله ব্যতীত শুরু করা সত্ত্বেও সেগুলো অসম্পূর্ণ থেকে না; বরং সুচারুরূপে সমাধা হয়ে যায়। **উত্তর :** হাদীসে ابتر শব্দটি দ্বারা উদ্দেশ্য হলো বরকতশূন্য হওয়া। সুতরাং এখন আর কোনো প্রশ্ন অবশিষ্ট থাকল না।

যদি কেউ প্রশ্ন করে, হাদীসে "باسم الله" শব্দটি উল্লেখ রয়েছে। এর দ্বারা সুস্পষ্টভাবে প্রমাণিত হয় যে, আল্লাহর যে কোনো নামে শুরু করা যথেষ্ট। নির্দিষ্ট تسميه (بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ)-এর দ্বারা শুরু করা আবশ্যক ছিল না; বরং অন্য যে কোনো اسم-এর দ্বারা শুরু করলে যথেষ্ট হতো। এতদসত্ত্বেও সম্মানিত গ্রন্থকার بسم الله বলে শুরু করলেন কেন? **উত্তর :** হাদীসে باسم الله শব্দটি উল্লেখ রয়েছে ঠিক, কিন্তু এর দ্বারা উদ্দেশ্য হলো নির্দিষ্ট শব্দ তথা بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ

الرَّحِيْم অথবা হাদীসে মূলত باسم الله শব্দের উল্লেখ নেই; বরং بسم الله-এর উল্লেখ রয়েছে। সুতরাং এর দ্বারা بسم الله -ই উদ্দেশ্য ফলে এ নির্দিষ্ট শব্দটি দ্বারাই শুরু করতে হবে।

যদি কেউ প্রশ্ন করে, লেখক (র.) تسميه-এর পরে تحميد-কে উল্লেখ না করে تحميد সম্পর্কিত হাদীস তথা كُلُّ أَمْرٍ ذِيْ بَالٍ لَمْ يُبْدَأْ بِحَمْدِ اللّٰهِ فَهُوَ اَقْطَعُ وَاَجْزَمُ (প্রত্যেক গুরুত্বপূর্ণ কার্যাবলি যা আল্লাহর প্রশংসা দ্বারা শুরু করা হয়নি তা বরকতশূন্য থেকে যায়)-এর এবং سلف صالحين-এর রীতিনীতির বিরুদ্ধাচারণ করেছেন কেন? **উত্তর :** সম্মানিত গ্রন্থকার তদীয় কিতাবখানায় تسميه -এর পর تحميد উল্লেখ না করার পিছনে বেশ কয়েকটি কারণ রয়েছে। নিম্নে তার যৎকিঞ্চিৎ আলোকপাত করা হলো– (১) تحميد সংক্রান্ত হাদীস দ্বারা একথা প্রমাণিত হয় না যে, শুরু করার সময় তা লিখতে হবে; বরং হাদীসটি ব্যাপক–লেখা এবং উচ্চারণ অর্থে। সম্ভবত মুসান্নিফ (র.) تسميه-এর পরে تحميد মুখে উচ্চারণ করে স্বীয় কিতাব শুরু করেছেন। (২) تسميه -এর মাধ্যমে تحميد-ও আদায় হয়ে যায়। কারণ, تحميد-এর দ্বারা উদ্দেশ্য হলো আল্লাহর গুণকীর্তন করা, আর তা تسميه-এর অভ্যন্তরে বিদ্যমান রয়েছে। অর্থাৎ الرحمن ও الرحيم শব্দদ্বয় আল্লাহ তা'আলার গুণবাচক নাম। সুতরাং পুনরায় الحمد لله-এর মাধ্যমে শুরু করার প্রয়োজন নেই। (৩) গ্রন্থকার (র.) كسر نفس তথা আমিত্ববোধ বিনাশ করার মানসে الحمد لله-কে উল্লেখ করেননি। তিনি মনে মনে এ ধারণা পোষণ করেছেন যে, تحميد সংক্রান্ত হাদীসটি প্রত্যেক গুরুত্বপূর্ণ বিষয়ের ক্ষেত্রে প্রযোজ্য। আর আমার এ কিতাবটি তো কোনো গুরুত্বপূর্ণ বিষয়ই নয় যে, আমি تسميه-এর পরে আল্লাহর حمد উল্লেখ করব।

قَوْلُهُ بِسْمِ : بسم শব্দের باء অব্যয়টি একটি উহ্য ফে'ল বা শিবহে ফে'লের সাথে সম্পর্কিত। তবে উহ্য ফে'ল বা শিবহে ফে'লটি بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ -এর আগে হতে পারে আবার পরেও হতে পারে। অধিকাংশ নাহুবিদদের মতে ফে'ল হওয়া এবং সর্বশেষ হওয়াটাই উত্তম। এ উহ্য ফে'লটি কাজের ধরন হিসেবে যে কোনো রকম হতে পারে। যেমন– রচনার শুরুতে اُصَنِّفُ بِسْمِ اللّٰهِ الخ ; লেখার শুরুতে اَكْتُبُ ; পড়ার শুরুতে اَقْرَءُ ; খাওয়ার শুরুতে اٰكُلُ ; নিদ্রার শুরুতে اَنَامُ ; প্রবেশের শুরতে اَدْخُلُ ইত্যাদি। উহ্য فعل মেনে নেওয়া যায়।

"باء" অক্ষরটি অনেকগুলো অর্থে ব্যবহৃত হয়। যথা–

(১) الصاق (২) استعانة (৩) علة (٤) مصاحبة (٥) مقابله (٦) تعديه (٧) ظرف (٨) استعلاء (٩) مجاوزه (١٠) الى (١١) استعطاف (١٢) تبعيض (١٣) بدل (١٤) قسم (١٥) زياده ইত্যাদি। এখানে استعانة তথা সাহায্য প্রার্থনা করা অর্থে এসেছে, তাই এর পুরো বাক্যটি হবে–بِاسْتِعَانَةِ اِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ اُصَنِّفُ

বি : দ্র : بسم الله-এর باء অক্ষর একটু দীর্ঘ করে লেখা হয়েছে। এর কারণ হলো, باء-এর পরে একটি همزه ছিল, তা অধিক ব্যবহারের কারণে ফেলে দেওয়া হয়েছে–এ কথা বুঝাবার জন্য। আর اِقْرَأْ بِاسْمِ رَبِّكَ-এর থেকে همزه-কে বিলোপ করা হয়নি; কারণ এটির ব্যবহার তুলনামূলক অনেকটা কম।

* اسم শব্দটি মূলে কি ছিল, তা নিয়ে নাহুশাস্ত্র বিশারদদের মাঝে মতবিরোধ রয়েছে। বসরীদের মতে এটি মূলে ছিল سمو আর অর্থ হলো উঁচু। যেহেতু اسم-এটি مسند ও مسندالیه হতে পারে এ হিসেবে তার দু'প্রকার তথা فعل (যা مسند হতে পারে) এবং حرف (যা مسند اليه ও مسند কোনোটিই হতে পারে না) অপেক্ষা অধিক উচ্চমানের, তাই একে اسم বলে নামকরণ করা হয়েছে। আর سمو হতে اسم এভাবে হয়েছে যে, سمو হতে নিয়ম-বহির্ভূত واو-কে ফেলে দিয়ে তার পরিবর্তে শুরুতে একটি হামযা যুক্ত করা হয়েছে। আর কূফাবাসী নাহুবিশারদগণের মতে, এটি মূলত وسم ছিল। যার অর্থ হলো– নিদর্শন। اسم টি তার مسمى-এর জন্য নিদর্শন হওয়ায় অথবা اسم দ্বারা প্রত্যেক বস্তুকে চেনা যাওয়ায় اسم-কে اسم বলে নামকরণ করা হয়েছে। وسم -এর واو-কে وشاح-এর কায়দায় همزه দ্বারা পরিবর্তন করায় اسم হয়েছে।

قوله الله : الله শব্দটি মহান আল্লাহর ذاتى যা সত্তাগত নাম। শাব্দিক অর্থ হলো– مَعْبُوْدٌ حَقٌّ তথা সত্য উপাস্য বা প্রকৃত প্রভু। আর বিশুদ্ধ মত অনুযায়ী এর পারিভাষিক সংজ্ঞা হলো–هُوَ عِلْمٌ لِذَاتِ وَاجِبِ الْوُجُوْدِ الْمُسْتَجْمِعُ لِجَمِيْعِ الْمَحَامِدِ وَالصِّفَاتِ الْكَمَالِ الْمُنَزَّهُ عَنِ النُّقْصَانِ وَالزَّوَالِ অর্থাৎ আল্লাহ এমন এক পবিত্র সত্তার নাম, যাঁর অস্তিত্ব অবধারিত। যিনি সকল প্রশংসা ও পূর্ণাঙ্গ গুণাবলির কেন্দ্রস্থল, যিনি ত্রুটি ও ধ্বংস হতে মুক্ত ও পবিত্র।

জ্ঞাতব্য বিষয় : اللّٰه শব্দটি নিয়ে কয়েকটি মতবিরোধ রয়েছে। এটি আরবি না অনারবি শব্দ ? একদল ওলামায়ে কেরামের মতে اللّٰه শব্দটি আরবি, আবার অপর একদলের মতে অনারবি। যাঁরা বলেন আরবি তাঁরা আবার প্রশ্ন তুলেন– এটি اسم مشتق নাকি اسم جامد ? ইমাম আবূ হানীফা (র.) ও খলীল ইবনে কায়সান (র.) সহ অনেক ওলামায়ে কেরাম বলেন, এটি اسم جامد অর্থাৎ আল্লাহ তা'আলার এমন একটি ذاتى (সত্তাগত) নাম যাতে কোনো পরিবর্তন-পরিবর্ধন হতে না পারে। আর কিছুসংখ্যক ওলামায়ে কেরাম বলেন اسم مشتق । যাঁরা اسم مشتق-এর পক্ষে রয়েছেন তাঁরা আবার পরস্পর মতবিরোধ করেন যে, এটি কিসের থেকে مشتق হয়েছে অর্থাৎ তাঁর مشتق منه কি ? (ক) কারো কারো মতে, এটি اِلٰهَةٌ বা اُلُوْهَةٌ অথবা اُلُوْهِيَّةٌ হতে مشتق যা মূলে ছিল اله, হামযাকে সহজতার জন্য حذف করে তার পরিবর্তে একটি لام লেখা হয়েছে, অতঃপর প্রথম لام-কে দ্বিতীয় لام-এর মধ্যে ادغام করায় اللّٰه হয়েছে। (খ) কারো কারো মতে, এটি اَلِهَ يَالَهُ (سَمِعَ) হতে مشتق হয়েছে। (গ) কারো মতে, وَلَهَ يَوْلَهُ (فَتَحَ) হতে। (ঘ) কারো মতে تَاَلَّهَ يَتَاَلَّهُ (تَفَعُّلٌ) হতে।(ঙ) কারো মতে, لَاهَ يَلَاهُ হতে مشتق হয়েছে।

মোটকথা, এ ব্যাপারে প্রায় কুড়িটি মত রয়েছে, যা তাফসীরে বায়যাবীতে উল্লেখ রয়েছে।

قَوْلُهُ اَلرَّحْمٰنِ الرَّحِيْمِ : رحمن ও رحيم শব্দদ্বয় رحمة এ দু'টি صيغه صفت মাস্‌দার হতে নির্গত। رحمة বলা হয়– رِقَّةِ قَلْبٍ বা অন্তরের কোমলতা ও নম্রতা। এখানে শব্দদ্বয় ব্যবহৃত হয়েছে রূপকার্থে তথা অনুগ্রহ দয়া অর্থে। তা না হলে এখানে প্রশ্নের সম্মুখীন হতে হয়। আর তা হলো قلب তথা অন্তরের জন্য جسم (শরীর) আবশ্যক। جسم বলা হয়– مَالَهُ الْاَبْعَادُ الثَّلَاثَةُ তথা দৈর্ঘ্য, প্রস্থ ও গভীরতা যার মধ্যে বিদ্যমান। আর শরীর তথা দৈর্ঘ্য, প্রস্থ ও গভীরতা সম্বলিত বস্তুর মধ্যে সাধারণত পরিবর্তন-পরিবর্ধন পরিলক্ষিত হয়। সুতরাং আল্লাহর জন্য পরিবর্তন-পরিবর্ধন তথা حدوثى হওয়া لازم হয়ে যায়। (نعوذ بالله) যা আল্লাহর জন্য কখনো সম্ভব নয়। এর উত্তরে বলা যায়, তাফসীরে বায়হাকীতে এ মর্মে একটি কায়দা রয়েছে যে, যখন কোনো শব্দের معنى حقيقى তথা মূল অর্থ গ্রহণ করা অসম্ভব হয়ে পড়ে। তখন غاية انتهاء ঐ শব্দের معنى مجازى তথা রূপক অর্থ উদ্দেশ্য হয়ে থাকে, সুতরাং رقت قلب-এর রূপকার্থ হলো احسان তথা অনুগ্রহ ও দয়া আর অর্থটি আল্লাহর মাঝে বিদ্যমান। কেননা, সমগ্র সৃষ্টিজীব আল্লাহর অনুগ্রহ ও দয়ায় ডুবে আছে।

যদি কেউ প্রশ্ন করে, رحمن-কে কেন رحيم-এর পূর্বে নেওয়া হয়েছে ? **উত্তর :** رحيم থেকে رحمن শব্দে আধিক্যের অর্থ বেশি পাওয়া যায়। কারণ, رحمن শব্দে رحيم থেকে অক্ষরের সংখ্যা বেশি। আর কায়দা আছে– كَثْرَةُ الْمَبَانِىْ تَدُلُّ عَلٰى كَثْرَةِ الْمَعَانِىْ অর্থাৎ অক্ষরের আধিক্য অর্থের আধিক্যকে বুঝায়। এ হিসেবে رحيم তাকে বলে যার মধ্যে رحم তথা অধিক পরিমাণ দয়া পাওয়া যায়। আর الرحمن হলো لِمَنْ لَا نِهَايَةَ لَهُ فِىْ ذَالِكَ অর্থাৎ যাঁর দয়ার সীমা নেই অর্থাৎ অসীম দয়ালু। এ জন্য বলা হয় يَا رَحْمٰنَ الدُّنْيَا ، يَا رَحِيْمَ الدُّنْيَا وَالْاٰخِرَةِ এবং رحمن শব্দটি একমাত্র আল্লাহর সাথে নির্দিষ্ট আল্লাহ ছাড়া অন্যের উপর প্রয়োগ হয় না। আর عام শব্দটি ; এটি আল্লাহ ও আল্লাহ ছাড়া অন্যের উপর প্রয়োগ হয়ে থাকে। এ হিসেবে رحمن -কে رحيم-এর পূর্বে আনা হয়েছে।

اَلرَّحْمٰنِ الرَّحِيْمِ-এর ই'রাব : এ শব্দ দু'টোতে তিন প্রকারের ই'রাব হতে পারে–

১. الرحمن শব্দটি উহ্য মুবতাদা তথা هو-এর খবর হিসেবে مرفوع বা পেশ বিশিষ্ট হতে পারে। এমতাবস্থায় الرحيم শব্দটিতে তিনটি ই'রাব হতে পারে– (ক) مرفوع হতে পারে উহ্য মুবতাদা তথা هو-এর খবর বা الرحمن-এর সিফাত হিসেবে। এ ক্ষেত্রে মূলবাক্যটি হবে هُوَ الرَّحْمٰنُ الرَّحِيْمُ বা بِسْمِ اللّٰهِ هُوَ الرَّحْمٰنُ هُوَ الرَّحِيْمُ (খ) منصوب হতে পারে। উহ্য امدح বা اعنى ক্রিয়ার مفعول হিসেবে। এক্ষেত্রে মূল বাক্যটি হবে–بِسْمِ اللّٰهِ هُوَ الرَّحْمٰنُ اَعْنِى الرَّحِيْمَ (গ) مجرور হতে পারে। اللّٰه শব্দটি হতে বদল বা সিফাত হিসেবে। মূল ইবারত হবে– بِسْمِ اللّٰهِ هُوَ الرَّحْمٰنُ الرَّحِيْمُ-

২. الرحمن শব্দটি উহ্য ফে'ল তথা امدح বা اعنى-এর মাফ'উল হিসেবে منصوب হতে পারে। এ সময়ও الرحيم-এর মধ্যে পূর্বের মতো তিন প্রকারের ই'রাব হতে পারে। এসব সুরতে মূল ইবারত হবে (যথাক্রমে)– بِسْمِ اللّٰهِ اَعْنِى الرَّحْمٰنَ هُوَ الرَّحِيْمُ ، بِسْمِ اللّٰهِ اَعْنِى الرَّحْمٰنَ اَعْنِى الرَّحِيْمَ ، بِسْمِ اللّٰهِ اَعْنِى الرَّحْمٰنَ الرَّحِيْمَ

৩. الرحمن পদটি الله শব্দটি হতে বদল বা সিফাত হিসেবে مجرور হতে পারে। এমতাবস্থায়ও الرحيم এ পূর্বের ন্যায় তিন প্রকারের ই'রাব হতে পারে। এ সব সূরতে মূল ইবারত হবে (যথাক্রমে)–

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ هُوَ الرَّحِيْمُ ، بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ اَعْنِى الرَّحِيْمَ ، بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

তারকীব : باء অব্যয়টি হরফে জার, اسم পদটি মুযাফ الله মাওসূফ الرحمن প্রথম সিফাত এবং الرحيم দ্বিতীয় সিফাত। মাওসূফ তার উভয় সিফাত মিলে اسم-এর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে باء হরফে জারের মাজরূর হয়েছে। জার ও মাজরূর উহ্য اشرع ফে'লের সাথে মুতা'আল্লাক হলো। اشرع ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীরে انا তার ফায়েল। অতএব, ফে'ল , ফায়েল ও মুতা'আল্লাক মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে।

জ্ঞাতব্য বিষয় : تسميه-এর তারকীবের সম্ভাব্য সূরত মোট ৫৩১২ টি হতে পারে। তন্মধ্যে বহুল আলোচিত হলো ৭২ টি। আর তা এভাবে যে, تسميه-এর প্রথমে যে باء রয়েছে, এটি একটি হরফে জার আর হরফে জারের জন্য অত্যাবশ্যক হলো মুতা'আল্লাক। সুতরাং এ মুতা'আল্লাকটি ফে'ল হতে পারে অথবা শিবহে ফে'লও হতে পারে। ফে'ল হলে এটা আবার দু'প্রকার : ফে'লে খাস (নির্দিষ্ট ক্রিয়া, যেমন–اُصَنِّفُ বা اَكْتُبُ) হতে পারে। অথবা ফে'লে আম(সাধারণ ক্রিয়া যেমন– تَصْنِيْفِىْ বা اَشْرَعُ বা اَبْتَدِئُ) হতে পারে। আর শিবহে ফে'ল হলে, এটাও দু'প্রকার : شبه فعل خاص যেমন– ثَابِتٌ হতে পারে। شبه فعل عام (যেমন–ثابت) হতে পারে। এখানে মোট চারটি সূরত হলো। এ চারটি আবার مقدم হতে পারে, অথবা مؤخرও হতে পারে। এ হিসেবে মোট ৮টি সূরত হলো। আরো সহজভাবে বুঝার জন্য নিম্নে বিশদভাবে আলোকপাত করা হলো–

১. باء -এর মুতা'আল্লাকটা فعل عام مقدم হয়ে হতে পারে। যেমন–اَبْتَدِئُ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

২. باء-এর মুতা'আল্লাকটা فعل عام مؤخر হয়ে হতে পারে। যেমন–بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ اَبْتَدِئُ

৩. باء-এর মুতা'আল্লাকটা فعل خاص مقدم হয়ে হতে পারে। যেমন–اُصَنِّفُ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

৪. باء-এর মুতা'আল্লাকটা فعل خاص مؤخر হয়ে হতে পারে। যেমন–بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ اُصَنِّفُ

৫. باء-এর মুতা'আল্লাকটা شبه فعل عام مقدم হয়ে হতে পারে। যেমন–

تَصْنِيْفِىْ ثَابِتٌ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

৬. باء-এর মুতা'আল্লাকটা شبه فعل عام مؤخر হয়ে হতে পারে। যেমন–

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ثَابِتٌ تَصْنِيْفِىْ

৭. باء-এর মুতা'আল্লাকটা شبه فعل خاص مقدم হয়ে হতে পারে। যেমন–

تَصْنِيْفِىْ مُلَابِسٌ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

৮. باء-এর মুতা'আল্লাকটা شبه فعل خاص مؤخر হয়ে হতে পারে। যেমন–

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ مُلَابِسٌ تَصْنِيْفِىْ

উপরোক্ত আট সূরতের প্রত্যেকটি الرحمن-এর মধ্যে তিন প্রকারের তারকীব হতে পারে। الرحمن-এর প্রতিটি সূরতে الرحيم-এ তিন প্রকারের তারকীব হতে পারে, অর্থাৎ الرحمن টি هو উহ্য মুবতাদার খবর হতে পারে, অথবা امدح বা اعنى উহ্য ফে'লের মাফউল হতে পারে, অথবা الله শব্দের সিফাত হতে পারে। অতঃপর الرحمن শব্দটি خبر হওয়ার সূরতে الرحيم-এ তিন প্রকারের তারকীব হতে পারে অর্থাৎ (১) উহ্য মুবতাদা তথা هو-এর খবর, যেমন– هو الرحيم, অথবা (২) امدح বা اعنى উহ্য ফে'লের মাফউলে বিহী, অথবা (৩) الله শব্দের সিফাত বা الرحمن হতে বদল। আর الرحمن টি اَلرَّحْمٰنَ উহ্য ফে'লের মাফউল হওয়ার সূরতেও الرحيم-এ তিন প্রকারের তারকীব হতে পারে, যেমন– اَعْنِى বা امدح الرَّحْمٰنَ اَعْنِى الرَّحِيْمَ ، اَلرَّحْمٰنَ الرَّحِيْمِ তদ্রূপ الرحمن সিফাত বা বদল হওয়ার সূরতেও الرحيم-এর তিন প্রকারের তারকীব হতে পারে। মোটকথা, الرحمن ও الرحيم এ তারকীবের মোট ৯টি সূরত হতে পারে। অতঃপর باء-এর মুতা'আল্লাক ৮ টি সূরত হতে পারে। এ হিসেবে تسميه-এর তারকীব মোট (৮ ও ৯) ৭২ সূরত হতে পারে।

اَلْكَلِمَةُ لَفْظٌ وُضِعَ لِمَعْنًى مُفْرَدٍ-

অনুবাদ : كلمه এমন শব্দকে বলে, যাকে একক অর্থ বুঝাবার জন্য গঠন করা হয়েছে।

ব্যাখ্যা : قَوْلُهُ اَلْكَلِمَةُ : যদি কেউ প্রশ্ন করে, সম্মানিত গ্রন্থকার তদ্বীয় কিতাবটি كلمه-এর আলে শুরু করলেন কেন ? **উত্তর :** যেহেতু কিতাবটি লিখিত ইল্‌মে নাহু বিষয়ে, আর নাহুর আলোচ্য বিষয় হলো তাই গ্রন্থকার আলোচ্য বিষয় তথা كلمه ও كلام -এর আলোচনার মাধ্যমে কিতাব শুরু করেছেন।

যদি কেউ প্রশ্ন করে, ইল্‌মে নাহুর উদ্দেশ্য হলো তিন কালিমা তথা اسم ، فعل ও حرف-এর শেষাক্ষে অবস্থাদি ও বাক্য গঠন পদ্ধতি সম্পর্কে আলোচনা করা। অথচ মুসান্নিফ (র.) মূল উদ্দেশ্য সম্পর্কিত আলো কিতাব আরম্ভ না করে كلمه ও كلام -এর পরিচয় তথা সংজ্ঞার বর্ণনায় মনোনিবেশ করে একটি অহেতুক ক **উত্তর :** কোনো বস্তুর অবস্থাদি সম্পর্কে আলোচনা করা উক্ত বস্তুর পরিচয়ের উপর নির্ভরশীল। সুতরাং যার নির্ভরশীল তার পরিচয় না দিয়ে অবস্থাদি সম্পর্কে আলোচনা করা সম্পূর্ণ অযৌক্তিক। তাই সম্মানিত গ্রন্থকার প্রথ বর্ণনায় মনোযোগ দিয়েছেন।

যদি কেউ প্রশ্ন করে, ইল্‌মে নাহুর আলোচ্য বিষয় তো হলো كلمه ও كلام ; গ্রন্থকার (র.) كلام-এর পূ আলোচনায় লিপ্ত হলেন কেন ? **উত্তর :** (১) كلمه ও كلام এ দু'টোর যে কোনো একটি দিয়ে তো আলোচ হবে। তাই সম্মানিত গ্রন্থকার كلام-এর পূর্বে كلمه-এর আলোচনা করেছেন। যদি كلمه-এর পূর্বে كلام-এ করতেন, তাহলে ও প্রশ্ন উত্থাপিত হতো كلام-কে কেন مقدم করা হলো। (২) অথবা, كلمه হলো একটি এ كلام হলো যৌগিক শব্দ। তাই এককে যৌগিকের উপর অগ্রগামী করার লক্ষ্যে মুসান্নিফ (র.) كلمه-কে ম مقدم করেছেন। যেমন–'এক' সংখ্যাটিকে مقدم করা হয়েছে 'দু'-এর উপর, কারণ দু'টি 'এক'-এর দ্বারাই দুই অথবা, كلمه-এর افراد কালামের افراد-এর অংশ হয়ে থাকে, আবার كلمه-এর অর্থ كلام-এর অর্থের অংশ সুতরাং جز -كل -এর উপর مقدم হওয়ার দাবিদার। এ হিসেবে মুসান্নিফ (র.) كلمه-কে كلام-এর উপর ন

জ্ঞাতব্য বিষয় : الكلمة-এর মধ্যে তিনটি অংশ রয়েছে–

(১) حرف تعريف (২) مادة তথা ك ، ل ، م (৩) " ة "। নিম্নে সবগুলোর বিস্তারিত আলোচনা দেওয়া হলো

১. حرف تعريف অর্থাৎ الكلمة-এর প্রথমে যে الف لام আছে, তা কোন প্রকারের الف لام এ বিষয়ে ত আমাদেরকে الف لام-এর প্রকারগুলো সম্পর্কে জানতে হবে। الف لام প্রথমত দু'প্রকার। (১) زائده (অতিরি প্রথমে শব্দের সৌন্দর্য বৃদ্ধির উদ্দেশ্যে ব্যবহৃত হয়ে থাকে। যেমন– الفتحة ، الكسرة ইত্যাদি।(২) (অনতিরিক্ত)। যা শুধু মাত্র تعريف তথা নির্দিষ্ট করণের فائدة দেয় এবং একমাত্র اسم-এর উপর প্রবেশ করে দু' প্রকার। যথা– (১) الف لام اسمى (২) الف لام حرفى ; الف لام اسمى হলো যা কেবলমাত্র فاعل-এর উপর প্রবেশ করে الذى-এর অর্থ প্রদান করে এবং উক্ত اسم فاعل বা اسم مفعول টি তার مفعول-এর উপর প্রবেশ করে যেমন– الضارب তথা الذى ضرب আর الف لام حرفى হলো, যা اسم فاعل ও اسم مفعول ব্যতীত অন্য যে এর শুরুতে প্রবিষ্ট হয়। الف لام আবার চার প্রকার। যথা–(১) جنسى (২) استغراقى (৩) ارجى عهد ذهنى। এরوجه حصر হলো এই যে, مدخول لام (الف لام যার উপর প্রবিষ্ট হয়) দ্বারা ماهيت তথা জাত হবে অথবা افراد তথা অংশী উদ্দেশ্য হবে। যদি জাতীয়তা উদ্দেশ্য হয়, তাহলে তাকে الف لام جنسى বলে। خسر من المرأة অর্থাৎ পুরুষ জাতি উত্তম হলো নারী জাতি হতে। আর যদি দ্বিতীয়টি তথা مدخول لام দ্বারা

হয়, তাহলে এটা আবার দু'প্রকার। সকল অংশী উদ্দেশ্য হবে অথবা কিছু অংশী উদ্দেশ্য হবে। প্রথমটি (সকল افراد উদ্দেশ্য হলে)-কে الف لام استغراقی বলে। যেমন- ان الانسان لفی خسر الا الذین امنوا الخ (নিশ্চয় সকল মানুষ ক্ষতিগ্রস্ততার মধ্যে রয়েছে। তবে ঈমানদারগণ ব্যতীত। এখানে الانسان-এর الف لام টি الف لام استغراقی কারণ, যদি استغراقی বলা না হয়, তাহলে استثناء-ই শুদ্ধ হয় না। যেহেতু مستثنی متصل-এর মধ্যে مستثنی টি مستثنی منه-এর অন্তর্ভুক্ত হওয়া আবশ্যক, আর منقطع-এর মধ্যে مستثنی টি مستثنی منه -এর থেকে বের হওয়া আবশ্যক। আর এ অন্তর্ভুক্তিকরণ বা বের করণটা তখনই সম্ভব হয় যখন مستثنی منه-এর الف لام কে استغراقی মেনে নেওয়া হয়। অন্যথা নয়। উল্লিখিত আয়াতে কারীমায় استثناء-এর قرینة-এর দ্বারা বুঝা যায়, যে এখানে الف لام استغراقی হয়েছে।

আর যদি কিছু افراد (অংশী) উদ্দেশ্য হয়, এটা আবার দু'প্রকার- হয়তো উহ্য অংশীগুলো বাস্তবে নির্দিষ্ট হবে, অথবা হবে না। যদি বাস্তবে নির্দিষ্ট হয়, তাহলে তাকে عهد خارجی বলে। যেমন, আল্লাহর বাণী- كَمَا أَرْسَلْنَا إِلَىٰ فِرْعَوْنَ رَسُولًا فَعَصَىٰ فِرْعَوْنُ الرَّسُولَ অর্থাৎ অনুরূপভাবে আমি ফিরআউনের নিকট রাসূল প্রেরণ করেছি। অতঃপর ফিরআউন ঐ রাসূলের অবাধ্য হয়েছে। এখানে الرسول-এর الف لام টি عهد خارجی অর্থাৎ রাসূল বলতে ঐ رسول-কে বুঝানো হয়েছে যাকে ফিরআউনের নিকট প্রেরণ করা হয়েছে। আর দ্বিতীয়টি অর্থাৎ যদি لام-এর مدخول দ্বারা এমন কিছু অংশী উদ্দেশ্য হয় যা বাস্তবে অনির্দিষ্ট বরং متکلم-এর মনে মনে সুনির্দিষ্ট, তাহলে তাকে عهد ذهنی বলে। যেমন, আল্লাহর বাণী- وَأَخَافُ أَنْ يَأْكُلَهُ الذِّئْبُ অর্থাৎ আমি ভয় পাচ্ছি; না জানি তাকে বাঘে খেয়ে ফেলে। এখানে الذئب-এর الف لام টি عهد ذهنی ; কারণ, বাস্তবে এখানে কোনো বাঘ নেই; বরং হযরত ইয়াকূব (আ.) মনে মনে এ কথাটি ভাবছিলেন যে, তাঁর অন্যান্য ছেলেরা ইউসুফ (আ.)-কে মেরে বাঘের নাম দিবে অর্থাৎ বাঘ বলতে ইয়াকূব (আ.) তাঁর ছেলেদেরকে বুঝিয়েছেন যা একমাত্র তাঁর মনেই নির্দিষ্ট ছিল। আর معهود ذهنی হুকুমের ক্ষেত্রে نكره -এর মতো। এ কারণেই তার সাথে نكره-এর মতো আচরণ করা হয়। যেমন, কবির কবিতা- وَلَقَدْ أَمُرُّ عَلَى اللَّئِيمِ يَسُبُّنِي * فَمَضَيْتُ ثُمَّهُ قُلْتُ لَا يَعْنِينِي অর্থাৎ আমি এমন এক অসভ্যের কাছ দিয়ে অতিক্রম করছিলাম, যে আমাকে গালি দিচ্ছিল। আমি চলে যাচ্ছি এবং (মনে মনে) বলছি যে, সে আমাকে গালি দিচ্ছে না।

* الف لام-এর বিস্তারিত আলোচনার পর এখন অত্যাবশ্যক হলো এ কথা নির্ণয় করা যে, الكلمه-এর الف لام টি উপরোক্ত প্রকার সমূহের কোন প্রকারের। এ ব্যাপারে কয়েকটি বক্তব্য পরিলক্ষিত হয়- (১) কারো কারো মতে الكلمه-এর মধ্যকার الف لام টি جنسی (জাতীয়তা জ্ঞাপক) ইসতেগরাক্বী বা عهد خارجی নয়। কারণ, সাধারণত ماهيت তথা মূলের সংজ্ঞা বর্ণনা করা হয়ে থাকে, افراد -এর নয়। যদি এ الف لام টি جنسی না হয়, তাহলে তার مدخول দ্বারা সকল افراد উদ্দেশ্য হবে বা কিছু افراد উদ্দেশ্য হবে। এ সময় ماهيت-এর সংজ্ঞা বর্ণনা করা হবে না; বরং افراد-এর সংজ্ঞা বর্ণনা হবে। আর এটা সম্পূর্ণ অবৈধ। এটি অবৈধ হওয়ার কারণ হলো, সংজ্ঞার দ্বারা উদ্দেশ্য হলো معرف (যার সংজ্ঞা বর্ণনা করা হয়)-কে উপস্থিত করা। আর এর (معرف-এর) আফরাদ হলো অসীম। সসীম কালে অসীম বস্তুকে উপস্থিত করা অসম্ভব। অপরদিকে ماهيت তার বিপরীত; অর্থাৎ ماهيت হলো সীমিত। সুতরাং সসীম কালে এটাকে উপস্থিত করা যায়। সঙ্গত কারণেই সাব্যস্ত হলো যে, تعريف তথা সংজ্ঞা ماهيت-এর ই হয়ে থাকে افراد -এর নয়।

অধিকাংশ নাহবীদের মতে, الكلمة-এর মধ্যকার الف لام টি عهد خارجی অর্থাৎ এখানে ঐ كلمه (শব্দ) উদ্দেশ্য যা নাহুশাস্ত্র বিশারদদের নিকট প্রচলিত। আর تعريف একমাত্র ماهيت-এরই হয়। এর স্বপক্ষে যুক্তি দাঁড় করিয়ে যাঁরা বলেছেন এখানে الف لام টি جنسی ; তাঁদের বক্তব্যের জবাবে বলা হয়- আপনাদেরকে বর্ণিত কায়দা হলো একটি منطقی তথা যুক্তি শাস্ত্রিক, এটি نحوی নয়, নাহবীদের নিকট تعريف للافراد বৈধ। তা ছাড়া এখানে كلمه বলে ঐ كلمه-কে বুঝানো হয়েছে, যা নাহুবিদদের নিকট প্রচলিত এবং যার افراد সীমিত অর্থাৎ اسم ، فعل ও حرف এ তিন প্রকারে সীমিত।

ফলে تعريف للافراد হলেও কোনো অসুবিধা নেই। যেহেতু অসীম افراد-কে সসীম সময়ে উপস্থিত অভিযোগও এখানে বিদ্যমান নেই। সুতরাং الكلمه-এর মধ্যাকার الف لام কে-عهد خارجى বলতে কোনো

দ্বিতীয় আলোচনা : كلمه-এর ما ده তথা كلم সম্পর্কে। (كلمه শব্দের আভিধানিক অর্থ– আর পারিভাষিক অর্থ হলো– هِىَ مَا يَنْطِقُ بِهِ الْاِنْسَانُ مُفْرَدًا اَوْ مُرَكَّبًا অর্থাৎ মানুষ একক বা যৌগিক কথা বলে তাকে كلمه বলে।) কেউ কেউ বলেন, كلمه ও كلام শব্দটি كَلْمٌ (لام কালিমা সাকিনযুক্ত) হ (كَلْمٌ) অর্থ হলো– জখম করা। কেননা, كلمه (শব্দ) ও كلام (বাক্য) তথা কথার প্রতিক্রিয়া অন্তরে তলোয় চেয়েও বেশি ক্রিয়াশীল। যেমন, হযরত আলী (র.)-এর পংক্তি–

جَرَاحَاتُ السِّنَانِ لَهَا الْتِيَامُ * وَلَا يَلْتَامُ مَا جَرَحَ اللِّسَانُ

অর্থাৎ তলোয়ারের আঘাতের প্রতিষেধক আছে তবে মুখের আঘাতের কোনো প্রতিষেধক নেই।

* كَلِمٌ শব্দটি جمع (বহুবচন) নাকি اسم جنس ; এ ব্যাপারে মতবিরোধ রয়েছে। نحاة بصريين-এর جنس ; কারণ আল্লাহর বাণী– اِلَيْهِ يَصْعَدُ الْكَلِمُ الطَّيِّبُ-এর মধ্যে اَلْكَلِمُ শব্দটির صفت নেওয়া হয়েছে যা প্রমাণ করে اَلْكَلِمُ শব্দটি جمع নয়। যদি جمع হতো তাহলে اَلطَّيِّبُ-এর সাথে ة যুক্ত হয়ে اَلطَّيِّبَةُ ব্যব সুতরাং উক্ত আয়াত দ্বারা প্রমাণিত হয় যে, كَلِمٌ শব্দটি اسم جنس ; এটি جمع বা বহুবচন নয়। كو فيين كَلِمٌ শব্দটি جمع ; এটি اسم جمع নয়। কারণ كَلِمٌ শব্দটি তিন বা ততোধিকের উপর প্রয়োগ হয়, যদি হতো তাহলে একের উপরও প্রয়োগ করা সঠিক হতো। অথচ এমনটি কখনও করা হয় না।

বসরাবাসী নাহুবিদগণ কর্তৃক পেশকৃত দলিল আল্লাহ তা'আলার বাণী–اَلْكَلِمُ الطَّيِّبُ জবাবে কূফাবাসী না বাক্যটি ব্যাখ্যা সম্বলিত। অর্থাৎ الطيب শব্দটি সরাসরি الكلم-এর صفت নয়; বরং এর পূর্বে بعض শব্দটি مضاف অর্থাৎ বাক্যটি মুখে اِلَيْهِ يَصْعَدُ الْكَلِمُ بَعْضُ الطَّيِّبِ ছিল। অথবা, كلمه-এর সি এ হিসেবে লেখা হয়েছে, যেসব جمع এরূপ হয় যে, তার এবং তার واحد -এর মধ্যে শুধুমাত্র "ة" দ্বারা প থাকে, সেটির صفت-এ مذكر ও مؤنث উভয়টি বরাবর। সুতরাং এর দ্বারা كلمه শব্দটি جنس হওয়ার উ করা সঠিক হবে না।

তৃতীয় আলোচনা : اَلْكَلِمَةُ-এর "ة" -এর সম্পর্কে। এ تاء টি وحدت তথা একত্বের জন্য এক্ষেত্রে প্রশ্ন হতে পারে যে, الكلم শব্দটিতে الف لام টি جنس-এর অর্থে ব্যবহৃত যা আধিক্যতা ও ব্যাপকত وحدت তার বিপরীত, সুতরাং الكلمة -এর মধ্যে الف لام হলো جنس-এর জন্য, আর تاء হলো وحدت- হতে পারে না, কারণ একই শব্দে বিপরীতধর্মী দু'টো বস্তুর বিদ্যমানতা সম্পূর্ণ নিষিদ্ধ। ফলে لام টি جنسيت- টি وحدت-এর জন্য হতে পারে না। **উত্তর :** وحدت মোট চার প্রকার। যথা– نَوْعِىْ (২) جِنْسِىْ (১ فردى ; এ চার প্রকার হতে শুধুমাত্র وحدت فردى হলো আধিক্যতাও ব্যাপকতার বিপরীত। আর এটা এখা সুতরাং الكلمة-এর لام টি جنسى আর تاء - وحدت-এর জন্য ব্যবহৃত হওয়ায় কোনো অসুবিধা নেই الكلمة-এর تاء টি وحدت-এর জন্য নির্দিষ্ট হয়ে গেল, তখন এর মধ্যে تخصيص তথা নির্দিষ্টতা সৃষ্টি হয় দ্বারা كلمه হতে كلمه لغوى ও كلمه شهادت ইত্যাদি বের হয়ে যায়।এ হিসেবে الكلمة-এর অর্থ দাঁড় নিকট মৌলিক كلمه হলো, যাকে একক অর্থ বুঝাবার জন্য বানানো হয়েছে।

قَوْلُهُ لَفْظٌ : لفظ শব্দটি একবচন, এর বহুবচন হলো اَلْفَاظٌ ; শাব্দিক অর্থ–اَلرَّمْىُ বা নিক্ষেপ করা। اَكَلْتُ التَّمْرَةَ وَلَفَظْتُ النَّوَاةَ অর্থাৎ আমি খেজুর খেয়েছি এবং আঁটি নিক্ষেপ করে দিয়েছি। অনুরূপভাবে لَفَظَتِ الرَّحَى الدَّقِيْقَ অর্থাৎ চাক্কি আটা নিক্ষেপ করেছে। আর নাহ্বীদের পরিভাষায় لفظ বলা হয়- اَلْاِنْسَانُ مِنْ حَرْفٍ فَصَاعِدًا অর্থাৎ মানুষ যা উচ্চারণ করে তাকে لفظ বলে। চাই এক হরফ হোক বা অধি

لفظ-এর সংজ্ঞাটি محذوف ও ضمير উভয়কে অন্তর্ভুক্ত করে নেয়। কেননা, মানুষ এগুলোকে ও উচ্চারণ করে থাকে। আর মানুষের تلفظ তথা উচ্চারণটা (عام) ব্যাপক। অর্থাৎ এটা নবসৃষ্ট কথা হতে পারে, অথবা অন্য কারো কথাও হতে পারে। এ হিসেবে আল্লাহর বাণী ও জিনের কথাও لفظ -এর অন্তর্ভুক্ত হয়ে যায়। সুতরাং كلمه-এর সংজ্ঞায় لفظ শব্দটি হলো ما به الاشتراك (جنس) যা প্রকৃত-অপ্রকৃত, একক-যৌগিক, মুহ্মাল-মাওযূ' সকল শব্দকে অন্তর্ভুক্ত করে নেয়। অবশিষ্ট فيه গুলো ما به الامتياز-এর পর্যায়ে।

* اَلْكَلِمَةُ لَفْظٌ الخ এ বাক্যের তারকীবের উপর একটি প্রশ্ন উত্থাপন হয় আর তা হলো; الكلمة শব্দটি মুবতাদা আর لفظ শব্দটি তার সিফাত وضع الخ সহ মিলে খবর। আর এ কথা সর্বজন স্বীকৃত যে, মুবতাদা ও খবরের মধ্যে مذكر ও مؤنث-এ مطابقت (মিল থাকা) আবশ্যক। এখানে মুবতাদা তথা الكلمة শব্দটি مؤنث আর খবর তথা لفظ শব্দটি مذكر সুতরাং এখানে تانيث ও تذكير -এ মুবতাদা ও খবরের মধ্যে موافقت হয়নি, যা অত্যধিক দূষণীয়। **উত্তর :** মুবতাদা ও খবরের মধ্যে مطابقت আবশ্যক হওয়ার জন্য তিনটি শর্ত রয়েছে –(১) খবরটি مشتق হওয়া (২) খবরটির মধ্যে এমন একটি যমীর হওয়া যা মুবতাদার দিকে راجع (প্রত্যাবর্তিত)। (৩) খবরটি مؤنث ও مذكر -এর মধ্যে বরাবর না হওয়া। এখানে খবরটি مؤنث ও مذكر -এর মধ্যে বরাবর নয় এ শর্ত পাওয়া গেলেও অপর দু'টি শর্ত তথা খবরটি مشتق-ও হয়নি এবং তার মধ্যে এমন কোনো যমীরও নেই যা মুবতাদার দিকে راجع অতঃপর এখানে মুবতাদা ও খবরের মধ্যে مطابقت আবশ্যক নয়।

قَوْلُهُ وُضِعَ : وضع-এর আভিধানিক অর্থ হলো– রাখা। আর পারিভাষায় وضع বলা হয়– تَخْصِيْصُ شَيْءٍ بِشَيْءٍ بِحَيْثُ مَتٰى اُطْلِقَ اَوْ اُحِسَّ الشَّيْءُ الْاَوَّلُ فُهِمَ مِنْهُ الشَّيْءُ الثَّانِيْ অর্থাৎ একটি বস্তুকে অপর বস্তুর সাথে এমনভাবে নির্দিষ্ট করে দেওয়া, যদি প্রথম বস্তুটি প্রয়োগ বা উপলব্ধি করা হয় তাহলে এর দ্বারা দ্বিতীয় বস্তুটি বুঝে এসে যায়। كلمه-এর সংজ্ঞায় এ قيد-এর দ্বারা মুহমাল, যেমন–جسق এবং ঐ সকল শব্দ যেগুলোকে স্বভাবগতভাবে ব্যবহৃত হয়, যেমন– اح ، اح ইত্যাদি বের হয়ে যায়, তবে এখনও كلمه -এর সংজ্ঞায় مفرد ، موضوع ও مركب ইত্যাদি শব্দাবলি অন্তর্ভুক্ত রয়েছে।

قَوْلُهُ لِمَعْنًى : مَعْنًى শব্দটি عَنْيٌ মূলধাতু হতে مَفْعَلٌ ওযনে اسم ظرف مكان-এর সীগাহ। যার অর্থ হলো– ইচ্ছার স্থান। অথবা, مصدر ميمى যা اسم مفعول-এর অর্থ প্রদান করবে। অথবা, এটি اسم مفعول-এর সীগাহ। এ ক্ষেত্রে مَعْنًى শব্দটি মূলত مَعْنُوٌ ছিল। سَيِّدٌ-এর কায়দা অনুযায়ী واو-কে ياء দ্বারা পরিবর্তন করা হয়েছে। অতঃপর ياء-এর সাথে সামঞ্জস্য রাখার জন্য ياء-এর পূর্বাক্ষর তথা نون-এর পেশকে যের দ্বারা পবির্তন করা হয়েছে। ফলে এখন مَعْنِيٌ রূপ ধারণ করেছে। এখন خلاف قياس একটি ياء-কে বিলোপ করে نون-এর যেরকে যবর দ্বারা পরিবর্তন করায় مَعْنَيٌ রূপ ধারণ করেছে। مَعْنًى শব্দটিতে ياء হরকত বিশিষ্ট পূর্বাক্ষর যবর যুক্ত হওয়ায় ياء-কে الف দ্বারা পরিবর্তন করা হয়েছে। অতঃপর الف ও তানবীন দু'টি সাকিন একত্রিত হওয়ায় الف-কে বিলোপ করে তানবীনকে نون-এর সাথে যুক্ত করায় مَعْنًى হয়েছে।

* لِمَعْنًى-এর قيد দ্বারা كلمه-এর সংজ্ঞা হতে حروف هجا তথা الف ، باء، تا ইত্যাদিকে বের করা হয়েছে। কেননা, এগুলো শব্দ গঠনের উদ্দেশ্যে গঠিত, অর্থের জন্য নয়।এখন প্রশ্ন হতে পারে যে, حروف هجا দ্বারা শব্দ গঠন উদ্দেশ্য হয়ে থাকে। আর যে বস্তু অন্য বস্তু হতে উদ্দেশ্য হয়ে থাকে তাকেই معنى বলে। ফলে শব্দ গঠনের উদ্দেশ্যকে معنى -এর বর্হিভূত সাব্যস্তা করা ঠিক নয় । **উত্তর :** معنى-এর পারিভাষিক অর্থ হলো– مَايُقْصَدُ بِهِ اللَّفْظُ অর্থাৎ শব্দের দ্বারা যা উদ্দেশ্য করা হয় এবং যা শব্দের অন্তর্ভুক্ত হয়ে থাকে। আর শব্দ গঠন এটা فعل-এর অন্তর্ভুক্ত হওয়ায় لفظ টি حروف هجا হতে বহির্ভূত। এ জন্য একে معنى বলা যাবে না। তা ছাড়া معنى-এর জন্য আবশ্যক হলো, প্রয়োগের সময় শব্দ বুঝে আসা। আর শব্দ গঠনের উদ্দেশ্য, যেহেতু প্রয়োগের সময় حروف هجا - যেমন– الف ، باء ، تاء ، ثاء ইত্যাদি বুঝা যায় না, এ জন্য একে معنى বলা যাবে না। আর যদি غرض تركيب তথা শব্দ গঠনের উদ্দেশ্যকে معنى-এর حروف هجا-এর

ইসম উপরোক্ত মু'রাব-মাবনী দু'অবস্থা থেকে মুক্ত নয় বিধায় এ দু'প্রকারে সীমাবদ্ধ করা হয়েছে।

مُعْرَبٌ -এর অর্থ : مُعْرَبٌ শব্দটি اَلْاِعْرَابُ মাসদারের বাবে افعال হতে ইসমে যরফের সীগাহ্, اِعْرَابٌ অর্থ– اِظْهَارٌ বা প্রকাশ করা। যেমন, হাদীসে নববীতে রয়েছে– اَلثَّيِّبُ تُعْرِبُ عَنْ نَفْسِهَا এখানে تعرب – اظهار -এর অর্থে ব্যবহৃত হয়েছে। বাবে افعال -এর হামযাটি تعدية -এর জন্য, যা এ বাবের খাসিয়্যাত। তাকে معرب করে নামকরণের কারণ হলো, এটা اضافة ، مفعولية ، فاعلية -এর অর্থের প্রকাশস্থল। অথবা শব্দটি ইসমে মাফউলের সীগাহ; তখন اعراب -এর অর্থ হবে, ازالة الفساد (বিপর্যয় দূরীভূত করা) যেমন বলা হয়ে থাকে– عَرَبَتْ مِعْدَتُهُ اَىْ فَسَدَتْ যেহেতু معرب টি اضافة ، مفعولية ، فاعلية -এর অর্থের বিভিন্ন সম্ভাবনা দূর করে একটি সুনির্দিষ্ট অর্থ প্রদান করে। এ সময়ে همزة টি বাবে افعال -এর খাসিয়্যাত سلب مأخذ -এর অর্থে ব্যবহৃত।

مبنى -এর অর্থ : مبنى শব্দটি ইসমে মাফউলের সীগাহ্ البناء মাসদার হতে নির্গত। অর্থ– عدم تغير ও مستحكم (পরিবর্তন না হওয়া ও অটল থাকা)। মাবনী যেহেতু আমিলের পরিবর্তনের কারণে কোনোরূপ পরিবর্তন হয় না; বরং আপনাবস্থায় অটল থাকে; তাই এটাকে مبنى করে নামকরণ করা হয়েছে। তাইতো কোন কবি বলেন–

مبنى آں باشد كه ماند بر قرار * معرب آں باشد كه گردد باربار

মু'রাবকে পূর্বে আনার কারণ ঃ مبنى -এর উপর معرب -কে মুকাদ্দাম করার কয়েকটি কারণ রয়েছে যথা– (১) সংজ্ঞায় বলা হয়েছে ইসমে মু'রাব বিভিন্নরূপে পরিবর্তিত হয়ে থাকে। আর ইস্‌মে মধ্যে পরিবর্তন সূচিত হওয়াই আসল ব্যাপার। আর এ জন্যই মূলকে তার শাখার উপর অগ্রগামী করা হয়েছে। (২) معرب -এর প্রাচুর্যতা مبنى -এর তুলনায় অধিক আর معرب -এর শাখা-প্রশাখা ও বিধানাবলি অপরটির তুলনায় বেশি, এ জন্যই আল্লামা ইবনে হাজিব (র.) মু'রাবকে মাবনীর উপর মুকাদ্দাম করেছেন। (৩) আরবি ভাষায় ব্যবহৃত اعراب দু'ধরনের হয়ে থাকে। যেমন– (১) اعراب لفظى (২) اعراب تقديرى আর এ দু'প্রকারের اعراب ইসমে মু'রাবের মধ্যে প্রযোজ্য হতে দেখা যায়। পক্ষান্তরে مبنى -এর ই'রাব হয়ে থাকে শুধু মহলগতভাবে। এ কারণেই معرب -এর আলোচনাকে পূর্বে নেওয়া হয়েছে।

* فالمعرب -এর মধ্যে বিদ্যমান الفاء তাফসীলের জন্য এসেছে। আর ال আহদে খারেজী এবং জিনসীও হতে পারে এ জন্য যে, এটা সংজ্ঞাস্থলে পতিত হয়েছে।

* معرب -কে اعراب -এর আলোচনার পূর্বে অগ্রগামী করার কারণ হলো, معرب হলো محل আর اعراب হলো حال : এ কথাতে কোনো সন্দেহ নেই যে, محل (যাত), حال (সিফাত)-এর ওপর মুকাদ্দাম হয়ে থাকে।

مَبْنِيُّ الْاَصْلِ -এর বর্ণনা : مبنى الاصل এটি الاضافة البيانية হয়েছে। যথা– আবদুর রহমান জামী (র.) বর্ণনা করেছেন–

مَبْنِيُّ الْاَصْلِ اَيِ الْمَبْنِيُّ الَّذِيْ هُوَ الْاَصْلُ فِى الْبِنَاءِ فَالْاِضَافَةُ بَيَانِيَّةٌ وَهُوَ الْمَاضِيْ وَالْاَمْرُ بِغَيْرِ اللَّامِ وَالْحَرْفُ .

মূলগত মাবনী বলতে সেই ইসমকে বুঝায় যা গঠনগতভাবে মাবনী। মাবনী আসল তিনটি। যথা— (১) সর্বপ্রকারের امر حاضر معروف (২) -এর সীগাহসমূহ। এ ছাড়া امر غائب ও امر حاضر مجهول -এর সীগাহগুলো معرب (৩) ماضى -এর সীগাহসমূহ। তবে ماضى استمرارى মাবনী আসল নয়, এটি مضارع হতে গঠিত। আর مضارع হলো মুরব

* صاحب مفصل -এর মতে, مبنى اصل -এর সাথে সদৃশতা বা مناسبة -এর গ্রহণযোগ্য সুরত ছয়টি।

(১) ইসম مبنى اصل -এর অর্থকে অন্তর্ভুক্ত করা। যেমন– اين টি همزه استفهام -এর অর্থকে অন্তর্ভুক্ত করে। (২) কোনো ইসম مبنى اصل -এর সাথে অপরের মুখাপেক্ষী হওয়ার ক্ষেত্রে সাদৃশ্যপূর্ণ হওয়া। যেমন– اسماء موصوله -এগুলো অপরের দিকে মুখাপেক্ষী হওয়ার দিক থেকে حروف -এর সাথে সাদৃশ্যপূর্ণ। (৩) কোনো ইসম مبنى -এর স্থানে পতিত হওয়া। যেমন– انزل টি نزال -এর জায়গায় পতিত হয়েছে। (৪) কোনো ইসম ঐ শব্দের সাদৃশ্যপূর্ণ হওয়া, যা مبنى اصل -এর জায়গায় পতিত হয়ে থাকে। যেমন– فجار এটি نزال -এর একই ওযন ও আকৃতিতে হয়েছে। (৫) ইসম ঐ জায়গায় পতিত হওয়া, যা مبنى اصل -এর সাথে সাদৃশ্যপূর্ণ। যেমন– منادى مفخم যা পেশের উপর মাবনী হয়ে থাকে। আসলে এটি كاف خطاب -এর জায়গায় হয়েছে, যা হরফের সাথে সাদৃশ্যপূর্ণ। (৬) ইসম مبنى اصل -এর দিকে মুযাফ হওয়া। যেমন– اذ ، اذا ، حيث এগুলো জুমলার দিকে মুযাফ হয়ে থাকে।

فَوَائِدِ قُيُوْد : اَلَّذِىْ لَمْ يُشْبَهْ الْمركب শব্দটি جنس তার মধ্যে معرب ও مبنية اسماء সবগুলো প্রবিষ্ট রয়েছে। مَبْنِىَّ الْاَصْلِ এটা فصل, যা مبنيه اسماء -কে বের করে দিয়েছে।

বিস্তারিতভাবে বলা যায় যে, ضَرَبَ زَيْدٌ — এখানে زيد হলো معرب اسم কেননা, এটা তার আমিল ضرب -এর সাথে تركيب হয়েছে। এ فصل দ্বারা اسم معرب -এর সংজ্ঞা থেকে যেগুলো অন্য একটির সাথে تركيب হয় না, সে সবগুলো বের হয়ে গেছে। যেমন– (১) الاسماء الاصوات যথা– تا ، با ، الف المركب ; এ ছাড়া দ্বারা (২) اسماء عدد যথা– واحد ، اثنان (৩) حروف تهجى যথা– نخ ، غاق যেগুলো غير تركيب হয়, তা বের হয়ে গেছে। যথা– زيد ، خالد ইত্যাদি। قَوْلُهُ لَمْ يُشْبَهْ مَبْنِىَّ الْاَصْلِ (অর্থাৎ আসলের সাথে সদৃশতা রাখবে না) এটা فصل ثانى ; এর দ্বারা ঐ সব ইসম বের হয়ে গেছে যা স্বীয় আমিলের সাথে تركيب হয়ে مبنى الاصل -এর সাথে সদৃশতা রাখে। যেমন– قام هؤلاء এ জুমলার মধ্যে هؤلاء শব্দটি অন্যের সাথে تركيب হওয়ার পরও ইসমে মু'রাব নয়; বরং মাবনী। কেননা, উহা مبنى اصل তথা হরফের সাথে সাদৃশ্য রাখে। حرف যেমন অন্যের সাহায্য ছাড়া নিজের অর্থ নিজে প্রকাশ করতে পারে না, তেমনি ইসমে ইশারাটিও তার مشار اليه ব্যতীত স্বীয় অর্থ প্রকাশ করতে পারে না, তাই এটি মু'রাব নয়; বরং মাবনী।

অধিকাংশ নাহুবিদ معرب -এর সংজ্ঞা দিতে গিয়ে বলেছেন– مَا اخْتَلَفَ اٰخِرُهُ بِاخْتِلَافِ الْعَوَامِلِ আর আল্লামা ইবনে হাজিব (র.) معرب -এর ঐ সংজ্ঞাকে বর্জন করত অত্র কিতাবে উল্লিখিত সংজ্ঞাকে এখতিয়ার করার কারণ হলো– জমহুরের সংজ্ঞাতে تَقَدُّمُ الشَّىْءِ عَلٰى نَفْسِهٖ লাযেম এসেছে; যা অবশ্যই বর্জনীয়। তার বর্ণনা করার আগে মানতিকবিদদের একটি যুক্তি তুলে ধরা সমীচীন মনে করি। সংজ্ঞার মূল উদ্দেশ্য হলো কোনো বস্তুর পরিচয় এভবে তুলে ধরা, যাকে حد اوسط স্থির করত موضوع -এর হুকুমকে অন্যান্য আফরাদ পর্যন্ত পৌঁছাতে পারা যায়। যেমন– ফায়েলের সংজ্ঞা مَا اُسْنِدَ اِلَيْهِ الْفِعْلُ অথবা اَوْ شِبْهُهُ عَلٰى جِهَةِ قِيَامِهٖ بِهٖ এটাকে حد اوسط স্থির করত ফায়েলের হুকুমকে তার আফরাদের দিকে পৌঁছানো যায়। যেমন– ضَرَبَ زَيْدٌ -এর মধ্যে زيد হলো ফায়েলের ফরদ, যার দিকে ফায়েলের হুকুমকে এমনভাবে পৌঁছানো যায় যে,

দাবি زَيْدٌ فِىْ ضَرَبَ زَيْدٌ مَرْفُوْعٌ সুগরা كُلُّ مَا اُسْنِدَ اِلَيْهِ الْفِعْلُ عَلٰى جِهَةِ قِيَامِهٖ بِهٖ কুবরা لِاَنَّهُ مَا اُسْنِدَ اِلَيْهِ الْفِعْلُ عَلٰى جِهَةِ قِيَامِهٖ بِهٖ فَهُوَ زَيْدٌ مَرْفُوْعٌ নতীজা - فزيد مرفوع

অনুরূপভাবে اَلْمُعْرَبُ يَخْتَلِفُ اٰخِرُهٗ بِاِخْتِلَافِ الْعَوَامِلِ এখানে المعرب কাযিয়ায়ে হামলিয়ার موضوع আর তার হুকুম হলো اِخْتِلَافُ اٰخِرِهٖ بِاِخْتِلَافِ الْعَوَامِلِ যেমন- زيد হলো মু'রাবের একটি فرد তার দিকে তার হুকুমকে এভাবে পৌঁছাতে হবে যে, দাবি زَيْدٌ يَخْتَلِفُ اٰخِرُهٗ بِاِخْتِلَافِ الْعَوَامِلِ সুগরা لِاَنَّهٗ مُعْرَبٌ اَىْ مُرَكَّبٌ لَمْ يُشْبِهْ مَبْنِىَّ الْاَصْلِ কুবরা وَكُلُّ مُعْرَبٍ اَىْ مُرَكَّبٍ لَمْ يُشْبِهْ مَبْنِىَّ الْاَصْلِ يَخْتَلِفُ اٰخِرُهٗ بِاِخْتِلَافِ الْعَوَامِلِ নতীজা فَزَيْدٌ يَخْتَلِفُ اٰخِرُهٗ بِاِخْتِلَافِ الْعَوَامِلِ ।

এ মানতিকী যুক্তি দ্বারা ফলাফল পাওয়া যায় যে, আল্লামা ইবনে হাজিব (র.)-এর অভিমত বিশুদ্ধ। জমহুরের প্রদত্ত সংজ্ঞা দ্বারা উল্লিখিত হুকুম পর্যন্ত পৌঁছাতে হলে تَقَدُّمُ الشَّىْءِ عَلٰى نَفْسِهٖ লাযেম আসবে। যেমন- দাবি زَيْدٌ مَا يَخْتَلِفُ اٰخِرُهٗ সুগরা لِاَنَّهٗ مُعْرَبٌ اَىْ مَا يَخْتَلِفُ اٰخِرُهٗ بِاِخْتِلَافِ الْعَوَامِلِ কুবরা وَكُلُّ مُعْرَبٍ مَا يَخْتَلِفُ اٰخِرُهٗ بِاِخْتِلَافِ الْعَوَامِلِ নতীজা فَزَيْدٌ مَا يَخْتَلِفُ اٰخِرُهٗ بِاِخْتِلَافِ الْعَوَامِلِ এখানে লক্ষ্য করলে দেখা যায়, নতীজা হলো হুবহু সুগরা আর নতীজাটা ছুগরার উপর নির্ভরশীল হয়ে থাকে। এখানে তো একটি বস্তু নিজ সত্তার উপর নির্ভরশীল হয়ে গেল। موقوف عليه (যার ওপর নির্ভর করা হয়) আগে আসে, موقوف (নির্ভরশীল বস্তুটি) পরে উল্লিখিত হয়; অথচ এতে موقوف عليه ও موقوف عليه একই বস্তু হয়ে গেছে। এ প্রক্রিয়াকে বলে- تَقَدُّمُ الشَّىْءِ عَلٰى نَفْسِهٖ যা অসম্ভব হওয়ার ব্যাপারে কোনো সন্দেহ নেই। এ খারাবি থেকে রক্ষা পাওয়ার উদ্দেশ্যে মুসান্নিফ (র.) জমহুরের সংজ্ঞাকে বর্জন করত উল্লিখিত সংজ্ঞাকে উপস্থাপন করেছেন। আর জমহুরের পক্ষ থেকে প্রদত্ত ইসমে মু'রাবের পরিচয়কে তার হুকুমের অন্তর্ভুক্ত করেছেন।

তারকীব ঃ قَوْلُهٗ وَمِنْ خَوَاصِّهٖ دُخُوْلُ اللَّامِ وَالْجَرِّ وَالتَّنْوِيْنِ الخ : واو হরফে ইস্তিনাফ, من হরফে জার, خواص মুযাফ, ه মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে من হরফে জারের মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগব হয়েছে উহ্য ثابتة ফে'লের সাথে। ثابتة ফে'ল, তার যমীর هى ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবরে মুকাদ্দাম। دخول اللام-এর মধ্যস্থিত دخول মুযাফ, اللام মা'তূফ আলাইহ, واو হরফে আতফ, الجر মা'তূফ আউয়াল, واو আতেফা, التنوين মা'তূফে ছানী। মা'তূফ আলাইহ ও তার মা'তূফদ্বয় মিলে মুযাফ ইলাইহ হয়েছে دخول মুযাফের। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ আউওয়াল, واو হরফে আতফ, الاضافة মা'তূফে ছানী। মা'তূফ আলাইহ ও তার মা'তূফদ্বয় মিলে মুবতাদায়ে মুয়াখ্খার। মুবতাদায়ে মুয়াখ্খার ও খবরে মুকাদ্দাম মিলে জুমলায়ে ইসমিয়্যা খবরিয়্যা গঠিত হয়েছে।

قَوْلُهٗ وَهُوَ مُعْرَبٌ وَمَبْنِىٌّ فَالْمُعْرَبُ الْمُرَكَّبُ الخ : واو হরফে আতফ, هو মুবতাদা, معرب মা'তূফ আলাইহ واو হরফে আতফ, مبنى মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা। فالمعرب-এর মধ্যে الفاء হরফে তাফসীল, المعرب মুবতাদা, المركب শব্দটি ইসমে মাফউলের সীগাহ। তার মধ্যে যমীর هو নায়েবে ফায়েল। ইসমে মাফউল ও তার নায়েবে ফায়েল মিলে মাওসূফ। الذى ইসমে মাওসূল, لم يشبه ফে'ল, যমীর هو ফায়েল, مبنى মুযাফ, الاصل মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে বিহী। لم يشبه ফে'ল, তার ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যা হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে المركب মাওসূফের সিফাত। মাওসূফ ও সিফাত মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা খবরিয়্যা হয়েছে।

وَحُكْمُهُ اَنْ يَّخْتَلِفَ اٰخِرُهُ بِاخْتِلَافِ الْعَوَامِلِ لَفْظًا اَوْ تَقْدِيْرًا اَلْاِعْرَابُ مَ اخْتَلَفَ اٰخِرُهُ بِهِ لِيَدُلَّ عَلَى الْمَعَانِى الْمُعْتَوِرَةِ عَلَيْهِ -

অনুবাদ : তার হুকুম হলো– তার শেষাক্ষর আমিলসমূহের পরিবর্তনের কারণে পরিবর্তিত হওয়া, শাব্দিকভাবে অথবা উহ্যভাবে।

الاعراب (হরকত ও হরূফ) যার দ্বারা (ইসমে মু'রাবের) শেষাক্ষর পরিবর্তিত হবে, যাতে তার (ইসমে মু'রাবের) উপর পর্যায়ক্রমে আগত অর্থসমূহের উপর বুঝায়।

ব্যাখ্যা : وَحُكْمُهُ الخ : حكم হলো একবচন, তার বহুবচন احكام অর্থ– বিধান। পরিভাষায় هُوَ الْاَمْرُ الْمُرَتَّبُ عَلَى شَئٍ- অর্থাৎ বস্তুর উপর আপতিত প্রভাব হলো হুকুম। উসূলবিদদের পরিভাষায় اَلْحُكْمُ بِمَعْنَى الْاَثَرِ অর্থাৎ, প্রতিক্রিয়াই হুকুম। কাজেই মু'রাবের মধ্যে সাব্যস্ত আমিল থেকে সৃষ্ট মু'রাবের হুকুম-আমিলসমূহের পরিবর্তনের কারণে তার শেষাক্ষর শব্দগত বা উহ্যভাবে পরিবর্তন হবে। অর্থাৎ আমিলসমূহের পরিবর্তনের কারণে তার শেষবর্ণ সত্তাগতভাবে বা শব্দগতভাবে হাকীকী বা হুকমীভাবে প্রকাশ্য বা উহ্যভাবে পরিবর্তন হবে।

* কতিপয় প্রক্রিয়ায় معرب -এর পরিবর্তন কতিপয় প্রক্রিয়ায় হয়ে থাকে। যথা—

১. لفظى حقيقى ذاتى যেমন– مَرَرْتُ بِاَبِيْكَ ، رَاَيْتُ اَبَاكَ ، جَاءَنِىْ اَبُوْكَ
২. لفظى حكمى ذاتى যেমন– مَرَرْتُ بِمُسْلِمِيْنَ ، رَاَيْتُ مُسْلِمِيْنَ
৩. تقديرى حقيقى ذاتى যেমন– مَرَرْتُ بِاَبِى الْقَوْمِ ، رَاَيْتُ اَبَا الْقَوْمِ ، جَاءَنِىْ اَبُو الْقَوْمِ
৪. تقديرى حكمى ذاتى যেমন– مَرَرْتُ بِمُسْلِمِىَّ الْقَوْمِ ، رَاَيْتُ مُسْلِمِىَّ الْقَوْمِ
৫. لفظى حقيقى صفتى যেমন– مَرَرْتُ بِزَيْدٍ ، رَاَيْتُ زَيْدًا ، جَاءَنِىْ زَيْدٌ
৬. لفظى حكمى صفتى যেমন– مَرَرْتُ بِعُمَرَ ، رَاَيْتُ عُمَرَ
৭. تقديرى حقيقى صفتى যেমন– مَرَرْتُ بِفَتًى ، رَاَيْتُ فَتًى ، جَاءَنِىْ فَتًى
৮. تقديرى حكمى صفتى যেমন– مَرَرْتُ بِحُبْلَى ، رَاَيْتُ حُبْلَى

* আমিলসমূহের পরিবর্তনের কারণে মু'রাবের পরিবর্তন হওয়াটা মেনে নেওয়া যায় না, যেমন–

وَاِنَّ زَيْدًا مَضْرُوْبٌ ، وَاِنِّىْ ضَرَبْتُ زَيْدًا ، وَاِنِّىْ ضَارِبٌ زَيْدًا

উল্লিখিত উদাহরণগুলোতে زيد লফযটি মু'রাব পতিত হয়েছে আর আমিলসমূহ حرفية ، فعلية ، اسمية -এর অনুপাতে ভিন্নতা পরিলক্ষিত হয়; অথচ উক্ত ইসমে মু'রাবের শেষাক্ষর পরিবর্তন হয়নি, কয়েকভাবে এর জবাব দেওয়া যায়।

প্রথমতঃ عوامل -এর পরিবর্তন দ্বারা উদ্দেশ্য হলো– আল্লামা আব্দুর রহমান জামী (র.)-এর ভাষায়–

بِسَبَبِ اِخْتِلَافِ الْعَوَامِلِ الدَّاخِلَةِ عَلَيْهِ فِى الْعَمَلِ بِاَنْ يَّعْمَلَ بَعْضٌ مِنْهَا خِلَافَ مَا يَعْمَلُ الْبَعْضُ الْاٰخَرُ .

অর্থাৎ আমলের ক্ষেত্রে আমিলসমূহ ভিন্ন হওয়া এভাবে যে, একটির আমল অপরটির আমলের পরিপন্থী হবে। এ কথায় সন্দেহের অবকাশ নেই যে, আমলগত ভিন্নতা হলে অবশ্যই মু'রাবের শেষবর্ণেও পরিবর্তন আসবে। এটি হলো জওয়াবে তাসলিমী।

দ্বিতীয়তঃ জওয়াবে ইনকারী হলো উল্লিখিত উদাহরণে معرب -এর শেষে পরিবর্তন হয়েছে, তা এভাবে যে, اِنَّ زَيْدًا -এর মধ্যস্থিত زيد -এর মধ্যে যে যবর হয়েছে, তা ঐ হরকত নয়; যা مَضْرُوْبٌ -এর মধ্যে রয়েছে। اِنِّىْ ضَرَبْتُ زَيْدًا -এর মধ্যে রয়েছে। এভাবে অন্যান্য উদাহরণের ক্ষেত্রে অনুমান করা হবে।

তৃতীয়তঃ خاصة যেভাবে شاملة ও غير شاملة হয়ে থাকে, তেমনি معرب -এর হুকুমও شاملة ও غير شاملة এ দু'ভাগে বিভক্ত হয়ে থাকে। এখানে হুকুমটি غير شاملة -এর অন্তর্ভুক্ত। অতএব, معرب -এর সকল আফরাদে এ হুকুম পাওয়া না গেলেও কোনো অসুবিধা নেই।

* عوامل শব্দটি বহুবচন। তার একবচন হলো عامل - মূল ইবারতে বহুবচনের ব্যবহার থেকে অবগত হওয়া যায় যে, جمع কমপক্ষে তিনটি ফরদের উপর বুঝিয়ে থাকে। এ থেকে আবশ্যক হয় যে, যতক্ষণ পর্যন্ত তিনটি আমিল পরিবর্তন হবে না ততক্ষণ পর্যন্ত معرب সাব্যস্ত হবে না। এরূপ ধারণা করা নেহায়াত অযৌক্তিক। কেননা, العوامل -এর উপর ব্যবহৃত আলিফ-লাম হলো جنسى এটা বহুবচনের হুকুমকে বাতিল করে দিয়েছে।

* مسلمون ও مسلمات -এর শেষাক্ষরে (جمع مذكر سالم ও مثنى -এর) نون রয়েছে। এতে কোনো আমলের দ্বারা পরিবর্তন সাধিত হয়নি। তার কারণ جمع مذكر سالم ও مثنى -এর ক্ষেত্রে اعراب -এর স্থান হলো نون-এর পূর্ববর্তী অক্ষরটি, যা শেষাক্ষর নয়। এদের نون -এ মূলত একবচনের হরকত ও তানবীনের পরিবর্তন এসেছে।

اِعْرَابْ-এর নামকরণ ও প্রকারভেদ : اَلْاِعْرَابُ এটি বাবে افعال -এর মাসদার। যেমন– বলা হয়ে থাকে اعربه اذا اوضحه 'সে তাকে প্রকাশ করেছে।' اعراب ও যেহেতু তার দাবিকৃত অর্থকে প্রকাশ করে থাকে, সেহেতু তাকে এ নামে আখ্যায়িত করা হয়। এ সময় বাবে افعال -এর হামযাটি হবে متعدى -এর জন্য। মূলধাতুর অর্থ হবে اَلْاِظْهَارُ তথা প্রকাশ করা। অথবা همزه টি হবে سَلْبِ مَأْخَذْ -এর জন্য। মূলত عرب যা ضرب -এর ওযনে মাসদার। এর অর্থ হলো ازالته বা سلب فساد বাবে افعال -এর مأخذ سلب খাসিয়াত প্রযোজ্য হলে اعراب -এর অর্থ দাঁড়াবে فساد আহলে আরবের উক্তি عَرَبَتْ مِعْدَتُهُ থেকে তা উৎকলিত। যেহেতু اعراب ঐ فساد -কে দূর করে, যা একটি অর্থ আরেকটির সাথে মিশ্রণের কারণে সৃষ্টি হয়। اعراب হলো দু'প্রকার (১) اعراب بالحركة যথা– ضمه ، فتحه ، كسرة (২) اعراب بالحروف যথা– واو ، الف ، واو ও ।

* **اِعْرَابْ কে শেষাক্ষরের জন্য নির্ধারিত করার কারণ ঃ** ইসম مسمى (যাত)-এর উপর বুঝিয়ে থাকে। আর اعراب সিফাত তথা اضافة ، مفعولية ، فاعلية -এর উপর বুঝিয়ে থাকে। এ কথা দিবালোকের ন্যায় স্পষ্ট যে, মাওসূফ ذات তাই এটা সিফাতের উপরে মুকাদ্দাম হয়ে থাকে। আর সিফাত শেষে বর্ণিত হয়। অতএব, সিফাতের উপর দালালতকারী বস্তুটি তথা اعراب শেষাক্ষরে হওয়া উচিত, প্রথম ও মধ্যাক্ষরে নয়।

* اعراب -এর সংজ্ঞাটা তার মধ্যে অপর বস্তু প্রবিষ্ট হওয়া থেকে নিষেধকারী নয়। কেননা, তার অধীনে عامل এবং معنى مقتضى ঢুকে যায়। কারণ, এ দু'টি দ্বারা اسم معرب -এর শেষাক্ষরে পরিবর্তন হয়। তদুত্তরে এ কথা বলা হয় যে, ما اختلف الخ -এর মধ্যস্থিত ما টি موصوله ; তা দু'অবস্থা থেকে মুক্ত নয়। হয়তো খাস উদ্দেশ্য হবে অথবা 'আম। খাস উদ্দেশ্য হলে হরকত ও হরূফকে বুঝানো হবে। আর তখন اعراب -এর সংজ্ঞা থেকে عامل ও معنى مقتضى অনায়াসে বের হয়ে যায়। কেননা, এ দু'টি حروف ও حركة -এর অন্তর্ভুক্ত নয়। আর 'আম উদ্দেশ্য হলে, এ দু'টি ই'রাবের সংজ্ঞায় প্রবিষ্ট থাকলেও به -এর মধ্যস্থিত যে باء টি سببية -এর জন্য ব্যবহৃত, তা দ্বারা عامل ও معنى مقتضى বের হয়ে যায়। এ সবব বলতে سبب قريب উদ্দেশ্য। عامل ও معنى مقتضى - سبب قريب -এর অন্তর্ভুক্ত নয়; বরং الاسباب البعيدة পর্যায়ভুক্ত।

اَلْمُعْتَوِرَةِ-এর বিশ্লেষণ : এটি الاعتوار মাসদার থেকে নির্গত। বাবে افتعال -এর ইসমে ফায়েলের সীগাহ্। عليه তার সাথে মুতা'আল্লাক। এটি স্বয়ং মুতায়াদ্দী বিধায় على দ্বারা মুতায়াদ্দী বানানোর প্রয়োজন নেই। তদুপরি على দ্বারা তাকে মুতায়াদ্দী করা الاستيلاء ও الورود -এর অর্থকে تضمين করার জন্য। معتورة -এর মধ্যে ورود ও استيلاء হলো লাযেমী। এখানে উল্লিখিত تضمين -এর পরিচয় হলো, একটি ফে'ল অথবা শিবহে ফে'লের অর্থ অপর একটি ফে'ল অথবা শিবহে ফে'লের মধ্যে সৃষ্টি করা। এভাবে যে, অপর ফে'ল অথবা শিবহে ফে'লের সেলাহ ক্বারীনার কারণে প্রথমটির মধ্যে

দেওয়া হয়েছে। অতঃপর এতে দু'টি অভিমত রয়েছে। যথা- (১) প্রথম ফে'ল অথবা শিবহে ফে'লকে مقيد ও দ্বিতীয় ফে'ল অথবা শিবহে ফে'লকে قيد স্থির করা। এমতাবস্থায় প্রাগুক্ত ইবারতের অর্থ হবে— اَلْمَعْتُوْرَةُ اِيَّاهُ وَرَدَةٌ عَلَيْهِ।

(২) প্রথম ফে'ল অথবা শিবহে ফে'লকে قيد ও দ্বিতীয় ফে'ল অথবা শিবহে ফে'লকে مقيد স্থির করা। তখন মূল ইবারত হবে اَلْوَرَدَةُ عَلَيْهِ مُعْتَوِرَةٌ اِيَّاهُ قياسى সর্ব সম্মতিক্রমে تضمين এ।

اعراب : وجه حصر-এর اعراب তিন প্রকার যেমন- رفع ، نصب ، جر و কেননা, দালালতকারী হয়তো عمدة (উত্তমাংশ)-এর উপর প্রযোজ্য হবে অথবা فضلى (অতিরিক্তাংশ)-এর উপর হবে। প্রথমটি رفع ; দ্বিতীয়টি হয়তো بالذات (সরাসরি) فضلى -এর উপর দালালতকারী অথবা হরফে জারের মাধ্যমে। প্রথমটি نصب ও দ্বিতীয়টি جر যেমনিভাবে 'তাহরীরে সানবাট'-এ উল্লেখ রয়েছে-

لِاَنَّهٗ اِمَّا دَلَّ عَلَى الْعُمْدَةِ اَوْ عَلَى الْفُضْلَةِ فَالْاَوَّلُ رَفْعٌ وَالثَّانِىْ اِمَّا دَلَّ عَلَى الْفُضْلَةِ بِالذَّاتِ اَوْ بِوَاسِطَةِ حَرْفِ الْجَرِّ فَالْاَوَّلُ نَصْبٌ وَالثَّانِىْ جَرٌّ -

فَوَائِدِ قُيُوْد ঃ ما টি جنس, তা সংজ্ঞায়িত বস্তু ও অন্যান্যগুলোকে শামিল করে। ما اختلف الخ এটা فصل তা দ্বারা সংজ্ঞায়িত বস্তু ছাড়া যা রয়েছে। যেমন- عامل ও معنى مقتضى সবগুলো বের হয়ে গেছে। আর ليدل الخ -এর কয়েদ দ্বারা غلامى -এর হরফের মতো যা রয়েছে সবগুলোকে বের করে দিয়েছে।

তারকীব : قَوْلُهٗ وَحُكْمُهٗ اَنْ يَّخْتَلِفَ اٰخِرُهٗ بِاِخْتِلَافِ الْعَوَامِلِ الخ : واو আতেফা, حكم মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। ان মাওসূলে হরফী, يختلف ফে'ল, اخر মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ, যা মু'রাবের দিকে প্রত্যাবর্তিত। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে ফায়েল, باء হরফে জার, اختلاف মুযাফ, العوامل মুযাফ ইলাইহ। মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। لفظا মা'তূফ আলাইহ, او হরফে আত্‌ফ, تقديرا মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে তামঈয হয়েছে ان يختلف اخره -এর নিসবত থেকে। يختلف ফে'ল, তার ফায়েল, যরফে লগ্‌ব ও তামঈয মিলে মাওসূলে হরফী সেলাহ। মাওসূলে হরফী ও তার সেলাহ মিলে খবর হয়েছে। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা অথবা لفظا মাফউলে মুতলাক। মুযাফকে বিলুপ্ত মেনে নেওয়ার অনুপাতে অর্থাৎ اختلاف لفظ او تقدير - الاعراب মুবতাদা, ما ইসমে মাওসূল, اختلف ফে'ল, اخر মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে ফায়েল। باء হরফে জার, ه যমীর মাজরূর, যা ما -এর দিকে প্রত্যাবর্তিত। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। ل হরফে জার, ان উহ্য মাওসূলে হরফী, يدل ফে'লের মধ্যে যমীর هو ফায়েল, على হরফে জার, المعانى মাওসূফ। المعتورة ইসমে ফায়েলের সীগাহ। যমীর هى শিবহে ফায়েল, على হরফে জার, ه মাজরূর, যা প্রত্যাবর্তিত হয়েছে মু'রাবের দিকে। জার ও মাজরূর মিলে মুতা'আল্লাক বা যরফে লগ্‌ব হয়েছে। معتورة শিবহে ফে'ল, তার শিবহে ফায়েল ও মুতা'আল্লাক মিলে সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মাজরূর জার ও মাজরূর মিলে মুতা'আল্লাক يدل ফে'লের সাথে। يدل ফে'ল, তার ফায়েল ও মুতা'আল্লাক মিলে জুমলায়ে ফে'লিয়্যা হয়ে মাওসূলে হরফীর সেলাহ্। মাওসূল ও তার সেলাহ মিলে لام হরফে জারের মাজরূর। জার ও মাজরূর মিলে মুতা'আল্লাক হয়েছে اختلف ফে'লের সাথে। ফে'ল, ফায়েল ও তার উভয় মুতা'আল্লাক মিলে জুমলায়ে ফে'লিয়্যা হয়ে সেলাহ্। মাওসূল ও সেলাহ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা হয়েছে।

وَاَنْوَاعُهُ رَفْعٌ وَنَصْبٌ وَجَرٌّ فَالرَّفْعُ عَلَمُ الْفَاعِلِيَّةِ وَالنَّصْبُ عَلَمُ الْمَفْعُوْلِيَّةِ وَالْجَرُّ عَلَمُ الْاِضَافَةِ - اَلْعَامِلُ مَابِهٖ يَتَقَوَّمُ الْمَعْنَى الْمُقْتَضِيُّ لِلْاِعْرَابِ -

অনুবাদ : তার (اعراب) -এর প্রকার رفع ، نصب ও جر অতঃপর رفع হলো فاعلية (ফায়েল হওয়া)-এর আলামত, نصب হলো مفعولية (মাফউল হওয়া)-এর আলামত এবং جر হলো اضافة -এর আলামত। عامل বলা হয়, যার কারণে ই'রাব দাবিকারী অর্থ অর্জিত হয়।

ব্যাখ্যা : نَوْعٌ -এর বহুবচন হলো اَنْوَاعٌ ; আর نوع মানতিকবিদদের পরিভাষায়- وَهُوَ كُلِّيٌّ مَقُوْلٌ عَلٰى كَثِيْرِيْنَ مُتَّفِقِيْنَ بِالْحَقَائِقِ فِىْ جَوَابِ مَا هُوَ অর্থাৎ نوع বলা হয়, যা ماهو -এর উত্তরে এমন প্রত্যেক আফরাদের উপর প্রযোজ্য হবে যেগুলো হাকীকতের দৃষ্টিতে এক। رفع ، نصب ، جر প্রত্যেকটির অধীনে অনেক ফরদ রয়েছে। যথা- رفع -এর অধীনে الف ও واو রয়েছে, نصب -এর অধীনে الف ও ياء রয়েছে ইত্যাদি। انواع -এর পরিবর্তে اقسام বা اصناف প্রয়োগ করলে এ উপকারিতা পাওয়া যেতো না বিধায় মুসান্নিফ (র.) এ শব্দ নিয়েছেন।

رفع ও نصب - جر -এর নামকরণ : رفع বাবে فتح থেকে মাসদার। অর্থ- উঁচু করা। এটি উচ্চারণের সময় নিচের ঠোঁট উপরের দিকে উঠে যায়। এ জন্য একে رفع বলা হয় অথবা এটি نصب ও جر -এর তুলনায় উন্নত হবার কারণে তাকে رفع বলে নামকরণ করা হয়েছে। কেননা, كلام -এর মধ্যে ফায়েল হলো উন্নত। এর চিহ্ন হলো পেশ। যেমন- 'তাহরীরে সানবাট'-এর প্রান্তটীকায় রয়েছে-

رَفْعٌ سُمِّيَ الرَّفْعُ رَفْعًا لِاِرْتِفَاعِ الشَّفَةِ السُّفْلٰى عِنْدَ التَّلَفُّظِ بِهٖ وَلِرِفْعَةِ مُرْتَبَتِهٖ بَيْنَ اَخَوَيْهِ فِى الْكَلَامِ مِنْ غَيْرِ اَنْ يَحْتَاجَ اِلَيْهِ الْكَلَامُ

نصب শব্দটি বাবে ضرب -এর মাসদার। অর্থ- খাড়া করা। যেহেতু এটি উচ্চারণের সময় উভয় ঠোঁট আপন অবস্থায় খাড়া থাকে, সেহেতু তাকে نصب বলা হয়। আর এটির চিহ্ন হলো যবর অথবা এটি فضلة বা مفعول -এর মধ্যে দণ্ডায়মান বা প্রতিষ্ঠিত থাকে। যেমন বলা হয়েছে- نَصْبٌ سُمِّيَ نَصْبًا لِاِنْتِصَابِ الشَّفَتَيْنِ عَلَيْهِ عِنْدَ التَّلَفُّظِ بِهٖ اَوْ لِاَنَّهٗ يَنْصِبُ الْفُضْلَةَ

جر এটি باب نصر -এর মাসদার। অর্থ- টানা, নিচের দিকে নিয়ে যাওয়া। তার সম্পর্কে 'তাহরীরে সানবাট'-এর টীকাকার বলেছেন- جَرٌّ سُمِّيَ جَرًّا لِاَنَّ عَامِلَهٗ يَجُرُّ الْفِعْلَ اِلَى الْاِسْمِ وَلِاَنَّ الشَّفَةَ السُّفْلٰى تَنْجَرُّ اِلَى الْاَسْفَلِ عِنْدَ التَّلَفُّظِ بِهٖ

অর্থাৎ তাকে যের এ জন্য বলা হয় তা তার আমিল তথা ফে'ল বা শিবহে ফে'লকে তার ইসমের দিকে টেনে নিয়ে আসে অথবা যেহেতু এটি উচ্চারণের সময় নিম্ন ঠোঁট নিচের দিকে নেমে পড়ে, সেহেতু একে جر বলা হয়েছে।

اعراب তিনটি : যথা- رفع ، نصب ও جر ; এ তিনটির মধ্যে সীমাবদ্ধ করার কারণ হলো, অর্থের উপর বুঝানোর জন্য এগুলো গঠিত। আর অর্থ তিনটি, তিনের উপর দালালতকারী বস্তুও তিনটি, যাতে دال ও مدلول বরাবর হয়ে যায়। যেমন- رفع তা فاعل -কে দেওয়া হয়েছে। কারণ, فاعل যেমন كلام -এর মধ্যে উন্নত, অনুরূপ رفع -এর শাব্দিক অর্থও উন্নত। অতঃপর نصب উচ্চারণে হালকা বাক্যের মধ্যস্থিত مفعول -কে দেওয়া হয়েছে। এছাড়া اخف الحركات হলো যবর। مفعول অধিক ব্যবহৃত হওয়ার কারণে তাকে যবর দেওয়া হয়েছে। আর যের ثقيل; তাই তুলনামূলকভাবে কম ব্যবহৃত مضاف اليه -কে তা দেওয়া হয়েছে।

* মূল ই'বারতের মধ্যে عَلَمُ الْفَاعِلِ وَالْمَفْعُوْلِ বলা হয়েছে, অথচ عَلَمُ الْفَاعِلِيَّةِ وَالْمَفْعُوْلِيَّةِ বললে সংক্ষিপ্ত হতো। এতদসত্ত্বেও তা না বলার কারণ- এরূপ বললে رفع ، نصب উভয়টি যথাক্রমে فاعل ومفعول ذات -এর আলামত হওয়াটা আবশ্যক হতো। আর এটা বাস্তবতার পরিপন্থী। কেননা, رفع ، نصب দু'টি معنى -এর আলামত। সুতরাং الفاعلية والمفعولية -এর মধ্যস্থিত تاء ও ياء মাসদারের অর্থ প্রদানের জন্য এসেছে।

* رفع টা فاعلية -এর এবং نصب টা مفعولية -এর আলামত হওয়াটা যুক্তিপূর্ণ নয়। কেননা, رفع টা فاعل ব্যতীত মুবতাদা ও খবর ইত্যাদির আলামত হয়ে থাকে আর نصب টা مفعول ব্যতীত হাল, তামঈয ইত্যাদির আলামত হয়ে থাকে।

এ সন্দেহ নিরসনে বলা হয়, فاعلية ও مفعولية দ্বারা উদ্দেশ্য হবে হয়তো فاعل حقيقى অথবা فاعل حكمى আর علم الفاعلية দ্বারা উদ্দেশ্য مفعول حقيقى অথবা مفعول حكمى এ জন্য আল্লামা ইবনে হাজিব (র.) والمفعولية বলেছেন। فاعل حكمى দ্বারা মুবতাদা, খবর ইত্যাদিকে অন্তর্ভুক্ত করে।

* الفاعلية والمفعولية -এর সাথে সামঞ্জস্য রেখে اضافية না বলার কারণ হলো, الاضافة সত্তাগতভাবে মাসদার, তাই তার মধ্যে ياء ও تاء সংযুক্ত করত তাকে মাসদার বানানোর প্রয়োজন হয়নি।

* عامل -কে বর্ণনা করাটা জরুরি হয়েছে যেহেতু মু'রাবের হুকুম অবগত হওয়া আমিলের পরিচয়ের উপর নির্ভর করে এবং মু'রাবের সংজ্ঞা আমিলের পরিচয়ের উপর নির্ভরশীল, তাইতো মু'রাবের সংজ্ঞা اَلْمُرَكَّبُ الَّذِىْ لَمْ يُشْبِهْ الخ -এর দ্বারা উদ্দেশ্য হলো মু'রাব এমন একটি ইসম, যা অপরের সাথে এমনভাবে مركب হবে যে, তার আমিল বাস্তবায়িত থাকবে।

* عامل -এর আলোচনা اعراب -এর বর্ণনার পরে নেওয়া হয়েছে, অথচ আমিল মু'রাব এবং তার হুকুমের জন্য موقوف عليه (নির্ভরশীল)। তার সমাধানে কয়েকটি অভিমত পেশ করা যায়। প্রথমত معرب -এর শেষাক্ষর পরিবর্তনের জন্য سبب قريب এবং عامل হলো سبب بعيد এ জন্য اعراب কে মুকাদ্দাম করাটা উত্তম। দ্বিতীয়ত কতেক ব্যাখ্যাকার বলেছেন যে, আমিলের আলোচনার কারণে চারটি علة পূর্ণ হয়ে যায়। কারণ আরবি ব্যাকরণ শাস্ত্রে চারটি علة -ই উদ্দেশ্য।

১. اَلْعِلَّةُ الْفَاعِلِيَّةُ : هِىَ الَّتِىْ يَصْدُرُ عَنْهَا الْفِعْلُ অর্থাৎ যার থেকে ফে'লটি প্রকাশিত হয়।

২. اَلْعِلَّةُ الْمَادِيَّةُ : هِىَ الَّتِىْ يَتَكَوَّنُ بَيْنَهُمَا وَيَتَرَكَّبُ مِنْهَا الشَّىْءُ অর্থাৎ যার দ্বারা কোনো বস্তু গঠিত হয়, তাকে العلة المادية বলা হয়।

৩. اَلْعِلَّةُ الصُّوْرِيَّةُ : هِىَ الَّتِىْ تَكُوْنُ مُوْجِبًا لِوُجُوْدِهِ بِالْفِعْلِ অর্থাৎ বাস্তবে কোনো বস্তুর অস্তিত্বকে আবশ্যককারী হওয়াকে বলা হয় العلة الصورية, যা العلة المادية দ্বারা গঠিত হয়ে থাকে।

৪. اَلْعِلَّةُ الْغَائِيَّةُ : هِىَ الَّتِىْ بَاعِثًا لِلْفَاعِلِ عَلٰى فِعْلِهِ অর্থাৎ যা ফায়েলকে তার ফে'লের উপর প্রেরণকারী হয়ে থাকে।

একটি উদাহরণ দ্বারা সহজে আমরা চারটি علة -কে হৃদয়ঙ্গম করতে পারি। যেমন– কোনো একজন কাঠ-মিস্ত্রী একটি টেবিল তৈরি করল। এ কাঠ-মিস্ত্রী علة فاعلية ; কাঠ ও পেরেক علة مادية ; একটি টেবিল তৈরি হওয়া علة صورية এবং নির্মিত টেবিলের উপর বই-পুস্তক রাখা علة غائية আলোচ্য অধ্যায়ে معرب হলো علة مادية -এর পর্যায়ভুক্ত। علة فاعلية হলো عامل ও علة فاعلية হলো اعراب ও علة صورية ; আর علة غائية হলো معانى -এর পর্যায়ে; এ -এর মতো একটি ইল্লতের ঘাটতি পূরণের জন্য আমিলের সংজ্ঞাকে উপস্থাপন করা হয়েছে। এ চারটি علة নিয়ে এ শাস্ত্রে আলোচনা করা হয়ে থাকে।

তারকীব : قَوْلُهُ وَاَنْوَاعُهُ رَفْعٌ وَنَصْبٌ وَجَرٌّ فَالرَّفْعُ عَلَمُ الْفَاعِلِيَّةِ الخ : واو হরফে আত্ফ, انواع মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। رفع মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, نصب মা'তূফে অউওয়াল, واو হরফে আত্ফ, جر মা'তুফে ছানী, মা'তূফ আলাইহ তার উভয় মা'তূফ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা হয়েছে। فاء হরফে তাফসীর, الرفع মুবতাদা, علم মুযাফ, الفاعلية মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা। واو হরফে আত্ফ, النصب মুবতাদা, علم মুযাফ, المفعولية মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা। واو হরফে আত্ফ, الجر মুবতাদা, علم মুযাফ, الاضافة মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা গঠিত হয়েছে। العامل মুবতাদা, ما ইসমে মাওসূল, به -এর মধ্যস্থিত باء হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব বা মুতা'আল্লাকে মুকাদ্দাম হয়েছে। يتقوم ফে'ল, এর অর্থ – المعنى يحصل মাওসূফ, المقتضى ইসমে ফায়েল, উহ্য যমীর هو ফায়েল, لام হরফে জার, الاعراب মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব বা মুতা'আল্লাক হয়েছে مقتضى -এর সাথে। المقتضى তার ফায়েল ও মুতা'আল্লাক মিলে সিফাত। মাওসূফ ও সিফাত মিলে يتقوم -এর ফায়েল। يتقوم ফে'ল, তার ফায়েল ও মুতা'আল্লাক মিলে জুমলায়ে ফে'লিয়্যা হয়ে সেলাহ। মাওসূল ও তার সেলাহ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা হয়েছে।

فَالْمُفْرَدُ الْمُنْصَرِفُ وَالْجَمْعُ الْمُكَسَّرُ الْمُنْصَرِفُ بِالضَّمَّةِ رَفْعًا وَالْفَتْحَةِ نَصْبًا وَالْكَسْرَةِ جَرًّا جَمْعُ الْمُؤَنَّثِ السَّالِمِ بِالضَّمَّةِ وَالْكَسْرَةِ غَيْرُ الْمُنْصَرِفِ بِالضَّمَّةِ وَالْفَتْحَةِ اَبُوْكَ وَاَخُوْكَ وَحَمُوْكِ وَهَنُوْكَ وَفُوْكَ وَ ذُوْ مَالٍ مُضَافَةً اِلٰى غَيْرِ يَاءِ الْمُتَكَلِّمِ بِالْوَاوِ وَالْاَلِفِ وَالْيَاءِ -

অনুবাদ ঃ مفرد منصرف ও جمع مكسر منصرف এ দু'টিকে رفع -এর অবস্থায় ضمة - نصب -এর অবস্থায় فتحة এবং جر -এর অবস্থায় كسرة -এর সাথে ই'রাব দেওয়া হয়। جمع مؤنث سالم -কে (رفع -এর অবস্থায় ضمة এবং (نصب ও جر উভয়াবস্থায়) كسرة -এর সাথে ই'রাব দেওয়া হয়। غير منصرف -কে (رفع -এর অবস্থায় ضمة এবং (نصب ও جر -এর অবস্থায়) فتحة -এর সাথে ই'রাব দেওয়া হয়। اَبُوْكَ (তোমার পিতা), اَخُوْكَ (তোমার ভাই), حَمُوْكِ (তোমার দেবর), هَنُوْكَ (তোমার লজ্জাস্থান), فُوْكَ (তোমার মুখ) এবং ذُوْ مَالٍ (সম্পদের মালিক)। (এগুলো) متكلم ياء ব্যতীত অন্য কোনোটির দিকে মুযাফ হওয়া অবস্থায় (رفع -এর অবস্থায়) واو (نصب -এর অবস্থায়) الف এবং (جر -এর অবস্থায়) ياء -এর সাথে ই'রাব দেওয়া হবে।

ব্যাখ্যা : فَالْمُفْرَدُ -এর মধ্যে উল্লিখিত فاء টি فصيحة -এর জন্য। فصيحة তাকে বলে, যা বিলুপ্ত শর্তের খবরের মধ্যে প্রবিষ্ট হয়ে থাকে।

* المفرد এটা ইসমে মাফউলের সীগাহ বাবে افعال থেকে, অর্থ– একক অর্থবোধক। المفرد নিম্নলিখিত চারটি ক্ষেত্রে ব্যবহৃত হতে দেখা যায়। যেমন– (১) جملة -এর বিপরীত অর্থে। (২) مضاف এবং مشابه مضاف -এর বিপরীত অর্থে। (৩) تثنيه ও جمع -এর বিপরীতে। (৪) مركب -এর বিপরীতে।

তবে এখানে শব্দটি مفرد تثنيه ও جمع -এর মোকাবিলায় ব্যবহৃত হয়েছে।

* এটা সুস্পষ্ট যে, ই'রাব দু'প্রকার। যথা— (১) اعراب بالحركات (২) اعراب بالحروف

আর اعراب بالحركات হলো আসল। اعراب بالحروف তার শাখা। اعراب بالحركات দু'ধরনের হয়ে থাকে। প্রথমটি তিনাবস্থায় তিনটি হরকতের ই'রাব। দ্বিতীয়টি তিনাবস্থায় তিনটি হরকতের ই'রাব না হওয়া। প্রথমটি মূল। কাজেই তিন অবস্থায় তিন হরকতের এ'রাব হলো اصل الاصل – اعراب بالحروفও দু'প্রকারের প্রথমটি তিন অবস্থায় তিনটি হরফের ই'রাব। দ্বিতীয়টি তিন অবস্থায় তিনটি হরফের ই'রাব না হওয়া। এ দু'সুরতের প্রথমটি আসল। কিন্তু اصل الاصل নয়; বরং اعراب بالحروف পক্ষান্তরে তিন অবস্থায় তিনটা হরফের ই'রাব না হওয়াই হলো فرع الفرع মোদ্দাকথা اصل فى الفرع আসল এবং তিন অবস্থায় তিনটি হরকতের ই'রাব হওয়াটা اصل الاصل বিধায় নাহুবিদদের শিরোমনি আল্লামা ইবনে হাজিব (র.) ই'রাবের স্থানসমূহ বর্ণনা করতে গিয়ে যা اصل الاصل তাকেই প্রথমে স্থান দিয়েছেন।

اَلْجَمْعُ الْمُكَسَّرُ الْمُنْصَرِفُ : جمع -এর জন্য প্রথম প্রকারের ই'রাবটি প্রযোজ্য হওয়ার নিমিত্তে দু'টি শর্ত আরোপ করা হয়েছে। যথা– (১) جمع مكسر হওয়া অর্থাৎ যার واحد -এর ভিত্তি جمع গঠনের সময় ঠিক থাকে না, তাকে جمع مكسر বলে। যেমন– زهر তার বহুবচন ازهار (২) منصرف হওয়া, এ শর্ত আরোপ করত جمع مكسر غير منصرف -কে বাদ দেওয়া হয়েছে। কেননা, এ ধরনের جمع -এর জন্য বিভিন্ন প্রকারের ই'রাব প্রযোজ্য হবে। যেমন– شعر -এর বহুবচন اشعار – الجمع المكسر المنصرف -এর মধ্য থেকে جمع سالم বাদ পড়েছে। কেননা, এটির ই'রাব تا ، الف অথবা نون ، ياء অথবা نون ، واو -এর সাথে হয়ে থাকে। যেমন– مسلمات ও مسلمين হলো مسلم -এর বহুবচন। الجمع المنصرف হলো -এর দ্বিতীয় সিফাত।

* جمع مؤنث سالم -এর ক্ষেত্রে نصب -কে جر -এর অনুগামী করে উভয় ক্ষেত্রে كسرة দ্বারা ই'রাব প্রয়োগের বিধান প্রদান করার কারণ হলো, جمع مؤنث سالم গঠনগত ও অর্থগতভাবে جمع مذكر سالم -এর فرع ; جمع مذكر سالم -এর

হয়ে ই'রাব প্রদান করার ক্ষেত্রে جمع مؤنث -কে جر -এর অনুগামী করে يا، দ্বারা এ'রাব প্রয়োগ করা হয়েছে। তার فرع হওয়ার কারণে এর বেলায়ও نصب -কে جر -এর অনুগামী করে نصب ও جر -এর উভয়াবস্থায় كسرة দ্বারা ইরাব প্রয়োগ করা হয়েছে। غير المنصرف -এর মধ্যে جر -কে نصب -এর অনুগামী করার কারণ– غير المنصرف -এর সাথে ফে'লের মুশাবাহাত রয়েছে বিধায় ফে'লের হরকতের বিধানুপাতে نصب ও جر উভয়াবস্থায় نصب কে جر -এর অনুগামী করত فتحة (যবর) দ্বারা ই'রাব প্রদান করা হয়েছে। তাইতো হযরত আবদুর রহমান জামী (র.) বলেছেন– فالجر فيه تابع للنصب অর্থাৎ غير المنصرف -এর বেলায় جر (যের) نصب (যবর)-এর অনুগামী।

اعراب بالحركة لفظى -এর আলোচনান্তে اعراب بالحروف لفظى -এর বর্ণনা আরম্ভ করেছেন, এটি اعراب -এর দুই প্রকার। তিন অবস্থায় তিনটি ই'রাব হওয়াই আসল, তাই মুসান্নিফ (র.) তার আলোচনা অগ্রগামী করেছেন।

* উল্লিখিত ই'রাব ছয়টি ইসমের সাথে খাস। এগুলোকে বলা হয় اسماء ستة مكبرة -এগুলো ذو ، فم ، اخ ، اب ঐ ধরনের হরকত উল্লিখিত ইসমসমূহের মধ্যে প্রয়োগ হওয়ার জন্য চারটি শর্ত রয়েছে। (১) مكبرة হওয়া তথা مصغرة (ক্ষুদ্রতাবাচক) না হওয়া। কেননা, مصغرة হলে তখন اعراب بالحركة প্রয়োগ হবে। যেমন– مَرَرْتُ بِاُخَيْكَ ، جَاءَنِيْ اُخَيُّكَ ، رَأَيْتُ اُخَاكَ (খ) موحده বা একবচন হওয়া। দ্বিবচন হলে এ ই'রাব প্রযোজ্য হবে না। যেমন– مَرَرْتُ بِاَبَوَيْنِ ، رَأَيْتُ اَبَوَيْنِ ، جَاءَنِيْ اَبَوَانِ আর বহুবচন হলে جمع مكسر منصرف এ جمع سالم -এর ই'রাব প্রয়োগ হবে। (৩) মুযাফ হওয়া। কেননা, মুযাফ না হলে اعراب بالحركة হবে। যেমন– مَرَرْتُ بِاَبٍ ، رَأَيْتُ اَبًا ، جَاءَنِيْ اَبٌ (৪) ياء متكلم -এর প্রতি মুযাফ না হওয়া। কেননা, ياء متكلم -এর দিকে اضافة হলে তখন تقديرى ই'রাব হবে। যথা– مَرَرْتُ بِاَبِيْ ، رَأَيْتُ اَبِيْ ، جَاءَنِيْ اَبِيْ -

* اعراب -এর মধ্যে اعراب بالحركة আসল। মুসান্নিফ (র.) অধিকাংশ ক্ষেত্রে আসলের প্রতি যত্নবান হয়েছে। কিন্তু اسماء ستة -এর মধ্যে এ মূলনীতির ব্যতিক্রম করার পিছনে যে কারণ নির্ণয় করা যায় তাহলো مفرد ، تثنية ও جمع -এর মধ্যে اتحاد ذاتى (সত্তাগত ঐক্য) রয়েছে। কেননা, مفرد থেকে تثنية ও جمع উৎকলিত। যদি প্রত্যেক مفرد -কে اعراب بالحركة এবং تثنية ও جمع -এর ক্ষেত্রে اعراب بالحروف দেওয়া হয়, তবে مفرد এবং تثنية – جمع -এর মধ্যে ই'রাবের দিক দিয়ে পরস্পরের বিমুখতা সৃষ্টি হবে। এ দৃষ্টিকোণ থেকে কিছু مفرد (একবচন জাতীয় শব্দ)-কে اعراب بالحروف দেওয়া হয়েছে।

اَسْمَاءِ سِتَّة -এর শাব্দিক বিবরণ : এগুলো ছয়টি যথা ঃ اَبٌ ، اَخٌ ، حَمٌ ، هَنٌ ، فَمٌ এবং ذُوْ প্রথম চারটি ناقص واوى কেননা, এদের শেষবর্ণ واو ছিল। মূলত ابو ، اخو ، حمو ও هنو ছিল। ثقالة -কে দূর করার উদ্দেশ্যে واو -কে বিলোপ করা হয়েছে। আর فم মূলত فوه ছিল। ه কে বিলোপ করে واو -কে ميم দ্বারা পরিবর্তন করাতে فم গঠিত হয়। আরববাসীদের নিকট واو -কে ميم দ্বারা পরিবর্তন করার সচরাচর ব্যবহার রয়েছে। যেমন– هو -এর বহুবচন هووا , এর থেকে ব্যবহৃত হয় هم -একটি واو -কে হযফ এবং অপরটিকে ميم দ্বারা পরিবর্তন করা হয়েছে উভয়টি (ميم ও واو) حروف شفوى হওয়ার কারণে। فم -এর মধ্যেও একই অবস্থা। ذو ছিল ذوو শেষবর্ণ তথা واو -কে বিলোপ করায় ذو হয়েছে। তা সব সময় اسم جنس -এর দিকে এযাফত হয়। এজন্য ذومال উল্লেখ করা হয়। যমীরের দিকে মুযাফ হওয়াটা شاذ এযাফত ব্যতীত মোটেই ব্যবহার দেখা যায় না।

(৫) কমবেশি না করে শুধু এ ছয়টি اسماء -কে অবলম্বন করার হিকমত হলো تثنية -এর মধ্যে তিনটি ই'রাব, جمع -এর মধ্যেও তিনটি। এ ছয়টির মোকাবেলায় ছয়টি মুফরাদকে অবলম্বন করেছেন। অত্যধিক যুক্তিপূর্ণ দলিল হলো, فرع ও ملحق فرع -এর সমষ্টি হচ্ছে ছয়টি। যথা– مُثَنّٰى ، كَلَامٌ ، اِثْنَانِ ، جَمْعٌ ، اُولُو ، عِشْرُوْنَ এ فرع গুলোর মোকাবেলায় অপর ছয়টি اصل স্থির করেছেন। যাতে اصل ও فرع -এর মধ্যে অনৈক্য না থাকে।

* নাহুবিদরা খাসভাবে এ ছয়টি اسماء -কে এখ্‌তিয়ার করেছেন এগুলোর মধ্যে বিশেষ বৈশিষ্ট্য থাকার কারণে। অন্যান্য اسماء -এর তুলনায় এগুলোর সাথে جمع ও تثنية -এর বিশেষ মুনাসাবাত রয়েছে। جمع ও تثنية -এর মধ্যে যেরূপ تعدد (সংখ্যা গণনা) রয়েছে, সেরূপ এ ইসমগুলোর মধ্য থেকে প্রত্যেকটিতে تعدد বিদ্যমান। যেমন– اب বলা হয় من له ابن (যার ছেলে থাকে) এ সদৃশতার কারণে এগুলোকে বিশেষভাবে অবলম্বন করা হয়েছে। এর উপর একটি আপত্তি আসে

যে, এ ইসমগুলো ব্যতীত অন্যান্যগুলোর মধ্যেও تعدد পাওয়া যাওয়া সত্ত্বেও কেন এগুলোকে খাস করা হয়? تعدد পাওয়া যায় এমন ইসম যথা– زوج (স্বামী) বলা হয় من له الزوجة (যার স্ত্রী থাকে)। এ আপত্তির জবাব ঃ শুধু تعدد টা যথেষ্ট নয়; বরং উহার শেষাক্ষর اعراب بالحروف -এর যোগ্যতা সম্পন্ন হওয়া জরুরি। অনেক সময় দেখা যায়, اعراب ও تعدد بالحروف -এর صلاحية থাকা সত্ত্বেও তা বাদ দেওয়া হয়েছে। এ দৃষ্টিকোণে যে, আহলে আরবের ভাষা ব্যবহারে বিলুপ্ত শেষাক্ষরটি এ'রাব প্রদানের সময় প্রত্যাবর্তনযোগ্য হতে হবে سماعى ভাবে। আরববাসীদের থেকে যে সব ই'সমের বেলায় ই'রাব প্রদানের সময় পূর্ব বিলুপ্ত হরফ প্রত্যাবর্তন হওয়া শ্রুত না হলে তা اسماء ستة -এর অন্তর্ভুক্ত হবে না। যেমন– يد ও دم এ দু'টি ইসমের ক্ষেত্রে শেষে বিলুপ্ত হরফে ইল্লত ই'রাব প্রদানের সময়ে প্রত্যাবর্তন হওয়া আহলে আরব থেকে শ্রুত নেই।

* اخوك – ابوك এগুলোর মধ্যে যেরূপ كاف خطاب -এর প্রতি এযাফত করা হয়েছে সেরূপ ذو শব্দকেও كاف -এর দিকে এযাফত করত; উল্লেখ করা হলে পূর্ণ সামঞ্জস্য পরিদৃষ্ট হতো। কিন্তু ذو টি اسم جنس -এর দিকে এযাফত হয়ে থাকে বিধায় যমীরের দিকে এযাফত করত ذوك বলা হয়নি।

তারকীব : قَوْلُهُ فَالْمُفْرَدُ الْمُنْصَرِفُ وَالْجَمْعُ الْمُكَسَّرُ الْمُنْصَرِفُ بِالضَّمَّةِ رَفْعًا الخ : فالمفرد -এর মধ্যকার فاء টি তাফসীলের জন্য, المفرد মাওসূফ, المنصرف সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, الجمع মাওসূফ, المكسر সিফাতে আউওয়াল, المنصرف সিফাতে ছানী। মাওসূফ ও তার উভয় সিফাত মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মুবতাদা হয়েছে। بالضمة -এর মধ্যে باء হরফে জার, الضمة মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুতা'আল্লাক হয়েছে يعربان উহ্য ফেলের সাথে অথবা يعرب ফেলের সাথে। الفتحة والكسرة উভয়টি الضمة -এর উপর আত্ফ হয়েছে। رفعا টি যরফিয়্যাতের কারণে যবর বিশিষ্ট হয়েছে অথবা মাফউলে ফীহ হিসেবে মুযাফ উহ্য রয়েছে। অর্থাৎ يُعْرَبَانِ بِالضَّمَّةِ وَقْتَ رَفْعٍ অথবা হাল হিসাবে যবর বিশিষ্ট। তখন মূল ই'বারত হবে يُعْرَبَانِ بِالضَّمَّةِ حَالَ كَوْنِهِمَا مَرْفُوْعَيْنِ তখন مرفوع টি رفع -এর অর্থে ব্যবহৃত হবে, অথবা নিসবত থেকে তামঈয হওয়ার কারণে মানসূব হবে, অথবা মাফউলে মুতলাক হিসেবে যবর বিশিষ্ট হবে। يعربان ফে'ল, যমীর هما নায়েবে ফায়েল যুলহাল, رفعا ইত্যাদি হাল। যুলহাল ও হাল মিলে يعربان -এর নায়েবে ফায়েল। ফে'ল, নায়েবে ফায়েল ও بالضمة মুতা'আল্লাক মিলে জুমলায়ে ফে'লিয়্যা হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা। جمع المؤنث السالم -এর মধ্যে جمع মুযাফ, المؤنث মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাওসূফ, السالم সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মুবতাদা। بالضمة যরফে লগ্ব বা মুতা'আল্লাক হয়েছে يعرب উহ্য ফে'লের সাথে। واو হরফে আত্ফ, الكسرة টি الضمة -এর উপর আত্ফ হয়েছে। يعرب ফে'ল তার নায়েবে ফায়েল এবং মুতা'আল্লাক মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা। غير المنصرف এতে غير মুযাফ, المنصرف মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। يعرب উহ্য ফেল, যমীর هو নায়েবে ফায়েল, باء হরফে জার, الضمة মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, الفتحة মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে باء হরফে জারের মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব বা মুতা'আল্লাক হয়েছে يعرب -এর সাথে। يعرب ফে'ল-তার নায়েবে ফায়েল ও মুতা'আল্লাক মিলে খবর। মুবতাদা খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা হয়েছে।

তারকীব : قَوْلُهُ اَبُوكَ وَاَخُوكَ وَحَمُوكِ وَهَنُوكَ وَفُوكَ الخ : ابوك -এর মধ্যে ابو মুযাফ, كاف خطاب মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, اخوك তারকীবে ইযাফী হয়ে মা'তূফে আউওয়াল। حموك মুযাফ মুযাফ ইলাইহ মিলে মা'তূফে ছানী, واو হরফে আত্ফ, هنوك মুযাফ মুযাফ ইলাইহ মিলে মা'তূফে ছালেছ, واو হরফে আত্ফ, فوك মুযাফ মুযাফ ইলাইহি মিলে মা'তূফে রাবে', واو হরফে আত্ফ, ذو মুযাফ, مال মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফে খামেস। মা'তূফ আলাইহ তার পাঁচটি মা'তূফ মিলে মুবতাদা। مضافة ইসমে মাফউল শিবহে ফে'ল, যমীর هى নায়েবে ফায়েল, الى হরফে জার, غير মুযাফ, ياء মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহি মিলে মাজরুর জার-মাজরূর মিলে যরফে লগ্ব বা মুতা'আল্লাক হয়েছে مضافة -এর সাথে। শিবহে ফে'ল, নায়েবে ফায়েল ও মুতা'আল্লাক মিলে হালে মুকাদ্দাম। يعرب উহ্য ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল যুলহাল। যুলহাল ও হাল মিলে নায়েবে ফায়েল। باء হরফে জার, الواو মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, الالف মা'তূফে আউওয়াল, او হরফে আত্ফ, الياء মা'তূফে ছানী। মা'তুফ আলাইহ তার উভয় মা'তূফ মিলে মাজরূর। জার মাজরূর মিলে যরফে লগ্ব বা মুতা'আল্লাক হয়েছে يعرب -এর সাথে। يعرب ফে'ল, নায়েবে ফায়েল ও মুতা'আল্লাক মিলে জুমলায়ে ফে'লিয়্যা হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা হয়েছে।

وَالْمُثَنّٰى وَكِلَا مُضَافًا اِلٰى مُضْمَرٍ وَاِثْنَانِ وَاِثْنَتَانِ بِالْاَلِفِ وَالْيَاءِ ، جَمْعُ الْمُذَكَّرِ السَّالِمِ وَاُولُو وَعِشْرُوْنَ وَاَخَوَاتُهَا بِالْوَاوِ وَالْيَاءِ اَلتَّقْدِيْرُ فِيْمَا تَعَذَّرَ كَعَصَا وَغُلَامِىْ مُطْلَقًا اَوِ اسْتُثْقِلَ كَقَاضٍ رَفْعًا وَجَرًّا وَنَحْوُ مُسْلِمِىَّ رَفْعًا وَاللَّفْظِىُّ فِيْمَا عَدَاهُ -

অনুবাদ ঃ مثنى (দ্বিবচন), كلا যখন যমীরের দিকে মুযাফ হবে, اثنان ও اثنتان (এগুলোর ই'রাব رفع -এর অবস্থায়) الف এবং (جر ও نصب -এর অবস্থায়) ياء -এর সাথে হবে।

رفع جمع مذكر سالم এবং اولو ও عشرون এ জাতীয় অন্যান্য দশক শব্দ (এগুলোকে ই'রাব দেওয়া হবে -এর অবস্থায়) واو এবং (جر ও نصب -এর অবস্থায়) ياء (যার পূর্বাক্ষরে كسرة)-এর সাথে। اعراب تقديرى (উহ্য ই'রাব) ঐ ইসমে মু'রাবের মধ্যে হয়ে থাকে যার মধ্যে ই'রাব প্রকাশিত হওয়া অসম্ভব। যেমন– عَصَا (লাঠি) এবং সাধারণভাবে غُلَامِىْ শব্দটিতে (তিনাবস্থায় ই'রাবে তাকদীরী হয়ে থাকে) অথবা যেখানে ই'রাব প্রকাশিত হওয়া ভারী হয়ে থাকে। যেমন– رفع ও جر -এর অবস্থায় قَاضٍ শব্দটিতে এবং مُسْلِمِىَّ -এর মতো শব্দাবলি رفع -এর অবস্থায় (ই'রাবে তাকদীরী হয়ে থাকে) পূর্বোক্ত ব্যতীত অন্যান্যগুলোর মধ্যে ই'রাবে লফযী হয়ে থাকে।

ব্যাখ্যা ঃ مُثَنّٰى -এর পরিচয় ও প্রকারভেদ : مثنى বলা হয়, যাকে تثنيه (দ্বিবচন) বানানো হয়। مثنى -এর উপর الف، نون অথবা ياء، نون বৃদ্ধি করতঃ দু'য়ের উপর বুঝায়। مثنى তিন প্রকার। যথা— (১) مثنى حقيقى বা প্রকৃতি দ্বিবচন: যে শব্দটি শব্দ ও অর্থগত উভয়দিক থেকে দ্বিবচন এবং তার একবচনও সাব্যস্ত রয়েছে। যথা– كتابان থেকে كتاب (২) مثنى صورى বা আকৃতিগত দ্বিবচন: এটার পরিচয়– مَا يَكُوْنُ صُوْرَتُهُ صُوْرَةَ التَّثْنِيَةِ وَلَيْسَ لَهُ مُفْرَدٌ مِنْ لَفْظِهِ অর্থাৎ যে শব্দটি আকৃতিগতভাবে দ্বিবচন: এবং তার শব্দ হতে কোনো একবচন নেই। যেমন– اثنان، اثنتان (৩) مثنى معنوى বা অর্থগত দ্বিবচন: যে শব্দ অর্থগতভাবে দ্বিবচন, শব্দগতভাবে এর কোনো একবচন সাব্যস্ত নেই। যথা– كلا ও كلتا।

* كِلَا উল্লেখ করতে গিয়ে মুসান্নিফ (র.) مُضَافًا اِلٰى مُضْمَرٍ শর্ত আরোপ করেছেন, একটি সূক্ষ্ম বিষয়ের দিকে ইঙ্গিত করার উদ্দেশ্যে। كلا শব্দগতভাবে مفرد আর অর্থগতভাবে تثنيه ; এ শব্দটির শাব্দিক দাবি হলো, اعراب بالحركة আর অর্থগত দিকটার দাবি হলো, اعراب بالحروف হওয়া। সুতরাং এটিতে শব্দ ও অর্থ উভয় দিকে দৃষ্টিপাত করা হয়েছে। এভাবে যে, যখন كلا শব্দটি ইসমে যাহেরের দিকে মুযাফ হবে, তখন শব্দগত দিকটার প্রতি যত্ন নেওয়া হবে। কেননা, ইসমে যাহেরও আসল, তবে اعراب بالحركة টি উহ্যভাবে হবে। কারণ, كلا -এর শেষে الف রয়েছে। যেমন– مَرَرْتُ بِكِلَا الرَّجُلَيْنِ ، رَاَيْتُ كِلَا الرَّجُلَيْنِ ، جَاءَنِىْ كِلَا الرَّجُلَيْنِ যখন كلا শব্দটি ইসমে যমীরের দিকে মুযাফ হবে, তখন অর্থের প্রতি মনোযোগ দেওয়া হবে। কেননা, যমীর فرع আর অর্থও فرع সুতরাং এটাকে তার সামঞ্জস্যপূর্ণ اعراب بالحرف দেওয়া হবে। কেননা, এটাও فرع যেমন– مَرَرْتُ بِكِلَيْهِمَا - رَاَيْتُ كِلَيْهِمَا ، جَاءَنِىْ كِلَاهُمَا এ জায়গায় যেহেতু اعراب بالحروف -এর বর্ণনা উপস্থাপন করা উদ্দেশ্য, اعراب بالحركة -এর বর্ণনা উদ্দেশ্য নয়, সেহেতু كلا শব্দকে مضافا উক্তি দ্বারা শর্তারোপ করা হয়েছে।

* اثنتان শব্দটি اثنان -এর مؤنث, যা مذكر (اثنان) -এর فرع ; এ কিতাবে সংক্ষিপ্ততাকে প্রাধান্য দেওয়া হয়েছে বিধায় اثنان উল্লেখ করার উপর যথেষ্ট মনে করা বাঞ্ছনীয় ছিল। তদুপরি তা উল্লেখ করার কারণ হলো, সংখ্যা বর্ণনার ক্ষেত্রে مذكر ও مؤنث হওয়া অন্যান্য বস্তুর مذكر ও مؤنث হওয়ার বিপরীত হয়ে থাকে। তবে اثنان ও اثنتان -এর মধ্যে مذكر ও مؤنث হওয়াটা অন্যান্য বস্তুর মতো সাধারণ কায়দানুপাতে হয়। এ দিকে ইঙ্গিত করাই হলো اثنتان উল্লেখ করার উদ্দেশ্য।

المثنى -এর আলোচনাকে مذكر سالم -এর উপর অগ্রগামী করার কারণ হলো, مثنى (দ্বিবচন) طبعى (স্বভাবগত) অনুপাতে جمع -এর উপর মুকাদ্দাম হয়ে থাকে। কাজেই وضعى (গঠনগত) ভাবেও মুকাদ্দাম করা যুক্তিযুক্ত; যাতে وضعى ও طبعى পরস্পর সামঞ্জস্যপূর্ণ হয়।

* جَمْعُ مُذَكَّرٍ سَالِمٌ দ্বারা উদ্দেশ্য হলো তার পারিভাষিক অর্থ বর্ণনা করা। আর তা হলো তার শেষে واو ও نون অথবা ياء ও نون হওয়া, চাই তার مفرد (একবচন) টি مذكر হোক বা مؤنث হোক।

جمع مذكر سالم -এর উপরোক্ত সংজ্ঞা দ্বারা سنين ও ارضين যাদের واحد (একবচন) টা مذكر নয় অথবা ياء ও نون দ্বারা করা হয়েছে। এগুলোও جمع مذكر سالم -এর অন্তর্ভুক্ত হয়ে যায়। একইভাবে مرفوعات (এর واحد হলো مرفوع); منصوبات (এর واحد হলো منصوب) ইত্যাদি جمع مذكر سالم থেকে বের হয়ে যায়, যদিও বা এদের واحد টি مذكر কেননা, এই جمع টি واو ও نون অথবা ياء ও نون দ্বারা গঠিত হয়নি।

اقسام الجمع -**এর বর্ণনা :** جمع চার প্রকার। যথা— (১) جمع حقيقي ঃ যা শব্দগত ও অর্থগত উভয় দিক থেকে প্রকৃত বহুবচন, একে مفرد থেকে গঠন করা হয়েছে। যেমন- قَلَمٌ -এর বহুবচন اَقْلَامٌ - مُسْلِمٌ -এর বহুবচন مُسْلِمُوْنَ ; (২) جمع صورى : আকৃতিগতভাবে جمع -এর সাথে সাদৃশ্যপূর্ণ। যেমন- عِشْرُوْنَ ; (৩) جمع معنوى : অর্থগতভাবে বহুবচন, এগুলোর একবচন অন্য শব্দ হয়ে থাকে। যেমন- اُولُو এটার একবচন ذُوْ - (৪) اسم جمع : যা শব্দগত দিক থেকে একবচন, কিন্তু অর্থগত দিক থেকে বহুবচন। যেমন- رَهْطٌ ، قَوْمٌ

ইবনে হাজিব (র.) প্রথমোক্ত তিন প্রকারকে মূল ই'বারতের মধ্যে جَمْعُ الْمُذَكَّرِ السَّالِمِ وَاُولُو وَعِشْرُوْنَ الخ বলে উল্লেখ করেছেন।

* اُولُو হলো ذو -এর جمع (বহুবচন) তদুপরি তাকে جمع مذكر سالم -এর মধ্যে অন্তর্ভুক্ত করা হয়নি। কেননা, এটি جمع হলেও جمع عن لفظه তথা এটি শব্দোদ্ভূত নয়; বরং جمع من غير لفظ ، اولو শব্দটির مفرد একই মূলাক্ষর থেকে নির্গত নয়; বরং ذو অন্য একটি শব্দ। তার جمع টা নিয়ম বহির্ভূত اولو হয়েছে। যেমন- اِمْرَأَةٌ -এর বহুবচন نِسْوَةٌ এসে থাকে; যদিও বা جمع -এর আকৃতি বিশিষ্ট। প্রকৃত جمع নয়। কেননা, প্রকৃত جمع হওয়ার জন্য مفرد (একবচন) সাব্যস্ত থাকাটা জরুরি। তাইতো আরবি ব্যাকরণের উজ্জ্বল জ্যোতিষ্ক আল্লামা ইবনে হাজিব (র.) اولو -কে جمع -এর অন্তর্ভুক্ত না করে তার ملحقات (সম্পৃক্ত বিষয়াদি)-এর মধ্যে অন্তর্ভুক্ত করেছেন।

* عِشْرُوْنَ এবং এর نظائر (সমপর্যায়ভুক্ত) আটটি। তা হলো- عشرون ، ثلثون ، اربعون ، خمسون ، تسعون ، سبعون ، ثمانون ، ستون এ গুলো থেকে কোনটি বহুবচন নয়। কেননা, বহুবচনের اقل افراد তিন হয়ে থাকে। عشرون টি عشرة -এর বহুবচন হলে দশ গুণ তিন = ত্রিশ (১০×৩=৩০) হতো। আবশ্যকভাবে ত্রিশের উপর عشرون শব্দের اطلاق (প্রয়োগ) শুদ্ধ হতো। একইভাবে ثلثون টি ثلثة -এর বহুবচন ধরা হলে কমপক্ষে (৩×৩) = ৯ -এর উপর ثلثون -এর প্রয়োগ শুদ্ধ হতো; অথচ তা সুস্পষ্টভাবে বাতিল। মোদ্দাকথা, عشرون এবং তার সমজাতীয় সংখ্যাবাচক শব্দগুলো বহুবচন নয়। অন্যভাবে বলা যায় عشرون ইত্যাদি নির্দিষ্ট অর্থের উপর বুঝায় আর বহুবচনের মধ্যে নির্দিষ্ট অর্থ থাকে না; তিনোর্ধ্ব বুঝায়। এ প্রেক্ষিতে এগুলো বহুবচন হতে পারে না বরং جمع مذكر سالم -এর ملحقات -এর অন্তর্ভুক্ত।

اَخَوَاتٌ -**এর অর্থ :** اخت -এর বহুবচন اخوات ব্যবহৃত হয়। ذى روح (আত্মবিশিষ্ট বস্তু)-এর উপর এটার ব্যবহার দেখা যায়। ثلثون ইত্যাদি ذو روح নয়, এরপরও اربعون ইত্যাদির উপর তার ব্যবহার হওয়াটা استعارة مصرحة হিসেবে হয়েছে। আর استعارة مصرحه হলো مشبه به -কে উল্লেখ করত مشبه উদ্দেশ্য নেওয়া। এখানে اخوات অর্থ— نظائر (সমজাতীয়)। اخوات হলো مشبه به আর نظائر হলো مشبه এখানে (مشبه به) اخوات উল্লেখ করলেও আসলে (مشبه) نظائر উদ্দেশ্য।

* اُولُو টি جمع না হওয়া সত্ত্বেও এটাকে جمع مذكر سالم -এর ই'রাব প্রয়োগ করা হয়েছে। اولو তার (جمع مذكر سالم) সাথে শব্দগত ও অর্থগতভাবে সাদৃশ্য থাকার কারণে। শাব্দিক সাদৃশ্য হলো اولو -এর শেষে এমন একটি حرف রয়েছে যা اعراب بالحروف -এর যোগ্যতা রাখে। আর অর্থগত সাদৃশ্য হলো এটি جمع مذكر سالم -এর মতো অনেক ফরদের উপর বুঝায়।

মুসান্নিফ (র.) ই'রাবের প্রকার তথা اعراب بالحركة ও اعراب بالحروف -এর বর্ণনা থেকে অবসর হয়ে اعراب لفظى ও تقديرى -এর বর্ণনা আরম্ভ করেছেন।

* اَلتَّقْدِيْرُ শব্দটি পরে الاعراب উহ্য রয়েছে। উক্ত উহ্য মুযাফ ইলাইহ পরিবর্তে التقدير -এর উপর الف لام নেওয়া হয়েছে। التقدير দ্বারা পূর্ববর্তী اقسام -এর বর্ণনা এসেছে। অর্থাৎ اعراب بالحركة দু'প্রকার : لفظى ও تقديرى আবার اعراب بالحرف ও দু'প্রকার : لفظى ও تقديرى এ নয় যে, এটি ই'রাবের অপর একটি প্রকরণ। التقديرى -এর মধ্যস্থিত عهد خارجى টি ال যার দ্বারা বুঝা যায় যে, এর বিবরণ পূর্বে চলে গেছে। التقدير উল্লেখ করাতে পূর্বাংশের সাথে পূর্বসম্পৃক্ততা বুঝা যায়।

* মুসান্নিফ (র.) عصا -এর দ্বারা উদ্দেশ্য নিয়েছেন ইসমে মাকসূরকে, আর তা ঐ ইসমকে বলে– যার শেষে الف مقصورة হয়ে থাকে। চাই তা প্রকাশ্যে বিদ্যমান থাকুক, যেমন– العصا অথবা অপ্রকাশ্যে বিদ্যমান থাকুক। যেমন– عصى এখানে الف ও تنوين দু'সাকিন একত্রিত হওয়ার কারণে الف مقصوره -কে বিলোপ করা হয়। عصى -এর মধ্যে যে ياء টি দেখা যাচ্ছে তা رسم الخط -এর জন্য। ইসমে মাকসূরের উপর اعراب تقديرى হওয়ার কারণ হলো, শেষাক্ষর الف হওয়ার কারণে اعراب لفظى তার উপর প্রকাশিত হওয়া অসম্ভব। যদি الف -এর উপর حركة لفظى আসে, তাহলে তা হামযা হয়ে যায়।

* غُلَامِىْ مُطْلَقًا এটা তারকীবের দিক থেকে হয়তো উহ্য ফে'লের মাফউল মুতলাক, অর্থাৎ اُطْلِقَ مُطْلَقًا ঐ সময় مطلقا শব্দের মধ্যে বিদ্যমান ميم টি মাসদারে মীমী অথবা এটি ইসমে মাফউলের সীগাহ তা عصى ও غلامى উভয়টি থেকে অথবা শুধুমাত্র غلامى থেকে حال; যদি শুধু غلامى থেকে حال হয়, তাহলে ইবারতের উদ্দেশ্য– সে সমস্ত ব্যাকরণবিদদের উক্তিকে খণ্ডন করা, যারা বলে থাকে غلامى -এর মধ্যে যে যের রয়েছে তা আমিল আসার পূর্ব থেকেও ছিল আর আমিল দূরীভূত হওয়ার পরও তা অবশিষ্ট থাকে। কাজেই এটি حركة اعرابية হতে পারে না। কেননা, حركة اعرابية -এর জন্য জরুরি হলো যে, আমিল দাখিল হওয়ার পর তা প্রবিষ্ট হতে হবে এবং আমিল দূরীভূত হওয়ার পর তা বাকি থাকবে না। আর দ্বিতীয়াবস্থায় তার (مطلقا) সম্পর্ক عصى ও غلامى উভয়ের দিকে হলে এ অর্থ দাঁড়াবে যে, غلامى এ عصى -এর ই'রাব তিনটি অবস্থায় تقديرى হবে।

* اُسْتُثْقِلَ এটি পূর্ববর্তী ই'বারত تعذر -এর উপর আতফ। অর্থাৎ ঐ ইসমের মধ্যেও اعراب تقديرى হবে, যার উচ্চারণের ক্ষেত্রে এ'রাব প্রকাশিত হওয়া ভারী হবে। আর তা ঐ সময় ধর্তব্য যখন ই'রাবের স্থানটি اعراب بالحركة -এর যোগ্যতাধারী হবে। কিন্তু শব্দের মধ্যে তার ই'রাবটি প্রকাশিত لسان (রসনা)-এর উপর ভারী হবে। যেমন, ঐ ইসম যার শেষাক্ষরে ياء -এর পূর্বাক্ষর مكسور (যের বিশিষ্ট) হবে। চাই তা দু'সাকিন একত্রিত হওয়ার কারণে বিলুপ্ত হোক বা না হোক। প্রথমটির উদাহরণ قاض -এতে ياء বিলুপ্ত হয়ে গেছে দু'টি সাকিন তথা ياء ও تنوين একত্রিত হওয়ার কারণে। দ্বিতীয়টির উদাহরণ হলো القاضى ; এতে ياء বিলুপ্ত হয়নি।

* مُسَانِّفِ (র.) تَقْدِيْرُ الْاِعْرَابِ فِيْمَا تَعَذَّرَ এ কথা বলার কারণে اَوِ اسْتُثْقِلَ বলা প্রয়োজন ছিল না। তদুপরি তিনি উল্লেখ করেছেন এ দিকে দৃষ্টি নিবদ্ধ করার জন্য যে, ই'রাব প্রকাশিত হওয়ার অসম্ভাব্যতা দু'ধরনের হয়ে থাকে। تعذر -এর দ্বারা প্রথম সূরত উদ্দেশ্য নিয়েছেন। আর তা হলো যে অক্ষরটি এ'রাবের প্রকাশস্থল তা হরকতের যোগ্যতাধারী হবে না। আর استثقل -এর মধ্যে দ্বিতীয় সূরত উল্লেখ করা হয়েছে, তা হলো, যে হরফটি ই'রাবের محل হবে তা হরকতকে কবুল করার যোগ্যতা সম্পন্ন হবে; কিন্তু তার উপর হরকতটি ভারী হবে।

* قاض হলো اسم منقوص -এর অন্তর্ভুক্ত। তার ই'রাব جر ও رفع -এর অবস্থায় تقديرى হবে। (ياء -এর উপর ضمة ও كسرة ভারী হওয়ার কারণে) কিন্তু فتحة ভারী না হওয়ার কারণে ياء -এর উপর শাব্দিকভাবে যবর প্রবিষ্ট হবে। অর্থাৎ فتحة -এর অবস্থায় اعراب لفظى হবে। যেমন–

مَرَرْتُ بِقَاضٍ ، رَأَيْتُ قَاضِيًا ، جَاءَ قَاضٍ এটি হলো শেষাক্ষর বিলুপ্ত হওয়ার উদাহরণ।

مَرَرْتُ بِالْقَاضِىْ ، رَأَيْتُ الْقَاضِىَ ، جَاءَ الْقَاضِىْ আর এটা শেষাক্ষর বহাল রাখার মেছাল।

* رَفْعًا وَجَرًّا উভয়টি দু'কারণে যবর বিশিষ্ট হতে পারে। হয়তো ظرفية হিসেবে বা مصدر হিসেবে। যদি ظرفية অনুপাতে হয়, তবে তার মধ্যে শর্ত হলো তা زمان বা مكان থেকে হতে হবে; অথচ এখানে উভয়টি থেকে মুক্ত। তাই

এখানে মুযাফ উহ্য মেনে নেওয়া হবে। رفعا -এর মধ্যে যবরটি الخافض بنزع نصب হিসেবে হবে। আল্লামা আবদুর রহমান জামী (র.) মুসান্নিফের উক্তি رفعا وجرا -এর তাফসীর করেছেন–

اَىْ فِىْ حَالَتَىِ الرَّفْعِ وَالْجَرِّ كَاسْتِثْقَالِ قَاضٍ - مَرْفُوْعِيَّتُ وَمَجْرُوْرِيَّتُ اَوْ وَقْتَ رَفْعِ الْعَامِلِ اَوْ جَرِّهٖ -

এ বিশ্লেষণ করত এ দিকে ইশারা করেছেন যে, এ দু'টি উহ্য استثقال -এর যরফ অথবা মাফউলে মুতলাক হিসেবে পড়াও জায়েজ অর্থাৎ رفع وجر استثقال অথবা উহ্য استثقال -এর মুযাফ ইলাইহ থেকে حال হতে পারে অর্থাৎ, حَالَ كَوْنِهٖ مَرْفُوْعًا وَمَجْرُوْرًا -

* نحو مسلمى -এর দ্বারা উদ্দেশ্য হলো ঐ جمع مذكر سالم যা ياء متكلم -এর দিকে মুযাফ হবে। এটার ই'রাব রফা' অবস্থায় উহ্য واو -এর সাথে, جر ও نصب -এর অবস্থায় প্রকাশ্য ياء -এর সাথে হবে। যেমন– جَاءَ نِىْ مُسْلِمِىَّ ; তা মূলত مُسْلِمُوْنَ ىَ ছিল। نون টি এযাফতের কারণে বিলুপ্ত হয়ে গেছে। কেননা, এটি হলো جمع -এর نون ; কায়দা হলো এযাফতের সময়ে تثنيه ও جمع -এর নূন পড়ে যায়। واو টি হলো ই'রাবের আর ياء টি এযাফতের জন্য ব্যবহৃত। সরফী নিয়ম হলো— واو ও ياء একসাথে একই কালিমাতে একত্রিত হলে واو -কে ياء দ্বারা বদল করা হয়। অতঃপর তাতে (مُسْلِمُىْ ىَ) দু'টি ياء একত্র হওয়ার কারণে একটিকে অপরটির মধ্যে ইদগাম করে مُسْلِمُىَّ করা হয়েছে। এরপর ياء -এর চাহিদানুপাতে ميم -এর নিচে যের দেওয়াতে مُسْلِمِىَّ গঠিত হয়েছে।

مَرَرْتُ بِمُسْلِمِىَّ ، رَاَيْتُ مُسْلِمِىَّ -এর অবস্থায় ياء টি لفظا (প্রকাশ্যভাবে) যেমন– جر ও نصب উভয়াবস্থায় مُسْلِمِىَّ মূলত مُسْلِمِيْنَ ىَ ছিল। نون টি এযাফতের কারণে পড়ে যাওয়ার পর مُسْلِمِيْ ىَ হলো। প্রথম ياء টি ইরাবের জন্য ব্যবহৃত, যা لفظى (প্রকাশ্যভাবে) হয়েছে। উভয় ياء -কে ইদগাম করলে مُسْلِمِىَّ হয়ে যায়।

* نحو শব্দ বৃদ্ধি করত এদিকে ইঙ্গিত করা হয়েছে যে, ثقالة এর কারণে যে ই'রাবে তাকদীরী হয়, তা দু'ধরনের, كقاض বলে প্রথম প্রকার এবং نحو مسلمى উল্লেখ করত দ্বিতীয় প্রকার উদ্দেশ্য নেওয়া হয়েছে। ثقالة -এর মধ্যে যদিও উভয়টি শরিক; কিন্তু حكم -এর মধ্যে ভিন্ন। কাজেই উভয় قسم -এর প্রতি সতর্কতা আরোপের উদ্দেশ্যে একই حرف تشبيه -এর অধীনে নেওয়া হয়নি। যাতে প্রকার দু'টি ভিন্ন ভিন্ন হওয়া বুঝা যায়। তা غلامى ও عصا এর বিপরীত। কেননা, এ দু'টি একই প্রকারের আওতাভুক্ত। এভাবে যে, উভয়টির মধ্যে اعراب بالحركة অসম্ভব। رفع ، نصب ، جر এ তিন অবস্থায় ই'রাবে তাকদীরী হবে। যেমন এ দিকেই ইঙ্গিত করে আল্লামা আব্দুর রহমান জামী (র.) বলেছেন–

تَقْدِيْرُ الْاِعْرَابِ لِلْاِسْتِثْقَالِ قَدْ يَكُوْنُ فِى الْاِعْرَابِ بِالْحَرَكَةِ وَقَدْ يَكُوْنُ فِى الْاِعْرَابِ بِالْحَرْفِ نَحْوُ مُسْلِمِىَّ بِخِلَافِ تَقْدِيْرِ الْاِعْرَابِ لِلتَّعَذُّرِ فَاِنَّهٗ مُخْتَصٌّ بِالْاِعْرَابِ بِالْحَرَكَةِ -

আর قاض -কে مسلمى -এর পূর্বে উল্লেখ করার কারণ হলো, قاض এর মধ্যে اعراب بالحركة ভারী হয়েছে। আর مسلمى -এর মধ্যে اعراب بالحروف ভারী হয়েছে। এ কথা সূর্যের ন্যায় প্রকাশ্য যে, উভয় ই'রাবের মধ্যে اعراب بالحركة হলো মূল, তাইতো এ প্রকারকে পূর্বে নেওয়া হয়েছে।

*** যোগসূত্র :** মুসান্নিফ (র.) ই'রাবে তাকদীরী হওয়ার স্থানসমূহের বর্ণনা থেকে অবসর হওয়ার পরে ই'রাবে লফযীর আলোচনা করতে গিয়ে বলেছেন যে, اَللَّفْظِىُّ فِيْمَا عَدَاهُ অর্থাৎ উল্লিখিত ইসমে মু'রাব ব্যতীত অন্যান্যগুলোর মধ্যে ই'রাবটি লফযী তথা উচ্চারিত হয়ে থাকে। اللفظى শব্দটি لفظ -এর দিকে সম্পর্কিত আর উল্লিখিত ই'রাব দু'ধরনের ইসমে মুরাবের মধ্যে ব্যবহৃত হয়। (একটি হলো) যেখানে ই'রাব অসম্ভব হয়ে থাকে অথবা (অপরটি হলো) উচ্চারণে ভারী হয়ে থাকে।

* ই'রাবে লফযীটা তাকদীরীর তুলনায় মূল। এতদসত্ত্বেও লফযীর উপর তাকদীরীকে মুকাদ্দাম করার কারণ হলো তাকদীরীর স্থানসমূহ কম আর লফযীর স্থানসমূহ বেশি, কম (جزء) আংশিকের পর্যায়ে আর (বেশি) হলো (كل) পূর্ণতার পর্যায়ে। স্বাভাবিকভাবে অর্থ বুঝানোর ক্ষেত্রে جزء টি كل -এর উপর মুকাদ্দাম হয়ে থাকে। সুতরাং গঠন ও স্বভাব উভয় দিক দিয়ে সামঞ্জস্যপূর্ণ হবার নিমিত্তে উল্লেখ করার ক্ষেত্রে তাকে অগ্রগামী করা হয়েছে।

* اَللَّفْظِىُّ فِيْمَا عَدَاهُ -এর মধ্যে ه যমীরটি প্রত্যাবর্তিত হয়েছে المذكور -এর দিকে, তখন মূল ইবারত হবে اَللَّفْظِىُّ فِيْمَا عَدَا الْمَذْكُوْرِ এখানে المذكور দ্বারা তাকদীর ই'রাবের সাথে পঠিত পূর্বোক্ত দু'টি প্রক্রিয়া উদ্দেশ্য; এ বিশ্লেষণ কিছু ব্যাকরণবিদদের অভিমতানুযায়ী। কারণ, তাঁদের মতে দু'টি ইসমের দিকে واحد (একবচন)-এর যমীর ফিরতে পারে না।

অধিকাংশ নাহুবিদদের অভিমতানুযায়ী المذكور শব্দ দ্বারা তাবীলের প্রয়োজন নেই। কেননা, যে যমীরটি মা'তূফ ও মা'তূফ আলাইহের দিকে ফিরে। আর উভয়ের মাঝে او শব্দ দ্বারা আত্‌ফ করা হয়, তখন যমীরকে واحد বা একবচন নেওয়া আবশ্যক। কেননা, او শব্দটি احد الامرين (দু'টি বস্তু থেকে যে কোনো একটি)-এর জন্য এসে থাকে। উভয় বস্তু অনির্দিষ্ট হয়। যেমন- زَيْدٌ اَوْ عَمْرٌو قَائِمٌ এখানে قائمان বলা জায়েজ নেই। সুতরাং পূর্বোল্লেখিত বিশ্লেষণের প্রয়োজন নেই।

তারকীব : قَوْلُهُ اَلْمُثَنّٰى وَكِلَا مُضَافًا اِلٰى مُضْمَرٍ وَاِثْنَانِ وَاِثْنَتَانِ بِالْاَلِفِ وَالْيَاءِ الخ المثنى মা'তূফ আলাইহ, واو হরফে আত্‌ফ, كلا যুলহাল, مضافا ইসমে মাফউল, যমীর هو নায়েবে ফায়েল, الى হরফে জার, مضمر মাজরূর। জার ও মাজরূর মিলে মুতা'আল্লাক বা যরফে লগ্‌ব مضافا-এর সাথে। مضافا শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও মুতা'আল্লাক মিলে হাল। যুলহাল ও হাল মিলে মা'তূফে আউওয়াল। واو হরফে আত্‌ফ, اثنان মা'তূফে ছানী, واو হরফে আত্‌ফ, اثنتان মা'তূফে ছালেছ। মা'তূফ আলাইহ ও মা'তূফসমূহ মিলে মুবতাদা। معربة উহ্য ইসমে মাফউল, যমীর هى নায়েবে ফায়েল, باء হরফে জার, الالف মা'তূফ আলাইহ। واو হরফে আত্‌ফ, الياء মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে باء হরফে জারের মাজরূর। জার ও মাজরূর মিলে মুতা'আল্লাক হয়েছে معربة-এর সাথে। معربة ইসমে মাফউল, নায়েবে ফায়েল এবং মুতা'আল্লাক মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা। جمع মুযাফ, المذكر মুযাফ ইলাইহ। মুযাফ-মুযাফ ইলাইহ মিলে মাওসূফ, السالم সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মা'তূফ আলাইহি, واو হরফে আত্‌ফ, اولو মা'তূফে আউওয়াল, واو হরফে আত্‌ফ, عشرون মা'তূফ আলাইহ, واو হরফে আত্‌ফ, اخواتها-এর মধ্যে اخوات মুযাফ, ها যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মা'তূফে ছানী। মা'তূফ আলাইহ ও তার উভয় মা'তূফ মিলে মুবতাদা। معربة উহ্য ইসমে মাফউল, যমীর هى নায়েবে ফায়েল, باء হরফে জার, الواو মা'তূফ আলাইহ, واو হরফে আত্‌ফ, الياء মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাজরূর, باء হরফে জার ও মাজরূর মিলে মুতা'আল্লাক হয়েছে معربة শিবহে ফে'লের সাথে। معربة শিবহে ফে'ল, যমীর هى নায়েবে ফায়েল ও মুতা'আল্লাক মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা।

قَوْلُهُ اَلتَّقْدِيْرُ فِيْمَا تَعْذُرُ الخ : التقدير উহ্য মুযাফ ইলাইহসহ মুবতাদা, فى হরফে জার, ما ইসমে মাওসূল, تعذر ফে'ল, যমীর هو ফায়েল, فيه উহ্য যরফে লগ্‌ব। ফে'ল, ফায়েল ও উহ্য যরফে লগভ মিলে জুমলায়ে ফে'লিয়্যা হয়ে মা'তূফ আলাইহ। او হরফে আত্‌ফ, استثقل ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, উহ্য فيه যরফে লগ্‌ব। ফে'ল, নায়েবে ফায়েল ও যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যা হয়ে মা'তূফ। মা'তূফ আলাইহি ও তার মা'তূফ মিলে সেলাহ্। মাওসূল ও তার সেলাহ্ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে উহ্য ثابت-এর সাথে। ثابت শিবহে ফে'ল, যমীর هو ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা হয়েছে। ك হরফে জার তাশবীহের জন্য, عصا মা'তূফ আলাইহ, واو হরফে আত্‌ফ, غلامى মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে যুলহাল, مطلق শিবহে ফে'ল-যমীর هو নায়েবে ফায়েল মিলে হাল। যুলহাল ও হাল মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে উহ্য ثابت শিবহে ফে'লের সাথে। ثابت শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবর। উহ্য هو মুবতাদা ও তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা হয়েছে।

قَوْلُهُ كَقَاضٍ رَفْعًا وَجَرًّا : ك হরফে জার তাশবীহের জন্য, قاض মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে উহ্য ثابت-এর সাথে। ثابت শিবহে ফে'ল, যমীর هو ফায়েল, رفعا মা'তূফ আলাইহ, واو হরফে আত্‌ফ, جرا মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাফউলে ফীহ হয়েছে উহ্য وقت মুযাফ সহ। ثابت শিবহে ফে'ল, ফায়েল, যরফে মুস্তাকার ও মাফউলে ফীহ মিলে খবর। هو উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা।

قَوْلُهُ وَاللَّفْظِىُّ فِيْمَا عَدَاهُ : واو হরফে আত্‌ফ, اللفظى সিফাত, তার পূর্বে মাওসূফ الاعراب উহ্য রয়েছে। মাওসূফ ও সিফাত মিলে মুবতাদা। فى হরফে জার, ما ইসমে মাওসূল, عدا ফে'ল তার মধ্যে লুক্কায়িত যমীর فاعل, ه যমীর মাফউল যা প্রত্যাবর্তিত হয়েছে عَصَا وَغُلَامِىْ وَقَاضٍ وَ مُسْلِمِىَّ-এর দিকে অথবা مَا تَعَذَّرَ فِيْهِ اَوِ اسْتُثْقِلَ-এর দিকে। উপরোক্ত ইবারতকে المذكور দ্বারা তাবীল করা হয়েছে। عدا ফে'ল, ফায়েল এবং মাফউল মিলে জুমলায়ে ফে'লিয়্যা হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে فى হরফে জারের মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت-এর সাথে। ثابت ইসমে ফায়েল, তার যমীর هو ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা হয়েছে।

غَيْرُ الْمُنْصَرِفِ مَا فِيْهِ عِلَّتَانِ مِنْ تِسْعٍ اَوْ وَاحِدَةٌ مِنْهَا تَقُوْمُ مَقَامَهُمَا وَهِىَ
شعر عَدْلٌ وَ وَصْفٌ وَتَانِيْثٌ وَمَعْرِفَةٌ * وَعُجْمَةٌ ثُمَّ جَمْعٌ ثُمَّ تَرْكِيْبٌ
وَالنُّوْنُ زَائِدَةً مِنْ قَبْلِهَا اَلِفٌ * وَ وَزْنُ الْفِعْلِ وَهٰذَا الْقَوْلُ تَقْرِيْبٌ
مِثْلُ عُمَرَ وَاَحْمَرَ وَطَلْحَةَ وَ زَيْنَبَ وَاِبْرَاهِيْمَ وَمَسَاجِدَ وَمَعْدِيْكَرَبَ وَعِمْرَانَ وَاَحْمَدَ
وَحُكْمُهُ اَنْ لَّاكَسْرَةَ وَلَا تَنْوِيْنَ ـ

অনুবাদ : غير منصرف ঐ ইসমে মু'রাবকে বলে, যার মধ্যে নয়টি সবব হতে দু'টি বা তা থেকে এমন একটি সবব বিদ্যমান থাকবে যা দু'সববের স্থলাভিষিক্ত। তা (নয়টি সবব) হলো কবিতা–

অর্থাৎ (১) আদল (রূপান্তরিত), (২) ওয়াস্ফ (গুণ), (৩) তানীছ (স্ত্রীলিঙ্গ), (৪) মা'রেফা (নির্দিষ্ট জ্ঞাপক), (৫) ওজমা (আনারবী), (৬) জমা' (বহুবচন), (৭) তারকীব (যৌগিক), (৮) ওয়ান্নূনু যায়েদাতান ক্বাবলাহা আলিফুন (অতিরিক্ত নূন যার পূর্বে আলিফ হবে) এবং (৯) ওযনে ফে'ল (ফে'লের ওযন হওয়া) এ উক্তিটি সঠিকতার নিকটবর্তী। (উল্লিখিত اسباب منع صرف এর ক্রমানুপাতে) উদাহরণ হলো, عُمَرُ (عدل -এর উদাহরণ), اَحْمَرُ (وصف -এর), طَلْحَةُ (تانيث -এর), زَيْنَبُ (معرفة -এর), اِبْرَاهِيْمُ (عجمة -এর), مَسَاجِدُ (جمع -এর), مَعْدِيْكَرَبُ (تركيب -এর), عِمْرَانُ (الالف والنون الزائدتان -এর) এবং اَحْمَدُ (وزن فعل -এর উদাহরণ)। তার হুকুম– তাতে যের এবং তানবীন হয় না।

ব্যাখ্যা ঃ কোনো বস্তুর সংজ্ঞা দু'ভাবে দেওয়া হয়। যথা– (১) شرط وجودى (ইতিবাচক শর্ত)। (২) شرط عدمى (নেতিবাচক শর্ত)। غير منصرف ঐ ইসমে মু'রাবকে বলা হয়, যার মধ্যে নয়টি সবব হতে দু'টো অথবা দু'টোর স্থলাভিষিক্ত একটি সবব পাওয়া যায়। منصرف -কে দ্বিতীয় প্রকারের সংজ্ঞায় সংজ্ঞায়িত করা হয়েছে বলে ধরে নিতে পারি। যদিও বা তা ইবারতের মধ্যে সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়নি।

* غير منصرف -এর সংজ্ঞার মধ্যে ما মাওসূলা আর তা দ্বারা উদ্দেশ্য ইসমে মু'রাব। কেননা, এটি مقسم আর ঐ বস্তুর اقسام -এর তা'রীফের মধ্যে গ্রহণীয় হয়ে থাকে। ما দ্বারা لفظ উদ্দেশ্য হতে পারে না। যদি لفظ উদ্দেশ্য হয়, তাহলে ضربت -এর মধ্যে وزن فعل ও تانيث ; তখন এটিকে গায়রে মুনসারিফ বলা উচিত হবে; অথচ তা গায়রে মুনসারিফ নয়; বরং মাবনী। শুধু ইসম উদ্দেশ্য নিলে তাতেও একটা আপত্তি উত্থাপিত হয় যে, حضار ইয়ামামা ও বসরার মাঝখানে অবস্থিত একটি পাহাড়ের নাম। এতে দু'টি সবব তথা تانيث ও علمية রয়েছে তার পরেও এটি গায়রে মুনসারিফ নয়; বরং মাবনী। কাজেই ما দ্বারা ইসম উদ্দেশ্য নেওয়া হলে একেও গায়রে মুনসারিফ বলা যাবে। তদুত্তরে বলা যায় যে, এখানে ইসম দ্বারা ইসমে মু'রাব উদ্দেশ্য। তাইতো আব্দুর রহমান জামী (র.) বলেছেন– ما اى اسم معرب

* গায়রে মুনসারিফের মধ্যে যে দু'টি ইল্লত পাওয়া যাবে, তা ইসমের মধ্যে একত্রিত হয়ে তার মধ্যে প্রভাব ফেলতে হবে। যদি প্রভাব না ঘটায়, তাহলে তা গায়রে মুনসারিফ হবে না। যেমন– قائمة -এর মধ্যে تانيث ও وصف এ দু'টি ইল্লত রয়েছে। তা সত্ত্বেও এটি গায়রে মুনসারিফ নয়; কারণ قائمة -এর মধ্যে وصف সববটি প্রভাবকারী অন্য ইল্লত তথা تانيث ; قائمة -এর মধ্যে প্রভাবকারী নয়। তার কারণ تانيث -এর জন্য জরুরি علم হওয়া, আর قائمة টা علم নয়। قائمة ইত্যাদি শব্দ গায়রে মুনসারিফের সংজ্ঞা থেকে বের হয়ে গেছে।

* مِنْ تِسْعٍ -এর মধ্যে تِسْع সিফাত আর তার মাওসূফ উহ্য عِلَلٍ অর্থাৎ مِنْ عِلَلِ تِسْعٍ -এর তারকীবের দ্বারা শায়খ রাযী'র অভিমত রদ্ হয়ে গেছে। কেননা, তাঁর মতে মূলত مِنْ تِسْعِ عِلَلٍ ছিল। এ সময় মুযাফ ইলাইহ বিলুপ্ত ধরা হবে।

খবর রাযী'র উক্তিকে খণ্ডন করার পিছনে যুক্তি হলো মুযাফ ইলাইহ বিলুপ্ত হবার সময়ে او واحدة -এর মধ্যে ইল্লতকে তামঈয মনে নিতে হয়; অথচ اثنان ও واحد -এর তামঈয আসে না। এখানে মাওসূফ-সিফাত হিসেবে علة واحدة বলতে হবে।

* هى -এর মারজি' علل تسع , هى মুবতাদা আর عدل و وصف الخ খবর। এ তারকীবে হুকুমকে আতফের উপর কুরআন মেনে নেওয়া হবে। তখন অর্থ দাঁড়াবে যে, اَلْعِلَلُ التِّسْعَةُ مَجْمُوْعُ مَا فِىْ هٰذَيْنِ الْبَيْتَيْنِ অন্যথায় শুধু عدل -কে علل تسعة বলা আবশ্যক হবে; অথচ এটা সুস্পষ্টভাবে বাতিল।

* উল্লিখিত কবিতাটি ابو سعيد انبارى (র.)-এর লিখিত। পূর্বের কাব্যাংশ হলো–

مَوَانِعُ الصَّرْفِ تِسْعٌ كُلَّمَا اِجْتَمَعَتْ * ثِنْتَانِ مِنْهُمَا فَمَا الصَّرْفُ تَصْوِيْبُ

উল্লিখিত শ্লোকসমূহ দ্বারা এ দিকে ইঙ্গিত করা হয়েছে যে, موانع الصرف দু' প্রকার। যথা– (১) হাকীকী (২) হুকমী প্রকারটির মধ্যে উভয় ইল্লত হাক্বিকীভাবে পাওয়া যাবে। দ্বিতীয়টিতে হুকমীভাবে; কিন্তু منع الصرف এর সববসমূহ থেকে উভয়টিতে দু'টি করে ইল্লত হবে। পার্থক্য শুধু হাকীকী ও হুকমী অনুপাতে। মূল ইবারতের মধ্যে প্রথম প্রকারটি উল্লেখ করা হয়েছে অর্থাৎ اسباب منع الصرف -এর মধ্য থেকে দু'টি সবব যে ইসমের মধ্যে একত্র হবে তা اسم غير منصرف হবে। আর দ্বিতীয় প্রকারটি অর্থাৎ দু'সববের স্থলাভিষিক্ত একটি সবব হওয়াকে এই শ্লোকে উল্লেখ করা হয়নি। দু'টি প্রকারই বর্ণনা করা উদ্দেশ্য বিধায় প্রথম পংক্তিকে বিলোপ করা হয়েছে। কবিতায় উল্লিখিত ثم টি تراخى -এর জন্য আসেনি; বরং واو -এর অর্থে ব্যবহৃত। ওযনকে ঠিক রাখার জন্য ثم ব্যবহার করা হয়েছে।

* وَالنُّوْنُ زَائِدَةٌ مِنْ قَبْلِهَا اَلِفٌ -**এর বিবরণ :** এটার উদ্দেশ্য হলো নূন মুনসারিফ হওয়াকে বাধা প্রদান করে তার পূর্বে আলিফ زائدة হয়। মুসান্নিফ (র.)-এর উক্তি زائدة দু'অবস্থা থেকে মুক্ত নয়, হয়তো সিফাত হিসেবে পেশ বিশিষ্ট হবে অথবা হাল হিসেবে যবর বিশিষ্ট হবে। উভয় সুরত অবৈধ। কেননা, زائدة -কে সিফাত ধরা হলে আর النون টি মাওসূফ হলে উভয়ের মধ্যে مطابقة পাওয়া যায়নি। النون টি মা'রেফা আর زائدة নাকেরা, সিফাত ও মাওসূফের মধ্যে শর্ত হলো, উভয়টিতে مطابقة হতে হবে। মাওসূফ معرف باللام হলে সিফাতটিও অনুরূপ হওয়া উচিত। আর মাওসূফটি নাকেরা হলে সিফাতটিও নাকেরা হওয়া বাঞ্ছনীয়। যদি حال ধরা হয়, তার জন্য জরুরি হলো, তা ফায়েল বা মাফউল অথবা উভয়টির هيئة (অবস্থা) বুঝাতে হবে। উক্ত ইবারতে النون টি ফায়েলও নয় আবার মাফউলও নয়; বরং এটি মুবতাদা। প্রথমাবস্থায় (النون টি মাওসূফ) زائدة -কে সিফাতে আউওয়াল, مِنْ قَبْلِهَا اَلِفٌ -কে সিফাতে ছানী সাব্যস্ত করেছেন। কেননা, এখানে সিফাত ও মাওসূফের মাঝে مطابقة পাওয়া যায় না; যদিও বা ব্যাখ্যা-বিশ্লেষণ করে তাকে সিফাত বানানো হয়। যেমন বলা যেতে পারে النون -এর মাঝে আলিফ-লাম অতিরিক্ত, তার উপর عدل ـ وصف ইত্যাদি নাকেরা হওয়ার কারীনা বুঝাচ্ছে। কেননা, عدل ও সমগোত্রীয় শব্দগুলো নাকেরাই ব্যবহৃত হয়েছে।

অথবা النون -এর মধ্যে الف لام টি عهد ذهنى -এর জন্য আর আলিফ-লাম عهد هنى বিশিষ্ট ইসমের সিফাত নাকেরা নেওয়া শুদ্ধ আছে। এ দু'টি তাবীল লৌকিকতা থেকে মুক্ত নয়। زائدة -কে حال হিসেবে মানসূব পঠিত হয়ে থাকে। যদিও বা النون টি হাকীকী ফায়েল নয়; কিন্তু অর্থগতভাবে ফায়েল। النون -এর প্রথমে تمنع ফে'ল উহ্য রয়েছে। النون ঐ ফে'লের ফায়েল এবং زائدة তা হতে حال পতিত হয়েছে। মূল ইবারত হবে– وَتَمْنَعُ النُّوْنُ الصَّرْفَ حَالَ كَوْنِهَا زَائِدَةً مِنْ قَبْلِهَا : এটি من قبلها ثابت অথবা كائن -এর সাথে মুতাআল্লাক হয়ে খবরে মুকাদ্দাম এবং الف মুবতাদা মুয়াখ্খার। উভয়েই মিলে জুমলা ইসমিয়্যা হয়ে النون যুলহাল থেকে দ্বিতীয় হাল হয়েছে। যেহেতু এ অবস্থায় একটি ذو الحال হতে দু'টি حال পতিত হয়েছে, সেহেতু একে احوال مترادفة বলা হয়। আর ইহাও হয় যে, জুমলায়ে ইসমিয়্যাটি زائدة -এর লুক্কায়িত যমীর থেকে حال পতিত হয়েছে, তখন উভয় حال -কে احوال متداخلة নামে আখ্যায়িত করা হবে। তখন অর্থ দাঁড়াবে– وَتَمْنَعُ النُّوْنُ الصَّرْفَ حَالَ كَوْنِهَا زَائِدَةً وَحَالَ كَوْنِهَا اَلِفٌ قَبْلَهَا ثَابِتَةً কিন্তু উভয় তারকীব অসম্পূর্ণ। কেননা, উভয় সুরতে الف ও نون -কে অতিরিক্ত বুঝা যায় না; বরং نون টি زائدة হওয়া এবং الف তার প্রথমে সাব্যস্ত হওয়া বুঝা যায়। সুতরাং বিশুদ্ধ তারকীব হলো الف টি زائدة -এর ফায়েল এবং من قبلها টা তার সাথে মুতাআল্লাক। আর زِيَادَةُ الْاَلِفِ قَبْلَ النُّوْنِ দ্বারা অতিরিক্ত হওয়ার গুণের মধ্যে উভয়ে শরিক এবং الف زيادتى -এর গুণের মধ্যে نون -এর উপর মুকাদ্দাম হওয়াকে উদ্দেশ্য

নেওয়া হলে উভয়টি অতিরিক্ত বুঝা যাবে। যেমনিভাবে جَاءَ زَيْدٌ رَاكِبًا مِنْ قَبْلِهِ اَخُوْهُ বাক্যে আরোহণের গুণের মধ্যে উভয়েই শরিক হওয়া এবং زيد -এর উপর তার ভাইয়ের উক্ত আরোহণের গুণের মধ্যে মুকাদ্দাম হওয়া বুঝায়। তখন অর্থ দাঁড়াবে وَتَمْنَعُ النُّوْنُ الصَّرْفَ حَالَ كَوْنِ الْاَلِفِ زَائِدَةً مِنْ قَبْلِهَا অর্থাৎ نون টি বাধাদান করে মুনসারিফ হওয়াকে এ অবস্থায় যে, نون -এর পূর্বে আলিফ অতিরিক্ত হবে। এমতাবস্থায় আলিফ ও নূন উভয়ের অতিরিক্ত হওয়া সহজে অনুমেয়। এখানে আলিফের অতিরিক্ততা ইবারতানুপাতে আর نون -এর অতিরিক্ততা আরবদের পরিভাষা অনুপাতে। কেননা, আরববাসীরা বলে جَاءَ نِيْ زَيْدٌ رَاكِبًا مِنْ قَبْلِهِ اَخُوْهُ পরিভাষা অনুপাতে এ অর্থ দাঁড়াবে যে, যায়েদ ও তার ভাই আরোহণের গুণে শরিক রয়েছে তবে যায়েদের ভাই আগমন করার ক্ষেত্রে অগ্রগামী। মোদ্দাকথা, আরবদের পরিভাষা অনুপাতে এ তারকীব الف ও نون উভয়টি وصف অতিরিক্ত গুণের মধ্যে শরিক এবং الف টি نون হতে অগ্রগামীভাবে অতিরিক্ত হওয়া বুঝে আসে। نون -এর পূর্বে الف অতিরিক্ত হওয়া قبلية مكانى (স্থানগতভাবে পূর্বে আসা)-এর সাথে সম্পৃক্ত; কিন্তু قبلية زمانى (রসনাগত পূর্বে আসা) এর সাথে নয়।

* نون টি অতিরিক্ত হওয়া স্পষ্টভাবে বর্ণনা করার উদ্দেশ্য হলো, আলিফটি অতিরিক্ত হওয়া স্বভাবত প্রত্যেকেই অবগত আছে। কেননা, এটি حروف علة -এর অন্তর্ভুক্ত। আর এ গুলোর মধ্যে আসল (অনতিরিক্ত হওয়া) খুবই কম হয়ে থাকে। পক্ষান্তরে نون অতিরিক্ত হওয়াটা অস্বাভাবিক হওয়ার কারণে কেউ অবগত নয়। তাইতো সুস্পষ্টভাবে نون অতিরিক্ত হওয়াকে বর্ণনা করতঃ الف -এর অতিরিক্ত হওয়াকে সম্বোধিত ব্যক্তির জ্ঞানের উপর নির্ভর করে পরিত্যাগ করা হয়েছে।

* هٰذَا الْقَوْلُ تَقْرِيْبٌ -এর মর্মার্থ তিন ধরনের হতে পারে। (১) এ নয়টি সববকে কবিতাকারে উল্লেখ করা تَقْرِيْبٌ لَهَا اِلَى الْحِفْظِ (মুখস্থ করার অধিকতর নিকটবর্তী)। কেননা, পদ্যকে মুখস্থ করা গদ্যাপেক্ষা অধিকতর সহজ। (২) নয়টি সবব থেকে প্রত্যেকটিকে সবব বলা قَوْلٌ تَقْرِيْبٌ اِلَى الصَّوَابِ (সঠিকতার অধিক নিকটবর্তী)। কেননা, কতেক নাহুবিদ منع صرف -এর ইল্লত দু'টি বলে উল্লেখ করেছেন। কেউ নয়টি, কেউ এগারটি; কিন্তু নয়টি ইল্লত বলা সঠিকতার নিকটবর্তী। এ সব অভিমতের মধ্যে اسباب منع صرف নয়টি হওয়াই উত্তম। কেননা, এটি কমবেশির মাঝখানে। তাইতো রাসূলে কারীম ﷺ থেকে বর্ণিত আছে– خَيْرُ الْاُمُوْرِ اَوْسَطُهَا (মধ্যম পন্থাই উত্তম)। (৩) নয়টি সবব থেকে প্রত্যেকটিকে ইল্লত বলাটা قول تقريبى তাহ্কীকী নয়। কেননা, منع صرف -এর ইল্লত প্রকৃতপক্ষে ঐ নয়টি থেকে দু'টির সমষ্টি, প্রত্যেকটি নয়; বরং প্রত্যেকটি হলো ইল্লতের جزء (অংশ), পরিপূর্ণ ইল্লত নয়। অতএব, প্রত্যেকটির উপর ইল্লত শব্দের প্রয়োগ রূপকার্থে হয়েছে।

* غير منصرف -এর সববের সংখ্যার বিষয়ে নাহুবিদদের মাঝে যথেষ্ট মতানৈক্য পরিলক্ষিত হয়।

১. অধিকাংশ নাহুবিদ্দের মতে, اسباب منع صرف মোট নয়টি (ক) عدل (খ) وصف (গ) تانيث (ঘ) معرفه (ঙ) الف ونون زائدتان (ঝ) وزن فعل (জ) تركيب (ছ) جمع (চ) عجمه -

২. কারো মতে غير منصرف -এর সবব মাত্র দু'টি। যথা– প্রথমটি حكاية এটি وزن فعل -এর মধ্যে وصف -এর সাথে পাওয়া যায়। যেমন– اعلم ، اجهل অথবা وزن فعل -এর মধ্যে علمية -এর সাথে পাওয়া যায়। যেমন– يشكر ، يزيد এগুলোতে যেমনিভাবে فعلية থেকে اسمية -এর দিকে নকল করার পূর্বে যের ও তানবীন পাওয়া যেতো না, তেমনিভাবে নকলের পরও যের ও তানবীন প্রবেশ করে না। দ্বিতীয়টি تركيب যেমন– تَانِيْثٌ بِالتَّاءِ الظَّاهِرَةِ وَالْمُقَدَّرَةِ فِيْ تَانِيْثِ الْاَلِفِ -এর মধ্যস্থিত হয়তো বা تانيث -এর সাথে علمية -এর তারকীব হবে অথবা حرف تانيث -এর সাথে ইসমের তারকীব হবে।

৩. কারো মতে, এগুলো মোট দশটি। উল্লেখিত নয়টি আর বাকিটি হচ্ছে– اِعْتِبَارُ الْوَصْفِيَّةِ الْاَصْلِيَّةِ عِنْدَ زَوَالِ الْعَلَمِيَّةِ যেমন– احمد

৪. কতেক নাহুবিদ্দের মতে তা এগারটি, উল্লিখিত দশটি আর বাকি একটি হলো الف تانيث-এর সাথে সদৃশতা পাওয়া যাওয়া। যেমন– ارطب

৫. কিছু সংখ্যকের মতে, اسباب منع صرف মোট তেরটি, উল্লিখিত এগারটি ছাড়া বাকি দু'টি হলো– لزوم تانيث ও لزوم جمع ; গ্রহণযোগ্য অভিমত হলো اسباب منع صرف নয়টি। কেননা, تركيب ও حكاية গায়রে মুনসারিফের সবব হওয়ার উপর আপত্তি আসে। আর কোনো বস্তুর সাদৃশ্য হওয়া ঐ বস্তুর হুকুমের অন্তর্ভুক্ত। তার সংখ্যার মধ্যে প্রবিষ্ট নয়। احمد

ইত্যাদির মধ্যে আসলের প্রতি দৃষ্টিপাত করা হলে তা وصف -এর মধ্যে প্রবিষ্ট; আর لزوم تانيث ও لزوم جمع যথাক্রমে جمع ও تانيث -এর মধ্যে প্রবিষ্ট রয়েছে।

ব্যাখ্যা ঃ আল্লামা ইবনে হাজিব (র.) غير منصرف -এর সববসমূহের বর্ণনা করা থেকে অবসর হওয়ার পর প্রত্যেকটির উদাহরণ এমন ক্রমানুসারে উপস্থাপন করেছেন, যেরূপ উপরোক্ত কবিতাংশে اسباب منع صرف -কে ক্রমবিন্যাসে লিপিবদ্ধ করা হয়েছে। প্রত্যেকটি ইল্লতের পরিচয় দেওয়া ব্যতীত উদাহরণ পেশ করার উদ্দেশ্য মোটামুটিভাবে প্রত্যেকটির বর্ণনা সংক্ষিপ্তভাবে তুলে ধরা।

* قَوْلُهُ مِثْلُ عُمَرَ الخ : আলোচ্য ইবারতে اسباب منع صرف -এর প্রত্যেকটি সববের উদাহরণ ক্রমানুসারে পেশ করা হয়েছে। عدل শব্দটি عمر -এর উদাহরণ। معدول হতে عامر ধরে নেওয়া হয়েছে। এতে দ্বিতীয় সবব হলো احمر ـ وصف -এর উদাহরণ। এতে অপর একটি সবব وزن فعل ـ طلحة লফ্যটি تانيث -এর মেছাল। এর মধ্যে অপর সববটি হলো علمية ـ زينب শব্দটি معرفة -এর দৃষ্টান্ত। এর মধ্যে অন্যটি تانيث ; আর تانيث لفظى ও تانيث معنوى এ দু' প্রকারের দিকে ইঙ্গিত করার নিমিত্তে طلحة ও زينب শব্দ দু'টি উল্লেখ করা হয়েছে। ابراهيم লফ্যটি عجمة -এর উপমা। এর মধ্যে দ্বিতীয় সবব علمية ـ مساجد শব্দটি جمع -এর মেছাল। এতে এক সবব দু' সববের স্থলাভিষিক্ত। معديكرب এটা এক ব্যক্তির নাম হওয়ার কারণে এতে علمية পাওয়া গেছে। এটি تركيب -এর মেছাল। وزن فعل احمد ـ علمية শব্দটি عمران -এর উদাহরণ এবং তার মধ্যে অপর একটি সবব হলো الف نون زائدتان -এর উপমা। এতে অপর একটি সবব হলো علمية।

* طَلْحَةُ -কে تانيث لفظى ও زينب -কে تانيث -এর উপমা সাব্যস্ত করা হয়েছে; অথচ معرفة -এর একটি স্বতন্ত্র উদাহরণ পেশ করা হয়নি। এর কারণ হলো, অধিকাংশ উদাহরণে معرفة বারবার উল্লিখিত হয়েছে। কাজেই তাকে আলাদাভাবে বর্ণনা করার প্রয়োজন নেই।

* غَيْرُ الْمُنْصَرِفِ **এর হুকুম** : حكم শব্দটি একবচন, বহুবচনে احكام আসে। حكم শব্দটি غير المنصرف এর দিকে এযাফত হয়েছে; অথচ তা সঠিক হতে পারে না। কেননা, حكم বলা হয়- او اسناد احد الامرين الى الاخر ايجابا او سلبا আর তা مركب -এর মধ্যে পাওয়া যায়, غير المنصرف টি مركب নয়; বরং তা مفرد এর প্রকারভুক্ত। এ সমস্যার সমাধানে আল্লামা আব্দুর রহমান জামী (র.) বলেছেন- اَلْاَثَرُ الْمُرَتَّبُ عَلَيْهِ مِنْ حَيْثُ اِشْتِمَالِهِ عَلٰى عِلَّتَيْنِ اَوْ وَاحِدَةٍ مِنْهَا تَقُوْمُ مَقَامَهُمَا এ কথা বুঝানো হয়েছে যে, حكم -এর অর্থ বিভিন্ন রকমের। তন্মধ্যে একটি অর্থ হলো اَلْاَثَرُ الْمُرَتَّبُ عَلَى الشَّيْءِ অর্থাৎ বস্তুর উপর আরোপিত প্রভাব। এখানে حكم বলতে এ অর্থই গ্রহণ করা হয়েছে। আর حكم -এর এযাফত غير المنصرف -এর দিকে রূপকার্থে হয়েছে।

* غَيْرُ الْمُنْصَرِفِ -এর হুকুম হলো যে, তাতে যের ও তানবীন হবে না; বরং যেরের স্থানে যবর হবে। স্বতঃসিদ্ধ নিয়ম হলো اِنَّ الْاِسْمَ اَشْبَهَ الْفِعْلَ مَنَعَ অর্থাৎ ইসম যখন ফে'লের সাথে সাদৃশ্য রাখে তখন উহা গায়রে মুনসারিফ হবে। وَاِذَا اَشْبَهَ الْحَرْفَ بُنِىَ আর যখন حرف -এর সাথে সাদৃশ্য রাখে তখন মাবনী হবে। ফে'ল কখনো كسرة ও تنوين -কে কবুল করে না বিধায় তার সাথে সামঞ্জস্যশীল ইসমে গায়রে মুনসারিফও تنوين -কে কবুল করে না। كسرة - -কে কবুল করে না।

* اَنْ لَا كَسْرَةَ وَلَا تَنْوِيْنَ -এর মধ্যে لا টা نفى جنس -এর জন্য। كسرة ولاتنوين তার ইসম; এখানে খবরের কোনো হদীস নেই। তদুত্তরে বলা যায় যে, لا لنفى جنس -এর খবরটি তথা فيه বিলুপ্ত হয়েছে। মূল ইবারত হবে- اَنْ لَا كَسْرَةَ فِيْهِ وَلَا تَنْوِيْنَ

* একটি আপত্তি উত্থাপিত হয় যে, حكمه হলো মুবতাদা আর তার পরবর্তী অংশ যা একটি পূর্ণাঙ্গ জুমলা হওয়ার পর খবর হয়েছে। আর কায়দা হলো- যখন খবর জুমলা হবে, তখন তার মধ্যে এমন একটি যমীর থাকতে হবে, যা মুবতাদার দিকে প্রত্যাবর্তনকারী; অথচ এখানে তেমন কোনো যমীর নেই। **জবাব** : এখানে যে জুমলাটি খবর হয়েছে তা تاويلا مفرد আর উহ্য ইবারত হবে حُكْمُهُ عَدَمُ الْكَسْرَةِ وَالتَّنْوِيْنِ কাজেই এতে কোনো আপত্তি করার যৌক্তিকতা থাকে না।

* غَيْرِ مُنْصَرِف -এর হুকুম হলো তাতে كسره ও تنوين হয় না। কারণ, তা ফে'লের সাথে সাদৃশ্য রাখে। ফে'লের অবস্থা বিভিন্ন ধরনের হয়ে থাকে। কিছু আমিলও মাবনী হয়, আবার কিছু শুধু আমিল হয়। সুতরাং কি কারণে গায়রে মুনসারিফটি ফে'লের সাদৃশ্য হবে; অথচ তা (غير منصرف) আমিলও নয়, মাবনীও নয়। **উত্তর :** ইসম ফে'লের সাথে مشابهة রাখার তিনটি পদ্ধতি রয়েছে। (১) اعلى (২) متوسط (৩) ادنى যখন কোনো ইসম ফে'লের সাথে مشابهة রাখে, তখন ঐ ইসমটি আমিলও হয়, মাবনীও হয়। যেমন– اسماء افعال এ গুলোর মধ্য হতে هيهات – رويد ইত্যাদি। معنى مصدرى ও اقتران بالزمان -এর মধ্যে ফে'লের সাথে সাদৃশ্যপূর্ণ। এ পরিপূর্ণ সদৃশতার কারণে তা আমিল ও মাবনী উভয়ই হতে পারে। যখন ইসম ফে'লের সাথে مشابهة متوسط রাখে; অর্থাৎ ফে'লের সাথে কেবল معنى مصدرى -এর মধ্যে শরিক হয়, তখন ঐ অবস্থায় তা আমিল হতে পারে। যেমন– اسم فاعل ، اسم مفعول ইত্যাদি। আর যখন ইসম ফে'লের সাথে مشابهة ادنى রাখে। তথা তা معنى مصدرى ও اقتران بالزمان কোনোটির মধ্যে সাদৃশ্যপূর্ণ নয়। তখন এরূপ ইসম আমিলও হয় না। আবার مبنىও হয় না; বরং তা خصائص فعل -এর ক্ষেত্রে ফে'লের সাথে সাদৃশ্য রাখে। যেমন– غير منصرف -এর সাদৃশ্যতা ফে'লের সাথে উপরোক্ত দু'টি সুরত (معنى مصدرى ও اقتران بالزمان) থেকে কোনোটির ক্ষেত্রে নয়; বরং দু'টি فرع হওয়ার মধ্যে তা ফে'লের সাদৃশ্য। غير منصرف -এর সাথে ফে'লের সাদৃশ্যটা হলো مشابهة ادنى -

* غَيْرِ مُنْصَرِف **-এর মধ্যে** كَسْرَه ও تَنْوِيْن **না হওয়ার কারণ :** غير منصرف কয়েকভাবে ফে'লের সাথে সাদৃশ্য রাখে বিধায় كسرة ও تنوين কবুল করে না, যেহেতু যার সাথে সাদৃশ্যপূর্ণ তথা ফে'লও كسره এবং تنوين কবুল করে না। উভয়ের মাঝে وجه الشبه হলো فعل দু'টো জিনিসের প্রতি মুখাপেক্ষী। যথা– (১) مصدر ; فاعل (২) অনুরূপভাবে গায়রে মুনসারিফও দু' فرع -এর দিকে মুখাপেক্ষী। যেমন– গায়রে মুনসারিফ এ اسباب منع صرف থেকে দু'টি সবব পাওয়া যায়। প্রত্যেকটি সবব অন্য বস্তুর فرع ; তাইতো আল্লামা জামী (র.) বলেছেন– لِكُلِّ عِلَّةٍ فَرْعِيَّةٌ অর্থাৎ প্রত্যেকটি ইল্লতের জন্য فرعية রয়েছে। কেননা, معدول عنه টি عدل -এর، فرع ، وصف হলো موصوف -এর، تانيث -এর فرع হলো تذكير টা تنكير -এর فرع ; কেননা, আমরা قائمة বলার পর قائم বলে থাকি। আরবি কথাবার্তার মধ্যে عجمة টি আরবি ভাষার فرع কেননা, প্রত্যেক ভাষার আসল হলো ঐ ভাষার সাথে অন্য ভাষার শব্দ মিশ্রিত না হওয়া। আর جمع টি واحد -এর، فرع হলো تركيب ، الف -এর، افراد فرع ونون زائدتان -এর فرع কেননা, প্রত্যেক نوع থেকে আর وزن فعل হলো وزن اسم -এর فرع আসল হলো তার মধ্যে ঐ ওযন না হওয়া যা অন্য نوع -এর সাথে বিশেষিত। যখন তার থেকে ঐ ওযনটি পাওয়া যাবে, তখন তা হবে মূল ওযনের فرع - সুতরাং গায়রে মুনসারিফের মধ্যে দু'টি সবব পাওয়া যায় এবং প্রত্যেক সবব অন্য বস্তুর فرع হওয়ার কারণে غير منصرف -এর মধ্যে দু'টি فرع বিদ্যমান থাকে, আর এ অনুপাত গায়রে মুনসারিফটি ফে'লের সাথে সাদৃশ্য রাখে। তাই ফে'লের মধ্যে যেমনিভাবে كسره ও تنوين আসে না গায়রে মুনসারিফের মধ্যেও তেমনিভাবে كسره ও تنوين আসে না।

* كَسْرَه -এর পরিবর্তে মুনসারিফের মধ্যে فتحة হয়ে থাকে। ফে'লের সাথে সদৃশতার কারণে তার মধ্যে كسرة হতে পারে না। তার বিকল্প হিসেবে فتحة -কে নির্বাচন করা হয়েছে। কেননা, فتحة হরকত সমূহের মধ্যে اخف الحركات অর্থাৎ সবচেয়ে হালকা হরকত। যেমন– مَرَرْتُ بِاَحْمَدَ ، رَاَيْتُ اَحْمَدَ ، جَاءَنِىْ اَحْمَدُ

* التنوين একটি সাকিনযুক্ত অতিরিক্ত নূন যা উচ্চারণভাবে ইসমের শেষে সংযুক্ত হয়। এটা লিখা হয় না, وقف -এর সময়ও থাকে না। غير تاكيد -এর অর্থ দেয়। উপরোক্ত পরিচয় تنوين -এর জন্য যথেষ্ট। تنوين -এর প্রকারসমূহ পূর্বে সবিস্তারে আলোচিত হয়েছে। তবে এখানে تنوين عوض -এর ব্যবহার বিধির উল্লেখ সমীচীন হবে। এটির ব্যবহারবিধি তিন ধরনের। যথা— (১) حرف محذوف -এর পরিবর্তে تنوين ব্যবহৃত হয়। যেমন– بواقى -এর শেষাক্ষর ياء বিলোপ করে তৎপরিবর্তে পূর্বাক্ষরে تنوين দিয়ে পড়া। অর্থাৎ بواقى থেকে (২) بواق لفظ محذوف -এর পরিবর্তে ব্যবহৃত হবে। যেমন– حَضَرَ الضُّيُوْفُ فَصَافَحْتُ كُلًّا مِّنْهُمْ শব্দদ্বয়ের মুযাফ ইলাইহের পরিবর্তে تنوين ব্যবহৃত হওয়া। وبعض كل অর্থাৎ অতিথিরা হাজির হয়েছে আমি এদের প্রত্যেকের সাথে করমর্দন করেছি। এখানে كل -এর মুযাফ ইলাইহ বিলুপ্ত হয়েছে। অর্থাৎ كل ضيف -এর মধ্যে ضيف শব্দটি লুপ্ত আছে। (৩) جملة محذوفه -এর পরিবর্তে تنوين ব্যবহৃত হয়,

এতে সাধারণত اذ -এর পরের বাক্যটি বিলুপ্ত হয় এবং তৎপরিবর্তে اذ -এর পূর্বে حين ، وقت ইত্যাদি শব্দ ব্যবহৃত হয়ে থাকে। যেমন- يَوْمَ إِذَا كَانَ كَذَا এটি মূলত يَوْمَئِذٍ ছিল।

তারকীব ঃ قَوْلُهُ غَيْرُ الْمُنْصَرِفِ مَافِيْهِ عِلَّتَانِ مِنْ تِسْعٍ الخ : غير শব্দটি মুযাফ, المنصرف মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। ما হলো ইসমে মাওসূল فيه -এর মধ্যে فى হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরুর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتتان উহ্য ইসমে ফায়েলের সাথে। ثابتتان ও তার অন্তর্নিহিত যমীর هما সহ যরফে মুস্তাকার মিলে খবরে মুকাদ্দাম হয়েছে। علتان মাওসূফ, ثابتان উহ্য ইসমের ফায়েল, যমীর هما ফায়েল, من হরফে জার, علل উহ্য মাওসূফ, تسع সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتتان -এর সাথে। ثابتتان তার ফায়েল ও যরফে মুস্তাকার মিলে সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মা'তূফ আলাইহ। او হরফে আত্ফ, علة উহ্য মাওসূফ, واحدة সিফাতে আউওয়াল। ثابتة উহ্য ইসমে ফায়েল, তার মধ্যে অর্ন্তনিহিত যমীর هى ফায়েল। من হরফে জার, هما মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتة -এর সাথে। ثابتة ইসমে ফায়েল, তার অন্তর্নিহিত ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে সিফাতে ছানী হয়েছে। تقوم ফে'ল, যমীর هى ফায়েল, مقام মুযাফ, هما যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযফ ইলাইহ মিলে মাফঊলে ফীহ। تقوم ফে'ল, ফায়েল ও মাফঊলে ফীহ মিলে সিফাত ছালিছ। মাওসূফ ও তার সিফাতসমূহ মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মুবতাদায়ে মুয়াখ্খার। মুবতাদায়ে মুয়াখ্খার ও খবরে মুকাদ্দাম মিলে জুমলায়ে ইসমিয়্যা হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা হয়েছে।

قَوْلُهُ وَهِىَ شعر عَدْلٌ الخ : واو হরফে আত্ফ, هى মুবতাদা, شعر খবরে আউওয়াল, عدل মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, وصف মা'তূফ, واو হরফে আত্ফ عجمة মা'তূফ, ثم হরফে আত্ফ, جمع মা'তূফ, ثم হরফে আত্ফ تركيب মা'তুফ, واو হরফে আত্ফ, النون মুবতাদা, زائدة ইসমে ফায়েল, الف হলো তার ফায়েল, من হরফে জার, قبل মুযাফ, ها হলো মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে من হরফে জারের মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে لغو হয়েছে زائدة -এর সাথে। زائدة শিবহে ফে'ল, তার ফায়েল ও যরফে লগব মিলে হাল হয়েছে النون যুলহাল থেকে। কেননা, এটা মূলত ফায়েল। মূল ইবারত হবে وَتَمْنَعُ النُّوْنُ الصَّرْفَ حَالَ كَوْنِهِمَا زَائِدَةً مِنْ قَبْلِهَا اَلِفٌ -ই অবশেষে জুমলা হয়ে মা'তূফ। واو হরফে আত্ফ, وزن মুযাফ, الفعل মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ। عدل মা'তূফ আলাইহ তার সকল মা'তূফ মিলে খবরে ছানী। মুবতাদা ও খবরদ্বয় মিলে জুমলায়ে ইসমিয়্যা হয়েছে। واو হরফে আত্ফ, هذا মাউসূফ, القول সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মুবতাদা। تقريب খবর। কেননা, তা প্রকৃতপক্ষে تقريبى ছিল। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা হয়েছে।

قَوْلُهُ مِثْلُ عُمَرَ وَاَحْمَدَ وَطَلْحَةَ وَ زَيْنَبَ وَاِبْرَاهِيْمَ الخ : مثل মুযাফ, عمر মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, احمر মা'তূফ, واو হরফে আত্ফ, طلحة মা'তূফ واو হরফে আতফ, زينب মা'তূফ, واو হরফে আত্ফ, ابراهيم মা'তূফ, واو হরফে আত্ফ, مساجد মা'তূফ, واو হরফে আত্ফ, معديكرب মা'তূফ, واو হরফে আত্ফ, عمران মা'তূফ, واو হরফে আতফ, احمد মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার সকল মা'তূফ মিলে মুযাফ ইলাইহ। مثل মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে উহ্য هو মুবতাদার খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা। واو হরফে আত্ফ, حكم মুযাফ, ه মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। ان মাওসূলে হরফী, لا নফী জিনসের জন্য, كسرة হলো لا -এর ইসম, واو হরফে আত্ফ, لا অর্থহীন, تنوين হলো كسرة -এর উপর আত্ফ, فيه - لا -এর খবর উহ্য রয়েছে। এর মধ্যে فى হরফে জার, ه যমীর মাজরূর। জার-মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت -এর সাথে। ثابت শিবহে ফেল, তার অন্তর্নিহিত যমীর هو ফায়েল ও যরফে মুস্তাকার মিলে لا -এর খবর। لا তার ইসম ও খবর মিলে মাওসূলে হরফীর সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা হয়েছে।

وَيَجُوْزُ صَرْفُهٗ لِلضَّرُوْرَةِ اَوْ لِلتَّنَاسُبِ مِثْلُ سَلَاسِلًا وَاَغْلَالًا وَمَا يَقُوْمُ مَقَامَهُمَا الْجَمْعُ وَاَلِفَا التَّانِيْثِ فَالْعَدْلُ خُرُوْجُهٗ عَنْ صِيْغَتِهِ الْاَصْلِيَّةِ تَحْقِيْقًا كَثُلٰثَ وَمَثْلَثَ وَاُخَرَ وَجُمَعَ اَوْ تَقْدِيْرًا كَعُمَرَ وَبَابِ قَطَامَ فِىْ تَمِيْمٍ -

অনুবাদ : আর তাকে (গায়রে মুনসারিফকে মুনসারিফের হুকুমে) পরিবর্তন করা জায়েজ জরুরতে শে'র অথবা পারস্পরিক সম্পর্কের কারণে। যেমন– سلاسلا واغلالا (কুরআনে রয়েছে প্রস্তুত করে রেখেছি।) যে সমস্ত সবব দু'সববের স্থলাভিষিক্ত হয়ে থাকে, তা (দু'টি) جمع এবং تانيث -এর আলিফদ্বয়। অতঃপর عدل হলো ইসম তার প্রকৃতরূপ থেকে বের হওয়া। হয়তো এটা (বের হওয়া) تحقيقى (বাস্তবে) হবে, যেমন– جمع ، اخر ، مثلث ثلاث ; অথবা تقديرى (কল্পিতভাবে) হবে। যেমন– عمر এবং তামীম গোত্রের মতে قطام -এর অধ্যায়ভুক্ত (এ ওযনে যে শব্দাবলি রয়েছে, সে সবগুলোতে عدل تقديرى হবে।)

ব্যাখ্যা : গায়রে মুনসারিফকে ضرورة شعر -এর কারণে মুনসারিফের হুকুমে করে দেওয়া জায়েজ, অসম্ভব নয়। আবার গায়রে মুনসারিফকে পার্শ্ববর্তী ইসমে গায়রে মুনসারিফের মুনাসাবাতের জন্য মুনসারিফ করা হয়।

* ضرورة شعر -এর জন্য গায়রে মুনসারিফকে মুনসারিফের হুকুমে পরিণত করা হয়। আর জরুরতটি তিন প্রকারের হয়ে থাকে। যথা—

প্রথমত: فساد وزن হওয়ার আশংকা থাকলে। অর্থাৎ اسم غير منصرف কবিতার মধ্যে এমনিভাবে পতিত হয় যে, ঐ শব্দকে গায়রে মুনসারিফ পড়তে গেলে تقطيع বৈধ হবে না। تقطيع এটি علم العروض -এর বিশেষ ছন্দ পদ্ধতি, যে ওযনগুলোকে ঠিক না রাখলে কবিতায় فساد আবশ্যক হয়ে যায়। যেমন–

صُبَّتْ عَلَىَّ مَصَائِبُ لَوْ اَنَّهَا * صُبَّتْ عَلَى الْاَيَّامِ صِرْنَ لَيَالِيَا

অর্থাৎ আমার [হযরত ফাতিমা (রা.)-এর] উপর এমন দুর্বিপাক নাযেল হয়েছে, যদি তা দিনের উপর অবতীর্ণ হতো, তবে তা রাতে পরিণত হয়ে যেতো।

বিশ্লেষণ : صبت -এর মূলাক্ষর صب অর্থ– পানি প্রবাহিত করা। আবার প্রবাহমান বস্তুকেও বুঝায়। مصائب টি مصيبة -এর বহুবচন। مصائب মূলত: مصاوب ছিল। مصيبة ঐ অপছন্দনীয় বস্তুকে বলা হয়, যা মানুষের উপর অবতীর্ণ হয়ে থাকে। ليالى এটি اسم جمع অথবা ليل -এর বহুবচন।

মর্মকথা : আমার উপর এমন মসিবত অবতীর্ণ হয়েছে যে, যদি তা পরিষ্কার কালাবর্তের উপর নাযিল হতো, তাহলে তাও অন্ধকার রূপ ধারণ করতো।

এ কবিতা দ্বারা استشهاد হলো– কবিতায় উল্লিখিত مصائب -এর মধ্যে এমন একটি সবব রয়েছে, যা দু'সববের স্থলাভিষিক্ত। তা হলো جمع منتهى الجمع এ এক সববের কারণে مصائب টি গায়রে মুনসারিফ হয়েছে। এটিতে তানবীন প্রবেশ করিয়ে মুনসারিফের হুকুমে পরিণত করা হয়েছে, যাতে শেরের ওযন ভঙ্গ না হয়। অতঃপর হযরত ফাতেমা (রা.) নিম্নোক্ত কবিতা আবৃত্তি করলে সারা জগৎ বিচ্ছেদের অগ্নিতে দগ্ধ হয়ে মোমের মতো গলে যেতে শুরু করে। কবিতা–

مَاذَا عَلٰى مَنْ شَمَّ تُرْبَةَ اَحْمَدَ * اِنْ لَا يَشُمَّ مُدَى الزَّمَانِ غَوَالِيَا

উপরোক্ত কবিতার ব্যাপারে মতানৈক্য রয়েছে, কেউ বলেছেন– উভয় পংক্তি হযরত ফাতেমাতুয্ যুহরা (রা.)-এর পরিবেশিত। কেউ বলেছেন– আমীরুল মু'মিনীন শেরে খোদা আলী রাযিয়াল্লাহু তা'আলা আনহুর কবিতা। তবে দ্বিতীয় অভিমত গ্রহণযোগ্য। উপরোক্ত কবিতার বিশ্লেষণ হলো, ماذا -এর মধ্যস্থিত ما লফ্যটি اسم جنس বস্তু অর্থে ব্যবহৃত অথবা

ما টি হলো ইসমে মাওসূল, যা الذى অর্থে ব্যবহৃত। তার সেলাহ وجب, যা شم على من থেকে বুঝা যায়। মাওসূল ও সেলাহ্ মিলে মুবতাদা, ان لا يشم হলো খবর। لايشم -এর মূলধাতু হলো شم যা বাবে نصر থেকে উৎকলিত। এর অর্থ– সুঘ্রাণ। تربة শব্দটি একবচন, তার বহুবচন ترب – ة -এর উপর পেশ যোগে এবং راء -কে সাকিনের সাথে পঠিত হলে অর্থ হবে মাটি। احمد শব্দটি ইসমে তাফযীলের সীগাহ, যা ইসমে ফায়েল অথবা ইসমে মাফউলের অর্থে ব্যবহৃত হয়। مدى শব্দটির অর্থ غاية বা শেষ, চূড়ান্ত। مدى الزمان শব্দটি 'সর্বকাল' অর্থে হয়েছে। غوالى এটি غالية -এর বহুবচন। অর্থ– এমন সুগন্ধি, যা عود (অগুরু কাষ্ট), مشك (মেশক), روغن (তৈল চর্বি) এবং چنبلى (চামেলী ফুল) এর সমন্বয়ে প্রস্তুত হয়ে থাকে।

মর্মার্থ ঃ যিনি নবী করীম ﷺ -এর রওযা শরীফের মাটির সুঘ্রাণ গ্রহণ করেছেন, তাঁর নিকট غوالى (বিশেষ সুগন্ধি)-এর কোনো পাত্তা নেই। আর সারা জীবন তাঁর কাছে কোনো খোশ্‌বু জাতীয় বস্তুই সুগন্ধি মনে হয় না। সে ক্ষেত্রে غوالى মোটেই সুগন্ধিময় হিসেবে অনুভূত হয় না। কেননা, غوالى তো রাসূলে কারীম ﷺ -এর রওযা আক্‌দাসের সুগন্ধির মোকাবিলায় কিছুই নয়।

দ্বিতীয়ত: ضرورة قافية (অন্তমিল ঠিক রাখার জন্য)। যেমন কবির উক্তি–

سَلَامٌ عَلٰى خَيْرِ الْاَنَامِ وَسَيِّدِىْ * حَبِيْبِ اِلٰهِ الْعَالَمِيْنَ مُحَمَّدِ
بَشِيْرٌ نَذِيْرٌ هَاشِمِىٌّ مُكَرَّمٌ * عَطُوْفٌ رَؤُفٌ مَنْ يُسَلِّمُ يَاْحْمَدَ

উক্ত শ্লোকে احمد শব্দটি গায়রে মুনসারিফ। একে دال হরফের উপর যবর পড়া হলে قافيه (অন্তমিল)-এর মধ্যে ফাটল সৃষ্টি হতো। কেননা, حرف ردى (এক কবিতার সকল শ্লোকের শেষাক্ষর) دال টি যের বিশিষ্ট হয়েছে।

এ শ্লোকটির বিশ্লেষণ : سلام শব্দটি ثلاثى مجرد -এর মাস্‌দার। অর্থ– নিরাপত্তা, শান্তি। انام -এর মধ্যে হামযাটি আসলী আর মধ্য স্থানের আলিফটি অতিরিক্ত। অর্থ– مخلوقات (সৃষ্টজীব)। এটি جمع নয়; বরং اسم جمع এ জন্য তার واحد নেই। سيدى – نذير – هاشمى ، مكرم ، عطوف এ সবগুলো রাসূলে কারীম ﷺ -এর সিফাতী নাম। حبيب এ গুলো সব নবীজির পবিত্র নাম। حبيب শব্দটি এযাফত হয়েছে اله -এর দিকে। এযাফত হওয়া علمية -এর বিরোধী নয়। এ জন্য শায়খ রাযী'র মতে علم -কে এযাফত করা অন্য একটির দিকে বৈধ। خير سيدى শব্দটি -এর উপর عطف হয়েছে আর বাকি শব্দাবলি তার তাকীদ। حبيب শব্দটি فعيل -এর ওযনে مقتول ، قتيل -এর মতো مفعول-এর অর্থে ব্যবহৃত। সুতরাং حبيب -এর অর্থ محبوب – العالمين -এর মধ্যে আলিফ-লামটি استغراقى -এর জন্য। بشير শব্দটি مبشر ও نذير শব্দটি منذر -এর অর্থে হয়েছে। عطوف ও رؤف সিফাতে মুশাব্বাহ'র সীগাহ। فعول -এর ওযনে। احمد শব্দটি নবীজির পবিত্র নাম।

তৃতীয়ত: زحاف তথা سلاست ঠিক রাখা। যেমন– اَعِدْ ذِكْرَ نُعْمَانَ لَنَا اَنَّ ذِكْرَهٗ * هُوَ الْمِسْكُ مَاكَرَّرْتَهٗ يَتَضَوَّعُ এখানে যদি نعمان -এর نون -কে যের দেওয়া না হয়, তাহলে ওযন ঠিক থাকে; কিন্তু سلاست বাকি থাকে না। تناسب -এর মেছাল سَلَاسِلًا وَاَغْلَالًا এখানে سلاسلا -কে اغلالا -এর মুনাসাবাতের কারণে মুনসারিফের হুকুমে পরিণত করা হয়েছে এবং তার উপর তানবীন প্রবিষ্ট হয়েছে।

যদি কেউ বলে, سلاسلا ও اغلالا -এর মধ্যে কি মুনাসাবাত রয়েছে? তদুত্তরে বলা হবে– উভয়ের মাঝে مناسبة لفظى ও مناسبة معنوى উভয় প্রকারের মুনাসাবাত আছে। مناسبة لفظى হলো, অধিকাংশ জায়গায় উভয় শব্দ একসাথে ব্যবহৃত হয়। যেমন, আল্লাহর বাণী– اِنَّا اَعْتَدْنَا لِلْكَافِرِيْنَ سَلَاسِلًا وَاَغْلَالًا - مناسبة معنوى হলো سلاسلا টি سلسلة -এর বহুবচন। অর্থ– শিকল, শৃঙ্খল। اغلالا এটি غل -এর বহুবচন। অর্থ– বেড়ী, طوق - সুতরাং উভয়ের স্থানে অর্থগত মুনাসাবাতটা পরিস্ফুটিত হয়েছে। শ্লোকটির দ্বারা استشهاد হলো, نعمان -এর মধ্যে الف ও علمية ونون زائدتان এ দু'টি সবব থাকার কারণে গায়রে মুনসারিফ। যদি তানবীন ব্যতীত যবর দেওয়া হয়, তাহলে شعر -এর ওযন ঠিক থাকলেও سلاست ও فصاحة (সরলতা, ঋজুতা) থেকে বের হয়ে যায়।

زَحَافُ-এর অর্থ ও প্রকারভেদ : زَحَافُ শব্দটি اَلتَّغَيُّرُ ، اَلنَّقْلُ অর্থে ব্যবহৃত হয়ে থাকে। মূলত এটি علم العروض -এর একটি পরিভাষা। তার পরিচয়ের পূর্বে একটি ভূমিকা বর্ণনা করা প্রয়োজন। প্রকাশ থাকে যে, একটি بيت (পংক্তি) দু'অংশে বিভক্ত হয়। প্রথম অংশকে বলা হয় الصدر আর অপর অংশকে বলা হয় العجز - الصدر -এর শেষাংশকে العروض বলা হয়। العجز -এর শেষাংশকে الضرب বলা হয়। তা ব্যতীত মাঝখানে যা থাকে, তাকে বলা হয় الحشو - الحشو -এর মধ্যে যে পরিবর্তন সাধিত হয়, তাকে زحاف বলে।

اَلزِّحَافُ الْمُنْفَرِدُ আট প্রকার। যথা—

(١) اَلْخَبْنُ - وَهُوَ حَذْفُهُ ثَانِيَ الْجُزْءِسَاكِنًا (٢) اَلْوَقْصُ - وَهُوَ حَذْفُهُ مُتَحَرِّكًا (٣) اَلْإِضْمَارُ - وَهُوَ تَسْكِيْنُ الْمُتَحَرِّكِ السَّاكِنِ (٤) اَلطَّيُّ - وَهُوَ حَذْفُ رَابِعَةِ السَّاكِنِ (٥) اَلْقَبْضُ - هُوَ حَذْفُ خَامِسَةٍ سَاكِنًا (٦) اَلْعَقْلُ - هُوَ حَذْفُهُ مُتَحَرِّكًا (٧) اَلْعَصْبُ - وَهُوَ تَسْكِيْنُ الْمُتَحَرِّكِ مِنْهُ (٨) اَلْكَفُّ - هُوَ حَذْفُ سَابِعَةِ السَّاكِنِ -

وَمَا يَقُوْمُ مَقَامَهُمَا-এর ব্যাখ্যা : যে সবব এককভাবে দু'টি সববের স্থলাভিষিক্ত হয়, তা হলো جمع منتهى الجموع -এর ওযন এবং تانيث -এর দু' আলিফ তথা الف مقصوره ও الف ممدوده দু' جمع منتهى الجموع - সববের স্থলাভিষিক্ত হওয়ার কারণ হলো, এ প্রকার جمع -এর মধ্যে تكرار (পুনরাবৃত্তি) হয়। তা কখনো হাকীকী হয়। যেমন– اكالب ، اساور ، اناعيم - اكالب শব্দটি اكلب -এর বহুবচন, আর كلب টি اكلب -এর বহুবচন, আর اسورة টি اساور -এর বহুবচন, আর اسورة হলো سوار -এর বহুবচন। কখনো تكرار হয়ে থাকে হুকমীভাবে। অর্থাৎ এ বহুবচন সুরতের দিক দিয়ে ঐ বহুবচনের মতো, যার মধ্যে হাকীকীভাবে তাক্‌রার পাওয়া যায়। যেমন– مساجد টি হরফ, হরকত, সুকূন-এর সংখ্যার ক্ষেত্রে جمع منتهى الجموع -এর সামঞ্জস্যপূর্ণ হয়েছে। কেননা, এটি اكالب -এর ওযনে। مصابيح এটি اناعيم -এর ওযনের انعام টি اناعيم -এর বহুবচন আর তা نعم -এর বহুবচন, অর্থ চতুষ্পদ জন্তু। অতএব, বুঝা গেল যে جمع منتهى الجموع -এর মধ্যে তাক্‌রার পাওয়া যায় হাকীকী বা হুকমীভাবে। কাজেই جمع منتهى الجموع এই শক্তির দ্বারা দু'সববের স্থলাভিষিক্ত হয়েছে।

* تانيث -এর দু' আলিফ তথা الف ممدوده ও الف المقصوره দু'সববের স্থলাভিষিক্ত। কারণ, এগুলো গঠনের দিক দিয়ে কালিমার জন্য লাযেম, কখনো নিজের مدخول হতে পৃথক হয় না। আর উভয়টি আপন লুযুমিয়ত দ্বারা অন্য تانيث -এর স্থলাভিষিক্ত হয়েছে। যেন তাদের মধ্যে تانيث তাক্‌রার হয়েছে, তাই তা এক সবব দু'সববের স্থলাভিষিক্ত হয়ে যায়; কিন্তু تاء تانيث হলো এর বিপরীত। কেননা, এটা গঠনগতভাবে কালিমার জন্য লাযেম নয়। যদি علمية -এর কারণে তার لزوم সাব্যস্ত হয়, তাহলে এ لزوم টি عارضى হবে। আর এটি لزوم وضعى -এর মোকাবিল হতে পারে না। **সুতরাং যে হুকুম** وضعى -এর জন্য হবে, তা تاء تانيث -এর জন্য সাব্যস্ত হয় না।

* একটি সবব বা দু'সববের স্থলাভিষিক্ত হয়ে থাকে, তার جمع ও الف تانيث ব্যতীত অন্যগুলোতে নয়। কাজেই সম্মানিত গ্রন্থকার এটাকে ادوات حصر দ্বারা উল্লেখ করা জরুরি ছিল; অথচ এখানে ادوات حصر উল্লেখ করা হয়নি। আরেকটি আপত্তি– ما يقوم مقامهما মুবতাদা আর الجمع الخ খবর। খবরের হামল মুবতাদার উপর হয়ে থাকে; অথচ এখানে তা শুদ্ধ নয়। কেননা, এতে خاص -এর হামল عام -এর উপর লাযেম আসে। এভাবে যে, مايقوم مقامهما 'আম আর الجمع والفا التانيث খাস। যেহেতু মা'তূফ ও মা'তূফ আলাইহ মিলে খবর, সেহেতু তার অর্থ হবে ঐ সবব যা দু'সববের স্থলাভিষিক্ত হয়ে থাকে, তা হলো جمع ও تانيث -এর একত্র রূপ; অথচ তা ঠিক নয়; বরং جمع ও الفا التانيث উভয়টি পৃথকভাবে দু'সববের স্থলাভিষিক্ত। তদুত্তরে বলা হয় যে, ما يقوم مقامهما -এর খবর বিলুপ্ত হয়েছে অর্থাৎ علتان مكررتان এ বিলুপ্ত অংশ দ্বারা حصر -এর অর্থ বুঝা যায় এবং خاص -এর হামল عام -এর উপর হয় না; বরং عام -এর হামল عام -এর উপর হয়েছে। এখানে আত্‌ফ ربط -এর উপর মুকাদ্দাম নয়। সুতরাং হুকুমটি উভয়ের সমন্বয়ে হবে না।

* ثانيهما التانيث و احد هما الجمع -এর আত্‌ফ হয়েছে الفا التانيث -এর উপর। মূল ই'বারত হবে অর্থাৎ এ দু'সববের মধ্যে প্রত্যেকটি দু'সববের স্থলাভিষিক্ত, একটি হলো جمع ; অপরটি تانيث, কেউ যদি আপত্তি তুলে যে,

قائمة টি مؤنث সুতরাং এটিও গায়রে মুনসারিফ হয়ে যায়; অথচ তা মুনসারিফ। এর জবাবে বলা হয় যে, এর দ্বারা সাধারণভাবে تانيث উদ্দেশ্য নয়; বরং তার কিছু প্রকার উদ্দেশ্য। আর তা হলো تانيث -এর আলিফ অর্থাৎ, الف مقصورة ও الف ممدودة।

আভিধানিক দৃষ্টিকোণে العدل -এর বিবরণ : এটি باب ضرب -এর মাসদার। বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়। যথা— (১) انصاف বা ন্যায়বিচার, সত্যের পক্ষে রায় দেওয়া, (২) رجوع বা ফিরে যাওয়া, মিথ্যা হতে সত্যের দিকে ফিরে যাওয়াকে العدل বলে। صله -এর প্রয়োগভেদে এর বিভিন্ন অর্থ হয়ে থাকে। (১) الى সেলাহ হলে ধাবিত হওয়া। (২) عن সেলাহ হলে বিমুখ হওয়া। (৩) فى সেলাহ হলে ব্যয় করা। (৪) من সেলাহ হলে দূরে যাওয়া। (৫) بين সেলাহ হলে বরাবর করা।

فَالْعَدْلُ : এখানে فاء টি عدل ও عدل -এর সমগোত্রের তাফসীরের জন্য এসেছে। কিছু সববের মধ্যে نفس مفهوم টা সববের তাফসীর হয়। যেমন– عدل -এর মধ্যে হয়ে থাকে। আর কিছু সববের মধ্যে شرط تاثير -ই সববের তাফসীর হয়ে থাকে। যেমন– تانيث بالتاء এবং وصف ইত্যাদির মধ্যে। عدل -এর সংজ্ঞায় একটি আপত্তি উত্থাপিত হয় যে, عدل মুতায়াদ্দী আর اخراج -এর مرادف তাই যেমনিভাবে اخراج বক্তার সিফাত, অনুরূপভাবে عدلও তার সিফাত হবে; অথচ منع صرف -এর যতগুলো সবব আছে সবগুলো اسم -এর সিফাত। **উত্তর :** এখানে عدل হলো মাসদার, তা مبنى للمفعول অর্থাৎ كون الاسم معدولا আর এটি ইসমের সিফাত, متكلم (বক্তা)-এর সিফাত নয়, অতএব কোনো সমস্যা থাকে না। স্পষ্ট ব্যাখ্যা হলো, مصدر متعدى দু' অবস্থা হতে মুক্ত নয়, (১) হয়তো مبنى للمفعول হবে। (২) অথবা مبنى للفاعل হবে। কেননা, মাসদার হলো معنى حدثى আর এটা اِنْتِسَابٌ اِلَى الْفَاعِلِ اَوْ اِلَى الْمَفْعُوْلِ ছাড়া কল্পনা করা হয় না। যেমন প্রকাশ্য বিষয় যে, حدث হলো একটি اَمْرٌ اِضَافِىٌّ اِنْتِزَاعِىٌّ (আপেক্ষিক বিষয়) যা ফায়েলের সাথে সংগঠিত হওয়া অনুপাতে সম্পর্কিত এবং فاعل হতে সম্পাদিত হয়ে তার উপর পতিত হওয়া অনুপাতে মাফউলের সাথে সম্পর্কিত। যেমন– ضرب যখন مبنى للفاعل হবে, তখন অর্থ দাঁড়াবে كَوْنُ الشَّىْءِ ضَارِبًا আর যখন مبنى للمفعول হবে তখন অর্থ হবে كَوْنُ الشَّىْءِ مَضْرُوْبًا এ অনুমানের ভিত্তিতে যখন عدل মাসদারটি مبنى للمفعول হবে তখন অর্থ দাঁড়াবে كَوْنُ الْاِسْمِ مَعْدُوْلًا আর তা ইসমের সিফাত হবে; বক্তার নয়।

যদি কেউ প্রশ্ন করে, এ সংজ্ঞায় عدل হলো معرَف (যবর যোগে) এবং خروجه হলো معرِف (যের যোগে), যেহেতু معرف টি معرف -এর উপর হামল হওয়া জরুরি। কাজেই এখানেও معرف -এর উপর হামল হওয়া বাঞ্ছনীয়; অথচ এ জায়গায় معرف (خروجه) টি معرَف (عدل) -এর উপর হামল হয়নি। এর কারণ عدل মুতায়াদ্দী আর خروجه লাযেম। লাযেম মুতায়াদ্দীর ওপর হামল হয় না। উত্তরে বলা যায় خروج টি كَوْنُ الْاِسْمِ مَخْرَجًا -এর অর্থে ব্যবহৃত হয়েছে। তাই পরস্পরের হামল শুদ্ধ হবে। যদি কেউ বলে, خروج লাযেম এবং مخرج মুতায়াদ্দী। কাজেই লাযেমের তাফসীর মুতায়াদ্দীর সাথে শুদ্ধ নয়। এটি تَفْسِيْرُ الشَّىْءِ بِالْمُبَايَنِ যা অবৈধ। যদি মুসান্নিফ (র.) خروج না বলে اخراج বলতেন, আর এরই তাফসীর كَوْنُ اِسْمٍ مَخْرَجًا দ্বারা করা হতো, তাহলে কোনো অসুবিধা থাকতো না। এ সময়ে تَفْسِيْرُ الشَّىْءِ بِالْمِثْلِ হতো। আর এটা বৈধ। **জবাব :** خروج -এর দু' সূরত। এটা এ জন্য যে, মূলত خروج হলো كَوْنُ الشَّىْءِ خَارِجًا -এর নাম। আর এটাতো স্পষ্ট যে, কোনো সময় বস্তু স্বেচ্ছায় আপনা আপনি বের হয়ে থাকে, আর কোনো কোনো সময় অপর বস্তুর اخراج দ্বারা হয়। এ জন্য যে, اخراج কখনো خروج ব্যতীত বাস্তবায়িত হয় না। যখন خروج -এর দু' সূরত তখন خُرُوْجٌ بِالْمَعْنَى الْاَوَّلِ হলো اخراج -এর বিপরীত; কিন্তু خُرُوْجٌ بِالْمَعْنَى الثَّانِىْ নয়; বরং তা اخراج -কে লাযেম করে, তাই অর্থানুপাতে خروج -এর তাফসীর كَوْنُ الشَّىْءِ مَخْرَجًا দ্বারা করা শুদ্ধ হবে। আর যদি কেউ প্রশ্ন করে, গ্রন্থকার عدل -এর সংজ্ঞায় خُرُوْجُهُ عَنْ صِيْغَتِهِ الْاَصْلِيَّةِ বলেছেন; আর صيغة বলা হয় সুরতকে। আর ইসম হলো মাদ্দাহ ও সুরত উভয়ের নাম। এ কথা দ্বারা كلمة তথা ইসম নিজের এক جز তথা সুরত হতে বের হয়ে যাওয়া লাযেম আসে আর এরূপ হওয়া সম্পূর্ণ বাতিল। **উত্তর :** ইসম দ্বারা উদ্দেশ্য কেবল মাদ্দাহ। মাদ্দাহ ও সুরত উভয়ের একত্রিত রূপ নয়। যাতে كل তার جزء হতে বের হওয়া লাযেম আসে; অথচ ইসম তার আসলী ওযন হতে মূলাক্ষর ও অর্থ ঠিক থাকার শর্তে সরফী কায়দা ব্যতীত প্রকাশ্য

বা অপ্রকাশ্যভাবে বের হওয়াকে عدل বলে। সুতরাং এ সব আপত্তি দূর হয়ে যায় এবং عدل -এর সংজ্ঞাটি তার সমস্ত আফরাদকে একত্রকারী ও বহিরাগত আফরাদকে বাধাদানকারী হয়ে যায়।

* মুসান্নিফ (র.) যখন خروج -কে صيغة -এর সাথে মুকায়্যাদ করেছেন; তখন বুঝা যায় পরিবর্তন কেবল صيغة -এর মধ্যে হয় আর ماده আপনাবস্থায় বাকি থাকে। কাজেই এখন عدل -এর সংজ্ঞা হতে ঐ সমস্ত ইসম বের হয়ে গেছে, যাদের মধ্যে ماده ও বদল হয়ে যায়। আর صيغة -কে "ه" যমীরের দিকে মুযাফ করাতে উহা থেকে مشتقات বের হয়ে গেছে। কেননা, তা আপন সুরত ও هيأة হতে বের হয় না; বরং মাসদারের রূপ হতে বের হয়। আর যেহেতু صيغة -কে উহার সিফাত الاصلية -এর সাথে গুণান্বিত করা হয়েছে। তাই এটা দ্বারা مغيرات شاذه যেমন- أَقْوَسُ ও أَنْيَبُ ইত্যাদি বের হয়ে গেছে। কেননা, এগুলো নিয়ম বহির্ভূত جمع -এর نَابٌ ও قَوْسٌ; অথচ কিয়াস চায় এগুলোর বহুবচন أَنْيَابٌ ও أَقْوَاسٌ হওয়া। কারণ, যে সমস্ত ইসম اجوف يائي অথবা اجوف واوي যা فعل -এর ওযনে হবে, এগুলোর বহুবচন أَفْعَالٌ -এর ওযনে আসে। যেমন- قَوْلٌ ও عَيْنٌ -এর বহুবচন أَقْوَالٌ ও أَعْيَانٌ আসে। তাই এ কায়দানুসারে نَابٌ ও قَوْسٌ -এর বহুবচন أَقْوَاسٌ ও أَنْيَابٌ আসা উচিত; কিন্তু أَفْعَلٌ -এর ওযনে أَقْوَسٌ ও أَنْيَبٌ আসে খেলাপে কিয়াসের ভিত্তিতে। যদি কেউ প্রশ্ন করে, أَقْوَسٌ ، أَنْيَبٌ (আলিফ ব্যতীত) উভয়টি أَقْوَاسٌ ও أَنْيَابٌ হতে معدول হয়েছে। প্রথমে أَقْوَاسٌ ও أَنْيَابٌ ছিল। অতঃপর أَقْوَسٌ ও أَنْيَبٌ হয়ে গেল। উত্তরে বলা যায়- যদি এরূপ হতো, তবে তাকে مغيرات شاذه বলা হতো না। যখন কোনো ইসম তার মূলরূপ হতে বের হয়, তখন এটা অন্য সুরতের আওতায় পাওয়া জরুরি। এখন প্রশ্ন উত্থাপিত হয় যে, প্রথম সুরত হুবহু দ্বিতীয় সুরত হবে অথবা ভিন্ন হবে। যদি হুবহু হয়, তাহলে خروج টা متحقق (বাস্তবায়িত) হবে না। কাজেই নিঃসন্দেহে এ কথা বলতে হবে যে, এ সুরত প্রথম সুরতের مغائر (বিপরীত) হওয়া উচিত। আর مغائر অর্থ- প্রথম সুরত যেভাবে কোনো কায়দানুপাতে হয়, তেমনিভাবে দ্বিতীয় সুরত কায়দানুপাতে না হওয়া কাজেই এমতাবস্থায় مغيرات قياسية যেমন- مِيْزَانٌ ও إِبْجَلٌ আদলের সংজ্ঞা হতে বের হয়ে যাবে। কেননা, এ গুলোতে প্রথম সুরত যেভাবে সরফী কায়দার অধীনে হয়েছে, তদ্রূপ দ্বিতীয় সুরতও কায়দার অধীনে হয়েছে।

* "فاء" এখানে تفصيلية অর্থে ব্যবহৃত। خروجه -এর মধ্যস্থিত যমীর "ه" -এর মারজি' اسم বা لفظ তারপরও এখানে إِضْمَارُ قَبْلَ الذِّكْرِ লাযেম হয়নি। কেননা, عدل ইসমের প্রকার হওয়াতে আদলের মধ্যে ইসম নিহিত রয়েছে। উদাহরণ স্বরূপ عدل তা গায়রে মুনসারিফের প্রকার আর তা মু'রাবের প্রকার, আবার এটি ইসিমের প্রকার।

* একটি প্রশ্ন ঃ فعل ماضى -এর সীগাহ مضارع ، فاعل ، مفعول ، امر ও نهى -এর দিকে তো রূপ পরিবর্তন বা বাহ্যিক আকৃতি পরিবর্তন হয়ে থাকে। তাহলে এগুলো عدل হয়ে যাবে। **উত্তর :** আসলে উপরোক্ত ماضى -এর পরিবর্তন مضارع ইত্যাদির দিকে সরফী কায়দানুসারে হয়েছে; কিন্তু عدل -এর পরিবর্তন কায়দার বিপরীতে হয়।

* গ্রন্থকার নয়টি সবব উল্লেখ করার পর প্রত্যেকটির বিস্তারিত বর্ণনা উপস্থাপন করতে গিয়ে প্রথমে عدل কে এনেছেন। কারণ عدل সববটি কোনো শর্ত ছাড়াই منع صرف -এর مؤثر (প্রতিক্রিয়াশীল) হয়, অন্যান্য সবব এরূপ হয় না। এ হিসেবে عدل মুতলাকের পর্যায়ে আর অন্যান্য সবগুলো মুকায়্যাদের পর্যায়ে। স্বতঃসিদ্ধ কথা যে, মুতলাক মুকায়্যাদের উপর মুকাদ্দাম হয়ে থাকে। এ দৃষ্টিকোণে মুতলাক হিসেবে عدل -কে অগ্রগামী করা হয়েছে।

* অত্র কিতাবে শুধুমাত্র "عدل" -এর সংজ্ঞা উল্লেখ করা হয়েছে। বাকিগুলোর সংজ্ঞা উল্লেখ না করার কারণ হলো যেহেতু পূর্বসূরি ওলামায়ে কেরামের প্রদত্ত সংজ্ঞা থেকে মুসান্নিফ (র.) মত পরিবর্তন করেছেন সেহেতু عدل -এর সংজ্ঞা প্রদান করার মাধ্যমে তাঁর নিজস্ব অভিমত তুলে ধরেছেন। অন্যান্য সবব তার ব্যতিক্রম। মুসান্নিফ (র.)-এর মতে অবশিষ্ট সববগুলোর সংজ্ঞা ঐরূপ যা পূর্বসূরি ওলামায়ে কেরাম বর্ণনা করেছেন। ঐগুলোর মধ্যে কতেক সববের পরিচয় এখানে উল্লেখ করা হয় আর কতেক সববের বিশ্লেষণধর্মী আলোচনা প্রসিদ্ধতার কারণে পরিত্যাগ করা হয়েছে।

* عدل **-এর পারিভাষিক অর্থ ও প্রকারভেদ :** নাহুবিদদের পরিভাষায় العدل হলো কোনো ইসম তার প্রকৃতরূপ থেকে অন্যরূপের দিকে পরিবর্তন হওয়া। তবে এ পরিবর্তনের সময় দু'টি জিনিস ঠিক থাকতে হবে। (১) মূলাক্ষর

ঠিক থাকা অর্থাৎ ع ، ف ও ل কালিমার হরফ তাদের আপন জায়গায় অপরিবর্তিত থাকবে। (২) মূল অর্থ অপরিবর্তিত থাকতে হবে। যেমন– مثنى ও مثلث শব্দ দু'টো যথাক্রমে اثنان ، اثنان ও ثلثة ، ثلثة -এর পরিবর্তিত রূপ হলেও অর্থ পূর্বাবস্থায় ঠিক রয়েছে।

* عَدْل -এর উপরোক্ত সংজ্ঞা অন্যান্য আফরাদ প্রবিষ্ট হওয়া থেকে বাধাদানকারী হয়নি। এ কারণে যে, এ সংজ্ঞা اَسْمَاءُ مَحْذُوْفَةِ الْاَعْجَازِ (যার শেষাক্ষর বিলুপ্ত হয়ে গেছে)-এর উপর প্রযোজ্য হচ্ছে। যেমন– يد ও دم কেননা, এ দু'টি আসলী সীগাহ থেকে বের হয়েছে। তদুত্তরে বলা হয়– جنس টি خروجه -এর স্তরে। আর فصل হলো عَنْ صِيْغَتِهِ الْاَصْلِيَّةِ ; কোনো ইসম আপন আসলী সীগাহ থেকে বের হওয়ার সময় মূল অর্থ বাকি থাকা দরকার। আকৃতিগতভাবে পরিবর্তন সাধিত হবে মাত্র। মূলাবস্থা থেকে বের হওয়াটা কেবল সীগাহ অনুপাতে হবে। সুতরাং বাহ্যিকভাবে বুঝা যায় مادة (মূলাক্ষর) বাকি থাকবে। اَسْمَاءُ مَحْذُوْفَةِ الْاَعْجَازِ যেহেতু মূলাক্ষর বাকি নেই, সেহেতু তা عدل -এর সংজ্ঞা থেকে বাইরে রয়েছে।

* ইসমটি صيغه اصلى হতে বের হওয়ার অর্থ عمر শব্দের মধ্যে প্রকাশ্য নয়। এমনকি عدل تقديرى -এর সমস্ত উদাহরণের কারণ عمر -এর মধ্যে এমন কোনো কায়দা নেই, যা عمر শব্দটি عامر -এর আকৃতিতে ছিল বুঝা যায়। এ সন্দেহ নিরসনে বলা যায়– যেহেতু منع صرف -এর আবশ্যকতা এ কথা দাবি করে যে, عمر -এর মধ্যে عدل মেনে নিতে হবে। যাতে তার মধ্যে দু'টি ইল্লত সাব্যস্ত হয়ে যায়। যেহেতু এ কথার উপর ঐকমত্য হয়ে গেছে যে, ঐ عمر নামবাচক শব্দটি মূলতঃ عامر ইসমে ফায়েল প্রতিষ্ঠিত ছিল; যা عمارة থেকে নির্গত। সেহেতু নাহুবিদরা عمر কে عامر থেকে নির্গমন করেছেন। عمارة -এর আভিধানিক অর্থ– আবাদ করা, عامر -এর অর্থ দাঁড়ায়, আবাদকারী। কায়দা عمر শব্দটি মূলত عامر ছিল বলে দাবি করে।

* "صِيْغَة" -এর অর্থ : صيغة একবচন, তার বহুবচন হচ্ছে صيغ অর্থ– স্বর্ণকে ছাচের মধ্যে ঢেলে দেওয়া (তাতে স্বর্ণ ও রৌপ্যকে গলানোর উদ্দেশ্যে)। পরিভাষায় আল্লামা শায়খ আবদুন নবী (র.) বলেছেন– هِىَ هَيْأَةُ الْحَاصِلَةُ بَعْدَ التَّرْكِيْبِ অর্থাৎ "তারকীবের পরে অর্জিত একটি আকৃতি"।

কেউ বলেছেন– اَلصِّيْغَةُ هِىَ الْهَيْأَةُ الْحَاصِلَةُ لِلْكَلِمَةِ تَرْكِيْبُ الْحُرُوْفِ وَالْحَرَكَاتِ وَالسَّكَنَاتِ

আবার কেউ কেউ বলেছেন– هَيْأَةٌ تَعْرِضُ لِمَادَّةِ الْكَلِمَةِ

* اَوْزَانُ الْعَدْلِ : عدل কখনো وزن فعل -এর সাথে মিলিত হয় না। কেননা, عدل -এর যে ছয়টি রূপ আছে তাদের কোনোটিই ওযনে ফে'লের সাথে মিল নেই। عدل -এর ওযনগুলো হচ্ছে–

(১) احاد ، ثناء ، ثلاث যেমন– فعال (২) معشر ، مفعل যেমন– مثلث ইত্যাদি।

(৩) مصر ، عمر ইত্যাদি। (৪) امس যেমন– فعل

(৫) سحر (৬) قطام যেমন– فعال

কোনো একজন বুজুর্গ এগুলোকে কবিতাকারে বলেছেন–

اوزان عدل شش بود اے صاحب كمال * فعل فعل فعال فعل مفعل فعال

از ہريكے مثال بگويم ترا عزيز * امس سحر ثلاث وعمر مثلث ونزال

* عدل -এর প্রকারভেদ : ইহা দু'প্রকার। যথা– تحقيقى ও عدل تقديرى মুসান্নিফ (র.) او تحقيقا উক্তি দ্বারা تقديرا عدل -এর প্রকারভেদের দিকে ইঙ্গিত করেছেন। اصل -এর অনুপাতে عدل দু'প্রকার। ১. عدل تحقيقى যার মূলের অস্তিত্বের উপর منع الصرف ব্যতীত অন্য কোনো দলিল বিদ্যমান থাকে, তাকে عدل تحقيقى বলে। তাইতো ইবারতে উল্লিখিত تحقيقا -এর বিশ্লেষণে আবদুর রহমান জামী (র.) বলেছেন– مَعْنَاهُ خُرُوْجًا كَائِنًا عَنْ اَصْلٍ مُحَقَّقٍ

يَدُلُّ عَلَيْهِ دَلِيْلُ غَيْرِ مَنْعِ الصَّرْفِ 'তার অর্থ হলো– ইসিম محقق اصل (বাস্তব মূল) থেকে নির্গত হওয়া, যার উপরে منع صرف ব্যতীত অন্য কোনো দলিল বুঝিয়ে থাকে।'

মোটামুটি تحقيقى عدل ঐ عدل -কে বলা হয়, যার معدول عنه (যে শব্দ থেকে পরিবর্তিত) বাস্তবে সাব্যস্ত থাকে। শব্দটি গায়রে মুনসারিফ পাঠ করা ছাড়া অন্য এমন একটি দলিল থাকবে, যা معدول عنه বাস্তবে সাব্যস্ত থাকার উপর বুঝায়। যেমন– ثلاث ومثلث শব্দ দু'টো عدل تحقيقى ; কেননা, এ শব্দদ্বয়ের অর্থ– তিন তিন। স্বতঃসিদ্ধ নিয়ম– إِنَّهُ إِذَا كَانَ الْمَعْنٰى مُكَرَّرًا يَكُوْنُ اللَّفْظُ اَيْضًا مُكَرَّرًا 'যখন অর্থ দ্বিত্ব হবে, তখন শব্দও দ্বিত্ব হবে।' যেমন– جَاءَنِى الْقَوْمُ ثَلَاثَةُ সুতরাং ثلاث কিংবা مثلث শব্দটি মূলে ثلاثة ثلاثة ছিল।

* تقديرى عدل কোনো শব্দ গায়রে মুনসারিফ পড়া ব্যতীত তার বাস্তবরূপ হতে অপর একটি রূপের দিকে রূপান্তরিত হওয়ার উপর যদি অন্য কোনো দলিল পাওয়া না যায়, তাহলে তাকে تقديرى عدل বলে। অর্থাৎ معدول عنه -এর প্রকৃতপক্ষে কোনো অস্তিত্ব পাওয়া যাবে না। যেমন– عمر কে গায়রে মুনসারিফ পড়া হয়।

* مثلث – ثلاث এ দু'টো تحقيقى عدل -এর উদাহরণ, ثلاث ومثلث – محقق اصل (বাস্তব মূল) থেকে বের হওয়ার দলিল হলো, তার অর্থের মধ্যে تكرار রয়েছে, শব্দের মধ্যে নয়। অর্থের تكرار শব্দের تكرار -এর উপর বুঝায়। এ উদাহরণে জানা গেছে এ দু'টির আসল ثلاثة ثلاثة – "عمر" টি تقديرى عدل -এর মেছাল। عمر আহলে আরবদের নিকট গায়রে মুনসারিফ ব্যবহৃত হয়ে আসছে; কিন্তু এটিতে علمية ছাড়া কোনো দ্বিতীয় সবব প্রকাশ পায়নি। তাই এটার মধ্যে عدل -কে মেনে নেওয়া হয়েছে। সুতরাং এটি عامر থেকে পরবর্তিত।

* اخر ، جمع এ দু'টি عدل تحقيقى -এর উদাহরণ। اخر এটি ইসমে تفضيل -এর সীগাহ। اخرى -এর বহুবচন। اخرى টি اخر -এর مؤنث ; এ জন্য এর অর্থ– অকি পশ্চাদ্‌গামী ব্যক্তি। বলাবাহুল্য যে, ইসমে تفضيل তিনভাবে ব্যবহৃত হয়। (১) ال -এর দ্বারা, যেমন– الاخر (২) اضافة দ্বারা, যেমন– اخره (৩) من -এর সাথে, যেমন– اخر من فلان এখানে ইসমে تفضيل উপরোক্ত তিন পদ্ধতি থেকে কোন একটির সাথেও হয়নি কাজেই এ কথা জানা গেছে যে, এটি এগুলোর কোনো একটি হতে معدول হয়েছে।

কেউ الاخر থেকে معدول হওয়ার কথা বলেন। কেউ বলেছেন, اخر من থেকে معدول হয়েছে। اخره থেকে معدول হওয়া মেনে নেওয়া যায় না। কেননা, ইসমে تفضيل -এর ব্যবহার এযাফতের সাথে হলে মুযাফ ইলাইহ হয়তো উল্লিখিত হবে নতুবা উহ্য হবে। আর এখানে তো মুযাফ ইলাইহ উল্লিখিত ও উহ্য কোনোভাবে নেই। উল্লেখিত না হওয়াটা প্রকাশ্য কথা। উহ্য না থাকাটা প্রমাণ করার বিষয়। মুযাফ ইলাইহ উহ্য হবার নিমিত্তে তিনটি বিষয় থেকে কোনো একটি হওয়া জরুরি। যথা–

(ক) মুযাফ ইলাইহর পরিবর্তে হয়তো তান্‌বীন আসবে। যেমন– يَوْمَئِذٍ এটি মূলত يَوْمَ إِذَا كَانَ كَذَا ছিল।

২. মুযাফ ইলাইহ বিলুপ্ত হওয়ার কারণে মুযাফটি مَبْنِىٌّ عَلَى الضَّمِّ হবে।

৩. অথবা, اضافة -এর পুনরাবৃত্তি হবে। যেমন– يَاتَيْمَ تَيْمَ عَدِيٍّ এখানে উল্লিখিত তিনটি সুরত থেকে পাওয়া যায়নি বিধায় এ কথা অবগত হওয়া যায় যে, তার معدول عنه এযাফতের সাথে ইসমে তাফযীল হতে পারে না। সুতরাং নির্ঘাতভাবে বলা যায় যে, এটি ইসমে তাফযীল الام বা من থেকে معدول হয়েছে।

جمع টি جمعاء -এর বহুবচন। আর এটি اجمع -এর স্ত্রীলিঙ্গ। কায়দা হলো যদি فعلاء টি افعل সিফাতের مؤنث হয়, তাহলে তার বহুবচন فعل (سكون العين) -এর ওযনে হয়ে থাকে। যেমন– احمر -এর স্ত্রীলিঙ্গ حمراء আর এটির বহুবচন حمر (بسكون الميم)। আর فعلاء টি اسم ذات হলে তার বহুবচন فعالى বা فعلاوات -এর ওযনে আসে। যেমন– صحراء -এর বহুবচন صحارى বা صحراوات এসে থাকে। অতএব, এ কানুনের ভিত্তিতে যখন جمعاء -এর বহুবচন جمعاوات বা جماعى বা جمع -এর ওযনে আসেনি তখন নিশ্চয় এটি جمع হতে বা جماعى বা جمعاوات হতে عدول হয়ে এসেছে।

* بَابِ قَطَامَ : বনী তামীমের নিকট باب قطام -এর মধ্যে عدل تقديرى হয়েছে। قطام একজন মহিলার নাম, যা قاطمة থেকে معدول হয়েছে। এখানে باب বৃদ্ধি করত: মুসান্নিফ (র.) এ বিষয়ের দিকে ইঙ্গিত করেছেন যে, قطام দ্বারা শুধু قاطمة শব্দ উদ্দেশ্য নয়; বরং প্রত্যেক ঐ কালিমা যা فعال -এর ওযনে হয়ে اعيان مؤنثة -এর علم (নামবাচক) হবে এবং তার শেষে راء হবে না। এরূপ ইসম বনী তামীমের ভাষায় تانيث ও علمية পাওয়া যাওয়ার কারণে গায়রে মুনসারিফ হয়েছে কিন্তু فى تميم বলার কারণে বুঝা যায় এ বনী তামীম ছাড়া অপর কোনো অভিমতও রয়েছে।

বিশ্লেষণ হলো যে, فعال চার প্রকারের (১) فعال যা امر -এর অর্থে, যেমন– نزال শব্দটি انزل অর্থে ব্যবহৃত। এটি مبنى (২) فعال যা নির্দিষ্ট মাসদার অর্থে, যেমন– فجار টি الفجور -এর অর্থে এসেছে। (৩) فعال যা স্ত্রীলিঙ্গের সিফাত হয়, যেমন– فساق টি فاسقة তথা কুকর্মকারিণী অর্থে ব্যবহৃত। এ দু'প্রকার (দ্বিতীয় ও তৃতীয়)ও মাবনী। কেননা, فعال امر -এর অর্থে ব্যবহৃত হয়ে وزن ও عدل -এর মধ্যে সাদৃশ্যপূর্ণ হয়েছে। (আর امر হলো مبنى اصل মধ্যে একটি)। (৪) فعال যা اعيان مؤنثة -এর নাম হয়। ذوات الراء (راء বিশিষ্ট) হোক বা না হোক। অতঃপর যখন এ فعال ওযনটি ذوات الراء হবে। যেমন– حضار (একটি তারকার নাম) এবং طمار (উচ্চস্থান) এ শব্দ দু'টি আহলে হেজায এবং অধিকাংশ আরবীর মতে যেরের উপর মাবনী হবে। আর তার মধ্যে عدل تقديرى রয়েছে। কেননা, এ فعال টি فعال بمعنى امر -এর সাথে কেবল ওযনের মধ্যে সাদৃশ্য রয়েছে। তা মাবনী হবার জন্যে যথেষ্ট নয়। তাই মাবনীর অপর একটি সবব সৃষ্টি করার লক্ষ্যে عدل -কে গণ্য করা হয়েছে। যাতে একটির সাথে فعال بمعنى امر -এর وزن ও عدل -এর মধ্যে পূর্ণ সাদৃশ্য হয়ে যায়। যখন এ فعال টি غير ذوات الراء হয়, তখন আহলে হেজাযের নিকট মাবনী। বনী তামীমের নিকট মু'রাব; যা غير منصرف মুনসারিফ। মোদ্দাকথা, আহলে হেজাযগণ غير ذوات الراء ও ذوات الراء উভয়কে মাবনী বলে থাকেন। আর তামীম গোত্রের লোকেরা উভয়ের মধ্যে পার্থক্য নির্ণয় করে থাকেন। তাঁরা ذوات الراء -কে মাবনী এবং غير ذوات الراء -কে মু'রাব হিসেবে গায়রে মুনসারিফ বলে থাকেন। বনী তামীমের দলিল যেহেতু راء হলো حرف مكرر সেহেতু ذوات الراء হলো উচ্চারণে ভারী। যদি এগুলোকে আমরা মু'রাব গায়রে মুনসারিফ বলি, তখন বিভিন্ন ধরনের হরকতের সাথে মু'রাব হয়ে তার ভারীত্ব (ثقالة) সীমাতিক্রম করে যাবে। তাই ذوات الراء -কে মাবনী এবং তার মধ্যে عدل تقديرى -কে গণ্য করা হয়েছে। যাতে ভারীত্ব (ثقالة) চূড়ান্ত পর্যায়ে না পৌঁছে। আর মাবনীর সাথে এর সম্পর্কটা وزن ও عدل অনুপাতে পূর্ণ হয়ে যায়। ذوات الراء -কে মাবনী করার মধ্যে অন্য একটি কায়দাও কল্পনাযোগ্য। আর তা হলো حروف مستعلية হতে কোনো হরফ আলিফের পূর্বে পতিত হলে তার মধ্যে امالة নিষিদ্ধ হয়; কিন্তু যখন যের বিশিষ্ট راء আলিফের পরে সংযুক্ত হয়ে পতিত হয়, তখন তাতে امالة শুদ্ধ হয়। কাজেই ذوات الراء -কে মাবনী করা হয়েছে যেন আলিফের مابعد সর্বদা যের বিশিষ্ট راء সাব্যস্ত হয়ে امالة হয়; غير ذوات الراء এর বিপরীত। তার মধ্যে যেহেতু মাবনী হওয়ার ইল্লতসমূহ পাওয়া যায় না, সেহেতু বনী তামীম তাকে মাবনী বলে না; বরং মু'রাব গায়রে মুনসারিফ বলে থাকে। আর عدل تقديرى -কে গণ্য করা হয়।

আহলে হেজাযের পক্ষ থেকে বনী তামীমের উপর একটি আপত্তি উত্থাপিত হয় যে, قطام তথা غير ذوات الراء -এর মধ্যে যখন منع صرف -এর দু'সবব তথা تانيث ও علمية পাওয়া যায়, তখন তা منع صرف হওয়ার ক্ষেত্রে عدل -এর কোনো হাত নেই। সুতরাং তাকে قاطمة -থেকে معدول মানা হয় কেন? **উত্তর :** বনী তামীম قطام -এর মধ্যে منع صرف অর্জন করার জন্য عدل -কে গণ্য করে না; বরং তার সমপর্যায়ের حضار ও طمار -এর উপর হামল করার জন্য عدل تقديرى -কে গণ্য করে থাকে। এখন মুসান্নিফ (র.)-এর উপর এ আপত্তি উত্থাপিত হয় যে, যখন বনী তামীমের নিকট قطام -এর মধ্যে عدل -কে গণ্য করা তার نظائر (সমজাতীয়)-এর উপর হামল করার নিমিত্তে, منع صرف -এর সবব হাসিল করার জন্য নয়। তাই এখানে তার উল্লেখ করা অপ্রাসঙ্গিক হয়ে দাঁড়াল। কেননা, এখানে ঐ সমস্ত আকৃতিকে প্রকাশ করা হয়েছে, যাদের মধ্যে منع صرف -এর সবব হাসিল করার জন্য عدل تقديرى -কে গণ্য করা হয়েছে। **উত্তর :** মুসান্নিফের উদ্দেশ্য– তা দ্বারা এ কথা বর্ণনা করা যে, عدل تقديرى কখনো منع صرف -এর সবব হাসিল করার জন্য, আবার কখনো তার موازن -এর উপর হামল করার জন্য হয়ে থাকে।

তারকীব : قَوْلُهُ وَيَجُوْزُ صَرْفُهُ لِلضَّرُوْرَةِ اَوْ لِلتَّنَاسُبِ مِثْلُ الخ واو হরফে আত্ফ, يجوز ফে'ল, ه মুযাফ ইলাইহ, যা প্রত্যাবর্তিত হয়েছে غير منصرف -এর দিকে। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে يجوز ফে'লের ফায়েল। لام হরফে জার, الضرورة মাজরূর। জার-মাজরূর মিলে মা'তূফ আলাইহ। او হরফে আত্ফ, لام হরফে জার, التناسب মাজরূর। জার ও মাজরূর মিলে মা'তূফ হয়েছে। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে يجوز ফে'লের যরফে লগ্ব। يجوز ফে'ল, ফায়েল ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যা। مثل মুযাফ, سلاسلا واغلالا মুরাদুল্লফয মুযাফ ইলাইহ। এটি মূলত ছিল اِنَّا اَعْتَدْنَا لِلْكٰفِرِيْنَ سَلَاسِلًا وَّاَغْلَالًا -এর মধ্যে ان হরফে মুশাব্বাহ বিল ফে'ল نا ইসমে ইন্না। اعتدنا ফে'ল, উহ্য যমীর نحن ফায়েল, لام হরফে জার, الكافرين মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব হয়েছে ফে'লের সাথে। سلاسلا মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, اغلالا মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাফউল। ফে'ল, ফায়েল ও যরফে লগ্ব মিলে খবরে ইন্না। ইসমে ইন্না ও খবরে ইন্না মিলে জুমলায়ে ইসমিয়্যা। وما يقوم -এর মধ্যস্থিত واو হরফে আত্ফ, ما ইসমে মাউসূল, يقوم ফে'ল, যমীর هو ফায়েল। مقامهما -এর মধ্যে مقام মুযাফ ও هما মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ। ফে'ল, ফায়েল ও মাফউলে ফীহ মিলে সেলাহ। মাউসূল ও সেলাহ্ মিলে মুবতাদা। الجمع শব্দটির পূর্বে احدهما উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা হয়ে মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, الفا মুযাফ, التانيث মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাই মিলে খবর হয়েছে উহ্য ثانيهما মুবতাদার। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা হয়ে মা'তূফ। মা'তূফ আলাইহি ও মা'তূফ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা।

قَوْلُهُ فَالْعَدْلُ خُرُوْجُهُ عَنْ صِيْغَتِهِ الخ ف হরফে আত্ফ, العدل মুবতাদা, خروج মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ, عن হরফে জার, صيغة মুযাফ, ه মুযাফ ইলাইহ। মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মাওসূফ, الاصلية সিফাত। মাওসূফ ও তার সিফাত মিলে যরফে লগব خروج শিবহে ফে'লের সাথে। تحقيقا মা'তূফ ইলাইহ, او হরফে আত্ফ, تقديرا মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে তামঈয হয়েছে خروجه -এর নিসবত থেকে। خروجه মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ, যরফে লগ্ব এবং তামঈয মিলে খবর। মুবতাদা-তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা হয়েছে। كثلث -এর মধ্যে ك হরফে জার, ثلث মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, مثلث মা'তূফ, واو হরফে আত্ফ, اخر মা'তূফ, واو হরফে আত্ফ, جمع মা'তূফ। মা'তূফ আলাইহ-তার সব মা'তূফ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت শিবহে ফে'লের সাথে। এটি ইসমে ফায়েল তার মধ্যে নিহিত যমীর هو ফায়েল। ثابت তার ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। উহ্য هو মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা খবরিয়্যা হয়েছে। كعمر -এর মধ্যে ك হরফে জার, তাসবীহের জন্য, عمر মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, باب মুযাফ, قطام মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ। عمر মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে মাজরূর। জার মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت উহ্য শিবহে ফে'লের সাথে। ثابت ইসমে ফায়েল তন্মধ্যকার যমীর هو ফায়েল। ثابت ইসমে ফায়েল, তার ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবর, هو মুবতাদার। মুবতাদা-তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা খবরিয়্যা হয়েছে। فى হরফে জার যরফিয়্যাতের জন্য, بنى উহ্য মুযাফ, تميم তার মুযাফ ইলাইহি। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت উহ্য শিবহে ফে'লের সাথে। ثابت ইসমে ফায়েল, যমীর هو ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবর, هو উহ্য মুবতাদার। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা হয়েছে।

اَلْوَصْفُ شَرْطُهٗ اَنْ يَّكُوْنَ فِى الْاَصْلِ فَلَا تَضُرُّهُ الْغَلَبَةُ -

অনুবাদ : وصف (গুণবাচক বিশেষ্য) তার (গায়রে মুনসারিফ হওয়ার)-এর জন্য শর্ত মূল গঠনেই وصف হতে হবে। এ ক্ষেত্রে ইসমিয়্যাতের প্রবলতা তার জন্য ক্ষতিকর হবে না।

ব্যাখ্যা : মুসান্নিফ (র.) عدل -এর বর্ণনা থেকে অবসর হয়ে وصف -এর বর্ণনা শুরু করেছেন, যা منع صرف -এর নয়টি সবব থেকে দ্বিতীয় সবব। وصف টি নাহুবিদদের পরিভাষায় দু'টি অর্থে ব্যবহৃত হয়।

প্রথমত: اَلْوَصْفُ تَابِعٌ عَلٰى مَعْنًى فِىْ مَتْبُوْعِهٖ اَوْ مُتَعَلِّقِهٖ অর্থাৎ, وصف এমন একটি تابع যা متبوع -এর মধ্যে অথবা তার متعلق -এর মধ্যে বিদ্যমান অর্থের ওপর বুঝায়।

দ্বিতীয়ত: اَلْوَصْفُ كَوْنُ الْاِسْمِ دَالًّا عَلٰى ذَاتٍ مُبْهَمَةٍ مَاخُوْذَةٍ مَعَ بَعْضِ صِفَاتِهَا অর্থাৎ ইসম এমন একটি অস্পষ্ট সত্তার উপর বুঝানোকে وصف বলা হয়, যা কতেক সিফাতের সাথে সংকলিত। কেননা, উপরোক্ত নয়টি সবব ইসমসমূহের সিফাতের অন্তর্ভুক্ত। ইসমের দালালত ব্যাপক; চাই গঠনগতভাবে হোক, যেমন– احمر অথবা ব্যবহারিকভাবে হোক, যেমন– مررت بنسوة اربع -এর মধ্যে اربع শব্দটি ব্যবহারিকভাবে وصف, গঠনগতভাবে নয়। তবে منع صرف -এর মধ্যে وصف وضعى (গঠনগত সিফাত) -এর গ্রহণযোগ্যতা রয়েছে। এ কারণেই বলা হয়েছে– شَرْطُهٗ اَنْ يَّكُوْنَ فِى الْاَصْلِ

*** এখানে কোন وصف উদ্দেশ্য? :** وصف দু'প্রকার। যথা– وصف اصلى ও وصف عارضى গায়রে মুনসারিফের সবব হবার জন্য وصف -এর মধ্যে وصف اصلى -ই গ্রহণযোগ্য, وصف عارضى নয়। কেননা, وصف اصلى আসল (মুনসারিফ হওয়া)-কে গায়রে আসল (গায়রে মুনসারিফ হওয়া)-এর দিকে নিয়ে যেতে সক্ষম। এ শক্তি একমাত্র وصف اصلى -এর মধ্যে রয়েছে, وصف عارضى -এর মধ্যে তা নেই।

*** شَرْط -এর অর্থ এবং তা দ্বারা উদ্দেশ্য :** এটার আভিধানিক অর্থ– আলামত, চিহ্ন। বলা হয় اشراط الساعة "কিয়ামতের আলামত"। পরিভাষায় اَلشَّرْطُ مَا يَتَوَقَّفُ عَلَيْهِ وُجُوْدُ الشَّىْءِ 'যার উপর বস্তুর অস্তিত্ব নির্ভর করে।'

কেউ বলেন– اَلشَّرْطُ مَا يَتَوَقَّفُ ثُبُوْتُ الْحُكْمِ عَلَيْهِ

কেউ বলেন– اَلشَّرْطُ هُوَ تَعْلِيْقُ شَىْءٍ بِشَىْءٍ بِحَيْثُ اِذَا وُجِدَ الْاَوَّلُ وُجِدَ الثَّانِىْ

কেউ বলেন– اَلشَّرْطُ مَايَتَوَقَّفُ عَلَيْهِ وُجُوْدُ الشَّىْءِ وَيَكُوْنُ خَارِجًا عَنْ مَاهِيَتِهٖ وَلَا يَكُوْنُ مُؤَثِّرًا فِىْ وُجُوْدِهٖ

কিতাবে রয়েছে الجوهرة اَلشَّرْطُ عِبَارَةٌ عَنْ مَا تَقَدَّمَ الشَّىْءُ وَلَاصِحَّةَ لَهٗ اِلَّا بِهٖ যেমন– পবিত্রতা নামাজের জন্য শর্ত এখানে شرطه -এর "ه" যমীরের মারজি' الوصف তবে شرط বলতে ওয়াস্ফের প্রভাব উদ্দেশ্য। কেননা, সববের শর্ত হতে পারে না; বরং সববের প্রভাবের শর্ত হয়ে থাকে। যেখানে شرط -এর এযাফত কোনো সববের দিকে হয়, সেখানে ঐ সববের প্রভাবের শর্ত উদ্দেশ্য।

* যদি কেউ প্রশ্ন করে, وصف -এর আসল বলতে মাওসূফকে বুঝানো হয়। কেননা, وصف স্বভাবত মাওসূফ হয়ে থাকে। আর وصف -এর আসল মাওসূফ নেওয়াটা সরাসরি ভুল। **উত্তর :** আসল বলতে মাওসূফ উদ্দেশ্য নয়; বরং গঠনগত আসল। কারণ, اصل বলা হয় مَا يُبْتَنٰى عَلَيْهِ الشَّىْءُ 'যার ওপর কোনো বস্তুর ভিত্তি স্থাপন করা হয়।' উপকৃত হওয়া ও উপকার সাধন করার ক্ষেত্রে দালালতে মুতাবেকি, তাযাম্মুনী, এলতেযামী থেকে প্রত্যেকটির ভিত্তি গঠনের উপর হয়। অর্থাৎ প্রত্যেক অর্থে গঠন আবশ্যক রয়েছে। তাইতো اصل দ্বারা গঠনগতভাবে وصف তথা وصف اصلى উদ্দেশ্য।

* قَوْلُهٗ شَرْطُهٗ اَنْ يَّكُوْنَ الخ : এটি গায়রে মুনসারিফের সবব হবার জন্য শর্ত হলো وصف টি মূল গঠনগতভাবে গুণের জন্য হবে। বর্তামনে সে গুণটি অবশিষ্ট থাকুক বা না থাকুক। যদি وصف টি কোনো কিছুর নামও হয়ে যায় তথাপিও তাতে

কোনো ক্ষতি নেই। যেমন– اسود (কালো সাপ) ও ارقم (চিত্রা সাপ) শব্দদ্বয় দু'টি সাপের নাম হওয়া সত্ত্বেও মূল গঠনে وصف وزن فعل ও وصف -এর জন্য গঠিত হবার কারণে তা গায়রে মুনসারিফ হিসেবে ব্যবহৃত হয়েছে। এগুলোর সববদ্বয়

* قَوْلُهُ فَلَا تَضُرُّهُ الْغَلَبَةُ : এই জুমলাটি উপরোল্লিখিত শর্তের উপর تفريع فلا تضره -এর মধ্যে فا টি জযায়িয়া। এখানে শর্তটি বিলুপ্ত রয়েছে অর্থাৎ إِذَا كَانَ كَذَا فَلَا تَضُرُّهُ; নাহুবিদদের পরিভাষায় এ فاء -কে فصيحه বলা হয়। কোনো কোনো কপিতে الغلبة الاسمية এসেছে। যখন এ কথা জানা গেছে যে, এখানে وصف اصلى -এর বিবেচনা করা হয়েছে। তাই যদি اسمية প্রবল হয়ে যায়, তবে এই প্রবলতা وصف اصلى -কে منع صرف -এর সবব হওয়ার ক্ষেত্রে বাধা দানকারী হবে না। وصف তখনো منع صرف -এর সবব হওয়ার ক্ষেত্রে কোনো ক্ষতি নেই। আর غلبة اسمية -এর অর্থ– وصف নিজের কিছু আফরাদের সাথে এমনিভাবে বিশেষিত হয়ে যাওয়া যে, এই কিছু আফরাদের উপর তা বুঝানোর ক্ষেত্রে কারীনার প্রয়োজন হয় না। যেমন– কালো মানুষ, কালো জামা, কালো সাপ ইত্যাদি। কিন্তু ব্যবহারিক অনুপাতে এটা নিজের কিছু ফরদের সাথে খাস হয়ে গেছে। এখন اسود কালো সাপকে বলা হয়। এভাবে যে যখনই اسود বলা হয়, তখন কোনো কারীনা ছাড়াই কালো সাপ বুঝায়, বিপরীত পক্ষে اسود দ্বারা কালো সাপ ব্যতীত অন্য কোনো উদ্দেশ্য করা হবে অর্থাৎ انسان اسود, فرس اسود ইত্যাদি। সুতরাং اسود -এর মধ্যে যদিও اسمية প্রবল হয়; তদুপরি وصف اصلى ও وزن فعل -এর কারণে গায়রে মুনসারিফ হবে।

* اسمية প্রবল হওয়াটা কেন ক্ষতিকারক হয় না? এ প্রশ্নের **উত্তর** : اسمية প্রবল হলেও وصفية -কে পুরোপুরি বিদূরিত করে না। তবে اسمية প্রবল হওয়ার ক্ষেত্রে معنى وصفى বাকি থাকা শর্ত। শায়খ রাযী (র.)(বলেছেন– مَعْنَى الْغَلَبَةِ تَخْصِيْصُ اللَّفْظِ بِبَعْضِ مَا وُضِعَ لَهُ فَلَا يَخْرُجُ عَنْ مُطْلَقِ الْوَصْفِ بَلْ إِنَّمَا يَخْرُجُ عَنِ الْوَصْفِ الْعَامِّ যেমন– ابن عباس মূল গঠনের মধ্যে بنى عباس -এর মধ্য হতে প্রত্যেককে বলা হয়, কিন্তু হযরত আব্দুল্লাহ (রা.) এ নাম দ্বারা এভাবে প্রসিদ্ধ হয়েছেন যে, যখনই কোনো কারীনা ব্যতীত ابن عباس বলা হয়, তখন হযরত আবদুল্লাহ (রা.)-এর সত্তা বুঝানো হয়েছে।

* وصف কখনো علمية-এর সাথে মিলিত হয় না। কেননা, وصفية ও علمية -এর মধ্যে পরস্পর বৈপরীত্ব রয়েছে। علمية -এর মধ্যে تعيين (নির্দিষ্টতা) আর وصفية -এর মধ্যে عموم (ব্যাপকতা) রয়েছে। উভয়েই এক হতে পারে না। কাজেই وصف টা علمية -এর সাথে মিলিত হয় না। জনৈক নাহুবিশারদ এ প্রসঙ্গে বলেছেন–

إِنَّ الْوَصْفَ يَدُلُّ عَلَى الذَّاتِ الْمُبْهَمِ وَالْعَلَمِيَّةُ تَدُلُّ عَلَى الذَّاتِ الْمُعَيَّنِ وَكِلَاهُمَا مُتَضَادَّانِ فَلَا يُمْكِنُ الْإِجْتِمَاعُ بَيْنَهُمَا -

তারকীব : قَوْلُهُ اَلْوَصْفُ شَرْطُهُ اَنْ يَّكُوْنَ الخ الوصف মুবতাদা, شرط মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে দ্বিতীয় মুবতাদা, ان মাওসূলে হরফী, يكون ফে'লে নাকেস। যমীর هو তার ইসম। فى জহফে জার, الاصل মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا উহ্য শিবহে ফে'লের সাথে। ثابتا শিবহে ফে'ল যমীর هو তার মধ্যে নিহিত ফায়েল। ثابتا ইসমে ফায়েল, তার ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবর। يكون তার ইসম এবং খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যা হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে খবর। দ্বিতীয় মুবতাদা ও তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা হয়ে প্রথম মুবতাদার খবর হয়েছে। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যা। فاء টি ফসীহা, لاتضر ফে'ল, ه যমীর মাফউলে বিহী, الغلبة ফায়েল। لاتضر ফে'ল, ফায়েল এবং মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যা হয়েছে।

فَلِذَالِكَ صُرِفَ اَرْبَعٍ فِىْ مَرَرْتُ بِنِسْوَةٍ اَرْبَعٍ وَامْتَنَعَ اَسْوَدُ وَاَرْقَمُ لِلْحَيَّةِ وَاَدْهَمُ لِلْقَيْدِ وَضَعُفَ مَنْعُ اَفْعٰى لِلْحَيَّةِ وَاَجْدَلُ لِلصَّقْرِ وَاَخْيَلُ لِلطَّائِرِ -

অনুবাদ : এ কারণে مَرَرْتُ بِنِسْوَةٍ اَرْبَعٍ -এর মধ্যে اَرْبَعٍ মুনসারিফ পড়া হয় এবং গায়রে মুনসারিফ হয়েছে اَسْوَدُ ও اَرْقَمُ ; যা সাপের নাম এবং ادهم যা বেড়ীর নাম, আর اَفْعٰى যা (কেউটে) সাপের নাম, اَجْدَلُ যা শকুনের নাম. اَخْيَلُ যা পাখির নাম এগুলোকে গায়রে মুনসারিফ পড়া দুর্বল।

ব্যাখ্যা ঃ قَوْلُهُ فَلِذَالِكَ : পূর্ববর্তী দু'টি বিষয় উল্লিখিত হয়েছে। প্রথমত وصف اصلى হওয়ার শর্ত। দ্বিতীয়ত غلبة اسمية ক্ষতিকারক না হওয়া। فلذالك -এর مشار اليه হলো এ দু'টি, এখানে ذالك -এর ব্যবহার সঠিক হয়নি। কেননা, তা مشار اليه - مفرد مذكر -এর জন্য গঠিত। আর এখানে مشار اليه দু'টি বিষয়। কাজেই মুসান্নিফ (র.) ذالكما বলা উচিত ছিল। **উত্তর :** দু'টি বিষয় المذكور দ্বারা تاويل হয়ে مشار اليه হয়েছে। আর স্বতঃসিদ্ধ যে, المذكور টা مفرد مذكر সুতরাং ذالك -এর ব্যবহার অযৌক্তিক হয়নি। مَرَرْتُ بِنِسْوَةٍ اَرْبَعٍ (আমি চারজন মহিলার পাশ দিয়ে অতিক্রম করেছি)-এর মধ্যে اربع -কে মুনসারিফ পড়া হয়েছে। কেননা, اربع যদিও সিফাত অর্থে ব্যবহৃত হয়, কিন্তু অভিধান প্রণেতা এটাকে গঠন করার সময় عدد (চার সংখ্যা) অর্থে গঠন করেছেন। এবারতে যদিও نسوة মাউসূফ, اربع সিফাত। কিন্তু সিফাতে عارضى, আসলী নয়। কারণ মূলত اربع -কে নির্দিষ্ট সংখ্যা বুঝানোর জন্য গঠন করা হয়েছে। وصف عارضى হওয়ার কারণ হলো, اربع তারকীবের মধ্যে সিফাত পতিত হয়েছে। আর نسوة মাওসূফ; অথচ কায়দা হলো সিফাত তা-ই হওয়া উচিত যা মাওসূফের উপর মাহমূল হয়, এখানে কিন্তু এরূপ নয়। কেননা, اربع টি نسوة উপর হামল করলে عدد ও معدود এক হওয়া লাযেম আসবে আর এটি বাতিল। কাজেই নিঃসন্দেহে موصوفة শব্দ মাহ্যূফ হবে। অর্থাৎ مَرَرْتُ بِنِسْوَةٍ مَوْصُوْفَةٍ بِاَرْبَعٍ এখানে موصوفة -কে বিলুপ্ত করে اربع -কে উহার স্থলাভিষিক্ত করা হয়েছে। আর এ প্রেক্ষিতে তার মধ্যে وصفية -এর অর্থ সৃষ্টি হয়।

* فَلِذَالِكَ -এর মধ্যে لذالك জার ও মাজরূরকে حصر -এর উদ্দেশ্যে মুকাদ্দাম করা হয়েছে। মূল ইবারত ছিল فصرف .... لذالك -এর মধ্যে فاء -এর ماقبل উপরোক্ত দু'টি বিষয় হতে প্রত্যেকটি বিষয় উল্লিখিত রয়েছে এবং তার مابعد হলো صرف - امتنع ও ضعف এখানে فاء টি তার ماقبل তৎপরবর্তী অংশের জন্য سبب হওয়ার উপর বুঝায়।

* قوله وامتنع : এটিতে মুযাফ উহ্য রয়েছে অর্থাৎ امتنع صرف اسود তার বিশ্লেষণ হলো– اسود ، ادهم ارقم -এর মুনসারিফ হওয়া নিষিদ্ধ। কেননা, এগুলো গঠনগতভাবে وصف - اسود -কে গঠন করা হয়েছে مافيه سواد (যার মধ্যে কালো হওয়ার গুণ রয়েছে)-এর জন্য; ارقم -এর গঠন مَافِيْهِ سَوَادٌ وَبَيَاضٌ (যাতে চিত্রা হওয়া বিদ্যমান)-এর জন্য, আর ادهم -এর গঠন مافيه دهمة (যার মধ্যে কালো বিদ্যমান)-এর জন্য। ব্যবহারের ক্ষেত্রে اسمية প্রবল হয়ে اسود -এর প্রয়োগ কালো সাপের উপর হতে লাগল। ارقم চিত্রা সাপের ওপর আর ادهم লোহার বেড়ীর উপর প্রয়োগ হতে লাগল। তবে এই اسمية প্রবল হওয়াটা কোনো ক্ষতি করে না বিধায় وزن فعل এবং وصف اصلى -এর কারণে এগুলো গায়রে মুনসারিফ। সুতরাং এ তিনটি শব্দ اسمية প্রবল হওয়াটা ক্ষতিকর না হওয়ার কারণে গায়রে মুনসারিফ হয়েছে।

* قَوْلُهُ وَضَعُفَ الخ : কতেক নাহুবিদ বলেছেন যে, افعى-এর مشتق منه হলো فعوة অর্থ–خبث বা নাপাক, তার মধ্যে وصف اصلى বিদ্যমান রয়েছে। যেহেতু اسمية প্রবল হওয়া ক্ষতিকর নয়, সেহেতু وصف اصلى ও وزن فعل হওয়ার কারণে গায়রে মুনসারিফ হয়েছে। ব্যবহারের মধ্যে ঐ কালো সাপকে বুঝায় যা অত্যধিক বিষাক্ত অর্থাৎ কেউটে সাপ। এটা এত বিষাক্ত যে, যার কয়েকবার দৃষ্টি পড়লে মানুষ অন্ধ হয়ে যায়। তাকে ফারসি ভাষায় افعى যেরের সাথে পঠিত হয়ে থাকে। اجدل টি جدل থেকে নির্গত। অর্থ– قوة বা শক্তি। এর মধ্যে وصف اصلى রয়েছে বিধায় وصف اصلى ও وزن فعل -এর কারণে গায়রে মুনসারিফ হয়েছে। اسمية প্রবল হওয়া সত্ত্বেও কোনো ক্ষতি করেনি। ব্যবহারের মধ্যে اجدل শিকরে– -এর মধ্যে

বাজ পাখির মতো এক প্রকারের শিকারি পাখি অর্থে ব্যবহৃত হয়। اخيل শব্দটি خال থেকে নির্গত। অর্থ তিল, যা শরীরে দেখা যায়। اخيل-এর অর্থ দাঁড়ালো ذو خال অর্থাৎ তিলওয়ালা। এটিতেও وصف اصلى হয়েছে। যেহেতু اسمية-এর প্রবলতা ক্ষতি করতে পারেনি, সেহেতু وزن فعل এবং وصف اصلى-এর কারণে গায়রে মুনসারিফ হয়েছে। ব্যবহারের মধ্যে اخيل শব্দটি এমন একটি পাখির উপর প্রয়োগ হয়ে থাকে, যার পাখাগুলোতে তিলের মতো অসংখ্য নিশানা রয়েছে। যাকে شقراق নামে আখ্যায়িত করা হয়। কবুতর থেকে বড় আকারের একটি পাখি যা শুকুর নামে পরিচিত। মুসান্নিফ (র.) বলেছেন- উপরোক্ত তিনটি শব্দ গায়রে মুনসারিফ হওয়া দুর্বল। কারণ, وصف-এর মধ্যে শর্ত হলো তা মূল গঠনের মধ্যে পাওয়া যাওয়া একীনী হতে হবে। আর এ সমস্ত শব্দসমূহে وصف টি وضع اصل-এর মধ্যে পাওয়া যাওয়া একীনী নয়; বরং সন্দেহবাচক) তাই وصفية-এর মধ্যে মূলগঠনের দিক থেকে সন্দেহ থাকার কারণে এ সমস্ত ইসমকে গায়রে মুনসারিফ পড়া ضعيف বা দুর্বল হবে।

* اخيل ও اجدل، افعى এসব ইসমের মধ্যে وصف হওয়াটা একীনী নয়। কেননা, এগুলোর وصف অর্থ ব্যবহারিকভাবে হোক বা গঠনগতভাবে হোক মোটেই উদ্দেশ্য হয় না। গঠনগতভাবে وصف-এর অর্থ উদ্দেশ্য না হবার কারণ হলো উপরোক্ত مواد থেকে নির্গত হওয়াটা সাব্যস্ত নেই। আর ব্যবহারিকভাবে উদ্দেশ্য না হবার হেতু হলো যদিও উপরোক্ত শব্দাবলি নির্দিষ্ট বস্তুর সাথে গুণান্বিত; কিন্তু ব্যবহারিক ক্ষেত্রে ঐ অর্থ লক্ষণীয় নয়। একটি আপত্তি উত্থাপিত হয় যে, উপরোল্লিখিত শব্দাবলিতে وصف-এর অর্থ হওয়া–না হওয়া কোনোটি একীনী নয়; এমতাবস্থায় মুনসারিফ ও গায়রে মুনসারিফ উভয়টি সমান হওয়া সত্ত্বেও মুসান্নিফ (র.) কেন মুনসারিফ হওয়াকে অগ্রাধিকার দিয়ে وَضَعُفَ مَنْعُ الخ বলেছেন ? **উত্তর :** ইসমের আসল হচ্ছে মুনসারিফ হওয়া। কেননা, মুনসারিফ হবার জন্য কোনো সববের প্রয়োজন হয় না। পক্ষান্তরে গায়রে মুনসারিফ হবার জন্য সববের প্রয়োজন হয়। মূলের দিকে দৃষ্টিপাত করত মুনসারিফ হওয়াকে অগ্রাধিকার দিয়েছেন।

তারকীব : قَوْلُهُ فَلِذَالِكَ صُرِفَ اَرْبَعُ الخ : فلذ الك-এর মধ্যস্থিত فاء নতীজার জন্য ব্যবহৃত। ل হরফে জার, ذالك মাজরূর। জার এবং মাজরূর মিলে যরফ লগ্‌ব মুকাদ্দাম হয়েছে صرف ফে'লের সাথে। صرف ফে'ল, اربع فى مررت بنسوة اربع এটি হুকমী হিসেবে নায়েবে ফায়েল, صرف ফে'লে মাজ্‌হুল, তার নায়েবে ফায়েলএবং যরফে লগ্‌ব মুকাদ্দামসহ জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ নাতীজিয়া হয়েছে। اربع মাওসূফ, فى হরফ জার, مررت الخ মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তকার হয়েছে ثابت-এর সাথে। ثابت শিবহে ফে'ল, যমীর هو ফায়েল ও যরফে মুস্তাকার মিলে সিফাত। মাওসূফ ও সিফাত মিলে صرف ফে'লের নায়েবে ফায়েল। مررت بنسوة اربع-এর মধ্যে مررت ফে'ল, تا যমীরে বারেয ফায়েল। با হরফে জার, نسوة মাওসূফ, اربع সিফাত। মাওসূফ ও তার সিফাত মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব হয়েছে। مررت ফে'ল, তার ফায়েল এবং যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে। وامتنع-এর মধ্যে واو হরফে আত্‌ফ, امتنع ফে'ল, اسود মা'তূফ আলাইহ, واو হরফে আত্‌ফ, ارقم মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে যুলহাল। ل হরফে জার, الحية মাজরূর। জার ও মাজরূর মিলে যরফ মুস্তাকার হয়েছে ثابتين উহ্য ফে'লের সাথে। ثابتين শিবহে ফে'ল, যমীর هما ফায়েল, ثابتين শিব্‌হে ফে'ল, তার ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে হাল। যুলহাল ও তার হাল মিলে মা'তূফ আলাইহ। واو হরফে আত্‌ফ, ادهم যুলহাল, ل হরফে জার, قيد মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا উহ্য শিব্‌হে ফে'লের সাথে। ثابتا শিব্‌হে ফে'ল, তার নায়েবে ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে হাল। যুলহাল ও হাল মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে ফায়েল হয়েছে امتنع ফে'লের। امتنع ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। وضعف منع-এর মধ্যে واو হরফে আত্‌ফ, তা পূর্ববর্তী জুমলা صرف-এর উপর আত্‌ফ হয়েছে। ضعف ফে'ল, منع মুযাফ, افعى যুলহাল। ل হরফে জার, الحية মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا উহ্য ফে'লের সাথে। ثابتا শিব্‌হে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে হাল। যুলহাল ও তার হাল মিলে মা'তূফ আলাইহ, واو হরফে আত্‌ফ, اجدل যুলহাল, ل হরফে জার, الصقر মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا উহ্য শিব্‌হে ফে'লের সাথে। ثابتا শিব্‌হে ফে'ল, তার নায়েবে ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে হাল। যুলহাল ও হাল মিলে মা'তূফ। واو হরফে আত্‌ফ اخيل যুলহাল, ل হরফে জার الطائر মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا শিবহে ফে'লের সাথে। ثابتا শিব্‌হে ফে'ল, তার নায়েবে ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে হাল। যুলহাল ও হাল মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ-তার মা'তূফদ্বয় মিলে منع মুযাফের মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে ফায়েল। ضعف ফে'ল-তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে।

اَلتَّانِيْثُ بِالتَّاءِ شَرْطُهُ الْعَلَمِيَّةُ وَالْمَعْنَوِيُّ كَذٰلِكَ وَشَرْطُ تَحَتُّمِ تَاثِيْرِهِ الزِّيَادَةُ عَلَى الثَّلٰثَةِ اَوْ تَحَرُّكُ الْاَوْسَطِ اَوِ الْعُجْمَةُ فَهِنْدٌ يَجُوْزُ صَرْفُهُ وَزَيْنَبُ وَسَقَرُ وَمَاهُ وَجُوْرُ مُمْتَنِعٌ فَاِنْ سُمِّيَ بِهِ مُذَكَّرٌ فَشَرْطُهُ الزِّيَادَةُ عَلَى الثَّلٰثَةِ فَقَدَمُ مُنْصَرِفٌ وَعَقْرَبُ مُمْتَنِعٌ-

---

অনুবাদ : التانيث بالتاء, এটা গায়রে মুনসারিফের সবব হবার জন্য শর্ত হলো علم (নামবাচক বিশেষ্য) হওয়া। অনুরূপভাবে تانيث معنوى -এর জন্যও علم হওয়া শর্ত। তার (تانيث معنوى-এর) প্রতিক্রিয়া (تاثير) ওয়াজিব হবার শর্ত–তিনাক্ষর হতে অতিরিক্ত হওয়া অথবা মধ্যাক্ষর হরকত বিশিষ্ট হওয়া অথবা عجمة (অনারবী) হওয়া। অতএব, هند-কে মুনসারিফ পড়া জায়েজ। আর زَيْنَبُ ، سَقَرُ ، مَاهُ ، جُوْرُ- হলো গায়রে মুনসারিফ। যদি তা দ্বারা কোনো পুরুষের নাম রাখা হয়, তাহলে তার শর্ত হলো তিনাক্ষর হতে অতিরিক্ত হওয়া। তাই قدم মুনসারিফ এবং عقرب গায়রে মুনসারিফ।

ব্যাখ্যা : কোনো লফয প্রথমত দু'ভাবে مؤنث হয়। যথা- (১) التانيث بالتاء যেমন- عائشة (২) التانيث بغير التاء, এটা আবার দু'ধরনের। যথা- (১) اَلتَّانِيْثُ بِالْاَلِفِ الْمَمْدُوْدَةِ (২) اَلتَّانِيْثُ بِالْاَلِفِ الْمَقْصُوْرَةِ।

التانيث দু'প্রকার যথা- (১) اَلتَّانِيْثُ بِالتَّاءِ الْمُقَدَّرَةِ (২) اَلتَّانِيْثُ بِالتَّاءِ الْمَلْفُوْظَةِ -এটাকে التانيث بالتاء المعنوى ও বলা হয়। আবার التانيث بالتاء الملفوظة দু'ভাগে বিভক্ত। যথা- (১) اَلتَّانِيْثُ بِالتَّاءِ الْمُتَحَرِّكَةِ এটা ইসমের বৈশিষ্ট্য। যেমন- ضربت (২) اَلتَّانِيْثُ بِالتَّاءِ السَّاكِنَةِ যেমন- ضاربة এটা ফে'লের বৈশিষ্ট্য।

* قَوْلُهُ وَالْمَعْنَوِيُّ الخ : যেমনিভাবে تانيث لفظى بالتاء-এর মধ্যে علمية শর্ত, তেমনিভাবে تانيث معنوى-এর মধ্যেও علمية শর্ত। কিন্তু পার্থক্য হলো تانيث لفظى-এর মধ্যে علمية শর্ত করা হয়েছে গায়রে মুনসারিফ আবশ্যক হবার জন্য। যেমন- طلحة -একে গায়রে মুনসারিফ পড়া ওয়াজিব। আর تانيث معنوى-এর মধ্যে علمية শর্ত করা হয়েছে গায়রে মুনসারিফ পড়া জায়েজের জন্য। অর্থাৎ- تانيث معنوى-এর মাঝে যখন علمية পাওয়া যাবে তখন মুনসারিফ ও গায়রে মুনসারিফ উভয়ই পড়া জায়েজ। কেননা, তার জন্য وجوب تاثير-এর অন্যান্য শর্তসমূহ রয়েছে, যাকে আল্লামা ইবনে হাজিব (র.) وَشَرْطُ تَحَتُّمِ تَاثِيْرِهِ দ্বারা বর্ণনা করেছেন। تحتم শব্দটি বাবে تفعل-এর মাসদার। এখানে الحتم তথা ثلاثى مجرد-এর অর্থে ব্যবহৃত হয়েছে। আভিধানিক অর্থ–মজবুত পরিপক্ক। এখানে অর্থ হবে ওয়াজিব হওয়া। تانيث معنوى-এর মধ্যে منع صرف-এর প্রতিক্রিয়া (تاثير) ওয়াজিব হবার জন্য শর্ত হলো مانعة الخلو অনুপাতে তিনটি শর্ত হতে কোনো একটি পাওয়া যাওয়া। মানতিকবিদদের পরিভাষায় যদি শুধু মিথ্যা হিসেবে তানাফী ও'আদমে তানাফীর হুকুম আরোপ করা হয়, তবে তা مانعة الخلو হবে। হয়তো কালিমাটি হরফ হতে অতিরিক্ত হবে অথবা যদি তিন হরফ হয়;

তাহলে মধ্যাক্ষর হরকত বিশিষ্ট হবে অথবা عجمة (অনারবি) হবে। এ জন্য যে, যখন তিন হরফ হতে অতিরিক্ত হবে তখন চতুর্থ হরফ لفظى تانيث-এর স্থলাভিষিক্ত হবে এবং وجوب تاثير সাব্যস্ত হবে। চতুর্থ হরফ تانيث-এর স্থলাভিষিক্ত হবার দলিল উদাহরণ স্বরূপ عقوب ; যা তিন হরফ থেকে অতিরিক্ত। যখন مصغر করা হবে, তখন তার তাসগীর আসে عقيرب ; তাই বুঝা গেল এখানে চতুর্থ হরফটি تانيث-এর স্থলাভিষিক্ত; কিন্তু قدم শব্দটি এটার পরিপন্থী। কেননা, তার মধ্যে তাসগীর হয় قديمة তেমনিভাবে যখন ইসমের মধ্যাক্ষর হরকত বিশিষ্ট হবে, তখন এটার متحرك الاوسط হরফটি চতুর্থ হরফের স্থলাভিষিক্ত হবে। আর তা تانيث تاء-এর স্থলাভিষিক্ত হবে। এ অনুপাতে تانيث معنوى-এর মধ্যে এক বিশেষ প্রকারের শক্তি সৃষ্টি হয়। যা দ্বারা ওয়াজিব হিসেবে منع صرف-এর মধ্যে প্রতিক্রিয়াসৃষ্টিকারী হবে। অনুরূপভাবে ইসম যখন عجمة (অনারবি) হবে, তখন ওয়াজিব হিসেবে تانيث معنوى টা منع صرف-এর মধ্যে প্রতিক্রিয়াসৃষ্টিকারী হবে। এরই মাধ্যমে اهل لسان-এর উপর অন্য জাতির ভাষা ভারী হবে। আর এই ভারীত্বের কারণে তার মধ্যে سبب منع صرف হওয়ার ক্ষেত্রে শক্তি সৃষ্টি হয়ে যায়। تانيث معنوى টি تانيث بالتاء-এর তুলনায় وجوب تاثير-এর শর্ত অতিরিক্তভাবে আরোপ করার কারণ হলো فرع টি تانيث معنوى; আর তার তুলনায় تانيث بالتاء হলো اصل তাই এটা জরুরি নয় যে, اصل কে যে জিনিস দ্বারা শক্তিশালী করা হয়, فرع -কেও ঐজিনিস দ্বারা শক্তিশালী করা হবে। হতে পারে اصل -এর জন্য পূর্ব থেকে এমন শক্তি অর্জিত রয়েছে যা فرع -এর জন্য নেই। সুতরাং এরই ভিত্তিতে فرع-এর تاثير-এর জন্য অতিরিক্ত শক্তির প্রয়োজন রয়েছে। তার জন্য ঐ قوة বা শক্তি যথেষ্ট নয় যা اصل-এর জন্য রয়েছে।

قَوْلُهُ فَهِنْدٌ الخ : এটি পূর্বাংশের উপর تفريع , এ দ্বারা উদ্দেশ্য হলো هند-এর মধ্যে যদিও দু'সবব علمية ও تانيث معنوى পাওয়া যায়; কিন্তু যেহেতু تانيث معنوى-এর وجوب تاثير-এর শর্ত এখানে বিদ্যমান নেই। কাজেই এটাকে গায়রে মুনসারিফ পড়া জায়েজ এবং মুনসারিফ পড়াও জায়েজ।

قوله و زينب الخ : এই চার প্রকারের اسم যথা- جور ও ماه ، سقر، زينب গায়রে মুনসারিফ। زينب একজন মহিলার নাম। এর মধ্যে تانيث معنوى ও علمية-এর وجوب تاثير শর্তসহ পাওয়া গেছে, তা হলো الزيادة على الثلثة (তিনাক্ষর হতে অতিরিক্ত হওয়া)। আর سقر দোজখের একটি স্তরের নাম। এর মধ্যে علمية ও تانيث معنوى-এর وجوب تاثير শর্তসহ (তথা মধ্যাক্ষর হরকত বিশিষ্ট হওয়া) পাওয়া গেছে. তা হলো تانيث معنوى-এর وجوب تاثير শর্তসহ পাওয়া যায়। তা হলো عجمة (অনারবি) হওয়া। وجوب تاثير (প্রতিক্রিয়া ওয়াজিব হওয়া)-এর শর্ত পাওয়া গেলে গায়রে মুনসারিফ পড়া একান্ত আবশ্যক।

قَوْلُهُ فَإِنْ سُمِّيَ بِهِ الخ : এখান থেকে মুসান্নিফ (র.) ঐ مؤنث معنوى-এর হুকুম বর্ণনা আরম্ভ করেছেন, যা দ্বারা কোনো পুরুষের নাম রাখা হয়। যদি مؤنث معنوى দ্বারা কোনো পুরুষের নাম রাখা হয়, তখন এর منع صرف-এর মধ্যে مؤثر হওয়ার শর্ত হলো কালিমা তিন হরফ থেকে অতিরিক্ত হওয়া। আর বাকি দু'টি শর্ত تحرك الاوسط ও عجمة হওয়া। এগুলো এখানে যথেষ্ট নয়। কারণ, যখন مؤنث معنوى দ্বারা পুরুষের নাম রাখা হয়, তখন تانيث টা একেবারে শেষ হয়ে যায়। সে সময় তার منع صرف এ مؤثر হওয়ার জন্য কোনো শক্তিশালী শর্তের প্রয়োজন হয়। আর তা হলো اَلزِّيَادَةُ عَلَى الثَّلٰثَةِ। তাই এখানে চতুর্থ হরফ تانيث-এর স্থলাভিষিক্ত হয়ে যাবে। এ অনুপাতে تحرك الاوسط টা প্রতিনিধির প্রতিনিধি হয়ে যাবে। কেননা, মধ্যাক্ষর হরকতযুক্ত হওয়াটা চতুর্থ হরফের প্রতিনিধি। আর তা تانيث-এর প্রতিনিধি। বিশ্লেষকদের মতে, তাকে গণ্যকরা দূরবর্তী ও অসামঞ্জস্যপূর্ণ ব্যাপার। এ কিয়াসের ভিত্তিতে বুঝা যায় যে, عجمة একমাত্র আপেক্ষিক বস্তু। তার প্রভাব (تاثير) শব্দগতভাবে প্রকাশিত হবে না। কাজেই এ জায়গায় মধ্যাক্ষর হরকত বিশিষ্ট হওয়া ও অনারবি হওয়া শর্ত দু'টি গৃহীত হবে না। شرائط تاثير-এর মধ্যে একমাত্র اَلزِّيَادَةُ عَلَى الثَّلٰثَةِ গ্রহণযোগ্য হবে।

قَوْلُهُ فَقَدَمُ مُنْصَرِفٌ : উল্লিখিত শর্তের উপর تفريع আর তা দ্বারা উদ্দেশ্য হলো, قدم শব্দটি مؤنث سماعى - কেউ যদি কোনো পুরুষের নাম রাখে, তাহলে মুনসারিফ হয়ে যাবে। কেননা, তার দ্বারা পুরুষের নাম রাখার কারণে تانيث দূর হয়ে

অর্থ আর তা اَلزِّيَادَةُ عَلَى الثَّلٰثَةِ নয় ; যার কারণে তার চতুর্থ হরফ تانيث-এর স্থলাভিষিক্ত হতে পারে না। এটি عقرب-এর বিপরীত।

قَوْلُهٗ عَقْرَبُ مُمْتَنِعٌ : عقرب অর্থ বিচ্ছু, বৃশ্চিক। عقرب দ্বারা কোনো পুরুষের নাম রাখা না হলেও গায়রে মুনসারিফ হবে কেননা, পুরুষের নাম রাখার কারণে যদিও تانيث দূর হয়ে গেছে, কিন্তু তার স্থলাভিষিক্ত চতুর্থ হরফ বিদ্যমান রয়েছে কাজেই عقرب-এর মধ্যে একটি সবব علمية ; অপরটি تانيث حكمى যা تانيث معنوى-এর স্থলাভিষিক্ত। এ দুটি সবব হওয়ার কারণে এটি গায়রে মুনসারিফ হয়েছে।

তারকীব : قَوْلُهٗ اَلتَّانِيْثُ بِالتَّاءِ شَرْطُهُ الْعَلَمِيَّةُ الخ : التانيث যুলহাল, باء হরফে জার, التاء মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا উহ্য ফে'লের সাথে। ثابتا ইসমে ফায়েল, অন্তর্নিহিত যমীর هو ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে হাল। যুলহাল ও হাল মিলে মুবতাদায়ে আউওয়াল। شرط মুযাফ, ه মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদায়ে ছানী, العلمية খবর। মুবতাদায়ে ছানী ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে খবর। মুবতাদায়ে আউওয়াল ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ, المعنوى সিফাত, التانيث মাওসূফ। মাওসূফ ও সিফাত মিলে মুবতাদা। ك হরফে জার, ذالك মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت-এর সাথে। ثابت ইসমে ফায়েল, যমীর هو ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। واو হরফে আত্ফ, شرط মুযাফ, تحتم মুযাফ ইলাইহ মুযাফ, تاثير মুযাফ ইলাইহ মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ, تاثير মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মুযাফ ইলাইহ হয়েছে تحتم মুযাফের। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুযাফ ইলাইহ হয়েছে شرط মুযাফের। شرط মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। الزيادة মাসদার শিবহে ফে'ল, তার هو ফায়েল, على হরফে জার, الثلاثة মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব হয়েছে الزيادة মাসদারের সাথে। মাসদার, তার ফায়েল ও যরফে লগ্ব মিলে মা'তূফ আলাইহ। او হরফে আত্ফ, تحرك মুযাফ, الحرف উহ্য মাওসূফ, الاصلى সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মুযাফ ইলাইহ। تحرك মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মা'তূফ, واو হরফে আত্ফ, العجمة মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার উভয় মা'তূফ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ। فاء ফসীহা, هند মুবতাদা, يجوز ফে'ল, صرف মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে ফে'ল. يجوز ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে জাযা اذا كان الامر كذا উহ্য শর্ত। শর্ত ও তার জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ, زينب মা'তূফ আলাইহ, অতঃপর زينب মা'তূফ আলাইহ তার وسقر وماء وجور মা'তূফত্রয় মিলে মুবতাদা। ممتنع ইসমে ফায়েল, উহ্য هو ফায়েল। ممتنع ইসমে ফায়েল ও তার ফায়েল মিলে খবর। মুবতাদাও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। فاء তাফসীলের জন্য, ان হরফে শর্ত। سمى ফে'ল, باء হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে مذكر নায়েবে ফায়েল, سمى ফে'ল তার ফায়েল এবং মুতা'আল্লাক মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। فاء জাযাইয়্যাহ. شرط মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। الزيادة মাসদার, على হরফে الثلاثة মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। الزيادة তার যরফে লগ্ব মিলে জাযা। اذا كان الامر كذا শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। فاء ফসীহা, قدم মুবতাদা, منصرف ইসমে ফায়েল শিব্হে ফে'ল ও তার যমীর هو নায়েবে ফায়েল। শিবহে ফে'ল, তার ফায়েল মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে জাযা, اذا كان الامر كذا শর্ত। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। واو হরফে আত্ফ, عقرب মুবতাদা, ممتنع শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল। শিবহে ফে'ল ও তার নায়েবে ফায়েল মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

اَلْمَعْرِفَةُ شَرْطُهَا اَنْ تَكُوْنَ عَلَمِيَّةً ، اَلْعُجْمَةُ شَرْطُهَا اَنْ تَكُوْنَ عَلَمِيَّةً فِى الْعُجْمَةِ وَتَحَرُّكُ الْاَوْسَطِ اَوِ الزِّيَادَةُ عَلَى الثَّلٰثَةِ فَنُوْحٌ مُنْصَرِفٌ وَشَتَرُ وَاِبْرَاهِيْمُ مُمْتَنِعٌ -

---

অনুবাদ : المعرفة। তার শর্ত علم তথা নামবাচক বিশেষ্য হওয়া। العجمة। তার শর্ত অনারবি ভাষায় علم হওয়া এবং মধ্যাক্ষর হরকত বিশিষ্ট হওয়া অথবা তিনাক্ষর হতে বেশি হওয়া। অতঃপর نوح (শব্দটি) মুনসারিফ এবং شتر (বকর শহরে বিদ্যমান একটি কিল্লার নাম) ও ابراهيم গায়রে মুনসারিফ।

ব্যাখ্যা : মুসান্নিফ (র.) تانيث-এর বর্ণনার পর المعرفة। উল্লেখ করেছেন। কেননা, تانيث-এর মধ্যে معرفة শর্ত, এরপর عجمة-এর আলোচনা এনেছেন, যেহেতু عجمة-এর মধ্যেও معرفة শর্ত। প্রকাশ থাকে যে, تانيث-এর মধ্যে معرفة হওয়া সব সময় শর্ত। تانيث-এর পর معرفة ও عجمة-কে পরপর এনেছেন تانيث-এর বর্ণনার পরিপূর্ণতার উদ্দেশ্যে। এরপর تانيث-এর শর্তসমূহ তথা معرفة ও عجمة-এর বর্ণনার শেষে جمع-এর আলোচনা আরম্ভ করেছেন। কেননা, تانيث ও جمع-এর মধ্যে মিল রয়েছে যে, উভয়ই এক সবব দু'সববের স্থলাভিষিক্ত হয়।

* এ কথা মেনে নেওয়া যায় না যে, معرفة টি منع صرف-এর সববসমূহের মধ্যে একটি সবব। কেননা, منع صرف-এর সবব হলো تعريف ; معرفة নয়। معرفه ঐ ইসমকে বলে যার মধ্যে تعريف হয়ে থাকে। যেরূপ - منع صرف-এর সবব; مؤنث নয়। এ প্রশ্নের কয়েকটি উত্তর দেওয়া যায়। প্রথমত এখানে মুযাফ উহ্য রয়েছে। অর্থাৎ تعريف المعرفة। দ্বিতীয়ত معرفة টি معرفة অনুপাতে হওয়া উদ্দেশ্য। তৃতীয়ত معرفة দ্বারা تعريف উদ্দেশ্য, কোনো সময় محل উল্লেখ করে مال উদ্দেশ্য নেওয়া হয়। যেমন- سَالَ الْمِيْزَابُ يَعْنِىْ مَاءُ الْمِيْزَابِ অর্থ-ড্রেনের পানি প্রবাহিত হয়েছে। এখানেও তদ্রূপ محل তথা المعرفة। উল্লেখ করত حال তথা التعريف। উদ্দেশ্য নেওয়া হয়েছে। ঐ দিকেই ইশারা করতে গিয়ে আল্লামা আব্দুর রহমান জামী (র.) المعرفة اى التعريف। বলেছেন।

* মুসান্নিফ (র.) التعريف। বলেননি কেন ? যাতে কোনো সমস্যা সৃষ্টি না হয় এবং এ সমস্ত বানোয়াটি জরুরি না হয়। তদুত্তরে বলা হবে মুসান্নিফের কবিতাকারে লিখিত "الشافيه" কিতাবে منع صرف-এর সববসমূহ আলোচনা করতে গিয়ে المعرفة। বলেছেন। এ কারণে এখানেও المعرفة। উল্লেখ করা হয়েছে যাতে বিস্তারিত বিবরণ সংক্ষিপ্ত আলোচনার সাথে একাকার হয়ে যায়।

* কবিতার মধ্যে معرفة কেন পতিত হয়েছে ? এ প্রশ্নের জবাবে বলা যায় شعر-এর ওযন ঠিক রাখার জন্য এরূপ করা হয়েছে।

معرفة-এর প্রকারভেদ : "جمع الغموض"-এর মুসান্নিফ শায়খ আব্দুন নবী (র.) বলেছেন معرفة পাঁচ প্রকার যেমন, কোনো একজন বুজুর্গ কবিতাকারে বলেছেন-

معرفة هم پنج اند وازان بيش ونه كم * مضاف ومضمر و ذو اللام ومبهم است وعلم

অধিকাংশ নাহুবিদ্দের মতে معرفة হলো সাত প্রকার। যথা-

(١) اسم اشارة (٢) اسم موصول (٣) علم (٤) مضاف (٥) معرف باللام (٦) منادى (٧) ضمير

قَوْلُهُ مَعْرِفَة : এটি علم হওয়ার জন্য শর্ত হওয়া। যেমন- عمر-এর মধ্যে এক সবব معرفة অপর সবব عدل -যদি কেউ বলে معرفة-এর অনেক প্রকার রয়েছে, এগুলোর মধ্যে হতে علم-কে কেন সববের মধ্যে গণ্য করা হয়েছে ? তদুত্তরে বলা যায়, اقسام معرفه হতে শুধু علمية কে গণ্য করার কারণ معرفة-এর অনেক প্রকার রয়েছে

যেমন- ضمير ও اسم الاشارة، اسم الموصول অথচ গায়রে মুনসারিফ প্রকৃতপক্ষে মু'রাবের একটি প্রকার। আর معرف باللام এ দু'টি গায়রে মুনসারিফ এ পরিণত করে থাকে, আবার منادى নাহুশাস্ত্রবিদ্‌দের মতে معرف باللام-এর অন্তর্ভুক্ত। তাই একমাত্র علم-ই গায়রে মুনসারিফের সবব হওয়ার যোগ্যতা সম্পন্ন।

* যদি কেউ প্রশ্ন করে, যখন اقسام معرفة-এর মধ্যে হতে কেবলমাত্র علمية-ই منع صرف-এর সবব, তাই দীর্ঘ আলোচনা না করে المعرفة-এর পরিবর্তে علمية বলেননি কেন? উত্তর : اسباب منع صرف হতে প্রত্যেক সবব অন্য فرع. মা'রেফাকে علمية-এর তুলনায় নাকেরার فرع হওয়া অত্যধিক প্রকাশ্য। মা'রেফাকে منع صرف-এর সবব علمية-কে তার শর্ত নির্ণয় করা হয়।

* عَلَمْ অন্যান্য আটটি সববের মধ্য হতে عدل ও وزن فعل، عجمه، تانيث ، الف ونون زائدتان ، تركيب مزجى-এর যে কোনো একটি সববের সাথে মিলিত হয়ে ইসমকে গায়রে মুনসারিফ বানাতে পারে। তার বিবরণ হলো- (১) تركيب مزجى এমন যৌগিক শব্দ যার দ্বিতীয় প্রথম শব্দটি প্রথম শব্দের শেষাংশের সাথে মিলিত হয়ে একই শব্দে পরিণত হয়েছে। এমতাবস্থায় দ্বিতীয় শব্দের শেষাংশে সর্ব প্রকারের এ'রাব তথা معرب বা مبنى-এর আলামত জারি হবে। যেমন- بعلبك ; نون ও الف এমন শব্দ যার শেষে অতিরিক্ত الف ونون زائدتان (২) تركيب مزجى-এর সাথে علمية মিলিত হয়। যদি আলিফ ও নূন অক্ষর দু'টি কোনো শব্দের মূলাংশ হয়, তাহলে গায়রে মুনসারিফ হবে না। যেমন- مروان- الف ونون زائدتان-এর সাথে علمية যোগ হয়ে থাকে। (৩) تانيث এমন শব্দ যার শেষে تاء হবে এবং শব্দটি علم হবে। চাই তা পুরুষের علم হোক। যেমন- طلحة অথবা মহিলার علم হোক। যেমন- فاطمة (৪) عجمة এমন শব্দ যা আরবি। এটি علم-এর সাথে মিলে যে কোনো শব্দকে দু'টি শর্তসাপেক্ষে গায়রে মুনসারিফ করে দেয়। যথা- (১) عجمة হে علم হওয়া (২) তিনাক্ষর হতে অতিরিক্ত হওয়া। (৫) وزن فعل অর্থাৎ শব্দটি ফে'লের ওযনের সাথে خاص হওয়া। যেমন- ضرب ; এটিতে وزن فعل এবং علم দু'টো سبب মিলে গায়রে মুনসারিফ হয়েছে। (৬) عدل কোনো اسم তার মূলরূপ থেকে পরিবর্তন হওয়া, চাই সেই عدل টি তাহক্বিকী হোক বা তাক্বদীরী হোক। তার সাথে علم মিলিত হলে গায়রে মুনসারিফ হয়ে যায়।

قَوْلُهُ اَلْعُجْمَةُ : عجمة-এর সবব হওয়ার জন্য শর্ত হলো অনারবি ভাষায় কোনো কিছুর নাম হওয়া। কেননা, عجمة হলো তা যাকে অনারবী প্রণয়ন করেছেন। এটা প্রকাশ্য যে, আরবি শব্দ না হলে তাকে উচ্চারণ করা আরববাসীদের উপর কঠিন হয়। তাই আরববাসীরা তার ভারীত্ব দূর করার জন্য তার মধ্যে কিছু تصرف (রদবদল) করে থাকে, আর যেহেতু عجمة-এর منع صرف-এর সবব হওয়া কেবল নিজের ثقل-এর কারণে। তাই عجمة হতে ثقالة (ভারীত্ব) চলে যায়। কাজেই তা সববের উপযুক্ত হতে পারে না। সুতরাং তার মধ্যে এ শর্ত করা হয়েছে যে, لغة عجم-এর মধ্যে কোনো কিছুর علم হওয়া। তা হাক্বিকীভাবে হোক। যেমন- ابراهيم, এটি আজমীদের নিকট علم অথবা হুকমীভাবে হোক যেমন- قالون, এটি لغة عجم-এর মধ্যে কোনো কিছুর নাম নয়। প্রত্যেক শক্তিশালী, উত্তম, উর্বর বস্তুকে قالون বলা হয়। আর আরবদেশে উত্তম কিরাতের কারণে قراء سبعة (সাত কারী)-এর মধ্য হতে একজন কারীর নাম হয়ে গেছে।

قَوْلُهُ تَحَرُّكُ : এটি عجمة গায়রে মুনসারিফের সবব হওয়ার জন্য দ্বিতীয় সুরত। মূল এবারত আলোচিত দু'টি সূরত থেকে একটি পাওয়া যাওয়া জরুরি। হয়তো علمية-এর মধ্যাক্ষর হরকত বিশিষ্ট হবে অথবা متحرك الاوسط না হলে তিন হরফ থেকে অতিরিক্ত হবে। عجمة-এর মধ্যে এ শর্তটি সাব্যস্ত করার কারণ হলো, عجمة আপেক্ষিক বস্তু। শব্দের মধ্যে তার কোনো প্রকাশ্য প্রভাব পড়ে না। যদি মধ্যাক্ষর হরকত বিশিষ্ট না হয় তাহলে কালিমা তিন হরফ থেকে অতিরিক্ত হওয়া উচিত। যেন ثقالة (ভারীত্ব) সৃষ্টি হয়ে তা গায়রে মুনসারিফের সবব হওয়া শুদ্ধ হয়।

* মুসান্নিফ (র.) প্রথমে عدم شرط-এর উপর تفريع বর্ণনা করেছেন। এরপর وجود شرط-এর উপর تفريع বর্ণনা করেছেন। অথচ যুক্তিসঙ্গত ছিল وجود شرط-এর উপর تفريع বর্ণনা করার পর عدم شرط-এর উপর تفريع বর্ণনা করা। এরূপ করার কারণ হলো- এটা দ্বারা তিনি এমন কতেক নাহুবিদদের মতামতকে খণ্ডন করা উদ্দেশ্য করেছেন, যারা هند-এর

উপর نوح-কে কিয়াস করত نوح শব্দকে মুনসারিফ ও গায়রে মুনসারিফ পড়া বৈধ বলে থাকেন। বিবরণ হলো, কতেক নাহুবিদ বলে থাকেন, যেমনিভাবে هند-এর মধ্যে تانيث টি تحرك الاوسط-এর সাথে শর্তযুক্ত ছিল। আর تحرك الاوسط না হওয়া অবস্থায় علمية ও تانيث معنوى-এর কারণে তাকে গায়রে মুনসারিফ পড়া বৈধ ছিল, তেমনিভাবে نوح-এর মধ্যে عجمة পাওয়া যাওয়ার শর্তে تحرك الاوسط না হওয়ার পরও علمية ও عجمة-এর কারণে তাকে মুনসারিফ পড়া বৈধ হওয়া উচিত; কাজেই জমহুরের পক্ষ থেকে আল্লামা ইবনে হাজিব (র.) উত্তর দিচ্ছেন যে, عجمة-এর তুলনায় تانيث শক্তিশালী। কারণ تانيث-এর اثر (প্রভাব) কখনও لفظ-এর মধ্যে প্রকাশ হয়ে থাকে। যেমন–هند-এর تصغير-هنيدة আসে; কিন্তু عجمة তার বিপরীত। তার اثر মোটেই শব্দে প্রকাশিত হয় না। তাই تانيث ও عجمة-এর মধ্যে পার্থক্য রয়েছে। আর هند-এর উপর نوح শব্দকে অনুমান করা قياس مع الفارق ; সুতরাং نوح শব্দ মুনসারিফ হবে এবং هند শব্দটি মুনসারিফ ও গায়রে মুনসারিফ উভয়টি পড়া বৈধ।

* نوح শব্দটি দ্বিতীয় শর্তের দৃষ্টিতে মুনসারিফ যদিও বা نوح শব্দটি عجمة-এর মধ্যে علم ; কিন্তু তিনাক্ষর বিশিষ্ট ساكن الاوسط হয়েছে। এ কারণেই মুসান্নিফ (র.)-এর মতে نوح শব্দটি ওয়াজিব হিসাবে মুনসারিফ; কেননা, عجمة হলো দুর্বল সবব। যেহেতু এটা معنوى বস্তু। তাই তিনাক্ষর বিশিষ্ট ساكن الاوسط হওয়ার সময়ে তার প্রভাব বৈধ হবে না। একটি প্রশ্ন উত্থাপিত হয় যে, ساكن الاوسط হওয়া সত্ত্বেও তার প্রভাবকে কেন গণ্য করেছেন ? যেহেতু তিনি বলেছেন فهند يجوز صرفه তদুত্তরে বলা হয় قياس مع الفارق করাটা عجمة-এর উপর تانيث-কে ; কেননা, تانيث معنوى টা উহ্য প্রতীক। কোনো কোনো ক্ষেত্রে তার প্রভাব প্রকাশ পায়। যেমন– تصغير-এর সময়ে তা প্রকাশিত হয়। تانيث معنوى-এর মধ্যে এক ধরনের শক্তি রয়েছে বিধায় তিনাক্ষর বিশিষ্ট ساكن الاوسط হওয়ার সময়েও তাকে গণ্য করা বৈধ।

قَوْلُهُ شَتُرُ وَإِبْرَاهِيْمُ : شتر শব্দটি تحرك الاوسط হওয়া এবং ابراهيم শব্দটি তিনাক্ষরের অধিক হওয়ার কারণে গায়রে মুনসারিফ। شتر একটি দুর্গের নাম, যা বকর শহরে বিদ্যমান। কেউ কেউ বকর শহরের নাম شتر বলে মত প্রকাশ করেছেন। আর তারা বলেছেন, শব্দটি عجمه ও علمية-এর কারণে গায়রে মুনসারিফ নয় ; বরং علمية ও تانيث معنوى-এর কারণে গায়রে মুনসারিফ হয়েছে। কেননা, শহরগুলো تانيث হয়ে থাকে।

* মুসান্নিফ (র.) একটি জরুরি বিষয়কে পরিত্যাগ করেছেন আর তা হলো প্রথম শর্তের পর تفريع বর্ণনা না করে দ্বিতীয় শর্তের تفريع বর্ণনা করেছেন; কিন্তু প্রথমটির تفريع বর্ণনা করার পর দ্বিতীয়টির تفريع-কে বর্ণনা করা সমীচীন ছিল। **উত্তর :** মুসান্নিফ (র.) দ্বিতীয় শর্তের تفريع-কে এ জন্য উপস্থাপন করেছেন যে, এটি مختلف فيه - কেননা, তিনাক্ষর বিশিষ্ট ساكن الاوسط হয়ে যে عجمة হয়, অধিকাংশ নাহুবিদ্দের মতে তা سبب مؤثر হয়ে থাকে। কতেক নাহুবিদদের মতে হয় না। কাজেই দ্বিতীয় শর্তের تفريع-কে গুরুত্বারোপের জন্য উল্লেখ করা হয়েছে তা প্রথম শর্তের বিপরীত। কেননা, প্রথম শর্তটি متفق عليه তাইতো عجمة নাকেরা হলে সর্বসম্মতিক্রমে مؤثر হয় না। এ জন্যই প্রথম تفريع-কে বর্ণনা করা জরুরি নয়। এ দিকেই আশেকে রাসূল @ আব্দুর রহমান জামী (র.) ইঙ্গিত করত বলেছেন–وَإِنَّمَا خُصَّ تَفْرِيْعُ بِالشَّرْطِ الثَّانِيْ । সারকথা, মুসান্নিফ (র .) فنوح منصرف বলার মাধ্যমে কোনো تفريع বর্ণনা করা উদ্দেশ্য নয়। কাজেই কোনো জটিলতা থাকে না। তাঁর কাছে সত্য হিসেবে প্রমাণিত একটি কথার দিকে সতর্ক করে দেওয়াই উদ্দেশ্য, তা হলো نوح শব্দটি মুনসারিফ। কেননা, যদি দ্বিতীয় শর্তের تفريع বর্ণনা করা উদ্দেশ্য হতো, তাহলে ابراهيم ও شتر শব্দদ্বয় গায়রে মুনসারিফ হওয়াকে نوح শব্দটি মুনসারিফ হওয়ার উপর মুকাদ্দাম করা হতো। কেননা, شرط ثانى-এর অস্তিত্ব সুস্পষ্টভাবে উল্লেখ রয়েছে। পক্ষান্তরে نوح শব্দের মধ্যে দ্বিতীয় শর্ত অনুপস্থিত। উল্লেখ্য যে, ছয়টি নাম ব্যতীত সমস্ত আম্বিয়ায়ে কেরাম (আ.)-এর নাম গায়রে মুনসারিফ। যেমন কেউ কবিতা আকারে উল্লেখ করেছেন–

گر ہمی خواہی کہ دانی اسم ہر پیغمبرے * تاکدام است ای برادر نزد نحوی منصرف
صالح وهود ومحمد وشعیب ونوح ولوط * منصرف دان دگر باقی ہمہ لاینصرف

نوح - نوح শব্দদ্বয় عجمة হওয়া সত্ত্বেও عجمة-এর تاثير شرط পাওয়া না যাওয়ার কারণে মুনসারিফ হয়েছে। কেউ কেউ বলেছেন هود শব্দটি ও عجمة আর এটা সীবাওয়াইহের মাযহাব; এ কথা প্রসিদ্ধ যে, তিনি (هود) হযরত ইসমাঈল (আলাইহিস সালাম)-এর اولاد নন। স্বতঃসিদ্ধ করা যে, যা হযরত ইসমাঈল (আ.)-এর পূর্বকালের তাই আজমী كذا فى التواريخ السقيه আর এটি সীবাওয়াইহের থেকে বর্ণিত প্রসিদ্ধ উক্তি। কেউ বলেছেন, আল্লামা যামখ্শারী কাশ্শাফের মধ্যে উল্লেখ করেছেন, হযরত আদম (আ.) আরবি ভাষায় কথোপকথন করতেন। তদুত্তর হলো হযরত আদম (আ.) সকল ভাষায় কথা বলতে সক্ষম ছিলেন। কাজেই আরবি ভাষায় কথা বলা এ কথাকে আবশ্যক করে না, তিনি নিজেই আরবি লোক ছিলেন। কেননা, সর্ব সময়ে আরবি ভাষায় কথা বলা লোক আরবি হওয়াকে আবশ্যক করে। হযরত আদম (আ.)-এর বংশধর থেকে হযরত ইসমাঈল (আ.)-এর যুগ পর্যন্ত কেউ আরবি ভাষা ব্যবহার করেনি।

তরকীব : قَوْلُهُ اَلْمَعْرِفَةُ شَرْطُهَا اَنْ تَكُوْنَ الخ : المعرفة মুবতাদায়ে আউওয়াল, شرط মুযাফ, ه মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদায়ে ছানী। ان মাওসূলে হরফ, تكون ফে'লে নাকেস, যমীর هى তার ইসম, علمية খবর। تكون ফে'লে নাকেস- তার ইসম এবং খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূফ ও তার সেলাহ মিলে মুবতাদায়ে ছানী ও তার খবর মিলে খবর হয়েছে। মুবতাদায়ে আউওয়াল ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। العجمة মুবতাদায়ে আউওয়াল, شرط মুযাফ, ها মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদায়ে ছানী। ان মাওসূলে হরফী, تكون ফে'লে নাকেস, উহ্য যমীর هى ইসম, علمية খবর। فى হরফে জার, العجمة মাজরূর। জার ও মাজরূর মিলে মুতা'আল্লিক হয়েছে تكون ফে'লের সাথে, تكون ফে'লে নাকেস, তার ইসম ও খবর এবং যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূফ ও সেলাহ মিলে মা'তূফ আলাইহ। واو হরফে আত্‌ফ تحرك মুযাফ, الحرف উহ্য মাওসূফ, واو সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ আলাইহ। او হরফে আত্‌ফ। الزيادة মাসদার শিব্‌হে ফে'ল, তার মধ্যে অন্তর্নিহিত যমীর ফায়েল, على হরফে জার, الثلثة মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব হয়েছে الزيادة-এর সাথে। الزيادة শিব্‌হে ফে'ল, তার ফায়েল ও যরফে লগ্‌ব মিলে মা'তূফ। تحرك মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে খবর। মুবতাদায়ে ছানী ও তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে খবর মুবতাদায়ে আউওয়াল ও তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। فاء টি ফসীহা, نوح মুবতাদা, منصرف ইসমে ফায়েল, যমীর هو উহ্য ফায়েল। منصرف ইসমে ফায়েল ও তার ফায়েল মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে জাযা। اذا كان الامر كذا উহ্য শর্ত। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। واو হরফে আত্‌ফ। شتر মা'তূফ আলাইহ, واو হরফে আত্‌ফ, ابراهيم মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মুবতাদা, ممتنع ইসমে ফায়েলের সীগাহ শিব্‌হে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল। শিব্‌হে ফে'ল, তার নায়েবে ফায়েল মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে।

اَلْجَمْعُ شَرْطُهٗ صِيْغَةُ مُنْتَهَى الْجُمُوْعِ بِغَيْرِ هَاءٍ كَمَسَاجِدَ وَمَصَابِيْحَ وَاَمَّا فَرَازِنَةٌ فَمُنْصَرِفٌ وَحَضَاجِرُ عَلَمًا لِلضَّبُعِ غَيْرُ مُنْصَرِفٍ لِاَنَّهٗ مَنْقُوْلٌ عَنِ الْجَمْعِ وَسَرَاوِيْلُ اِذَا لَمْ يُصْرَفْ وَهُوَ الْاَكْثَرُ فَقَدْ قِيْلَ اَعْجَمِيٌّ حُمِلَ عَلٰى مَوَازِنِهٖ وَقِيْلَ عَرَبِيٌّ جَمْعُ سِرْوَالَةٍ تَقْدِيْرًا وَاِذَا صُرِفَ فَلَا اِشْكَالَ وَنَحْوُ جَوَارٍ رَفْعًا وَجَرًّا كَقَاضٍ -

অনুবাদ : الجمع,. এটার শর্ত هاء ব্যতীত। متنهى الجموع-এর সীগাহ (রূপ) হওয়া যেমন-مَسَاجِدُ (মসজিদসমূহ), مَصَابِيْحُ (প্রদীপসমূহ)। অতঃপর فَرَازِنَةٌ (দাবাখেলার মন্ত্রী) হলো মুনসারিফ। حَضَاجِرُ গোরখোদক জন্তু (ফারসি ভাষায় گورکن গোরকন)-এর علم (নামবাচক বিশেষ্য) হওয়া অবস্থায় তা গায়রে মুনসারিফ। কেননা, এটা جمع থেকে স্থানান্তরিত। আর سَرَاوِيْلُ যখন মুনসারিফ পড়া হয় না, ব্যবহারের ক্ষেত্রে এটা অধিক প্রচলিত। অতঃপর কেউ বলেছেন এটি (سَرَاوِيْلُ) আজমী। এটাকে তার (جمع منتهى الجموع) ওযনসমূহের উপর ব্যবহার করা হয়েছে। আর কেউ বলেছেন, এটি আরবি। মেনে নেওয়া অনুপাতে سِرْوَالَةٌ-এর বহুবচন। যদি এটাকে মুনসারিফ পড়া হয়, তাহলে কোনো সমস্যা থাকে না। جَوَارٍ-এর সমগোত্রীয় শব্দগুলো رفع ও جر-এর অবস্থায় قَاضٍ শব্দের মতো হয়ে থাকে।

ব্যাখ্যা : قَوْلُهُ اَلْجَمْعُ : عجمة -এর বর্ণনা থেকে অবসর হয়ে মুসান্নিফ (র.) جمع-এর বর্ণনা শুরু করেছেন, যা নয়টি সববের মধ্যে ষষ্ঠতম। একটি আপত্তি উত্থাপিত হয় যে, جمع-কে নয়টি সববের মধ্যে গণনা করা ঠিক নয়। কেননা, جمع ইসমের সমগোত্রীয়, যার বর্ণনা সামনে আসবে। আর সবব নয়টি হলো اسم-এর সিফাতের সমগোত্রীয়। **উত্তর :** এখানে جمع রূপকার্থে جمعية উদ্দেশ্য, যা ملزوم তথা اطلاق ملزوم واردة لازم প্রয়োগ করত لازم উদ্দেশ্য নেওয়ার অন্তর্ভুক্ত।

* جمع منتهى الجموع এমন جمع যার পরে আর جمع হতে পারে না। جموع শব্দটি جمع-এর বহুবচন। যেমন- واحد-এর বহুবচন احاد আর انتهاء থেকে منتهى নির্গত হয়েছে। এটা বাবে افتعال-এর মাসদার। অর্থ- কোনো কিছু শেষ সীমায় পৌছা, চূড়ান্ত পর্যায়ে পৌছা। جمع منتهى এটি দু'সববের স্থলাভিষিক্ত হওয়ার কারণ যেহেতু এটা এমন এক ধরনের جمع , যার পরে আর جمع হতে পারে না। যেমন- مساجد এটা مسجد-এর جمع, তার আর جمع হতে পারে না। كلب-এর বহুবচন اكلب-এর বহুবচন اكالب আর منتهى الجمع -এর পরিচয় বহুবচনের الف-এর পরে দু'টি হরফ হওয়া। যেমন- مساجد অথবা তাশদীদযুক্ত একটি অক্ষর হওয়া। যেমন- دواب অথবা তিনাক্ষর হবে; যার মধ্যাক্ষর সাকিন। যেমন- مصابيح এই منتهى الجموع -এর সীগাহকে جمع-এর জন্য শর্তারোপ করা হয়েছে, যেন তার মধ্যে কোনো রূপ পরিবর্তন হতে না পারে। কেননা, এটা পুনরায় جمع تكسير আসে না বিধায় এক প্রকারের দৃঢ়তার কারণে দু'সববের تاثير (প্রভাব) সৃষ্টি হয়ে যায়।

* الجمع -এর মধ্যস্থিত আলিফ-লামটি عهد خارجى অর্থাৎ ঐ جمع যা দু'সববের স্থলাভিষিক্ত। এখানে جمع বলতে جمع من حيث الجمع উদ্দেশ্য, পারিভাষিক جمع উদ্দেশ্য নয়। এখানে جمع দ্বারা فرد كامل উদ্দেশ্য। আর তা হলো جمع مكسر , কারণ جمع سالم-এর মধ্যে واحد-এর ভিত্তি ঠিক থাকে, যেন এটি جمع-ই হয়নি।

قَوْلُهُ بِغَيْرِ هَاءٍ الخ : যে সমস্ত جمع দু'সববের স্থলাভিষিক্ত হবে ঐ গুলোতে منتهى الجموع-এর শর্ত ব্যতীত আরেকটি শর্ত তার মধ্যে এমন تاء হবে না যা ওয়াক্ফ অবস্থায় هاء হয়ে যায়। সারকথা, যে সমস্ত শব্দের শেষে هاء হবে, ঐ

গুলো منتهى الجموع হতে পারে না। কেননা, যদি جمع-এর পরে هاء হয়, তাহলে তা একবচনের সাথে মিলে যাবে। واحد ও جمع কোনো পার্থক্য থাকবে না। এই কারণে جمعية-এর মধ্যে বিঘ্নতা সৃষ্টি হবে। তাই এটা منع صرف-এর মধ্যে প্রভাবকারী হবে না।

قَوْلُهُ اَمَّا فَرَازِنَةٌ الخ : اما -এর জওয়াবে فاء আসা ওয়াজিব। আর اما আত্ফ অর্থে ব্যবহৃত হলে, এটার জওয়াবে فاء আসতেও পারে ; নাও আসতে পারে। فرازنة এটি فرزين-এর جمع - فرازنة -এর মধ্যে تاء যুক্ত হওয়ার কারণে এটি طواعية মুফরাদের একই ওযনে হওয়াতে তার جمعية-এর মধ্যে বিঘ্ন সৃষ্টি হয়েছে। সুতরাং এটি গায়রে মুনসারিফ হবে না; বরং মুনসারিফ হবে।

* فرازنة এবং তার মতো ঐ সমস্ত جمع, যা منتهى الجموع-এর ওযনে হয়; কিন্তু তার মধ্যে تاء تانيث পাওয়া গেলে তা মুনসারিফ হবে। কেননা, তার মধ্যে منع صرف-এর প্রভাব সৃষ্টিকারী جمع-এর শর্ত পাওয়া যায়নি। আর তা হলো تاء تانيث না হওয়া। فرازنة-এর মধ্যে تاء تانيث বিদ্যমান। মুসান্নিফ (র.) شرط ثانى না পাওয়া তথা هاء না হওয়ার উদাহরণ উল্লেখ করেছেন। আর شرط اول না হওয়া তথা منتهى الجموع-এর সীগাহ হওয়ার উদাহরণ উল্লেখ করেননি। তার কারণ شرط ثانى বিদ্যমান না হওয়ার উদাহরণ কম হয়ে থাকে। পক্ষান্তরে شرط اول না হওয়ার দৃষ্টান্ত অনেক।

* মুসান্নিফ (র.)-এর উক্তি فمنصرف فرازنة-এর মধ্যে মুনসারিফ শব্দটি তার খবর। মুবতাদা ও খবরের মধ্যে সাম স্যতা (مطابقة) শর্ত। তাই وَاَمَّا فَرَازِنَةٌ فَمُنْصَرِفَةٌ বলা উচিত ছিল। এতদ্সত্ত্বেও مطابقة রক্ষা না করার কারণ– فرازنة দ্বারা لفظ فرازنة উদ্দেশ্য, তা নিঃসন্দেহে পুংলিঙ্গ।

* যখন فرازنة টি গায়রে মুনসারিফ, তার উপর মুনসারিফের حكم দেওয়া বাস্তবতা বিরোধী। **উত্তর :** তার উপর মুনসারিফ হওয়ার হুকুম দেওয়াটা مسمى (সত্তা) অনুপাতে, আর এটি মুনসারিফ। اسم অনুপাতে নয়। فرازنة-এর মধ্যে تاء-এর মধ্যে عارضى রয়েছে আর عارضى গ্রহণযোগ্য না হওয়ার হুকুমের মধ্যে হয়ে থাকে। তাই ا كما هو الشائع-কে عدم-এর হুকুমে কেন গণ্য করা হয়নি ? যাতে منتهى الجموع-এর সীগাহ تاء عارضية থাকা সত্ত্বেও مؤثر হতো। আর জওয়াব হলো عدم-কে تاء-এর হুকুমে এ জন্যই গণ্য করা হয়নি। যে, এটি وزن-এর পরিবর্তনের ক্ষেত্রে পরিপূর্ণভাবে প্রভাব ফেলে, যদিও তা عارضى ।

قَوْلُهُ حَضَاجِرُ : এই বাক্যটি একটি উহ্য প্রশ্নের জওয়াব। আর ঐ উহ্য প্রশ্ন হলো, মুসান্নিফ (র.) ইতঃপূর্বে صيغة منتهى الجموع-কে শর্ত স্থির করেছেন। এটা প্রকাশ্য যে, حضاجر-কে منع صرف-এর সবব এবং جمعية শব্দটি منتهى الجموع-এর ওযনে হয়েছে ; কিন্তু جمع নয়। কাজেই যখন حضاجر-এর মধ্যে গায়রে মুনসারিফের সবব অর্থাৎ جمع হওয়া অনুপস্থিত, তখন এটাকে কিভাবে গায়রে মুনসারিফ পড়া শুদ্ধ। **উত্তর :** حضاجر-এর মধ্যে দু'টি অবকাশ রয়েছে। একটি হলো, এটা كفتار-এর অর্থে ব্যবহৃত। অপরটি قمطر-এর ওযনে حضجر-এর বহুবচন। প্রথমটির অর্থ বৃশ্চিক, দ্বিতীয়টির অর্থ– عظيم البطن (বড় পেটওয়ালা)। যদি প্রকৃতপক্ষে حضجر-এর বহুবচন হয়, তখন তাতে কোনো আপত্তি আসে না। কেননা, ঐ সময় গায়রে মুনসারিফের একটি সবব جمع এবং ঐ সববের শর্তও পাওয়া গেছে। যখন كفتار তথা বৃশ্চিকের علم جنس হবে, তখন নিঃসন্দেহে উপরোক্ত আপত্তিটি উত্থাপিত হবে। এ আপত্তি নিরসনে বলা হবে حضاجر যদিও বৃশ্চিকের علم جنس ; কিন্তু মূলত حضجر-এর বহুবচন। جمعية হতে নকল করে এটাকে ضبع-এর علم جنس بمعنى كفتار করা হয়েছে। তাই جمعية اصلية-এর কারণে তা গায়রে মুনসারিফ হওয়া দ্বারা বুঝা যায়, جمع হলো عام ; এটি اصلى ও حالى উভয়কে অন্তর্ভুক্ত করে, আর منع صرف-এর সবব হওয়ার জন্য فى الحال বহুবচন হওয়া শর্ত নয়। আসলের অনুপাতে এ جمع হওয়াই যথেষ্ট। তখন একটি আপত্তি আসে, جمع-এর মধ্যে যখন جمعية اصلية গ্রহণযোগ্য তখন মুসান্নিফ (র.) شرطه ان يكون فى الاصل না বলার কারণ কি ? **উত্তর :** যদি এখানেও اصلية-কে শর্ত সাব্যস্ত করা হতো, তাহলে এ ধারণা সৃষ্টি হতো যে, وصف-এর মতো جمع ও اصلى এবং عارضى হয়ে

থাকে; অথচ جمع কখনও عارضى হয় না। যদি কেউ এ প্রশ্ন করে, সাব্যস্ত হলো حضاجر শব্দটি فى الحال বহুবচন নয়; বরং বহুবচন হতে منقول হয়েছে। আর منقول عنه ও منقول اليه উভয়ের মধ্যে কোনো না কোনো সম্পর্ক হওয়া উচিত। এখানে কোন ধরনের সম্পর্ক রয়েছে ? **উত্তর :** حَضَاجِرُ এটি منقول عنه- حَضْجَرٌ بِمَعْنٰى عَظِيْمُ الْبَطْنِ-এর বহুবচন। যেহেতু ضبع ও বড় পেট বিশিষ্ট হয়ে থাকে। কাজেই مبالغة স্বরূপ তাকে حضاجر বলা হয়ে থাকে। যেন তার প্রত্যেকটি ফরদ বড় পেটওয়ালাদের একটি দল।

قَوْلُهُ عَلَمًا لِلضَّبُعِ : الضبع শব্দটি স্ত্রীলিঙ্গ; তার পুংলিঙ্গ ضبعان আসে। سراحين-এর বহুবচন যেভাবে ব্যবহৃত হয়, তদ্রূপ ضبعان-এর বহুবচন ضباعين আসে। কোনো কোনো সময় এটার স্ত্রীলিঙ্গ ضبعانة ; যার বহুবচন ضبعانات ব্যবহার দেখা যায়। আল্লামা ইবনে বারী (র.)-এর মতে ضبعانة স্ত্রীলিঙ্গের ব্যবহার প্রসিদ্ধ নয়। الصراح কিতাবের গ্রন্থকার حضاجر-এর অর্থ-كفتار বর্ণনা করেছেন। الضبع শব্দটি ض যবর ও باء পেশ যোগে পড়া হলে উপরোক্ত অর্থ হয়। হিন্দী ভাষায় ترس তথা ভয়ের অর্থে ব্যবহার হয়। বাংলা ভাষায় বলা হলো "গণ্ডার"। ফারসিতে كعنار, ইবনুল আনবারী'র মতে الضبع শব্দটি পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ উভয়ের উপর প্রয়োগ হয়ে থাকে। الضبع-এর তাসীর اضبع আসে। খাত্তাবী বলেছেন-الاضبع نوع من الطيور অর্থাৎ এক প্রকার পাখি। আরবি ভাষায় এটার অন্যান্য নাম রয়েছে। যেমন- ام نوفل ، ام القبور ، ام عامر ، ام طريق ، ام خنور শায়খ কামালুদ্দীন দুমাইয়ারী মুহাম্মদ ইবনে মূসা ইবনে ঈসা (র.) حياة الحيوان الكبرى গ্রন্থে এটার পরিচয় তুলে ধরতে গিয়ে বলেছেন- اَلضَّبُعُ حَيَوَانٌ قَلِيْلُ الْعَدْوِ قَبِيْحٌ الْمَنْظَرِ يَنْبِشُ الْقُبُوْرَ وَيُخْرِجُ الْجِيْفَ অর্থাৎ ضبع কম দৌড় বিশিষ্ট বিশ্রী প্রাণী, যা কবর খনন করতঃ লাশ বের করে। মোটকথা, তারা এক প্রকার লাশ খেঁকো নেকড়ে, যারা কবর থেকে লাশ বের করে খেয়ে ফেলে।

اَلضَّبُعُ-এর বৈশিষ্ট্যাবলি : (১) বড় পেটওয়ালা (عظيم البطن) (২) এক বছর পুংলিঙ্গ, আরেক বছর স্ত্রীলিঙ্গ থাকে; যেমন খরগোশ এরূপ হয়। (৩) কুকুরের সাথে তার চরম শত্রুতা রয়েছে। কুকুরের উপর ضبع-এর ছায়া পড়লেও থেমে যায় এবং আতঙ্কিত হয়ে চলাচল করতে পারে না। (৪) এটার হায়েয (ঋতুস্রাব) হয়ে থাকে। (৫) এটার মানুষের গোশ্তের প্রতি অত্যধিত আসক্তি রয়েছে। এমনকি কোনো মানুষ ঘুমিয়ে পড়লে, তার মাথার নিচে গর্ত খনন করে কণ্ঠনালী চেপে ধরে মেরে ফেলে। অতঃপর রক্ত মাংস খেয়ে থাকে। (৬) আরববাসীরা নাজুক পরিস্থিতিতে এটার উপমা পেশ করে থাকে। যেমন জঙ্গলে ছাগল ছেড়ে দিয়ে বলতো اللهم ضبعا و ذئبا অর্থাৎ হে আল্লাহ ! আমার ছাগল পালের মাঝে ضبع ও বাঘকে একত্রিত করে দাও, যাতে নিরাপত্তা লাভ করে। (৭) এটা অসুস্থ হলে কুকুরের মাংস খেয়ে আরোগ্য লাভ করে। (৮) নেকড়ে বাঘের সাথে সহবাস করার মাধ্যমে ভয়ানক আকৃতি বিশিষ্ট জন্তু প্রসব করে। (৯) পুংলিঙ্গ থাকা অবস্থায় গর্ভধারণ করত স্ত্রীলিঙ্গ অবস্থায় বাচ্চা প্রসব করার অভ্যাস রয়েছে।

ضبع সম্পর্কীয় ঘটনা : شعب الايمان-এ ইমাম বায়হাকী (র.) বর্ণনা করেছেন, আবূ ওবায়দা মুয়াম্মার ইবনে মুসান্না (রা.) থেকে বর্ণিত, তিনি ইউনুস ইবনে হাবীব (রা.) থেকে প্রশ্ন করলেন كمجير ام عامر-এর প্রবাদ সম্পর্কে। তিনি বললেন, ام عامر হলো ضبع নামক একটি হিংস্র প্রাণী। আর তিনি নিম্নের ঘটনাটি হিংস্র স্বভাবের প্রাণী ام عامر, শিকার করার উদ্দেশ্যে তারা তাকে তাড়িয়ে নিয়ে গেল। জন্তুটি ভয়ে এক বেদুঈনের তাঁবুতে ঢুকে আশ্রয় নিল। বেদুঈন জন্তুটিকে শিকারিদের হাত থেকে রক্ষা করলো। আর উত্তেজিত হয়ে বলল, তোমাদের কি অবস্থা ? অবশেষে তার জন্তুটিকে ছেড়ে চলে গেল। বেদুঈন জন্তুটির খুব যত্ন নিল এবং তাকে দুধ পান করালো। জন্তুটি বেদুঈনের কাছে লালিত-পালিত হয়ে একদিন সেটি বেদুঈনের উপর ঘুমন্ত অবস্থায় আক্রমণ করে পেট ফেঁড়ে রক্ত পান করে নিল।

*** صيغة منتهى الجموع-এর ওযনসমূহ :** صيغة منتهى الجموع-এর ওযন তেরটি। যথা-
১. مَفَاعِيْلُ যথা- مَصَابِيْحُ ; এটা مِصْبَاحٌ-এর বহুবচন। ২. مَفَاعِلُ যথা- مَسَاجِدُ ; এটা مَسْجِدٌ-এর বহুবচন।
৩. فَعَالِيْنُ যথা- سَلَاطِيْنُ যা سُلْطَانٌ-এর বহুবচন। ৪. فَوَاعِلُ যথা- ضَوَارِبُ এটার একবচন ضَارِبٌ ।

৫. اَفَاعِلُ যথা- اَكَارِمُ এটার একবচন اَكْرَمٌ ।
৬. فَعَالِنُ যথা- بَلَاغِنُ এটা بَلَغَنٌ-এর বহুবচন।
৭. فَعَائِلُ যথা- صَحَائِفُ এটা صَحِيْفَةٌ-এর বহুবচন।
৮. فَعَافِلُ যথা- جَعَافِرُ-এর একবচন جَعْفَرٌ ।
৯. فُعَالٰى যথা- كُرَاسٰى এটা كُرْسِيٌّ-এর বহুবচন।
১০. فَعَالِيْلُ যথা- قَنَادِيْلُ-এর একবচন قِنْدِيْلٌ ।
১১. اَفَاعِيْلُ যথা- اَقَالِيْمُ-এর একবচন اَقْلِيْمٌ ।
১২. تَفَاعِيْلُ যথা- تَمَاثِيْلُ এটা تِمْثَالٌ-এর বহুবচন।
১৩. تَفَاعِلُ যথা- تَجَارِبُ-এর একবচন تَجْرِبَةٌ ।

* اسم তিন প্রকার। যথা-(১) اسم جنس (২) علم جنس (৩) علم ; (১) اسم جنس : তাকে বলা হয়, যাকে অভিধান প্রণেতা গঠন করার সময় আফরাদ হতে দৃষ্টি নিবদ্ধ করে نفس ماهية-এর تصور (কল্পনা) করে। অন্যভাবে বলা যায়-اِنَّ اِطْلَاقَ اِسْمِ الْجِنْسِ عَلَى الْفَرْدِ بِطَرِيْقِ الْحَقِيْقَةِ وَلَا يُطْلَقُ عَلَى الْكَثِيْرِ بَلْ عَلٰى فَرْدٍ بِطَرِيْقِ الْبَدَلِيَّةِ যেমন- اسد শব্দকে অভিধান প্রণেতা ماهية حيوان مفترس-এর জন্য গঠন করেছেন, তার মধ্যে আফরাদের প্রতি কোনো লক্ষ্য নেই। (২) علم جنس : তাকে বলা হয়, যাকে অভিধান প্রণেতা গঠন করার সময় ماهية-কে خصوصيات ذهنية-এর সাথে تصور (কল্পনা) করেছেন। (৩) علم : তাকে বলা হয় যাকে অভিধান প্রণেতা গঠন করার সময় ماهية-কে خصوصيات شخصية-এর সাথে تصور (কল্পনা) করেছেন। যেমন- زيد শব্দকে গঠন করার সময় ماهية انسانى-এর সাথে شخصيات خارجية তথা হাত ইত্যাদিও কল্পনা করা হয়েছে।

قَوْلُهُ سَرَاوِيْلُ : এটাও একটি উহ্য প্রশ্নের জওয়াব। প্রশ্নটি হলো, حضاجر-কে গায়রে মুনসারিফ পড়ার ব্যাপারে যেই আপত্তি উত্থাপিত হয়েছিল। তার জওয়াব দেওয়া হয়েছিল যে, এটা বহুবচন থেকে منقول (স্থানান্তরিত)। কিন্তু سراويل সম্পর্কে কি বলা হবে ? তাতো فى الحال বহুবচন নয়। আবার বহুবচন থেকে منقول-ও নয়। তবুও এটাকে গায়রে মুনসারিফ পড়া হয়। এ আপত্তির জওয়াব হলো, سراويل-এর منع صرف হওয়ার মধ্যে মতানৈক্য পরিলক্ষিত হয়। কেউ এটাকে গায়রে মুনসারিফ পড়ে থাকে আর এটিই ব্যবহারের মধ্যে অধিক প্রচলিত। যেহেতু এ প্রক্রিয়ার উপর আপত্তি আসে, সেহেতু এই আপত্তির জবাবের মধ্যেও দু'টি দল রয়েছে। একদল বলেছেন এটি আজমী শব্দ। এটাকে তার একই ওযনের আরবির উপর প্রয়োগ করা হয়েছে। যেমন- سراويل-কে اناعيم এবং مصابيح-এর উপর প্রয়োগ করা হয়েছে বিধায় اناعيم ও مصابيح-এর মতো এটি গায়রে মুনসারিফ। দ্বিতীয় দল বলেছেন- سراويل টি আরবি শব্দ। এটা تقديرا ও فرضا (মেনে নেওয়ার মাধ্যমে) سراولة-এর বহুবচন, যার অর্থ-পায়হজামার প্রত্যেকটি টুকরা। سراويل যখন ব্যবহারে গায়রে মুনসারিফ হয়ে গিয়েছে। আর منع صرف-এর সববসমূহের মধ্যে কোনো একটিও তাতে বিদ্যমান নেই, তখন তাকে سراولة-এর বহুবচন হিসেবে মেনে নেওয়া হয়েছে।

قَوْلُهُ فَقَدْ قِيْلَ اَعْجَمِيٌّ الخ : কোনো কোনো নাহুবিদ বলেছেন, سراويلআজমী শব্দ। এটি فى الحال এবং فى اصل কোনো অবস্থাতেই جمع নয়, তবে আরবি ভাষায় جمع-এর ওযনসমূহের উপর ব্যবহার করা হয়েছে। যেমন- سراويل টি اناعيم ও مصابيح এগুলোর ওযনে হয়েছে। বস্তুত سراويل ওযন অনুপাতে দু'টি جمع-এর হুকুমের মধ্যে। جمع حقيقى না হলেও جمع حكمى হয়েছে। আলোচনা থেকে স্পষ্ট হয়ে গেছে جمعية ব্যাপক। হাকীকী হোক বা হুকমী। এ কথাও স্পষ্ট হয়েছে যে, এ উত্তরটি جمع-কে ব্যাপক আকারে রূপ দিয়েছে। নয়টি সবব থেকে অন্য একটি সবব অতিরিক্ত করা উদ্দেশ্য নয়। কাজেই ঐ অবস্থায় اسباب منع صرف দশটি হয়ে যাওয়ার আপত্তি একেবারে অযৌক্তিক। ঐ উত্তরের দিকে ইঙ্গিত করত আল্লামা আব্দুর রহমান জামী (র.) বলেছেন- فساد هذا الجواب -এ কথা গোপন নয় যে, কোনো বস্তুকে অপর বস্তুর উপর হামল করার উদ্দেশ্য হয়ে থাকে محمول عليه-কে محمول-এর হুকুম প্রদান করা। محمول عليه-এর মধ্যে হুকমী ও হুকমীভাবে ব্যাপকতা সৃষ্টি করা নয়। যেমন- دخلت-এর পরবর্তী অংশকে مكان مبهم-এর উপর ব্যবহার করত فى-কে উহ্য মেনে নেওয়া হয়েছে। তাই বলে এ কথা নয় যে, এটি مكان مبهم হয়ে গেছে। এখানে হাকীকী ও হুকমীভাবে ব্যাপকতা সৃষ্টি করা উদ্দেশ্য।

قَوْلُهُ وَقِيْلَ عَرَبِيٌّ جَمْعٌ الخ : কোনো নাহুবিদ বলেছেন, سراويل শব্দটি ইসমে আরবি। প্রকৃতপক্ষে এটি جمع নয়। কেননা, এটি اسم جنس যার প্রয়োগ কমবেশির উপর হয়ে থাকে। তবে মেনে নেওয়া হয়েছে যে, এটি سروالة-এর বহুবচন। এরূপ মনে নেওয়ার প্রয়োজনীয়তা এ জন্য অনুভব করা হয়েছে যে, যখন ব্যবহারের ক্ষেত্রে سراويل-কে গায়রে মুনসারিফ পাওয়া গেছে, আর কায়দা রয়েছে, এই ওযন جمعية ব্যতীত منع صرف-এর মধ্যে প্রতিক্রিয়াকারী হয় না। কাজেই এই কায়দাকে ঠিক রাখার নিমিত্তে سراويل-কে سروالة-এর বহুবচন মেনে নেওয়া হয়েছে, যেন سراويل দ্বারা سروالة-এর প্রত্যেকটি টুকরা উদ্দেশ্য। সুতরাং এতদ্ উদ্দেশ্যে سروالة-এর جمع মেনে নেওয়া হয়েছে। যেরূপ আল্লামা জামী (র.) বলেছেন– فَكَأَنَّهُ سُمِّيَ كُلُّ قِطْعَةٍ مِنَ السَّرَاوِيْلِ سِرْوَالَةً الخ আল্লামা জামী (র.) তাঁর উক্তি فكانه سمى দ্বারা এ দিকে ইঙ্গিত করেছেন যে, سروالة অর্থ একটি ছিন্ন বস্ত্রের টুকরা। এই নয় যে, চাদরের একটি টুকরা। মোদ্দাকথা, سراويل শব্দটি سروالة কল্পিত একবচনের বহুবচন, প্রকৃত একবচনের বহুবচন নয়।

* মুসান্নিফ (র.) واذا صرف-এর স্থানে وان صرف বললে অত্যধিক সামঞ্জস্যপূর্ণ হতো। কেননা, اذا শব্দটি يقينى বস্তুর জন্য ব্যবহৃত হয়। আর سراويل-কে মুনসারিফ পড়া يقنى নয়। এর উত্তর কয়েকভাবে দেওয়া যায়। প্রথমত سراويل-কে মুনসারিফ পড়াটা يقينى, যেমন শায়খ রাযী (র.) বলেছেন, আহলে আরব سراويل-কে মুনসারিফ পড়তো। আমি তাদেরকে নিজ কানে এরূপ পড়তে শুনেছি। তাই আমার দৃঢ়তা অর্জিত হয়েছে, سراويل শব্দটি নিঃসন্দেহে মুনসারিফ। দ্বিতীয়ত এ কথা সর্বজনস্বীকৃত যে, اذا শব্দটি يقينى বস্তুর জন্য এসে থাকে। তবে اذا এখানে সামঞ্জস্যের ভিত্তিতে বলা হয়েছে। কেননা, ইতঃপূর্বে মুসান্নিফ (র.) اذا لم يصرف বলে এসেছেন। এ স্থানে اذا বলাটা যুক্তিযুক্ত। কেননা, سراويل শব্দটি গায়রে মুনসারিফ হওয়া দৃঢ়তা (يقين)-এর পর্যায়ে। جامع الغموض -এ আছে–

كَمَا قَالَ الشَّيْخُ عَبْدُ الْغَفُوْرِ قَوْلُهُ وَإِذَا لَمْ يَصْرِفْ لِمَا كَانَ عَدَمُ الصَّرْفِ غَالِبًا وَالصَّرْفُ مَغْلُوْبًا كَانَ إِذَا فِى الْأَوَّلِ وَاقِعًا مَوْقَعَهُ وَفِى الثَّانِىْ وَاقِعًا مَوْقَعَ اَنْ لِلْمُشَاكَلَةِ -

قَوْلُهُ وَنَحْوُ جَوَارٍ الخ : যে ناقص واوى অথবা ناقص يائى – فواعل-এর ওযনে হবে এবং হরকত বিশিষ্ট মু'রাব হবে। যেমন– جوارى বহুবচন جارية-এর এবং دواعى বহুবচন داعية-এর। অতএব, এটি جر ও رفع-এর অবস্থায় حذف ياء-এর মধ্যে قاض-এর ন্যায়। যেমন– جَاءَنِىْ جَوَارٍ وَ مَرَرْتُ بِجَوَارٍ ; কিন্তু نصب-এর অবস্থায় دخول تنوين-এর ন্যায় নয়; বরং সে সময় তার মধ্যে যবর বিশিষ্ট ياء হয় এবং তানবীন প্রবিষ্ট হয় না। এটি قاض-এর বিপরীত। কেননা, এটা نصب-এর অবস্থায় তারবীন গ্রহণ করে। আর এখানে একটি সন্দেহের অবকাশ থাকতে পারে যে, মুসান্নিফ (র.) نحو جوار-এর দ্বারা তার ব্যবহারিক পদ্ধতি বর্ণনা করেছেন। এটি বলেননি যে, এটা মুনসারিফ-নাকি গায়রে মুনসারিফ; অথচ এখানে মুনসারিফ-নাকি গায়রে মুনসারিফ তা বর্ণনা করা অধিক সামঞ্জস্যপূর্ণ। **উত্তর :** جوار-এর সমগোত্রীয় শব্দগুলো মুনসারিফ নাকি গায়রে মুনসারিফ তাতে মতবিরোধ রয়েছে। এ জন্য তিনি এটাকে বর্ণনা করেননি। তিনি সংক্ষিপ্ত করার উদ্দেশ্যে শুধু তার ব্যবহারিক পদ্ধতি বর্ণনা করত ক্ষান্ত হয়েছেন। যদি কেউ এ কথা বলে যে, جوارى ও دواعى-এর মুনসারিফ ও গায়রে মুনসারিফ পড়ার ক্ষেত্রে কি মতবিরোধ রয়েছে ? উত্তরে বলা হবে, এই বিরোধ প্রকৃতপক্ষে অন্য একটি মতানৈক্যের উপর ভিত্তি করে। আর তা হলো, কোনো শব্দের انصراف ও عدم انصراف তার اعلال-এর উপর মুকাদ্দাম হয়। আর এটার দলিল علال কোনো শব্দের ভারিত্বকে দূর করার উদ্দেশ্যে হয়ে থাকে। ভারিত্ব (ثقل) تلفظ ব্যতীত প্রকাশ হয় না। আর تلفظ ব্যতীত মুনসারিফ বা গায়রে মুনসারিফ পড়া সম্ভব নয়। সুতরাং কোনো শব্দের انصرف ও عدم انصرف তার اعلال-এর উপর মুকাদ্দাম হবে। আর যখন انصراف ও عدم انصراف তার اعلال-এর উপর মুকাদ্দাম, তখন নিঃসন্দেহে تعليل-এর পূর্বে গায়রে মুনসারিফ উচ্চারণ করতে হবে। কেননা, সে সময় তার মধ্যে جمع-এর অর্থ এবং صيغة منتهى الجموع পাওয়া যায়। অতঃপর تعليل করা হবে। আর رفع-এর অবস্থায় ضمه-কে ياء-এর উপর ভারি হওয়ার কারণে বিলোপ করে দেওয়া হলো। এরপর ضمة-এর পরিবর্তে তানবীনকে প্রবেশ করা হয়েছে। অতঃপর ياء এবং

تنوين-এর মাঝে দু'সাকিন একত্রিত হওয়ার কারণে ياء-কে বিলোপ করে দেওয়ায় جوار হয়ে গেছে। আর এই تعليل উক্ত মাযহাবের মতে শুধু رفع-এর অবস্থায়। نصب ও جر-এর অবস্থায় ঐ সমস্ত লোকদের মাযহাব অনুসারে কোনো تعليل হবে না। কেননা, কালিমা এ দু'অবস্থায় গায়রে মুনসারিফ হওয়ার কারণে فتح-এর সাথে معرب হবে। আর فتح টি ياء-এর উপর ভারী নয়; তা ضمه-এর বিপরীত। কেননা, এটা رفع-এর সাথে ياء-এর উপর ভারী থাকে। কতেক নাহুবিদ বলেছেন, উক্ত কালিমার تعليل হওয়াটা انصراف ও عدم انصراف-এর ওপর মুকাদ্দাম। কেননা, تعليل-এর সম্পর্ক কালিমার যাতের সাথে। আর মুনসারিফ ও গায়রে মুনসারিফের সম্পর্ক কালিমার সিফাতের সাথে। যেহেতু কায়দা হলো, যাত তার সিফাতের মুকাদ্দাম হয়। এ কারণে মুনাসিব হলো যাতের সাথে সম্পর্কিত বস্তু ও সিফাতের সাথে সম্পর্কিত বস্তুর উপর হুকুম হওয়া। তাই تعليل টি যখন انصراف ও عدم انصراف-এর উপর মুকাদ্দাম হয় তখন ঐ মাযহাব মতে جوار-এর সাথে تنوين ও ضمة-এর সাথে جوارى হবে, যেহেতু ياء-এর উপর ضمة ভারী, তাই তাকে বিলোপ করা হয়েছে। অতঃপর দু'সাকিন একত্র হওয়ার কারণে ياء বিলুপ্ত হয়ে যায়। এরপর কালিমার মুনসারিফ ও গায়রে মুনসারিফ হওয়ার ক্ষেত্রে উক্ত কতেক নাহুবিদরা দু'দলে বিভক্ত হয়ে যায়। একদল বলছেন, تعليل-এর পরে এ কালিমাটি সাধারণভাবে মুনসারিফ হয়। কেননা, تعليل-এর পরে فواعل-এর ওযন যা جمع-এর জন্য শর্ত, তা বাকি থাকে না। দ্বিতীয় দল বলছেন, تعليل-এর পরে সাধারণভাবে তা গায়রে মুনসারিফ হয়। কেননা, তার মধ্যে جمع منتهى الجموع-এর ওযন বাকি থাকে। কেননা, ياء مقدره টি ياء ملفوظة-এর স্থলাভিষিক্ত। তাইতো واء مهملة-এর উপর ই'রাব জারি হয় না; বরং ياء مقدره উপরই হয়ে থাকে। তার মধ্যে তানবীনটি তার عوض -এ হবে। অর্থাৎ تنوين تمكن-কে কালিমা হতে দূর করে দ্বিতীয় তানবীনকে ياء محذوفة-এর عوض এ প্রবেশ করা হয়েছে। আর কিছু নাহুবিদ যারা تعليل-কে منع صرف-এর উপর মুকাদ্দাম করে তারা رفع ও جر উভয়াবস্থায় تعليل করে থাকে। কেননা, ضمة ও كسرة উভয়টি ياء-এর উপর ভারী হয়। এটি প্রথম মাযহাবের বিপরীত। এর মধ্যে تعليل কেবল رفع-এর অবস্থায় হয়ে থাকে। আর গ্রন্থকার ইবারত দ্বারা বুঝা যায় যে, এখানে ঐ কতেক নাহুবিদদের মাযহাবকে মুসান্নিফ (র.) অবলম্বন করেছেন, যারা কালিমার تعليل -কে منع صرف-এর উপর মুকাদ্দাম করে থাকে।

তারকীব : قَوْلُهُ اَلْجَمْعُ شَرْطُهُ صِيْغَةُ مُنْتَهَى الْجُمُوْعِ الخ الجمع মুবতাদায়ে আউওয়াল, شرط মুযাফ, ه মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদায়ে ছানী। صيغة মুযাফ, منتهى মুযাফ ইলাইহ মুযাফ, الجموع মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুযাফ ইলাইহ হয়েছে صيغة মুযাফের। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে যুলহাল। باء হরফে জার, غير মুযাফ, هاء মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে যরফে মুস্তাকার ثابتة উহ্য শিবহে ফে'ল, তার যমীর هى ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে হাল। যুলহাল ও হাল মিলে খবর হয়েছে মুবতাদায়ে ছানীর। মুবতাদায়ে ছানী -তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে খবর। মুবতাদায়ে আউওয়াল-তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে ل হরফে জার, مساجد মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, مصابح মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت উহ্য শিবহে ফে'লের সাথে। শিবহে ফে'ল, তার যমীর هو ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবর। هو মুবতাদায়ে মাহ্যূফ ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। اما فرازنة-এর মধ্যে واو হরফে আত্ফ, اما হরফে শর্ত তাফসীলের জন্য ব্যবহৃত। فرازنة-এর পূর্বে উহ্য لفظ মুযাফ, فرازنة মুযাফ ইলাইহ মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। فا টি জাওয়াবিয়্যাহ, منصرف ইসমে ফায়েলের সীগাহ, যমীর هو তার ফায়েল। ইসমে ফায়েল ও তার ফায়েল মিলে শিবহে জুমলা হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে খবর। তার পূর্বে শর্ত মাহ্যূফ রয়েছে। মূল ইবারত হলো– مَهْمَا يَكُنْ مِنْ شَيْءٍ فَفَرَازِنَةٌ مُنْصَرِفٌ শর্ত এবং জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। واو হরফে আত্ফ, حضاجر যুলহাল, علما মাওসূফ, ل হরফে জার, ضبع মাজরূর। জার ও মাজরূর মিলে উহ্য শিবহে ফে'ল ثابتا-এর সাথে যরফে মুস্তাকার হয়েছে। ثابتا শিবহে ফে'ল, যমীর هو তার নায়েবে ফায়েল এবং

যরফে মুস্তাকার মিলে সিফাত। علما মাওসূফ ও তার সিফাত মিলে হাল। যুলহাল ও হাল মিলে মুবতাদা। غير মুযাফ, منصوف মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। মুবতাদা এবং খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। ل হরফে জার, ان হরফে মুশাব্বাহ বিল ফে'ল, ه যমীর ইসমে আন্না, منقول ইসমে মাফউলের সীগাহ, শিবহে ফে'ল, যমীর هو ফায়েল, عن হরফে জার, الجمع মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব হয়েছে منقول শিব্‌হে ফে'লের সাথে। منقول শিবহে ফে'ল, তার নায়েবে ফায়েল এবং যরফে লগ্‌ব মিলে খবরে আন্না। ইসমে আন্না ও তার খবরে আন্না মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব হয়েছে মুবতাদা-খবরের নিসবতের সাথে। মুবতাদা, খবর এবং নিছবতের যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ইসমিয়্যাহ অথবা যরফে মুস্তাকার হয়েছে ثابت উহ্য শিবহে ফে'লের সাথে। ثابت শিবহে ফে'ল, তার যমীর هو ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবর। তৎপূর্বে ذالك উহ্য মুবতাদা এবং খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ মু'আল্লালাহ্ হয়েছে। واو হরফে আত্‌ফ, سراويل মুবতাদা, اذا যরফে যমান শর্তের অর্থে মাফউলে ফীহ মুকাদ্দাম, لم يصرف ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল। لم يصرف ফে'ল, তার ফায়েল এবং মাফউলে ফীহ্ মুকাদ্দাম মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে। واو টি ই'তিরাযিয়্যা, هو যমীর মুবতাদা। الاكثر ইসমে তাফযীলের সীগাহ, যমীর هو নায়েবে ফায়েল। শিবহে ফে'ল, তার ফায়েল নায়েবে মিলে খবর। মুবতাদা-খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ মু'তারাযা হয়েছে।

قَوْلُهُ فَقَدْ قِيْلَ اَعْجَمِيٌّ حُمِلَ عَلٰى مَوَازِنِهٖ وَقِيْلَ الخ : فقد-এর মধ্যে فاء টি জাযাইয়্যাহ, قد হরফে তাহকীক, قيل ফে'ল, اعجمى সিফাত, তদপূর্বে لفظ উহ্য মাওসূফ, حمل ফে'ল, লুক্কায়িত যমীর هو নায়েবে ফায়েল, على হরফে জার, موازن মুযাফ, ه মুযাফ ইলাইহ মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব হয়েছে حمل-এর সাথে। حمل ফে'ল, তার নায়েবে ফায়েল ও যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে দ্বিতীয় সিফাত। لفظ উহ্য মাওসূফ ও তার উভয় সিফাত মিলে নায়েবে ফায়েল। قيل ফে'ল, তার নায়েবে ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা অথবা খবর হলো তার উহ্য মুবতাদার। মুবতাদা এবং খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। واو হরফে আত্‌ফ, قيل ফে'ল, عربى সিফাত, لفظ উহ্য মাওসূফ, جمع মুযাফ, سروالة মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুমায়্যায, تقديرا তামঈয। মুমায়্যায ও তামঈয মিলে দ্বিতীয় সিফাত। মাওসূফ ও তার উভয় সিফাত মিলে নায়েবে ফায়েল। قيل ফে'ল ও নায়েবে ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। واو হরফে আত্‌ফ, اذا যরফে যমান শর্তের অর্থে ব্যবহৃত হয়ে মাফউলে ফীহ্ মুকাদ্দাম, صرف ফে'ল, যমীরে هو নায়েবে ফায়েল। ফে'ল নায়েবে ফায়েল এবং মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। فاء জাযাইয়্যাহ, لا নফী জিন্‌স, اشكال ইস্‌মে লা, উহ্য فيه-এর মধ্যে فى হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت উহ্য শিব্‌হে ফে'লের সাথে। শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর লা, ইসমে লা ও খবরে লা মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ হয়ে পূর্ববর্তী জুমলার উপর আত্‌ফ হয়েছে। واو হরফে ইস্‌তীনাফ, نحو মুযাফ, جوار মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুমায়্যায, رفعا মা'তূফ আলাইহ, واو হরফে আত্‌ফ, جرا মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে তামঈয। মুমায়্যায ও তামঈয মিলে মুবতাদা। ك হরফে জার তাশবীহের জন্য, قاض মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে উহ্য ثابت-এর সাথে। ثابت শিব্‌হে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

اَلتَّرْكِيْبُ شَرْطُهُ الْعَلَمِيَّةُ وَاَنْ لَّايَكُوْنَ بِاِضَافَةٍ وَلَا اِسْنَادٍ مِثْلُ بَعْلَبَكَّ . اَلْاَلِفُ وَالنُّوْنُ اِنْ كَانَتَا فِىْ اِسْمٍ فَشَرْطُهُ الْعَلَمِيَّةُ كَعِمْرَانَ اَوْ صِفَةٍ فَانْتِفَاءُ فَعْلَانَةٍ .

অনুবাদ : التركيب, তার শর্ত علم (নামবাচক বিশেষ্য) হওয়া এবং তা اضافة ও اسناد না হওয়া। بَعْلَبَكَّ (একটি শহরের নাম)। الف ونون زائدتان যদি উভয় (الف ও نون) টি ইসমের মধ্যে হয়, তবে তার শর্ত علم হওয়া। যেমন- عِمْرَانُ (এক ব্যক্তির নাম) অথবা (الف و نون زائدتان) সিফাতের মধ্যে হলে, তার শর্ত (তার স্ত্রীলিঙ্গ) فَعْلَانَةٌ-এর ওযনে না হওয়া।

ব্যাখ্যা : جمع-এর আলোচনার পর মুসান্নিফ (র.) তারকীবের বর্ণনা শুরু করার কারণ হলো تركيب ও جمع উভয়টি فرع (শাখা)। جمع হলো واحد-এর শাখা আর تركيب হলো مفرد -এর শাখা। তাই جمع -এর আলোচনার পরে تركيب-এর বর্ণনা এনেছেন। نون- الف যে ইসমের মধ্যে হয়, তা مركب-এর সাথে কিছুটা সম্পর্ক রাখে। তাই تركيب-এর পর الف ونون زائدتان-কে উল্লেখ করেছেন।

• تركيب শব্দটি বাবে تفعيل-এর মাসদার। আভিধানিক অর্থ–এক বস্তুকে অন্য বস্তুর সাথে মিলানো। পারিভাষিক অর্থ– تركيب দুই অথবা ততোধিক কালিমা কোনো হরফ অংশ হওয়া ব্যতীত এক হওয়া। যখন تركيب-এর সংজ্ঞায় এই কথা বলা হয়েছে যে, কোনো হরফ তার অংশ হবে না, তখন النجم ও بصرى এ সংজ্ঞা থেকে বাদ পড়ে গেছে। কেননা, উভয়ের মধ্যে হরফ অংশ হিসেবে রয়েছে। প্রথমটিতে لام, দ্বিতীয়টিতে ياء ; সুতরাং এই আপত্তি করা চলবে না যে, উভয়টি علمية ও تركيب-এর কারণে গায়রে মুনসারিফ হওয়া উচিত।

تَرْكِيْب-এর প্রকারসমূহ : تركيب মোট ছয় প্রকার। যথা-(১) تركيب اسنادى যথা- زَيْدٌ قَائِمٌ (২) تركيب صوتى যথা- سيبويه (৩) تركيب توصيفى যথা- رَجُلٌ عَالِمٌ (৪) تركيب اضافى যথা- اَهْلُ الْبَيْتِ (৫) تركيب تعدادى যথা- حَضْرَمَوْت । (৬) تركيب امتزاجى যথা- اَحَدَ عَشَرَ كَوْكَبًا

উপরোক্ত تركيب-এর প্রকারগুলোর মধ্যে গায়রে মুনসারিফের সবব হওয়ার জন্য মাত্র تركيب امتزاجى ই উপযুক্ততা রাখে। একটি প্রশ্ন উত্থাপিত হয় যে, মুসান্নিফ (র.) সাধারণভাবে التركيب না বলে কেবলমাত্র امتزاجى বললেই সংক্ষেপ হতো। জবাবে বলা হয় গায়রে মুনসারিফের অন্যান্য সববগুলোর মধ্যে প্রত্যেকটি অন্য বস্তুর فرع হয়েছে। فرع হিসেবে উল্লেখ করতে গিয়ে التركيب বলেছেন। আর তা উল্লেখ করত امتزاجى উদ্দেশ্য নিয়েছেন।

تَرْكِيْبِ اِمْتِزَاجِىْ-এর পরিচিতি : ঐ مركب-কে বলা হয়, যা দু'টি ইসমের সমন্বয়ে একটি গঠিত হয়, তবে তার ইসমটি কোনো হরফকে অন্তর্ভুক্তকারী হবে না। যেমন–بعلبك এটিতে بعل একটি ইসম যার অর্থ–মূর্তি আর بك একটি একটি ইসম যা শহরের প্রতিষ্ঠাতা বাদশাহের নাম। উভয় ইসম মিলে একটি শহরের নাম হয়ে গেছে।

قَوْلُهُ شَرْطُهُ الْعَلَمِيَّةُ : তারকীব منع صرف-এর সবব হবার জন্য শর্ত علم (নামবাচক বিশেষ্য) হওয়া। কেননা, تركيب ঐ সময় হাসিল হবে, যখন تركيب-এর অংশসমূহ হতে একটি অপরটির সাথে ارتباط (সম্পর্কিত) হবে, প্রত্যেক جزء (অংশ)-এর মূল হলো ارتباط ব্যতীত স্বয়ংসম্পূর্ণভাবে পাওয়া যাওয়া। কেননা, অভিধান প্রণেতা শব্দকে এককভাবে উল্লেখ করেছেন। যখন প্রত্যেক جزء-এর মূল হলো তা কোনো প্রকারের মুখাপেক্ষী হওয়া ব্যতীত স্বয়ংসম্পূর্ণভাবে পাওয়া যায়, তখন جزء সমূহ পরস্পর ارتباط ও احتياج (সম্পর্কিত ও মুখাপেক্ষী) হওয়া নিশ্চয় কোনো বাহ্যিক কারণে হবে। আর تركيب একটি عارضى বস্তু, আর প্রত্যেক বস্তু যেহেতু দূর হয়ে যাওয়ার অবকাশ রাখে, সেহেতু عارض দূর হয়ে যাবার পর

تركيب দূর হয়ে যাবার অবকাশ রয়েছে। কাজেই علمية-কে শর্তারোপ করা হয়েছে, যাতে تركيب টি দূর হওয়ার অবকাশ থেকে রক্ষা পেয়ে منع صرف-এর মধ্যে প্রতিক্রিয়াকারী হয়।

قَوْلُهُ اَنْ لَّايَكُوْنَ بِاِضَافَةٍ الخ : তারকীব منع صرف-এর মধ্যে مؤثر (প্রতিক্রিয়াকারী) হবার জন্য দ্বিতীয় শর্ত হ'ল عدمى তা এই যে, تركيب اضافى ও اسنادى না হওয়া। تركيب اضافى না হওয়ার কারণ হলো, اضافة মুযাফকে মুনসারিফ বা মুনসারিফের হুকুম পরিণত করে দেয়। আর تركيب اسنادى না হবার কারণ مركب اسنادى কারো علم হলে, তা মাবনী হবে। আর এর দ্বারা উদ্দেশ্য হবে قصة غريبية (দূর্লভ্য কাহিনী)। আর যখন মাবনী হবে তখন এটা কিভাবে গায়রে মুনসারিফ হতে পারে ? কেননা, গায়রে মুনসারিফ আহকামে মু'রাবের অন্তর্ভুক্ত; আহকামে মাবনীর আওতাভুক্ত নয়।

* التركيب-এর মধ্যে ال হলো عهد خارجى ; তার দ্বারা উদ্দেশ্য– ঐ تركيب যা منع صرف-এর اسباب-এর অন্তর্ভুক্ত। আল্লামা জামী (র.)-এর উক্তি وهو صيرورة الكلمتين দ্বারা ঐ নির্দিষ্ট تركيب উদ্দেশ্য। সুতরাং তারকীব দ্বারা সাধারণ তারকীব উদ্দেশ্য নয়। এখানে ঐ তারকীবের পরিচিতি তুলে ধরা হয়েছে, যা منع صرف-এর সববসমূহের একটি। সুতরাং تركيب امتزاجى ব্যতীত অন্যগুলো এই সংজ্ঞা থেকে বের হয়ে গেছে।

* تركيب -এর ক্ষেত্রে اضافة ও اسناد না হওয়ার শর্তারোপ করা হয়েছে কেন ? এ প্রশ্নের উত্তরে বলা যায়, এযাফতের প্রভাব হলো তা গায়রে মুনসারিফকে মুনসারিফ বা মুনসারিফের হুকুমে পরিণত করে দেওয়া। কাজেই এ তারকীবে এযাফী দ্বারা গায়রে মুনসারিফ হতে পারে না। কেননা, তা হলো মুনসারিফের বিপরীত। আর اسناد না হওয়ার শর্তারোপ করার কারণ-اسناد-কে অন্তর্ভুক্তকারী اعلام (নামবাচক বিশেষ্যসমূহ) মাবনীর আওতাভুক্ত। যেমন–تابط شرا ; মাবনী মু'রাবের বিপরীত। স্বভাবতই যখন কোনো বস্তুর স্বভাব অপর কোনো বস্তুকে চায়, তখন তার মধ্যে এমন কোনো বস্তু পাওয়া যেতে পারে না যা প্রথমটির বিপরীত। সারগর্ভ কথা- একটি বস্তু পরস্পর বিপরীত দু'টি হুকুমের সবব হতে পারে না। এ দিকেই ইঙ্গিত করে আব্দুর রহমান জামী (র.) বলেছেন–

فَكَيْفَ يُؤَثِّرُ فِى الْمُضَافِ اِلَيْهِ مَايُضَادُهُ الخ فَكَيْفَ يُتَصَوَّرُ فِيْهَا مَنْعُ الصَّرْفِ الَّذِىْ هُوَ مِنْ اَحْكَامِ الْمُعْرَبَاتِ ـ

قوله بعلبك : এটা শাম বা সিরিয়ার একটি শহরের নাম। তার মধ্যে بعل একটি মূর্তি বা ভূতের নাম بك ঐ শহরের প্রতিষ্ঠাতা বা গর্ভণরের নাম। এ দু'য়ের সমন্বয়ে একটি ইসম গঠিত হয়েছে। তার মধ্যে تركيب-এর সংজ্ঞা প্রযোজ্য হয়। কেননা, তা দু'টি কালিমা দ্বারা গঠিত আর দ্বিতীয় ইসমটি কোনো হরফকে অন্তর্ভুক্তকারী নয়। علم হওয়ার কারণে ঐ দু'টি কালিমা একটি কালিমায় পরিণত হয়ে যায়। تركيب প্রভাব করার শর্ত তথা علم হওয়া এবং مركب اسنادى ও اضافى না হওয়া তার মধ্যে বিদ্যমান।

قَوْلُهُ اَلْاَلِفُ وَالنُّوْنُ الخ : تثنيه مؤنث غائب টি كانتا-এর সীগাহ। এখানে تثنيه مؤنث-এর সীগাহ ব্যবহার করার কারণ – الف ও نون উভয়টি হরফ আর কায়দা রয়েছে–كل حرف بحكم التانيث অর্থাৎ প্রত্যেকটি হরফ تانيث-এর হুকুমে হয়। ان كانتا-এর পরে زائدة-কে উহ্য মানতে হবে। ইসমের মধ্যে হলে الف ও نون-এর জন্য علمية-কে শর্ত করার কারণ আলিফ ও নূন উভয়টি زائدة ; তা علمية-এর শেষে হয়ে থাকে। যদি علمية ব্যতীত এগুলো হয়, তাহলে পরিবর্তন থেকে মুক্ত হবে না। তাই علمية-কে উক্ত সববের জন্য শর্তারোপ করার ফলে ইসম পরিবর্তন থেকে মুক্ত থাকে। আর যদি الف ও نون উভয়টি সিফাতের মধ্যে হয়, তাহলে দু'টি শর্ত। যথা–(১) মূলগঠনের সময় তা وصف-এর জন্য গঠিত হওয়া। (২) ঐ وصف টির স্ত্রীলিঙ্গ فعلانة-এর ওযনে না হওয়া। যেমন–عَطْشَانُ ، سَكْرَانُ ইত্যাদি। বর্ণিত শর্ত দু'টো যদি একত্রে পাওয়া না যায় তাহলে শব্দটি গায়রে মুনসারিফ হবে না। যেমন– نَدْمَانُ শব্দটি মুনসারিফ। কেননা, তার স্ত্রীলিঙ্গ ندمانة , এ শর্তারোপের কারণ, এ الف ও نون দ্বয় কালিমার শেষে সংযুক্ত হয়। আর تاء تانيث প্রবিষ্ট না হওয়ার কারণে তা الف مقصوره ও الف ممدوده-এর সাথে সাদৃশ্য রাখে। যদি تاء تانيث আসে, তাহলে الف ممدوده ও الف مقصوره-এর সাথে তার সাদৃশ্যটা দুর্বল হয়ে যায়। কাজেই فعلانة -এর ওযনে مؤنث না হওয়ার শর্তারোপ হয়েছে, যাতে

সম্ভব তা দুর্বল না হয়। الف ونون زائدتان দু'অবস্থা থেকে মুক্ত নয়। হয়তো উভয়টি ইসমের মধ্যে হবে অথবা সিফাতের মধ্যে। যদি ইসমের মধ্যে হয়, তবে الف ও نون-কে منع صرف-এর মধ্যে تاثير করার জন্য شرط علمية হওয়া। কেননা. الف ونون زائدتان কালিমার শেষে زائده হয়। আর তা হলো পরিবর্তনের স্থান। তাই علمية-কে শর্ত করা হয়েছে, যথাসম্ভব কালিমাকে পরিবর্তন হতে রক্ষা করা যায়।

قَوْلُهُ كَعِمْرَانَ : এটি الف ونون زائدتان -এর উদাহরণ, যা ইসমের মধ্যে পাওয়া যায়। আর তার মধ্যে অন্য সবব علمية।

قَوْلُهُ اَوْ صِفَةٍ الخ : এখানে او -এর পরিবর্তে واو হরফে আত্ফকে নেওয়া উচিত ছিল। কেননা, او দু'টি বস্তু থেকে একটিকে সাব্যস্ত করার জন্য এসে থাকে। তখন উদ্দেশ্য হবে যে, الف -نون ইসম ও সিফাতের মধ্য থেকে যে কোনো একটির মধ্যে পাওয়া যাবে; অথচ উভয়টির মধ্যে الف -نون সাব্যস্ত হয়ে থাকে। কাজেই ترديد শুদ্ধ হবে না। এর কয়েকটি উত্তর দেওয়া যায়। প্রথমত او টি এখানে ترديد-এর জন্য নয়; বরং تنويع-এর জন্য। এরূপ বলা হয়েছে এ দিকেই ইঙ্গিত করার জন্য যে, الف ونون দু'প্রকার–একটি ইসমের মধ্যে অন্যটি সিফাতের মধ্যে পাওয়া যায়। এ উভয় প্রকারের মধ্যে যেহেতু পারস্পরিক মতানৈক্য রয়েছে, সেহেতু তার শর্তের মধ্যেও মতপার্থক্য পরিলক্ষিত হয়। তাইতো প্রথম প্রকারের জন্য شرط علم হওয়া, দ্বিতীয়টির জন্য تاء تانيث প্রবিষ্ট না হওয়া।

তারকীব : قَوْلُهُ اَلتَّرْكِيْبُ شَرْطُهُ الْعَلَمِيَّةُ وَاَنْ لَّايَكُوْنَ بِاِضَافَةٍ الخ : التركيب মুবতাদা, شرط মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদায়ে ছানী, العلمية মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, ان মাওসূলে হরফী, لايكون ফে'লে নাকেস, যমীর هو তার ইসম, باء হরফে জার, اضافة মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, لا টি অতিরিক্ত, اسناد মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا-এর সাথে। ثابتا উহ্য শিবহে ফে'ল, যমীর هو ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবর হয়েছে ফে'লে নাকেসের। ফে'লে নাকেস-তার ইসম এবং খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে মা'তূফ। العلمية মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে খবর হয়েছে মুবতাদায়ে ছানীর। মুবতাদায়ে ছানী ও খবর মিলে মুবতাদায়ে আউওয়ালের খবর হয়েছে। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। مثل মুযাফ, بعلبك মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। هو উহ্য মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। الالف মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, النون মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মুবতাদা। ان হরফে শর্ত, كانتا ফে'লে নাকেস, যমীর هما তার ইসম, فى হরফে জার, اسم মা'তূফ আলাইহ, او হরফে আত্ফ, صفة মা'তূফ। মা'তূফ আলাইহি-তার মা'তূফ মিলে মাজরূর। জার ও মাজরূ মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتتين উহ্য শিবহে ফে'লের সাথে। ثابتتين শিবহে ফে'ল, যমীর هما ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবর। ফে'লে নাকেস-তার ইসম ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে শর্ত। فاء জাযাইয়্যাহ, شرط মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর হয়েছে شرطه উহ্য মুবতাদার। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে জাযা। শর্ত এবং জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ হয়ে খবর। الالف والنون মুবতাদা তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে।

وَقِيْلَ وُجُوْدُ فَعْلٰى وَمِنْ ثَمَّ اُخْتُلِفَ فِىْ رَحْمٰنَ دُوْنَ سَكْرَانَ وَنَدْمَانٍ وَ وَزْنُ الْفِعْلِ شَرْطُهُ اَنْ يُّخْتَصَّ بِهٖ كَشَمَّرَ وَضُرِبَ اَوْ يَكُوْنَ فِىْ اَوَّلِهٖ زِيَادَةٌ كَزِيَادَتِهٖ غَيْرَ قَابِلٍ لِلتَّاءِ -

অনুবাদ : কেউ বলেছেন, (এটার স্ত্রীলিঙ্গটি) فَعْلٰى-এর ওযনে পাওয়া যাওয়া। এ জন্য رَحْمٰنُ শব্দ নিয়ে মতবিরোধ রয়েছে; سَكْرَانُ ও نَدْمَانُ নিয়ে নয়। (কেননা, سَكْرَانُ-এর মধ্যে শর্ত পাওয়া যাওয়ার কারণে তা غير منصرف হওয়ার ব্যাপারে কোনো মতানৈক্য নেই। نَدْمَانُ-এর মধ্যে শর্ত অনুপস্থিতির কারণে এটি منصرف হবার ক্ষেত্রে মতানৈক্য নেই) وزن فعل ; এটার শর্ত হলো (উক্ত ওযনটি) ফে'লের (ওযনের) সাথে খাস হওয়া। যেমন–ضُرِبَ ও شَمَّرَ অথবা এটার শুরুতে ফে'লের অতিরিক্ততার মতো কোনো অতিরিক্ত হরফ হওয়া এমতাবস্থায় যে, তা تاء-কে গ্রহণকারী নয়।

ব্যাখ্যা : قَوْلُهُ وَقِيْلَ وُجُوْدُ فَعْلٰى : الف مقصورة ও الف ممدوده-এর সাথে সদৃশতা আরোপের লক্ষ্যে الف نون যে ইসমের মধ্যে হবে ঐ ইসমের স্ত্রীলিঙ্গটি فعلى-এর ওযনে পাওয়া যাওয়ার শর্তারোপ করেছেন কোনো কোনো নাহুবিদ্। কেননা, যে ইসমের মধ্যে الف – نون এবং তার স্ত্রীলিঙ্গ فعلى-এর ওযনে হবে, তাতে ঐ ইসমের স্ত্রীলিঙ্গ فعلانة-এর ওযনে আসে না। অধিকাংশ ভাষাবিদদের এটিই অভিমত। বনী-আসাদের কতেক বিজ্ঞ ব্যক্তি বলেছেন– فعلى ও فعلانة উভয় ওযনই একত্রিত হতে পারে। অর্থাৎ প্রত্যেক ঐ ইসম-যা فعلان-এর ওযনে হবে, তার স্ত্রীলিঙ্গ فعلى এবং فعلانة ওযনে নেওয়া জায়েজ। যেমন–سكرانة ও عصبانة আর তারা একথা ব্যক্ত করেছেন যে ঐ ইসম-যা فعلان-এর ওযনে হবে, তার স্ত্রীলিঙ্গ فعلى ব্যবহৃত হলে, তা মুনসারিফ হবে; অথচ وجود فعلى-এর শর্ত তার মধ্যে পাওয়া যায়। সুতরাং উপরোক্ত আলোচনা থেকে বুঝা যায় وجود فعلى তথা فعلى-এর ওযনে ইসমের স্ত্রীলিঙ্গ পাওয়া সত্তাগতভাবে উদ্দেশ্য নয়, বরং তার দ্বারা انتقاء فعلانة ই উদ্দেশ্য। এটা বিবেচ্য বিষয় যে, উদ্দেশ্য তথা انتفاء فعلانة থেকে ফিরে উদ্দেশ্যহীন তথা وجود فعلى-এর দিকে যাওয়া বৈধ নয়। কেননা, মাকসূদ কখনো وجود فعلى ব্যতীতও অর্জিত হয়। আর কোনো সময় وجود فعلى-এর মধ্যেও অস্তিত্বহীন (معدوم) হয়ে থাকে। এ উক্তিটি দুর্বল হওয়ার কারণে মুসান্নিফ (র.) لفظ تمريض (রুগ্নশব্দ) قيل দ্বারা উক্ত অভিমতকে উল্লেখ করত মতটির দুর্বলতার দিকে ইঙ্গিত করেছেন।

* কেউ কেউ বলেছেন, الف – نون যদি সিফাতের মধ্যে হয়, তাহলে তার স্ত্রীলিঙ্গ فعلى-এর ওযনে পাওয়া যেতে হবে। কতেক নাহুবিদ বলেছেন, الف ونون زائدتان সিফাতের মধ্যে হয়ে গায়রে মুনসারিফের সবব ঐ সময় হবে, যখন তার স্ত্রীলিঙ্গ فعلى-এর ওযনে পাওয়া যাবে। প্রকৃতপক্ষে স্ত্রীলিঙ্গ فعلانة-এর ওযনে না হওয়া এ দলের উদ্দেশ্য।

قَوْلُهُ ثُمَّ اُخْتُلِفَ فِىْ رَحْمٰنَ : যেহেতু الف ونون زائدتان-এর شرط تاثير (প্রভাবিত করার শর্ত)-এর মধ্যে মতানৈক্য রয়েছে। কেউ কেউ বলেছেন- তার স্ত্রীলিঙ্গ فعلانة-এর ওযনে না হওয়া। কেউ বলেছেন, فعلى-এর ওযনে হওয়া। এ কারণে رحمن শব্দকে মুনসারিফ ও গায়রে মুনসারিফ পড়ার ক্ষেত্রে মতবিরোধ রয়েছে। যারা انتفاء فعلانة-কে শর্তারোপ করেছেন, তাঁদের নিকট এটি গায়রে মুনসারিফ। কেননা, رحمن-এর স্ত্রীলিঙ্গ فعلانة-এর ওযনে আসে না। আর যারা وجود فعلى-এর শর্তারোপ করেছেন, তারা رحمن-কে মুনসারিফ পড়ে থাকেন। কারণ, رحمن আল্লাহ তা'আলার সিফাত। এটির স্ত্রীলিঙ্গ فعلى এবং فعلانة কোনো ওযন আসে না।

* سكران ও ندمان-এর মধ্যে কোনো পার্থক্য নেই। سكران-কে উভয় দলই গায়রে মুনসারিফ পড়ে থাকে। কারণ, তার স্ত্রীলিঙ্গ سكرانة আসে না; বরং سكرى আসে। ندمان যখন نديم (শরাব পান করার মধ্যে সাথী) অর্থে ব্যবহৃত হয়, তখন এটাকে মুনসারিফ পড়ার ব্যাপারে দ্বিমত নেই। কারণ, তার স্ত্রীলিঙ্গ ندمانة আসে। আর যদি نادم (অনুতপ্ত) অর্থে আসে, তাহলে সর্বসম্মতিক্রমে গায়রে মুনসারিফ হবে। কেননা, এটার স্ত্রীলিঙ্গ ندمى আসে, ندمانة আসে না।

قَوْلُهُ وَزْنُ الْفِعْلِ الخ : منع صرف টি وزن الفعل-এর সবব হবার জন্য শর্ত–উহ্য ফে'লের ওযনের সাথে খাস হতে হবে। অর্থাৎ ইসম এমন ওযনের উপর পাওয়া যাবে, যাকে اوزان فعل-এর মধ্যে গণ্য করা হয়। ফে'লের সাথে খাস হবার শর্তারোপ করা হয়েছে। কেননা, সে সময় এ ওযন ইসমের মধ্যে পাওয়া যাওয়াটা অভ্যাসের পরিপন্থী হবার কারণে ثقيل (ভারী) হবে। কাজেই ফে'লের সাথে খাস হওয়া উচিত। যেন তার ثقالة (ভারীত্ব) ফে'লের সাথে খাস হবার কারণে এমন উচ্চ স্থানে পৌঁছে গেছে, যার কারণে منع صرف-এর মধ্যে প্রতিক্রিয়া সৃষ্টি করার যোগ্যতা অর্জন করেছে। যদি কেউ প্রশ্ন করে, اختصاص-এর অর্থ হলো مختص به ব্যতীত অন্য কোনো কিছুতে পাওয়া না যাওয়া। তাই যখন তা وزن فعل-এর সাথে مختص হবে, তখন ইসমের মধ্যে পাওয়া না যাওয়া উচিত। এ শর্ত ইসমের মধ্যে পাওয়া গেলে ফে'লের সাথে কিভাবে খাস হতে পারে? **উত্তর** : এখানে اختصاص-এর দ্বারা উদ্দেশ্য اصل وضع অনুপাতে খাস হওয়া। আর ইসমের মধ্যে ফে'ল হতে নকল হয়ে পাওয়া যায়।

* وزن فعل শুধু علم ও وصف -এর সাথে মিলিত হয়। কোনো ইসম وزن فعل ও علم মিলে গায়রে মুনসারিফ হবার ক্ষেত্রে তিনটি অবস্থা হতে পারে। যথা–(১) কোনো علم-এর ওযন ফে'লের ওযনের সাথে হুবহু মিলে যাওয়া। তা হয়ত فعل ماضى-এর ওযনে হবে। যথা–صرح অথবা مضارع فعل-এর ওযনে হবে। যথা- ينطلق অথবা امر فعل-এর ওযনে হবে। যথা– استخرج (২) علم টির ওযন اسم ও فعل উভয়ের ওযনে مشترك হওয়া। তবে فعل-এর ওযন হওয়া অধিক প্রচলিত। যেমন–اصبح ও اسمع এ শব্দগুলো যখন علم হবে, তখন এগুলো علم ও وزن فعل এ দু'টো সবব দ্বারা গায়রে মুনসারিফ হবে। (৩) علم টির ওযন اسم ও فعل উভয়ের ওযনে বহুল প্রচলিত হওয়া। তবে ওযনটি ফে'লের ওযন হওয়া যুক্তিযুক্ত। যেমন–اكلب। কোনো ইসমে وصف ও وزن فعل এ দু'টি সবব পাওয়া যাবার কারণে গায়রে মুনসারিফ হয়ে থাকে–এ ধরনের ওযন রয়েছে মাত্র একটি। তা হলো শব্দটি افعل-এর ওযনে হয়ে তার স্ত্রীলিঙ্গ শুধু فعلى বা فعلاء-এর ওযনে হওয়া। যেমন– احسن – حسنى।

قَوْلُهُ كَشَمَّرَ الخ : شمر এটি تشمير মাসদার হতে ماضى معروف-এর সীগাহ। شمر শব্দটিকে فعل থেকে নকল করে একটি ঘোড়ার নাম রাখা হয়েছে যা অধিক দ্রুতগামী। আর تشمير-এর কয়েকটি অর্থ আছে। যথা–আঁচল গুছানো, কোমরের উপর আঁচল বাঁধা, কোনো কাজে চালাক হওয়া, নৌকা চালানো ইত্যাদি। অনুরূপভাবে بذر-কেও ফে'ল থেকে নকল করে একটি কূপের নাম রাখা হয়েছে, যা মক্কা শরীফে অবস্থিত। তার মাসদার تبذير অর্থ–অতিরিক্ত ব্যয় করা। তেমনিভাবে عشر-কে ফে'ল থেকে নকল করে একটি জায়গার নাম রাখা হয়েছে। অর্থ অনিশ্চয়তায় নিপতিত হওয়া। অনুরূপ خضم-কে ফে'ল থেকে নকল করা হয়েছে। আর علبوس بن عمر بن تميم-এর নাম রাখা হয়েছে। الخضم। অর্থ মুখ ভরে খাওয়া। شمر শব্দটি وزن فعل ও علمية -এর কারণে গায়রে মুনসারিফ হয়েছে।

قَوْلُهُ وَضُرِبَ : ضرب এটি الضرب। মাসদার থেকে নির্গত, فعل ماضى مجهول-এর সীগাহ। এটার দ্বারা কোনো কিছুর নাম রাখা হলে وزن فعل ও علمية-এর কারণে গায়রে মুনসারিফ হবে। মুসান্নিফ (র.) গায়রে মুনসারিফের দৃষ্টান্ত হিসেবে ضرب মাযী মা'রূফকে পেশ না করে ضرب মাযী মাজহুলকে নেওয়ার কারণ– ماضى معروف-এর ওযন ফে'লের জন্য নির্দিষ্ট নয়; বরং ইসমে পাওয়া যায়। যেমন– شجر এটিতে প্রথম ও দ্বিতীয় অক্ষরের হরকত ফে'লের সাথে সাদৃশ্যপূর্ণ। যেহেতু শেষাক্ষরের হরকত এখানে ধর্তব্য নয়। সুতরাং- وزن فعل টি গায়রে মুনসারিফের সবব হওয়ার জন্য শর্ত– ফে'লের ওযনের সাথে নির্দিষ্ট হওয়া। আর فعل مجهول-এর ওযনটি ফে'লের জন্য নির্দিষ্ট। এসব ওযনে ইসম পাওয়া যায় না।

قَوْلُهُ اَوْ يَكُوْنَ فِىْ اَوَّلِهٖ الخ : منع صرف টি وزن فعل-এর মধ্যে مؤثر হওয়ার জন্য দ্বিতীয় শর্ত এখানে বর্ণনা করা হয়েছে। وزن فعل টি ফে'লের সাথে নির্দিষ্ট না হলে বিকল্প হিসেবে শর্ত হলো, তার প্রথমে ফে'লের শুরুতে যা অতিরিক্ত হয় তদ্রূপ হওয়া। অর্থাৎ علامة مضارع-এর اتين থেকে কোনো একটি হরফ তার প্রথমে পাওয়া যেতে পারে। আর তাতে تاء تانيث প্রবিষ্ট হওয়া নিষিদ্ধ। মোটকথা, وزن فعل-এর দু'টি শর্ত রয়েছে। একটি হলো, فعل-এর ওযনের সাথে খাস হওয়া অন্যটি اتين হতে কোনো হরফ শুরুতে হওয়া এবং تاء تانيث দাখিল না হওয়া। এটি عَلٰى سَبِيْلِ مَانِعَةِ الْخُلُوِّ-এর ভিত্তিতে পাওয়া যাওয়া জরুরি। (মানতিকবিদদের ভাষায় مانعة الخلو হলো–اِنْ حُكِمَ فِى الْقَضِيَّةِ بِالتَّنَافِىْ اَوْ سَلْبِهٖ

كِذْبًا فَقَطْ كَانَتْ مَانِعَةُ الْخُلُوِّ) উপরোক্ত দু'সুরত থেকে যে কোনো একটি অবশ্যই পাওয়া যেতে হবে। উভয়টি এক সাথে পাওয়া যাওয়া জরুরি নয়। দ্বিতীয় শর্তটি এ কারণেই আরোপ করা হয়েছে, যাতে এ ওযনটি ফে'লের সাথে নির্দিষ্ট হয়ে যায়। কেননা, ফে'লের মধ্যে ওয়াক্ফ অবস্থায় "ـْ" হয়ে যায় এমন تاء প্রবিষ্ট হয় না। যে تاء -এর কারণে اسمية প্রবল হয়ে যায়।

قَوْلُهُ غَيْرَ قَابِلٍ لِلتَّاءِ : এটি اوله -এর যমীর থেকে حال অর্থাৎ وزن فعل বা ঐ ইসম যা ফে'লের ওযনে হয় এ অবস্থায় যে, তা تاء تانيث -কে গ্রহণ করে না। এখানে একটি প্রশ্ন উত্থাপিত হয়- حال তা হয়ে থাকে, যা ফায়েল অথবা মাফউলের অবস্থা বর্ণনা করে। আর উল্লিখিত যমীরটি ফায়েলও নয়, মাফউলও নয়; বরং মুযাফ ইলাইহ। তাই তা থেকে حال পতিত হওয়া কিভাবে শুদ্ধ হতে পারে? **উত্তর :** ঐ মুযাফ ইলাইহ হতে حال পতিত হওয়া শুদ্ধ আছে, যার মুযাফটি ফায়েল অথবা মাফউল হবে এবং মুযাফ ইলাইহকে মুযাফের স্থানে দাঁড় করানো যাবে। এ কারণে যে, এ ধরনের مضاف اليه টি فاعل معنوى অথবা مفعول معنوى হয়ে থাকে। আর উক্ত শর্ত এখানে বিদ্যমান; কেননা, فى اوله زيادة -এর বদলে فيه زيادة বলা শুদ্ধ হবে। যেমনিভাবে আল্লাহ তা'আলা বলেছেন-بَلْ نَتَّبِعُ مِلَّةَ اِبْرٰهِيْمَ حَنِيْفًا -এর মধ্যে ملة শব্দকে বিলোপ করে بَلْ نَتَّبِعُ اِبْرَاهِيْمَ حَنِيْفًا বলা শুদ্ধ হবে এবং وَاَنْ يَّاْكُلَ لَحْمَ اَخِيْهِ مَيْتًا -এর মধ্যে لحم -কে বিলোপ করে وَاَنْ يَّاْكُلَ اَخَاهُ مَيْتًا বলা শুদ্ধ হবে। আর উভয় জায়গায় অর্থের মধ্যে বিঘ্নতা সৃষ্টি হবে না এবং তার حال পতিত হওয়া শুদ্ধ রয়েছে। প্রকাশ থাকে যে, مفعول له টি عام, হরফে জারের মাধ্যমে হোক। যেমন-مَرَرْتُ بِزَيْدٍ وَ اَنْ يَّكُوْنَ فِىْ اَوَّلِهٖ অথবা হরফে জার ব্যতীত হবে। যেমন- ضَرَبْتُ زَيْدًا ।

তারকীব : قَوْلُهُ وَقِيْلَ وُجُوْدُ فَعْلٰى وَمِنْ ثَمَّ اُخْتُلِفَ فِىْ رَحْمٰنَ الخ টি واو হরফে ইসতীনাফ, قيل ফে'ল, وجود মুযাফ, فعلى মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে নায়েবে ফায়েল। ফে'ল ও তার নায়েবে ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। واو হরফে আত্ফ বা ইস্তীনাফের জন্য, من হরফে জার, ثم মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব মুকাদ্দাম হয়েছে। اختلف ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল, فى হরফে জার, رحمن মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্বে ছানী। কারো মতে, জার ও মাজরূর মিলে নায়েবে ফায়েল, دون মুযাফ سكران মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, ندمان মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মুযাফ ইলাইহ, دون মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ। اختلف ফে'ল, তার নায়েবে ফায়েল, উভয় যরফে লগ্ব এবং মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ, وزن মুযাফ, الفعل মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদায়ে আউওয়াল। شرط মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদায়ে ছানী। ان নাসেবা মাওসূলে হরফী, يختص ফে'ল, যমীর هو ফায়েল, با হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। يختص ফে'ল, যমীর هو ফায়েল ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ আলাইহ। ك হরফে জার তাশবীহের জন্য, شمر মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, ضرب মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت-এর সাথে। ثابت শিবহে ফে'ল, তার যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। هو মুবতাদা মাহ্যূফ। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ মু'তারাযা। او হরফে আত্ফ, يكون ফে'লে তাম, فى হরফে জার. اول মুযাফ, ه যমীর যুলহাল, غير মুযাফ. قابل শিব্হে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল, لام হরফে জার, التاء মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব, قابل শিব্হে ফে'ল, তার নায়েবে ফায়েল ও যরফে লগ্ব মিলে সিফাত। وزن উহ্য মাওসূফ। মাওসূফ ও তার সিফাত মিলে মুযাফ ইলাইহ। غير মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে হাল। যুলহাল ও হাল মিলে মুযাফ ইলাইহ। زيادة মাওসূফ, ك হরফে জার, زيادة মুযাফ, ه মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার ثابتة উহ্য শিবহে ফে'লের সাথে। তার অন্তর্নিহিত যমীর هى নায়েবে ফায়েল। শিব্হে ফে'ল, ফায়েল ও যরফে মুস্তাকার মিলে সিফাত। زيادة মাওসূফ ও সিফাত মিলে ফায়েল يكون ফে'লের। يكون ফে'ল, তার ফায়েল ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে খবর। মুবতাদায়ে ছানী ও তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে খবর। মুবতাদায়ে আউওয়াল ও তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ গঠিত হয়েছে।

وَمِنْ ثَمَّ اِمْتَنَعَ اَحْمَرُ وَانْصَرَفَ يَعْمَلُ وَمَافِيْهِ عَلَمِيَّةٌ مُؤَثِّرَةٌ اِذَا نُكِّرَ صُرِفَ لِمَا تَبَيَّنَ مِنْ اَنَّهَا لَاتُجَامِعُ مُؤَثِّرَةً اِلَّا مَا هِيَ شَرْطٌ فِيْهِ اِلَّا الْعَدْلَ وَ وَزْنَ الْفِعْلِ وَهُمَا مُتَضَادَّانِ فَلَايَكُوْنُ مَعَهَا اِلَّا اَحَدُهُمَا فَاِذَا نُكِّرَ بَقِيَ بِلَاسَبَبٍ اَوْ عَلٰى سَبَبٍ وَاحِدٍ-

অনুবাদ : এ কারণে احمر শব্দটি غير منصرف এবং يعمل হলো منصرف আর যে সমস্ত সববের মধ্যে প্রতিক্রিয়াকারী علمية হয় যখন তাকে নাকেরা করা হয়, তখন منصرف হয়ে যায়। এ কারণে প্রকাশ হয়েছে যে, علمية কোনো সববের সাথে প্রতিক্রিয়াকারী হিসেবে একত্রিত হয় না; কিন্তু ঐ সববের সাথে একত্রিত হয়, যার মধ্যে তা (علمية) শর্ত, عدل ও وزن فعل ব্যতীত। এদু'টি عدل ও وزن فعل পরস্পর বিপরীতমুখী। সুতরাং তার (علمية-এর) সাথে দু'টির একটি ব্যতীত পাওয়া যায় না, যখন ঐ গায়রে মুনসারিফকে নাকেরা করা হয়, তখন সববহীন অথবা একটি সববের উপর বাকি থাকবে।

ব্যাখ্যা : قَوْلُهُ وَمِنْ ثَمَّ اِمْتَنَعَ الخ : এটা وجود شرط-এর উপর একটি تفريع (প্রশাখা)। এটা দ্বারা উদ্দেশ্য احمر-এর শুরুতে الف اتين-এর মধ্য থেকে অতিরিক্ত হয়েছে আর এটা ঐ تا-কে কবুল করেনি- যা ওয়াক্ফ অবস্থায় "ة" হয়ে যায়, তাই এটা গায়রে মুনসারিফ।

قَوْلُهُ وَانْصَرَفَ الخ : এটা عدم شرط-এর উপর تفريع (প্রশাখা)। এর দ্বারা উদ্দেশ্য يَعْمَلُ যেহেতু تا تانيث-কে রদ করে, সেহেতু এটা মুনসারিফ। যেমনিভাবে আরববাসীরা বলে থাকে نَاقَةٌ يَعْمَلَةٌ শক্তিশালী উট।

قَوْلُهُ وَمَا فِيْهِ عَلَمِيَّةٌ الخ : এ কথা দিবালোকের ন্যায় স্পষ্ট যে, গায়রে মুনসারিফের সববগুলো علمية-এর কারণে দু'ভাগে বিভক্ত। কিছু সববের মধ্যে علمية একত্রিত হয় আর কিছুর মধ্যে একত্রিত হয় না। যেগুলোর মধ্যে একত্রিত হয়, তা দু'অবস্থা থেকে মুক্ত নয়। যথা–প্রথমত কিছু সববের মধ্যে علم হওয়াকে শর্তারোপ করা হয়েছে। যেমন–সেগুলো (১) التانيث بالتاء (২) التانيث المعنوى (৩) العجمة (৪) التركيب এবং (৫) الالف والنون এ সববসমূহ থেকে যখন علمية-কে দূর করা হয় তথা নাকেরায় পরিণত করা হয়, তখন ইসমটি সববিহীন কারণে বাকি থাকার কারণে মুনসারিফ হয়ে যায়। কেননা, اِذَا فَاتَ الشَّرْطُ فَفَاتَ الْمَشْرُوْطُ। দ্বিতীয়ত কিছু সববের মধ্যে علمية-কে শর্ত করা হয়নি, তবে سبب محض হিসেবে একত্রিত হয়, সেগুলো যথা- (১) عدل (২) وزن فعل এগুলো থেকে علمية-কে দূর করা হলে অর্থাৎ- নাকেরা করা হলে শুধু একটি সবব বাকি থাকার কারণে মুনসারিফ হয়ে যাবে।

قَوْلُهُ اِذَا نُكِّرَ صُرِفَ : কোনো علم-কে নাকেরা করা হলে তা মুনসারিফ হয়ে যায়। আর علم-কে নাকেরা করার দু'টি পদ্ধতি রয়েছে। যথা–(১) কোনো একটি দলের প্রত্যেককে একই নামে আখ্যায়িত করে সেই নির্দিষ্ট নামের দলভুক্ত থেকে অনির্দিষ্টভাবে একজন আহমদকে উদ্দেশ্য করা হয়েছে। (২) وصف مشهور দ্বারা علم (প্রসিদ্ধ গুণ)-কে উদ্দেশ্য নেওয়া হয়েছে যেমন–لِكُلِّ فِرْعَوْنَ مُوْسٰى এখানে فرعون দ্বারা মিসরের বাদশাহ ফেরাউন এবং হযরত মূসা (আ.)-কে বুঝানো উদ্দেশ্য নয়; বরং মাকসূদ لِكُلِّ مُبْطِلٍ مُحِقٌّ অর্থাৎ فرعون দ্বারা বাতিলপন্থী ও মূসা (আ.) দ্বারা হকপন্থীদের বুঝানো উদ্দেশ্য।

* مؤثرة বাবে تفعيل হতে ইসমে ফায়েলের واحد مؤنث -এর শব্দ। منع صرف-এর নয়টি সববের কতগুলোর সাথে علمية শর্ত হিসেবে مؤثرة হয়ে থাকে। আবার কতগুলোর মধ্যে শর্ত না হয়ে مؤثرة হয়। نكر এটি বাবে تفعيل থেকে ماضى مجهول-এর واحد مذكر غائب-এর সীগাহ। অর্থ–নাকেরা করে দেওয়া হয়েছে তথা علمية -কে দূরীভূত করা। تبين এটি বাবে تفعل থেকে ماضى-এর সীগাহ। অর্থ–تظهر প্রকাশ হওয়া।

এ প্রসঙ্গে একটি প্রসিদ্ধ ঘটনা نبراس ও قواعد الفقه সহ আরো কয়েকটি কিতাবে বর্ণিত রয়েছে। এ ঘটনাটি হলো, আল্লামা ওমর ইবনে মুহাম্মদ ইবনে আন্ নাসফী (র.) একদা আল্লামা জারুল্লাহ যমখশরীর দ্বারে করাঘাত করলেন, অতঃপর যমখ্শারী বললেন, من بالباب " দরজায় কে ?" তিনি বললেন, عمر প্রতি উত্তরে যমখ্শরী বললেন, انصرف " ফিরে যাও "। তিনি জবাবে বললেন, عمر لا ينصرف যমখ্শারী তৎক্ষণাৎ اذا نكر صرف বলে দিলেন।

قَوْلُهُ لِمَا تَبَيَّنَ الخ : ইসমে গায়রে মুনসারিফের যে সমস্ত সববের মধ্যে علمية প্রতিক্রিয়াকারী হয় তাকে নাকেরা করার পর মুনসারিফ হয়ে যায়। এ জন্য যে, পূর্বে উল্লিখিত হয়েছে, علمية টি مؤثر হিসেবে ঐ ইসমে গায়রে মুনসারিফের মধ্যে পাওয়া যাবে যার মধ্যে علمية টি শর্ত। কিন্তু وزن فعل ও عدل এমন দু'টি সবব যাদের মধ্যে علمية টি শর্তহীনভাবে مؤثر হয়। অতঃপর علمية অন্য সববের সাথে مؤثر হিসেবে পাওয়া যাবার মাসয়ালাটি এমন যে, যার ব্যাখ্যা ইতঃপূর্বে اسباب منع صرف-এর বর্ণনার ক্ষেত্রে স্থান পেয়েছে। যেহেতু সেখানে বিস্তারিত বর্ণনা ছিল যে, সেহেতু আল্লামা ইবনে হাজিব (র.) এখানে সবিস্তারে বর্ণনা করেছেন। যদি কেউ এ কথা বলে যে, মুসান্নিফ (র.)-এর إِلَّا مَاهِيَ شَرْطٌ فِيْهِ إِلَّا الْعَدْلَ وَ وَزْنَ الْفِعْلِ এ উক্তিতে আত্ফ ব্যতীত একটি বিষয় থেকে কয়েকটি ইস্তিছনা উল্লেখ করা হয়েছে। আর কায়দা হলো কোনো বাক্যের মধ্যে যখন আত্ফ ব্যতীত কয়েকটি ইস্তিছনা উল্লেখিত হয়, তখন ওখানে بدل غلط হয়ে থাকে, যার অর্থ مبدل منه টি غلط হিসেবে পতিত হয়। তা হুকুমগতভাবে বাদ পড়ার নামান্তর এবং বাক্যের দ্বারা উদ্দেশ্য بدل-ই হয়ে থাকে। মুসান্নিফ (র.)-এর বাক্যটি ত্রুটি মুক্ত নয়। **উত্তর** : এখানে একটি বিষয় হতে কয়েকটি ইস্তিছনা হয়নি; বরং উপরোক্ত এবারত দ্বারা প্রত্যেক ইস্তিছনার مستثنى منه পৃথক পৃথক হওয়া বুঝা যায়। কেননা, প্রথম ইস্তিছনা দ্বারা একটি موجبة كلية বুঝা যায়। অর্থাৎ- প্রত্যেক ঐ ইসমে গায়রে মুনসারিফ যার মধ্যে علمية শর্ত, علمية টি তার মধ্যে مؤثر হিসেবে পাওয়া যায়। আর এই موجبة كلية-এর সাথে একটি سالبة كلية বুঝা যায়। অর্থাৎ যার মধ্যে علمية শর্ত নয় তার মধ্যে علمية টি موثر হিসেবে পাওয়া যায় না। আর এটা হতে দ্বিতীয় ইস্তিছনা বুঝা যায়। অথার্ৎ যে ইসমে গায়রে মুনসারিফের মধ্যে علمية শর্ত নয় তার মধ্যে مؤثر হিসেবে পাওয়া যায় না; কিন্তু عدل ও وزن فعل উভয়টির মধ্যে علمية টি শর্ত ব্যতীত مؤثر হয়ে থাকে।

قَوْلُهُ وَهُمَا مُتَضَادَّانِ : এটা একটি উহ্য প্রশ্নের উত্তর। প্রশ্নটি হলো, মুসান্নিফ (র.)-এর উক্তি اذا نكر صرف হলো- قضية شرطية متصلة لزومية এটা স্পষ্ট যে, قضية شرطية-এর প্রথমাংশ তথা মুকাদ্দাম তার দ্বিতীয়াংশ তথা তালীকে আবশ্যক করে। যার অর্থ- صدق مقدم (মুকাদ্দাম সত্য হওয়া) টি صدق تالى (তালী সত্য হওয়া) কে লাযেম করে ; অথচ এখানে এরূপ যে, صدق مقدم তথা নাকেরা করলে صدق تالى তথা মুনসারিফ হওয়াকে লাযেম করে না। কেননা, وزن فعل، عدل এবং علمية এ তিনটি এক জায়গায় একত্রিত হওয়ার সম্ভাবনা রয়েছে। আর علمية দূরীভূত হয়ে গেলে দু'টি সবব তথা عدل ও وزن فعل বাকি থাকে। আর শব্দ علمية দূরীভূত হয়ে যাওয়ার পর স্বাভাবিকভাবে গায়রে মুনসারিফ হয়। যেমনিভাবে علمية বিদ্যমান থাকাবস্থায় ছিল। **উত্তর** : وزن فعل ও عدل-এর মধ্যে বৈপরীত্য রয়েছে ; উভয়টি এক স্থানে একত্রিত হতে পারে না। এ জন্য যে, عدل-এর ওযন ছয়টি। আর ঐ ওযনসমূহ থেকে কোনোটি ফে'লের ওযনসমূহের মধ্যে গ্রহণীয় নয়।

قَوْلُهُ فَلَا يَكُوْنُ مَعَهَا الخ : এ কথা প্রমাণিত হয়ে গেছে যে, উভয়ের মধ্যে পরস্পর বৈপরীত্য রয়েছে। আর এ কারণে علمية উভয়ের সাথে একত্রে পাওয়া যাবে না ; বরং উভয়ের মধ্য হতে কোনো একটির সাথে পাওয়া যাবে। এখন এ কথার উপর একটি আপত্তি উত্থাপিত হয়ে যে, মুসান্নিফের উক্তি لا احدهما ইস্তিছনায়ে, মুফার্‌রাগ। এটা স্পষ্ট যে, ইস্তিছনায়ে মুফার্‌রাগের মধ্যে মুস্তাছনা মিনহুটি বিলুপ্ত থাকে। আর তা এখানে شئ লফয। অতঃপর তা দু'অবস্থা থেকে মুক্ত নয়। হয়তো তা দ্বারা ব্যাপকতা উদ্দেশ্য হবে, যা اسباب تسعة-কে শামিল করে অথবা বিশেষ অর্থ উদ্দেশ্য হবে, যা عدل ও وزن فعل-এর উপর প্রযোজ্য হয়। এখানে شئ দ্বারা ব্যাপকার্থ (مفهوم عام) উদ্দেশ্য হলে ঐ সময় উদ্দেশ্যের বিপরীত হওয়া

হবে আসবে। এমতাবস্থায় বাক্যের অর্থ দাঁড়ায়- علمية টি عدل ও وزن فعل ব্যতীত নয়টি সবকের কোনো একটির সাথে একত্রিত হবে না। আর তা সম্পূর্ণ বাতিল। আর যখন شيئ দ্বারা বিশেষ অর্থ (مفهوم خاص) তথা اَحَدُ مِنَ الْعَدْلِ وَ وَزْنِ الْفِعْلِ উদ্দেশ্য নেওয়া হয়। যেহেতু এটি عين مستثنى হয়। সেহেতু এমতাবস্থায় اِسْتِثْنَاءُ الشَّيْءِ عَنْ نَفْسِهٖ লাযেম হবে। আর এটাও বাতিল। **উত্তর :** এখানে মুস্তাছনা মিনহুটি عام বস্তুও নয় এবং خاص বস্তুও নয়; বরং এমন একটি مفهوم যা عدل ও وزن فعل-এর একত্রিতরূপ এবং احدهما-এর মাঝখানে আবর্তনকারী (دائر) অর্থাৎ যে مفهوم টি مستثنى منه এবং احتمال عقلى اِحْتِمَالُ نَفْسِ الْاَمْرِيْ-এর মধ্যে তারদীদ দ্বারা অর্জিত হয়, তা হলো । বিস্তারিত হলো, যদিও নিরেট আকল এ কথাকে বৈধ মনে করে যে, علمية টি عدل ও وزن فعل উভয়ের সাথে একত্রিত হয়, কিন্তু বাস্তবে উভয়টির যে কোনো একটির সাথে পাওয়া যাবে। হয়তো শুধু عدل-এর সাথে অথবা কেবল وزن فعل -এর সাথে।

মোটকথা, এখানে দু'টি অবকাশ রয়েছে। (১) عقلى (২) نفس الامرى যে مفهوم টি এ দু'অবকাশের মধ্যে তারদীদ দ্বারা অর্জিত হয় তাই مستثنى منه হবে। এ সময় فَلَايَكُوْنُ مَعَهَا اِلَّا اَحَدُهُمَا-এর অর্থ হবে। لَايُوْجَدُ مَعَهَا مَجْمُوْعُ الْعَدْلِ وَ وَزْنِ الْفِعْلِ وَاَحَدُهُمَا اِلَّا اَحَدُهُمَا কাজেই এই مفهوم دائر -কে নফীর অধীনে প্রবেশ করিয়ে مستثنى منه করা হয়েছে। استثناء দ্বারা দ্বিতীয়াংশকে সাব্যস্ত করা হয়েছে। আর এ কথা পরিষ্কার হয়ে যায় যে, এটি استثناء الشئ عن نفسه নয়; عام-কে خاص থেকে ইস্তিছনা আর তাতে কোনো প্রকারের অসুবিধা নেই।

قَوْلُهٗ فَاِذَا ذُكِّرَ بَقِيَ الخ : এ ইসমে গায়রে মুনসারিফ, যার মধ্যে علمية টি مؤثر হয়। চাই শর্ত হিসেবে হোক কিংবা সবব হিসেবে। তাকে নাকেরা করা হলে প্রথমাবস্থায় (শর্তের মধ্যে) সববিহীন বাকি থাকে। আর দ্বিতীয়াবস্থায় কেবলমাত্র এক সবব বাকি থাকবে। আর তা عدل হবে অথবা وزن فعل । কেননা, এ দু'টি সবব এমন যে, যার মধ্যে علمية শর্ত হয়ে مؤثر নয় ; বরং سبب محض হয়ে কোনো একটির সাথে পাওয়া যায়। উভয়ের সাথে একত্রিত হয় না। কেননা, উভয়ের মধ্যে পারস্পরিক বৈপরীত্য রয়েছে।

* تانيث-এর জন্য علمية শর্ত। আর দেখা যায় علمية দূর হয়ে গেলে تانيث বিদূরীত হয় না। এ কথা বলা সঠিক নয় যে, علمية শর্ত হওয়ার সময়ে সববিহীন বাকি থাকবে। **উত্তর :** যে সবকের জন্য علمية শর্ত, নাকেরা করার পর তা দূরীভূত হওয়ার দ্বারা উদ্দেশ্য তার প্রভাব দূরীভূত হওয়া। মূলগতভাবে সবব দূরীভূত হওয়া নয়। সারকথা হলো, ইসম প্রতিক্রিয়াকারী সববিহীন বাকি থাকবে।

* ابراهيم শব্দের মধ্যে علمية ও عجمة দু'টি সবব রয়েছে। এতে علمية শর্তও বটে। তদুপরি নাকেরা করার পর علمية আপনাবস্থায় বাকি থাকে। এরূপ ইসমকে নাকেরা করার পর কোনো সবব বাকি থাকে না বলা কিভাবে শুদ্ধ হবে ? **উত্তর :** ابراهيم শব্দের মধ্যে নাকেরা করার পরও عجمة যদিও অবশিষ্ট রয়েছে ; কিন্তু সবব হিসেবে বহাল নেই। কেননা, তার জন্য علمية শর্ত। এ علمية দূর হয়ে যাবার সাথে সাথে عجمية-এর প্রভাব চলে যায়। যদিও তা সত্তাগতভাবে বিদ্যমান থাকে।

তারকীব : وَقَوْلُهٗ وَمِنْ ثَمَّ اِمْتَنَعَ اَحْمَرُ وَانْصَرَفَ الخ : واو হরফে ইস্তীনাফ, من হরফে জার, ثم ইসমে ইশারা মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব মুকাদ্দাম। امتنع ফে'ল, احمر ফায়েল। ফে'ল, তার ফায়েল এবং যরফে লগ্‌ব মুকাদ্দাম মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। واو হরফে আত্‌ফ, انصرف ফে'ল, يعمل ফায়েল। ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে। واو হরফে ইস্তীনাফ, ما ইসমে মাওসূল, فى হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتة উহ্য শিব্‌হে ফে'লের সাথে। শিবহে ফে'ল, তার যমীর هى নায়েবে ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবরে মুকাদ্দাম। علمية মাওসূফ, مؤثرة শিব্‌হে ফে'ল, তার অন্তর্নিহিত যমীর هى নায়েবে ফায়েল। শিব্‌হে ফে'ল ও তার নায়েবে ফায়েল মিলে সিফাত। মাওসূফ তার সিফাত মিলে মুবতাদায়ে মুয়াখ্‌খার। মুবতাদায়ে মুয়াখ্‌খার-তার খবরে মুকাদ্দাম মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে মুবতাদা, اذا হরফে শর্ত যরফে যমান, نكر ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল। ফে'ল, তার নায়েবে ফায়েল এবং اذا মাফউলে ফীহ

মুকাদ্দাম মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। صرف ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল, ل হরফে জার, ما ইসমে মাওসূল, تبين ফে'ল, উহ্য যমীর هو যুলহাল, من হরফে জার, ان হরফে মুশাব্বাহ বিল ফে'ল মাওসূলে হরফী, ها ইস্‌মে আন্না, لاتجامع ফে'ল, যমীর هى উহ্য যুলহাল, مؤثرة শিব্‌হে ফে'ল, উহ্য যমীর هى নায়েবে ফায়েল। শিবহে ফে'ল ও তার ফায়েল মিলে হাল। যুলহাল ও তার হাল মিলে ফায়েল। ١ হরফে ইস্তিছনা, ما মাওসূলা, هى মুবতাদা, شرط মাওসূফ, فى হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت শিবহে ফে'লের সাথে। ثابت শিবহে ফে'ল, তার নায়েবে ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে শিবহে জুমলা হয়ে সিফাত। মাওসূফ ও সিফাত মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে মুস্‌তাছ্‌নায়ে মুফার্‌রাগ হয়ে মাফউলে বিহী। لاتجامع ফে'ল, তার ফায়েল এবং মাফউলে বিহী মিলে খবরে আন্না। ইসমে আন্না-তার খবরে আন্না মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল হরফী-তার সেলাহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت শিবহে ফে'লের সাথে। ثابت শিব্‌হে ফে'ল, তার অন্তর্নিহিত যমীর هو নায়েবে ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে হাল। যুলহাল ও হাল মিলে تبين ফে'লের ফায়েল। ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ্। মাওসূল ও সেলাহ্ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব হয়েছে صرف ফে'লের সাথে। صرف ফে'ল ও তার নায়েবে ফায়েল এবং যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ হয়ে খবর। মুবতাদা-খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে।

قَوْلُهُ اِلَّا الْعَدْلَ وَوَزْنَ الْفِعْلِ : এটি উহ্য এবারত থেকে মুস্‌তাছ্‌না হয়েছে। মূল এবারত ছিল غَيْرَ مَاهِىَ مُؤَثِّرَةٌ لاتجامع ফে'ল, উহ্য যমীর هى যুলহাল, مؤثرة শিবহে ফে'ল, উহ্য যমীর هى নায়েবে ফায়েল। শিবহে ফে'ল তার নায়েবে ফায়েল মিলে হাল। যুলহাল ও তার হাল মিলে ফায়েল। غير মুযাফ, ما ইসমে মাওসূল, هى شرط فيه এটি উপরোক্ত তারকীব হয়ে সেলাহ্। মাওসূল-সেলাহ মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুস্‌তাছ্‌না মিনহু। ١ হরফে ইস্‌তিছ্‌না, العدل মা'তূফ আলাইহ, واو হরফে আত্‌ফ, وزن মুযাফ, الفعل মুযাফ ইলাইহী। মুযাফ ও মুযাফ ইলাইহী মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ-তার মা'তূফ মিলে মুস্‌তাছ্‌না। মুস্‌তাছ্‌না মিনহু-তার মুস্‌তাছ্‌না মিলে মাফউলে বিহী। لاتجامع ফে'ল, তার ফায়েল এবং মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে।

قَوْلُهُ وَهُمَا مُتَضَادَّانِ فَلَا يَكُوْنُ اِلَّا اَحَدُ هُمَا الخ : واو হরফে ইস্তীনাফ, هما মুবতাদা, متضادان ইসমে ফায়েল। উহ্য যমীর هما ফায়েল, متضادان শিবহে ফে'ল ও তার ফায়েল মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ। فاء তাফসীলের জন্য, لايكون ফে'লে তাম, ١ হরফে ইস্‌তিছনা, احد মুযাফ, هما মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুস্তাছনায়ে মুফার্‌রাগ হয়ে ফায়েল। لايكون ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ। فاء ফসীহা, اذا যরফে যমান শর্তের অর্থে, মাফউলে ফীহ মুকাদ্দাম হয়েছে। نكر ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল এবং মাফউলে ফীহ মুকাদ্দাম মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। بقى ফে'ল, উহ্য যমীর هو ফায়েল, باء হরফে জার, لا হরফে নফী غير অর্থে ব্যবহৃত মুযাফ, سبب মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে মা'তূফ আলাইহ। او হরফে আত্‌ফ, على হরফে জার, سبب মাওসূফ, احد সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে যরফে লগ্‌ব হয়েছে بقى-এর সাথে। بقى ফে'ল, ফায়েল এবং যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ হয়ে জাযা হয়েছে উহ্য শর্তের আর তা হলো كان الامر كذالك-اذا-এর মধ্যে اذا যরফে যমান মাফউলে ফীহ মুকাদ্দাম। كان ফে'লে নাকেস, الامر ইসম, كذالك খবর। ফে'লে নাকেস-তার ইসম, খবর ও মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ হয়েছে।

وَخَالَفَ سِيْبَوَيْهِ الْاَخْفَشَ فِيْ مِثْلِ اَحْمَرَ عَلَمًا اِذَا نُكِّرَ اِعْتِبَارًا لِلصِّفَةِ الْاَصْلِيَّةِ بَعْدَ التَّنْكِيْرِ وَلَا يَلْزَمُهُ بَابُ حَاتِمٍ لِمَا يَلْزَمُ مِنْ اِعْتِبَارِ الْمُتَضَادَّيْنِ فِيْ حُكْمٍ وَاحِدٍ وَجَمِيْعُ الْبَابِ بِاللَّامِ اَوْ بِالْاِضَافَةِ يَنْجَرُّ بِالْكَسْرِ-

অনুবাদ : ইমাম সীবাওয়াইহ্ اَحْمَرُ-এর মতো শব্দবলি علم অবস্থায় নাকেরা করা হলে, তা মুনসারিফ হওয়ার ব্যাপারে আখ্ফাশের বিরোধিতা করেছেন, নাকেরায় পরিণত করার পর صفة اصلية গণ্য করার কারণে। আর (তা করা) তাঁর (সীবাওয়াইহের) উপর حَاتِمٌ-এর সমপর্যায়ের ইসম গায়রে মুনসারিফ হওয়া আবশ্যক হয় না। কেননা, দুটি বিপরীত বস্তুকে একই হুকুমে গণ্য করা আবশ্যক হয়। গায়রে মুনসারিফের সকল অধ্যায় لام প্রবিষ্ট ও এযাফত হওয়ার কারণে كسره দ্বারা যের বিশিষ্ট হয়ে থাকে।

ব্যাখ্যা : خالف শব্দটি বাবে مفاعلة-এর ফে'লে মাযী মা'রূফের সীগাহ। অর্থ–বিরোধিতা করা। مخالفة মাসদার থেকে নির্গত। এখানে مخالفة-এর জন্য কয়েকটি বস্তু আবশ্যক। যথা–(১) سيبويه শব্দটি ফায়েল হওয়া। (২) اخفش শব্দটি মাফউল হওয়া। (৩) احمر مثل টি مخالفة-এর স্থান হওয়া। (৪) مخالفة-এর সময় নাকেরা করার পর হওয়া। (৫) مخالفة-এর কারণ চিহ্নিত হওয়া। সীবাওয়াইহ নাহবী احمر-এর মতো শব্দের মধ্যে সিফাতে আসলীকে গণ্য করার কারণে নাকেরা করার পর গায়রে মুনসারিফ বলেছেন।

সীবাওয়াইহের নামকরণ ও জীবন কথা : আল্লামা সীবাওয়াইহ্ একজন নাহুবিদ। তাঁর নাম ওমর ইবনে ওসমান। উপাধি সীবাওয়াইহ্। তাঁর কুনিয়াত আবুল বশর। ফারসি ভাষায় سيبويه অর্থ– আপেলের সুগন্ধি। তাঁকে এ নামে আখ্যায়িত করার কারণ হলো, তাঁর মুখমণ্ডল আপেলের মতো ছিল। প্রকৃতপক্ষে এটির অর্থ–سيب بو (আপেলের সুগন্ধি), এ শব্দে اضافة مقلوبى হয়েছে। মূলত ছিল بوے سيب যেমনিভাবে شاه زاده-এর মধ্যে اضافة مقلوبى হয়েছে। এটি মূলত ছিল زاده شاه । অতঃপর سيب بو শব্দটি ব্যবহারে سيبويه হয়ে গেছে।

আল্লামা রাসূলী তাঁর এক উস্তাদ থেকে বর্ণনা করেন আপেলের প্রতি আল্লামা সীবাওয়াইহের অত্যধিক আকর্ষণ ছিল। যখন তিনি আপেল দেখতেন তখন অনিচ্ছা সত্ত্বেও মুখ-নিঃসৃত হতো وى যা আশ্চর্য প্রকাশার্থে ব্যবহৃত হয়। উর্দূ ভাষায় واه প্রচলিত রয়েছে। এ দৃষ্টিকোণে তাঁকে সীবাওয়াইহ্ উপাধিতে ভূষিত করা হয়। তাইতো এ নামকে مركب صوتى বলা হয়। এটা গঠিত হয়েছে দু'টি শব্দের সমন্বয়ে একটি اسم আরেকটি صوت । তিনি ১৮০ হিজরিতে ইন্তেকাল করেন। ইন্তেকারে পর কেউ তাঁকে স্বপ্নে দেখে অবস্থা সর্ম্পকে জিজ্ঞাসা করলে উত্তরে বললেন, আল্লাহ রাব্বুল আলামীন আমাকে ক্ষমা করে দিয়েছেন। প্রশ্ন করা হলো, কিসের বদৌলতে ? উত্তর দিলেন, আমি اسم جلالة-কে اعرف المعارف বলেছিলাম। এর অসিলায় মুক্তি পেয়েছি।

আখ্ফাশের পরিচিতি : আখ্ফাশ অভিধানে বলা হয় যার চক্ষু ছোট এবং দৃষ্টিশক্তি দুর্বল। এ নামে বৈয়াকরনিকদের মধ্যে তিনজন ব্যক্তি আখ্যায়িত হয়েছে। নাহুবিদরা তাঁদের তিনজনকে নিম্নের তালিকায় সাজিয়েছেন।

১. আবুল খাত্তাব আব্দুল হামিদ ইবনে আব্দুল মজীদ। তিনি আল্লামা সীবাওয়াইহের উস্তাদ ছিলেন।

২. আবুল হাসান সাঈদ ইবনে মাস'আদাহ। তিনি সীবওয়াইহ্ নাহুবিদের ছাত্র ছিলেন। বয়সে বড় এবং দীর্ঘ হায়াত লাভ করেছিলেন। তিনি ইন্তেকাল করেন মতান্তরে ২১৫ হিজরি বা ২২১ হিজরিতে। তাঁকে اخفش اوسط (মধ্যম আখ্ফাশ) বলা হতো।

৩. আবুল হাসান আলী ইবনে সুলাইমান। তাঁর ইন্তেকাল মতান্তরে ৩১৫/৩১৬ হিজরিতে বাগদাদ শরীফে হয়। তাঁকে اخفش اصغر (কনিষ্ঠ আখ্ফাশ) বলা হতো। তিনি মুবাররাদের ছাত্র ছিলেন। আবুল হাসান ইবনে মাস'আদাহ্ আখফাশ নামে প্রসিদ্ধ ছিলেন বিধায় মুসান্নিফ (র.) আখ্ফাশে আওসাত বলেননি। এখানে তিনিই উদ্দেশ্য।

قَوْلُهُ خَالَفَ سِيْبَوَيْهِ : এ বাক্যটি জমহুর মাযহাব থেকে استثناء স্বরূপ। জমহুরের মাযহাব হলো- প্রত্যেক ঐ ইসমে গায়রে মুনসারিফ যার মধ্যে علمية টি مؤثر হয়, নাকেরা করার পরে মুনসারিফ হয়ে যাবে। এখানে জমহুরের অভিমত থেকে استثناء করত বলা হয়েছে احمر-এর সমগোত্রীয় শব্দের মধ্যে যখন কারো علم হয় আর তা নাকেরা করা হলে আল্লামা সীবাওয়াইহ্ ও আখ্ফাশের মাঝে মতানৈক্য পরিলক্ষিত হয়। আখ্ফাশ নাহ্বী জমহুরের মতানুসারে নাকেরা করার পর তাকে মুনসারিফ বলে থাকেন। পক্ষান্তরে আল্লামা সীবওয়াইহ্ (র.) নাকেরা করার পর গায়রে মুনসারিফ পড়ে থাকেন। مثل احمر দ্বারা উদ্দেশ্য– এমন একটি ইসমে গায়রে মুনসারিফ- যাকে নাকেরা করার পর মুনসারিফ হওয়ার ব্যাপারে মতানৈক্য পাওয়া যায়। এখন প্রশ্ন হলো, مثل احمر দ্বারা কি উদ্দেশ্য ? তদুত্তরে বলতে হয় مثل احمر দ্বারা উদ্দেশ্য ঐ ইসমে গায়রে মুনসারিফ যার মধ্যে علم-এর পূর্বে معنى وصف প্রকাশিত ছিল। তাই اسود-এর মধ্যে وصفية-এর অর্থ علمية-এর পূর্বে দুর্বল ছিল বিধায় এই মতানৈক্য থেকে তা বের হয়ে গেছে। কেননা, নাকেরা করার পরে এটি সর্বসম্মতিক্রমে মুনসারিফ। আল্লামা সীবাওয়াইহের দলিল ঐ ইসম যার মধ্যে وصفة-এর অর্থ علمية-এর পূর্বে প্রকাশিত; অথচ তার মধ্যে وصفة-এর অর্থ গ্রহণ করা থেকে علمية টি প্রতিবন্ধক ছিল। যখন প্রতিবন্ধকতা দূর হয়ে গেছে তখন وصف-কে ফিরিয়ে নেওয়া হবে এবং وصف اصلى-কে গণ্য করা হবে। তাই احمر শব্দটি صفة اصلية ও وزن فعل এ দু'সবব এবং سكران শব্দটি وصفية اصليه ও الف ونون زائداتان-এর কারণে গায়রে মুনসারিফ হবে। আখফাশ নাহ্বী বলেছেন–وصف ও علم , পরস্পর বিরোধী, علمية হওয়ার পর وصفية-এর অর্থ দূর হয়ে গেছে। অতঃপর যদি নাকেরা করার পর وصفية অর্থকে গ্রহণ করা হয়, তখন اعتبار معدوم (হারিয়ে যাওয়া বস্তুকে গণ্য করা) আবশ্যক হবে। আর এটি বৈধ নয়। তাই নাকেরা করার পর احمر ও سكران শব্দ দু'টি মুনসারিফ হয়ে গেছে।

এখন তার উপর একটি প্রসিদ্ধ প্রশ্ন উত্থাপিত হয় যে, مخالفة-এর নিসবত ادنى-এর দিকে হয়, اعلى-এর দিকে নয়। এরপরও মুসান্নিফ (র.) কি কারণে مخالفة-এর নিসবত اعلى (সীবাওয়াইহ)-এর দিকে করেছেন ; অথচ তিনি আখফাশের উস্তাদ। এরূপ আচরণ আরবের পরিভাষা বিরোধী হয়েছে। **উত্তর :** এখানে মুসান্নিফ (র.) উস্তাদ ও শাগরিদের মর্যাদার দিকে ভ্রুক্ষেপ করেননি; বরং দলিলের সবলতা ও দুর্বলতা অনুপাতে এরূপ বলেছেন। আখ্ফাশের উক্তি জমহুরের সমর্থিত হওয়ার কারণে সবল হয়েছে, অপরপক্ষে আল্লামা সীবাওয়াইহের দলিল দুর্বল হয়েছে। তাই مخالفة-এর নিসবত সীবাওয়াইহের দিকে করা হয়েছে। আখ্ফাশের দিকে নয়।

যদি কেউ প্রশ্ন করে, مخالفة-এর নিসবত সীবাওয়াইহের দিকে করার প্রমাণ কি ? **উত্তর :** এ বাক্যের মধ্যে اعتبارا হলো منصوب المحل আর তা لام উহ্যের সাথে خالف-এর مفعول له - مفعول له-এর আলোচনায় এই কায়দা উল্লিখিত আছে لام উহ্যের সাথে مفعول له ঐ পর্যন্ত منصوب হবে না, যতক্ষণ ফে'ল به-معلل-এর ফায়েল এবং مفعول له এক হবে না। গবেষণার মাধ্যমে এ কথা পরিষ্কার হয় যে, خالف-এর ফায়েল سيبويه আর اعتبارا যা مفعول له হয়েছে তার ফায়েলও سيبويه । কেননা, নাকেরা করার পর ঐ وصفية اصلية-কে তিনি গণ্য করে থাকেন। অতঃপর যখন مفعول له-এর ফায়েল سيبويه হলো তখন উল্লিখিত কায়দানুযায়ী فعل معلل به তথা خالف-এর ফায়েলও سيبويه হবে, اخفش ফায়েল হতে পারে না। নতুবা কায়দার পরিপন্থী করা লাযেম আসবে।

জ্ঞাতব্য : مثل احمر-এর মধ্যে নাকেরা করার পর وصف اصلى-কে গণ্য করার অর্থ হলো প্রতিবন্ধকতা দূর হয়ে যাওয়ার পর وصفية টি এমন স্তরে হবে যে, যদি কেউ وصفية اصلية-কে সাব্যস্ত করার ইচ্ছা করে তখন প্রতিবন্ধকতা দূর হয়ে যাওয়ার উপর ভিত্তি করে তাকে গণ্য করা বৈধ। এ অর্থ নয় যে, প্রতিবন্ধকতা দূর হয়ে যাওয়ার পর وصفية اصلية পুনরায় ফিরে আসে। যেন رُبَّ اَحْمَرَ-এর অর্থ رُبَّ شَخْصٍ فِيْهِ مَعْنَى الْحُمْرِ হবে; বরং তার অর্থ দাঁড়াবে رُبَّ شَخْصٍ سُمِّيَ بِهٰذَا اللَّفْظِ চাই তা اسود হোক বা ابيض । মোটকথা, رب احمر-এর অর্থ–এমন ব্যক্তি যাকে ঐ শব্দের দ্বারা নাম রাখা হয়েছে।

قَوْلُهُ وَلَايَلْزَمُهُ : এটা একটি উহ্য প্রশ্নের উত্তর, যা আখ্‌ফাশের পক্ষ থেকে সীবাওয়াইহের উপর আরোপিত হয়। প্রশ্নের বিবরণ হলো, সীবাওয়াইহ নাহ্‌বী مثل احمر-এর মধ্যে معنى وصفة-কে গণ্য করেছেন; অথচ ঐ সিফাতটি معدوم রয়েছে। তাহলে উচিত হবে باب حاتم-এর মধ্যেও معنى وصفية-কে গণ্য করা, যে সিফাত علمية-এর কারণে অস্তিত্ব হয়ে গিয়েছিল। حاتم শব্দটি حتم থেকে নির্গত। অর্থ–মজবুত করা, শক্তিশালী করা ও কারো উপর কোনো কাজ আবশ্যক করা। অতঃপর باب حاتم-এর দ্বারা উদ্দেশ্য– ঐ علم যার মধ্যে মূলত وصف রয়েছে, আর علمية-এর উপস্থিতি তার মধ্যে ঘটেছে। **উত্তর** : নাকেরা করার পর وصف اصلى-কে গ্রহণ করার দ্বারা এটা লাযেম আসে না যে, আল্লামা সীবওয়াইহ باب حاتم-এর মধ্যে وصف اصلى-কে গ্রহণ করবেন। কেননা, যদি এরূপ করা হয়, তাহলে একটি হুকুমের ক্ষেত্রে তথা একই শব্দে منع صرف হওয়ার ক্ষেত্রে علمية ও وصفية (যা পরস্পর বিপরীত)-কে গণ্য করা লাযেম আসবে যা এটি জায়েজ নেই। কারণ, এমতাবস্থায় اجتماع الضدين লাযেম আসে আর তা অসম্ভব।

* وصفية ও علمية-এর মধ্যে পরস্পর বৈপরীত্য কেন ? **উত্তর** : علمية-এর গঠন ذات معين (নির্দিষ্ট সত্তা)-এর উপর নির্দেশ করে আর وصفية-এর গঠন ذات مبهم (অনির্দিষ্ট সত্তা)-এর উপর বুঝানোর জন্য হয়। একই বস্তুর মধ্যে নির্দিষ্টতা ও অনির্দিষ্টতা একই অবস্থায় হওয়া অসম্ভব বিধায় وصفية ও علمية পরস্পর বিপরীত।

وَقَوْلُهُ جَمِيْعُ الْبَابِ : যে ইসমে গায়রে মুনসারিফটি لام অথবা اضافة-এর সাথে সম্পৃক্ত হয় جر-এর অবস্থায় তার উপর كسرة প্রবেশ করবে; কারো মতে تنوين ও প্রবিষ্ট হয়; কিন্তু তানবীন শব্দগতভাবে প্রকাশ হয় না। কারণ, لام ও اضافة তানবীনকে বাধাদানকারী। **প্রশ্ন** : لام ও اضافة প্রবেশ করার পর ইসমে গায়রে মুনসারিফের মধ্যে কেন تنوين ও كسرة আসে ? **উত্তর** : গায়রে মুনসারিফ ফে'লের সাথে সাদৃশ্যতা রাখার কারণে তার মধ্যে كسرة ও تنوين প্রবেশ করে না। কিন্তু এযাফত করলে এবং আলিফ-লাম প্রবেশ করলে তা ইসমের خواص-এ পরিণত হয়ে যায় এবং ফে'লের সাথে তার সম্পর্কটা দুর্বল হয়ে যাওয়ার ফলে তাতে كسرة ও تنوين প্রবেশ করে।

যদি কেউ প্রশ্ন করে, এখানে মুসান্নিফ (র.) يَنْجَرُّ بِالْكَسْرِ বলেছেন আর কেবল ينجر বলেননি কেন ? অথচ তা সংক্ষিপ্ত হতো। **উত্তর** : যদি মুসান্নিফ (র.) بالكسر না বলতেন তাহলে এটা জানা যেতো যে, جر-এর অবস্থায় لام ও مضاف হওয়ার পর তার মধ্যে كسرة দাখিল হয়। আর যদি কেউ এ কথা বলে যে, এ মর্মার্থ আদায় করার জন্য শুধুমাত্র ينكسر বলাই যথেষ্ট ছিল, মুসান্নিফ (র.) يَنْجَرُّ بِالْكَسْرِ বলেছেন কেন ? **উত্তর** : كسرة-এর প্রয়োগ হরকতে بناء-এর উপরও হয়ে থাকে। কাজেই এ স্থানে যদি মুসান্নিফ (র.) يَنْجَرُّ بِالْكَسْرِ না বলতেন, তাহলে এ সন্দেহ সৃষ্টি হতো যে, এটা كسرة-এর উপর مبنى হয়ে থাকে।

যদি কেউ প্রশ্ন করে, উপরোক্ত ই'বারত কেবলমাত্র ব্যবহারিক পদ্ধতি বর্ণনা করে আর তা দ্বারা এটি বুঝা যায় না যে, গায়রে মুনসারিফ لام ও اضافة-এর সাথে সম্পৃক্ত হবার পর গায়রে মুনসারিফই থেকে যায় বা মুনসারিফ হয়ে যায়; অথচ এখানে মুনসারিফ থাকে, না গায়রে মুনসারিফ থেকে এটিই মুখ্য। **উত্তর** : গায়রে মুনসারিফকে اضافة করলে এবং الف لام প্রবেশ করলে তা মুনসারিফ হয়ে যায় কিনা এ বিষয়ে ব্যাপক মতভেদ রয়েছে। তাই মুসান্নিফ (র.) طريق استعمال বর্ণনা করার উপর যথেষ্ট মনে করেছেন। এ বিষয়ে সুস্পষ্ট কিছু না বলে সুকৌশলে পাশ কেটে গিয়ে শুধু হুকুম বর্ণনা করেছেন। সত্তা গবেষণার পর জানা যায় যে, এ মতানৈক্য প্রকৃতপক্ষে তার উপর ভিত্তি, যারা গায়রে মুনসারিফের পরিচয় এভাবে বলেন যে, গায়রে মুনসারিফ ঐ ইসমে মু'রাব, যার মধ্যে দু'সবব বা দু'সববের স্থলাভিষিক্ত একটি সবব পাওয়া যায়। তাদের নিকট كسرة ও تنوين প্রবেশ করার পর গায়রে মুনসারিফ বাকি থাকে। কেননা, তখনও তার মধ্যে দু'সবব বা এক সবব যা দু'সববের স্থলাভিষিক্ত পাওয়া যায়। আর যারা বলেন غير منصرف হলো ঐ اسم معرب যার মধ্যে كسرة ও تنوين দাখিল

হয় না। তাদের মধ্যে একদল বলেন, তা كسرة প্রবেশ করার পর মুনসারিফ হয়ে যায়। কারণ, كسرة হলো حركة اعرابية আর এটা অধিকাংশ সময় তানবীন ব্যতীত পাওয়া যায় না। কাজেই এখানে যখন كسرة দাখিল হয়ে গেছে। তানবীন ও দাখিল হবে, তবে لام ও اضافة হলো তান্‌বীনের জন্য বাধা তাই তানবীন শব্দের মধ্যে প্রকাশ হয় না। অন্য একদল বলেন, كسرة দাখিল হওয়ার পরও ইসমটি গায়রে মুনসারিফ থাকবে। কেননা, منع صرف-এর মধ্যে সত্তাগতভাবে তান্‌বীন দাখিল হওয়া নিষিদ্ধ। কেননা, তা تمكن-এর উপর বুঝায়। আর كسرة টি مَمْنُوْعٌ بِالتَّبْعِ (স্বভাবগতভাবে নিষিদ্ধ)। কেননা, অধিকাংশ স্থানে تنوين ব্যতীত كسرة পাওয়া যায় না। যখন কোনো স্থানে গায়রে মুনসারিফের উপর كسرة হবে আর تنوين হবে না, তখন এ সন্দেহ সৃষ্টি হবে যে, তার উপর তানবীন; কিন্তু যখন اضافة হবে অথবা لام প্রবেশ করবে তখন এ সন্দেহ হতে পারে না। কেননা, এ দু'টি তান্‌বীনকে বাধাদানকারী। তাই এমতাবস্থায় যখন গায়রে মুনসারিফের উপর مَمْنُوْعٌ بِالذَّاتِ দাখিল না হয়, তাহলে কালিমাটি গায়রে মুনসারিফ থাকবে। শুধুমাত্র كسرة দাখিল হবার কারণে এটা মুনসারিফ হবে না।

তারকীব : قَوْلُهُ وَخَالَفَ سِيْبَوَيْهِ الْاَخْفَشَ فِىْ مِثْلِ اَحْمَرَ عَلَمًا الخ واو হরফে আত্‌ফ, خالف ফে'ল, سيبويه ফায়েল, الاخفش মাফউল, فى হরফে জার, مثل মুযাফ, احمر যুলহাল, علما হাল। যুলহাল ও হাল মিলে মুযাফ ইলাইহ। مثل মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব হয়েছে। اذا যরফে যমান মুযাফ, نكر ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল। ফে'ল ও তার নায়েবে ফায়েল মিলে মুযাফ ইলাইহ হয়েছে। اذا মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ। اعتبار মাসদার, ل হরফে জার, الصفة মাওসূফ, الاصلية সিফাত। মাওসূফ ও তার সিফাত মিলে মাজরূর।জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব, بعد যরফে যমান মুযাফ, التنكير মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ। اعتبارا শিবহে ফে'ল, তার ফায়েল, যবফে লগ্‌ব এবং মাফউলে ফীহ মিলে মাফউলে লাহু হয়েছে। خالف ফে'ল, তার ফায়েল, মাফউলে বিহী, মাফউলে ফীহ, মাফউলে লাহু ও যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ।

قَوْلُهُ وَلَايَلْزَمُهُ الخ واو হরফে আত্‌ফ, لايلزم ফে'ল, ه যমীর মাফউলে বিহী। باب মুযাফ, حاتم মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে ফায়েল। ل হরফে জার, ما ইসমে মাওসূল, يلزم ফে'ল, যমীর هو ফায়েল যুলহাল। من হরফে জার, اعتبار মুযাফ, المتضادين মাফউল মুযাফ ইলাইহ اعتبار থেকে। فى হরফে জার, حكم মাওসূফ ও واحد সিফাত মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। اعتبار মুযাফ, তার মুযাফ ইলাইহ এবং যরফে লগ্‌ব মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا উহ্য শিবহে ফে'লের সাথে। ثابتا শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে হাল। যুলহাল ও হাল মিলে ফায়েল। يلزم ফে'ল-তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব হয়েছে لايلزم-এর সাথে। لايلزم ফে'ল, তার ফায়েল, মাফউলে বিহী এবং যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। واو হরফে আত্‌ফ, جميع মুযাফ, الباب মুযাফ ইলাইহ। باء হরফে জার, اللام মা'তূফ আলাইহ, او হরফে আত্‌ফ, باء হরফে জার মুলগা, الاضافة মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব মুকাদ্দাম। ينجر ফে'ল, যমীর هو ফায়েল, باء হরফে জার, الكسر মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব মুয়াখ্‌খর। ينجر ফে'ল, তার ফায়েল ও উভয় যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

اَلْمَرْفُوْعَاتُ هُوَ مَا اشْتَمَلَ عَلٰى عَلَمِ الْفَاعِلِيَّةِ فَمِنْهُ الْفَاعِلُ وَهُوَ مَا اُسْنِدَ اِلَيْهِ الْفِعْلُ اَوْشِبْهُهُ وَقُدِّمَ عَلَيْهِ عَلٰى جِهَةِ قِيَامِهِ بِهِ مِثْلُ قَامَ زَيْدٌ وَزَيْدٌ قَائِمٌ اَبُوْهُ -

অনুবাদ : اَلْمَرْفُوْعَاتُ : مَرْفُوْع হলো এমন একটি ইসম, যা ফায়েল হওয়ার আলামতের উপর অন্তর্ভুক্ত হয়। অতঃপর সেগুলোর মধ্যে একটি হলো ফায়েল, এটা এমন একটি ইসমে মারফু'কে বলা হয়, যার দিকে ফে'ল অথবা শিবহে ফে'লকে সম্পর্ক করা হয়েছে এ অবস্থায় যে, তাকে (ফে'ল বা শিবহে ফে'লকে) তার ইসমের উপর মুকাদ্দাম করা হয়েছে। এ দিক দিয়ে যে, তার (ইসম) দ্বারা তা (ফে'ল অথবা শিবহে ফে'ল) প্রতিষ্ঠিত হয়। যেমন– قَامَ زَيْدٌ (যায়েদ দণ্ডায়মান হয়েছে) ও زَيْدٌ قَائِمٌ اَبُوْهُ (যায়েদ তার পিতা দণ্ডায়মান)।

ব্যাখ্যা : মুসান্নিফ (র.) مرفوعات-এর আলোচনাকে منصوبات ও مجرورات-এর পূর্বে আনয়ন করার কারণ হলো, বাক্যের মধ্যে মূল বিষয়বস্তু مسند اليه (মুবতাদা ও ফায়েল) আর এটি বাক্যের মধ্যে عمدة বা উত্তমাংশ। উত্তমাংশকে প্রাধান্য দেওয়া স্বাভাবিক। এ জন্য মুসান্নিফ (র.) مرفوعات-এর আলোচনাকে منصوبات ও مجرورات -এর উপর অগ্রগামী করেছেন।

* তারকীব অনুপাতে المرفوعات টি মুবতাদা এবং উহ্য তার খবর অর্থাৎ اَلْمَرْفُوْعَاتُ هٰذِهِ অথবা উহ্য هذه মুবতাদার খবর অর্থাৎ هٰذِهِ الْمَرْفُوْعَاتُ – المرفوعات এর মধ্যে ال টি মুযাফ ইলাইহের পরিবর্তে এসেছে। অর্থাৎ باب المرفوعات অথবা ذكر المرفوعات অতঃপর مرفوعات শব্দটি مرفوع-এর বহুবচন, مرفوعة-এর নয়। কেননা, مرفوع ইসমের সিফাত। আর কায়দানুযায়ী সিফাত-মাওসূফের মধ্যে পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গের ক্ষেত্রে মোতাবেক হওয়া শর্ত। যদি مرفوعات-কে مرفوعة-এর বহুবচন বলা হয়, তাহলে সিফাত ও মাওসূফের মধ্যে মোতাবেক হবে না। কেননা, الاسم পুংলিঙ্গ আর المرفوعة স্ত্রীলিঙ্গ। অতএব, নিঃসন্দেহে مرفوعات-কে مرفوع-এর বহুবচন বলা হবে; مرفوعة-এর বহুবচন নয়। যদি কেউ প্রশ্ন করে, مرفوع পুংলিঙ্গ আর পুংলিঙ্গের বহুবচন واو – نون অথবা ياء – نون-এর সাথে হয়। তাই المرفوعات-এর বহুবচন কিভাবে- الف – تاء দিয়ে শুদ্ধ হলো ? **উত্তর :** এখানে নাহুবিদ্‌দের একটি প্রসিদ্ধ কায়দা- غير ذوى العقول-এর সিফাতের বহুবচন সর্বদা الف – تاء-এর সাথে নেওয়া হয়। যেমন–خالى-এর বহুবচন خاليات। কারণ, يوم শব্দটি خالى-এর সিফাত। আর يوم শব্দটি غير ذوى العقول ; তাইতো اَلْاَيَّامُ الْخَالِيَاتُ বলা হয়। যদি কেউ আপত্তি করে যে, মুসান্নিফ (র.)-এর উক্তি المرفوعات হলো معرف (بالفتح) আর قَوْلُهُ هُوَ مَا اشْتَمَلَ হলো معرف (بالكسر)। প্রকাশ্য যে, معرف (بالفتح) বহুবচন আর বহুবচন তার আফরাদের উপর مطابقى অনুপাতে বুঝিয়ে থাকে। সুতরাং এ সংজ্ঞাটি ماهية-এর হবে না; বরং আফরাদের হয়ে যাবে আর তা নাজায়েজ। এ সন্দেহের নিরসন কল্পে বলা যায়, এ সংজ্ঞাটি আফরাদের নয়; বরং ماهية-এর। কেননা, معرف-এর মধ্যে যমীরের মারজি' হবে مرفوع كلى যা مرفوعات-এর আওতায় (ضمنا) বুঝা যায়। مرفوعات তার মারজা' নয়। যদি তা তার মারজি' হতো, তাহলে আপত্তিকারীর আপত্তি সত্য প্রমাণিত হতো। অতএব, مرفوع-এর সংজ্ঞা এ যে, مَا اشْتَمَلَ عَلٰى عَلَمِ الْفَاعِلِيَّةِ অর্থাৎ ঐ ইসম, যা ফায়েল হবার নিদর্শনকে শামিল করে। ফায়েলের আলামত তিনটি। যথা– (১) ضمة (২) واو ও (৩) الف। উদাহরণ– جَاءَنِىْ رَجُلٌ وَاَخُوْهُ وَالرَّجُلَانِ

* মুসান্নিফ (র.) عَلٰى عَلَمِ الْفَاعِلِيَّةِ বলেছেন– عَلٰى عَلَمِ الرَّفْعِ বলেননি কেন ? অথচ এটি আরও সংক্ষেপ হতো। এ প্রশ্নের কয়েকভাবে উত্তর দেওয়া যায়।

প্রথমত : এ সংজ্ঞাটি প্রকৃতপক্ষে গোপনীয়তাকে দূর করার জন্য এসেছে। যদি مرفوع-এর সংজ্ঞায় عَلٰى عَلَمِ الْفَاعِلِيَّةِ -এর পরিবর্তে عَلٰى عَلَمِ الرَّفْعِ বলতেন, তাহলে مرفوع-এর গোপনীয়তা স্বাভাবিকভাবে বাকি থাকতো এবং دور (পূণরাবৃত্তি) লাযেম আসতো। কারণ, رفع-এর উপলব্ধি مرفوع-এর উপর নির্ভরশীল আর مرفوع-এর সংজ্ঞায় رفع শব্দ আসার কারণে مرفوع টি বুঝে আসা رفع-এর উপর নির্ভরশীল। অতএব, এখানে دور লাযেম আসে। আর এটা বৈধ। তাই এ সমস্যা থেকে রক্ষা পাওয়ার জন্য মুসান্নিফ (র.) عَلٰى عَلَمِ الْفَاعِلِيَّةِ বলেছেন, যেন مرفوع-এর গোপনীয়তা দূর হয়ে যায় এবং دور ও লাযেম না আসে।

দ্বিতীয়ত : মুসান্নিফ (র.) এ কথার দিকে ইঙ্গিত করতে চেয়েছেন যে, مرفوعات-এর মধ্যে ফায়েলই আসল হওয়া বিশুদ্ধ অভিমত। এ উপকারিতা উল্লিখিত ই'বারত দ্বারা অর্জিত হয়, عَلٰى عَلَمِ الرَّفْعِ দ্বারা নয়।

তৃতীয়ত : صاحب متوسط বলেছেন যে,

وَاِنَّمَا لَمْ يَقُلْ مَا اشْتَمَلَ عَلَى الرَّفْعِ لِئَلَّا يَتَوَهَّمَ تَعْرِيْفُ الشَّيْءِ بِمَا هُوَ مِثْلُهٗ فِى الْمَعْرِفَةِ وَالْجَهَالَةِ اَوْ اَخْفٰى لِاَنَّ كُلَّ مَنْ لَمْ يَعْرِفِ الْمَرْفُوْعَ لَمْ يَعْرِفِ الرَّفْعَ - وَحَاصِلُهٗ اَنَّهٗ لَمْ يَقُلْ عَلَى الرَّفْعِ لِاَنَّ الْخَفَاءَ فِى الْمَرْفُوْعِ لَيْسَ اِلَّا بِاِعْتِبَارِ مَاْخَذِهٖ نَبْأَةً عَلٰى اَنَّ كُلَّ نَوْعٍ الْمُشْتَقَّاتِ بِاِعْتِبَارِ صِيْغَةٍ مَوْضُوْعَةٍ بِالْوَضْعِ النَّوْعِىْ بِمَعْنٰى مُتَّحِدٍ يَجْمَعُ اَفْرَادَهٗ لَاخَفَاءَ بِاِعْتِبَارِ ذَالِكَ الْمَعْنٰى فِىْ شَىْءٍ مِنْ اَفْرَادِهٖ بَعْدَ الْعِلْمِ بِوَضْعَةٍ فَالْخَفَاءُ فِى الْمَرْفُوْعِ اِنَّمَا هُوَ بِاِعْتِبَارِ الْمَاْخَذِ اَىْ بِاِعْتِبَارِ الْمَادَّةِ دُوْنَ الْهَيْئَةِ فَلَوْ اُخِذَ الرَّفْعُ فِىْ تَعْرِيْفِهٖ صَارَ كَاَنَّهٗ اُخِذَ الرَّفْعُ فِىْ تَعْرِيْفِ الرَّفْعِ فَيَلْزَمُ تَعْرِيْفُ الشَّىْءِ بِنَفْسِهٖ -

সারকথা, رفع ও مرفوع শব্দদ্বয়ের মাঝখানে আকৃতিগত পার্থক্য রয়েছে, মূলাক্ষরগত কোনো পার্থক্য নেই। যদি مرفوع -এর সংজ্ঞায় عَلٰى عَلَمِ الرَّفْعِ ব্যবহার করা হতো, তাহলে رفع -কে رفع দ্বারা পরিচয় প্রদান করা আবশ্যক হয়ে যেতো। এতে تَعْرِيْفُ الشَّىْءِ بِنَفْسِهٖ লাযেম আসে।

চতুর্থত : علم الرفع থেকে عَلٰى عَلَمِ الْفَاعِلِيَّةِ-এর মধ্যে অধিক স্পষ্টতা রয়েছে । কেননা, তার মধ্যে বিস্তারিত বিবরণ রয়েছে। পক্ষান্তরে علم الرفع-এর মধ্যে রয়েছে সংক্ষিপ্ত বিবরণ। সংজ্ঞার মধ্যে অত্যধিক স্পষ্টতাই প্রযোজ্য আল্লামা শায়খ আব্দুল হাকীম (র.) বলেন, رفع-এর পরিচয় যখন علم الفاعلية দ্বারা হবে, তখন পরিষ্কারভাবে বর্ণনার প্রয়োজনীয়তা থাকে না।

قَوْلُهٗ مِنْهُ الْفَاعِلُ : এটাতে فاء টি তাফসীলের জন্য, যাকে فاء تفصيله বলা হয়। منه-এর মধ্যে যমীরে "ه"-এর মারজি' হলো مرفوع - টি ما অর্থে ব্যবহৃত। অর্থ দাঁড়ায়- اسم مرفوع-এর মধ্য থেকে একটি হলো ফায়েল। যদি কেউ প্রশ্ন করে, مرفوعات-এর অন্যান্য প্রকারের উপর ফায়েলকে কেন মুকাদ্দাম করা হয়েছে ? **উত্তর :** অধিকাংশ নাহুবিদদের মতে, ফায়েল موفوعات-এর মধ্যে আসল। যেহেতু এটি জুমলায়ে ফে'লিয়্যাহ'র اَلرُّكْنُ الْاَعْظَمُ - জুমলায়ে ইসমিয়্যাহ ও জুমলায়ে ফে'লিয়্যাহ থেকে প্রত্যেকটি একেক দিক দিয়ে উত্তম। জুমলায়ে ইসমিয়্যাহ অধিক ব্যবহার ও প্রসিদ্ধতার কারণে উত্তম। পক্ষান্তরে জুমলায়ে ফে'লিয়্যাহ استفاده ও افاده (উপকার পৌছানো ও ফায়দা অর্জন করা)-এর দিক দিয়ে উত্তম। জুমলাসমূহের উদ্দেশ্য–সম্বোধিত ব্যক্তিকে ফায়দা পৌছানো। আর তা জুমলায়ে ইসমিয়্যাহ'র তুলনায় জুমলায়ে ফে'লিয়্যাহ'র মধ্যে অধিক হয়ে থাকে। কারণ, জুমলায়ে ফে'লিয়্যাহ কতগুলো অতিরিক্ত বিষয় যেমন– যরফে যমানের উপর বুঝায়। অতএব, ফায়েল সমস্ত مرفوعات-এর মধ্যে আসল হওয়া প্রমাণিত হওয়াতে সবগুলোর উপর فاعل -কে মুকাদ্দাম করা হয়েছে।

قَوْلُهٗ وَهُوَ اُسْنِدَ اِلَيْهِ : اليه -এর "ه" যমীরটি فاعل-এর দিকে প্রত্যাবর্তিত আর شبهه-এর মধ্যে "ه" যমীরটি فعل-এর দিকে। উপরোক্ত قدم عليه ইবারতের قد উহ্যের সাথে জুমলায়ে হালিয়্যাহ এবং যমীরটি احد الامرين -এর

দিকে প্রত্যাবর্তনকারী, যা او শব্দ দ্বারা অর্জিত হয়ে থাকে। عَلٰى جِهَةِ قِيَامِهٖ بِهٖ উক্তিটি উহ্য মাফউলে মুতলাকের সিফাত। অর্থ اِسْنَادًا وَاقِعًا عَلٰى جِهَةِ قِيَامِهٖ بِهٖ অর্থ-ফায়েল ঐ ইসমকে বলে- যার দিকে ফে'ল বা শিবহে ফে'লকে ইসনাদ করা হয়েছে এবং এ ফে'ল অথবা শিবহে ফে'ল ঐ ইসমের পূর্বে এসেছে। এ পদ্ধতিতে যে, এই ফে'ল অথবা শিবহে ফে'ল ঐ ইসমের সাথে প্রতিষ্ঠিত হবে। চাই এটা (ফে'ল বা শিবহে ফে'ল) ঐ ফায়েল থেকে সংগঠিত হোক যেমন- قَتَلَ زَيْدٌ عَمْرًا অথবা ফায়েল হতে সংগঠিত না হোক। যেমন- مَاتَ زَيْدٌ ।

যদি কেউ প্রশ্ন করে, زَيْدٌ ضَرَبَ-এর মধ্যে زيد শব্দটি اسند اليه-এর কয়েদ দ্বারা বের হয়ে গেছে। কারণ, ضرب ফে'লের ইসনাদ যমীরের দিকে; زيد-এর দিকে নয়। সুতরাং এটাকে বের করার জন্য নতুন কয়েদ তথা قدم عليه-কে অতিরিক্ত করা জরুরি নয়। **উত্তর :** কোনো বস্তুকে যমীরের দিকে ইসনাদ করা যেন সরাসরি ঐ বস্তুর প্রতি ইসনাদ করা। কেননা, যমীরের مصداق এবং مرجع একক হয়ে থাকে। অতএব, যদি কয়েদ লাগানো না হয় তাহলে زيد ضرب-এর মধ্যে زيد শব্দটি فاعل-এর সংজ্ঞায় আওতায় পড়বে। এখানে زيد-এর নিসবত যদিও ফে'লের দিকে হয়েছে ; কিন্তু ফে'লটি মুকাদ্দাম হয়নি বিধায় زيد শব্দটি ফায়েল হতে পারবে না।

* فاعل -এর رفع হওয়াটাও কখনও حرف زائد-এর প্রবেশের কারণে দূর হয়ে যায়। যেমন আল্লাহ তা'আলা বলেছেন- وَكَفٰى بِاللّٰهِ شَهِيْدًا এবং ما جاء نى من احد তদুত্তরে বলা যায়-حرف زائد-এর সত্তাগতভাবে কোনো গ্রহণযোগ্যতা নেই। কাজেই তার প্রভাবের গ্রহণযোগ্যতা উত্তমভাবে হবে না। অন্যভাবে বলা যায়- مرفوعات-এর মধ্যে ফায়েল আসল, অন্যান্য সব مرفوعات ফায়েলের সম্পৃক্ত বিষয়াদির অন্তর্ভুক্ত। তাইতো হযরত আলী (রা.) বলেছেন- اَلْفَاعِلُ مَرْفُوْعٌ ।

* مَا اُسْنِدَ اِلَيْهِ -এর মধ্যে ما দ্বারা উদ্দেশ্য اسم । কেননা, এটি اسم-এর অধ্যায়ভুক্ত। যদি কেউ প্রশ্ন করে, اسم উদ্দেশ্য নেওয়া হলে فاعل -এর সংজ্ঞাটা جامع নয়। কারণ, তাদের উক্তি اَعْجَبَنِىْ اَنْ ضَرَبْتَ زَيْدًا-এর মধ্যে ان ضربت ইসম নয়; অথচ ফায়েল। এখানে اسم দ্বারা উদ্দেশ্য عام (ব্যাপক), চাই হাকীকী اسم হোক অথবা হুকমী। উল্লিখিত উদাহরণে যদিও হাকীকী ইসম নয়; বরং হুকমী ইসম। কেননা, ان ضربت টি মাসদারিয়্যাহ হওয়ার কারণে মাসদার হয়ে থাকে। যদি কেউ আপত্তি তুলে যে, ফায়েলের সংজ্ঞা مانع নয়। কেননা, এটি تابع-এর উপর প্রযোজ্য হয়ে থাকে। যেমন- جَاءَ نِىْ زَيْدٌ اَخُوْكَ - جَاءَ نِىْ زَيْدٌ عَمْرٌو عَلٰى جِهَةِ قِيَامِهٖ ; এখানে عمرو এবং اخوك-এর দিকে ফে'লের ইসনাদ হয়েছে এবং عمرو-এর সাথে মুকাদ্দাম হয়েছে। এ আপত্তির জবাবে বলা যায়- এখানে উদ্দেশ্য হলো فاعل এমন একটি ইসম যার দিকে ফে'ল বা শিবহে ফে'লের اسناد হয় بالاصالة (আসলীগতভাবে), بالتبعية নয়। উল্লিখিত উভয় উদাহরণ بالتبعية (স্বভাবগতভাবে) হয়েছে। যদি কেউ বলে- এই উদ্দেশ্য কোনো কারীনা দ্বারা জানা গেছে ? বলা হবে-মুসান্নিফ (র.) مرفوعات ، منصوبات ও مجرورات-এর আলোচনার পর توابع-এর আলোচনা করেছেন। কাজেই জানা গেছে যে, এই সকল সংজ্ঞাসমূহের মধ্যে غير تابع উদ্দেশ্য।

* যদি কেউ আপত্তি করে, لَمْ يَضْرِبْ زَيْدٌ كَرِيْمًا এবং مَاضَرَبَ زَيْدٌ عَمْرًا উভয় উদাহরণে زيد-এর উপর ফায়েলের সংজ্ঞা প্রযোজ্য হয় না। কেননা, তার দিকে ফে'লের ইসনাদ হয় না; বরং উল্লিখিত উদাহরণে ইসনাদটি نفى ও سلب হওয়ার জন্য। সুতরাং তা কিভাবে ফায়েল হতে পারে ? উত্তরে বলা যায় যে, এখানে فعل منفى-এর ইসনাদ হয়েছে। اسناد অর্থ-নিসবত। চাই তা ايجابى (হ্যাঁ-বাচক) হোক অথবা سلبى (না-বচক) হোক। এই মেছালসমূহের মধ্যে نسبة ايجابى না হলেও نسبة سلبى অবশ্যই হয়েছে।

* ফায়েলের সংজ্ঞায় شبه নেওয়ার প্রয়োজনীয়তা কি ? তদুত্তরে বলা হয়, যাতে ফায়েলের সংজ্ঞাটি (ক) اسم فاعل (খ) اسم مفعول (গ) صفة مشبهة (ঘ) اسم فاعل مبالغة (ঙ) اسم تفضيل এবং ঐ সমস্ত বস্তু যা ফে'লের মতো আমল করে। যথা-(চ) মাসদার (ছ) ইসমে ফে'ল ইত্যাদিকে শামিল করে। তবে ظرف টি আমিল হয় কিনা এ বিষয়ে মতবিরোধ রয়েছে। কতেক নাহুবিদদের অভিমত এটি عامل معنوى-এর স্থলাভিষিক্ত। আল্লামা ইবনে হাজিব (র.)-এর অভিমতও

তাই। অধিকাংশ নাহুবিদের অভিমত ظرف-এর মধ্যে ফে'ল অথবা উহ্য ইসমে ফায়েলই আমিল হয়ে থাকে। ظرف টি আমিল হয় না। কেননা, এটি اسم جامد মুসান্নিফ (র.)-এর মতানুসারে اسم مرفوع-এর মধ্যে যরফই আমিল হয়ে থাকে বিধায় তিনি وَهُوَمَا أُسْنِدَ إِلَيْهِ الْفِعْلُ أَوْشِبْهُهُ أَوْ مَعْنَاهُ বলেননি। আর شبه فعل দ্বারা তিনি ঐ ইসম উদ্দেশ্য নিয়েছেন যা ফে'লের ক্ষেত্রে ফে'লের সাথে সাদৃশ্যপূর্ণ। ঐ ইসম নয়, যা اشتقاق-এর মধ্যে ফে'লের সাথে সামঞ্জস্যপূর্ণ। নতুবা মাসদার ও আসমায়ে আফয়াল-ফায়েল হওয়া থেকে বের হয়ে যায়।

* সংজ্ঞা বর্ণনায় او ব্যবহৃত হলে তা تشكيك-এর অর্থ প্রদান করে। تشكيك কোনো বস্তুর পরিচয় দানের ক্ষেত্রে বিরোধী হয়ে থাকে। তারপরও এখানে او-এর ব্যবহার হওয়ার কারণ او শব্দটি انواع-কে বর্ণনায় উদ্দেশ্য নেওয়া হয়েছে, تشكيك-এর জন্য নয়। সুতরাং এটা সংজ্ঞা বিরোধী নয়।

* فوائد قيودএর-الفاعل : আল্লামা ইবনে হাজিব (র.)-এর পেশকৃত সংজ্ঞায় ما হলো جنس, তা اسم حقيقى ও اسم حكمى সবগুলোকে শামিল করে। أُسْنِدَ إِلَيْهِ الْفِعْلُ شِبْهُهُ দ্বারা ঐ ইসম বের হয়ে গেছে, যার দিকে فعل অথবা شبه فعل -এর ইসনাদ নেই। যেমন-زَيْدٌ أَبُوكَ এবং هٰذَا زَيْدٌ আর মুসান্নিফের উক্তি وقدم عليه দ্বারা ঐ ইসম বের হয়ে গেছে, যা فعل অথবা شبه فعل-এর উপর মুকাদ্দাম হয়। যথা- زَيْدٌ ضُرِبَ قيامه به بلার কারণে مفعول على جهة বের হয়ে গেছে। কেননা, তার দিকে ফে'লের اسناد টি عَلَى جِهَةِ قِيَامِهِ بِهِ অনুপাতে নয়।

* قام زيد-এর মধ্যে قام ফে'ল زيد ফায়েল। এখানে ফে'লকে زيد-এর সাথে নিসবত করা হয়েছে যে قام ফে'ল زيد-এর উপর মুকাদ্দাম হয়েছে। আর قام ফে'লটি যায়েদ দ্বারা সংগঠিত হয়েছে এটি ফায়েল। زَيْدٌ قَائِمٌ أَبُوهُ এটা شبه فعل-এর উদাহরণ। এখানে زيد মুবতাদা, قائم শিবহে ফে'ল, ابو মুযাফ, "ه" যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে শিবহে ফে'লের ফায়েল। শিবহে ফে'ল-তার ফায়েল মিলে شبه جمله হয়ে بتاويل مفرد খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে।

* প্রকাশ থাকে যে, الاسماء المرفوعة মোট আট প্রকার। তা استقراء অনুপাতে নির্ণীত হয়। (استقراء বলা হয় কোনো كلى-এর অধিকাংশ جزئى অন্বেষণ করার পর সকল كلى-এর হুকুম আরোপ করাকে।)

وجه الضبط : এটা সুস্পষ্ট যে, الاسم المرفوع-এর আমিল দু'অবস্থা থেকে মুক্ত নয়। হয়তো معنوى হবে অথবা لفظى হবে। প্রথমাবস্থায় মা'মূলটি দু'অবস্থা থেকে মুক্ত নয়। হয়তো مسند اليه হবে অথবা مسند হবে। প্রথমাবস্থায় মুবতাদার প্রথম قسم হবে আর যদি مسند به হয়, তাও দু'অবস্থা থেকে খালি নয়। হয়তো তার মধ্যে رفع কে-اسم ظاهر প্রদানকারী হওয়া শর্তারোপ করা হয় অথবা হয় না। প্রথমাবস্থায় মুবতাদার দ্বিতীয় প্রকার হবে। আর দ্বিতীয়াবস্থায় হলো খবর। যদি لفظى হয়, তাহলে মুবতাদাটি তিন অবস্থা থেকে মুক্ত নয়। হয়তো ফে'ল হবে অথবা শিবহে ফে'ল বা হরফ হবে। প্রথমটিও দু'অবস্থা থেকে মুক্ত নয়। হয়তো ইসমের দ্বারা প্রতিষ্ঠিত হবে অথবা ইসমের উপর পতিত হবে। প্রথমটি ফায়েল, দ্বিতীয়টি مفعول مالم يسم فاعله। আর যদি معرف হয় তাহলে তার معمول দু'অবস্থা থেকে খালি নয়। হয়তো مسند اليه হবে অথবা مسند به- প্রথমাবস্থায় كلام موجب-এর মধ্যে হবে অথবা غير موجب-এর মধ্যে হবে। প্রথমাবস্থায় اسم ما ولا المشبهتين بليس ও اسم ليس ব্যতীত افعال ناقصه-এর ইসম আর দ্বিতীয়াবস্থায় مسند به। যদি ليس হয় তাও দু'অবস্থা থেকে খালি নয়। হয়তো كلام موجب-এর মধ্যে হবে অথবা غير موجب-এর মধ্যে। প্রথমটি الحروف المشبهة-এর খবর। আর দ্বিতীয়টি خَبَرُ لَا الَّتِيْ لِنَفْيِ الْجِنْسِ

তারকীব : قَوْلُهُ اَلْمَرْفُوْعَاتُ مَا اشْتَمَلَ عَلَى عَلَمِ الْفَاعِلِيَّةِ الخ-المرفوعات-এর পূর্বে باب শব্দটি উহ্য রয়েছে। باب মুযাফ, المرفوعات মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। هذا মুবতাদা মাহ্যূফ। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ। অথবা, المرفوعات সিফাত, তার পূর্বে الاسماء মাওসূফ উহ্য রয়েছে। মাওসূফ ও সিফাত মিলে মুবতাদা, هذه উহ্য খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। অথবা, المرفوعات মুযাফ ইলাইহ,

ের পূর্বে بحث মুযাফ উহ্য রয়েছে। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। هذا মুবতাদা মাহ্যূফ। মুবতাদা ও খবর মিলে ুলায়ে ইসমিয়্যাহ। তখন উহ্য রূপ হবে هٰذَا بَحْثُ الْمَرْفُوْعَاتِ উল্লিখিত সুরতসমূহে রফা'র সাথে পড়া হবে অথবা المر। فوعت ওয়াক্ফের সাথে পঠিত হয়। কেননা, এটা ফসলের স্থানে পতিত হয়েছে, আর ফসলের জন্য এ'রাবের কোনো মহল নেই

قَوْلُهُ هُوَ مَا اشْتَمَلَ الخ : هو মুবতাদা, ما ইসমে মাওসূল, اشتمل ফে'ল, উহ্য যমীর هو ফায়েল, على হরফে ার, علم মুযাফ, الفاعلية মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে লগ্ব হয়েছে। اشتمل ফে'ল, তার ফায়েল এবং যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ। فاء হরফে তাফসীর, من হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت-এর সাথে। ثابت উহ্য শিবহে ফে'ল, তার অন্তর্নিহিত যমীর هو নায়েবে ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবরে মুকাদ্দাম, الفاعل মুবতাদায়ে মুয়াখ্খার। মুবতাদায়ে মুয়াখ্খার ও খবরে মুকাদ্দাম মিলে ুলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। واو হরফে ইস্তীনাফ, هو মুবতাদা, ما ইসমে মাওসূল, اسند ফে'ল, الى হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব, الفعل মা'তূফ আলাইহ, او হরফে আত্ফ, شبه মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে নায়েবে ফায়েল। اسند ফে'ল, তার নায়েবে ফায়েল এবং যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, قدم ফে'ল, উহ্য هو যুলহাল, على হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। على হরফে জার, جهة মুযাফ-ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুযাফ ইলাইহ মুযাফ হয়েছে। جهة মুযাফ, তার মুযাফ ইলাইহ মিলে মাজরূর। به-এর মধ্যে باء হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব হয়েছে قيام-এর সাথে। قيام মুযাফ, তার মুযাফ ইলাইহ এবং যরফে লগ্ব মিলে جهة-এর মুযাফ ইলাইহ হয়েছে। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا-এর সাথে। ثابتا শিবহে ফে'ল, তার নায়েবে ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে শিবহে জুমলা হয়ে হাল। যুলহাল ও হাল মিলে قدم-এর নায়েবে ফায়েল। قدم ফে'ল, নায়েবে ফায়েল ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়ে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ। مثل মুযাফ, قام ফে'ল, زيد ফায়েল। قام ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, زيد মুবতাদা, قائم শিবহে ابو মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে ফায়েল। قائم শিবহে ফে'ল ও তার নায়েবে ফায়েল মিলে শিবহে জুমলা হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে যুক্ত ইলাইহ হয়েছে। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। نظيره মুবতাদা মাহ্যূফ। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

وَالْاَصْلُ اَنْ يَّلِىَ الْفِعْلَ فَلِذَالِكَ جَازَ ضَرَبَ غُلَامَهُ زَيْدٌ وَامْتَنَعَ ضَرَبَ غُلَامُهُ زَيْدًا وَاِذَا انْتَفَى الْاِعْرَابُ فِيْهِمَا لَفْظًا وَالْقَرِيْنَةُ اَوْ كَانَ مُضْمَرًا مُتَّصِلًا اَوْ وَقَعَ مَفْعُوْلُهُ بَعْدَ اِلَّا اَوْ مَعْنَاهَا وَجَبَ تَقْدِيْمُهُ وَاِذَا اِتَّصَلَ بِهِ ضَمِيْرُ مَفْعُوْلٍ اَوْ وَقَعَ بَعْدَ اِلَّا اَوْ مَعْنَاهَا اَوْ اِتَّصَلَ بِهِ مَفْعُوْلُهُ وَهُوَ غَيْرُ مُتَّصِلٍ وَجَبَ تَاخِيْرُهُ -

---

অনুবাদ : আসল হলো তা (ফায়েল) فعل-এর সাথে সম্পৃক্ত হওয়া। এ কারণে ضَرَبَ غُلَامَهُ زَيْدٌ (যায়েদ তার গোলামকে প্রহার করেছে) বলা বৈধ এবং ضَرَبَ غُلَامُهُ زَيْدًا তারকীব অবৈধ। যখন উভয় (ফায়েল ও মাফউল) এর মধ্যে এ'রাব শাব্দিকভাবে পাওয়া না যায় এবং قرينه (না থাকে) অথবা ফায়েল যমীরে মুত্তাসিল হয় অথবা তা (ফায়েল)-এর মাফউল ৷৷ অথবা তার (৷৷) সমার্থবোধকের পরে পতিত হয়, তখন তা (ফায়েল)-কে মুকাদ্দাম করা ওয়াজিব। যখন ফায়েলের সাথে مفعول-এর যমীর সম্পৃক্ত হয়, অথবা ফায়েল ৷৷ ও তার সমার্থবোধক হরফের পর পতিত হয়, অথবা ফে'লের সাথে ফায়েলের مفعول সম্পৃক্ত হয় অথচ ফায়েলটি ফে'লের সাথে মিলিত নয়, তখন ফায়েলকে মুয়াখ্খার করা ওয়াজিব।

ব্যাখ্যা : قَوْلُهُ وَالْاَصْلُ اَنْ يَّلِىَ الخ : ফায়েল মূলত ফে'লের সাথে মুত্তাসিল হয়। আর অন্যান্য معمولات ফে'লের উপর মুকাদ্দাম হয়। কেননা, ফায়েল ফে'লের দিকে মুখাপেক্ষী হবার কারণে ফে'লের অংশের মতো। সুতরাং ফে'লের সাথে তার সম্পৃক্ততা অধিক সামঞ্জস্যপূর্ণ।

قَوْلُهُ فَلِذَالِكَ : ফায়েল ফে'লের সমস্ত معمولات-এর উপর মুকাদ্দাম হয় এবং ফে'লের সাথে মুত্তাসিল হয়, তখন ضَرَبَ غُلَامَهُ زَيْدٌ উদাহরণটি যদিও কায়দা ও কিয়াসের পরিপন্থী। তা এভাবে যে, غلامه-এর ه যমীর যায়েদের দিকে প্রত্যাবর্তিত, যা পরে উল্লিখিত হয়েছে বিধায় الاضمار قبل الذكر লাযেম এসেছে, আর তা নিষিদ্ধ। তারপরও এ তারকীবটি জায়েজ। কেননা, এখানে উল্লিখিত কায়দার প্রেক্ষিতে ফায়েলটি মর্যাদা হিসেবে মুকাদ্দাম, যদিও বা শব্দানুপাতে মুয়াখ্খার। اضمار قبل الذكر টা শব্দগত ও মরতবাগত উভয়দিক থেকে নিষিদ্ধ ; শুধুমাত্র শব্দগতভাবে নিষিদ্ধ নয়। যদি ফায়েল মর্তবাগতভাবে মুকাদ্দাম না হতো, এ তারকীবটি নিষিদ্ধ হতো। এ প্রসঙ্গে বলা হয়েছে–

تَقَدُّمُ الشَّىْءِ عَلَى اَمْرٍ رُتْبَتِهِ عِبَارَةٌ عَنْ كَوْنِ الشَّىْءِ بِحَالَةٍ مُقْتَضِيَةٍ لِلتَّقَدُّمِ سَوَاءٌ تَقَدَّمَ بِالْفِعْلِ اَوْ لَمْ يَتَقَدَّمْ فَهُوَ فِىْ حُكْمِ الْمُتَقَدِّمِ لِاَنَّ ثُبُوْتَ السَّبَبِ فِىْ قُوَّةِ ثُبُوْتِ الْمُسَبَّبِ فَيَكُوْنُ مِنْ قَبِيْلِ وَضْعِ السَّبَبِ مَوْضِعَ الْمُسَبَّبِ.

وَهُوَ كَوْنُ অর্থাৎ تقدم بالرتبة দ্বারা এখানে ঐ تقدم بالرتبة উদ্দেশ্য নয়, যা كتب معقولات-এর মধ্যে উল্লিখিত। الشَّىْءِ فِى التَّرْكِيْبِ الْحِسِّىْ وَالْعَقْلُ سَابِقًا عَلَى اٰخَرَ এ জন্য যে, ফায়েল ও মাফউলের মাঝে তারতীবে আকলী ও তরতীবে হিস্সী কোনোটিই নেই। কাজেই এখানে تقدم দ্বারা تقدم بالشرف যাকে পরিভাষায় تقدم بالرتبة বলা হয়ে থাকে। (كَمَا يُقَالُ اَلْعَالِمُ مُقَدَّمٌ عَلَى الْجَاهِلِ بِالرُّتْبَةِ)

স্মরণযোগ্য যে, উল্লিখিত উদাহরণটি দু'কারণে জায়েজ। প্রথম কারণ–ফায়েলের আসল মুকাদ্দাম হওয়া। কেননা, ফায়েলের এই আসল না হলে উল্লিখিত উদাহরণটি اِضْمَارُ قَبْلَ الذِّكْرِ لَفْظًا وَ رُتْبَةً লাযেম আসার কারণে অবৈধ হতো। দ্বিতীয় কারণ–ফায়েলের অগ্রগামী হওয়াটা সমস্ত معمولات-এর মধ্যে উত্তম, ওয়াজিব নয়। কারণ, تقدم ওয়াজিব হলে তখনই উল্লিখিত উদাহরণটি অবৈধ হতো। কেননা, উল্লিখিত উদাহরণে ফায়েল মুয়াখ্খার।

قَوْلُهُ اِمْتَنَعَ الخ : ضَرَبَ غُلَامُهُ زَيْدًا -এ উদাহরণটি জায়েজ নয়। কেননা, غلامه-এর যমীরটি زيد-এর দিকে প্রত্যাবর্তিত, যা مفعول به পতিত হয়েছে এবং زيد শব্দটি মর্তবা অনুপাতে মুয়াখ্খার। সুতরাং اضمار قبل الذكر শব্দগত ও মর্তবাগতভাবে লাযেম এসেছে। আর এটি নাজায়েজ। ইবারতে উল্লিখিত উদাহরণ প্রাগুক্ত কায়দার কারণে নাজায়েজ। তবে এ উদাহরণটি জায়েজ না হওয়া উক্ত কায়দার উপর নির্ভরশীল নয়। কেননা, এ উদাহরণটি ঐ সুরতের মধ্যেও নাজায়েজ হবে, যখন ফায়েল ও মাফউল মর্তবায় সমান হয়। সুতরাং উল্লিখিত কায়দা দ্বারা দলিল গ্রহণ করত এ উদাহরকে অবৈধ না বলা উচিত। উত্তরে বলা যায় যে, এ উদাহরণটি সমতার সুরতে অবৈধ নয়। কারণ, সমতার সুরতে মাফউল ফায়েলের মর্তবায় আর ফায়েল মাফউলের মর্তবায় হবে। সুতরাং اضمار قبل الذكر লাযেম আসবে না। সমতার সুরতে উল্লিখিত উদাহরণ শুদ্ধ হয়ে যাবে। উল্লেখ্য যে, فلذالك-এর মধ্যে لام তা'লীলের জন্য নেওয়ার দ্বারা এ কথার দিকে ইঙ্গিত করা উদ্দেশ্য যে, مدخول لام كَوْنُ الْوَلِيِّ وَالْقَرِيْبِ اَصْلًا عِلَّةً لِجَوَازِ الْمِثَالِ الْاَوَّلِ وَلِامْتِنَاعِ الْمِثَالِ الثَّانِيْ টি متعلق به-এর ইল্লত। কারণ তার দ্বারা এই ফায়দা অর্জিত হয় যে, এবং দ্বিতীয় উদাহরণটি অবৈধ বুঝা যায়। আর فا টি تفريع-এর জন্য ব্যবহৃত। তার দ্বারা পূর্বোক্ত ফায়দার প্রেক্ষিতে প্রথম উদাহরণটি বৈধ

وَالتَّفْرِيْعُ عِبَارَةٌ عَنْ اِسْتِخْرَاجِ الْفَرْعِ مِنَ الْاَصْلِ اَعْنِىْ تَحْصِيْلَ الْعِلْمِ بِهٖ مِنَ الْعِلْمِ بِالْاَصْلِ الْمَذْكُوْرِ فَكَتَّمَ قَبْلَ لِاَجَلِ الْعِلْمِ بِالْعِلَّةِ الَّتِىْ هِىَ الْاَصْلُ الْمَذْكُوْرُ عُلِمَ الْجَوَازُ وَالْاِمْتِنَاعُ الْمَذْكُوْرَانِ-

অথবা উল্লিখিত فاء টিও তা'লীলের জন্য ব্যবহৃত, فلذالك-এর দ্বারা معمول-এর অস্তিত্বের মাধ্যমে ইল্লতের অস্তিত্বের উপর দলিল গ্রহণ করা উদ্দেশ্য। এ বিশ্লেষণ দ্বারা বুঝা যায়, فاء ও لام-এর মধ্যে কোনোটি مستدرك নয়।

قَوْلُهُ وَاِذَا انْتَفَى : মুসান্নিফ (র.)-এর উক্তি والاصل ان يلى الفعل দ্বারা জানা যায় যে, ফায়েল সাধারণত ফে'লের সাথে মুত্তাসিল হয়। প্রসঙ্গত আরো বুঝা যায় যে, ফায়েল ফে'লের সাথে মুত্তাসিল না হওয়া ও জায়েজ। এখান থেকে মুসান্নিফ (র.) কিছু কারণ বর্ণনা করতেছেন, যে অবস্থায় ফায়েলকে পূর্বে নেওয়া হয় তার একটি হলো- ফায়েল ও মাফউল উভয়ের ই'রাব যখন উহ্য হয় এবং ফায়েল মাফউলকে পরিচয় করার কোনো কারীনা না থাকে, তাহলে ফায়েলকে মাফউলের পূর্বে মুকাদ্দাম করা ওয়াজিব।

যদি কেউ বলে- انتفاء قرينة দ্বারা انتفاء اعراب ও বুঝে আসে। কেননা, কারীনা عام আর ই'রাব خاص ; কারীনা এ'রাব ব্যতীতও পাওয়া যায়। আর যেহেতু কায়দা হলো انتفاء عام টি انتفاء خاص-কে আবশ্যক করে থাকে, সেহেতু انتفاء قرينة দ্বারা انتفاء اعراب ও বুঝা যায়। উভয়ের উল্লেখ করার কোনো প্রয়োজন নেই। সমাধান-কারীনাকে এ'রাব হতে 'আম বলা শুদ্ধ নয়, বরং উভয়ের মধ্যে نسبة تباين বিদ্যমান। কেননা, ই'রাব যা উদ্দেশ্য নির্দিষ্টকরণের উপর সুনভাবে বুঝায়। অপরপক্ষে কারীনা তাকে বলে, যা উদ্দেশ্য নির্দিষ্টকরণের উপর بلا وضع (গঠন ব্যতীত) বুঝায়। কাজেই ই'রাব ও কারীনার মধ্যে نسبة تباين হওয়া প্রমাণিত হবার পর আর কোনো আপত্তি থাকে না। قرينة দু'প্রকার। যথা-(১) لفظى যেমন- ضَرَبَتْ مُوْسٰى حُبْلٰى এখানে ফায়েল যে স্ত্রীলিঙ্গ হবে ضربت ফে'ল দ্বারা তা বুঝা যাচ্ছে। সুতরাং এখানে حبلى ফায়েল। (২) معنى যথা- اَكَلَ الْكُمَّثْرٰى يَحْيٰى (ইয়াহইয়া নাশপতি খেয়েছে)। এখানে ভক্ষণকারী যে, يحيى -তা আকল দ্বারা বুঝা যায়। অতএব, সেখানে এ দু'প্রকার কারীনার মধ্য হতে কোনো কারীনা পাওয়া না যাবে, সেখানে ফায়েলকে মাফউলের উপর মুকাদ্দাম করা ওয়াজিব। যেমন- ضَرَبَ مُوْسٰى عِيْسٰى যেন বুঝা যায় যে, পূর্বে উল্লিখিতটি ফায়েল।

قَوْلُهُ اَوْ كَانَ مُضْمَرًا الخ : এটা ফায়েল মুকাদ্দাম হওয়ার দ্বিতীয় স্থান। ফায়েলটি যখন যমীরে মুত্তাসিল হয় তখন ফায়েলকে মাফউলে বিহীর পূর্বে মুকাদ্দাম করা ওয়াজিব। যথা- ضَرَبْتُ زَيْدًا । কারণ, ফায়েল যখন যমীরে মুত্তাসিল হবে তখন তা পূর্বে আনা ওয়াজিব না হলে, বুঝা যাবে এটাকে পরে আনাও জায়েজ। আর পরে আনা জায়েজ হলে, যমীরে মুত্তাসিলকে মুনফাসিল নেওয়া লাযেম আসবে। আর এটা বৈধ নয়।

قَوْلُهُ اَوْ وَقَعَ مَفْعُوْلُهُ الخ : এটা ফায়েলকে মুকাদ্দাম করা ওয়াজিব হবার তৃতীয় স্থান। তা দ্বারা উদ্দেশ্য যখন ফায়েলের মাফউল ৷৷-এর পর পতিত হয় তখন ফায়েলকে মাফউলের উপর মুকাদ্দাম করা ওয়াজিব। যেমন- مَاضَرَبَ زَيْدٌ اِلَّا عَمْرًا-এর দলিল হলো, যদি ফায়েলকে মুকাদ্দাম করা না হয়, তাহলে উদ্দেশ্যের পরিপন্থী হওয়া লাযেম আসবে। কারণ যায়েদ প্রহারকারী হওয়াকে আমর প্রহৃত হওয়ার মধ্যে সীমাবদ্ধ করা উদ্দেশ্য। অর্থ এ দাঁড়ায় যে, আমর ব্যতীত যায়েদ অন্য কাউকে প্রহার করেনি। হতে পারে যে, আমর অন্য কারো কর্তৃক প্রহৃত হয়েছে। অর্থাৎ যায়েদ শুধুমাত্র আমরকেই প্রহার করেছে। কাজেই এ স্থানে যদি ফায়েলকে মুকাদ্দাম না করে ৷৷-এর পরে তাকে মুয়াখ্খার করত مَاضَرَبَ عَمْرًا اِلَّا زَيْدٌ বলা হয়, তাহলে আমর প্রহৃত হওয়া যায়েদ প্রহারকারী হওয়ার উপর সীমাবদ্ধ হয়ে যাবে। অর্থ হবে- আমরকে শুধুমাত্র যায়েদই প্রহার করেছে অন্য কেউ নয়। তবে এটা সম্ভব যে, যায়েদ অন্য কাউকে প্রহার করেছে; অথচ এটা উদ্দেশ্যের পরিপন্থী। যদি কেউ প্রশ্ন করে, আমরা মাফউলকে ৷৷-এর সাথে মুয়াখ্খার করি এবং এরূপ বলি যে, مَاضَرَبَ اِلَّا عَمْرًا زَيْدٌ তখন উদ্দেশ্যের পরিপন্থী হওয়া লাযেম আসবে না। বেশি হলে এরূপ হবে যে, সে সময় সিফাতের সীমাদ্ধতা তা পরিপূর্ণ হওয়ার পূর্বে লাযেম আসবে। আর এটা যদিও উত্তম নয় ; কিন্তু অবৈধ হওয়ার কোনো যৌক্তিকতা নেই। সুতরাং ফায়েলকে মাফউলের উপর মুকাদ্দাম করা ওয়াজিব হবে না। **উত্তর** : এখানে ফায়েলকে মুকাদ্দাম করা ওয়াজিব হবার ক্ষেত্রে শর্ত হলো, ফায়েল ও মাফউলকে মুকাদ্দাম করার বিষয়ে ৷৷ মাঝখানে থাকতে হবে। তাই যদি মাফউলটি ৷৷-এর সাথে ফায়েলের পূর্বে হয়, তখন তা বৈধ হবে। কেননা, اِذَا فَاتَ الشَّرْطُ فَفَاتَ الْمَشْرُوْطُ "শর্ত হারিয়ে গেলে মাশরূতও হারিয়ে যায়।" এখানেও তাই হবে। অতঃপর যদি কেউ প্রশ্ন করে, وقع مفعوله-এর মধ্যস্থিত ه যমীরকে ফায়েলের দিকে ফিরানো হয়েছে ; অথচ মাফউলটি ফায়েলের নয় বরং ফে'লের। **উত্তর** : এখানে মাফউলের এযাফত ফায়েলের দিকে নগণ্য সম্পর্কের কারণে। আর তা হলো উভয়টি একই আমিল (فعل)-এর মা'মূল।

قَوْلُهُ اَوْ مَعْنَاهَا : এটি ফায়েল মুকাদ্দাম হওয়ার চতুর্থ স্থান। যখন মাফউল ৷৷-এর সমার্থবোধকের পরে পতিত হয়, তখন ফায়েলকে মাফউলের উপর মুকাদ্দাম করা ওয়াজিব। নতুবা এ অবস্থায় উদ্দিষ্ট অর্থের পরিপন্থী লাযেম আসবে। যেমন- اِنَّمَا ضَرَبَ زَيْدٌ عَمْرًا কারণ মাফউলে বিহীকে ফায়েলের উপর মুকাদ্দাম করা হলে حصر থাকবে না। ৷৷-এর অর্থ বলতে বুঝায় انما জাতীয় শব্দ। انما -এর মধ্যে যেহেতু مقصور عليه মুয়াখ্খার হয়ে থাকে। সেহেতু ফায়েল ও মাফউলের মধ্য হতে যা মুয়াখ্খার হবে তা ঐ ইসমের স্থলাভিষিক্ত হবে যা ৷৷-এর পরে পতিত হয়। অর্থাৎ مقصور عليه পতিত হবে। আর ঐ مقصور-এর মুকাদ্দাম করা অন্য একটির উপর বৈধ নয়। অন্যথায় সংশয় পতিত হবে। যেমন- اِنَّمَا ضَرَبَ زَيْدٌ عَمْرًا এটিকে اِنَّمَا ضَرَبَ عَمْرًا زَيْدٌ বলা হলে সংশয় সৃষ্টি হয়। কিন্তু তা نفى ও استثناء-এর পরিপন্থী। তার মধ্যে কোনো সংশয় দেখা দেয় না। ঐ স্থানে ফায়েল ও মাফউলের মধ্য হতে যেটি ৷৷-এর পরে পতিত হবে, তাই مقصور عليه হবে চাই মুকাদ্দাম হোক বা মুয়াখ্খার হোক।

قَوْلُهُ وَجَبَ تَقْدِيْمُهُ : এটি اذ-এর জাযা অর্থাৎ উপরোক্ত স্থানসমূহে ফায়েলকে মুকাদ্দাম করা ওয়াজিব। এখন প্রশ্ন হলো, ঐ সব স্থানে ফায়েলকে মাফউলের উপর মুকাদ্দাম করা ওয়াজিব কেন ? **উত্তর** : প্রথম স্থানে ফায়েলকে মুকাদ্দাম করা ওয়াজিব হওয়ার কারণ হলো মুকাদ্দাম-না হলে ঐ সংশয় আবশ্যক হবে যা উদ্দেশ্যের মধ্যে ক্ষতি সাধন করে। তদুপরি نظم طبعى-এর যত্ন নেওয়াটাও বাকি থাকে। অর্থাৎ ঐ ধারাবাহিতার যত্ন নেওয়া, যা ফায়েল তার সমস্ত معمولات-এর উপর অগ্রগামী হওয়াকে স্বাভাবিকভাবে দাবি করে। তবে যে সংশয় মাকসূদের মধ্যে ক্ষতি সাধন করে না, তা থেকে বিরত থাকা জরুরি নয়। তাইতো أقائم زيد-এর মধ্যে দু'পদ্ধতি বৈধ।

قَوْلُهُ وَاِذَا اِتَّصَلَ بِهِ الخ : ইতঃপূর্বে মুসান্নিফ (র.) ফায়েলকে মাফউলের উপর মুকাদ্দাম করা আসল বলেছিলেন। আর তাতে ব্যক্ত করেছিলেন যে, কতেক عوارض -এর কারণে তাকে মুকাদ্দাম করা ওয়াজিব, এখানে তিনি ঐ সমস্ত عوارض-কে বর্ণনা করতেছেন যাদের কারণে ফায়েলকে মাফউলের উপর মুকাদ্দাম করা নিষিদ্ধ; বরং ফায়েলকে বিলম্বিত করা ওয়াজিব।

[illegible] বলেছেন, যখন فاعل-এর সাথে এমন যমীর সম্পৃক্ত হয়, যা মাফউলের দিকে প্রত্যাবর্তিত। যেমন- ضَرَبَ زَيْدًا غُلَامُهُ এখানে غلام হলো ফায়েল আর "ه" যমীর زيدا তথা মাফউলের দিকে প্রত্যাবর্তিত এবং এটা ফায়েলের সাথে [illegible] কাজেই উপরোক্ত স্থানে ফায়েলকে বিলম্বিত করা ওয়াজিব। নতুবা اِضْمَارُ قَبْلَ الذِّكْرِ শাব্দিক ও মর্তবাগতভাবে [illegible] আসবে। এটি অবৈধ।

قَوْلُهُ وَقَعَ بَعْدَ اِلَّا : যখন ফায়েলটি الا -এর পরে পতিত হবে, তখন এ অবস্থায়ও ফায়েল বিলম্বিত করা ওয়াজিব। [illegible] উদ্দেশ্যের পরিপন্থী হওয়া লাযেম আসবে। যেমন- مَاضَرَبَ عَمْرًوا اِلَّا زَيْدٌ এখানে আমর প্রহৃত হওয়া যায়েদ [illegible] হওয়ার উপর সীমাবদ্ধ। যদি الا-কে ফায়েল ও মাফউলের মাঝখানে রেখে ফায়েলকে মুকাদ্দাম করত এভাবে বলে ضَرَبَ زَيْدٌ اِلَّا عَمْرًو তখন যায়েদের প্রহারকারী হওয়াটা আমরের প্রহৃত হওয়ার উপর সীমাবদ্ধ হয়ে যাবে আর এটি উদ্দেশ্যের বিপরীত হবে।

قَوْلُهُ اِتَّصَلَ مَفْعُوْلُهُ الخ : যখন ফে'লের সাথে মাফউলের যমীর সম্পৃক্ত হবে আর ফায়েল সম্পৃক্ত হবে না। যেমন- ضَرَبَكَ زَيْدٌ এ উদাহরণেও ফায়েলকে বিলম্বিত করা ওয়াজিব। নতুবা মাফউলকে বিলম্বিত করা হলে যমীরে মুত্তসিলকে [illegible] সিল করা লাযেম আসবে। আর এটি অবৈধ। কেননা, উভয়ের মধ্যে পরস্পর বৈপরীত্য বিদ্যমান রয়েছে। এটি ঐ [illegible] বিপরীত যে, ফায়েল ও যমীর হলে তখন ঐ সব স্থানে ফায়েলকে মুকাদ্দাম করা মাফউলের উপর ওয়াজিব হয়ে যায়। [illegible] ضَرَبْتُكَ যদি ঐ সুরতে ফায়েলকে মুকাদ্দাম করে দেওয়া হয়, তাহলে শব্দগত ও মর্তবাগতভাবে اِضْمَارُ قَبْلَ الذِّكْرِ [illegible] আসবে। আর তা নিষিদ্ধ। দ্বিতীয় ও তৃতীয় পদ্ধতি তথা যখন ফায়েল الا অথবা الا معني -এর পরে পতিত হবে তখন ফায়েলকে মুকাদ্দাম করার ফলে উদ্দিষ্ট সীমাবদ্ধতা (حصر) পঙ্গু হয়ে যাবে। কারণ مَاضَرَبَ عَمْرًوا اِلَّا زَيْدٌ দ্বারা উদ্দেশ্য আমরের প্রহৃত হওয়াকে যায়েদের মধ্যে সীমাবদ্ধ করা। যায়েদের প্রহারকারী হওয়াকে সীমাবদ্ধ করা উদ্দেশ্য নয়। [illegible] পারে যে, যায়েদ অন্য কারো প্রহারকারী হবে। এখন যদি ফায়েলকে মুকাদ্দাম করে اِنَّمَا مَاضَرَبَ زَيْدٌ اِلَّا عَمْرًوا এবং ضَرَبَ زَيْدٌ اِلَّا عَمْرًو বলা হয়, তখন যায়েদের প্রহারকারী হওয়া আমরের মধ্যে সীমাবদ্ধ হয়ে যাবে। আর এটা বৈধ হবে যে, [illegible] অন্য কারো থেকেও প্রহৃত। আর তা উদ্দেশ্যের বিপরীত। চতুর্থ পদ্ধতি তথা যখন মাফউলটি যমীরে মুত্তাসিল হবে [illegible] ফায়েল মুত্তাসিল না হয়, তাহলে সে সময় ফায়েলকে মুকাদ্দাম করা অসম্ভব। কারণ ফায়েল غير متصل-এর মাফউল [illegible] কে পূর্বে নেওয়া হলে তখন اتصال-কে انفصال করা লাযেম আসবে। আর উভয়ের মাঝে পরস্পর বৈপরীত্য সুস্পষ্টভাবে [illegible] বিদ্যমান।

قَوْلُهُ وَجَبَ تَاخِيْرُهُ : এটা উল্লিখিত শর্তের জাযা। পূর্বোক্ত চারটি অবস্থায় ফায়েলকে বিলম্বিত করা ওয়াজিব। মুসান্নিফ (র.) এ স্থানে وَجَبَ تَقْدِيْمُهُ কেন বলেননি ? এভাবে যে, যমীরটি مفعول-এর দিকে প্রত্যাবর্তনকারী হতো। উত্তর : মুসান্নিফ (র.) এখানে ফায়েলের অবস্থাটি বর্ণনা করতেছেন মাফউলের নয়। কাজেই وَجَبَ تَاخِيْرُهُ বলাটা সঠিক হয়েছে।

তারকীব : قَوْلُهُ وَالْاَصْلُ اَنْ يَّلِيَ الْفِعْلَ فَلِذَالِكَ الخ : واو হরফে আত্ফ অথবা ইস্তীনাফ বা এ'তেরায, الاصل মুবতাদা, ان মাওসূলে হরফী, يلى ফে'ল, উহ্য যমীর هو ফায়েল, الفعل মাফউলে বিহী। ফে'ল, ফায়েল এবং মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল-তার সেলাহ মিলে মুফরাদ হয়ে খবর। মুবতাদা ও তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। فا ফসীহা, لام হরফে জার, ذالك মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব মুকাদ্দাম হয়েছে جاز-এর সাথে। جاز ফে'ল, তার পরবর্তী জুমলাটি ফায়েল। جاز ফে'ল, তার ফায়েল ও যরফে লগ্ব মুকাদ্দাম মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। اِذَاكَانَ الْاَمْرُ كَذَا শর্ত। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ।

ضَرَبَ غُلَامُهُ زَيْدًا -এর তারকীব- ضرب ফে'ল, غلام মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে বিহী, زيد ফায়েল। ضرب ফে'ল, তার ফায়েল এবং মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। واو হরফে আত্ফ, امتنع ফে'ল, পরবর্তী জুমলাটি মুরাদুল লফয ফায়েল। ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে আত্ফ হয়েছে

جاز-এর উপর। জুমলাটির তারকীব– ضرب ফে'ল, غلام মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে ফায়েল, زيدا মাফউলে বিহী। ফে'ল, ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। واو হরফে আত্ফ, اذا যরফে যমান মাফউলে মুকাদ্দাম, انتفى ফে'ল, الاعراب মা'তূফ আলাইহ, لفظا তামঈয হয়েছে নিসবত থেকে। فى হরফে جار, هما মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। واو হরফে আত্ফ, القرينة মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে ফায়েল। انتفى ফে'ল, তার ফায়েল, মাফউলে ফীহ মুকাদ্দাম, যরফে লগ্ব এবং তামঈয মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ। او হরফে আত্ফ, كان ফে'লে নাকেস, উহ্য যমীর هو তার ইসম, مضمرا মাওসূফ, متصلا সিফাত। মাওসূফ ও সিফাত মিলে খবর। ফে'লে নাকেস-তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ। او হরফে আত্ফ وقع ফে'ল, مفعول মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে ফায়েল, بعد মুযাফ যরফে যমান, ٧। মা'তূফ আলাইহ, او হরফে আত্ফ, معنى মুযাফ, ها মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ। ٧। মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ। وقع ফে'ল, তার ফায়েল ও মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ। মা'তূফ আলাইহ ও উভয় মা'তূফ মিলে জুমলায়ে মা'তূফা হয়ে শর্ত। وجب ফে'ল, تقديم মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে ফায়েল। ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ।

قَوْلُهُ وَإِذَا اِتَّصَلَ بِهِ ضَمِيْرُ مَفْعُوْلٍ اَوْ وَقَعَ الخ : واو হরফে আত্ফ, اذا যরফে যমান শর্তের অর্থে ব্যবহৃত মাফউলে ফীহ মুকাদ্দাম। اتصل ফে'ল, با হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব, ضمير মুযাফ, مفعول মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে ফায়েল। اتصل ফে'ল-তার ফায়েল এবং যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ আলাইহ। او হরফে আত্ফ, وقع ফে'ল, যমীর هو ফায়েল, بعد মুযাফ, ٧। মা'তূফ আলাইহ। او হরফে আত্ফ, معنا মুযাফ, ها যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মুযাফ ইলাইহ হয়েছে। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ। ফে'ল, ফায়েল ও মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ। او হরফে আত্ফ, اتصل ফে'ল, باء হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। مفعول মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ যুলহাল, واو হালিয়া, هو মুবতাদা, غير মুযাফ, متصل মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে হাল। যুলহাল ও হাল মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে ফায়েল। اتصل ফে'ল, ফায়েল ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফদ্বয় মিলে জুমলায়ে মা'তূফা হয়ে শর্ত। وجب ফে'ল, تاخير মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে ফায়েল। ফে'ল ও ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ হয়েছে।

وَقَدْ يُحْذَفُ الْفِعْلُ لِقِيَامِ قَرِيْنَةٍ جَوَازًا فِىْ مِثْلِ زَيْدٌ لِمَنْ قَالَ مَنْ قَامَ شعر
وَلِيُبْكَ يَزِيْدُ ضَارِعٌ لِخُصُوْمَةٍ * وَمُخْتَبِطٌ مِمَّا تُطِيْحُ الطَّوَائِحُ وَ وُجُوْبًا فِىْ مِثْلِ
وَاِنْ اَحَدٌ مِّنَ الْمُشْرِكِيْنَ اسْتَجَارَكَ وَقَدْ يُحْذَفَانِ مَعًا فِىْ مِثْلِ نَعَمْ لِمَنْ قَالَ اَقَامَ زَيْدٌ -

---

অনুবাদ : নিশ্চয় কারীনা পাওয়া যাবার কারণে জায়েজ হিসেবে ফে'লকে বিলোপ করা হয়। যে বলেছে مَنْ قَامَ (কে দাঁড়িয়েছে?) তার উত্তরে زَيْدٌ বলা, অনুরূপ তারকীবে। (এবং ফে'লকে বিলোপ করা হয়) وَلِيُبْكَ يَزِيْدُ ضَارِعٌ لِخُصُوْمَةٍ * وَمُخْتَبِطٌ مِمَّا تُطِيْحُ الطَّوَائِحُ-এর মতো তারকীবের মধ্যে। (কবিতার অর্থ-ইয়াযীদ ইবনে মুফাল্লের জন্য কান্নাকাটি করা উচিত ঐ ব্যক্তির, যে শত্রুর নিকট হতে প্রতিশোধ নিতে অক্ষম এবং অসিলা ব্যতীত ভিখারি ক্রন্দন করা উচিত, প্রাকৃতিক দুর্যোগ তাকে ধ্বংস করে দেওয়ার কারণে।) আর وَاِنْ اَحَدٌ مِّنَ الْمُشْرِكِيْنَ اسْتَجَارَكَ এ রকম উদাহরণসমূহে (ফে'লকে বিলোপ করা হয়) ওয়াজিব হিসেবে। (আয়াতাংশের অর্থ–যদি মুশরিকদের মধ্যে কেউ আপনার নিকট আশ্রয় প্রার্থনা করে।) নিশ্চয় (ফে'ল ও ফায়েল উভয়কে) একই সাথে বিলোপ করা হয় نعم-এর অনুরূপ মেছালের মধ্যে–যা বলা হয় ঐ ব্যক্তির উত্তরে, যে বলল اَقَامَ زَيْدٌ (যায়েদ কি দণ্ডায়মান হয়েছে?)।

ব্যাখ্যা : قَوْلُهُ وَقَدْ يُحْذَفُ الخ : কখনো ফে'লকে কারীনা পাওয়া যাওয়ার সময়ে জায়েজ হিসেবে বিলোপ করা হয়। যেমন কেউ বলেছে مَنْ قَامَ তদুত্তরে زَيْدٌ বলা। কেননা, এটা মূলত ছিল قام زيد -এতে ফে'লকে বিলোপ করা হয়েছে।

قَوْلُهُ فِىْ مِثْلِ زَيْدٌ : مِثْلِ زَيْدٌ দ্বারা উদ্দেশ্য ঐ ইসম যার মধ্যে ফে'লকে বিলোপ করার কারীনাটি سؤال محقق (প্রকাশ্য প্রশ্ন) হবে। যদি কেউ বলে, এ স্থানে খবর মাহযূফ। তা মূলত زَيْدٌ قَامَ ছিল। قَامَ খবরকে سؤال محقق কারীনা থাকার কারণে বিলোপ করা হয়েছে। ফে'লকে বিলুপ্ত মেনে নেওয়ার পরিবর্তে খবরকে মাহযূফ মানা অত্যধিক যুক্তি সংগত। কারণ এ অবস্থায় তা জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে উত্তরটি প্রশ্নের মোতাবেক হয়ে যাবে। **উত্তর :** হযফে খবর দ্বারা অনেকাংশ বিলোপ করা লাযেম আসবে। কারণ, সে সময় একটি জুমলাকে বিলুপ্ত মানতে হবে। আর তা আমাদের আলোচনা বহির্ভূত বিষয়। قَامَ زَيْدٌ-এর সুরতে শুধু ফে'লকে বিলুপ্ত মানা প্রয়োজন হবে-যা জুমলার একটি অংশ মাত্র। আর কিয়দংশ বিলোপ করা অনেকাংশ বিলোপ করা হতে উত্তম ও শ্রেষ্ঠ।এও বলা যায় যে, আল্লামা সৈয়দ শরীফ জুরজানী'র মতে প্রশ্ন সম্বলিত জুমলা প্রকৃতপক্ষে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে থাকে। যেমনিভাবে তিনি বলেছেন–مَنْ قَامَ জুমলাটি শক্তিশালী হবার ক্ষেত্রে اَقَامَ زَيْدٌ اَوْ عَمْرٌو اَوْ بَكْرٌ اَوْ خَالِدٌ-এর পর্যায়ে। অতএব, من শব্দটি সংক্ষিপ্তভাবে আফরাদের উপর বুঝানোর জন্য গঠিত হয়েছে। من শব্দটি استفهام -এর অর্থকে শামিল করার কারণে বাক্যের শুরুতে নেওয়া হয়েছে। কেননা, استفهام বাক্যের শুরুতে আসাকে চায়, কাজেই এ জুমলাটি আকৃতিগতভাবে জুমলায়ে ইসমিয়্যাহ এবং অর্থগতভাবে জুমলায়ে ফে'লিয়্যাহ। এর উত্তরে জুমলায়ে ফে'লিয়্যাহ নেওয়া মুনাসিব। যেন مطابقة معنوى-এর উপর সতর্কতারোপ হয়ে যায়।

قَوْلُهُ شعر وَلِيُبْكَ يَزِيْدُ : এটি ضرار بن نهشل -এর উক্তি, যা শোকগীতির সময়ে নিজ ভাই ইয়াযীদকে উপলক্ষ করে বলেছেন। এ শ্লোক উল্লেখ করার দ্বারা মুসান্নিফ (র.)-এর উদ্দেশ্য– যেমনিভাবে سؤال محقق-এর কারীনার কারণে ফে'ল বিলুপ্ত হয়, তেমনিভাবে سوال مقدر (উহ্য প্রশ্ন) কারীনার কারণেও ফে'ল বিলুপ্ত হওয়া জায়েজ। উল্লিখিত উদাহরণ-وَلِيُبْكَ يَزِيْدُ ضَارِعٌ-এর মধ্যে ضارع -এর পূর্বে ফে'ল উহ্য আছে, আর এখানে সাওয়ালে মুক্বাদ্দরের কারীনা হয়েছে।

কারণ, যখন وَلِيَبْكِ يَزِيْدُ (ইয়াযীদের জন্য ক্রন্দন করা উচিত) বলা হবে তখন প্রশ্ন জাগে مَنْ يَّبْكِيْهِ (কে ক্রন্দন করবে ?) উত্তরে বলা হবে يَبْكِيْهِ ضَارِعٌ অর্থাৎ দুশমনের কারণে অক্ষম ব্যক্তি ক্রন্দন করবে। কাজেই এখানে কারীনা سؤال مقدر এবং ضارع-এর পূর্বে ফে'ল উহ্য রয়েছে। তারকীব- ليبك হলো فعل مجهول - يزيد টি নায়েবে ফায়েল এবং ضارع উহ্য ফে'লের ফায়েল অর্থাৎ يَبْكِيْهِ ضَارِعٌ আর لخصومة-এর لام হলো ضارع-এর সাথে মুতা'আল্লাক। অর্থাৎ يَبْكِيْ ضَارِعٌ لِاَجْلِ خُصُوْمَةٍ অথবা উহ্য يبكى ফে'লের সাথে মুতা'আল্লাক তথা يَبْكِيْ لِخُصُوْمَةٍ তবে দ্বিতীয় সুরত অর্থগতভাবে শক্তিশালী নয়। কারণ তখন ক্রন্দন করা خصومة-এর জন্য হবে, يزيد-এর জন্য হবে না। যদি কেউ বলে ليبك শব্দটি فعل مجهول পড়ার সুরতে এরূপ লৌকিকতা অবলম্বন করার প্রয়োজনীয়তা হয়ে পড়ে এবং অধিক বিলোপ করা লাযেম আসে। যদি ليبك-কে معروف পড়া হয়, يزيد-কে তার মাফউল ضارع-কে ফায়েল এবং لخصومة-এর মধ্যস্থিত لام-কে ليبك ফে'লের সাথে মুতা'আল্লাক করা হয় অথবা ضارع-এর সাথে মুতা'আল্লাক করা হয়, তখনতো অর্থ ফাসেদ হবে না আর অনেকাংশকে বিলোপ করা লাযেম আসে না। সে সময় শ্লোকটির অর্থ দাঁড়াবে- ইয়াযীদের জন্য ঐ ব্যক্তির ক্রন্দন করা উচিত যে ব্যক্তি শত্রুর মোকাবিলা করতে অক্ষম। এ আপত্তির অপনোদন কল্পে বলা হবে- ليبك ফে'লকে معروف পড়ার সময়ে উল্লিখিত উদ্দেশ্যের উদাহরণ হবে না, যে উদ্দেশ্যে মুসান্নিফ (র.) প্রাগুক্ত শ্লোককে উল্লেখ করার প্রয়াস পেয়েছেন। অতএব, ليبك -কে فعل مجهول পড়া হয়েছে, যাতে উদ্দিষ্টের উদাহরণ হওয়া শুদ্ধ হয়। যদি কেউ প্রশ্ন করে, কি কারণে মুসান্নিফ (র.) উদাহরণ শুদ্ধকরণের লক্ষ্যে مرجوح (অপ্রণিধানযোগ্য) অবলম্বন করেছেন ? **উত্তর :** এটি مرجوح নয়; বরং راجح (প্রণিধানযোগ্য), কারণ ফে'লকে مجهول পড়ার সূরতে কিছু উপকার রয়েছে। প্রথমত তার মধ্যে ইসনাদের পুনরাবৃত্তি রয়েছে। এভাবে যে, প্রকৃতপক্ষে فعل مجهول-এর নিসবত ضارع-এর দিকে, যেন প্রকাশ্যভাবে তার নিসবত ক্রন্দনকারীর দিকে। অতএব, ليبك ফে'লে মাজহুল বলার মাধ্যমে জানা যায়-কোনো একজন ক্রন্দনকারী রয়েছে। অতঃপর তাকে বিলোপ করত মাফউলকে তার স্থলাভিষিক্ত করা হয়েছে এবং ضارع-এর পূর্বে উহ্য ফে'লকে প্রকাশ করা হয়েছে। এতে ইসনাদটি পুনরাবৃত্তি হয়েছে। এ কথা হয়েছে এবং ضارع-এর পূর্বে উহ্য ফে'লকে প্রকাশ করা হয়েছে। এতে ইসনাদটি পুনরাবৃত্তি হয়েছে। এ কথা সুস্পষ্ট যে, تكرار اسناد (পুনরাবৃত্তি হওয়া)টি عدم تكرار اسناد-এর তুলনায় শক্তিশালী। দ্বিতীয়ত فعل مجهول পড়ার সময়ে ফায়েলকে জানার আগ্রহ সৃষ্টি হবে এবং এরপর তার অবগত হওয়া প্রত্যাশিত নিয়ামতের মতো হবে। তৃতীয়ত فعل مجهول পড়ার সময়ে يزيد শব্দটি مفعول مالم يسم فاعله হবে। আর তা বাক্যের উত্তম অংশ। কারণ, এটি مسند اليه , পক্ষান্তরে معروف পড়ার সময়ে يزيد মাফউল হবে আর তা অতিরিক্ত। অতএব, যে সুরতে বাক্যের উত্তমতা পতিত হয় তা راجح হওয়ার কারণে অবশ্যই ফে'লটিকে مجهول পড়াটা معروف পড়া থেকে অগ্রগণ্য।

قَوْلُهٗ مُخْتَبِطٌ الخ : এটি কবিতার অপর পংক্তি। مختبط -এর অর্থ-অসিলাবিহীন ভিখারি আর تطبيع শব্দটি الاطاحة থেকে নির্গত। অর্থ-ধ্বংস করে দেওয়া। طوائح শব্দটি নিয়ম-বহির্ভূত مطيحة-এর বহুবচন। যেমন- ملحة -এর নিয়ম-বহির্ভূত বহুবচন হয়ে থাকে لوائح । নিয়ম-বহির্ভূত এ জন্য বলা হয়েছে, যুক্তি চায় তার বহুবচন مطيحات আসা। কারণ مفعلة ইসমে ফায়েলের সীগাহ্র বহুবচন مفعلات-এর ওযনে এসে থাকে। যেমন- مكرمة-এর বহুবচন مكرمات আসে। فواعل-এর ওযনে শুধু ফায়েল পুংলিঙ্গের বহুবচন আসে। যেমন- طالب-এর বহুবচন طوالب আসে। মুসান্নিফ (র.)-এর উক্তি مما জার ও মাজরূর মিলে মুতা'আল্লাক হয়েছে مختبط -এর সাথে। আর ما টি মাসদারিয়া। কারণ মাসদারিয়া না হয়ে মাওসূলা হলে সেলাহ্র মধ্যে প্রত্যাবর্তনকারী যমীর থাকা আবশ্যক-যা মাওসূলের দিকে ফিরে। এখানে প্রত্যাবর্তনকারী যমীর নেই বিধায় ما مصدرية হওয়া যুক্তিযুক্ত। تطبيع -এর উপর ঐ مصدرية প্রবিষ্ট হয়ে اطاحة -এর অর্থে পরিণত করে দিয়েছে। তাইতো আল্লামা জামী (র.) তার ব্যাখ্যায় বলেছেন- اَلْاِطَاحَةُ اَلْاِهْلَاكُ ; এ শ্লোকার্ধের অর্থ-ইয়াযীদের মৃত্যুর উপর ঐ ব্যক্তিরও ক্রন্দন করা উচিত যে অসিলা ব্যতীত ভিক্ষা চায়, কালের দুর্বিপাক তার ধন-সম্পদ ধ্বংস করে দেওয়ার কারণে। কারণ, ইয়াযীদ অসিলাবিহীন ভিখারিকেও ধন-সম্পদ দিতো।

قَوْلُهُ وَ وُجُوبًا فِىْ مِثْلِ الخ : وجوبا শব্দটির আতফ جوازا-এর উপর হয়েছে। অর্থাৎ ফে'লকে কারীনা পাওয়া যাওয়ার সময়ে ওয়াজিব হিসেবে বিলোপ করা হয়। যেমন- وَاِنْ اَحَدٌ مِّنَ الْمُشْرِكِيْنَ اسْتَجَارَكَ -এর মধ্যে ফে'লকে বিলোপ করা ওয়াজিব। مِثْلُ وَاِنْ اَحَدٌ-এর দ্বারা উদ্দেশ্য- ঐ স্থান যেখানে ফে'লকে قرينة مجوزة للحذف (হযফকে জায়েজকারী কারীনা)-এর কারণে বিলোপ করা হয়েছে। এরপর ابهام (অস্পষ্টতা) সৃষ্টি হওয়াতে তা দূর করার জন্য তাফসীর হিসেবে ফে'লকে নেওয়া হয়েছে। তাই এ স্থানে ফে'লকে বিলোপ করা ওয়াজিব। যদি বিলোপ করা ওয়াজিব না হতো তাহলে তাকে উল্লেখ করা জায়েজ হয়ে যেতো। আর যখন উল্লেখ করা হবে তখন مفسر (যের যোগে) ও مفسر (যবর যোগে) একত্রিত হওয়া লাযেম আসবে। আর তা অসম্ভব। অসম্ভবকারী বস্তু স্বয়ং অসম্ভবকে আবশ্যক করে থাকে। তাই ফে'লকে উল্লেখ করা জায়েজ হওয়াটা অসম্ভব হবে। তার বিলুপ্তি ওয়াজিব। কারণ نقيض (পরস্পর বৈপরীত্য) অসম্ভব হওয়াকে ওয়াজিব করে। এখন প্রশ্ন হলো, উল্লিখিত উদাহরণে ফে'লকে বিলোপ করার কারীনা কি ? **উত্তর** : এখানে ان হলো شرطية আর তা সর্বদা ফে'লের উপর প্রবিষ্ট হয়। কাজেই হরফে শর্তের কারীনার কারণে ফে'লকে বিলোপ করা হয়েছে। এরপর ابهام সৃষ্টি হলে তা দূর করার জন্য তাফসীর হিসেবে ফে'লকে নেওয়া হয়েছে। এ অবস্থায় প্রথম ফে'লকে বিলোপ করা ওয়াজিব হবে। যেন مفسر ও مفسر একত্রিত হওয়া লাযেম না আসে। যদি কেউ প্রশ্ন করে, আরবি ভাষায় مفسر ও مفسر-এর একত্রে ব্যবহারের ছড়াছড়ি রয়েছে। যেমন- جَاءَنِىْ رَجُلٌ اَىْ زَيْدٌ এটাকে কেউ না জায়েজ বলে না। **উত্তর** : আমরা مفسر ও مفسر-কে সাধারণভাবে না-জায়েজ বলিনি; বরং সে সময় না-জায়েজ বলি যখন مفسر-কে বিলোপ করার দ্বারা সন্দেহ সৃষ্টি হয়। এ অবস্থায় যেহেতু مفسر উল্লেখ করার কারণে সন্দেহ থাকে না সেহেতু مفسر-কে উল্লেখ করা অনর্থক হবে; কিন্তু সন্দেহ দূরীকরণার্থে ব্যবহৃত مفسر এটার বিপরীত। কাজেই এখানে مفسر ও مفسر-এর একত্রিত করা জায়েজ নয়; বরং ওয়াজিব। পক্ষান্তরে جَاءَنِىْ رَجُلٌ اَىْ زَيْدٌ-এর মধ্যে উভয়কে একত্রিত করা জায়েজ।

যদি কেউ প্রশ্ন করে, যখন وان احد-এর মধ্যে مفسر-কে বিলোপ করার কারণে সন্দেহ হওয়াতে তার তাফসীরের মধ্যে দ্বিতীয় ফে'লের উল্লেখ করা হয় তখন প্রথমটিকে বিলোপ করার প্রয়োজন কি ? **উত্তর** : ان شرطيه-এর পর ফে'লের অস্তিত্ব নাহুবিদদের নিকট অধিক গুরুত্বপূর্ণ। তাঁরা স্বভাবত অধিক গুরুত্বপূর্ণ বিষয়কে বিলোপ করে থাকেন। যাতে তা اَوْقَعُ فِى النَّفْسِ (অন্তরে অধিক প্রতিফলনকারী) হয়। যেমন, প্রকাশ্য বিষয় যে, ফে'ল বিলোপ করার সুরতে আত্মা তার দিকে ধাবিত হয়ে থাকে এবং কৌতূহল সৃষ্টি হয়। অন্বেষণের পর অর্জিত হলে তা আত্মায় প্রতিফলন ঘটায়।

قَوْلُهُ وَقَدْ يُحْذَفَانِ الخ : কোনো কোনো সময় ফে'ল ও ফায়েল উভয়কে বিলোপ করা যায়। এ সর্ম্পকে মুসান্নিফ (র.) বিস্তারিত আলোচরা আরম্ভ করছেন। একই সাথে ফে'ল ও ফায়েলকে বিলোপ করা যায়। এমন নয় যে, শুধু ফায়েলকে হযফ করা জায়েজ। কেননা, এককভাবে ফে'লকে হযফ করা তো জায়েজ ; কিন্তু একাকীভাবে ফায়েলকে হযফ করা জায়েজ নেই। তবে যখন মাফউলটি ফায়েলের স্থলাভিষিক্ত হয়ে যায় তখন ফায়েলকে বিলোপ করা জায়েজ। আর তা এমন স্থানে হয় যেখানে نعم (হ্যাঁ) বলা হয় ঐ ব্যক্তির প্রতি উত্তরে, যে বলে اَقَامَ زَيْدٌ ; এ স্থানে نعم বলাটা نَعَمْ قَامَ زَيْدٌ -এর অর্থে হয়েছে। ফে'ল ও ফায়েলকে হযফ করার ক্ষেত্রে প্রশ্নকারীর প্রশ্নই হলো কারীনা। আর مثل نعم দ্বারা প্রত্যেক ঐ উদাহরণ উদ্দেশ্য যেখানে حروف ايجاب দ্বারা জবাব দেওয়া হয়। কোনো কোনো কপিতে فِىْ مِثْلِ نَعَمْ ইবারত দেখা গেছে। মুসান্নিফ (র.)-এর উক্তি معا যরফ হিসেবে যবর বিশিষ্ট হয়েছে। তাতে তানবীনটি মুযাফ ইলাইহের পরিবর্তে এসেছে। আর তা মুতা'আল্লাক হয়েছে كائنا -এর সাথে, যা يحذفان থেকে حال পতিত হয়েছে। আর মূল এবারত وَقَدْ يُحْذَفَانِ كَائِنًا كُلٌّ وَاحِدٍ مَعَ صَاحِبِهٖ এটা অর্থানুপাতে يحذفان থেকে অনুধাবিত অর্থের তাকীদ হবে।

* ফে'ল বিলুপ্ত হবার উদাহরণ কবিতাকারে বর্ণনা করা তা মুনাসিব নয়, কারণ তার দিকে মনোনিবেশ হয় না। কাজেই মুসান্নিফ (র.) شعر -এর মাধ্যমে উদাহরণ না দেওয়াটা উত্তম ছিল। উত্তরে বলা যায়- نظم (কবিতা)-কে মুখস্থ রাখা গদ্য অপেক্ষা অধিকতর সহজ।

তারকীব : قَوْلُهُ وَقَدْ يُحْذَفُ الْفِعْلُ لِقِيَامِ قَرِيْنَةٍ الخ : واو হরফে আত্ফ, قد তাহ্ক্বীকের জন্য, يحذف ফে'ল, الفعل নায়েবে ফায়েল, لام হরফে জার فى অর্থে ব্যবহৃত, قيام মুযাফ, قرينة মুযাফ ইলাইহ। মুযাফ তার মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার এবং মাজরূর মিলে যরফে লগ্ব, جوازا মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, وجوبا মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে মাফউলে মুতলাক উহ্য মুযাফের সাথে। অর্থাৎ حذف جواز فى – হরফে জার, مثل মুযাফ, زيد যুলহাল, لام হরফে জার, من মাওসূলা, قال ফে'ল, উহ্য যমীর هو ফায়েল, من قام মুরাদুল্ লফয মাকূলা, من ইস্তিফহামিয়্যাহ মুবতাদা, قام ফে'ল, উহ্য যমীর هو ফায়েল। ফে'ল ও ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে মা'কূলা। ফে'ল-তার ফায়েল এবং মা'কূলা মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও তার সেলাহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার ثابتا -এর সাথে। ثابتا শিব্হে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল। শিবহে ফে'ল, তার ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে হাল। যুলহাল ও তার হাল মিলে মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, لبيك الخ হলো মুরাদুল্লফয মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, فى হরফে জার, مثل মুযাফ, ان احد الخ মুরাদুল্ লফয মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে দ্বিতীয় যরফে লগ্ব হয়েছে يحذف ফে'লের সাথে। يحذف ফে'ল-তার নায়েবে ফায়েল, উভয় যরফে লগ্ব এবং মাফউলে মুতলাক মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে।

قَوْلُهُ وَلِيُبْكَ يَزِيْدُ ضَارِعٌ الخ : لبيك يزيد الخ-এর মধ্যে لبيك ফে'ল, يزيد নায়েবে ফায়েল। ফে'ল-তার নায়েবে ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ ইনশাইয়্যাহ। ضارع শিব্হে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল, لام হরফে জার, خصومة মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। ضارع শিবহে ফে'ল-তার নায়েবে ফায়েল এবং যরফে লগ্ব মিলে মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, مختبط শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল, من হরফে জার, ما মাওসূলা, تطيح ফে'ল, الطوائح ফায়েল। ফে'ল-তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল-তার সেলাহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। مختبط শিব্হে ফে'ল-তার নায়েবে ফায়েল ও যরফে লগ্ব মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে ফায়েল। তার ফে'লটি উহ্য রয়েছে– يبكيه ফে'ল, তার ফায়েল এবং যমীর ه মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ।

قَوْلُهُ إِنْ أَحَدٌ مِّنَ الْمُشْرِكِيْنَ الخ : واو হরফে আত্ফ, ان হরফে শর্ত, احد মাওসূফ, من হরফে জার, المشركين মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল, তার উহ্য যমীর هو নায়েবে ফায়েল। শিব্হে ফে'ল-তার নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে সিফাত। মাওসূফ ও তার সিফাত মিলে ফায়েল। তার ফে'ল استجارك উহ্য রয়েছে। استجارك ফে'ল, ك মাফউলে বিহী। ফে'ল-তার ফায়েল ও মাফউলে বিহী মিলে শর্ত। কুরআনে কারীমের মধ্যে উল্লিখিত পরবর্তী অংশ তথা فأجره জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে মা'তূফা হয়েছে। استجار ফে'ল, উহ্য যমীর هو ফায়েল, ك মাফউলের বিহী। ফে'ল, ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মুফাস্সির। واو হরফে আত্ফ। قد -তাহকীকের জন্য। يحذفان ফে'ল, যমীর هما নায়েবে ফায়েল, معا ইসমে যরফ মাফউলে ফীহ। فى হরফে জার, مثل মুযাফ, نعم যুলহাল, لام হরফে জার, من মাওসূলা, قال ফে'ল, উহ্য যমীর هو ফায়েল, اقام زيد মুরাদুল লফয মাকূলা, قال ফে'ল-তার ফায়েল এবং মাকূলা মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল-তার সেলাহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا -এর সাথে। ثابتا শিব্হে ফে'ল-তার ফায়েল এবং যরফে মুস্তকার মিলে হাল। যুলহাল ও হাল মিলে মুযাফ ইলাইহি, مثل মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব হয়েছে। يحذفان ফে'ল-তার নায়েবে ফায়েল, মাফউলে ফীহ ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ মা'তূফা হয়েছে। জুমলাটির তারকীব– نعم হরফে ঈজাব, قام ফে'ল, زيد ফায়েল। ফে'ল-তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে।

وَإِذَا تَنَازَعَ الْفِعْلَانِ ظَاهِرًا بَعْدَهُمَا فَقَدْ يَكُوْنُ فِى الْفَاعِلِيَّةِ مِثْلُ ضَرَبَنِىْ وَاَكْرَمَنِىْ زَيْدٌ وَفِى الْمَفْعُوْلِيَّةِ مِثْلُ ضَرَبْتُ وَاَكْرَمْتُ زَيْدًا وَفِى الْفَاعِلِيَّةِ وَالْمَفْعُوْلِيَّةِ مُخْتَلِفَيْنِ-

---

অনুবাদ : যখন দু'টো ফে'ল তাদের পরবর্তী কোনো একটি প্রকাশ্য ইসমকে নিয়ে দ্বন্দ্ব করে। আর এই দ্বন্দ কখনো ফায়েল হবার মধ্যে হবে, যেমন–ضَرَبَنِىْ وَاَكْرَمَنِىْ زَيْدٌ (যায়েদ আমাকে প্রহার করেছে এবং আমাকে সম্মান করেছে)। আর (কখনো) মাফউল হওয়ার মধ্যে, যেমন– ضَرَبْتُ وَاَكْرَمْتُ زَيْدًا (আমি যায়েদকে প্রহার করেছি এবং সম্মান করেছি) এবং কখনো ফায়েল ও মাফউল উভয় হওয়ার মধ্যে, যখন উভয় ফে'ল দাবির ক্ষেত্রে ভিন্নধর্মী হয়।

ব্যাখ্যা : قَوْلُهُ وَإِذَا تَنَازَعَ الخ : تنازع শব্দটি বাবে تفاعل-এর التنازع মাসদার হতে নির্গত। অর্থ– পরস্পর ঝগড়া করা। تنازع শব্দটি اثبات فعل ماضى معروف হতে واحد مذكر غائب-এর সীগাহ। আর এটা ذى روح-এর সিফাত। কাজেই تنازع -এর সাথে দু'টো ফে'ল কিভাবে গুণান্বিত হতে পারে ? **উত্তর :** এখানে تنازع -এর ব্যবহারিক অর্থ হলো দু'টি ফে'ল অর্থের দিক দিয়ে اسم ظاهر -এর দিকে মনোনিবেশ হওয়া। প্রত্যেক ফে'লই চায় ঐ ইসমে যাহিরটি তার মা'মূল হোক। তারপরেও এ স্থানে একটি প্রশ্ন হয়- এ অর্থে تنازع যেমনিভাবে দু'ফে'লের মধ্যে হয়, তেমনিভাবে দু'ইসমের মধ্যেও হয়। যেমন–زَيْدٌ مُعْطٍ وَمُكْرِمٌ عَمْرًا দু'ফেলের শর্তারোপ করার কারণে দু'টি ইসম বের হয়ে গেছে আর তা বাতিল। **উত্তর :** মুসান্নিফ (র.) এখানে تنازع -এর মধ্যে الفعلان-কে উল্লেখ করার কারণ–ফে'ল আমলের ক্ষেত্রে সবল; পক্ষান্তরে ইসম আমল করার ক্ষেত্রে দুর্বল। তাইতো তিনি ফে'লকে উল্লেখ করেছেন আর ইসমকে এর تابع করেছেন। একটি আপত্তি উত্থাপিত হয় تنازع-কে দু'ফে'লের সাথে কেন খাস করা হয়েছে ? অথচ تنازع দু'টো ফে'লের অধিকের মধ্যেও সাব্যস্ত হয়। **উত্তর :** মুসান্নিফ (র.) সর্বশেষ পরিমাণের উপর যথেষ্ট মনে করেছেন। কমপক্ষে দু'টো ফে'লের মধ্যে দ্বন্দ হতে পারে, একটি ফে'লে দ্বন্দ্ব হয় না। আর আধিক্যের কোনো সীমা নেই।

فَوَائِدِ قُيُوْد : এখানে গ্রন্থকার (র.) ظاهرا বলার কারণে সমস্ত مضمرات (সর্বনাম) বের হয়ে গেছে। এটা স্পষ্ট যে, ظاهرا শব্দ দ্বারা নাহুবিদরা اسم ظاهر -কে উদ্দেশ্য করে থাকেন। ضمير بارز যদিও ظاهر -তথাপি তাকে اسم ظاهر বলা হয় না ; বরং ضمير ظاهر বলা হয়, তাই এটা ظاهر কয়েদ দ্বারা বের হয়ে গেছে। যেমনিভাবে ضمير مستتر অপ্রকাশ্য হবার কারণে ظاهر শব্দ দ্বারা বের হয়ে গেছে। যদি কেউ প্রশ্ন করে مضمرات-কে باب تنازع থেকে বের করার কারণ কি ? উত্তরে বলা হবে–ضمائر দু'অবস্থা থেকে মুক্ত নয়। হয়তো মুত্তাসিল হবে; নতুবা মুনফাসিল হবে। যদি মুত্তাসিল হয়, তবে تنازع সম্ভব নয়। কেননা, যে ফে'লের সাথে যমীরে মুত্তসিল থাকে তার মধ্যে তা আমিল হবে। অন্য ফে'ল তার মধ্যে আমল করার অবকাশ থাকে না। আর যদি মুনফাসিল হয়, তাহলে তাও দু'অবস্থা থেকে খালি নয়। কখনো তার মধ্যে تنازع হবে এবং رفع টি رفع -এর পদ্ধতিতে সম্ভব হবে না। আর কখনো تنازع হবে এবং رفع টিও رفع -এর পদ্ধতিতে হবে ; কিন্তু মুসান্নিফ (র.)-এর নিকট উভয় সুরতই باب تنازع হতে বহির্ভূত। প্রথম সুরতে باب تنازع হতে বের হওয়া প্রকাশ্য। কেননা, এখানে باب تنازع দ্বারা উদ্দেশ্য ঐ تنازع যা رفع -এর কায়দায় رفع হবে। দ্বিতীয় সুরতে এ জন্য বের হবে যে, মুসান্নিফ (র.) قواعد كلية (সর্বত্র প্রযোজ্য কানুন)-কে বর্ণনা করেছেন, قواعد جزئية -কে নয়। যেহেতু এই সুরতটি مَاضَرَبَ وَاَكْرَمَ اِلَّا اَنَا, قواعد جزئية -এর অন্তর্ভুক্ত, সেহেতু গ্রন্থকারের নিকট باب تنازع হতে বহির্ভূত। বিবরণ হলো যে, انا যমীরটি মুনফাসিল আর ضرب ও اكرم -এর মধ্য থেকে প্রত্যেক ফে'লই তাকে মা'মূল বানাতে চায়, কাজেই -এর মধ্যে

প্রত্যেক ফে'লে تنازع الفعلان সাব্যস্ত হয়; কিন্তু رفع -এর কায়দানুপাতে رفع সম্ভব নয়। কারণ, উভয় ফে'ল হতে কোনো একটিকে আমিল বানানো হলে দ্বিতীয় ফে'লের জন্য ফায়েলের যমীর নেওয়া হবে অথবা তাকে উহ্য মানবে। উভয় সুরতই অসম্ভব। حذف -এ জন্যই অসম্ভব যে, বাক্যের ফায়েল উত্তম এবং উত্তমাংশকে حذف করা জায়েজ নেই। আর যমীর নেওয়া এ জন্যই অসম্ভব যে, যমীরটি হয়তো ۷। -এর সাথে নেওয়া হবে নতুবা ۷। ব্যতীত। ۷। -এর সাথে যমীরকে নেওয়া জায়েজ নেই। কেননা, ۷। হরফ, হরফ যমীরের মতো লুক্কায়িত হওয়া শুদ্ধ নয়। ۷। ব্যতীত যমীর নেওয়া এ জন্যই অবৈধ যে, এম-তাবস্থায় অর্থ ফাসেদ হয়ে যায়। কারণ, مَاضَرَبَ وَاَكْرَمَ اِلَّا اَنَا দ্বারা উদ্দেশ্য বক্তা ব্যতীত অন্য কেউ প্রহারকারী ও সম্মানকারী নয়। ۷। ব্যতীত যমীর নেওয়া হলে অর্থ হবে দু'ফে'লের মধ্য হতে একটি ফে'ল, যার মধ্যে ۷। ব্যতীত যমীর নেওয়া হয়েছে তা হারিয়ে যাবে। তাকে বক্তা করেনি। আর উদ্দেশ্যের বিপরীত হওয়াতে অর্থ ফাসেদ হয়ে যাবে। অবশিষ্ট রয়েছে ঐ যমীরে মুনফাসিল যার মধ্যে تنازع ও عدم تنازع উভয়ই হতে পারে। তার উদাহরণ-مَا ضَرَبَ وَاَكْرَمْتُ اِلَّا اِيَّاكَ যদি এখানে বসরীদের অভিমত অনুসারে দ্বিতীয় ফে'লকে আমল দেওয়া হয়, তাহলে প্রথম ফে'ল হতে তাকে বিলুপ্ত মানবে। কারণ এটি فضلة (অতিরিক্ত)। আর فضلة-কে বিলোপ করা জায়েজ। কূফীদের মতানুসারে দ্বিতীয় ফে'ল হতে উহ্য মানা হবে আর দলিল এটাই যে তা فضله; فضله -কে হযফ করা বৈধ। মূল উদ্দেশ্য এটি এমন একটি উদাহরণ যে, তার মধ্যে দু'ফে'লের দ্বন্দ্ব যমীরে মুনফাসিলের মধ্যে সাব্যস্ত হয়েছে। رفع-এর কায়দানুপাতে تنازع দূর হয়ে থাকে। যেহেতু মুসান্নিফ (র.) قواعد كلية-কে বর্ণনা করছেন, সেহেতু এ جزئية প্রক্রিয়াকে উল্লেখ করেননি। এখানে بَعْدَهُمَا-এর দ্বারা শর্তারোপ করার কারণ হলো, যদি ইসমে যাহির উভয় ফে'লের উপর মুকাদ্দাম হয় অথবা সেগুলোর মাঝে পতিত হয়, তখন ইসমে যাহিরটি প্রথম ফে'লের মা'মূল হবে। আর তাতে تنازع হবে না। কারণ, প্রথম ফে'ল কোনো প্রকার ভিড় ব্যতীত ঐ ইসমের উপযুক্ততা রাখে।

تَنَازُعِ فِعْلٍ -এর সুরতসমূহ : দু'টি ফে'ল তাদের পরবর্তী ইসমকে হয়তো ফায়েল বানাতে চায় নতুবা মাফউল বানাতে চায় অথবা একটি ফায়েল ও অপরটি মাফউল বানাতে চায়। এ দৃষ্টিকোণে এদের মোট চারটি অবস্থা হয়। যথা–

১. উভয় ফে'ল তাদের পরবর্তী ইসমকে ফায়েল বানাতে চায়। যেমন–ضَرَبَنِىْ وَاَكْرَمَنِىْ زَيْدٌ

২. উভয় ফে'ল ইসমটিকে মাফউল বানাতে চায়। যেমন– ضَرَبْتُ وَاَكْرَمْتُ زَيْدًا

৩. প্রথমটি ফায়েল ও দ্বিতীয়টি মাফউল বানাতে চায়। যেমন– ضَرَبَنِىْ وَاَكْرَمْتُ زَيْدًا

৪. প্রথমটি মাফউল ও দ্বিতীয়টি চায় ফায়েল বানাতে। যেমন–ضَرَبْتُ وَاَكْرَمَنِىْ زَيْدًا

قَوْلُهُ فَقَدْ يَكُوْنُ الخ : এখানে فقد يكون উল্লিখিত শর্তের জাযা। অর্থাৎ اِذَا تَنَازَعَ الْفِعْلَانِ فَقَدْ يَكُوْنُ আর حَالَ كَوْنِهِ الْفِعْلَيْنِ শব্দটি مُخْتَلِفَيْنِ-এর মধ্যস্থিত الفعلان হতে حال পতিত হয়েছে। মূলরূপ- اِذَا تَنَازَعَ الْفِعْلَانِ مُخْتَلِفَيْنِ এ দু'টি ফে'ল দাবির ক্ষেত্রে ভিন্নধর্মী হবে। একটি ইসমে যাহিরকে ফায়েল বানাতে চাইলে অপরটি ঐ ইসমকে মাফউল বানাতে চায়। তার দু'টি সুরত রয়েছে। একটি হলো, প্রথম ফে'ল ইসমে যাহেরটিকে ফায়েল বানাতে চায়, দ্বিতীয় ফে'ল তাকে মাফউল বানাতে চায়। দ্বিতীয় সুরতটি তার উল্টো। অর্থাৎ প্রথম ফে'ল মাফউল এবং দ্বিতীয় ফে'ল ফায়েল বানাতে চায়। যেরূপ পূর্বে উদাহরণ সহকারে উল্লেখ করা হয়েছে। مختلفين শব্দ দ্বারা تنازع الفعلان -এর দু'টি সুরত বের হয়। তার সর্বমোট চারটি সুরত হয়ে যায়। মুসান্নিফ (র.)-এর উক্তি مختلفين দ্বারা যে সুরতগুলো নির্ণীত হয়েছে, তার উদাহরণ উল্লেখ না করার কারণ হলো যে, যখন আমরা প্রথম উদাহরণ হতে একটি ফে'ল এবং দ্বিতীয় উদাহরণ হতে অপর একটি ফে'ল নেই, তাহলে উভয়ের সমষ্টি দ্বারা এ উভয় সুরতের উদাহরণ অর্জিত হয়ে যায়। مختلفين -এর কয়েদ দ্বারা ঐ দু'টি ফে'ল খারেজ হয়ে যায়, যা مُتَّفِقَيْنِ فِى الْاِقْتِضَاءِ হয়ে থাকে। যেমন–ضَرَبَ وَاَكْرَمَ زَيْدٌ عَمْرًا - এখানে উভয় ফে'ল একটি ইসমে যাহিরকে তার ফায়েল এবং অপরটিকে মাফউল বানাতে ঐকমত্য হয়েছে। আর এই সুরতটি পূর্ববর্তী সুরতসমূহে অর্জিত হয়। তাই তাকে আলাদাভাবে বর্ণনা করার প্রয়োজন হয়নি। অতএব, এটা مختلفين -এর কয়েদ দ্বারা বের হয়ে গেছে।

তারকীব : قَوْلُهُ وَإِذَا تَنَازَعَ الْفِعْلَانِ ظَاهِرًا بَعْدَ هُمَا فَقَدْ يَكُوْنُ فِى الخ : واو হরফে আত্ফ, اذا যরফে যমান শর্তের অর্থকে অন্তর্ভুক্তকারী মাফউলে ফীহ্ মুকাদ্দাম, تنازع ফে'ল, الفعلان ফায়েল, ظاهرا সিফাতে আউওয়াল, তার পূর্বে উহ্য اسما মাওসূফ, بعد মুযাফ, هما মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ ثابتا থেকে। ثابتا শিব্হে ফে'ল; তার অন্তর্নিহিত যমীর هو ফায়েল। শিব্হে ফে'ল, তার ফায়েল ও মাফউলে ফীহ মিলে সিফাতে ছানী। মাওসূফ ও তার সিফাতদ্বয় মিলে মাফউলে বিহী। تنازع ফে'ল, তার ফায়েল, মাফউলে বিহী এবং মাফউলে ফীহ মুকাদ্দাম মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। فاء জাযাইয়্যাহ, قد তাহ্ক্বীকের জন্য, يكون ফে'লে নাকেস, উহ্য যমীর هو তার ইসম, فى হরফে জার, الفاعلية মা'তুফে আলাইহ, واو হরফে আত্ফ, فى হরফে জার, المفعولية মাজরূর। জার ও মাজরূর মিলে মা'তূফ, واو হরফে আত্ফ, فى হরফে জার, الفاعلية মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, المفعولية মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে যুলহাল। مختلفين শিব্হে ফে'ল, উহ্য যমীর هما ফায়েল। শিব্হে ফে'ল ও তার ফায়েল মিলে হাল। যুলহাল ও হাল মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফদ্বয় মিলে যরফে মুস্তাকার হয়েছে। ثابتا শিব্হে ফে'ল, তার অন্তর্নিহিত যমীর هو ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবর। ফে'লে নাকেস তার ইসম এবং খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। مثل মুযাফ, ضَرَبَنِىْ وَاَكْرَمَنِىْ الخ মুরাদুল্ লফ্য মুযাফ ইলাইহ। মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله মুবতাদা মাহ্যূফ। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

قَوْلُهُ ضَرَبَنِىْ وَاَكْرَمَنِىْ زَيْدٌ : অর্থের উদ্দেশ্য অনুপাতে উক্ত জুমলার তারকীব–ضرب ফে'ল, উহ্য যমীর هو ফায়েল, نون وقاية يائے متكلم মাফউলে বিহী। ফে'ল, তার ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ। واو হরফে আত্ফ, اكرم ফে'ল, زيد ফায়েল, نون وقاية يائے متكلم মাফউলে বিহী। ফে'ল, ফায়েল এবং মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে আত্ফ হয়েছে তার পূর্বের জুমলার উপর। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে مثل মুযাফের মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর, যা পূর্বে বলা হয়েছে। مثل মুযাফ, ضَرَبْتُ وَاَكْرَمْتُ زَيْدًا মুরাদুল্ লফ্য মুযাফ ইলাইহ, مثل মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله মুবতাদা মাহ্যূফ। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

قَوْلُهُ ضَرَبْتُ وَاَكْرَمْتُ زَيْدًا : জুমলার তারকীব– ضربت ফে'ল, تا যমীরে বারেয ফায়েল। ফে'ল, তার ফায়েল ও উহ্য মাফউলে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ, اكرمت ফে'ল, تا যমীরে বারেয ফায়েল, زيدا মাফউলে বিহী। ফে'ল, ফায়েল এবং মাফউল বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে আত্ফ হয়েছে তার পূর্ববর্তী জুমলার উপর। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে জুমলায়ে মা'তূফা হয়ে মুযাফ ইলাইহ। مثل মুযাফ মাহ্যূফ ও তার মুযাফ ইলাইহ মিলে খবর। মুবতাদা ও তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

فَيَخْتَارُ الْبَصْرِيُّوْنَ اِعْمَالَ الثَّانِىْ وَالْكُوْفِيُّوْنَ الْاَوَّلَ فَاِنْ اَعْمَلْتَ الثَّانِىَ اَضْمَرْتَ الْفَاعِلَ فِى الْاَوَّلِ عَلٰى وَفْقِ الظَّاهِرِ دُوْنَ الْحَذْفِ خِلَافًا لِلْكِسَائِىِّ وَجَازَ خِلَافًا لِلْفَرَّاءِ وَحَذَفْتَ الْمَفْعُوْلَ اِنِ اسْتُغْنِىَ عَنْهُ وَاِلَّا اَظْهَرْتَ وَاِنْ اَعْمَلْتَ الْاَوَّلَ اَضْمَرْتَ الْفَاعِلَ فِى الثَّانِىْ وَالْمَفْعُوْلَ عَلَى الْمُخْتَارِ اِلَّا اَنْ يَّمْنَعَ مَانِعٌ فَتُظْهِرُ وَقَوْلُ اِمْرِأِ الْقَيْسِ ع كَفَانِىْ وَلَمْ اَطْلُبْ قَلِيْلٌ مِنَ الْمَالِ * لَيْسَ مِنْهُ لِفَسَادِ الْمَعْنٰى-

অনুবাদ : অতঃপর বসরাবাসী নাহুবিদরা দ্বিতীয় ফে'লকে আমল দেওয়া উত্তম মনে করেন, পক্ষান্তরে কূফাবাসী নাহুবিদ্‌গণ প্রথম ফে'লকে আমল দেওয়া (উত্তম মনে করেন)। এ হিসেবে যদি তুমি দ্বিতীয় ফে'লকে (বসরাবাসীদের মতানুযায়ী) আমিল বানাতে চাও ; তাহলে প্রথম ফে'লের মধ্যে একটি ফায়েলের যমীর নিবে (واحد ও تثنية নেওয়ার ক্ষেত্রে) اسم ظاهر-এর অনুপাতে, (فعل اول-এর ফায়েলকে) হযফ করা ব্যতীত। জমহুর নাহুবিদরা ইমাম কিসাঈ'র বিরোধিতা করেছেন। আর দ্বিতীয় ফে'লকে আমল দেওয়া জায়েজ, এতে ইমাম ফাররা'র বিরোধিতা রয়েছে। প্রয়োজন না হলে মাফউলকে হযফ করে দেবে। নতুবা তা (মাফউল)-কে প্রকাশ করবে। যদি (কূফাবাসীদের মতানুযায়ী) তুমি প্রথম ফে'লকে আমল দাও তাহলে দ্বিতীয় ফে'লের মধ্যে ফায়েলের যমীর নিবে। (দ্বিতীয় ফে'ল মাফউলকে চাইলে, তার মধ্যে) পছন্দনীয় অভিমত অনুসারে মাফউলের যমীর নিবে নতুবা যদি কোনো প্রতিবন্ধক বাধা প্রদান করে তাহলে তাকে প্রকাশ করবে। ইমরাউল কায়েসের উক্তি كَفَانِىْ وَلَمْ اَطْلُبْ قَلِيْلٌ مِّنَ الْمَالِ (যদি আমি সাধারণ জীবন-যাপনের চেষ্টা করতাম তাহলে সামান্য সম্পদ আমাকে যথেষ্ট করে দিতো এবং আমি সামান্য মাল অন্বেষণ করিনি) এটা অর্থ নষ্ট হবার কারণে باب تنازع -এর অন্তর্ভুক্ত নয়।

ব্যাখ্যা : قَوْلُهُ فَيَخْتَارُ الْبَصْرِيُّوْنَ الخ : যখন দু'টি ফে'ল কোনো ইসমে যাহিরকে নিয়ে দ্বন্দ্ব করে তখন জমহুর নাহুবিদদের মতে, উভয় ফে'ল হতে যে কোনো একটি ফে'ল اسم ظاهر-এর মধ্যে আমল করা জায়েজ; কিন্তু বসরা নাহুবিদগণ দ্বিতীয় ফে'লে আমিল দেওয়াকে অগ্রাধিকার দিয়ে থাকেন। কেননা, এটা اسم ظاهر -এর নিকটবর্তী হওয়াতে অগ্রাধিকার প্রাপ্ত। **দ্বিতীয়ত** প্রথম ফে'লকে আমল করার সুযোগ দেওয়া হলে আমিল ও মা'মুলের মাঝে পার্থক্যকারী এসে যায়, যা কানুনের পরিপন্থী। কেননা, কায়দা চায় আমিল ও মা'মুল মিলিতভাবে হওয়া। কাজেই দ্বিতীয় ফে'লকে আমল দেওয়া হলে এ ত্রুটি হতে রক্ষা পাওয়া যায়। **তৃতীয়ত** মহাগ্রন্থ আল-কুরআনে দ্বিতীয় ফে'লকে আমল দেওয়া হয়েছে। যেমন– فَاَمَّا مَنْ اُوْتِىَ كِتٰبَهٗ بِيَمِيْنِهٖ فَيَقُوْلُ هَآؤُمُ اقْرَءُوْا كِتٰبِيَهْ -এর মধ্যে দ্বিতীয় ফে'লকে আমল করার এখানে كِتٰبِيَهْ সুযোগ দেওয়া হয়েছে। কেননা, প্রথম ফে'লকে আমল দেওয়া হলে যমীরসহ اقرءوه বলা হতো। **চতুর্থত** আরবি ভাষাপণ্ডিতদের কথায়ও দ্বিতীয় ফে'লকে আমল দেওয়া হয়েছে। যথা–

قَضٰى كُلُّ ذِىْ دِيْنٍ فَوْقَىْ عَزِيْمَهٗ * وَعِزَّةُ مَمْطُوْلٌ مَعِىْ عَزِيْمُهَا -

এখানে প্রথম ফে'লকে আমল না দিয়ে দ্বিতীয় ফে'লকে আমল দেওয়া হয়েছে নতুবা فوقاه বলা হতো।

* البصريون এটা بصرى (যের যোগে) এর বহুবচন। এটা بصرة -এর দিকে সম্পর্কিত, যা একটি শহরের নাম। ইহাকে হযরত ওমর ফারুক (রা.)-এর জমানায় عتبة بن غزوان [আতিয়া ইবনে গাযওয়ান রা.)] ১৭ হিজরিতে জয় করে ১৮ হিজরিতে আবাদ করেছিলেন। এটাকে خزانة العرب ও قبة الاسلام নামে আখ্যায়িত করা হয়। হযরত রাবিয়া বসরী (র.) ঐ

ছানে বসবাস করতেন। তাঁর ঐ জমিনে ভূত-প্রেত থাকত না। এটাকে তাসগীর করে بصيرة বলা হয়। ঐ শহরের নাম موتكفة - تدمر ও রয়েছে, কারণ পূর্বকালে এটাকে উল্টিয়ে দেওয়া হয়েছিল। بصرى শব্দটি بصرى (যবর যোগে) পড়াকে সকল চায়; কিন্তু ياء-কে যের দেওয়া হয়েছে। بصرى থেকে আলাদা করার জন্য যা হেজাযের একটি রাজ্যের দিকে সম্পর্কিত। কেউ কেউ বলেছেন- بصرة অর্থ মর্মর-পাথর, এর দিকে সম্পর্কিত হয়ে بصرى হয়েছে। এটাকে بصرى থেকে পৃথক করার নিমিত্তে যের দেওয়া হয়েছে। কেউ কেউ বলেছেন- بصرة-এর মধ্যে যে ياء রয়েছে তাতে তিন ধরনের হরকত জায়েজ, তবে যবর পড়াটা উত্তম। منسوب হবার সময়ে পেশ পড়তে শোনা যায়নি। নাহুবিদদের মধ্যে اَبُو يَعْقُوب، مُبَرِّدْ ، اَبُو اِسْحَاق زَجَّاج عَلِى بْن عِيْسٰى اَبُو عَلِى بْن مَهْرَان ، حَضْرَمِى ، يُوْنُس ، اَخْفَش ، سِيْبَوَيْهِ ابْنُ وَرَسْتَرِيَه . كِرْمَانِى প্রমুখদেরকে বসরী বলা হয়।

* الكوفيون এটি كوفى -এর বহুবচন। কূফার দিকে সম্পর্কিত হয়েছে, যা ইরাকের একটি প্রসিদ্ধ শহরের নাম। কূফাবাসী বলতে مَازِنِى، حَمْزَة، فَرَّاء، كِسَائِى -প্রমুখ উদ্দেশ হয়ে থাকে।

قَوْلُهُ فَإِنْ اَعْمَلْتَ الثَّانِىَ : যখন বসরাবাসীদের মাযহাব অনুযায়ী দ্বিতীয় ফে'লকে আমল দেওয়া হয়। তবে সে সময় প্রথম ফে'ল ইসমে যাহিরটিকে ফায়েল বানাতে চাইলে ইসমে যাহিরের অনুপাতে ফায়েলের যমীর নিতে হবে অর্থাৎ ইসমে যাহিরটি مفرد হলে, مفرد -এর যমীর নেওয়া হবে। যেমন- ضَرَبَنِى وَاَكْرَمَنِى زَيْدٌ আর تثنية বা جمع হলে অনুরূপভাবে تثنيه অথবা جمع-এর যমীর নেওয়া হবে। যেমন- ضَرَبَانِى وَاَكْرَمَنِى الزَّيْدَانِ وَضَرَبُوْنِى وَاَكْرَمَنِى الزَّيْدُوْنَ ; ইসমে যাহির ও যমীরের মধ্যে সামঞ্জস্য রক্ষা করা এ জন্য শর্ত করা হয়েছে যে, এ ইসমে যাহিরটি মারজি' আর মারজি'ও যমীরের মধ্যে সামঞ্জস্য রক্ষা করা আবশ্যক। দ্বিতীয় ফে'লকে আমল দেওয়ার সময়ে যদি প্রথম ফে'লটি ফায়েলকে চায় তাহলে তার মধ্যে ইসমে যাহিরের অনুপাতে ফায়েলের যমীর নেওয়া হবে। ফায়েলকে বিলোপ করা যাবে না। এ জন্য যে, তা বাক্যে উত্তম আর উত্তমকে হযফ বৈধ নয়। যে সব সুরতের মধ্যে যমীর নেওয়া হয় তাতে ব্যাখ্যার শর্তসাপেক্ষে اِضْمَارُ قَبْلَ الذِّكْرِ বৈধ। যেমন-(ক) উভয় ফে'ল اسم টিকে ফায়েল বানাতে চাইলে বলা হবে।

১. ضَرَبَنِى وَاَكْرَمَنِى زَيْدٌ এখানে উহ্য যমীর هو ফায়েল।

২. ضَرَبَانِى وَاَكْرَمَنِى الزَّيْدَانِ এতে যমীর هما হলো ফায়েল।

৩. ضَرَبُوْنِى وَاَكْرَمَنِى الزَّيْدُوْنَ এতে যমীর هم ফায়েল।

(খ) প্রথম ফে'লটি ফায়েল এবং দ্বিতীয় ফে'লটি মাফউল বানাতে চাইলে বলা হবে।

১. ضَرَبَنِى وَاَكْرَمْتُ زَيْدًا এতে উহ্য যমীর هو রয়েছে যা ফায়েল।

২. ضَرَبَانِى وَاَكْرَمْتُ زَيْدًا এ স্থানে هما যমীর হলো ফায়েল।

৩. ضَرَبُوْنِى وَاَكْرَمْتُ زَيْدًا এতে উহ্য যমীর هم ফায়েল।

উল্লেখ্য যে, মুসান্নিফ (র.) ইবারতের মধ্যে বসরাবাসীদের অভিমতকে প্রাধান্য দিতে গিয়ে সর্বপ্রথম দ্বিতীয় ফে'লকে আমল দেওয়ার বিষয় উল্লেখ করেন। এটাকে প্রথমে উল্লেখ করার দ্বারা বুঝা যায় যে, মুসান্নিফ (র.) বসরাবাসীদের অভিমতকে সমর্থন করেছেন।

قَوْلُهُ خِلَافًا لِلْكِسَائِىِّ : خلا فا শব্দটি ফে'লে মাহ্যূফের মাফউলে মুতলাক। মূল এবারত- يُخَالِفُ قَوْلَ الْجُمْهُوْرِ قَوْلُ الْكِسَائِىِّ خِلَافًا অর্থাৎ উল্লিখিত সুরতে কিসাঈ নাহুবিদের উক্তি জমহুরের খেলাফ। কেননা, ইমাম কিসাঈ'র মতে সাধারণভাবে اِضْمَارُ قَبْلَ الذِّكْرِ জায়েজ নেই। চায় عمدة -এর মধ্যে হোক, বা فضلة -এর মধ্যে হোক। তাই তিনি এ সুরতে ফায়েলকে বিলোপ করেন। স্বপক্ষে এ যুক্তি প্রদর্শন করেন যে, ফায়েলটি বাক্যের মধ্যে অত্যধিক গুরুত্বপূর্ণ ও عمدة ; বিলুপ্ত হবার পর ذهن (মস্তিষ্ক) তার দিকে অনায়াসে ধাবিত হয়। কাজেই তা বিলুপ্ত হবার অবস্থায় উল্লিখিত (مذكور) এর সমপর্যায়ে হবে। (اَلْمَحْذُوْفُ كَالْمَذْكُوْرِ)

ইমাম কিসাঈ'র পরিচিতি : নাম আবুল হাসান আলী ইবনে হামযা। বাগদাদের উত্তরে দুজায়লা এলাকাস্থ বাহামাশা নামক স্থানে জন্মগ্রহণ করেন। তাঁর সম্পর্কে বর্ণনা পাওয়া যায় যে, আরাবিয়্যাহ সম্পর্কে তিনি অসুবিধার সম্মুখীন হন এবং এ কারণে তিনি নিজেকে ব্যাকরণবিদ মু'আয আল-হার্‌রা'র সাথে সংশ্লিষ্ট রাখতে চান। আরবি ভাষাতত্ত্বের ক্ষেত্রে ইমাম খলীলের দখলের কারণে পরবর্তীকালে ইমাম কিসাঈকে বসরা গমণ করতে হয়। তাঁর পরামর্শেই ইমাম কিসাঈ কিছুদিনের জন্য বেদুঈনদের মাঝে এ উদ্দেশ্যে অবস্থান করেন, যেন তাদের সাহচর্যে অবস্থান করে আরবির অন্তর্নিহিত নিয়মনীতি পূর্ণরূপে শিখতে পারেন। তিনি অন্যতম একজন ক্বারী ছিলেন।

قَوْلُهُ وَجَازَ خِلَافًا لِلْفَرَّاءِ : এর দ্বার উদ্দেশ্য–ফাররা নাহুবীর মাযহাব বর্ণনা করা। তাঁর মতে, যখন প্রথম ফে'লটি ফায়েলকে চায় তখন দ্বিতীয় ফে'লকে আমল দেওয়া জায়েজ নেই। কেননা, দ্বিতীয় ফে'লকে আমল দেওয়ার সময়ে প্রথম ফে'লের মধ্যে হয়তো ফায়েলের যমীর নেওয়া হবে অথবা তাকে বিলোপ করা হবে ; অথচ উভয় সুরতই অবৈধ। কেননা, যমীর নেওয়ার সময় إِضْمَارُ قَبْلَ الذِّكْرِ এবং ফায়েলকে বিলোপ করার সময় উত্তমাংশকে বিলোপ করা লাযেম আসে।

قَوْلُهُ وَحَذَفْتَ الْمَفْعُوْلَ : দ্বিতীয় ফে'লকে আমল দেওয়ার সময় প্রথম ফে'ল মাফউলকে চাইলে, তাকে حذف করা হবে। তবে শর্ত হলো যদি তাকে উল্লেখ করার প্রয়োজন না থাকে। কারণ তা বাক্যের মধ্যে فضلة আর فضلة-কে বিলোপ করা জায়েজ। তবে মাফউলটি যদি এমন হয় যে, তাকে উল্লেখ করার প্রয়োজনীয়তা রয়েছে। যেমন– افعال قلوب -এর মাফউলকে প্রকাশ করা আবশ্যক حَسِبَنِيْ وَحَسِبْتُ زَيْدًا مُنْطَلِقًا এখানে حسبت وحسبنى প্রথমত "زيد" -এর মধ্যে আমল করাকে নিয়ে দ্বন্দ্ব করে। প্রথম ফে'ল তাকে তার ফায়েল দ্বিতীয় ফে'ল তাকে মাফউল বানাতে চায়। অতঃপর বসরাবাসীদের মতানুযায়ী দ্বিতীয় ফে'লকে আমল দেওয়া হলো এবং প্রথম ফে'লে ফায়েলের যমীর নেওয়া হলো। কেননা, ফায়েল عمدة আর ব্যাখ্যার শর্তসাপেক্ষে عمدة -এর মধ্যে إِضْمَارُ قَبْلَ الذِّكْرِ জায়েজ। উভয় ফে'ল منطلقا -এর মধ্যে আমল করার ক্ষেত্রে দ্বন্দ্ব করে। প্রত্যেকেই তাকে মাফউল বানাতে চায়। তাই এখানেও বসরাবাসীদের মতানুসারে দ্বিতীয় ফে'লকে আমল দেওয়া এবং প্রথম ফে'লের মাফউলকে প্রকাশ করা হয়েছে। যেমন–حَسِبَنِيْ مُنْطَلِقًا وَحَسِبْتُ زَيْدًا مُنْطَلِقًا । কেননা, যদি প্রথম ফে'লের মাফউলকে বিলোপ করা হয়, তবে দু' মাফউল থেকে একটির উপর সংক্ষিপ্তকরণ লাযেম আসবে। আর افعال قلوب -এর মধ্যে তা নাজায়েজ। افعال قلوب -এর মধ্যে কোনো মাফউলকে বিলোপ করা নাজায়েজ হবার কারণ–সেগুলোর মাফউলদ্বয় মূলত মুবতাদা ও খবর। মুবতাদা ও খবরের কাউকে বিলোপ করলে বাক্য শুদ্ধ হয় না। আর যমীর নেওয়া হলে فضلة -এর মধ্যে إِضْمَارُ قَبْلَ الذِّكْرِ লাযেম আসে, যা অবৈধ। অতএব, নিশ্চয় প্রথম ফে'লের মাফউলকে উল্লেখ করা হবে আবশ্যক হিসেবে।

قَوْلُهُ وَإِنْ اَعْمَلْتَ الْاَوَّلَ الخ : কূফাবাসীদের মাযহাব অনুযায়ী প্রথম ফে'লকে আমল দেওয়া হলে দ্বিতীয় ফে'ল যদি ফায়েলকে চায়, তাহলে ফায়েলের যমীর নেওয়া হবে। যেমন–ضَرَبَنِيْ وَاَكْرَمَنِيْ زَيْدٌ এখানে যমীর নেওয়ার সূরতে إِضْمَارُ قَبْلَ الذِّكْرِ শাব্দিকভাবে (لفظا) আবশ্যক হয়। মরতবাগতভাবে (رتبة) তা আবশ্যক হয় না। ঐ إِضْمَارُ قَبْلَ الذِّكْرِ নাজায়েজ যা لفظا ও رتبة হয়ে থাকে। যদি দ্বিতীয় ফে'ল ظاهر اسم-কে মাফউল বানাতে চায়, তাহলে পছন্দনীয় অভিমত অনুসারে দ্বিতীয় ফে'লের মধ্যে মাফউলের যমীর নেওয়া হবে।

ظاهر اسم অনুপাতে যমীর নেওয়া হয়, যাতে ملفوظ টি مقصود মোতাবেক হয়ে যায়। কেননা, মাকসূদ হলো উভয় ফে'লের মাফউল মোতাবেক হওয়া। দ্বিতীয় ফে'লের মধ্যে মাফউলের যমীর না নিলে এ সন্দেহ সৃষ্টি হবে যে, দ্বিতীয় ফে'লের মাফউলটি প্রথম ফে'লের মাফউলের বিপরীত। উভয় ফে'ল ইসমটিকে ফায়েল বানাতে চায়। যেমন–(১) ضَرَبَنِيْ وَاَكْرَمَنِيْ زَيْدٌ যমীর هو উহ্য ফায়েল রয়েছে। (২) ضَرَبَنِيْ وَاَكْرَمَانِيْ الزَّيْدَانِ এতে উহ্য যমীর هما রয়েছে। (৩) ضَرَبَنِيْ وَاَكْرَمُوْنِيْ الزَّيْدُوْنَ এতে উহ্য যমীর هم ফায়েল।

قَوْلُهُ اِلَّا اَنْ يَّمْنَعَ مَانِعٌ : যখন পছন্দনীয় অভিমতানুপাতে দ্বিতীয় ফে'লের মধ্যে মাফউলের যমীর নেওয়া অথবা অপছন্দনীয় অভিমতানুপাতে মাফউলকে হযফ করার মধ্যে কোনো প্রতিবন্ধক আসবে, তখন দ্বিতীয় মাফউলকে প্রকাশ করা

জরুরি হবে। কারণ, যমীর নেওয়া ও হযফ করা উভয়টি অসম্ভব হওয়াতে মাফউলকে প্রকাশ করা ব্যতীত কোনো উপায় নেই। যেমন- حَسِبَنِىْ وَحَسِبْتُهُمَا الزَّيْدَانِ مُنْطَلِقًا -এর মধ্যে উভয় ফে'ল প্রথমে الزيدان -এর মধ্যে দ্বন্দ্ব করে। প্রথম ফে'ল তাকে তার ফায়েল এবং দ্বিতীয় ফে'ল তাকে মাফউল বানাতে চায়। প্রথম ফে'লকে আমল দিয়ে দ্বিতীয় ফে'লের মধ্যে মাফউলের যমীর নিয়ে বলা হবে حسبتهما অতঃপর উভয়টি منطلقا -এর মধ্যে দ্বন্দ্ব করে। উভয় ফে'ল তাকে নিজের মাফউল বানাতে চায়। কূফীদের মাতনুসারে প্রথম ফে'লকে আমল দিয়ে, দ্বিতীয় ফে'লের মাফউলকে প্রকাশ করত বলা হবে حَسِبْتَنِىْ وَحَسِبْتُهُمَا مُنْطَلِقَيْنِ الزَّيْدَانِ مُنْطَلِقٌ কারণ, দ্বিতীয় ফে'লের مفعول ثانى-কে বিলোপ করা হবে افعال قلوب -এর দু'মাফউল হতে একটি মাফউলের উপর সংক্ষিপ্ত করা লাযেম আসে তা নাজায়েজ।

যদি যমীর নেওয়া হয়, তবে এটা দু'অবস্থা হতে মুক্ত নয়। হয়তো مفرد -এর যমীর নেওয়া হবে অথবা تثنية -এর যমীর নেওয়া হবে। مفرد -এর যমীর নেওয়ার ক্ষেত্রে حسبت -এর দু'মাফউলের মধ্যে সামঞ্জস্য থাকে না ; অথচ তা রক্ষা করা জরুরি। কারণ, حسبت -এর প্রথম মাফউলটি প্রকৃতপক্ষে মুবতাদা এবং দ্বিতীয় মাফউলটি খবর। মুবতাদা ও খবরের মধ্যে مفرد ও تثنية -এর ক্ষেত্রে সামঞ্জস্যতা রক্ষা করা জরুরি। تثنية -এর যমীর নেওয়ার সময়ে মারজি' এবং যমীরের মধ্যে সামঞ্জস্য থাকে না। কেননা, যমীরের মারজি' منطلقا আর তা একবচন। অতএব, যখন যমীর নেওয়া ও হযফ করা উভয়টি নাজায়েজ হয়ে যায়, তখন নিশ্চয়ই দ্বিতীয় ফে'লের مفعول ثانى-কে প্রকাশ করতে হবে। যদি কেউ প্রশ্ন করে, উল্লিখিত উদাহরণে تنازع সম্ভব নয়। কেননা, تنازع -এর শর্ত-উভয় ফে'ল আমল করার জন্য কোনো একটি বিষয়ের দিকে মনোনিবেশ এবং প্রত্যেক ফে'লের আমল তার মধ্যে عَلٰى سَبِيْلِ الْبَدَلِ হিসেবে জায়েজ হওয়া আর এখানে এরূপ নয়। কেননা, প্রত্যেক ফে'লের আমল منطلقا মাফউলটি مفرد হওয়াকে চায়। দ্বিতীয় ফে'ল মাফউলটি تثنية হওয়াকে চায়। অতএব, উভয় ফে'ল একই বিষয়ের দিকে মনোনিবেশ হয়নি। **উত্তর :** منطلقا দ্বারা উদ্দেশ্য منطلق লফ্য নয়; বরং এটার দ্বারা ঐ ইসম উদ্দেশ্য, যা انطلاق গুণের সাথে গুণান্বিত হয়, مفرد কিংবা تثنية হওয়া থেকে ব্যাপক।

قَوْلُهٗ وَقَوْلُ اِمْرَأِ الْقَيْسِ : কূফানাহুবিদরা প্রথম ফে'লকে আমল দেওয়া উত্তম হবার বিষয়ে কবি ইমরাউল কায়েস-এর কবিতা থেকে দলিল গ্রহণ করত বলেছেন যে, আরব কবিদের মধ্যে অধিক বিশুদ্ধভাষী কবি ইমরাউল কায়েস দু'ফেলের দ্বন্দ্বের সময়ে প্রথম ফে'লকে আমল দিয়েছেন। তিনি বলেছেন-

وَلَوْ اَنَّمَا اَسْعٰى لِاَدْنٰى مَعِيْشَةٍ * كَفَانِىْ وَلَمْ اَطْلُبْ قَلِيْلٌ مِّنَ الْمَالِ

উক্ত শ্লোকে كفانى কে قَلِيْلٌ مِّنَ الْمَالِ-কে كفانى ফে'লের ফায়েল সাব্যস্ত করেছেন। لم اطلب -এর মাফউল বানাননি। বুঝা গেল-প্রথম ফে'লকে আমল দেওয়া উত্তম। মুসান্নিফ (র.) বসরাবাসীদের পক্ষ থেকে উত্তর দিয়েছেন, ইমরাউল কায়েসের উক্তি كَفَانِىْ وَلَمْ اَطْلُبْ قَلِيْلٌ مِّنَ الْمَالِ এটা تنازع অধ্যায়ের অন্তর্ভুক্ত নয়। কেননা,যদি تنازع অধ্যায়ের অন্তর্ভুক্ত ধরে নেওয়া যায় এবং قَلِيْلٌ مِّنَ الْمَالِ -এর মধ্যে كفانى ও لم اطلب এ দ্বন্দ্ব মেনে নেওয়া হয়নি। বিস্তারিত বিবরণ- মূলত পূর্ণ পংক্তিটি ছিল- وَلَوْ اَنَّمَا اَسْعٰى لِاَدْنٰى مَعِيْشَةٍ * كَفَانِىْ وَلَمْ اَطْلُبْ قَلِيْلٌ مِّنَ الْمَالِ

এ পংক্তির মধ্যে শুরুতে لو হরফ রয়েছে। আর তা শর্ত ও জাযা'র উপর প্রবিষ্ট হয়। এটার বৈশিষ্ট্য হলো যে, শর্ত ও জাযা'র মধ্যে যা হ্যাঁ-বাচক হয়ে থাকে তাকে না-বাচক এবং না-বাচককে হ্যাঁ-বাচকের হুকুমে পরিণত করে দেওয়া। এই কিয়াসের ভিত্তিতে শর্ত ও জাযা'র উপর যা আত্ফ হয় তার সাথেও একই মু'আমালা করা হয়। এই কবিতার মধ্যে انما اسعى জুমলায়ে ফে'লিয়্যাহ শর্ত, كفانى তার জাযা। উভয়টি হ্যাঁ-বাচক, অর্থাৎ لَوْ ثَبَتَ سَعْىِ لِاَدْنٰى مَعِيْشَةٍ كَفَانِىْ قَلِيْلٌ مِّنَ الْمَالِ (যদি আমি সাধারণ জীবন-যাপন করার চেষ্টা করতাম তাহলে সামান্য সম্পদই যথেষ্ট হতো) কাজেই উল্লিখিত কায়দানুসারে উভয় ফে'ল না-বাচক হয়ে যাবে। আর অর্থ দাঁড়াবে-আমি নিম্নমানের জীবন-যাপন করার প্রচেষ্ট করি না এবং অল্প মালও আমার জন্য যথেষ্ট নয়। যেহেতু لم اطلب অংশটি كفانى -এর উপর আত্ফ, তাই এটাও لو -এর জওয়াব হবে। ادنى معيشة -এর سعى না-বাচক এবং لم اطلب অংশটি হ্যাঁ-বাচক হবে। এখন এটা বলা হলো যে, لم اطلب ও

كفانى উভয় ফে'ল قليل من المال-কে নিজেদের মা'মূল বানাতে দ্বন্দ্ব করে। কাজেই উল্লিখিত কায়দানুসারে না-বাচক হ্যাঁ-বাচক ও হ্যাঁ-বাচকটি না-বাচক হয়ে যাবার পর অর্থ দাঁড়াবে–আমি নিম্নমানের জীবন-যাপনের চেষ্টা করি না এবং স্বল্প মাল আমার জন্য যথেষ্ট নয়। আর অল্প মাল আমি তালাশ করি। এটা সরাসরি تناقض (পরস্পর বিপরীত), জানা যায় যে, ইমরাউল কায়সের উল্লিখিত উক্তি تنازع الفعلين -এর অন্তর্ভুক্ত নয়; বরং لم اطلب -এর মাফউল মাহ্যূফ। অর্থাৎ اَطْلُبُ الْعِزَّ وَالْمَجْدَ পরবর্তী পংক্তিটি তার উপর প্রমাণ। কবিতা–

وَلٰكِنَّمَا اَسْعٰى لِمَجْدٍ مُؤَثَّلٍ * وَقَدْ يُدْرَكُ الْمَجْدُ الْمُؤَثَّلُ اَمْثَالِىْ

ইবারতে উল্লিখিত শ্লোকের অর্থ দাঁড়াবে–আমি নিম্নমানের জীবন-যাপনের চেষ্টা করি না এবং অল্প মাল আমার জন্য যথেষ্ট নয়। আমি সম্মান ও গৌরব অন্বেষণ করছি।

তারকীব : قَوْلُهُ فَيَخْتَارُ الْبِصْرِيُّوْنَ اِعْمَالَ الثَّانِىْ الخ : فاء হরফে আত্ফ, يختار ফে'ল, النحاة উহ্য মাওসূফ, البصريون সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, النحاة উহ্য মাওসূফ, الكوفيون সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে ফায়েল। اعمال মুযাফ, الثانى মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, الاول সিফাত, উহ্য فعل মাওসূফ। মাওসূফ ও সিফাত মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাফউলে বিহী। يختار ফে'ল, তার ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। فاء তাফসীলের জন্য, ان হরফে শর্ত, اعملت ফে'ল, تا যমীরে বারেয ফায়েল, الثانى মাফউলে বিহী। ফে'ল, তার ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত اضمرت ফে'ল, تاء যমীরে বারেয ফায়েল, الفاعل যুলহাল, فى হরফে জার, الاول মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। على হরফে জার, وفق মুযাফ, الظاهر সিফাত, তারপূর্বে الاسم উহ্য মাওসূফ। মাওসূফ ও সিফাত মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে উহ্য ثابتا -এর সাথে। ثابتا শিব্হে ফে'ল, যমীর هو উহ্য ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে প্রথম হাল। دون মুযাফ, الحذف মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ হয়েছে ثابتا -এর থেকে। ثابتا শিব্হে ফে'ল, তার অন্তর্নিহিত যমীর هو ফায়েল এবং মাফউলে ফীহ মিলে দ্বিতীয় হাল। الفاعل যুলহাল ও তার হালদ্বয় মিলে মাফউলে বিহী। اضمرت ফে'ল, তার ফায়েল, মাফউলে বিহী ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। خلافا মাফউলে মুতলাক হয়েছে خالف উহ্য ফে'লের। خالف ফে'ল, উহ্য যমীর هو ফায়েল এবং মাফউলে মুতলাক মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। ل হরফে জার, الكسائى মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت -এর সাথে। ثابت শিব্হে ফে'ল, তার মধ্যে নিহিত যমীর هو নায়েবে ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। তার পূর্বে উহ্য যমীর هو মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। واو এ'তেরাযের জন্য, جاز ফে'ল, যমীর هو উহ্য ফায়েল। ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। خلافا মাফউলে মুতলাক, তার ফে'ল خالف উহ্য রয়েছে। خالف ফে'ল, উহ্য যমীর هو ফায়েল ও মাফউলে মুতলাক মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। لام হরফে জার, الفراء মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার ثابت -এর সাথে। ثابت শিব্হে ফে'ল, তন্মধ্যকার উহ্য ضمير নায়েবে ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবর। উহ্য هو মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ। واو হরফে আত্ফ, حذفت ফে'ল, تا যমীরে বারেয ফায়েল, المفعول মাফউলে বিহী। ফে'ল, তার ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ মা'তূফা (তার পূর্ববর্তী জুমলা اضمرت -এর উপর আত্ফ)। ان হরফে শর্ত, استغنى ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল, عن হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। استغنى ফে'ল, তার ফায়েল এবং যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। শর্ত ও তার উহ্য জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। তার জাযা উহ্য خذفت المفعول-ول

হরফে আত্ফ, لا টি ان শর্তিয়্যাহ ও لم নাফীয়ার সমন্বয়ে গঠিত, لا -এর পরে উহ্য ফে'ল রয়েছে। অর্থাৎ لايستغنى ফে'ল, তার মধ্যে যমীর هو নায়েবে ফায়েল লুক্কায়িত রয়েছে। অতঃপর عنه উহ্য রয়েছে। عن হরফে জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। لايستغنى ফে'ল, তার নায়েবে ফায়েল এবং যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। اظهرت ফে'ল ও ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। واو হরফে আত্ফ, ان হরফে শর্ত, اعلمت ফে'ল, تا যমীরে বারেয ফায়েল, الفعل উহ্য মাওসূফ, الاول সিফাত। মাওসূফ ও সিফাত মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। اضمرت ফে'ল, تاء যমীরে বারেয ফায়েল, الفاعل মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, الفعول মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাফউলে বিহী। فى হরফে জার, الثانى মাজরূর। জার ও মাজরূর মিলে প্রথম যরফে লগ্ব। على হরফে জার, المختار শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল। শিবহে ফে'ল ও তার নায়েবে ফায়েল মিলে শিবহে জুমলা হয়ে সিফাত, الاستعمال উহ্য মাওসূফ। মাওসূফ ও সিফাত মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে দ্বিতীয় যরফে লগ্ব। لا হরফে ইস্তিছনা। ان মাওসূলে হরফী, يمنع ফে'ল, مانع ফায়েল। ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়ে সেলাহ। ان মাওসূলে হরফী ও তার সেলাহ মিলে মুযাফ ইলাইহ হয়েছে وقت উহ্য মুযাফের। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুস্তাছনায়ে মুফাররাগ হয়ে মাফউলে ফীহ। اضمرت ফে'ল, تا যমীর ফায়েল, মাফউলে বিহী, উভয় যরফে লগ্ব এবং মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ হয়ে পূর্ববর্তী জুমলা ان اعملت -এর উপর আত্ফ হয়েছে। فاء ফসীহা, تظهر ফে'ল, উহ্য যমীর انت ফায়েল। ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ اذا كان الامر كذا উহ্য শর্তের জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ হয়েছে।

قَوْلُهُ وَقَوْلُ اِمْرَأِ الْقَيْسِ الخ : واو হরফে ইস্তীনাফ, قول মুযাফ, امرأ মুযাফ ইলাইহ মুযাফ, القيس মুযাফ ইলাইহ। امرأ মুযাফ-তার মুযাফ ইলাইহ মিলে মুযাফ ইলাইহ হয়েছে قول মুযাফের। قول মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মুবদাল মিনহু। كَفَانِىْ وَلَمْ اَطْلُبْ قَلِيْلٌ مِّنَ الْمَالِ বদলে কুল। মুবদাল মিনহু ও তার বদল মিলে মুবতাদা। ليس ফে'লে নাকেস, উহ্য যমীর هو ফায়েল। من হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا -এর সাথে। ثابتا শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবর। ل হরফে জার, فساد মুযাফ, المعنى মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব হয়েছে। ليس ফে'লে নাকেস-তার ইসম, খবর এবং যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। শ্লোকটি-وَلَوْ اَنَّمَا اَسْعٰى لِاَدْنٰى مَعِيْشَةٍ * كَفَانِىْ وَلَمْ اَطْلُبْ قَلِيْلٌ مِّنَ الْمَالِ

পূর্ণ শ্লোকটির তারকীব- واو হরফে আত্ফ, لو হরফে শর্ত, ان হরফে মুশাব্বাহ বিল ফে'ল মাওসূলে হরফী, ما যফ্ফাহ, اسعى ফে'ল, তার মধ্যে নিহিত যমীর انا ফায়েল, ل হরফে জার, ادنى মুযাফ, معيشة মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব اسعى ফে'লের সাথে। اسعى ফে'ল, তার ফায়েল এবং যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে ফায়েল, ثبت ফে'লে মাহযূফ। ثبت ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত, كفى ফে'ল, نون قاية يائے متكلم মাফউল বিহী, قليل মাওসূফ, من হরফে জার, المال মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت শিব্হে ফে'লের সাথে। ثابت উহ্য শিব্হে ফে'ল, তার যমীর هو ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে সিফাত। মাওসূফ ও তার সিফাত মিলে كفى ফে'লের ফায়েল। كفى ফে'ল, তার ফায়েল এবং মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, لم اطلب ফে'ল, তার মধ্যে নিহিত যমীর انا ফায়েল, المجد উহ্য মাফউল। ফে'ল, তার ফায়েল এবং মাফউল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে لو -এর জওয়াব। শর্ত ও জওয়াব মিলে জুমলায়ে শর্তিয়্যাহ।

مَفْعُوْلُ مَالَمْ يُسَمَّ فَاعِلُهُ كُلُّ مَفْعُوْلٍ حُذِفَ فَاعِلُهُ وَاُقِيْمَ هُوَ مَقَامَهُ وَشَرْطُهُ اَنْ تُغَيَّرَ صِيْغَةُ الْفِعْلِ اِلٰى فُعِلَ اَوْ يُفْعَلُ وَلَا يَقَعُ الْمَفْعُوْلُ الثَّانِىْ مِنْ بَابِ عَلِمْتُ وَالثَّالِثُ مِنْ بَابِ اَعْلَمْتُ وَالْمَفْعُوْلُ لَهُ وَالْمَفْعُوْلُ مَعَهُ كَذَالِكَ وَاِذَا وُجِدَ الْمَفْعُوْلُ بِهِ تَعَيَّنَ لَهُ تَقُوْلُ ضُرِبَ زَيْدٌ يَوْمَ الْجُمُعَةِ اَمَامَ الْاَمِيْرِ ضَرْبًا شَدِيْدًا فِىْ دَارِهِ فَتَعَيَّنَ زَيْدٌ فَاِنْ لَّمْ يَكُنْ فَالْجَمِيْعُ سَوَاءٌ وَالْاَوَّلُ مِنْ بَابِ اَعْطَيْتُ اَوْلٰى مِنَ الثَّانِىْ-

---

অনুবাদ : مفعول مالم يسم فاعله প্রত্যেক ঐ مفعول যার فاعل -কে বিলোপ করা হয়েছে এবং তাকে (মাফউল) তার (ফায়েল) স্থানে দাঁড় করা হয়েছে। এটার শর্ত হলো فَعَلَ -এর সীগাহ্‌কে فُعِلَ অথবা يُفْعَلُ -এর দিকে পরিবর্তিত করে দেওয়া। بَابِ اَعْلَمْتُ হতে দ্বিতীয় مفعول ও بَابِ عَلِمْتُ হতে তৃতীয় مفعول (ফায়েলের স্থানে) পতিত হয় না। অনুরূপভাবে مفعول له ও مفعول معه (ফায়েলের স্থানে পতিত হয় না)। যখন مفعول به পাওয়া যাবে, তখন তা فاعل -এর স্থলাভিষিক্ত হবার জন্য নির্দিষ্ট হয়ে যাবে। তুমি বলবে– ضُرِبَ زَيْدٌ يَوْمَ الْجُمُعَةِ اَمَامَ الْاَمِيْرِ ضَرْبًا شَدِيْدًا فِىْ دَارِهِ (যায়েদ জুমার দিন বাদশার সামনে তার ঘরে কঠোরভাবে প্রহৃত হয়েছে)। (এই উদাহরণে) زيد নির্ধারিত হয়ে গেছে (ফায়েলের স্থলাভিষিক্ত হবার জন্য)। যদি তা (মাফউলে বিহী বাক্যের মধ্যে) না থাকে, তাহলে অন্যান্য সকল مفعول সমান। بَابِ اَعْطَيْتُ -এর প্রথম মাফউল (ফায়েলের স্থলাভিষিক্ত হবার জন্য) দ্বিতীয় মাফউল হতে উত্তম।

ব্যাখ্যা : مفعول مالم يسم فاعله টি مرفوعات -এর মধ্যে একটি স্বতন্ত্র প্রকার। তবে তাকে منها শিরোনামে فاعل থেকে পৃথক করত কেন বর্ণনা করা হয়নি ? অথচ مبتدأ ইত্যাদি প্রকার বর্ণনার করার ক্ষেত্রে منها শিরোনামে উল্লেখ করা হয়েছে। **উত্তর :** ফায়েলের সাথে তার অত্যধিক ঘনিষ্টতার কারণে ফায়েলের স্থলাভিষিক্ত হয়ে যায় এবং বিধিবিধানের মধ্যে শরিক হয়। যেমন–مسند اليه হওয়া, আমিলকে মুকাদ্দাম করা ওয়াজিব হওয়া এবং আমিলের পরে কোনো পৃথককারী ব্যতীত পতিত হওয়ার মধ্যে উভয়ই এক। এমনকি শায়খ আব্দুল কাহের এবং অধিকাংশ বসরাবাসী তাকে فاعل নামে আখ্যায়িত করে থাকেন। পূর্বসূরিরা مفعول مالم يسم فاعله বলে আখ্যায়িত করেন। ইবনে মালিক ও কাযী বায়যাবী (র.) প্রমুখ হযরাতে ওলামায়ে কেরাম তাকে نائب فاعل বলে থাকেন। আর তা অধিক সংক্ষেপও বটে। এ কারণে الفوائد الشافية তে এ পদ্ধতি অবলম্বন করা হয়েছে।

* আল্লামা ইবনে হাজিব (র.) مرفوعات -এর প্রথম প্রকার فاعل -এর আলোচনা শেষে مفعول مالم يسم فاعله -এর আলোচনা শুরু করেছেন। এটি ফায়েলের স্থলাভিষিক্ত হবার ফলে যদিও অন্তর্ভুক্ত; কিন্তু তার নাম মাফউল রাখা হয়েছে বিধায় গ্রন্থকার পৃথক পরিচ্ছেদে তার আলোচনা করেছেন।

قَوْلُهُ مَفْعُوْلُ مَا لَمْ يُسَمَّ فَاعِلُهُ الخ : একে পূর্বযুগের নাহুবিদগণ اَلْمَفْعُوْلُ مَالَمْ يُسَمَّ فَاعِلُهُ বলতেন। তবে, একে نائب الفاعل বলাই উত্তম। এর কয়েকটি কারণ রয়েছে। একে তো এর দ্বারা সংক্ষিপ্ত হয় এবং এটি ব্যাপক অর্থবোধক। কারণ এটা কখনো মাফউলে বিহী হয় আবার কখনো মাফউলে বিহী ব্যতীত অন্য কিছুও হতে পারে। যেমন–মাসদার, যরফ, মুতা'আল্লাক ইত্যাদি। এখানে مفعول مالم يسم فاعله দ্বারা উদ্দেশ্য-ফে'ল বা শিবহে ফে'লের

এমন মাফউল যাদের ফায়েলকে উল্লেখ করা হয়নি। مفعول مالم يسم فاعله -এর মধ্যস্থিত ما দ্বারা উদ্দেশ্য ফে'ল অথবা শিব্হে ফে'লের মাফউল যার ফায়েলকে উল্লেখ করা হয়নি। لم يسم শব্দটি تسمية মাসদার থেকে নির্গত। এটা দু'মাফউলের দিকে মুতা'আদ্দী হয়ে থাকে। এখানে তো দ্বিতীয় মাফউল উল্লেখ নেই। তদুত্তরে বলা যায়– এখানে لم يسم টি রূপকভাবে لم يذكر -এর অর্থে ব্যবহৃত হয়েছে। এটা اِطْلَاقُ مَلْزُوْمٍ وَاِرَادَةُ لَازِم -এর অন্তর্ভুক্ত। فاعله -এর মধ্যস্থিত "ه" যমীরের মারজি' مفعول, ফায়েলের এযাফত তার দিকে সঠিক হয়নি। ফায়েলটি ফে'লের হয়ে থাকে। কেননা, মাফউলের ফায়েল নেই। **উত্তর :** এযাফতটি ادنى সম্পর্কের উপর ভিত্তি করে হয়েছে। ফে'লের দ্বারা ফায়েলের জন্য মাফউল অর্জিত হয় ; তা এভাবে যে, ফায়েলটি ফে'লের সাথে সম্পৃক্ত, ফে'লটি মাফউলের সাথে সম্পৃক্ত। সুতরাং ফে'লের দ্বারা ফায়েলের সাথে মাফউলের সম্পর্ক গড়ে উঠেছে। এটা قياس مساوات -এর অন্তর্ভুক্ত। তবে নাতীজা হলো–

كُلُّ مُتَعَلَّقٍ لِلْمُتَعَلَّقِ لِلشَّيْءِ مُتَعَلَّقٌ لِذَالِكَ الشَّيْءِ-

قَوْلُهُ كُلُّ مَفْعُوْلٍ حُذِفَ الخ : مفعول مالم يسم فاعله ঐ মাফউল যার ফায়েলকে বিলোপ করে মাফউলকে তার স্থলাভিষিক্ত করা হয়েছে। যদি কেউ প্রশ্ন করে, যমীরে মুত্তাসিলের تاكيد যমীরে মুনফাসিলের সাথে ঐ সময় নেওয়া হয়, যখন কোনো বস্তুকে যমীরে মুত্তাসিলের উপর আত্ফ করা উদ্দেশ্য হয়ে থাকে। যাতে تابع -এর مزية(শ্রেষ্ঠত্ব) متبوع -এর উপর লাযেম না আসে; কিন্তু এখানে اقيم -এর উহ্য যমীরের উপর আত্ফ নেই। তবুও তার তাকীদ যমীরে মুনফাসিল দ্বারা কেন নেওয়া হয়েছে ? **উত্তর :** যদি যমীরে মুত্তাসিলের তাকীদ যমীরে মুনফাসিল দ্বারা করা না হতো তাহলে দু'টি খারাবি সৃষ্টি হতো। প্রথমত এ ধারণা হতে পারে যে, اقيم -এর যমীরটি নিকটবর্তী হওয়ার কারণে ফায়েলের দিকে প্রত্যাবর্তিত। আর কায়দানুপাতে নিকটবর্তী অংশকে ত্যাগ করে দূরবর্তী অংশের দিকে যাওয়া যায় না ; কিন্তু এ উভয় সুরতে বাক্যটির অর্থ ভুল হয়ে যায় বিধায় নিয়ম-বহির্ভূত তার তাকীদ যমীরে মুনফাসিল দ্বারা নেওয়া হয়েছে। যেন তার মারজি'ও নিয়ম-বহির্ভূত দূরবর্তী অংশ তথা মাফউল হয়ে যায়। আর বাক্যটি নিরর্থক থাকবে না। এ প্রশ্নের উত্তর মূল ইবারত ও প্রাগুক্ত বিশ্লেষণে সুস্পষ্ট হয়েছে।

উল্লেখ যে, مقام শব্দটির প্রথম ميم পেশ যোগে পঠিত। যবরের সাথে নয়। কারণ اقيم مزيد فيه থেকে ইসমে যরফের সীগাহ্ ميم কালিমা পেশের সাথে হয়।

مَفْعُوْلُ مَالَمْ يُسَمَّ فَاعِلُهُ-এর শর্তসমূহ : প্রকাশ থাকে যে, مفعول مالم يسم فاعله ব্যবহারের জন্য কয়েকটি শর্ত রয়েছে, যা আল্লামা ইবনে হাজিব (র.) আলোচনা করার প্রয়াস পেয়েছেন। যথা– (১) প্রথমত صيغة مجهول হওয়া, এটা ফে'ল হলে; কিন্তু শিব্হে ফে'ল হলে তখন এ শর্ত প্রযোজ্য নয়। যেমন–زَيْدٌ مَضْرُوْبٌ غُلَامُهُ মূল ইবারতের মধ্যে উল্লিখিত فُعِلَ ও يُفْعَلُ এ দু'টি ثلاثى مجرد ও رباعى مجرد, مزيد فيه -এর উদাহরণ, -এর উল্লেখ করা হয়নি ব্যবহার কম হওয়ার কারণে। (২) দ্বিতীয়ত নায়েবে ফায়েলটি بَابِ عَلِمْتُ -এর দ্বিতীয় মাফউল এবং بَابِ اَعْلَمْتُ -এর তৃতীয় মাফউল না হওয়া। কেননা, علمت -এর দ্বিতীয় মাফউল প্রথম মাফউলের দিকে মুসনাদ হয় এবং اعلمت-এর তৃতীয় মাফউল দ্বিতীয় মাফউলের দিকে ফিরে। আর যখন এদেরকে مفعول مالم يسم فاعله বানানো হবে, তখন এক বস্তু দু'টি اسناد تام-এর সাথে مسند হওয়া আবশ্যক হয়ে পড়ে। (৩) তৃতীয়ত তা মাফউলে লাহু না হওয়া, যেহেতু তাতে نصب হয়েছে ইল্লতের জন্য। আর যদি مفعول له-কে فاعل -এর স্থলাভিষিক্ত করে পেশ দেওয়া হয়, তাহলে نصب ও دلالة উভয় দূর হয়ে যাবে। (৪) চতুর্থত এমনিভাবে নায়েবে ফায়েলটি মাফউলে মা'আহু হতে পারবে না। যেহেতু যদি তাকে নায়েবে ফায়েল বানানো হয়, তখন দু' অবস্থা হয়, (১) হয়তো واو-কে বিলোপ করতে হবে নতুবা (২) واو সহ নায়েবে ফায়েল বানাতে হবে। واو ব্যতীত ফে'লের নায়েবে ফায়েল বানানো হলে مفعول معه বুঝা যাবে না। আর واو সহ বানালে ফায়েল হবে না। কেননা, واو চায় انفصال-কে, আর নায়েবে ফায়েল চায় ফায়েলের ন্যায় اتصال বা ফে'লের অংশ হওয়া। কাজেই اتصال ও انفصال পরস্পর বিপরীত হবার কারণে مفعول معه টিও নায়েবে ফায়েল হতে পারে না।

قَوْلُهُ فَإِنْ لَّمْ يَكُنْ الخ : এখানে ফে'লে নাকেসটি تامة তথা لم يوجد -এর অর্থে ব্যবহৃত। যদি مفعول به বাক্যের মধ্যে পাওয়া না যায়, তখন নায়েবে ফায়েল হবার জন্য সকল মাফউলের সমান অধিকার, কোনো মাফউলের অগ্রাধিকার হবে না। এটাতে দ্বিতীয় হুকুমের বর্ণনা এসেছে। মাফউলে বিহী পাওয়া না গেলে বক্তা অন্যান্য মাফউল থেকে যাকে ইচ্ছা ফায়েলের স্থলাভিষিক্ত করতে পারবে। কারণ, প্রত্যেকটির সাথে ফায়েলের একেক দিকে সম্পর্ক রয়েছে। তা من وجه বিদ্যমান। অপরপক্ষে من وجه অনুপস্থিত। যেমন- جَلَسَ يَوْمَ الْجُمُعَةِ اَمَامَ الْاَمِيْرِ جُلُوْسًا كَثِيْرًا فِىْ دَارِهٖ যে মাফউলকে ফায়েলের স্থলাভিষিক্ত করা হয়, তাকে পেশ পড়া হবে। তবে ঐ মাফউল নয় যা হরফে জারের মাধ্যমে ব্যবহৃত, তা সর্বাবস্থায় হরফে জার প্রবিষ্টের কারণে যের পড়া হবে। তাকে ফায়েলের স্থলাভিষিক্ত করার কারণে মহল অনুপাতে পেশ বিশিষ্ট হবে। অন্যান্য মাফউলসমূহ অধিকাংশ নাহুবিদদের মতানুসারে ফায়েলের স্থানে কায়েম হওয়ার ক্ষেত্রে সমান। এটাকেই আল্লামা ইবনে হাজিব (র.) সমর্থন দিয়েছেন। কতেক নাহুবিদ মাসদারকে, কেউ কেউ مفعول بالواسطة-কে, আবার কেউ مفعول فيه-কে অগ্রাধিকার দিয়েছেন, তাতেও مكانى কে زمانى -এর উপর অগ্রাধিকার দিয়েছেন।

قَوْلُهُ وَالْاَوَّلُ مِنْ بَابِ الخ : যে ফে'ল দু' মাফউলের দিকে মুতা'আদ্দী হয় এবং তার দ্বিতীয় মাফউলটি হুবহু প্রথম মাফউল নয়। তার দু'মাফউলের মধ্য হতে যাকে ইচ্ছা ফায়েলের স্থলাভিষিক্ত করা যাবে। তবে প্রথম মাফউলটি দ্বিতীয় মাফউলের তুলনায় অধিক যুক্তিযুক্ত। কারণ, তার মধ্যে ফায়েল হওয়ার অর্থ বিদ্যমান। তাই اَعْطَيْتُ زَيْدًا دِرْهَمًا -এর মধ্যে اَعْطَى دِرْهَمٌ زَيْدًا বলাও জায়েজ। তবে প্রথম মাফউলকে নায়েবে ফায়েল বানানো উত্তম। তখন اَعْطَى زَيْدٌ دِرْهَمًا বলা হবে। কেননা, زيد -এর মধ্যে ফায়েল হওয়ার অর্থ পাওয়া যায়। কারণ, زيد গ্রহীতা আর درهم গৃহীত বস্তু।

তারকীব : قَوْلُهُ مَفْعُوْلُ مَالَمْ يُسَمَّ فَاعِلُهُ كُلُّ مَفْعُوْلٍ الخ : مفعول মুযাফ, ما ইসমে মাওসূল, لم يسم ফে'ল, فاعل মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে নায়েবে ফায়েল। لم يسم ফে'ল, তার নায়েবে ফা'য়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। ইসমে মাওসূল ও তার সেলাহ মিলে মুযাফ ইলাইহ হয়েছে। مفعول মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। كل মুযাফ, مفعول মাওসূফ, حذف ফে'ল, فاعل মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে নায়েবে ফায়েল। حذف ফে'ল, তার নায়েবে ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, اقيم ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীরে هو মুয়াক্কাদ, ه যমীর তাকীদ। মুয়াক্কাদ ও তাকীদ মিলে নায়েবে ফায়েল, مقام মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ। اقيم ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর তার নায়েবে ফায়েল এবং মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ। মা'তূফ আলাইহ-তার মা'তূফ মিলে সিফাত। مفعول মাওসূফ ও তার সিফাত মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে।

قَوْلُهُ وَشَرْطُهُ اَنْ تُغَيَّرَ صِيْغَةُ الْفَعَلَ الخ : واو হরফে আত্ফ, شرط মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। ان মাওসূলে হরফী নাসেবা, تغير ফে'ল, صيغة মুযাফ, الفعل মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে নায়েবে ফায়েল, الى হরফে জার, فعل মা'তূফ আলাইহ, او হরফে আত্ফ, يفعل মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব হয়েছে تغير ফে'লের সাথে। ফে'ল, তার ফায়েল এবং যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূলে হরফী-তার সেলাহ মিলে মুফরাদ হয়ে খবর। মুবতাদা ও তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ।

قَوْلُهُ وَلَا يَقَعُ الْمَفْعُوْلُ الخ : واو হরফে আত্ফ অথবা হরফে ইস্তীনাফ, لايقع ফে'ল, المفعول মাওসূফ, الثانى সিফাত। মাওসূফ ও সিফাত মিলে যুলহাল। من হরফে জার, باب মুযাফ, علمت মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ

মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا -এর সাথে। ثابتا শিবহে ফে'ল, তার ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে হাল। যুলহাল ও হাল মিলে মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, الثالث যুলহাল, من হরফে জার, باب মুযাফ, اعلمت মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا -এর সাথে। ثابتا শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে হাল। যুলহাল ও হাল মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে ফায়েল হয়েছে لايقع ফে'লের। لايقع ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ, المفعول له মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, المفعول معه মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মুবতাদা। ك হরফে জার, ذالك মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে উহ্য ثابتان -এর সাথে। ثابتان উহ্য শিবহে ফে'ল-তার অন্তর্নিহিত যমীর هما নায়েবে ফায়েল। শিবহে ফে'ল, তার নায়েবে ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবর। মুবতাদা খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ অথবা হরফে ইস্তীনাফ, اذا যরফে যমান শর্তের অর্থকে অন্তর্ভূক্তকারী মাফউলে ফীহ মুকাদ্দাম, وجد ফে'ল, المفعول به নায়েবে ফায়েল। وجد ফে'ল, তার নায়েবে ফায়েল এবং মাফউলে ফীহ মুকাদ্দাম মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। تعين ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর هو ফায়েল, ل হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। تعين ফে'ল, তার ফায়েল এবং যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ।

قَوْلُهُ تَقُوْلُ ضُرِبَ زَيْدٌ يَوْمَ الْجُمُعَةِ الخ : تقول ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর انت ফায়েল, ضُرِبَ زَيْدٌ الخ মুরাদুল্ লফয মাকূলা। ফে'ল, তার ফায়েল ও মাকূলা মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। বিস্তারিত তারকীব- ضرب ফে'ল, زيد নায়েবে ফায়েল, يوم মুযাফ, الجمعة মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ যমান, امام মুযাফ ও الامير মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ মকান। ضربا মাওসূফ, شديدا সিফাতে মুশাব্বাহ, উহ্য যমীর هو ফায়েল, সিফাত মুশাব্বাহ-তার ফায়েল মিলে সিফাত। ضربا মাওসূফ ও তার সিফাত মিলে মাফউলে মুতলাক। فى হরফে জার, دار মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে যরফে লগ্ব। ضرب ফে'ল, তার নায়েবে ফায়েল, মাফউলে ফীহ যমান, মাফউলে ফীহ মকান, মাফউলে মুতলাক এবং যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। فاء হরফে আত্ফ, تعين ফে'ল, زيد ফায়েল, ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ। فاء তাফসীলের জন্য, ان হরফে শর্ত, لم يكن ফে'ল, উহ্য যমীর هو ফায়েল, ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। فاء জযাইয়্যাহ, الجميع মুবতাদা, سواء খবর। মুবতাদা-খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। واو হরফে আত্ফ, الاول সিফাত, المفعول উহ্য মাওসূফ। মাওসূফ ও সিফাত মিলে যুলহাল। من হরফে জার, باب মুযাফ, اعضيت মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا -এর সাথে। ثابتا শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে হাল। যুলহাল ও হাল মিলে মুবতাদা, اولى শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল, من হরফে জার, الثانى মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব, اولى শিবহে ফে'ল-তার ফায়েল এবং যরফে লগ্ব মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে।

وَمِنْهَا الْمُبْتَدَأُ وَالْخَبَرُ فَالْمُبْتَدَأُ هُوَ الْاِسْمُ الْمُجَرَّدُ عَنِ الْعَوَامِلِ اللَّفْظِيَّةِ مُسْنَدًا اِلَيْهِ اَوِ الصِّفَةُ الْوَاقِعَةُ بَعْدَ حَرْفِ النَّفْيِ اَوْ اَلِفِ الْاِسْتِفْهَامِ رَافِعَةً لِظَاهِرٍ مِثْلُ زَيْدٌ قَائِمٌ وَمَا قَائِمُ الزَّيْدَانِ وَاَقَائِمُ الزَّيْدَانِ فَاِنْ طَابَقَتْ مُفْرَدًا جَازَ الْاَمْرَانِ وَالْخَبَرُ هُوَ الْمُجَرَّدُ الْمُسْنَدُ بِهِ الْمُغَايِرُ لِلصِّفَةِ الْمَذْكُورَةِ وَاَصْلُ الْمُبْتَدَأِ التَّقْدِيمُ وَمِنْ ثَمَّ جَازَ فِي دَارِهِ زَيْدٌ وَامْتَنَعَ صَاحِبُهَا فِي الدَّارِ-

---

অনুবাদ : مرفوعات -এর মধ্য থেকে مبتدأ ও خبر ; অতঃপর مبتدأ এমন একটি ইসম যা প্রকাশ্য আমিল সমূহ থেকে মুক্ত-এমতাবস্থায় যে, তা مسند اليه হবে অথবা এমন সিফাত যা حرف نفى বা الف استفهام-এর পরে পতিত, ইসমে যাহিরকে رفع প্রদানকারী হবে। যেমন- زَيْدٌ قَائِمٌ (যায়েদ দণ্ডায়মান), مَاقَائِمُ الزَّيْدَانِ (যায়েদদ্বয় দণ্ডায়মান নয়), اَقَائِمُ الزَّيْدَانِ (যায়েদদ্বয় কি দণ্ডায়মান ?)। আর যদি ঐ সিফাত مفرد (একক)-এর সামঞ্জস্যপূর্ণ হয়, তাহলে দু'টি সুরত জায়েজ আছে। خبر ঐ ইসম যা (প্রকাশ আমিলসমূহ থেকে) মুক্ত, তা مسند به উল্লিখিত সিফাতের বিপরীত হবে। مبتدأ -এর আসল অগ্রগামী হওয়া। এ কারণে فِي دَارِهِ زَيْدٌ (যায়েদ তার ঘরে)। (এ জতীয় তারকীব) বৈধ এবং صَاحِبُهَا فِي الدَّارِ (উক্ত তারকীব) নিষিদ্ধ।

ব্যাখ্যা : قَوْلُهُ وَمِنْهَا الْمُبْتَدَأُ الخ : مفعول مالم يسم فاعله -এর বর্ণনা হতে মুসান্নিফ (র.) অবসর হয়ে مِنْهَا الْمُبْتَدَأُ وَالْخَبَرُ মুবতাদা ও খবরের আলোচনা শুরু করেছেন। তিনি বলেন যে, এ দু'টো مرفوعات -এর অন্তর্গত। বাক্যটি منه الفاعل -এর উপর আত্ফ। কারণ, উভয়টি মুসনাদ ইলাইহ ও মুসনাদের মধ্যে পরস্পর সম্পর্কযুক্ত। এভাবে যে, উভয়টির মুসনাদ ইলাইহ مرفوع -এর প্রকারের অন্তর্গত এবং মুসনাদের মধ্যে এক। যা ثابت من المرفوع -এর উপর আত্ফ مفعول مالم يسم فاعله -এর আত্ফ নয়। কারণ, মুসনাদ ইলাইহের মধ্যে মুনাসাবাত থাকলেও মুসনাদের মধ্যে তা নেই। এমনিভাবে যে, মুবতাদা ও খবরের মুসনাদটি ثابت من المرفوع পক্ষান্তরে مفعول مالم يسم فاعله -এর মুসনাদটি كل مفعول الخ সুতরাং দু' মা'তুফের মাঝে مفعول مالم يسم فاعله -এর আলোচনা জুমলায়ে মু'তারাযা হিসেবে এসেছে। مرفوعات -এর اقسام হতে মুবতাদা ও খবর দু'টি প্রকার। كافية -এর কিছু পাণ্ডুলিপিতে منه المبتدأ লেখা আছে। সে সময় منه -এর মধ্যে "ه" যমীরটি مرفوع -এর দিকে প্রত্যাবর্তিত। যদি কেউ প্রশ্ন করে, মুবতাদা ও খবর এগুলো مرفوعات-এর দু'টি স্বতন্ত্র প্রকার। উভয়কে একত্রে উল্লেখ করার কারণ কি ? **উত্তর :** মুবতাদা ও খবর অধিকাংশ مواد (উপাদান)-এর মধ্যে পরস্পর এক। যেমন- মুবতাদা ও খবর সেই মূলতত্ত্বে শরিক আছে যে, উভয়ই عامل معنوى -এর মা'মূল হয়ে থাকে। তাই উভয়কে এক স্থানে একত্রিত করা হয়েছে।

قَوْلُهُ فَالْمُبْتَدَأُ هُوَ الْاِسْمُ الخ : مبتدأ ঐ ইসমকে বলে যা عامل لفظى তথা سماعى ও قياسى হতে মুক্ত হয় এবং مسند اليه হয়। যেমন- زيد قائم -এর মধ্যে زيد মুবতাদা, যা আমিলে লফযী হতে মুক্ত এবং তা মুসনাদ ইলাইহ হয়েছে। আর এটি মুবতাদার প্রথম প্রকারের সংজ্ঞা। এ সংজ্ঞা দ্বারাই মুবতাদাটি বিশেষভাবে পরিচিত। তার জন্য খবর হওয়া আবশ্যক। চাই তা প্রকাশ্য হোক বা উহ্য হোক। মুবতাদার দ্বিতীয় প্রকার মূল ইবারতে এসেছে। যদি কেউ প্রশ্ন করে- المجرد শব্দটি تجريد মাসদার থেকে নির্গত। অর্থ-খালি করা। এক বস্তু থেকে অন্য বস্তুকে খালি করার সময়ে যা থেকে

করা হবে তার মধ্যে প্রথমে বস্তুটি বিদ্যমান থাকতে হবে। অতএব, বুঝা গেল– মুবতাদার মধ্যে আমেলে লফযী ছিল, যা থেকে তাকে মুক্ত করা হয়েছে ; অথচ তা বাস্তবতা বিরোধী। কারণ, মুবতাদাটি শুরু থেকেই আমেলে লফযী ছিল না। **উত্তর** : কখনও امكان وجود কেও احتمال وجود -এর স্থানে ধরে নেওয়া হয়। যেমন– কূপ খননের সময় মালিক বলল যে, ضيق فم البئر (কূপের মুখ সংকীর্ণ কর) এর দ্বারা এটা উদ্দেশ্য নয় যে, পূর্ব থেকে তার মুখ প্রশস্ত ছিল এখন সংকীর্ণ করার নির্দেশ দিয়েছে ; বরং উদ্দেশ্য খননের শুরুতেই যেন সংকীর্ণ করা হয়।

যদি কেউ প্রশ্ন করে, عوامل শব্দটি عامل -এর বহুবচন। যার কারণে বহুবচনের اقل افراد তিনের উপর বুঝাবে। বুঝা গেল مبتدأ টি প্রকাশ্য আমিল ন্যূনতম তিনটি হতে খালি হবে। একটি বা দু'টি হওয়াতে আপত্তি নেই। যদি কেউ বলে যে, عوامل দ্বারা উদ্দেশ্য مافوق الواحد আর বহুবচনের ব্যবহার ঐ অর্থে অধিক প্রচলিত, তাহলে বলা হবে এমতাবস্থায় মূল আপত্তিটি উত্তোলিত হয় না ; বরং বুঝা যায় যে, মুবতাদার মধ্যে এক আমিলে লফযী পাওয়া যাওয়াটা নিষিদ্ধ নয়। এর জবাবে বলা যায় যে, العوامل -এর উপর الف لام প্রবেশ করার কারণে جمعية -এর অর্থ রহিত হয়ে استغراق উদ্দেশ্য হবে। আর جمع সমস্ত আফরাদকে শামিল করে। তাই এখানেও جمع -এর উপর لام تعريف দাখিল হবার কারণে এ অর্থই হবে যে, মুবতাদা ঐ ইসমের নাম যা সব ধরনের আমেলে লফযী থেকে মুক্ত। অতএব, বুঝা যায় যে, আমিলে লফযীর একটি ফরদও মুবতাদার মধ্যে পাওয়া যায় না। আর মুসান্নিফ (র.) اَلْمُجَرَّدُ عَنِ الْعَوَامِلِ اللَّفْظِيَّةِ-এর দ্বারা ঐ ইসমসমূহকে বের করে দিয়েছেন যার মধ্যে আমিলে লফযী পাওয়া যায়। যেমন– ان এবং كان -এর ইসম مسند اليه কয়েদ দ্বারা খবর এবং মুবতাদার দ্বিতীয় প্রকার বাদ পড়ে গেছে। কারণ, এগুলো মুসনাদ হয়ে থাকে মুসনাদ ইলাইহ হয় না।

فالمبتدأ-এর মধ্যে فاء টি তাফসীরের জন্য, هو যমীর মুনফাসিল, الاسم খবর এবং المجرد ইসমের সিফাত। العوامل اللفظية শব্দটি -এর সিফাত। যেমন বলা হয়েছে–

اَلْعَوَامِلُ مَنْسُوْبَةٌ اِلَى اللَّفْظِ نِسْبَةُ الْمَفْعُوْلِ اِلَى الْمَصْدَرِ اَوْ نِسْبَةُ الْجُزْئِيَّاتِ اِلَى الْكُلِّيَّاتِ وَعَلَى الْاَوَّلِ تَكُوْنُ اللَّفْظُ بِمَعْنَى التَّلَفُّظِ اَيِ الْعَوَامِلُ الْمَنْسُوْبَةُ اِلَى تَلَفُّظِ لَافِظٍ تِلْكَ الْعَوَامِلِ فَيَكُوْنُ الْعَوَامِلُ مَلْفُوْظِيَّةً وَعَلَى الثَّانِيْ بِمَعْنَى الْمَلْفُوْظِيَّةِ كُلِّيَّةً وَالْعَوَامِلُ بَعْضُهَا وَجُزْئِيَّاتُهَا-

المجرد হলো مسندا اليه -এর যমীর হতে হাল, الاسم কয়েদ দ্বারা ফে'ল বের হয়ে গেছে। সুতরাং ফে'ল মুবতাদা হবে না।

قَوْلُهُ وَالصِّفَةُ الْوَاقِعَةُ الخ : এটা মুবতাদার দ্বিতীয় প্রকার আর তা সিফাতের সীগাহ কেবলমাত্র الف حرف نفى বা استفهام অথবা তার সমগোত্রীয়দের পরে পতিত হবে– এমতাবস্থায় যে, ইসিমে যাহিরকে رفع প্রদানকারী হবে। মুবতাদার এ প্রকারটির জন্য শর্ত হলো, সিফাতের সীগাহ হয়ে ইসমে যাহিরকে অথবা ঐ ইসমকে যা ইসমে যাহিরের হুকুমে, তাকে رفع প্রদান করা। যেমন আল্লাহ তা'আলার বাণী– اَرَاغِبٌ اَنْتَ عَنْ اٰلِهَتِيْ يَا اِبْرَاهِيْمُ ; এ আয়াতে যমীরে মুনফাসিলটি ইসমে যাহিরের হুকুমে হয়েছে এবং তাকে রফা' প্রদানকারী সিফাতের সীগাহটি অর্থাৎ راغب শব্দটি মুবতাদা। অতঃপর মুসান্নিফ (র.)-এর উক্তি رافعة لظاهر -এর কয়েদ দ্বারা اَقَائِمَانِ الزَّيْدَانِ-এর ন্যায় সিফাতের সীগাহ বাদ পড়েছে। এ সিফাতের সীগাহটি যদিও হরফে ইস্তিফহামের পরে পতিত হয়েছে ; কিন্তু ইসমে যাহিরকে رفع প্রদানকারী নয়। কারণ, তা যদি ইসমে যাহিরকে رفع প্রদান করে তাহলে তাকে দ্বিবচন নেওয়া শুদ্ধ হতো না। কেননা, এই সিফাতটি ফে'লের ন্যায়, অর্থাৎ যেমনিভাবে ফে'লের ফায়েল যখন تثنية ও جمع হয়, তখন ফে'লকে মুফরাদ নেওয়া হয়, তেমনিভাবে সিফাতটিও مفرد নেওয়া হবে, যখন ফায়েলটি تثنيه ও جمع হয়।

قَوْلُهُ مِثْلُ زَيْدٌ قَائِمٌ الخ : এটা মুবতাদার প্রথম প্রকারের উদাহরণ। আর اَقَائِمُ الزَّيْدَانِ ও وَمَا قَائِمُ الزَّيْدَانِ এ দু'টি মুবতাদার দ্বিতীয় প্রকারের উদাহরণ। এই সিফাতটি হরফে নফী ও হরফে ইস্তিফহামের পরে পতিত হয়েছে। উল্লেখ্য যে,

মুবতাদার দ্বিতীয় প্রকারটির খবরকে অন্বেষণকারী নয়। আর যে ইসমে যাহিরটি তার পরে পতিত হবে, সেটা তার ফায়েল এবং খবরের পর্যায়ে হয়ে থাকে।

قَوْلُهُ فَإِنْ طَابَقَتْ مُفْرَدًا الخ : যেই সিফাতটি হরফে নফী অথবা হরফে ইস্তিফহামের পরে পতিত হয়, যদি তা مفرد (صفة) -এর ক্ষেত্রে ইসমে যাহিরের মোতাবেক হয় অর্থাৎ সিফাতের সীগাহ্টি এবং ইসমে যাহির উভয়টি মুফরাদ হলে এমতাবস্থায় দু'ধরনের জায়েজ আছে। প্রথমত সিফাতের সীগাহ্টি মুবতাদা এবং ইসমে যাহিরটি তার ফায়েল। দ্বিতীয়ত ইসমে যাহিরটি মুবতাদা এবং সিফাতের সীগাহটি তার খবরে মুকাদ্দাম হবে। এ সময়ে সিফাতের মধ্যে একটি যমীর হবে যা ইসমে যাহিরের দিকে প্রত্যাবর্তিত হবে।

জানা উচিত যে, طابقت শব্দটি باب مفاعلة থেকে مطابقة মাসদার থেকে নির্গত। এ বাবের একটি خاصية হচ্ছে مشاركة যা দু'পক্ষ থেকে হয়ে থাকে। তাই এখানে مطابقة ও مخالفة হতে তিনটি সুরত অর্জিত হয়। (১) প্রথম সুরতে একবচনের মধ্যে মোতাবেক পাওয়া যাবে, অর্থাৎ সিফাতের সীগাহ ও ইসমে যাহির উভয়টি মুফরাদ হবে। যেমন- قَائِمٌ زَيْدٌ এ উদাহরণে উভয় সূরত জায়েয। زيد মুবতাদায়ে মুয়াখ্খার এবং قائم খবরে মুকাদ্দাম অথবা قائم মুবতাদা, زيد তার ফায়েল। (২) দ্বিতীয় সুরতে, সিফাতের সীগাহ ও ইসমে যাহির উভয়টি تثنيه ও جمع -এর মধ্যে মোতাবেক হওয়া। যেমন- مَاقَائِمَانِ الزَّيْدَانِ ও مَاقَائِمُوْنَ الزَّيْدُوْنَ এ সময় ইসমে যাহিরটি মুবতাদা এবং সিফাতটি খবর হওয়া আবশ্যক। অন্যথায় اِضْمَارُقَبْلَ الذِّكْرِ লাযেম আসবে, আর তা নাজায়েজ। (৩) তৃতীয় সুরতে, ঐ সিফাতটি ইসমে যাহিরের সাথে افراد - تثنية ও جمع -এর মধ্যে বিরোধিতা করবে। সিফাতটি মুফরাদ হবে এবং ইসমে যাহিরটি تثنية বা جمع হবে। যেমন- اقائم الزيدون এ সময় এ সিফাতটি অবশ্যই মুবতাদার দ্বিতীয় প্রকার হবে, নতুবা মুফরাদের যমীর تثنيه ও جمع -এর দিকে প্রত্যাবর্তিত হওয়া আবশ্যক হবে। যেমন- اقائم الزيدان আর মুফরাদ যমীরের মারজি' تثنية ও جمع হওয়া বৈধ নয়।

قَوْلُهُ وَالْخَبَرُ هُوَ الْمُجَرَّدُ الخ : এখন ঐ ইসমকে বলা হয়, যা আমেলে লফযী হতে মুক্ত এবং মুসনাদ হবে। আর তা ঐ সিফাতেরও বিপরীত যা حرف نفى ও حرف استفهام -এর পরে পতিত হয়ে ইসমে যাহিরকে رفع প্রদান করে। খবরের সংজ্ঞায় উল্লিখিত المسند কয়েদ দ্বারা মুবতাদার প্রথম প্রকার বাদ পড়েছে এবং اَلْمُغَايِرُ لِلصِّفَةِ الْمَذْكُوْرَةِ দ্বারা মুবতাদার দ্বিতীয় প্রকার বাদ পড়ে যায়।

জ্ঞাতব্য : مسنداً শব্দটি اسناد হতে নির্গত। আর اسناد শব্দটি নিজেই متعدى হরফে জারের মাধ্যমে متعدى বানানোর প্রয়োজন নেই। কাজেই المسند -এর সাথে به-কে মুতা'আল্লাক এবং "باء" দ্বারা متعدى করার প্রয়োজন নেই বরং আবশ্যক ছিল المسند بلا। উহ্য যমীরটি মাওসূলের দিকে প্রত্যাবর্তিত হওয়া জরুরি। উত্তরে বলা যায়- المسند -এর যমীরটি তার মাসদার اسناد -এর দিকে ফিরবে, আর مسند সে সময় يوقع-এর অর্থে হবে। কারণ, প্রসিদ্ধ কায়দা- যখন ফে'ল অথবা শিবহে ফে'লের সর্ম্পক এমন যমীরের দিকে হবে- যা ঐ ফে'ল অথবা শিবহে ফে'লের মাসদারের দিকে ফিরে, তখন ঐ ফে'ল অথবা শিবহে ফে'লটি وقع يقع বা يوقع -এর অর্থে হয়ে থাকে। যেমন- আহলে আরবদের উক্তির মধ্যে لَقَدْ وَقَعَ الْحَيْلُوْلَةُ بَيْنَ الْعِيْرِ وَالنَّزَوَانِ -এর অর্থ হবে- لَقَدْ حِيْلَ بَيْنَ الْعِيْرِ وَالنَّزَوَانِ কাজেই এ সূরতে "باء" হরফে জারটি سببية -এর জন্য এবং ايقاع -এর সাথে মুতা'আল্লাক, المسند -এর সাথে মুতা'আল্লাক নয়। যা তাযাক্কুনী অনুপাতে বুঝা যায়। সুতরাং المسند به -এর উদ্দেশ্য مَايَقَعُ الْاِسْنَادُ بِهٖ فِى الْكَلَامِ

قَوْلُهُ وَاَصْلُ الْمُبْتَدَأِ الخ : মুবতাদার মূল হলো, তা খবরের উপর অগ্রগামী হওয়া। তবে মুকাদ্দাম হওয়াকে কোনো প্রতিবন্ধক বাধা দান না করার শর্তে। কারণ, মুবতাদা ذات (সত্তা) এবং খবর তার احوال (প্রাসঙ্গিক বস্তু, অবস্থাদি) হতে একটি حال, আর ذات তার حال-এর উপর মুকাদ্দাম হয়ে থাকে।

যদি কেউ প্রশ্ন করে, মুবতাদা কোনো কোনো সময় غير ذات হয়ে থাকে। যেমন- اَلْعِلْمُ حَسَنٌ ; **উত্তর :** এখানে ذات দ্বারা উদ্দেশ্য ঐ সত্তা যার সম্পর্কে খবর দেওয়া হয় এবং কিছু বলা হয়। এ অর্থ নয় যে, এটা স্বয়ং প্রতিষ্ঠিত হবে। যদি কেউ প্রশ্ন করে, সিফাতের উপর যাতের (ذات) মুকাদ্দাম হবার দলিলটি ফায়েলের মধ্যে জারি হয়ে থাকে। কাজেই যুক্তি হলো ফায়েলটি তার ফে'লের উপর মুকাদ্দাম হওয়াকে চায়। **উত্তর :** ঐ স্থানে মুকাদ্দাম না হবার একটি প্রতিবন্ধক পাওয়া যাবার কারণে তা হয়নি। আর ঐ প্রতিবন্ধক হলো ফে'লটি আমেল। আমেল তার মা'মূলের উপর মুকাদ্দাম হয়ে থাকে। অতঃপর খবরের উপর মুবতাদা মুকাদ্দাম হবার দলিল এটাও হতে পারে যে, মুবতাদা হয় محكوم عليه আর খবর محكوم به ; অতঃসিদ্ধ নিয়ম রয়েছে যে, محكوم عليه-এর স্থান محكوم به পূর্বে হয়ে থাকে। কেননা, ثُبُوْتُ شَيْءٍ لِشَيْءٍ -এর মধ্যে ثبوت শাখা আর مثبت له মূল। সুতরাং مثبت له তথা মুবতাদা অগ্রগামী হয়ে থাকে।

قَوْلُهُ وَمِنْ ثَمَّ جَازَ الخ : যেহেতু মুবতাদার আসল মুকাদ্দাম হওয়া, তাই فى داره زيد বলা জায়েজ। এখানে اِضْمَارٌ قَبْلَ الذِّكْرِ শব্দগত ও মর্তবাগত উভয়ভাবে হয়নি আর এটা বৈধ।

قَوْلُهُ وَامْتَنَعَ صَاحِبُهَا فِى الدَّارِ : উল্লিখিত উদাহরণটি অবৈধ। কেননা, উক্ত উদাহরণে اضمار قبل الذكر শব্দগত ও মর্তবাগত উভয় দিক দিয়ে লাযেম এসেছে। যার কারণে صَاحِبُهَا فِى الدَّارِ বলা জায়েজ নেই।

তারকীব : قَوْلُهُ وَمِنْهَا الْمُبْتَدَأُ وَالْخَبَرُ فَالْمُبْتَدَأُ هُوَ الْاِسْمُ الخ : واو হরফে আত্ফ, من হরফে জার, ها মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثبتا -এর সাথে। ثبتا উহ্য ফে'ল, যমীর هما ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবরে মুকাদ্দাম।المبتدأ মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, الخبر মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে মুবতাদায়ে মুয়াখ্খার। মুবতাদায়ে মুয়াখ্খার ও খবরে মুকাদ্দাম মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। فاء তাফসীলের জন্য, المبتدأ মুবতাদায়ে আউওয়াল, هو যমীর মুবতাদায়ে ছানী।الاسم মাওসূফ, المجرد -এর মধ্যে ال টি الذى ইসমে মাওসূল। مجرد শিবহে ফে'ল, উহ্য যমীর هو যুলহাল। عن হরফে জার, العوامل মাওসূফ, اللفظية সিফাত। মাওসূফ ও তার সিফাত মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব হয়েছে المجرد -এর সাথে। مسندا শিবহে ফে'ল, الى হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে মহল্লে বা'য়ীদ অনুপাতে নায়েবে ফায়েল। مسندا শিবহে ফে'ল ও তার নায়েবে ফায়েল মিলে হাল। যুলহাল ও তার হাল মিলে مجرد -এর নায়েবে ফায়েল। مجرد শিবহে ফে'ল, তার নায়েবে ফায়েল এবং যরফে লগ্ব মিলে সিফাত। الاسم মাওসূফ-তার সিফাত মিলে মা'তূফ আলাইহ। او হরফে আত্ফ, الصفة মাওসূফ, الواقعة শিবহে ফে'ল, উহ্য যমীর هى যুলহাল, بعد ইস্মে যরফে মকান মুযাফ, حرف মুযাফ ইলাইহ মুযাফ, النفى মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ মিলে মা'তূফ আলাইহ। او হরফে আত্ফ, الف মুযাফ, الاستفهام মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে মুযাফ ইলাইহ। بعد মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ। رافعة শিবহে ফে'ল, উহ্য যমীর هى ফায়েল, ل হরফে জার, ظاهر মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। শিবহে ফে'ল, তার নায়েবে ফায়েল এবং যরফে লগ্ব মিলে হাল। যুলহাল ও তার হাল মিলে الواقعة -এর ফায়েল। الواقعة শিবহে ফে'ল, তার ফায়েল এবং মাফউলে ফীহ মিলে সিফাত। الصفة মাওসূফ ও তার সিফাত মিলে মা'তূফ। الاسم মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে খবর। مبتدأ মুবতাদায়ে ছানী ও তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে খবর। মুবতাদায়ে আউওয়াল ও তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। مثل মুযাফ, زَيْدٌ قَائِمٌ মুরাদুল লফয মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, مَاقَائِمُ الزَّيْدَانِ মা'তূফ, واو হরফে আত্ফ, اَقَائِمُ الزَّيْدَانِ মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফদ্বয় মিলে মুযাফ ইলাইহ। مثل মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। উপরোক্ত জুমলা সমূহের বিস্তারিত তারকীব- زيد মুবতাদা, قائم শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল।

শিবহে ফে'ল ও তার ফায়েল মিলে শিবহে জুমলা হয়ে খবর। মুবতাদা ও তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। ما হরফে নফী, قائم শিবহে ফে'ল, যমীর هو ফায়েল। শিবহে ফে'ল ও তার ফায়েল মিলে মুবতাদা। الزيدان ফায়েল যা খবরের স্থলাভিষিক্ত। মুবতাদা ও তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। أ হরফে ইস্তিফহাম, قام শিবহে ফে'ল, যমীর هو ফায়েল। শিবহে ফে'ল ও তার ফায়েল মিলে মুবতাদা, الزيدان ফায়েল যা খবরের স্থলাভিষিক্ত। মুবতাদা ও তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে।

فَإِنْ طَابَقَتْ مُفْرَدًا الخ : فاء হরফে তাফসীর, ان হরফে শর্ত, طابقت ফে'ল, উহ্য যমীর هى ফায়েল, مفردا শিবহে ফে'ল ও যমীর هو নায়েবে ফায়েল মিলে সিফাত। اسما উহ্য মাওসূফ। মাওসূফ ও তার সিফাত মিলে মাফউলে বিহী طابقت ফে'ল ও তার ফায়েল এবং মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। جاز ফে'ল, الامران ফায়েল। ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ।

قَوْلُهُ وَالْخَبَرُ هُوَ الْمُجَرَّدُ الْمُسْنَدُ بِهِ الخ : واو হরফে আত্ফ, الخبر মুবতাদায়ে আউওয়াল, هو মুবতাদায়ে ছানী, المجرد শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল। শিবহে ফে'ল ও তার নায়েবে ফায়েল মিলে সিফাতে আউওয়াল। الاسم উহ্য মাওসূফ, المسند শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল। باء হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। শিবহে ফে'ল, তার নায়েবে ফায়েল এবং যরফে লগ্ব মিলে সিফাতে ছানী। المغائر শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল। ل হরফে জার, الصفة মাওসূফ, المذكورة -এর মধ্যে ال ইসমে মাওসূল التى অর্থে ব্যবহৃত, مذكورة শিবহে ফে'ল, উহ্য যমীর هى নায়েবে ফায়েল, শিবহে ফে'ল ও তার নায়েবে ফায়েল মিলে সেলাহ। মাওসূল ও তার সেলাহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব হয়েছে المغائر -এর সাথে। المغائر শিবহে ফে'ল, যমীর هو ফায়েল এবং যরফে লগ্ব মিলে সিফাতে ছালেছ। মাওসূফ ও তার সিফাতত্রয় মিলে খবর। মুবতাদায়ে ছানী ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে বতাবীলে মুফরাদ খবর। মুবতাদায়ে আউওয়াল ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। واو হরফে আত্ফ, اصل মুযাফ, المبتدأ মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা, التقديم খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ, من হরফে জার, ثم মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব মুকাদ্দাম, جاز ফে'ল, فى داره زيد মুরাদুল্লফ্য ফায়েল। ফে'ল-তার ফায়েল এবং যরফে লগ্ব মুকাদ্দাম মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে। জুমলাটির তারকীব– فى হরফে জার, دار মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবরে মুকাদ্দাম, زيد মুবতাদায়ে মুয়াখ্খার। মুবতাদায়ে মুয়াখ্খার ও খবরে মুকাদ্দাম মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ, امتنع ফে'ল, صَاحِبُهَا فِى الدَّارِ মুরাদুল্লফয ফায়েল। ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে।

وَقَدْ يَكُوْنُ الْمُبْتَدَأُ نَكِرَةً اِذَا تَخَصَّصَتْ بِوَجْهٍ مَّا مِثْلُ وَلَعَبْدٌ مُّؤْمِنٌ خَيْرٌ مِّنْ مُّشْرِكٍ وَاَرَجُلٌ فِى الدَّارِ اَمْ اِمْرَاَةٌ وَمَا اَحَدٌ خَيْرٌ مِنْكَ وَشَرٌّ اَهَرَّ ذَانَابٍ وَفِى الدَّارِ رَجُلٌ وَسَلَامٌ عَلَيْكَ وَالْخَبَرُ قَدْ يَكُوْنُ جُمْلَةً مِثْلُ زَيْدٌ اَبُوْهُ قَائِمٌ وَزَيْدٌ قَامَ اَبُوْهُ فَلَابُدَّ مِنْ عَائِدٍ وَقَدْ يُحْذَفُ وَمَا وَقَعَ ظَرْفًا فَالْاَكْثَرُ عَلٰى اَنَّهٗ مُقَدَّرٌ بِجُمْلَةٍ-

---

অনুবাদ : কখনো مبتدأ نكرة - (অনির্দিষ্ট) হয়ে থাকে- যখন কোনো কারণে বিশেষিত হয়ে যায়। যেমন- وَلَعَبْدٌ مُّؤْمِنٌ خَيْرٌ مِّنْ مُّشْرِكٍ (অবশ্যই মু'মিন বান্দা মুশরিক হতে উত্তম), اَرَجُلٌ فِى الدَّارِ اَمْ اِمْرَاَةٌ (ঘরে কি পুরুষ আছে, না মহিলা ?) وَمَا اَحَدٌ خَيْرٌ مِّنْكَ (তোমার চেয়ে উত্তম কেউ নেই), شَرٌّ اَهَرَّ ذَانَابٍ (বড় বিপদ কুকুরটিকে খেপিয়েছে), فِى الدَّارِ رَجُلٌ (ঘরে এক ব্যক্তি আছে), سَلَامٌ عَلَيْكَ (তোমার উপর সালাম)। খবর কখনো জুমলা হয়। যেমন- زَيْدٌ اَبُوْهُ قَائِمٌ (যায়েদ তার পিতা দণ্ডায়মান), زَيْدٌ قَامَ اَبُوْهُ (যায়েদ তার পিতা দাঁড়িয়েছে)। ঐ সময় খবরের মধ্যে عائد (প্রত্যাবর্তনকারী) হওয়া আবশ্যক। আর কখনো তা (عائد) কে বিলুপ্ত করা হয়। যখন খবর ظرف অবস্থায় পতিত হয়, তখন অধিকাংশ নাহুবিদের মতে জুমলার সাথে উহ্য হয়।

ব্যাখ্যা : قَوْلُهٗ وَقَدْ يَكُوْنُ الْمُبْتَدَأُ نَكِرَةً : মুবতাদার আসল মা'রেফা হওয়া। কারণ, উপকার সাধন করার হুকুমটা তার উপর নির্ভরশীল। মুবতাদা محكوم عليه হয় আর محكوم عليه নির্দিষ্ট হবার পর তার উপর হুকুম দেওয়া শুদ্ধ হবে। অনির্দিষ্ট বা অজানা বস্তুর উপর হুকুম দেওয়া শুদ্ধ হয় না। তাই তা অধিকাংশ সময় মা'রেফার উপর হুকুম দেওয়ার সাথে সম্পৃক্ত। কখনো মুবতাদা নাকেরা হয়ে থাকে বিশেষিত করার কোনো পদ্ধতি দ্বারা নাকেরাটি বিশেষিত হওয়ার শর্তে। যেন নাকেরাটি তার ফলে তাখসীসের পর মা'রেফার নিকটবর্তী হয় আর তা মুবতাদা হওয়া শুদ্ধ হয়।

قَوْلُهٗ اِذَا تَخَصَّصَتْ بِوَجْهٍ مَّا : এটা يكون ظرف -এর অর্থাৎ যখন মুবতাদার মধ্যে কোনোভাবে تخصيص সৃষ্টি হয়, তখন নাকেরাটি মুবতাদা হতে পারে। নাকেরাটি تخصيص ব্যতীত কেন মুবতাদা হতে পারে না ? **উত্তর :** যেহেতু তাখসীসের উদ্দেশ্য অংশীদার কমানো (تقليل اشتراك), কাজেই تخصيص হবার পর নাকেরাটি মা'রেফার নিকটবর্তী হয়ে যায়।

قَوْلُهٗ مِثْلُ وَلَعَبْدٌ مُّؤْمِنٌ الخ : এখানে عبد নাকেরা মু'মিন ও কাফির উভয়কে শামিল করে। এ কারণেই তা মুবতাদা হওয়া শুদ্ধ ছিল না; কিন্তু যখন তার সিফাত নেওয়ার মাধ্যমে وَلَعَبْدٌ مُّؤْمِنٌ বলা হয়েছে তখন সিফাতের মাধ্যমে تخصيص তথা تقليل اشتراك সৃষ্টি হবার কারণে তা মুবতাদা হওয়া শুদ্ধ হয়েছে।

قَوْلُهٗ وَاَرَجُلٌ الخ : এই উদাহরণে رجل নাকেরা তার মধ্যে বক্তার জ্ঞানানুপাতে তাখসীস হয়েছে। কেননা, বক্তা জানে যে, পুরুষ ও মহিলার মধ্যে কেউ না কেউ ঘরে আছে। শুধু নির্দিষ্ট করার লক্ষ্যে প্রশ্ন করা হয়েছে। অর্থাৎ ঘরে কি পুরুষ নাকি মহিলা ? অতএব, এ উদাহরণে اَحَدُهُمَا فِى الدَّارِ -এর সিফাত দ্বারা তাখসীস সৃষ্টি হয়েছে।

قَوْلُهٗ وَمَا اَحَدٌ الخ : এটা পূর্ববর্তী উদাহরণের উপর আত্ফ হয়েছে। এতে احد নাকেরা, যার মধ্যে নফীর অধীনে হবার কারণে তাখসীস সৃষ্টি হয়েছে। কারণ, নাকেরা যখন تحت النفى তথা নফীর অধীনে পতিত হয়, তখন ব্যাপক অর্থ প্রদান করে বিধায় হুকুমটি সমস্ত আফরাদকে অন্তর্ভুক্ত করে। এ কথা স্পষ্ট যে, عام ব্যাপকতা হিসেবে নির্ধারিত ও বিশেষিত। সে সময় আফরাদের মধ্যে تعدد বাকি থাকবে না ; বরং তা একটি বিষয় হয়ে যায়। অনুরূপভাবে ঐ নাকেরা যা تحت الاثبات তথা হ্যাঁ-বাচকের অধীনে পতিত হয়, তার দ্বারাও عموم (ব্যাপকার্থ) উদ্দেশ্য হয়। যেমন- تَمْرَةٌ خَيْرٌ مِّنْ جَرَادَةٍ এ কথা মেনে নেওয়া যায় না যে, احد শব্দটি উল্লিখিত উদাহরণে মাখসূস ; কারণ, تقليل اشتراك -এর নাম তাখসীস। আর তা احد শব্দে মোটেই বিদ্যমান নেই। **উত্তর :** تخصيص দু'প্রকার। প্রথম প্রকার হাকীকী, যেমন, আল্লাহর বাণী- وَلَعَبْدٌ مُّؤْمِنٌ

خَيْرٌ مِّنْ مُّشْرِكٍ দ্বিতীয় প্রকার হুকুমী। যেমন– আলোচ্য উদাহরণের احد -এর মধ্যে যদিও اشتراك নেই, বরং تعيين আছে। তাই ঐ ইসমের হুকুমে হয়েছে যা مطلق تعيين -এর মধ্যে تقليل اشتراك হয়।

قَوْلُهُ شَرٌّ اَهَرَّ ذَانَابٍ : এই উদাহরণে شر নাকেরাটি মুবতাদা। তাখসীসের পদ্ধতি ফায়েলের মধ্যে পাওয়া যায়। উদাহরণ স্বরূপ যখন আমরা বলি ضرب - তখন তা থেকে বুঝা যায় ضرب -এর পরে যে বস্তু উল্লেখ হবে তা ফায়েল হবার যোগ্যতা রাখে। অতঃপর رجل বলা হলে অবগত হওয়া যায় যে, رجل শব্দটি ফায়েল, তার মধ্যে ফায়েল হবার যোগ্যতা রয়েছে। এখন গবেষণা করা যাক شَرٌّ اَهَرَّ ذَانَابٍ -এর মধ্যে ফায়েলের সাথে شر -এর কি সাদৃশ্যতা রয়েছে, যার কারণে شر-এর তাখসীসটা ফায়েলের তাখসীসের অনুরূপ হবে ? **উত্তর** : مَا اَهَرَّ ذَانَابٍ اِلَّا شَرٌّ টি شَرٌّ اَهَرَّ ذَانَابٍ -এর স্থলে ব্যবহৃত। অর্থাৎ مَا اَهَرَّ ذَانَابٍ اِلَّا شَرٌّ দ্বারা যে অর্থ অর্জিত হয় ঠিক একই অর্থ– شَرٌّ اَهَرَّ ذَانَابٍ দ্বারা বুঝা যায়। مَا اَهَرَّ ذَانَابٍ اِلَّا شَرٌّ -এর মধ্যে شر শব্দটি ফায়েল হতে بدل আর بدل ফায়েলে হুকমী। কাজেই شَرٌّ اَهَرَّ ذَانَابٍ -এর মধ্যে شر শব্দটি ফায়েলের সাথে সাদৃশ্যপূর্ণ। যদি কেউ বলে যে, مَا اَهَرَّ ذَانَابٍ -এর অর্থ কিভাবে شَرٌّ اَهَرَّ ذَانَابٍ اِلَّا شَرٌّ হতে পারে ? আমরা দেখতেছি যে, مَا اَهَرَّ ذَانَابٍ اِلَّا شَرٌّ -এর মধ্যে ما এবং الا দ্বারা حصر হয়েছে। পক্ষান্তরে شَرٌّ اَهَرَّ ذَانَابٍ -এর মধ্যে حصر নেই। **উত্তর** : এই তারকীবের মধ্যেও حصر বিদ্যমান।

উল্লেখ্য যে, شَرٌّ اَهَرَّ ذَانَابٍ মূলে اَهَرَّ شَرٌّ ذَانَابٍ ছিল। اهر -এর যমীর থেকে شر টি بدل হয়েছে, যে যমীরটি ফায়েলে لفযী আর بدل ফায়েলে হুকমী। কারণ, এটার স্থান ফায়েলের পরে। অতঃপর যখন তাকে মুকাদ্দাম করা হয় তখন تَقْدِيْمُ مَا حَقُّهُ التَّاخِيْرُ -এর কায়দানুপাতে حصر-এর ফায়দা দেয়। যখন এই তারকীবটি حصر-এর ফায়দা দিয়েছে তখন شر বাক্যটি اهر ذانـاب -এর অর্থে হয়ে গেছে। যদি কেউ বলে, পরিভাষায় تخصيص বলা হয় قليل اشتراك-কে। অতএব, এখানে কোন বস্তুর প্রেক্ষিতে قلة اشتراك তথা تخصيص হাসিল হয় ? **উত্তর** : কুকুরের ঘেউ ঘেউ করা কখনো স্বভাবগতভাবে (معتاد) হয়, আর কখনো স্বভাব ব্যতীত (غير معتاد) হয়। যদি স্বভাবগত (معتاد) হয়, তাহলে তা দু'অবস্থা থেকে মুক্ত নয়। (১) কখনো خير হয়। যথা– বন্ধুর আগমন হলে। (২) কখনো شر হয়। যথা– শত্রুর আগমন হলে। অতএব, কুকুরের ঘেউ ঘেউ করা معتاد হলে خير -এর নিসবতে حصر অর্জিত হবে। বাক্যটি হবে– شَرٌّ لَا خَيْرَ اَهَرَّ ذَانَابٍ যদি غير معتاد হয় তখন তার ঘেউ ঘেউ করাটা শুধুমাত্র মন্দ হবে। কাজেই حصر অর্জিত হবে না। তখন সিফাত উহ্য মেনে নেওয়া হবে, যেন حصر শুদ্ধ হয়। এ অবস্থায় হবে شَرٌّ عَظِيْمٌ لَا حَقِيْرٌ اَهَرَّ ذَانَابٍ এটাও বলা যাবে شر-এর তানবীন تعظيم -এর জন্য অর্থাৎ شَرٌّ عَظِيْمٌ لَاحَقِيْرٌ اَهَرَّ ذَانَابٍ । অতএব, তখন تكلفات بعيده (দূরবর্তী লৌকিকতাসমূহ) অবলম্বন করার প্রয়োজন হবে না। এ প্রবাদটি এমন শক্তিশালী ব্যক্তির জন্য প্রযোজ্য হয় যে বিপদে পড়ে অক্ষম হয়ে গেছে। এখানে মন্দ বলতে প্রাকৃতিক বিপদ উদ্দেশ্য। ناب -এর আভিধানিক অর্থ– সামনের দাঁত। ذانـاب বলতে এখানে কুকুর উদ্দেশ্য।

قَوْلُهُ وَفِى الدَّارِ رَجُلٌ : এখানে খবর মুকাদ্দাম হবার কারণে رجل -এর মধ্যে তাখসীস হয়েছে। কেননা, فى الدار বলাতে বুঝা যায় যে, فى الدار -এর পর যা পতিত হবে তা صفة استقرار -এর সাথে গুণান্বিত হবে। কাজেই খবরকে মুকাদ্দাম করা تخصيص بالصفة -এর পর্যায়ে পড়ে। এই অনুপাতে নাকেরা হওয়া সত্ত্বেও মুবতাদা হওয়া শুদ্ধ।

قَوْلُهُ وَسَلَامٌ عَلَيْكَ : এখানে سلام নাকেরা হওয়া সত্ত্বেও এভাবে তাখসীস সৃষ্টি হয়েছে যে, এটা মূলত ছিল سَلَّمْتُ سَلَامًا عَلَيْكَ -ফে'লকে বিলুপ্ত করে سلام কে دوام ও استمرار (অব্যহত রাখা) এর উদ্দেশ্যে পেশের দিকে স্থানান্তরিত করা হয়েছে। কারণ, এটি جملة دعائية , তার জন্য স্থায়ী (دوام) হওয়া বাঞ্ছনীয়। অতএব বুঝা গেল যে, এটা মূলত سَلَامٌ مِنْ قِبَلِىْ عَلَيْكَ سَلَّمْتُ سَلَامًا -এর পর্যায়ে ছিল। বক্তার দিকে সম্পর্কিত হবার কারণে তার মধ্যে তাখসীস সৃষ্টি হয়েছে। عَلَيْكَ -এর মধ্য থেকে سلمت -কে বিলোপ করে জুমলায়ে ফে'লিয়্যাহকে জুমলায়ে ইসমিয়্যাহ-এ পরিণত করা হয়েছে। তারপর سلاما -এর নসবকে দোয়ার অর্থে ব্যবহৃত হওয়াতে স্থায়ীত্বের উপকারিতার জন্য পেশ দ্বারা পরিবর্তন করা হয়েছে। কারণ, নসব ফে'লের উপর বুঝায়, ফে'ল حدث অর্থে ব্যবহৃত, আর তা অস্থায়ী। সুতরাং জুমলায়ে ফে'লিয়্যাহতে যে, اسناد ছিল তার কারণে জুমলায়ে ইসমিয়্যাহতে তাখসীস সৃষ্টি হয়েছে বিধায় মুবতাদা হওয়া সম্ভব হয়ে উঠেছে।

قَوْلُهُ وَالْخَبَرُ قَدْ يَكُوْنُ الخ : মুবতাদার খবরটির আসল মুফরাদ হওয়া। কেননা, মুফরাদের জন্য যুক্তিযুক্ত যে, অন্য ইসিমের সাথে সম্পৃক্ত হয়ে থাকে যেন উভয়ের মধ্যে নিসবত অর্জিত হয়। কিন্তু জুমলা তার বিপরীত। তা স্বয়ং স্বতন্ত্র ; তাতে অন্য কিছুর প্রয়োজন নেই। কিন্তু খবর কখনো জুমলাও হয়ে থাকে। মুসান্নিফ (র.) এ অংশ দ্বারা খবরের প্রকারসমূহ আলোচনা করার প্রয়াস পেয়েছেন। খবর তিন প্রকারে বিভক্ত। যথা– (১) الخبر بالفرد (২) الخبر بالجملة (৩) الخبر شبيه بالجملة যদি প্রশ্ন করা হয় মুবতাদার খবরটি কেন জুমলা হয়ে থাকে ? তদুত্তরে বলা হবে مفرد দ্বারা যেভাবে উপকার পৌছানো উদ্দেশ্য হয় তেমনিভাবে জুমলা দ্বারাও হয়ে থাকে। কাজেই জুমলা খবর হওয়া বৈধ।

قَوْلُهُ فَلَابُدَّ مِنْ عَائِدٍ الخ : যখন খবর জুমলায়ে ফে'লিয়্যাহ হবে তখন খবরের মধ্যে এমন একটি عائد জরুরি, যা মুবতাদার দিকে প্রত্যাবর্তিত হয়ে থাকে, যাতে মুবতাদা ও খবরের মাঝে সম্পর্ক সৃষ্টি হয়। নতুবা স্বতন্ত্র জুমলা হয়ে যাবে। আর খবরের সম্পর্ক মুবতাদার সঙ্গে আবশ্যক। যদি عائد (প্রত্যাবর্তনকারী) না হয়, তাহলে মুবতাদার সাথে খবরটির সম্পর্ক হবে না। আর عائد টি কখনো যমীর, কখনো لام হয়ে থাকে। যেমন– نعم الرجل -এর মধ্যে। আর কখনো ইসমে যাহিরের স্থানে যমীর হয়ে থাকে। যেমন– اَلْحَاقَّةُ مَا الْحَاقَّةُ -এর মধ্যে। কখনো খবরের তাফসীর মুবতাদা হয়ে থাকে। যেমন– قُلْ هُوَ اللّٰهُ اَحَدٌ -এর মধ্যে।

قَوْلُهُ وَقَدْ يُحْذَفُ : عائد যখন যমীর হবে তখন কারীনা পাওয়া যাবার সময়ে কখনো তাকে বিলুপ্ত করা হয়। যেমন– اَلْبُرُّ الْكُرُّ مِنْهُ بِسِتِّيْنَ دِرْهَمًا এটা মূলে اَلْبُرُّ الْكُرُّ بِسِتِّيْنَ دِرْهَمًا ছিল। এখানে الكر কারীনা পাওয়া যাবার কারণে منه কে বিলুপ্ত করে দেওয়া হয়েছে। কেননা, বিক্রেতা তার মূল্য বর্ণনা করছে, অন্য কোনো বস্তুর নয়।

وَمَا وَقَعَ ظَرْفًا فَالْاَكْثَرُ الخ : যখন খবর যরফ হবে তখন অধিকাংশ নাহুবিদ এটাকে জুমলার সাথে উহ্য মেনে থাকেন। কারণ, যরফের জন্য এমন আমেল হওয়া উচিত, যার সাথে তা মুতা'আল্লাক হবে। আর যেহেতু ফে'ল আমেলের দিক দিয়ে আসল সেহেতু তাকে উহ্য মানতে হবে, যখন ফে'ল উহ্য হবে তখন ফে'লের সাথে ظرف টি মুতা'আল্লাক এবং খবরটি জুমলা হবে। তাদের মতানুসারে زَيْدٌ فِى الدَّارِ -এর মূলরূপ হবে- زَيْدٌ اِسْتَقَرَّ فِى الدَّارِ কোনো কোনো নাহুবিদদের মতে, যরফের পূর্বে মুফরাদকে উহ্য মেনে নেওয়া হবে। কেননা, তা খবর। খবরের আসল মুফরাদ- তখন এই যরফটি ইসমে ফায়েলের সাথে মুতা'আল্লাক হবে। زَيْدٌ مُسْتَقِرٌّ فِى الدَّارِ -এর মূলরূপ زَيْدٌ فِى الدَّارِ ।

উল্লেখ্য যে, ظرف দু'প্রকার। যথা– (১) ظرف لغوى : যে যরফ প্রকাশ্য ফে'লের সাথে মিলিত হয় তাকে ظرف لغوى বলে। যেমন– اَلرَّجُلُ يَمْشِىْ بِالرِّجْلِ (২) ظرف مستقر : যে যরফ উহ্য ফে'ল তথা আমেলের সাথে মিলিত হয়, তাকে ظرف مستقر বলে। যথা– زَيْدٌ فِى الدَّارِ এখানে উহ্য ফে'ল استقر - এটার সাথে فى الدار জার ও মাজরূর মিলিত হয়ে যরফে মুস্তাকার হয়েছে।

তারকীব : قَوْلُهُ وَقَدْ يَكُوْنُ الْمُبْتَدَأُ نَكِرَةً الخ : واو হরফে আত্ফ, قد হরফে তাকলীল, يكون ফে'লে নাকেস, المبتدأ তার ইসম ও نكرة তার খবর। আর اذ যরফে যমান, تخصصت ফে'ল, তন্মধ্যকার উহ্য هى যমীর তার ফায়েল। با হরফে জার, وجه মাওসূফ, ما সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। تخصصت ফে'ল, তার ফায়েল ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়ে মুযাফ ইলাইহ। اذ মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ, يكون ফে'লে নাকেস-তার ইসম, খবর ও মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ। مثل মুযাফ, وَلَعَبْدٌ مُؤْمِنٌ خَيْرٌ مِّنْ مُّشْرِكٍ মুরাদুল লফ্য মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, اَرَجُلٌ فِى الدَّارِ اَمْ اِمْرَاَةٌ মুরাদুল লফয মা'তূফ। واو হরফে আত্ফ, وما احد الخ মা'তূফ। واو হরফে আত্ফ, شَرٌّ اَهَرَّ الخ মা'তূফ। واو হরফে আত্ফ, فِى الدَّارِ الخ মা'তূফ। واو হরফে আত্ফ, سلام عليك মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার সব মা'তূফ মিলে মুযাফ ইলাইহ হয়েছে مثل মুযাফের। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله মুবতাদা মাহ্যূফ। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

জুমলাসমূহের বিস্তারিত তারকীব- وَلَعَبْدٌ مُؤْمِنٌ الخ : واو হরফে আত্ফ, لام তাকীদের জন্য, عبد মাওসূফ, مؤمن সিফাত। মাওসূফ ও তার সিফাত মিলে মুবতাদা। خبر শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, من হরফে জর্র, مشرك মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। خبر শিব্হে ফে'ল, তার নায়েবে ফায়েল ও যরফে লগ্ব মিলে খবর মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ। همزة ইস্তিফহামের জন্য, رجل মা'তূফ আলাইহ, ام হরফে আত্ফ, امرأة মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে মুবতাদা, فى হরফে জার, الدار মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল, তার নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। ما হরফে নফী, احد মুবতাদা, خير শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, من হরফে জার, ك মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। শিবহে ফে'ল-তার ফায়েল ও যরফে লগ্ব মিলে খবর মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ। شر মুবতাদা, اهر ফে'ল, উহ্য هو যমীর ফায়েল, ذا মুযাফ, صاحب মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে বিহী। اهر ফে'ল, তার ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। فى হরফে জার, الدار মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল, যমীর هو তার নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবরে মুকাদ্দাম; رجل মুবতাদায়ে মুয়াখ্খার। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। سلام মুবতাদা, على হরফে জার, ك মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল, তার ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

وَالْخَبَرُ قَدْ يَكُوْنُ جُمْلَةً الخ : واو হরফে আত্ফ, الخبر মুবতাদা, قد তাকলীলের জন্য, يكون ফে'লে নাকেস, উহ্য যমীর هو ইসম, جملة খবর, يكون ফে'ল, তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। مثل মুযাফ, زَيْدٌ اَبُوْهُ قَائِمٌ মুরাদুল লফয মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, زَيْدٌ قَامَ الخ মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে মুযাফ ইলাইহ হয়েছে। مثل মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله মুবতাদা মাহযূফ। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। জুমলাদ্বয়ের বিস্তারিত তারকীব- زيد মুবতাদায়ে আউওয়াল, ابو মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদায়ে ছানী। قائم শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল। শিবহে ফে'ল ও ফায়েল মিলে খবর। মুবতাদায়ে ছানী ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে খবর। মুবতাদায়ে আউওয়াল ও তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। زيد মুবতাদা, قام ফে'ল, ابو মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে ফায়েল। قام ফে'ল-ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

فَلَا بُدَّ مِنْ عَائِدٍ الخ : فاء ফসীহা, لا নফী জিন্সের জন্য, بد তার ইসম। من হরফে জার, عائد মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল, ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। لا তার ইসম ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ। واو হরফে ইসতীনাফ, قد তাক্বলীলের জন্য, يحذف ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল। ফে'ল ও তার নায়েবে ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ। واو হরফে আত্ফ, ما মাওসূলা, وقع ফে'ল, উহ্য যমীর هو যুলহাল, ظرفا হাল। যুলহাল ও হাল মিলে ফায়েল। وقع ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে মুবতাদায়ে আউওয়াল। فاء জাযাইয়্যাহ لاكثر। শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল মিলে সিফাত, القول উহ্য মাওসূফ। মাওসূফ ও সিফাত মিলে মুবতাদায়ে ছানী, ان হরফে মুশাব্বাহ বিল ফে'ল, ه যমীর ইসমে আন্না, مقدر শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, با হরফে জার, جملة মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব, مقدر শিবহে ফে'ল, তার ফায়েল ও যরফে লগ্ব মিলে খবর। ان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে খবর। মুবতাদায়ে ছানী ও তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে খবর। মুবতাদায়ে আউওয়াল ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

وَإِذَا كَانَ الْمُبْتَدَأُ مُشْتَمِلاً عَلَى مَا لَهُ صَدْرُ الْكَلَامِ مِثْلُ مَنْ اَبُوكَ اَوْ كَانَا مَعْرِفَتَيْنِ اَوْ مُتَسَاوِيَيْنِ نَحْوُ اَفْضَلُ مِنْكَ اَفْضَلُ مِنِّىْ اَوْ كَانَ الْخَبَرُ فِعْلاً لَهُ مِثْلُ زَيْدٌ قَامَ وَجَبَ تَقْدِيْمُهُ وَإِذَا تَضَمَّنَ الْخَبَرُ الْمُفْرَدُ مَالَهُ صَدْرُ الْكَلَامِ مِثْلُ اَيْنَ زَيْدٌ اَوْ كَانَ مُصَحِّحًا لَهُ مِثْلُ فِى الدَّارِ رَجُلٌ اَوْ لِمُتَعَلِّقِهِ ضَمِيْرٌ فِى الْمُبْتَدَأِ مِثْلُ عَلَى التَّمَرَةِ مِثْلُهَا زُبْدًا اَوْ كَانَ خَبَرًا عَنْ اَنَّ مِثْلُ عِنْدِىْ اَنَّكَ قَائِمٌ وَجَبَ تَقْدِيْمُهُ-

অনুবাদ : যখন مبتدأ টি এমন অর্থকে শামিল করে যার, জন্য বাক্যের শুরুতে হওয়া আবশ্যক। যেমন- مَنْ اَبُوْكَ (তোমার পিতা কে ?) অথবা مبتدأ ও خبر উভয়ই معرفة হয় অথবা تخصيص -এর মধ্যে উভয়ই সমান হয়, যেমন اَفْضَلُ مِنْكَ اَفْضَلُ مِنِّىْ (যে তোমার থেকে উত্তম সে আমার থেকে উত্তম) অথবা خبر টি مبتدأ -এর ফে'ল হবে। যেমন- زَيْدٌ قَامَ (যায়েদ দণ্ডায়মান হয়েছে) তখন خبر -এর উপর তা (مبتدأ)কে মুকাদ্দাম করা ওয়াজিব। আর যখন خبر مفرد এমন বস্তুকে শামিল করে, যা বাক্যের শুরুতে হওয়া আবশ্যক। যেমন- اَيْنَ زَيْدٌ (যায়েদ কোথায় ?) অথবা খবর مبتدأ কে বিশুদ্ধকারী হয় যেমন- فِى الدَّارِ رَجُلٌ (ঘরের মধ্যে পুরুষ) অথবা مبتدأ -এর মধ্যে خبر-এর মুতায়াল্লাকের যমীর বিদ্যমান থাকে। যেমন- عَلَى التَّمَرَةِ مِثْلُهَا زُبْدًا (খেজুরের উপর তার অনুরূপ মাখন রয়েছে) অথবা খবরটি ان থেকে خبر পতিত হয়, যেমন- عِنْدِىْ اَنَّكَ قَائِمٌ (নিশ্চয়ই তুমি আমার নিকট দণ্ডায়মান) তখন তা (خبر) কে মুকাদ্দাম করা ওয়াজিব।

ব্যাখ্যা : قَوْلُهُ وَإِذَا كَانَ الْمُبْتَدَأُ الخ : মুবতাদার আসল মুকাদ্দাম হওয়া। আবার তা পরে নেওয়াও জায়েজ আছে। এখানে মুসান্নিফ (র.) ঐ সমস্ত সুরত বর্ণনা করেছেন যার মধ্যে মুবতাদাকে পূর্বে নেওয়া ওয়াজিব এবং তাকে পরে নেওয়া নিষিদ্ধ, তা কয়েকটি স্থানে হয়ে থাকে। এর মধ্যে একটি হলো মুবতাদা এমন অর্থকে শামিল করে যা বাক্যের শুরুতে হওয়াকে চায়, যেন শুরুতে বুঝা যায় যে, বাক্যটি استفهام -এর অন্তর্ভুক্ত। যেমন- حرف استفهام -কে আব্দুর রহমান জামী (র.) উদাহরণ হিসেবে পেশ করেছেন। صدر كلام (বাক্যের প্রারম্ভে হওয়া) ছয়টি অর্থের জন্য আবশ্যক হয়ে থাকে। استفهام (১) যথা- تعجب (৪) لَزَيْدٌ مُنْطَلِقٌ -যথা تاكيد بلام ابتداء (৩) مَنْ يَّقْتُلْ مُؤْمِنًا مُتَعَمِّدًا فَجَزَآئُهُ جَهَنَّمُ -যথা شرط (২) مَنْ اَبُوْكَ যথা- لَا زَيْدٌ فِى الدَّارِ وَلَابَكْرٌ -যথা نفى (৬) لَعَمْرُكَ اَنَّهُمْ فِىْ سَكْرَتِهِمْ يَعْمَهُوْنَ -যথা قسم (৫) مَااَحْسَنَ زَيْدًا -যথা

قَوْلُهُ اَوْ كَانَا مَعْرِفَتَيْنِ : যে সব স্থানে মুবতাদা খবরের উপর মুকাদ্দাম হয়ে থাকে তন্মধ্যে দ্বিতীয় প্রকার যখন মুবতাদা ও খবর উভয়টি মা'রেফা হয়। মুবতাদাকে নির্দিষ্ট করণের উপর কোনো কারীনা না থাকে, চাই মুবতাদা ও খবর উভয়টি تعريف -এর মধ্যে বরাবর হোক অথবা না হোক। যথা- زَيْدُ الْمُنْطَلِقُ (যায়েদ গমনকারী) তখন মুবতাদাকে খবরের উপর মুকাদ্দাম করা ওয়াজিব। যাতে শ্রবণকারীর এ সন্দেহ সৃষ্টি না হয়, উভয়টি হতে কোনটি মুবতাদা ও কোনটি খবর ? যদি কেউ প্রশ্ন করে, كانا متساويين -এর মধ্যে এই উপরোক্ত শর্ত শামিল রয়েছে। তাই এটাকে উল্লেখ করা প্রয়োজন ছিল না। عام হলো متساويين, উভয়টি تعريف -এর মধ্যে হোক অথবা تخصيص -এর মধ্যে হোক। **উত্তর :** كَانَا مَعْرِفَتَيْنِ -এর মধ্যে মুবতাদা ও খবর মা'রেফা হবার ক্ষেত্রে উদ্দেশ্য عام হয়ে থাকে। نفس تعريف -এর জন্য উভয়টি বরাবর হবে অথবা হবে না। যেমন- প্রশংসার স্থলে বলা হবে انا انا ও انت انت দ্বিতীয়টির উদাহরণ زَيْدُ الْمُنْطَلِقُ ।

قَوْلُهُ اَوْ مُتَسَاوِيَيْنِ : মুসান্নিফ (র.) او হরফে আত্ফ ব্যবহার করার মাধ্যমে এ দিকে ইশারা করেছেন যে, متساويين -এর আত্ফ معرفتين -এর উপর হয়েছে। এটা মুবতাদাকে খবরের পূর্বে আনা ওয়াজিব হবার তৃতীয় স্থান। এর জন্য উদ্দেশ্য-মুবতাদা ও খবর تخصيص -এর মধ্যে বরাবর হলে মুবতাদাকে মুকাদ্দাম করা ওয়াজিব। আর এখানে

تساوی فی ; تساوی فی اصل التخصیص হয়েছে। تساوی فی التخصیص দ্বারা উদ্দেশ্য قدر التخصیص উদ্দেশ্য নয়। যথা– غلام رجل صالح خیر منك افضل منك একটি প্রশ্ন জাগে افضل منی -এর মধ্যে মুবতাদা ও খবর উভয়টি تخصیص -এর মধ্যে বরাবর নয়, তারপরেও মুবতাদাকে খবরের উপর মুকাদ্দাম করা ওয়াজিব। কারণ, غلام শব্দটি মুযাফ এবং মাওসূফও বলে। সুতরাং তার মধ্যে দু'টি تخصیص হয়েছে। আর خیر শব্দটি খবর। যার মধ্যে কেবল একটি تخصیص হয়েছে। কাজেই তা مفضل علیه **উত্তর** : মুবতাদা ও খবর উভয়টি نفس مقدار تخصیص ও کیفیة تخصیص -এর মধ্যে সমান হবার ফলে এমন ব্যাপক হয়েছে যে, হয়তো উভয়টি تخصیص -এর মধ্যে সমান হবে অথবা অসমান। کیفیة تخصیص ও مقدار تخصیص -এর মধ্যে সমান হবার উদাহরণ- ولعبد مؤمن خیر من مشرك -এর মধ্যে মুবতাদাটি সিফাত দ্বারা বিশেষিত এবং خیر টি مفضل علیه দ্বারা বিশেষিত। مقدار التخصیص -এর মধ্যে অসমান হলে যেমন– غُلَامُ رَجُلٍ صَالِحٌ خَيْرٌ مِنْكَ - کیفیة تخصیص -এর মধ্যে অসমান হবার উদাহরণ মূল ইবারতে উল্লিখিত হয়েছে। উদাহরণটির মধ্যে মুবতাদা ও খবর উভয়টি مفضل علیه দ্বারা تخصیص হয়েছে। তবে متکلم -এর যমীর যেহেতু حاضر -এর যমীর থেকে اعرف, তাই افضل منی অংশটি افضل منك থেকে تخصیص -এর ক্ষেত্রে উত্তম।

قَوْلُهُ أَوْ كَانَ الْخَبَرُ فِعْلًا لَهُ الخ : এটি মুবতাদাকে পূর্বে আনা ওয়াজিব হবার চতুর্থ স্থান। যখন মুবতাদার খবরটি এমন ফে'ল হয় যা মুবতাদা দ্বারা অস্তিত্বের মধ্যে আসে। যেমন– زَيْدٌ قَامَ ; এখানে (দণ্ডায়মান হওয়া) যায়েদ দ্বারা অস্তিত্বের মধ্যে এসেছে। তাই এস্থানে মুবতাদাকে খবরের উপর মুকাদ্দাম করা ওয়াজিব। যদি মুবতাদাকে মুকাদ্দাম করা না হয়, তাহলে ফায়েলের সাথে মিলে যাবার আশংকা রয়েছে। যদি قَامَ زَيْدٌ বলা হয় তাহলে এই সংশয় সৃষ্টি হবে যে, زید হলো ফায়েল। ইবারতের মধ্যে له -এর কয়েদটি احترازی , এর দ্বারা বুঝা যায় খবরটি فعل হওয়া সাধারণভাবে এ বিষয়কে আবশ্যক করে না যে, তার উপর মুবতাদাকে ওয়াজিব হিসেবে মুকাদ্দাম করা হবে ; রবং ঐ খবরের ফায়েলটি এমন যমীর হবে যা মুবতাদার খবরের দিকে প্রত্যাবর্তিত হওয়া জরুরি। অতএব, زَيْدٌ قَامَ أَبُوهُ -এর মধ্যে قام ফে'লটি যদিও খবর পতিত হয়েছে ; কিন্তু তার ফায়েল ابوه ইসমে যাহির, তা এমন যমীর নয় যা মুবতাদার দিকে প্রত্যাবর্তনকারী। কাজেই তার উপর মুবতাদাকে মুকাদ্দাম করা ওয়াজিব হবে না। কেননা, তাকে পরে উল্লেখ করত قَامَ أَبُوهُ زَيْدٌ বলা হলে ফায়েলের সাথে মুবতাদা মিলে যাবার আশংকা আবশ্যক হয় না।

قَوْلُهُ وَجَبَ تَقْدِيمُهُ : উল্লিখিত সুরতসমূহে মুবতাদাকে খবরের উপর মুকাদ্দাম করা ওয়াজিব। প্রথম তিনটি সুরতের মধ্যে মুবতাদাকে মুকাদ্দাম করা ওয়াজিব হবার কারণ, পূর্বোক্ত বিশ্লেষণে বর্ণনা করা হয়েছে। চতুর্থ সূরতের মধ্যে মুবতাদাকে মুকাদ্দাম করা ওয়াজিব হয়েছে, যাতে মুবতাদাটি ফায়েলের সাথে মিলে না যায়। যখন ফে'লটি মুকাদ্দাম হয়। যেমন– زَيْدٌ قَامَ ; কেননা, যখন قَامَ زَيْدٌ বলা হবে তখন মুবতাদাটি ফায়েলের সাথে অথবা ফায়েলের بدل -এর সাথে মিলে যাবে। আর যখন تثنیه ও جمع হবে। যথা–الزَّيْدَانِ قَامَا ، الزَّيْدُونَ قَامُوا এরূপ তারকীবের মধ্যে قَامَا الزَّيْدَانِ ও قَامُوا الزَّيْدُونَ বলা হলে এ সন্দেহ হয় যে, الزیدان ও الزیدون ফায়েল থেকে بدل হবে। অতএব, মুবতাদাটি ফায়েলের بدل -এর সাথে মিলে যাবে।

قَوْلُهُ وَإِذَا تَضَمَّنَ الخ : যখন خبر مفرد এমন কোনো বস্তুকে শামিল করে, যা বাক্যের শুরুতে হওয়া আবশ্যক, যেমন– این زید এখানে খবর مفرد এবং استفهام -এর অর্থকে শামেল করে, যা বাক্যের শুরুতে হওয়াকে চায়। তাই এখানে খবরকে মুবতাদার উপর মুকাদ্দাম করা ওয়াজিব। আর خبر مفرد দ্বারা উদ্দেশ্য- আকৃতিগতভাবে مفرد হওয়া। প্রকৃতপক্ষে জুমলা হোক বা না হোক। এটার দ্বারা زَيْدٌ أَيْنَ أَبُوهُ বাদ পড়েছে। কারণ, এ স্থানে খবরকে মুবতাদার উপর মুকাদ্দাম করা ওয়াজিব নয়। কেননা, যা বাক্যের শুরু হবার অর্থকে শামিল করে তাকে জুমলার শুরুতে নেওয়া জরুরি। আর যেহেতু زَيْدٌ أَيْنَ أَبُوهُ -এর মধ্যে যে অংশটি صدر الکلام-কে চায় তা শুরুতে হয়নি বিধায় তাকে মুবতাদার উপর মুকাদ্দাম করা ওয়াজিব নয় ; মুবতাদার পরে এমন কোনো জুমলা নেই যার প্রথমে این কে নেওয়া হয়। তাই এ স্থানে মুবতাদার উপর খবরকে মুকাদ্দাম করা ওয়াজিব। যেন তার জন্য বাক্যের শুরুতে হওয়াটা পাওয়া যায়।

قَوْلُهُ أَوْكَانَ مُصَحِّحًا لَهُ الخ : كان -এর মধ্যে নিহিত هو যমীরের মারজি' الخبر আর له -এর ه যমীরের মারজি' المبتدأ - এখানে মুবতাদার উপর খবরকে মুকাদ্দাম করা ওয়াজিব হবার দ্বিতীয় সুরত বর্ণিত হয়েছে। মুবতাদাটি নাকেরা হলে

আর খবরকে তার উপর মুকাদ্দাম করা হলে ঐ নাকেরাটি مخصصة হয়ে যাবে। যেমন- فِى الدَّارِ رَجُلٌ -এর মধ্যে رجل মুবতাদা, যা নাকেরা। فى الدار খবর, যাকে মুকাদ্দাম করার দ্বারা رجل -এর মধ্যে تخصيص সৃষ্টি হয়েছে। যদি কেউ প্রশ্ন করে, যখন খবরটি মুবতাদাকে শুদ্ধকারী (مصحح) হবে, তখন খবরের মর্যাদা মুবতাদার চেয়ে বেড়ে যায় ; অথচ ব্যাপারটি এরূপ নয়। **উত্তর :** মুবতাদার মর্যাদা খবরের মর্যাদার উপর সত্তাগতভাবে অগ্রগামী রয়েছে। তবে গুণগতভাবে মুবতাদার উপর খবরের অগ্রগামী হওয়া বৈধ। فى الدار رجل -এর মধ্যে رجل শব্দটি মুকাদ্দাম হওয়া ব্যতীত মুবতাদা হবার যোগ্যতা রাখে না।

قَوْلُهُ اَوْ لِمُتَعَلَّقِهِ ضَمِيْرٌ الخ : মুবতাদার মধ্যে যদি এমন কোনো যমীর বিদ্যমান থাকে, যা খবরের দিকে প্রত্যাবর্তনকারী তখন খবরকে মুবতাদার উপর মুকাদ্দাম করা ওয়াজিব। কেননা, খবরকে যদি মুকাদ্দাম করা না হয় তাহলে لفظا ও رتبة উভয় দিক থেকে اِضْمَارُ قَبْلَ الذِّكْرِ লাযেম আসবে। যেমন- عَلَى التَّمَرَةِ مِثْلُهَا زُبْدًا তার মধ্যে على التمرة খবরে মুকাদ্দাম। আর مِثْلُهَا زُبْدًا মুবতাদায়ে মুয়াখ্খার। তার মধ্যে ها যমীরটির মারজি' التمرة যে শব্দটি খবরের সাথে সম্পর্ক রাখে তা খবরের অংশ। যদি খবরকে মুয়াখ্খার করে مِثْلُهَا زُبْدًا عَلَى التَّمَرَةِ বলা হয় তাহলে لفظا ও معنى উভয় দিক থেকে اِضْمَارُ قَبْلَ الذِّكْرِ লাযেম আসবে, যা নিষিদ্ধ।

যদি কেউ প্রশ্ন করে, ইবারতে উল্লিখিত لمتعلقه -এর আত্ফ পূর্বোক্ত كان -এর ইসিমের উপর অথবা খবরের উপর, যদি ইসিমের উপর হয় তাহলে তাও ইসম হওয়া উচিত। কারণ, ইসমের উপর যা আত্ফ হয়, তাও ইসম হয়ে থাকে। এখানে দেখা যায় তা জার ও মাজরূর, যা كان -এর ইসম হবার যোগ্যতা রাখে না। যদি তার আত্ফ كان -এর খবরের উপর হয় তাহলে জুমলার আত্ফ মুফরাদের উপর হওয়া লাযেম আসে না, যা না-জায়েজ। **উত্তর :** لمتعلقه -এর পূর্বে كان উহ্য রয়েছে। অতএব, এই كان -এর আত্ফ পূর্বোক্ত كان -এর উপর হয়েছে। আর তা হবে عَطْفُ الْجُمْلَةِ عَلَى الْجُمْلَةِ অথবা যরফ ও ফায়েলে যরফ মিলে জুমলায়ে যরফিয়্যাহ হয়ে পূর্ববর্তী জুমলার উপর আত্ফ হয়েছে।

قَوْلُهُ عَلَى التَّمَرَةِ مِثْلُهَا الخ : যদি কেউ প্রশ্ন করে, আমরা অনেক স্থানে এরূপও দেখি যে, মুবতাদার মধ্যে এমন একটি যমীর থাকে যা খবরের متعلق -এর দিকে ফিরে। এতদ্সত্ত্বেও খবরকে মুবতাদার উপর মুকাদ্দাম করা হয় না; বরং খবরকে মুয়াখ্খার করা হয়। যেমন- عَلَى اللّٰهِ عَبْدُهُ مُتَوَكِّلٌ এই উদাহরণে عبده মুবতাদা আর متوكل খবর,عبده মুবতাদার মধ্যে এমন একটি যমীর আছে যা খবরের متعلق তথা الله -এর দিকে প্রত্যাবর্তিত। অতএব, সাব্যস্ত হলো যে, এটা সার্বজনীন কায়দা (قاعدة كلية) নয়। **উত্তর :** উল্লিখিত কায়দার মধ্যে খবরের متعلق দ্বারা উদ্দেশ্য-খবরের ঐ تابع যার تبعية (অনুসরণীয়তা) বাকি থাকার সথে তার খবরের উপর মুকাদ্দাম করা নিষিদ্ধ। যেমন- تمرة শব্দটি খবরের অংশ হবার অনুপাতে এটা খবরের تابع এবং তার تبعية বাকি আছে। কাজেই تمرة -কে মুকাদ্দাম করা খবরের উপর নিষিদ্ধ। কারণ, جزء হবার অনুপাতে كل -এর উপর তার মুকাদ্দাম করা تَقْدِيْمُ الشَّيْءِ عَلٰى نَفْسِهٖ এবং মাজরূরকে জারের উপর মুকাদ্দাম করার নামান্তর। আর তা নিষিদ্ধ। পক্ষান্তরে عَلَى اللّٰهِ عَبْدُهُ مُتَوَكِّلٌ এটার বিপরীত। এর মধ্যে খবরের تابع কে মুকাদ্দাম করাটা খবরের উপর تبعية -এর অর্থ বাকি থাকার সাথে হয়ে থাকে। কারণ, এটার تبعية হলো খবরের متعلق হওয়া. এই متعلق টি সে সময়েও হয়ে থাকে যখন عَلَى اللّٰهِ مُتَوَكِّلٌ -এর পর মুকাদ্দাম হয়। এ উত্তরটি এ কথার উপর ভিত্তি করে যে, عَلَى التَّمَرَةِ مِثْلُهَا زُبْدًا -এর মধ্যে على التمرة কে খবর আর عَلَى اللّٰهِ عَبْدُهُ -এর متوكل কে খবর বলা হবে। **উত্তম জবাব :** খবরের متعلق দ্বারা উদ্দেশ্য ঐ تابع যার تبعية বিদ্যমান থাকাকালে মুবতাদাকে খবরের উপর যদি মুকাদ্দাম করা হয় তাহলে اِضْمَارُ قَبْلَ الذِّكْرِ শব্দগত ও অর্থগত উভয় দিক থেকে লাযেম আসবে। যেমন- عَلَى التَّمَرَةِ مِثْلُهَا زُبْدًا -এর মধ্যে হয়েছে ; কিন্তু عَلَى اللّٰهِ عَبْدُهُ مُتَوَكِّلٌ তার বিপরীত। এখানে عبده -এর যমীর على الله -এর দিকে প্রত্যাবর্তনকারী। আর আরববাসীদের নিকট الله -এর দিকে তার উল্লেখ ব্যতীত কোনো যমীরকে প্রত্যাবর্তন করা যেতে পারে। কেননা, তিনি (আল্লাহ) হলেন- معهود তাই এ ক্ষেত্রে اِضْمَارُ قَبْلَ الذِّكْرِ লাযেম আসবে না।

قَوْلُهُ وَكَانَ خَبَرًا عَنْ اَنَّ الخ : যদি খবরটি ان مفتوحة হতে পতিত হয়। আর তা ঐ সময় হবে যখন ان তার ইসম ও খবর মিলে بتاويل مفرد হয়ে মুবতাদা হবে এবং তা হতে কিছু খবর পতিত হলে,তখন এমতাবস্থায় খবরকে মুবতাদার উপর মুকাদ্দাম করা ওয়াজিব। যেমন- عِنْدِىْ اَنَّكَ قَائِمٌ -এর মধ্যস্থিত عندى খবর আর ان مفتوحة তার ইসম ও খবর

মিলে بتاويل مفرد হয়ে মুবতাদা পতিত হয়েছে। কাজেই এ সময়ও খবরকে মুবতাদার উপর মুকাদ্দাম করা ওয়াজিব। খবরকে মুকাদ্দাম করা না হলে শব্দগত ও অর্থগতভাবে খারাবি সৃষ্টি হবে। শব্দগত অনিষ্টতা এভাবে হবে যে, মুবতাদাকে মুকাদ্দাম করা হলে ان مفتوحة টি ان مكسورة -এর সাথে পরিবর্তন হবে। কেননা, বাক্যের শুরুতে ان مكسورة পতিত হয়ে থাকে, ان مفتوحة পতিত হয় না। ان مكسورة টি ان مفتوحة হতে ভারি হয়ে থাকে। তাই বাক্যের মধ্যে হালকার স্থানে ভারি সৃষ্টি হয়ে যাবে। তা এক ধরনের অনিষ্টতা। আর অর্থগতভাবে অনিষ্টতা ان مفتوحة এবং খবরকে মুকাদ্দাম করার সময়ে বাক্যের অর্থ দাঁড়ায় আমি জানি যে তুমি দণ্ডায়মান, এই দাঁড়ানো চাই আমার নিকট হোক অথবা অন্যস্থানে দণ্ডায়মান। অতএব, এমতাবস্থায় বাক্যের অর্থ নির্দিষ্ট হয়ে যায়।

قَوْلُهُ وَجَبَ تَقْدِيْمُهُ : এটা শর্ত মুকাদ্দামের জাযা। উল্লিখিত সব সুরতে মুবতাদার উপর খবরকে মুকাদ্দাম করা ওয়াজিব। উল্লিখিত চার স্থান ব্যতীত আরো কয়েকটি স্থানে খবরকে মুবতাদার পূর্বে আনতে হয়। যথা–

পঞ্চম : মুবতাদায়ে محصور فيه -এর খবর। যথা– مَاقَائِمٌ اِلَّا زَيْدٌ - اِنَّمَا قَائِمٌ زَيْدٌ

ষষ্ঠ : فاء -এর সাথে সংযুক্ত মুবতাদার খবর। যথা– اَمَّا عِنْدَكَ فَزَيْدٌ

সপ্তম : যে খবরটি اسم اشارة مكانى যথা– ثُمَّ زَيْدٌ

অষ্টম : ঐ খবর যা মাকসুদে ক্ষতি সাধনকারী। যথা– لِلّٰهِ دَرُّكَ

নবম : খবরটি كم خبرية হলে। যথা– كَمْ دِرْهَمٍ مَالُكَ

দশম : খবরটি كم خبرية -এর সাথে এযাফত হলে। যথা– صَاحِبُ كَمْ غُلَامٍ اَنْتَ

এগারতম : কোনো প্রবাদ বাক্যে খবরটি মুকাদ্দাম হলে। যথা– فِىْ كُلِّ وَادٍ بَنُوْسَعْدٍ

তারকীব : قَوْلُهُ وَاِذَا كَانَ الْمُبْتَدَأُ مُشْتَمِلًا الخ : واو হরফে আত্ফ, اذا যরফে যমান শর্তের অর্থকে অন্তর্ভুক্তকারী মাফউলে ফীহ্ মুকাদ্দাম, كان ফে'লে নাকেস, كان টি المبتدأ -এর ইসম, مشتملا শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল। على হরফে জার, ما ইসমে মাওসূল, ل হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت শিবহে ফে'লের সাথে। ثابت শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবরে মুকাদ্দাম। صدر মুযাফ, الكلام মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদায়ে মুয়াখ্খার। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব হয়েছে مشتملا -এর সাথে। مشتملا শিবহে ফে'ল, তার ফায়েল এবং যরফে লগ্ব মিলে খবর। كان তার ইসম, খবর ও মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ আলাইহ। او হরফে আত্ফ, كانا ফে'লে নাকেস, যমীর هما তার ইসম, معرفتين মা'তূফ আলাইহ, او হরফে আত্ফ, متساويين শিবহে ফে'ল, উহ্য যমীর هما ফায়েল। শিবহে ফে'ল-তার ফায়েল মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে খবর। ফে'লে নাকেস-তার ইসম এবং খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ। او হরফে আত্ফ, كان ফে'লে নাকেস, الخبر টি كان-এর ইসম, فعلا মাওসূফ, لام হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا -এর সাথে। ثابتا শিবহে ফে'ল-তার ফায়েল ও যরফে মুস্তাকার মিলে সিফাত। মাওসূফ ও তার সিফাত মিলে খবর। كان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ। মা'তূফ আলাইহ-তার উভয় মা'তূফ মিলে শর্ত হয়েছে। وجب ফে'ল, تقديم মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে ফায়েল। وجب ফে'ল-তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও তার জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ হয়েছে। مثل মুযাফ, من ابوك মুরাদুল্ লফয মুযাফ ইলাইহ। মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে খবর, مثاله উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ মু'তারাযা। এ জুমলাটির তারকীব– من ইস্তিফহামের জন্য মুবতাদা। ابو মুযাফ, ك মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। نحو মুযাফ, اَفْضَلُ مِنْكَ اَفْضَلُ مِنِّىْ মুরাদুল্ লফয মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ মু'তারাযা হয়েছে। এই বাক্যটির পূর্ণ তারকীব– افضل শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল, من হরফে জার, ك মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। افضل শিবহে ফে'ল-তার ফায়েল এবং যরফে লগ্ব মিলে মুবতাদা। افضل শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, من

হরফে জার। نون وقاية يائے متكلم মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। افضل শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও যরফে লগ্‌ব মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। مثل মুযাফ, زيد قام মুরাদুল্ লফয মুযাফ ইলাইহ , মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله মুবতাদা মাহযূফ। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ মু'তারাযা। উক্ত জুমলাটির বিস্তারিত তারকীব– زيد মুবতাদা, قام ফে'ল, উহ্য যমীর هو ফায়েল। ফে'ল-তার ফায়েলে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে।

وَاِذَا تَضَمَّنَ الْخَبَرُ الْمُفْرَدُ الخ : واو হরফে আত্‌ফ, اذا শর্তের অর্থকে অন্তর্ভুক্তকারী যরফে যমান মাফউলে ফীহ মুকাদ্দাম। تضمن ফে'ল, الخبر মাওসূফ, المفرد শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল। শিবহে ফে'ল-তার নায়েবে ফায়েল মিলে সিফাত। الخبر মাওসূফ ও তার সিফাত মিলে ফায়েল, ما ইসমে মাওসূল, لام হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার, صدر মুযাফ, الكلام মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে ফায়েল। যরফ-তার ফায়েল মিলে জুমলায়ে যরফিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে মাফউলে বিহী। تضمن ফে'ল, তার ফায়েল, মাফউলে বিহী এবং মাফউলে ফীহ মুকাদ্দাম মিলে জুমলাহ হয়ে মা'তূফ আলাইহ। مثل মুযাফ, اين زيد মুরাদুল্ লফয মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله উহ্য মুবতাদা, মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ মু'তারাযা। জুমলাটির বিস্তারিত তারকীব– اين যরফে মকান মাফউলে ফীহ মুকাদ্দাম ثابت উহ্য শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল। শিবহে ফে'ল তার নায়েবে ফায়েল ও মাফউলে ফীহ মুকাদ্দাম মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবরে মুকাদ্দাম। زيد মুবতাদায়ে মুয়াখ্‌খার। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। او হরফে আত্‌ফ, كان ফে'লে নাকেস, যমীর هو তার ইসম, مصححا শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, لام হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। শিবহে ফে'ল-তার ফায়েল ও যরফে লগ্‌ব মিলে মা'তূফ আলাইহ। مثل মুযাফ, فِى الدَّارِ رَجُلٌ মুরাদুল্ লফয মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ মু'তারাযা। উক্ত জুমলাটির বিস্তারিত তারকীব– فى হরফে জার, الدار মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবরে মুকাদ্দাম। رجل মুবতাদায়ে মুয়াখ্‌খার। মুবতাদা ও খবর মিলে জুমলাটির ইসমিয়্যাহ। او হরফে আত্‌ফ, لام হরফে জার, متعلق মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফ। ضمير মাওসূফ, فى হরফে জার, المبتدأ মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তকার মিলে সিফাত, ضمير মাওসূফ তার সিফাত মিলে ফায়েল। যরফ ও ফায়েলে যরফ মিলে জুমলায়ে যরফিয়্যাহ হয়ে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ মু'তারাযা। বিস্তারিত তারকীব– على হরফে জার, التمرة মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবরে মুকাদ্দাম। مثل মুযাফ, ها মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুমায়্যিয। زيدا তামঈয। মুমায়্যিয ও তামঈয মিলে মুবতাদায়ে মুয়াখ্‌খার। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ। او হরফে আত্‌ফ, كان ফে'লে নাকেস, যমীর هو তার ইসম। خبرا মাওসূফ, عن হরফে জার, ان মুরাদুল্ লফয মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا -এর সাথে। ثابتا শিবহে ফে'ল, তার ফায়েল ও যরফে মুস্তাকার মিলে মাওসূফ। মাওসূফ ও তার সিফাত মিলে খবর। كان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ। মা'তূফ ও মা'তূফ আলাইহ মিলে শর্ত। مثل মুযাফ, عِنْدِى اَنَّكَ قَائِمٌ মুরাদুল্ লফয মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ মু'তারাযা বিস্তারিত তারকীব– عند মুযাফ, يائے متكلم মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ হয়েছে ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল, যমীর هو উহ্য নায়েবে ফায়েল এবং মাফউলে ফীহ মিলে খবরে মুকাদ্দাম। ان হরফে মুশাব্‌বাহ বিল ফে'ল, ك যমীর ইসমে আন্না, قائم শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল। শিবহে ফে'ল ও ফায়েল মিলে খবর। ان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়ে মুবতাদায়ে মুয়াখ্‌খার। মুবতাদায়ে মুয়াখ্‌খার ও খবরে মুকাদ্দাম মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। وجب ফে'ল, تقديم মুযাফ, ه মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে ফায়েল। ফে'ল ও তার ফায়েল মিলে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ হয়েছে।

وَقَدْ يَتَعَدَّدُ الْخَبَرُ مِثْلُ زَيْدٌ عَالِمٌ عَاقِلٌ وَقَدْ يَتَضَمَّنُ الْمُبْتَدَأُ مَعْنَى الشَّرْطِ فَيَصِحُّ دُخُوْلُ الْفَاءِ فِى الْخَبَرِ وَ ذَالِكَ الْاِسْمُ الْمَوْصُوْلُ بِفِعْلٍ اَوْ ظَرْفٍ اَوِ النَّكِرَةُ الْمَوْصُوْفَةُ بِهِمَا مِثْلُ اَلَّذِىْ يَاْتِيْنِىْ اَوْفِى الدَّارِ فَلَهٗ دِرْهَمٌ وَكُلُّ رَجُلٍ يَاْتِيْنِىْ اَوْ فِى الدَّارِ فَلَهٗ دِرْهَمٌ وَلَيْتَ وَلَعَلَّ مَانِعَانِ بِالْاِتِّفَاقِ وَالْحَقَ بَعْضُهُمْ اِنَّ بِهِمَا-

---

অনুবাদ : কখনো খবর একাধিক হয়ে থাকে। যেমন- زَيْدٌ عَالِمٌ عَاقِلٌ (যায়েদ জ্ঞানী বুদ্ধিমত্তা সম্পন্ন) আর মুবতাদা কখনো শর্তের অর্থকে শামিল করে, তাহলে খবরের মধ্যে فاء প্রবিষ্ট হওয়া শুদ্ধ হবে। আর তা (মুবতাদা) হলো ঐ ইসমে মাওসূল যার সেলাহ فعل বা ظرف-এর সাথে হয় কিংবা মুবতাদাটি ঐ নাকেরা যা উভয় (ফে'ল বা যরফ)-এর সাথে মাওসূফ হয়। যেমন- اَلَّذِىْ يَاْتِيْنِىْ اَوْ فِى الدَّارِ فَلَهٗ دِرْهَمٌ (যে আমার নিকট আসবে অথবা যে ঘরে রয়েছে তার জন্য এক দিরহাম) এবং كُلُّ رَجُلٍ يَاْتِيْنِىْ اَوْ فِى الدَّارِ فَلَهٗ دِرْهَمٌ আর لَعَلَّ ও لَيْتَ (খবরের মধ্যে فاء প্রবিষ্ট হওয়াকে) সর্বসম্মতিক্রমে বাধাদানকারী। কতেক নাহুবিদ اِنَّ কে উভয় (لَعَلَّ ও لَيْتَ) -এর সাথে সংযুক্ত করেছেন।

ব্যাখ্যা : قَوْلُهٗ وَقَدْ يَتَعَدَّدُ الْخَبَرُ الخ : খবর কখনো কয়েকটি হয়ে থাকে ; অথচ مخبر عنه (মুবতাদা) কয়েকটি হয় না। আর এটা দু'পদ্ধতিতে ব্যবহৃত হয়। (১) আত্ফ দ্বারা ব্যবহৃত হয়ে থাকে। যেমন- زَيْدٌ عَالِمٌ وَعَاقِلٌ (২) আত্ফবিহীন ব্যবহৃত হয়ে থাকে। যেমন- زَيْدٌ عَالِمٌ عَاقِلٌ মুসান্নিফ (র.) এ উদাহরণটিকে এবারতে উল্লেখ করেছেন। আত্ফের মাধ্যমে ব্যবহৃত খবর একাধিক হবার সুরতটিকে বর্ণনা না করার কারণ হলো, আত্ফের মাধ্যমে খবর একাধিক হওয়া (متعدد الخبر بالعطف) টা জুমলার মধ্যেও হয়ে থাকে। এখানে শুধু খবর একাধিক হওয়াকে বর্ণনা করা উদ্দেশ্য। এটাও বলা যেতে পারে যে, আত্ফের সাথে খবর একাধিক হওয়া (تعدد الخبر بالعطف) টা অধিক প্রকাশ্য হবার কারণে তাকে বর্ণনা করা তেমন প্রয়োজন হয়ে পড়েনি। পক্ষান্তরে আত্ফবিহীন খবর একাধিক হওয়া (تعدد الخبر بغير العطف) টা অস্পষ্ট হবার কারণে তা উল্লেখ করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। মুবতাদার খবর একাধিক হবার বিষয়টি তিন ভাগে বিভক্ত। যথা- (১) খবরগুলো শব্দ ও অর্থগতভাবে ভিন্ন ভিন্ন হওয়া তথা একটি খবর অপরটির বিরোধী হবে। যেমন আল্লাহ তা'আলার বাণী- وَهُوَ الْغَفُوْرُ الْوَدُوْدُ ذُو الْعَرْشِ الْمَجِيْدُ فَعَّالٌ لِّمَا يُرِيْدُ এ জাতীয় খবরগুলোকে আত্ফ দ্বারা যুক্ত করে পড়া বৈধ। (২) খবরগুলো কেবলমাত্র শব্দগতভাবে ভিন্ন, অর্থগতভাবে সবগুলো একটি অর্থ প্রদান করে, আর সে অর্থটি প্রত্যাশিত অর্থ হবে। যেমন- اَلطِّفْلُ سَمِيْنٌ نَحِيْفٌ اَىْ مُعْتَدِلٌ এরূপ অর্থ দানকারী একাধিক খবরকে আত্ফ দ্বারা সংযুক্ত করে পড়া অবৈধ। (৩) খবরগুলো শব্দ ও অর্থগতভাবে একাধিক হবে। মুবতাদাটিও একাধিক ফরদ বিশিষ্ট হবে। যেমন- اَلصَّدِيْقَانِ مُهَنْدِسٌ وَطَبِيْبٌ এ রকম খবরগুলোকে আত্ফ দ্বারা সংযুক্ত করে পড়া ওয়াজিব।

قَوْلُهٗ وَقَدْ يَتَضَمَّنُ الْمُبْتَدَأُ الخ : মুবতাদা কখনো শর্তের অর্থকে অন্তর্ভুক্ত করে। শর্তের অর্থ দ্বারা উদ্দেশ্য প্রথমটি দ্বিতীয়টির জন্য সবব হবে অথবা প্রথমটি দ্বিতীয়টির হুকুমের জন্য সবব হবে। অতএব, মুবতাদাটি شرط-কে অন্তর্ভুক্ত করলে খবরের উপর فاء দাখিল হওয়া শুদ্ধ হবে। কারণ, মুবতাদাটি শর্ত এবং খবরটি জাযার স্থলাভিষিক্ত হবে। প্রকাশ্য কথা, জাযায় فاء দাখিল হয় বিধায় খবরের মধ্যেও فاء দাখিল হবে। যদি কেউ আপত্তি করে, যে মুবতাদা শর্তের অর্থকে অন্তর্ভুক্ত করে,

তার প্রথমটি দ্বিতীয়টির সবব হবার উপর বুঝানো উদ্দেশ্য হলে, তাহলে খবরের উপর فاء নেওয়া ওয়াজিব হবে। আর যখন মুবতাদা শর্তের অর্থের উপর বুঝানো উদ্দেশ্য না হয় ; তখন খবরের উপর فاء দাখিল হওয়া নিষিদ্ধ হবে। এখানে দু'টি সুরত রয়েছে। একটি فاء কে দাখিল করা ওয়াজিব। অপরটি امتناع তথা فاء নেওয়া নিষিদ্ধ। অতঃপর মুসান্নিফ (র.)-এর উক্তি فَيَصِحُّ دُخُوْلُ الْفَاءِ فِى الْخَبَرِ কিভাবে শুদ্ধ হবে ? কারণ, يصح শব্দটি জায়েজ হিসেবে فاء দাখিল হওয়া বুঝায়। وجوب ও امتناع -এর উপর বুঝায় না। এ আপত্তির সমাধান- মুবতাদাকে অন্তর্ভুক্ত করার ক্ষেত্রে তিনটি ই'তেবার রয়েছে। (১) মুবতাদাটি سببية-এর অর্থের উপর বুঝানো উদ্দেশ্য এবং এ সময় شئ-এর শর্তসাপেক্ষে হলে খবরের উপর فاء দাখিল হওয়া ওয়াজিব। (২) মুবতাদাটি سببية -এর অর্থের উপর বুঝানো উদ্দেশ্য হয় এবং এ সময় لاشئ-এর শর্তসাপেক্ষে হয়, তার মধ্যে না বুঝানোর শর্ত লক্ষণীয় হবে। এমতাবস্থায় فاء দাখিল না হওয়া ওয়াজিব।(৩) মুবতাদা শুধুমাত্র معنى شرط-কে অন্তর্ভুক্তকারী হলে আর معنى سببية -এর উপর বুঝানো -না বুঝানো কোনোটিই উদ্দেশ্য না হলে তখন খবরের উপর فاء দাখিল হওয়া-না হওয়া উভয়টি সমান। তাই মুসান্নিফ (র.) এ দিকে লক্ষ্য করে فَيَصِحُّ دُخُوْلُ الْفَاءِ الخ বলেছেন।

قَوْلُهُ ذَالِكَ الْاِسْمُ الْمَوْصُوْلُ الخ : যে মুবতাদা معنى شرط কে শামিল করে তা কয়েকটি স্থানে হয়ে থাকে। (১) প্রত্যেক ঐ ইসমে মাওসূল যার সেলাহটি জুমলায়ে ফে'লিয়্যাহ বা এমন জুমলায়ে যরফিয়্যাহ, যাকে ফে'লিয়্যাহর দ্বারা তাবীল করা হয়। এ সম্পর্কে বসরা ও কূফাবাসীদের যুক্ত বিবৃতি রয়েছে। জুমলায়ে ফে'লিয়্যাহ ও জুমলায়ে যরফিয়্যাহ হবার শর্তারোপ করার কারণ হলো, যাতে মুবতাদার সদৃশতা শর্তের সাথে দৃঢ় হয়ে যায়। কেননা, শর্ত ফে'লই হয়ে থাকে। আর উল্লিখিত ইসমে মাওসূলের হুকুম প্রত্যেক ঐ ইসম যার সিফাত উল্লিখিত ইসমে মাওসূলের সাথে নেওয়া হবে। কারণ মাওসূফ ও সিফাত হুকুমের মধ্যে একই। যে মুবতাদা معنى شرط-কে শামিল করে তা দু'প্রকারের মধ্যে সীমাবদ্ধ। প্রথমটি ঐ ইসমে মাওসূল যার সেলাহটি জুমলায়ে ফে'লিয়্যাহ অথবা জুমলায়ে যরফিয়্যাহ হয়। দ্বিতীয়টি ঐ নাকিরা যা জুমলায়ে ফে'লিয়্যাহ বা যরফিয়্যাহ দ্বারা মাওসূফ হয়। উভয়টির মেছাল ইবারতের মধ্যে উল্লেখ হয়েছে। এ উভয় সুরত হলো মুবতাদার ঐ খবরের বর্ণনা করা, যার মধ্যে فاء প্রবিষ্ট হওয়া বৈধ ; কিন্তু ওয়াজিব হবার দু'টি সুরত রয়েছে। প্রথমত মুবতাদার উপর اما হরফে শর্ত দাখিল হলে। যেমন- اَمَّا زَيْدٌ فَمُنْطَلِقٌ দ্বিতীয়ত মুবতাদার মধ্যে معنى شرط বিদ্যমান থাকলে এবং তা উদ্দেশ্য হলে। যেমন- مَنْ جَاءَ بِالْحَسَنَةِ فَلَهُ وَمَا بِكُمْ مِّنْ نِّعْمَةٍ فَمِنَ اللّٰهِ اَوَ مَنْ كَانَ فِىْ هٰذِهٖ اَعْمٰى فَهُوَ فِى الْاٰخِرَةِ اَعْمٰى এবং (২) মুবতাদাটি عَشْرُ اَمْثَالِهَا -কে শামিল করার দ্বিতীয় সুরত, তা এমন নাকেরা হবে যার সিফাত জুমলায়ে ফে'লিয়্যাহ অথবা যরফিয়্যাহ হবে। আর ঐ নাকেরায়ে মাওসূফার হুকুম প্রত্যেক ঐ ইসম, যার সিফাতটি উল্লিখিত গুণে গুণান্বিত হবে।

قَوْلُهُ مِثْلُ الَّذِىْ يَاْتِيْنِىْ فَلَهُ دِرْهَمٌ : اَلَّذِىْ يَاْتِيْنِىْ فَلَهُ دِرْهَمٌ এ মেছালটি ঐ মাওসূলের যার সেলাহ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়। فى الدار الخ -এর বর্ণনা- اَلَّذِىْ فِى الدَّارِ فَلَهُ دِرْهَمٌ এটা ঐ ইসমে মাওসূলের উদাহরণ, যার সেলাহটি যরফ হয়ে থাকে। কাজেই فله درهم -এর সম্পর্ক উভয় মেছালের সাথে হবে। উল্লিখিত ইসমে মাওসূলের সাথে গুণান্বিত মুবতাদার উদাহরণ আল্লাহর বাণী قَالَ اِنَّ الْمَوْتَ الَّذِىْ تَفِرُّوْنَ مِنْهُ فَاِنَّهٗ مُلَاقِيْكُمْ যে নাকেরার সিফাতটি জুমলায়ে ফে'লিয়্যাহ হবে, তার মেছাল كُلُّ رَجُلٍ فِى الدَّارِ فَلَهُ دِرْهَمٌ আর كُلُّ رَجُلٍ يَاْتِيْنِىْ فَلَهُ دِرْهَمٌ এটা ঐ নাকেরার মেছাল, যা যরফের সাথে মাওসূফ হয়। যে ইসম نكرة موصوفة -এর যরফের দিকে মুযাফ হবে তার উদাহরণ-

غُلَامُ كُلِّ رَجُلٍ يَاْتِيْنِىْ اَوْ فِى الدَّارِ فَلَهُ دِرْهَمٌ

قَوْلُهُ وَلَيْتَ وَلَعَلَّ الخ : لعل ও ليت যখন এমন মুবতাদার উপর দাখিল হয়, যা معنى شرط-কে শামিল করে তখন উভয়টি খবরের মধ্যে فاء দাখিল হওয়াকে বাধা দান করে। কেননা, ليت ব্যবহৃত হয় انشاء تمنى -এর জন্য, আর لعل

ব্যবহৃত হয় انشاء ترجى -এর জন্য।। কাজেই এ দু'টি দাখিল হবার কারণে মুবতাদা ও খবর خبرية থেকে বের হয়ে انشاء -এর মধ্যে দাখিল হয়ে যাবে। আর যখন انشاء হয়ে যাবে তখন তার সদৃশতা শর্ত ও জাযার সাথে দূর হয়ে যায়। কারণ শর্ত ও জাযা اخبار-এর অন্তর্ভুক্ত, انشاء -এর অন্তর্ভুক্ত নয়। সুতরাং لَيْتَ وَلَعَلَّ الَّذِىْ يَاْتِيْنِىْ فِى الدَّارِ فَلَهُ دِرْهَمٌ বলা নাজায়েজ হবে, যদি কেউ বলে যেমনিভাবে لعل ও ليت খবরের মধ্যে فاء দাখিল হওয়াকে সর্বসম্মতিক্রমে বাধা দান করে, তেমনিভাবে افعال ناقصه - افعال قلوب فاء ও দাখিল হওয়া থেকে সর্বসম্মতিক্রমে বাধা দান করে। তদুপরি لعل ও ليت কে তাখসীস করার কারণ কি? **উত্তর** : এটা দ্বারা মুসান্নিফ (র.)-এর উদ্দেশ্য– مُخْتَلَفٌ فِيْهِ অধ্যায়কে বর্ণনা করা। যেমন– حروف مشبهة بالفعل -এর মধ্যে ليت ও لعل আর কিছু حرف রয়েছে যেগুলো বাধাদানকারী নয়। এ ব্যাপারে নাহুবিদ্দের ঐকমত্যের সৃষ্টি হয়েছে। যেমন– ان - আবার ان কারো নিকট বাধা দান করে আর কারো মতে করে না। তাই এখানে বিশ্লেষণ করা হয়েছে কোন হরফ বাধাদানকারী আর কোন হরফ নয়। পক্ষান্তরে افعال قلوب ও افعال ناقصه এ উভয়ের মধ্যে فاء প্রবিষ্ট হওয়াকে বাধাদানকারী কিন্তু مختلف فيه অধ্যায় নয়।

قَوْلُهُ وَالْحَقَ بَعْضُهُمْ الخ : কতেক নাহুবিদ مكسورة ان-কে لعل ও ليت -এর সাথে সম্পৃক্ত করত বলেছেন যেমনিভাবে لعل ও ليت -এর খবরের উপর فاء দাখিল হওয়াকে বাধাদানকারী, তেমনিভাবে مكسورة ان ও বাধাদানকারী। এর দলিল হলো, ان -কে تحقيق-এর জন্য গঠন করা হয়েছে। আর শর্ত জযা ترديد -এর উপর বুঝায়। ان যখন এমন মুবতাদার উপর দাখিল হবে যা معنى شرط কে অন্তর্ভুক্ত করে, তখন তার সদৃশতা শর্ত ও জাযার সাথে বিদূরীত হয়ে যায়। তাই فاء টি খবরের উপর দাখিল হওয়া জায়েজ হবে না ; কিন্তু তাদের এ উক্তি সঠিক নয়। কারণ, ان যদিও تحقيق (নিশ্চয়তা) -এর জন্য কিন্তু এটা বাক্যকে خبرية হতে انشائية -এর দিকে নেয় না। কাজেই বিশুদ্ধ অভিমতানুযায়ী ان প্রবিষ্ট হওয়ার পরও معنى شرط কে শামিলকারী মুবতাদার খবরের উপর فاء দাখিল হবে। যদি কেউ প্রশ্ন করে, ان (যের যোগে) কতেক নাহুবিদ্দের মতে খবরের মধ্যে فاء দাখিল হওয়াকে বাধা দানকারী নয়, অনুরূপভাবে ان (যবর যোগে) ও খবরের মধ্যে فاء প্রবিষ্ট হওয়াকে বাধাদানকারী নয়। এখানে ان(যের যোগে) উল্লেখ করা ও ان (যবর যোগে) ছেড়ে দেওয়ার কারণ কি ? **উত্তর** : যারা ان (যের যোগে) কে ليت ও لعل-এর সম্পৃক্ত করেন তারাই সমধিক ব্যক্তি, যেমন সীবাওয়াইহ। এটা ঐ সমস্ত নাহুবিদ্দের খেলাপ যারা ان (যবর যোগে)-কে فاء প্রবিষ্ট হওয়া থেকে বাধাদানকারী বলে উল্লেখ করেছেন, ঐ সমস্ত ব্যক্তিরা নির্ভরযোগ্য নয়। তাই প্রথম উক্তি অনুপাতে তাকে উল্লেখ করেছেন। আর দ্বিতীয় উক্তিকে গণ্য করেননি; অথচ উভয়ই দুর্বল। কুরআন মাজীদ ও فصحاء عرب (আরবদের বিশুদ্ধভাষী) হতে তাদের দুর্বল হওয়া বুঝা যায়। আল্লামা সীবাওয়াইহের অভিমত দুর্বল হওয়ার দলিল হলো আল্লাহর বাণী–إِنَّ الَّذِيْنَ كَفَرُوْا وَمَاتُوْا وَهُمْ كُفَّارٌ فَلَنْ تُقْبَلَ আর দ্বিতীয় উক্তি দুর্বল হওয়ার দলিল আল্লাহ রাব্বুল আলামীনের বাণী– وَاعْلَمُوْا اَنَّمَا غَنِمْتُمْ مِنْ شَىْءٍ فَاَنَّ لِلّٰهِ خُمُسَهُ (الاية)

তারকীব : قَوْلُهُ وَقَدْ يَتَعَدَّدُ الْخَبَرُ مِثْلُ الخ : واو হরফে আত্ফ, قد তাক্বলীলের জন্য, يتعدد ফে'ল, الخبر ফায়েল। ফে'ল ও ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ। مثل মুযাফ, زَيْدٌ عَالِمٌ عَاقِلٌ মুরাদুল লফ্য মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর, مثاله উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ। জুমলাটির বিস্তারিত তারকীব– زيد মুবতাদা, عالم শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল। শিবহে ফে'ল, তার ফায়েল মিলে খবরে আউওয়াল, عاقل শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল। শিবহে ফে'ল, তার ফায়েল মিলে খবরে ছানী। মুবতাদা ও তার উভয় খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ, قد তাক্বলীলের জন্য, يَتَضَمَّنُ ফে'ল, المبتدأ ফায়েল, معنى মুযাফ, الشرط মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে বিহী, يَتَضَمَّنُ ফে'ল, তার ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ। فاء ফসীহা يصح ফে'ল, دخول মুযাফ, الفاء

মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে ফায়েল। فى হরফে জার, الخبر মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব, دخول মাসদার মুযাফ, তার মুযাফ ইলাইহ এবং যরফে লগ্‌ব মিলে ফায়েল। يصح ফে'ল, তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। اذا كان الامر উহ্য শর্ত। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। واو হরফে ইস্তীনাফ, ذالك মুবতাদা, الاسم মাওসূফ, الموصول শিবহে ফে'ল ও যমীর هو নায়েবে ফায়েল মিলে সিফাত। با হরফে জার, فعل মা'তূফ আলাইহ। او হরফে আত্‌ফ, ظرف মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। الموصول শিবহে ফে'ল, তার নায়েবে ফায়েল এবং যরফে লগ্‌ব মিলে সিফাত। الاسم মাওসূফ ও সিফাত মিলে মা'তূফ আলাইহ। او হরফে আত্‌ফ, النكرة মাওসূফ, الموصوفة শিবহে ফে'ল, যমীর هى নায়েবে ফায়েল, با হরফে জার, هما মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। الموصوفة শিবহে ফে'ল, তার নায়েবে ফায়েল ও যরফে লগ্‌ব মিলে সিফাত। মাওসূফ ও তার সিফাত মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। مثل মুযাফ, اَلَّذِىْ يَاْتِيْنِىْ اَوْ فِى الدَّارِ الخ মুরাদুল্ লফ্‌য মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে।

বিস্তারিত তারকীব– الذى ইসমে মাওসূল, ياتى ফে'ল, যমীর هو ফায়েল, نون وقاية يائے متكلم মাফউলে বিহী। ফে'ল, ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে মুবতাদা, উহ্য রয়েছে فله درهم ; এর মধ্যে فا সববিয়্যাতের জন্য, لام হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফ, درهم ফায়েল। যরফ ও তার ফায়েল মিলে জুমলায়ে যরফিয়্যাহ হয়ে খবর। মুবতাদা ও তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। الذى ইসমে মাওসূল, فى হরফে জার, الدار মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার। ثبت ফে'ল, যমীর هو ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে মুবতাদা, فا সববিয়্যাতের জন্য, لام হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফ। درهم ফায়েল। যরফ ও ফায়েল মিলে জুমলায়ে যরফিয়্যাহ হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। كل মুযাফ, رجل মাওসূফ, ياتى ফে'ল, যমীর هو ফায়েল, نون وقاية يائے متكلم মাফউল। ياتى ফে'ল, তার ফায়েল ও মাফউল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সিফাত। رجل মাওসূফ ও তার সিফাত মিলে মুযাফ ইলাইহ। كل মুযাফ তার মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। فا সববিয়্যাতের জন্য, لام হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফ। درهم ফায়েল। যরফ ও তার ফায়েল মিলে জুমলায়ে যরফিয়্যাহ হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়ে পূর্ববর্তী জুমলার উপর আত্‌ফ হয়েছে। واو হরফে আত্‌ফ, ليت মা'তূফ আলাইহ, واو হরফে আত্‌ফ, لعل মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মুবতাদা, مانعان শিব্‌হে ফে'ল, যমীর هما ফায়েল, باء হরফে জার, الاتفاق মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব, مانعان শিবহে ফে'ল, তার ফায়েল এবং যরফে লগ্‌ব মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। واو হরফে ইস্‌তীনাফ, الحق ফে'ল, يعض মুযাফ, هم যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে ফায়েল, ان মাফউলে বিহী, ب হরফে জার, هما মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব হয়েছে الحق-এর সাথে। الحق ফে'ল, তার ফায়েল ও মাফউলে বিহী ও যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে।

وَقَدْ يُحْذَفُ الْمُبْتَدَأُ لِقِيَامِ قَرِيْنَةٍ جَوَازًا كَقَوْلِ الْمُسْتَهِلِّ اَلْهِلَالُ وَاللّٰهِ وَالْخَبَرُ جَوَازًا مِثْلُ خَرَجْتُ فَاِذَا السَّبُعُ وَ وُجُوْبًا فِيْمَا اُلْتُزِمَ فِيْ مَوْضِعِهٖ غَيْرُهٗ مِثْلُ لَوْلَا زَيْدٌ لَكَانَ كَذَا وَمِثْلُ ضَرْبِيْ زَيْدًا قَائِمًا وَكُلُّ رَجُلٍ وَضَيْعَتُهٗ وَلَعَمْرُكَ لَاَفْعَلَنَّ كَذَا - خَبَرُ اِنَّ وَاَخَوَاتِهَا هُوَ الْمُسْنَدُ بَعْدَ دُخُوْلِ هٰذِهِ الْحُرُوْفِ مِثْلُ اِنَّ زَيْدًا قَائِمٌ وَاَمْرُهٗ كَاَمْرِ خَبَرِ الْمُبْتَدَأِ اِلَّا فِيْ تَقْدِيْمِهٖ اِلَّا اِذَا كَانَ ظَرْفًا-

---

অনুবাদ : কখনো কারীনা পাওয়া যাবার সময়ে মুবতাদাকে জায়েজ হিসেবে বিলোপ করা হয়। যেমন- নতুন চাঁদ দর্শনকারী ব্যক্তির উক্তি اَلْهِلَالُ وَاللّٰهِ (আল্লাহর কসম, এটা চাঁদ)। আর খবরকে জায়েজ হিসেবে বিলোপ করা হয়। যেমন- خَرَجْتُ فَاِذَا السَّبُعُ (আমি বের হলাম হঠাৎ হিংস্র প্রাণী বিদ্যমান)। ওয়াজিব হিসেবে সে সমস্ত স্থানে খবরকে বিলোপ করা হয়, যখন তার খবরের স্থানে অন্যকে আবশ্যক করে দেওয়া হয়। যেমন- لَوْلَا زَيْدٌ لَكَانَ كَذَا (যদি যায়েদ না হতো তাহলে এরূপ হতো) যেমন- ضَرْبِيْ زَيْدًا قَائِمًا (আমার প্রহার করা যায়েদকে দণ্ডায়মান অবস্থায়), كُلُّ رَجُلٍ وَضَيْعَتُهٗ (প্রত্যেক মানুষ তার পেশার সাথে জড়িত), وَلَعَمْرُكَ لَاَفْعَلَنَّ كَذَا (তোমার জিন্দেগীর শপথ আমি এরূপ করব)।

اِنَّ ও তার সমজাতীয়দের خبر এমন একটি ইসম যা এসব হরফ প্রবিষ্ট হবার পর مسند হয়। যেমন- اِنَّ زَيْدًا قَائِمٌ (নিশ্চয় যায়েদ দন্ডায়মান) আর তার হুকুম মুবতাদার খবরের হুকুমের অনুরূপ, কিন্তু তাকে মুকাদ্দাম করার ক্ষেত্রে ব্যতিক্রম; তবে যখন তা (ان -এর খবর) ظرف হবে।

ব্যাখ্যা : قَوْلُهٗ وَقَدْ يُحْذَفُ الْمُبْتَدَأُ : তখনই মুবতাদাকে বিলোপ করা জায়েজ যখন কোনো কারীনা প্রতিষ্ঠিত হয়, চায় ঐ কারীনাটি حالية হোক অথবা مقالية হোক। এখানে মুবতাদাকে বিলোপ করা জায়েজ, ওয়াজিব নয়। لِقِيَامِ قَرِيْنَةٍ -এর মধ্যে لام টি وقت (সময়) অর্থে ব্যবহৃত, اجل (কারণ) অর্থে নয়। কেননা, কারীনা حذف কে বিশুদ্ধকারী হয়, قرينة -এর দাবিদার নয়। يُحْذَفُ الْمُبْتَدَأُ حَذْفًا جَائِزًا। جوازا শব্দটি তারকীবের মধ্যে উহ্য মাফউলে মুতলাকের সিফাত হয়েছে। মুবতাদাকে কখনো প্রতিষ্ঠিত হবার সময়ে বিলোপ করা হয়। আর قرينة হলো مَايَدُلُّ عَلَى الْمَقْصُوْدِ যা উদ্দেশ্যের উপর বুঝায়। قرينة দু'প্রকার। যথা- (১) قرينة لفظية (২) قرينة عقلية যেমন- চাঁদ দর্শনকারী اَلْهِلَالُ وَاللّٰهِ বলা। অর্থাৎ هٰذَا الْهِلَالُ وَاللّٰهِ এখানে মুবতাদাকে قرينة حالية -এর কারণে বিলোপ করে দেওয়া হয়েছে। যদি কেউ প্রশ্ন করে, এখানে মুবতাদা বিলুপ্ত হওয়া আমরা মানি না ; বরং বলব যে, খবর বিলোপ করে মূলত اَلْهِلَالُ هٰذَا وَاللّٰهِ ছিল। **উত্তর :** এ স্থানে খবর বিলুপ্ত হওয়াকে মানা ঠিক নয়। চাঁদ দর্শনকারী বক্তব্য দ্বারা উদ্দেশ্য- ইশারার মাধ্যমে একটি বস্তুকে নির্দিষ্ট করা এবং তজ্জন্য هلالية সাব্যস্ত করা, যেন চাঁদের দিকে দৃষ্টিপাতকারী তার দিকে মনোনিবেশ করে। যেমনিভাবে ঐ ব্যক্তি চাঁদ দেখেছে তেমনিভাবে অপর ব্যক্তিকে যেন চাঁদ দেখাতে পারে। এটা সুস্পষ্ট যে, উপরোক্ত অর্থটি মুবতাদা বিলুপ্ত হবার সুরতে হাসিল হয়, খবরকে বিলোপ করার দ্বারা নয়। কারণ খবরকে বিলোপ করার সুরতে এ অর্থ হবে যে, চন্দ্রের অস্তিত্বকে অধিকভাবে সাব্যস্ত করা। কিন্তু তার অস্তিত্ব নির্দিষ্ট নয় যে, এই চন্দ্র, না ঐ চন্দ্র ? অতঃপর চাঁদ দর্শনকারী তার উক্তি اَلْهِلَالُ هٰذَا দ্বারা নির্দিষ্ট করে দিয়েছেন। এ অর্থটি উদ্দেশ্যের পরিপন্থী। অতএব, খবরকে মুকাদ্দাম করা হবে না। অতঃপর اَلْهِلَالُ وَاللّٰهِ শব্দটিকে -এর পরে বৃদ্ধি করা হয়েছে চাঁদ দর্শনকারীদের স্বভাব মোতাবেক অথবা এ কারণে যে, যদি اَلْهِلَالُ -এর পরে وَاللّٰهِ বলা না

হতো তাহলে সন্দেহ সৃষ্টি হতো, এটা মূলত رَأَيْتُ الْهِلَالَ ছিল। উহার মধ্যে ফে'লকে বিলোপ করা হয়েছে অথবা والله দ্বারা শপথ করা না হলে এ সন্দেহও হতে পারে যে, ابصر কে উহ্য মেনে নেওয়ার সাথে الهلال যবর বিশিষ্ট ছিল, তবে حالت قف -এর মধ্যে সাকিন হয়ে গেছে।

قَوْلُهُ وَالْخَبَرُ جَوَازًا الخ : কখনো খবরকে জায়েজ হিসেবে বিলোপ করা হয়। যখন তার স্থানে অন্য কিছুকে স্থলাভিষিক্ত করা হয়। মুসান্নিফ (র.)-এর উক্তি الخبر-এর আত্ফ المبتدأ-এর উপর হয়েছে। جوازا কে তারকীব অনুপাতে প্রথমোক্ত جوازا -এর উপর অনুমান করা উচিত। খবরকে বিলোপ করার উদাহরণ خَرَجْتُ فَإِذَا السَّبُعُ -এর মধ্যে খবরটি বিলুপ্ত রয়েছে। কারণ প্রকৃতপক্ষে বাক্যটি ছিল- خَرَجْتُ فَإِذَا السَّبُعُ وَاقِفٌ বা موجود যা বিলুপ্ত হয়েছে। আর এটাকে হযফ করা জায়েজ, ওয়াজিব নয়। কেননা, হযফ করা ওয়াজিব ঐ স্থানে হয় যেখানে অন্যকিছুকে খবরের স্থানে লাযেম করে দেওয়া হয়। এখানে এরূপ নয়। এই মেছালে খবরকে বিলোপ করার উপর مفاجاتية اذا হলো কারীনা। আর এটা ظروف زمان-কে অন্তর্ভুক্তকারী হবার কারণে এটার তা'আল্লুক ফে'ল অথবা শিবহে ফে'লের সাথে হওয়া জরুরি। ঐ ফে'লটি افعال عامة-এর মধ্য থেকে হয়ে থাকে। যেমন– كَوْن ، ثُبُوْت ، حُصُوْل ، وُجُوْد আর مفاجاتية اذا -এর পরে মুবতাদা ও খবর পতিত হয়ে থাকে। উল্লিখিত উদাহরণে سياق كلام (বাক্যের পূর্বাপর সম্পর্ক) কারীনা থাকার কারণে واقف-কে বিলোপ করা হয়েছে। তাইতো বাক্যের অর্থ দাঁড়ায়–আমি ঘর হতে বের হলাম, হঠাৎ হিংস্র প্রাণী দণ্ডায়মান। এ বাক্যটি খবরকে বিলোপ করার অধ্যায়ে তখনই হবে যখন اذا-কে مفاجات زمانى -এর জন্য নেওয়া হবে। যদি اذا-কে مفاجات مكانى -এর জন্য নেওয়া হয় তখন اذا টি السبع -এর খবরে মুকাদ্দাম হবে। বাক্যের মূলরূপ خَرَجْتُ فَفِيْ مَكَانِى السَّبُعُ অর্থ– আমি বের হলাম আমার আগমন স্থানে হিংস্র প্রাণী বিদ্যমান। তখন তা আমাদের আলোচনার বহির্ভূত বিষয় হয়ে দাঁড়াবে। কারণ সে সময় তার খবর উল্লিখিত থাকে।

قَوْلُهُ وُجُوْبًا فِيْمَا الْتُزِمَ الخ : وجوبا-এর আত্ফ جوازا -এর উপর হয়েছে। কখনো খবর কারীনা পাওয়া যাবার সময়ে ওয়াজিব হিসেবে বিলোপ করা হয়। এটা ঐ তারকীবের মধ্যে হবে যেখানে غير خبر-কে খবরের স্থানে লাযেম করে নেওয়া হয়। তা চারটি স্থানে হয়ে থাকে। যথা–(১) قَوْلُهُ لَوْلَا زَيْدٌ لَكَانَ كَذَا : অর্থাৎ যে স্থানে মুবতাদা لولا -এর পরে পতিত হয় এবং لولا -এর খবর افعال عامة-এর মধ্য থেকে হয়ে থাকে। যেহেতু সেখানে খবর বিলুপ্ত হবার কারীনা বিদ্যমান এবং لولا-এর জওয়াব খবরের স্থানে হয়েছে। কাজেই খবরকে বিলোপ করা ওয়াজিব। অন্যথায় خلف ও اصل (মূল ও প্রতিনিধি) একত্রিত হওয়া লাযেম আসবে। আর তা নাজায়েজ। যেমন– لَوْلَا زَيْدٌ مَوْجُوْدٌ لَوْلَا زَيْدٌ لَكَانَ كَذَا অর্থাৎ এখানে موجود খবরটিকে ওয়াজিব হিসেবে বিলোপ করা হয়েছে। এখন প্রশ্ন لولا-এর খবর বিলুপ্তির কারীনা কি ? **উত্তর :** اِنْتِفَاءُ ثَانِىْ بِسَبَبِ وُجُوْدِ الْاَوَّلِ (প্রথমটি পাওয়া যাবার কারণে দ্বিতীয়টি না হওয়া)-এর উপর বুঝানোর জন্য গঠন করা হয়েছে। এটা খবর বিলুপ্ত হবার কারীনা আর لولا-এর জওয়াবটি খবরের স্থানে হয়েছে। সুতরাং موجود খবরকে বিলোপ করা ওয়াজিব। তবে তা ঐ সময় হবে যখন খবর افعال عامة থেকে হবে। যদি খবরটি افعال خاصة থেকে হয়, তাহলে খবরকে বিলোপ করা ওয়াজিব হবে না। যেমন– لَوْلَا زَيْدٌ مُصَلٍّ لَكَانَ كَذَا এবং কবির উক্তি, শ্লোক–

لَوْلَا الشِّعْرُ بِالْعُلَمَاءِ يَزْرِىْ * لَكُنْتُ الْيَوْمَ اَشْعَرُ مِنْ لَبِيْدٍ

এ পংক্তিটি ইমাম শাফেয়ী (র.) আবৃত্তি করেছেন। কবিতাটির অর্থ– যদি কবিতা আবৃত্তিকারী ওলামাদেরকে দোষী সাব্যস্ত করা না হতো তাহলে আমি আজ লবীদ থেকেও বড় কবি হতাম। লবীদ-তিনি আবূ আ'কাল লবীদ ইবনে রাবী'য়া যিনি রাসূল ﷺ -এর জমানায় প্রসিদ্ধ কবি ছিলেন। তিনি اصحاب معلقة -এর মধ্য হতে একজন। হযরত ওমর (রা.)-এর জমানায় ইবাদতের উদ্দেশ্যে নির্জনতা অবলম্ব করেছেন। হযরত ওমর (রা.) কবিদের কবিতায় ইসলামের প্রভাব নির্ণয় করতে মনস্থ করলেন। এ মর্মে তিনি লবীদের নিকট থেকে একটি নতুন কবিতা চাইলে লবীদ সূরা বাক্বারা থেকে কিছু আয়াত লিখে পাঠালেন ; শেষের দিকে লিখে ছিলেন هٰذِهِ الشَّمْسُ قَدْ اَطْفَأَتْ قَنَادِيْلَ الشَّاعِرِيَّةِ مُطْلَقًا অর্থাৎ এ সূর্য কবিত্বের সব আলো নির্বাপিত করে দিয়েছে। আরবি সাহিত্য জগতে তিনি এক উজ্জ্বল নক্ষত্র ছিলেন। ইসলাম গ্রহণের পর কবিতা রচনা পরিত্যাগ করত বলেছিলেন, কুরআনই আমার জন্য যথেষ্ট। তিনি ৪১হিজরিতে ১৫৭ বৎসর বয়সে ইন্তেকাল করেন।

قَوْلُهُ مِثْلُ ضَرْبِىْ زَيْدًا الخ : যখন মুবতাদা মাসদার হবে এবং ফায়েল অথবা মাফউল বা উভয়ের দিকে মুবতাদার এযাফত হবে। এরপরে ফায়েল অথবা মাফউল বা উভয়ের হতে حال উল্লিখিত হবে। যেমন– ضَرْبِىْ زَيْدًا قَائِمًا এটা মূলত ضَرْبِىْ زَيْدًا حَاصِلٌ اِذَا كَانَ قَائِمًا ছিল। এ স্থানে كان টি ফে'লে তাম ثبت অর্থে ব্যবহৃত। এখানে حاصل খবরকে বিলোপ করা হয়েছে। কারণ كان-اذا-এর মধ্যে اذا যরফ এবং حاصل -এর মুতায়াল্লাক। প্রথমে متعلق ظرف বিলোপ করা হয়েছে। যেহেতু যরফ তার متعلق -এর উপর বুঝায়। অতঃপর যরফকেও বিলোপ করা হয়েছে। কারণ, حال তথা قائما ظرف -এর উপর বুঝায়। কেননা, ظرف ও حال জমানার মধ্যে এক প্রকারের বিশেষ সদৃশতা রয়েছে। যেমন– جَاءَ نِىْ زَيْدٌ رَاكِبًا -এর অর্থ– جَاءَ نِىْ زَيْدٌ فِىْ زَمَانِ رُكُوْبِهٖ যার حال যরফের স্থলাভিষিক্ত আর ظرف খবরের স্থলাভিষিক্ত। সুতরাং حال খবরের স্থলাভিষিক্ত হয়েছে। অতএব, যখন এ স্থানে খবর বিলুপ্ত হবার কারীনা এবং তার স্থলাভিষিক্ত উভয়টি পাওয়া যায়, তখন খবরকে বিলোপ করা ওয়াজিব।

জেনে রাখা উচিত যে, ضَرْبِىْ زَيْدًا حَاصِلٌ اِذَا كَانَ قَائِمًا -এর উহ্যরূপ তখনই হবে যখন قائما কে মাফউল তথা زيدا থেকে حال বলা হবে। যখন তার ফায়েল তথা ضمير متكلم থেকে حال বলা হবে তখন উহ্যরূপ ضَرْبِىْ زَيْدًا حَاصِلٌ اِذَا كُنْتُ قَائِمًا আর তাকে ফায়েল ও মাফউল উভয়টি হতে حال বললে তখন উহ্যরূপ হবে–

ضَرْبِىْ زَيْدًا حَاصِلٌ اِذَا كَانَا قَائِمَيْنِ –

قَوْلُهُ وَكُلُّ رَجُلٍ الخ : যখন মুবতাদার খবর مقارنة (মিলিত হওয়া) এর অর্থকে শামিল করে এবং মুবতাদার উপর مع অর্থে ব্যবহৃত واو -এর দ্বারা কোনো ইসমকে তার উপর আত্ফ করা হয়। যেমন– كُلُّ رَجُلٍ وَضَيْعَتُهٗ অর্থাৎ كُلُّ رَجُلٍ مَعَ ضَيْعَتِهٖ مَقْرُوْنٌ উল্লিখিত উদাহরণে মুবতাদার খবর তথা مقرون বিলুপ্ত হয়েছে। কারণ واو টি مقرون -এর উপর বুঝাচ্ছে। মা'তূফটি খবরের স্থানে হয়েছে। অতএব, খবরকে বিলোপ করা ওয়াজিব। নতুবা দু'টি বদলকে একত্রিত করা লাযেম আসবে। যদি কেউ প্রশ্ন করে, উল্লিখিত উদাহরণে ضيعته -এর আত্ফ মুবতাদার উপর হয়েছে। কাজেই তা কিভাবে খবরের স্থলাভিষিক্ত হতে পারে ? কারণ, মা'তূফটি মা'তূফ আলাইহের স্থলাভিষিক্ত হতে পারে, অন্য কোনো ইসমের স্থলাভিষিক্ত হতে পারে না। **উত্তর :** প্রকাশ্যভাবে যদিও ضيعته -এর আত্ফ অবশ্যই মুবতাদার উপর হয়েছে ; কিন্তু প্রকৃতপক্ষে তা আত্ফ مقرون -এর মধ্যে লুক্কায়িত যমীরে উপর হয়েছে, যা مقرون-এর নায়েবে ফায়েল এবং মুবতাদার দিকে প্রত্যাবর্তিত। সুতরাং যখন ضيعته -এর আত্ফ বাস্তবে খবরের যমীরের উপর হয়েছে, তখন তার (খবরের) স্থলাভিষিক্ত হওয়া সঠিক হয়েছে। তবে, এই সুরতে একটি আপত্তি উত্থাপিত হয়, যেহেতু ضيعته-এর আত্ফ খবরের মধ্যস্থিত যমীরের উপর মেনে নেওয়া হয়েছে। আর তা যমীরে মুত্তাসিল। কায়দা হলো, যমীরে মুত্তাসিলের উপর فاصلة বা মুনফাসিল দ্বারা তাকীদ নেওয়া ব্যতীত আত্ফ জায়েজ নেই। এই আত্ফ কিভাবে শুদ্ধ হবে ? **উত্তর :** যমীরে মুত্তাসিলের উপর কোনো ইসমকে মুনফাসিল দ্বারা তাকীদ নেওয়া ব্যতীত আত্ফ করা সে সময় নাজায়েজ, যখন উদ্দেশ্য অনুপাতে এ আত্ফ অপর কোনো বস্তুর দিকে راجع না হয়। আর যে সময় উদ্দেশ্য অনুপাতে এই আত্ফ অপর কোনো বস্তুর দিকে راجع হয়, যেমনিভাবে এখানে মুবতাদার দিকে راجع হয়েছে এবং বাহ্যিকভাবে মুবতাদার উপর আত্ফ হয়েছে, তাহলে এক্ষেত্রে জায়েজ হবে। উল্লেখ্য যে, الضيعة (যবর যোগে পঠিত) পানি এবং জমিকে বলা হয়। صَاحِبُ كَشْفِ لُغَاتْ -এর মতে, ضيعة -এর অর্থ–আশা আকাঙ্খা অথবা ضيعة শব্দ حرفة তথা পেশা অর্থে ব্যবহৃত হয়ে থাকে।

قَوْلُهُ وَلَعَمْرُكَ لَاَ فْعَلَنَّ الخ : যে সব স্থানে খবরকে বিলোপ করা ওয়াজিব তন্মধ্যে চতুর্থ স্থান, যখন মুবতাদাটি مقسم -এর তার খবর قسم (শপথ) হবে। যেমন لَعَمْرُكَ لَاَفْعَلَنَّ كَذَا এটা মূলত لَعَمْرُكَ قَسَمِىْ لَاَفْعَلَنَّ كَذَا ছিল। এখানে لام قسم টি توطية -এর জন্য। আর عمرك মুরাক্কাবে এযাফী, মুবতাদা ও قسمى – مقسم به মূলত এযাফী হয়ে খবর। এ সূরতে খরবটিকে বিলোপ করা ওয়াজিব। অন্যথায় দু'টি عوض (বদলা) একত্রে লাযেম আসবে। আর তা নাজায়েজ।

قَوْلُهُ خَبَرُ اِنَّ وَاَخَوَاتِهَا الخ : ان ও তার সমজাতীয়দের খবর مرفوعات-এর অন্তর্ভুক্ত। এগুলো ছয়টি। যথা- لٰكِنَّ- كَاَنَّ- لَيْتَ و لَعَلَّ যেগুলোকে الحروف المشبهة بالفعل বলা হয়। কারণ অর্থগতভাবে فعل متعدى-এর সাথে এদের সামঞ্জস্যতা রয়েছে। যথা-(১) গঠনগত : ফে'ল ثلاثى (তিনাক্ষর বিশিষ্ট) হয়। অনুরূপভাবে এগুলোর মধ্যে ان، ان ও ليت তিনাক্ষর বিশিষ্ট। ফে'ল কখনো رباعى (চার অক্ষর বিশিষ্ট) হয়, তেমনিভাবে এদের মধ্যে كان ও- رباعى (চার অক্ষর বিশিষ্ট) আবার কখনো ফে'ল خماسى (পাঁচ অক্ষর বিশিষ্ট) তেমনিভাবে لكن ও خماسى (পাঁচ অক্ষর বিশিষ্ট হয়)।(২) অর্থগত : اِنَّ ও اَنَّ তাকীদের অর্থে ব্যবহৃত। এ দু'টি تَحَقَّقْتُ অর্থে, كَاَنَّ : شَبَّهْتُ অর্থে, تَمَنَّيْتُ : لَيْتَ অর্থে, لَعَلَّ : تَرَجَّيْتُ অর্থে ব্যবহৃত হয়। পর্যায়ক্রমে উদাহরণ- اِنَّ الْمَالَ عِمَادُ الْعُمْرَانِ এটা তাহকীক (নিশ্চয়তা) অর্থে, لَيْتَ غَدًا يَجِئُ এটি تمنى (আকাঙ্ক্ষা) অর্থে, যেমন- كَاَنَّ زَيْدًا اَسَدٌ এটা التشبيه (তুলনা) অর্থে, لَعَلَّ زَيْدٌ غَنِيٌّ لٰكِنَّهُ بَخِيْلٌ তা الترجى (সম্ভাবনাময় বস্তুর আকাঙ্ক্ষা) অর্থে, اَلْاِمْتِحَانَ سَهْلٌ এটাতে টি لكن الاستدراك (পূর্ববাক্য হতে সংশয় নিরসন) অর্থে ব্যবহৃত হয়েছে। (৩) عمل তথা আমলগত : فعل متعدى যেমনিভাবে ফায়েল ও মাফউলে দু'টি ইসিমের উপর আমল করে, তেমনিভাবে এগুলো দু'টি ইসিমের উপর আমল করে। এ হরফগুলো তার ইসমকে نصب এবং খবরকে رفع দেয়। একটি প্রশ্ন হয়, فعل متعدى ফায়েলকে পেশ বিশিষ্ট এবং মাফউলকে যবর বিশিষ্ট করে থাকে। অথচ এ হরফগুলো কিন্তু এর ব্যতিক্রম তথা ইসমকে نصب এবং খবরকে رفع দেয়। বুঝা যায় আমলগতভাবে এই হরফগুলো ফে'লের সাথে সাদৃশ্যপূর্ণ নয়। **উত্তর** : এ সমস্ত হরফগুলো যেহেতু আমলগতভাবে فعل متعدى-এর فرع (শাখা), সেহেতু এগুলোর আমলও ফে'লের فرع -এর ন্যায় হবে।

قَوْلُهُ وَالْمُسْنَدُ بَعْدَ دُخُوْلِ الخ : বাক্যের মধ্যে এ সমস্ত হরফ থেকে কোনো একটি হরফ প্রবিষ্ট হবার পর খবরটি مسند হয়ে থাকে। এ সংজ্ঞার মধ্যে جنس এটা كان و المسند خبر - خبرالمبتدأ و لنفى جنس لا خبر সবগুলোকে শামিল করে। মুসান্নিফ (র.)-এর উক্তি بَعْدَ دُخُوْلِ هٰذِهِ الْحُرُوْفِ হলো فصل ; এটা দ্বারা সর্ব প্রকারের খবর বের হয়ে যায়। যদি কেউ প্রশ্ন করে, اِنَّ زَيْدًا يَقُوْمُ اَبُوْهُ-এর মধ্যে يقوم টি ان দাখিল হবার পর مسند হয়েছে। সুতরাং খবরের সংজ্ঞাটি তার উপরও প্রযোজ্য হয় ; অথচ তা খবর নয় ; বরং يَقُوْمُ اَبُوْهُ-এর একত্রিত রূপই খবর। **উত্তর** : دُخُوْلُ هٰذِهِ الْحُرُوْفِ দ্বারা উদ্দেশ্য-তা (حرف) -এর প্রভাব শব্দগত ও অর্থগতভাবে ঐ مسند পর্যন্ত পৌঁছতে হবে। অতঃপর শব্দগত প্রভাব হলো حرف مشبهة بالفعل দাখিল হবার পর তা لَفْظًا (শব্দগত), تَقْدِيْرًا (উহ্যভাবে) ও محلا (স্থানগতভাবে) পেশ বিশিষ্ট হবে। আর অর্থগত প্রভাব হলো مسند اليه-এর مدلول (নির্দেশিত অর্থ) টা مسند-এর জন্য নিশ্চিয়তার সাথে হওয়া। অতএব, এখানে ان হরফটি এ দৃষ্টিকোণে তার প্রভাব يَقُوْمُ اَبُوْهُ জুমলাটির মধ্যে করেছে। শুধুমাত্র يقوم-এর মধ্যে নয়। কারণ يقوم ابوه -এর দিকে مسند হয়েছে ان-এর ইসম তথা যায়েদের দিকে নয়।

وَقَوْلُهُ وَاَمْرُهُ كَاَمْرِ خَبَرِ الْمُبْتَدَاِ : ان ও তার সমগোত্রীয় হরফগুলোর হুকুম مفرد (একক), جملة (বাক্য), معرفة (নির্দিষ্ট), এবং نكره (অনির্দিষ্ট) হবার ক্ষেত্রে مبتداء -এর খবরের হুকুমের অনুরূপ। অর্থাৎ মুবতাদার খবর যেমনিভাবে معرفة، جملة، مفرد এবং نكره ও معرفة، جمله، مفرد হয় তেমনিভাবে ان ও তার সমজাতীয় হরফগুলোর খবরটিও نكرة হয়ে থাকে। জুমলা হবার ক্ষেত্রে তা জুমলায়ে اسمية ، فعلية، ظرفية ও شرطية হতে পারে। খবর যখন جملة হয়, তখন তার মধ্যে একটি যমীর থাকতে হবে, যা ان -এর ইসিমের দিকে প্রত্যাবর্তনকারী হবে। ان ও তার সমগোত্রীয় হরফগুলোর হুকুম মুবতাদার খবর, একটি একাধিক, হ্যাঁ-বাচক, না-বাচক এবং উহ্য হবার ক্ষেত্রে একই হুকুম হবে।

قَوْلُهُ اِلَّا فِىْ تَقْدِيْمِهِ : এ বাক্যাংশের ভাবার্থ- لَيْسَ اَمْرُهُ كَاَمْرِ خَبَرِ الْمُبْتَدَاِ فِىْ تَقْدِيْمِهِ فَاِنَّهُ لَا يَجُوْزُ تَقْدِيْمُهُ عَلَى الْاِسْمِ অর্থাৎ ان ও তার সমগোত্রীয় হরফসমূহের খবরের হুকুম তাকে ইসিমের উপর মুকাদ্দাম করার ক্ষেত্রে মুবতাদার খবরের হুকুমের অনুরূপ নয়। কেননা, তাদের খবরকে ইসিমের উপর মুকাদ্দাম করা জায়েজ নেই। আসলে এটা একটি উহ্য প্রশ্নের জবাব। **প্রশ্ন** : ان -এর খবরের হুকুম মুবতাদা-খবরের মত হবার কারণে মুবতাদার খবরের ন্যায় ان-এর

খবরকেও তার ইসিমের উপর মুকাদ্দাম করা জায়েজ আছে কিনা ? মুসান্নিফ (র.) উক্ত প্রশ্নের উত্তরে বলেন, ان ও তার সমগোত্রীয় শব্দসমূহের খবরকে اسم-এর উপর এ মুকাদ্দাম করা বৈধ নয়। কেননা, এ শব্দগুলো আমলের ক্ষেত্রে দুর্বল। আর দুর্বল আমেল বাক্যস্থিত শব্দসমূহের তারতীব ঠিক থাকা অবস্থায় শুধুমাত্র আমল করতে পারে। এ তারতীব ছিন্ন হলে তাদের আমল বাতিল হয়ে যাবে। তাইতো اِنَّ قَائِمٌ زَيْدًا বলা যাবে না। কারণ তারতীব পাল্টিয়ে যাবার কারণে শব্দগুলো আমল করতে পারবে না।

قَوْلُهُ اِلَّا اِذَا كَانَ ظَرْفًا : খবর যদি ظرف হয়, তবে তাকে اسم -এর উপর মুকাদ্দাম করা জায়েজ। কেননা, ظرف -এর মধ্যে توسع (প্রশস্ততা) রয়েছে, যা অন্যের মধ্যে নেই। কারণ, কোনো কিছুই ظرف তথা স্থান কালের উর্ধ্বে নয়। বাক্যের মধ্যে যরফের ব্যবহার অতিমাত্রাই বিদ্যমান। সুতরাং ان -এর ইসমটি যদি মা'রেফা হয় তবে খবরকে তার উপর মুকাদ্দাম করা বৈধ। যেমন–اِنَّ اِلَيْنَا اِيَابَهُمْ আর যদি ইসমটি নাকেরা হয়, তবে খবরটি মুকাদ্দাম করা ওয়াজিব। যথা–

اِنَّ مِنَ الشِّعْرِ لَحِكْمَةً ও اِنَّ مِنَ الْبَيَانِ لَسِحْرًا ।

তারকীব : قَوْلُهُ وَقَدْ يُحْذَفُ الْمُبْتَدَأُ الخ : واو হরফে ইস্তীনাফ, قد তাক্বলীলের জন্য, يحذف ফে'ল, المبتدأ মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, الخبر মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে নায়েবে ফায়েল। لام হরফে জার, قيام মুযাফ, قرينة মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। جوازا মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, وجوبا মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মা'তূফ আউওয়াল جوازا মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে মাফউলে মুতলাক উহ্য মুযাফের সাথে। অর্থাৎ يُحْذَفُ حَذْفَ جَوَازٍ ফে'ল, তার নায়েবে ফায়েল, যরফে লগ্ব ও মাফউলে মুতলাক মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ। ك হরফে জার তাশবীহের জন্য, قول মুযাফ, المستهل মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ মিলে মুবদালে মিনহু। اَلْهِلَالُ وَاللّٰهِ মুরাদুল লফ্য বদল। মুবদাল মিনহু ও বদল মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল, তার ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবর। هو মুবতাদা মাহযূফ। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

বাক্যটির বিস্তারিত তারকীব- الهلال খবর, هذا মুবতাদা মাহযূফ। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে জওয়াবে কসম। واو হরফে জার কসমের জন্য,الله মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার اقسم উহ্য ফে'লের সাথে। اقسم ফে'ল, যমীর انا ফায়েল ও যরফে মুস্তাকার মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে কসম। তার জওয়াব উহ্য রয়েছে অর্থাৎ اِنَّ هٰذَا لَهُوَ الْهِلَالُ -এর মধ্যে ان হরফে মুশাব্বাহ বিল ফে'ল, هذا ইসমে ইন্না, الهلال খবরে ইন্না। ইসমে ইন্না ও খবরে ইন্না মিলে জওয়াবে কসম। واو হরফে আত্ফ, مثل মুযাফ, اَلسَّبُعُ خَرَجْتُ فَاِذَا মুরাদুল লফ্য মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ খবর, مثاله উহ্য মুবতাদা । মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ। فاء সববিয়তের জন্য, اذا মুফাজাতে হালিয়্যাহ যরফে মকান মাফউলে ফীহ, السبع মুবতাদা, واقف উহ্য শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল। শিবহে ফে'ল, তার ফায়েল ও মাফউলে ফীহ মুকাদ্দাম মিলে খবর। السبع মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ। فى হরফে জার, ما মাওসূলা, التزم ফে'ল, فى হরফে জার, موضع মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। غير মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে নায়েবে ফায়েল। التزم ফে'ল, তার নায়েবে ফায়েল ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাউসূল ও সেলাহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার। ثابت শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবর। هذا মুবতাদা মাহযূফ। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ। مثل মুযাফ, لَوْلَا زَيْدٌ لَكَانَ كَذَا মুরাদুল লফয মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, ضَرْبِىْ زَيْدًا الخ মা'তূফ, واو হরফে আত্ফ,م كُلُّ رَجُلٍ الخ মা'তূফ, واو হরফে আত্ফ, وَلَعُمْرُالخ মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর, مثاله উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ।

বিস্তারিত তারকীব– لو হরফে শর্ত, زيد মুবতাদা, موجود উহ্য শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল। শিবহে ফে'ল ও তার নায়েবে ফায়েল মিলে খবর। لام জাওয়াবিয়্যাহ, كان ফে'লে তাম, كذا ফায়েল। ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ জাওয়াবিয়্যাহ। واو হরফে আত্ফ, ضرب শিবহে ফে'ল মুযাফ, يائے متكلم মুযাফ ইলাইহ। زيدا মাফউলে বিহী, ضرب মাসদার মুযাফ, মুযাফ ইলাইহ ও মাফউলে বিহী মিলে মুবতাদা। حاصل শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, اذا যরফে যমান মুযাফ, كان ফে'লে তাম, উহ্য যমীর هو যুলহাল, قائما শিবহে ফে'ল ও উহ্য যমীর هو নায়েবে ফায়েল মিলে হাল। যুলহাল ও হাল মিলে ফায়েল। كان ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মুযাফ ইলাইহ। اذا মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ। حاصل শিবহে ফে'ল, তার ফায়েল ও মাফউলে ফীহ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। كل মুযাফ, رجل মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, ضيعة মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মুবতাদা, مقرونان শিবহে ফে'ল ও উহ্য যমীর هما নায়েবে ফায়েল মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। لام কসম, عمر মুযাফ, ك মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। قسمى -এর মধ্যে قسم মুযাফ, يائے متكلم মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। لافعلن ফে'ল, উহ্য যমীর انا ফায়েল, كذا মাফউলে বিহী। ফে'ল, তার ফায়েল ও মাফউলে বিহী মিলে জাওয়াবে কসম।

قَوْلُهُ خَبَرُ اِنَّ وَاَخَوَاتِهَا الخ : خبر মুযাফ, ان মুরাদুল লফ্য মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, اخوات মুযাফ, ها মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মুযাফ ইলাইহ। خبر মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মুবতাদায়ে মুয়াখ্খার। উহ্য منه -এর মধ্যে من হরফে জার, ه মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল, তার ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবরে মুকাদ্দাম। মুবতাদা মুয়াখ্খার ও খবরে মুকাদ্দাম মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। هو মুবতাদা, المسند শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল। শিবহে ফে'ল ও নায়েবে ফায়েল মিলে সিফাত, اللفظ উহ্য মাওসূফ, بعد যরফে যমান মুযাফ, دخول মাসদার মুযাফ ইলাইহ মুযাফ। هذه মাওসূফ, الحروف সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মুযাফ ইলাইহ। دخول মুযাফ-তার মুযাফ ইলাইহ মিলে মুযাফ ইলাইহ হয়েছে। بعد মুযাফ-তার মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ হয়েছে المسند শিবহে ফে'লের সাথে। মাওসূফ-তার সিফাত মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। مثل মুযাফ, ان زيدا قائم মুরাদুল লফ্য মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

জুমলাটির বিস্তারিত তারকীব– ان হরফে মুশাব্বাহ বিল ফে'ল, زيدا তার ইসম, قائم শিবহে ফে'ল-যমীর هو তার ফায়েল মিলে খবর। ان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ। واو হরফে ইস্তীনাফ, امر মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। ك হরফে জার তাশবীহের জন্য, امر মুযাফ, خبر মুযাফ ইলাইহ মুযাফ, المبتدأ মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুযাফ ইলাইহ হয়েছে امر মুযাফের, امر মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল। لا হরফে ইসতিছনা, فى হরফে জার, تقديم মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে মুস্তাছনায়ে মুফার্‌রাগ হয়ে যরফে মুস্তাকার ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল, তার নায়েবে ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবর। মুবতাদা ও খবব মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ। لا হরফে ইসতিছনা اذا যরফে যমান মুযাফ, كان ফে'লে নাকেস, যমীর هو তার ইসম, ظرفا খবর। ফে'ল তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মুযাফ ইলাইহ। اذا মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুস্তাছনায়ে মুফার্‌রাগ হয়ে মাফউলে ফীহ لا يتقدم উহ্য ফে'লের। يتقدم لا ফে'ল, যমীর هو ফায়েল ও মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে।

خَبَرُ لَا الَّتِىْ لِنَفْيِ الْجِنْسِ هُوَ الْمُسْنَدُ بَعْدَ دُخُوْلِهَا مِثْلُ لَاغُلَامَ رَجُلٍ ظَرِيْفٌ فِيْهَا وَيُحْذَفُ كَثِيْرًا وَبَنُوْ تَمِيْمٍ لَا يَثْبُتُوْنَهُ، اِسْمُ مَا وَلَا الْمُشَبَّهَتَيْنِ بِلَيْسَ هُوَ الْمُسْنَدُ اِلَيْهِ بَعْدَ دُخُوْلِهِمَا مِثْلُ مَازَيْدٌ قَائِمًا وَلَا رَجُلٌ اَفْضَلُ مِنْكَ وَهُوَ فِىْ لَا شَاذٌّ-

---

অনুবাদ : لَا لِنَفْيِ الْجِنْسِ (জাতি না-বোধক لا)-এর খবর। এটা ঐ اسم যার উপর لا প্রবিষ্ট হবার পর মুসনাদ হয়। যেমন- لَاغُلَامَ رَجُلٍ ظَرِيْفٌ فِيْهَا (ঘরে কোনো পুরুষের চাকর চতুর নেই)। অধিকাংশ ক্ষেত্রে এটাকে বিলোপ করা হয়। বনী তামীম তাকে (খবরকে) সাব্যস্ত করে না। (অর্থাৎ শব্দের মধ্যে খবরকে প্রকাশ করে না)।

ليس -এর সাথে সামঞ্জস্যশীল ما ও لا -এর ইসম, এটা এমন একটি ইসম যা উভয়টি (ما ও لا প্রবিষ্ট হবার পর মুসনাদ ইলাইহ হয়। যেমন- مَازَيْدٌ قَائِمًا (যায়েদ দন্ডায়মান নয়), وَلَا رَجُلٌ اَفْضَلُ مِنْكَ (তোমার চেয়ে উত্তম পুরুষ আর নেই)। এটা (ليس -এর আমল) لا -এর মধ্যে কম হয়ে থাকে।

ব্যাখ্যা : قَوْلُهُ خَبَرُ لَا الَّتِىْ لِنَفْيِ الخ : এখানে মুসান্নিফ (র.) مرفوعات -এর সপ্তম প্রকার বর্ণনা করেছেন। لا لنفى الجنس -এর খবর। তার খবর এ জন্য পেশ বিশিষ্ট হয় যে, لا টি তাকীদের অর্থ প্রদানে ان-এর সদৃশ। অর্থাৎ- যেমনিভাবে ان তাকীদের ফায়দা দেয় তেমনিভাবে لا টিও তাকীদের ফায়দা দিয়ে থাকে। শুধু পার্থক্য لا নফী তাকীদ এবং ان টি اثبات-এর তাকীদের ফায়দা দিয়ে থাকে। সুতরাং যেমনিভাবে ان-এর খবর পেশ বিশিষ্ট হয়, অনুরূপ لا-এর খবরও পেশ বিশিষ্ট হয়। اثبات -এর ফায়দা نفى-এর উপর অগ্রগামী হবার কারণে ان -এর খবরকে প্রথমে, তারপর لا-এর খবরকে বর্ণনা করা হয়েছে। لنفى الجنس-এর মুতা'আল্লাক الكائنة উহ্য শিবহে ফে'লের সাথে। التى ইসমে মাওসূল ও তার সেলাহ মিলে لا -এর সিফাত। خبر শব্দ থেকে খবর সংগঠিত নয়। যদি কেউ প্রশ্ন করে, لَا لِنَفْيِ الْجِنْسِ ঐ ইসম যার থেকে জিন্সের নফী হয়ে থাকে ; অথচ لَا رَجُلٌ قَائِمٌ-এর মধ্যে جنس رجل -এর নফী হয় না ; বরং তার সিফাত তথা দন্ডায়মানের হুকুমকে (جنس رجل) পুরুষ জাতি হতে নফী করা হয়েছে। শুধু جنس رجل-কে নফী করা হয়নি। তথা কোনো পুরুষ লোকের অস্তিত্ব নেই এমন নয়। অনুরূপভাবে এবারতে উল্লিখিত لَاغُلَامَ رَجُلٍ ظَرِيْفٌ فِيْهَا -এর মধ্যে جنس غلام -এর নফী হয় না ; বরং তার সিফাত তথা ظرافة -এর নফী হয়ে থাকে। **উত্তর :** এবারতের মধ্যে جنس শব্দের পূর্বে মুযাফ উহ্য রয়েছে-যা কারীনা দ্বারা বুঝা যায়। অর্থাৎ মূলত خَبَرُ لَا الَّتِىْ لِنَفْيِ صِفَةِ الْجِنْسِ ছিল। এ জন্য কোনো কোনো কিতাবে এরূপ এবারত দেখা যায়।

* لَامُشَابَهَةَ بِلَيْسَ ও لَالِنَفْيِ الْجِنْسِ-এর মধ্যে পার্থক্য দু'ভাবে হতে পারে, যথা- (১) আমলগত দিক থেকে উভয়ের মধ্যে পার্থক্য রয়েছে। অর্থাৎ لامشابهة بليس ইসমকে পেশ ও খবরকে যবর দেয়, পক্ষান্তরে لا لنفى الجنس-এর আমল এর বিপরীত। (২) لَا لِنَفْيِ الْجِنْسِ টি جنسية-কে নফী করে। আর لامشابهة بليس টি فردية-কে নফী করে।

* لَا لِنَفْيِ جِنْسٍ আমল করার শর্ত তিনটি। যথা- (১) لا لنفى الجنس-এর ইসম ও খবর উভয়টি نكره হতে হবে। যেমন- لَا رَجُلٌ قَائِمٌ (২) তার ইসমটি যথাস্থানে হতে হবে। যেমন- لَارَجُلٌ مَوْجُوْدٌ এ ক্ষেত্রে لا -এর খবরের পূর্বে ইসমটি উল্লেখ থাকতে হবে। অন্যথায় لا-এর আমল বাতিল হয়ে যাবে। (৩) لا -এর পূর্বে কোনো হরফে জার দাখিল না হওয়া।

যথা- لَا رَجُلٌ مُعْتَدِلٌ - অতএব, لا -এর পূর্বে কোনো হরফে জার দাখিল হলে لا -এর আমল বাতিল হয়ে যাবে। যেমন- جِئْتُ بِلَاتَاخِيْرٍ।

لا -এর ইসিমের প্রকারভেদ : لا لنفى الجنس -এর ইসম তিন প্রকারের হয়ে থাকে। যথা- (১) ইসমটি কখনো মুযাফ হয়। যেমন- لَا قَوْلُ جُوْرٍ نَافِعٌ ; এ সময়ে ইসমটি মানসূব হবে। (২) ইসমটি কখনো شبه بالمضاف হবে। যেমন- لَا طَالِعًا جَبَلًا مَوْجُوْدٌ ; এ ক্ষেত্রে ইসমটি মানসূব হবে। (৩) কখনো ইসমটি মুফরাদ হবে। অর্থাৎ مضاف কিংবা شبه بالمضاف হবে না। যেমন- لَا رَجُلَ فِى الدَّارِ এমতাবস্থায় ইসমটি فتحه -এর উপর মাবনী হবে।

قَوْلُهُ هُوَ الْمُسْنَدُ الخ : বাক্যের মধ্যে এই لا টি দাখিল হবার পর যা مسند হয়ে থাকে, তাই لا لنفى الجنس-এর খবর। মুসান্নিফ (র.)-এর উক্তি هو المسند মুবতাদার খবর এবং خبر ان ইত্যাদিকে শামিল করে। তাঁর উক্তি بعد دخولها দ্বারা এ সবগুলো বাদ পড়েছে। دخول দ্বারা উদ্দেশ্য-এই لا টি ইসম ও খবরের উপর প্রয়োগ হয়ে উভয়ের মধ্যে তার (لا) প্রভাব শব্দগত ও অর্থগত পৌঁছিয়ে দেওয়া। সুতরাং সে সময় لَا رَجُلٌ يَضْرِبُ اَبُوْهُ -এর মধ্যস্থিত يضرب দ্বারা কোনো আপত্তি উত্থাপিত করা যাবে না। অর্থাৎ এই لا টি খবরের لفظ ও معنى -এর মধ্যে কোনো পরিবর্তন সাধিত করা। আর يضرب -এর মধ্যে কোনো ধরনের পরিবর্তন ঘটে না ; বরং তা পেশ বিশিষ্ট হয়।

* মুসান্নিফ (র.) لا لنفى الجنس -এর খবরের প্রসিদ্ধ উদাহরণ لَارَجُلَ فِى الدَّارِ -কে বাদ দিয়ে অন্য একটি উদাহরণের দিকে কেন মনোনিবেশ করেছেন ? **উত্তর :** এই প্রসিদ্ধ উদাহরণে فى الدار অংশটি رجل -এর সিফাত এবং তার খবর উহ্য হবার অবকাশ থাকে। পক্ষান্তরে মূল ইবারতে উল্লিখিত উদাহরণে এ ধরনের অবকাশ নেই। কেননা, ظريف পেশ বিশিষ্ট ; যা غُلَامُ رَجُلٍ-এর সিফাত হতে পারে না। কারণ যবর বিশিষ্ট শব্দের সিফাত পেশ বিশিষ্ট হয় না। যেহেতু ইবনে মালিক (র.) لا-এ ইসম যা মানসূব হবে, তার সিফাত মারফূ' হওয়া বৈধ সাব্যস্ত করেছেন। সেহেতু এ উদাহরণ পেশ করত তার রদ করা হয়েছে। নসব বিশিষ্ট মাওসূফের সিফাত পেশ বিশিষ্ট হওয়া যাহিরের পরিপন্থী। ظريف শব্দটি থেকে فيها যরফ অথবা তার যমীর থেকে حال ; অতএব, ظريف শব্দটি মুকায়্যিদ হয়ে গেল ; অথচ ظرافة (চালাকি) যায়েদের একটি বিশেষ গুণ ; স্থান-কালের সাথে মুকায়্যিদ হয় না। এ সমস্যার সমাধান কল্পে বলা যায় فيها খবরের পর খবর। এটা ظريف থেকে ظرف অথবা حال নয়।

* মুসান্নিফ (র.) لا-এর খবরের দু'টি মেছাল তথা একটি ظريف অপরটি فيها কেন উল্লেখ করেছেন ? এ প্রশ্নের দু'টি উত্তর রয়েছে। প্রথমত যদি শুধুমাত্র একটি খবর তথা غُلَامُ رَجُلٍ ظَرِيْفٌবলা হতো তাহলে অর্থ হতো কোনো পুরুষের গোলাম চালাক নয়। এটা সুস্পষ্টভাবে বাতিল প্রমাণিত হয়। দ্বিতীয়ত لا -এর খবর যেহেতু দু'প্রকার একটি ظرف অপরটি غيرظرف তাইতো মুসান্নিফ (র.) দু'টি উদাহরণ উপস্থাপন করেছেন। প্রথমটি غير ظرف -এর, দ্বিতীয়টি ظرف -এর।

قَوْلُهُ وَيُحْذَفُ كَثِيْرًا : لا-এর খবরের সংজ্ঞা বর্ণনা করার পর মুসান্নিফ (র.) তার হুকুমসহ বর্ণনা করতেছেন। لا-এর খবর যদি افعال عامة না হয়, তাহলে তাকে বিলোপ করা জায়েজ নেই। যেমন- لَا غُلَامَ رَجُلٍ ظَرِيْفٌ فِيْهَا -আর যদি افعال عامة তথা مَوْجُوْدٌ، حَاصِلٌ ইত্যাদি হয় তাহলে তাকে বিলোপ করা জায়েজ। لا لنفى الجنس ই তার বিলুপ্তির নির্দশন। কেননা, نفى না-সূচককে দাবি করে। যখন (منفى -এর) বিশেষ কোনো কারীনা বিদ্যমান না থাকে তখন لا لنفى الجنس -এর দালালতটা منفى عام -এর উপর হবে। যেমন- لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ মূলত لَا اِلٰهَ مَوْجُوْدٌ اِلَّا اللّٰهُ ছিল।

খবরে لا -এর আহকাম : لا -এর খবরের কতগুলো হুকুম রয়েছে। যথা- (১) তা সর্বদা নাকিরা হয়। (২) ইসম উল্লিখিত হলে তখনই খবরকে বিলোপ করা জায়েজ, অন্যথায় জায়েজ নয়। যেমন- لَا عَلَيْكَ (৩) لا ও তার ইসিমের পর খবরকে মুয়াখ্খার করা জরুরি। যদিও বা তা যরফ অথবা জার ও মাজরূর হয়। لا ও তার ইসিমের মাঝে খবর অথবা অন্য কোনো অপরিচিত বস্তুকে فاصله নেওয়া জায়েজ নেই। (৪) খবরের মা'মূলকে তার ইসম থেকে মুয়াখ্খার করা আবশ্যক। তবে খবরের উপর তাকে মুকাদ্দাম করা জায়েজ। কারণ তা তার মা'মূল। মা'মূলটি কোনো বস্তুর اجنبى (অপরিচিত) হয় না।

* আল্লামা জারুল্লাহ যামখশারী কালিমায়ে তাওহীদ সম্পর্কে একটি পুস্তিকা লিপিবদ্ধ করেছেন। যার মধ্যে তিনি কালিমায়ে তাওহীদকে পূর্ণ বাক্য বলে উল্লেখ করেছেন। তাঁর মতে, খবর উহ্য হয় না। মূলরূপ- اللّٰه الٰه প্রথমাংশটি মুবতাদা আর দ্বিতীয়াংশ খবর। উভয়াংশের উপর لا ও إلا প্রবিষ্ট হয়েছে حصر -এর অর্থ বুঝানোর জন্য। অর্থাৎ لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ অতঃপর حصر -এর মধ্যে অতিরিক্ততার উদ্দেশ্যে لَا اِلٰهَ -কে মুকাদ্দাম এবং اِلَّا اللّٰهُ কে মুয়াখ্খার করা হয়েছে। তবে এ উক্তিটি দুর্বল। কারণ এ পদ্ধতিতে খবরের সুরত مستثنى -এর মতো হবে। এটা স্পষ্ট যে, مستثنى খবর হয় না। কেননা, এটি বাক্যের মধ্যে فضلة (অতিরিক্ত) অথচ খবর বাক্যের অংশ হয়ে থাকে।

قَوْلُهُ وَبَنُوْ تَمِيْمٍ الخ : ইতঃপূর্বে খবরে لا সর্ম্পকে যা বলা হয়েছে তা হেজায গোত্রের অভিমত। তামীম গোত্রের মতে, لا لنفى الجنس-এর খবর শব্দের মধ্যে যাহির হয় না ; বরং বিলুপ্ত হওয়া ওয়াজিব। কারণ তার আমল ان -এর সাথে সদৃশতার কারণে আর ان -এর আমল فعل متعدى -এর সাথে সদৃশতার কারণে হয়ে থাকে। সুতরাং لا -এর আমল فرع -এর فرع হওয়ার কারণে দুর্বল। যার দাবি হলো,খবরকে শব্দ থেকে বিলোপ করা এবং শুধুমাত্র ইসমের মধ্যে আমল করা। তামীম গোত্র لا لنفى الجنس -এর জন্য খবরকে মোটেই সাব্যস্ত করে না। চাই শব্দগতভাবে হোক অথবা উহ্যভাবে হোক। তাঁরা বলে থাকেন لا لنفى الجنس ইসমে ফে'ল-যা انتفى অর্থে ব্যবহৃত। অতএব, আরববাসীদের উক্তি لَا اَهْلَ وَلَا مَالَ -এর অর্থ- اِنْتَفَى اَلْاَهْلُ وَالْمَالُ দু'টি অভিমত তামীম গোত্র থেকে পাওয়া যায়। একটি খবরকে উহ্য মেনে নেওয়া। অপরটি মোটেই খবরকে না মানা। এ দু'অভিমতের মধ্যে প্রথমটি অগ্রাধিকার প্রাপ্ত। তাই তার আলোচনাকে পূর্বে আনা হয়েছে। لا يثبتون -এর দু'টি উদ্দেশ্য হতে পারে, উভয় সুরতে لَا رَجُلٌ قَائِمٌ -এর মধ্যে قائم প্রকাশ্যভাবে لا لنفى الجنس -এর খবর হওয়া বুঝা যায়। তা সিফাতের উপর ব্যবহৃত হবে। প্রথম সূরতে এ জন্য যে, তার খবর উল্লিখিত হয় না ; বরং ওয়াজিব হিসেবে বিলুপ্ত হয়ে থাকে। আর এখানে যা উল্লিখিত হয়েছে তা খবর নয় ; বরং সিফাত। দ্বিতীয় সূরতে যেহেতু لا لنفى الجنس -এর খবরই হয় না, সেহেতু এখানে উল্লিখিত শব্দটি সিফাত হবে।

قَوْلُهُ اِسْمُ مَا وَلَا الْمُشَبَّهَتَيْنِ بِلَيْسَ : যে ما ও لا আমলগত ও অর্থগতভাবে ليس -এর সাথে সামঞ্জস্য রাখে, এদের ইসমটি مرفوعات -এর অন্তর্ভুক্ত। তার পূর্বে منه খবর উহ্য রয়েছে। অর্থাৎ- ومنه اسم ما ولا দু'টি দিক থেকে ما ও لا শব্দদ্বয় ليس -এর সাথে সামঞ্জস্য রয়েছে। (১) অর্থগতভাবে যেমন–ليس টি 'না' অর্থে ব্যবহৃত হয়। (২) আমলগতভাবে তথা ليس যেমন–মুবতাদাকে رفع আর খবরকে نصب দেয়, তেমনিভাবে ما এবং لا ও মুবতাদাকে رفع এবং খবরকে نصب দেয়।

قَوْلُهُ وَهُوَ الْمُسْنَدُ اِلَيْهِ الخ : এর মধ্যে যমীর هو টি فصل -এর জন্য আর المسند اليه খবর। ما ও لا-এর ইসম উভয়ই দাখেল হবার পরে মুসনাদা ইলাইহ হয়ে থাকে। ما -এর উদাহরণ مازيد قائما ; لا-এর উদাহরণ لَا رَجُلٌ اَفْضَلُ مِنْكَ ; প্রথম উদাহরণে ما দাখিল হবার পরে زيد টি মুসনাদ ইলাইহ আর দ্বিতীয় উদাহরণে لا দাখিল হবার পর رجل মুসনাদ ইলাইহ। কাজেই ما ও لا উভয়টি দাখিল হবার পর ইসমটি কিভাবে মুসনাদ ইলাইহ হতে পারে ? **উত্তর :** دخولهما -এর যমীরটির পূর্বে احد মুযাফ উহ্য রয়েছে।

قَوْلُهُ وَهُوَ فِىْ لَا شَاذٌّ : لَيْسَ -এর আমল لا -এর মধ্যে شاذ তথা কম ব্যবহৃত। এর কারণ ليس -এর অর্থে لا-এর সদৃশতা দুর্বল। কেননা, لَيْسَ টি শুধুমাত্র বর্তমান কালের نفى বুঝানোর জন্য ব্যবহৃত হয়। আর لا টি সাধারণত সকল কালের 'নাফী' অর্থে ব্যবহৃত হয়। সুতরাং ليس -এর আমল ما -এর মধ্যে শায নয়, لا-এর মধ্যে শায। ما–ও لا-এর মধ্যে অন্যান্য পার্থক্য হলো لا শুধু নাকেরার পূর্বে আসে। ما টি নাকেরা ও মা'রেফা উভয়ের পূর্বে আসে। لا-এর খবরের পূর্বে باء ব্যবহৃত হয় না ; কিন্তু " ما " -এর খবরের পূর্বে با ব্যবহৃত হয়। যেমন–وَمَا رَبُّكَ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ

তারকীব : قَوْلُهُ خَبَرُ لَا الَّتِىْ لِنَفْىِ الْجِنْسِ هُوَ الْمُسْنَدُ الخ : خبر মুযাফ, لا মাওসূফ, التى ইসমে মাওসূল, لا হরফে জার, نفى মুযাফ, الجنس মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثبت -এর সাথে। ثبت ফে'ল, উহ্য যমীর هى ফায়েল ও যরফে মুস্তাকার মিলে জুমলায়ে

ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। ইসেম মাওসূল ও তার সেলাহ মিলে সিফাত, لا মাওসূফ ও সিফাত মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদায়ে মুয়াখ্খার। উহ্য منه -এর মধ্যে من হরফ জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার ثبت ফে'লের সাথে। ثبت ফে'ল, هو যমীর ফায়েল ও যরফে মুস্তাকার মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবরে মুকাদ্দাম। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। هو মুবতাদা, المسند শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল, بعد যরফে যমান মুযাফ, دخول মুযাফ ইলাইহ মুযাফ মাসদার, ه যমীর মুযাফ ইলাইহ। دخول মুযাফ ইলাইহ মুযাফ। মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মুযাফ ইলাইহ হয়েছে। بعد মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ্। মাওসূফ ও সিফাত মিলে খবব। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

قَوْلُهُ مِثْلُ لَا غُلَامَ رَجُلٍ الخ : مثل মুযাফ, لَا غُلَامَ رَجُلٍ الخ মুরাদুল লফ্য মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। জুমলাটির তারকীব- لا নফী জিন্সের জন্য, غلام মুযাফ, رجل মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে لا -এর ইসম, ظريف সিফাতে মুশাব্বাহ উহ্য যমীর ফায়েল। সিফাত ও তার ফায়েল মিলে খবরে আউওয়াল। فى হরফে জার, ها মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল, هو যমীর তার ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবরে ছানী। لا তার ইসম ও খবরদ্বয় মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

قَوْلُهُ وَقَالُوا يَا اِبْنَ الخ : واو হরফে আত্ফ, قالوا ফে'ল, যমীর هم ফায়েল, يا ابن ام মুরাদুল্ লফ্য মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, يا ابن عم মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাফউলে বিহী। ফে'ল, ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। واو হরফে ইস্তীনাফ, ترخيم মুযাফ, المنادى মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। جائز শিবহে ফে'ল ও উহ্য যমীর هو ফায়েল মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। واو হরফে আত্ফ, فى হরফে জার, غير মুযাফ, ، যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে মুস্তাকার হয়েছে يفعل উহ্য ফে'লের সাথে। يفعل ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল, ضرورة মাফউলে লাহু। ফে'ল, তার নায়েবে ফায়েল, মাফউলে লাহু ও যরফে মুস্তাকার মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ।

وَهُوَ حَذْفُ فِىْ اٰخِرِهٖ تَخْفِيْفًا وَشَرْطُهٗ اَنْ لَّا يَكُوْنَ مُضَافًا وَلَا مُسْتَغَاثًا وَلَا جُمْلَةً وَيَكُوْنُ اِمَّا عَلَمًا زَائِدًا عَلٰى ثَلٰثَةِ اَحْرُفٍ وَاِمَّا بِتَاءِ التَّانِيْثِ فَاِنْ كَانَ فِىْ اٰخِرِهٖ زِيَادَتَانِ فِىْ حُكْمِ الْوَاحِدَةِ كَاَسْمَاءَ وَمَرْوَانَ اَوْ حَرْفٌ صَحِيْحٌ قَبْلَهٗ مَدَّةٌ وَهُوَ اَكْثَرُ مِنْ اَرْبَعَةِ اَحْرُفٍ حُذِفَتَا وَاِنْ كَانَ مُرَكَّبًا حُذِفَ الْاِسْمُ الْاَخِيْرُ وَاِنْ كَانَ غَيْرَ ذٰلِكَ فَحَرْفٌ وَاحِدٌ وَهُوَ فِىْ حُكْمِ الثَّابِتِ عَلَى الْاَكْثَرِ فَيُقَالُ يَاحَارِ وَيَا ثَمُوْ وَيَاكَرَوَ وَقَدْ يُجْعَلُ اِسْمًا بِرَأْسِهٖ فَيُقَالُ يَاحَارُ وَيَا ثَمِىْ وَيَاكَرَا وَقَدِ اسْتَعْمَلُوْا صِيْغَةَ النِّدَاءِ فِى الْمَنْدُوْبِ وَهُوَ الْمُتَفَجَّعُ عَلَيْهِ بِيَاءٍ اَوْ وَا وَاخْتُصَّ بِوَا-

---

অনুবাদ : সহজতার জন্য তার (منادى-এর) শেষে বিলোপ করাকে ترخيم বলে। তার (تر خيم-এর) শর্ত মুনাদাটি مضاف, مستغاث ও جملة না হওয়া, মুনাদাটি এমন علم হয়তো তা তিনাক্ষর থেকে অতিরিক্ত অথবা تانيث تائے যুক্ত علم হবে। যদি মুনাদার শেষে এমন দু'টি হরফ থাকে, যা একটি হরফের হুকুমে হয়। যেমন– اَسْمَاءُ, مَرْوَانُ অথবা এমন একটি হরফে সহীহ্ হয় যার পূর্বাক্ষর মদের হরফ– এমতাবস্থায় যে, তা চার হরফ থেকে অধিক হয়, তাহলে উভয় হরফকে বিলোপ করা হবে। যদি মুনাদাটি مركب হয়, তাহলে শেষের ইসমকে বিলোপ করা হবে। আর এরূপ না হলে একটি হরফ বিলোপ করা হবে। তা (منادى مرخم) অধিকাংশ ব্যবহারে বিলুপ্ত হরফ লিখিত হরফের হুকুমে হয়ে থাকে। বলা হবে يَاحَارِ (হে হারেছ !), يَاثَمُوْ (হে ছামূদ !), يَاكَرَوَ (হে বড় জাতের মোরগ!)। কখনো তাকে (منادى مرخم-কে) স্বতন্ত্র ইসম হিসেবে সাব্যস্ত করা হয়। তখন বলা হবে يَاحَارُ, يَاثَمِىْ, يَاكَرَا আর নিশ্চয়ই আরববাসীরা নেদার সীগাহ্কে মানদূবের মধ্যে ব্যবহার করেছেন। আর তা ঐ ইসম, যার উপর ياء অথবা وا-এর মাধ্যমে বিলাপ (দুঃখ) প্রকাশ করা হয়। মানদূবকে وا -এর সাথে খাস করা হয়েছে।

ব্যাখ্যা : ترخيم-এর শাব্দিক অর্থ-নরম বা সহজ করা। পারিভাষিক অর্থ–সহজতার জন্য منادى-এর শেষাংশ হতে এক বা একাধিক হরফ বিলোপ করা। এটা তিন প্রকার। যথা–(১) ترخيم اللفظ للنداء (২) ترخيم اللفظ للضرورة (৩) الشعرية ترخيم اللفظ للتصغير এখানে প্রথম প্রকার সম্পর্কে আলোচনা করা হয়েছে। ترخيم আরববাসীদের নিকট প্রচলিত ছিল। যেমন–এক গ্রাম্য আরববাসী স্বীয় পুত্র عامر-কে নসিহত করতে গিয়ে বলল– يَاعَامِرُ صَدَاقَةُ اللَّئِيْمِ نَدَامَةٌ এখানে عامر শব্দের শেষাক্ষর 'ر' বিলোপ করা হয়েছে। অনুরূপভাবে এক ব্যক্তি গেঁয়ো আরববাসী মহিলাকে নিজের গুণাবলি সম্পর্কে রচিত গান গাইতে শুনে বলল– يَا اَعْرَابِىْ دَعِىْ مَا اَنْتَ فِيْهِ ، فَمَنْ حَدَّثَ النَّاسَ عَنْ نَفْسِهٖ بِمَا يَرْضٰى تُحَدِّثُوْا عَنْهُ بِمَا يَكْرَهُ এখানে يَا اَعْرَابِىْ শব্দটি মূলত اعرابية ছিল। শেষ হরফ تاء-কে বিলোপ করা হয়েছে।

قَوْلُهٗ وَهُوَ حَذْفٌ فِىْ اٰخِرِهٖ الخ : এখানে هو যমীরটি সাধারণ ترخيم বা ترخيم منادى-এর দিকে প্রত্যাবর্তিত হবে। যদি هو-এর প্রত্যাবর্তিত স্থল ترخيم منادى হয়, তাহলে اخره-এর ه যমীরটি منادى-এর দিকে ফিরবে। আর যদি যমীরের মারজি' সাধারণ ترخيم হয়, তবে اخره-এর যমীর তার দিকে ফিরবে। এমতাবস্থায় এ সংজ্ঞাটি সাধারণ তারখীমের হবে। ترخيم منادى -এর সংজ্ঞা তার অধীনে অর্জিত হয়ে যায়।

قَوْلُهٗ شَرْطُهٗ اَنْ لَّا يَكُوْنَ : মুসান্নিফ (র.) এখানে থেকে ترخيم منادى -এর শর্তসমূহের আলোচনা আরম্ভ করেছেন। এ শর্তগুলো ধর্তব্য হবে যখন গদ্যে ترخيم হয়ে থাকে। পদ্যে বা কবিতায় ترخيم পতিত হবার জন্য কোনো শর্ত নেই।

কারণ, জরুরি হবার উপর তার ভিত্তি। আর জরুরতের জন্য কোনো শর্ত থাকে না। শর্ত হলো মোট চারটি। তন্মধ্যে তিনটি না-সূচক অপরটি হ্যাঁ-সূচক। شرطه-এর যমীরটিও মারজা' অনুপাতে দু'ধরনের অবকাশ রাখে। ه যমীরটি ترخيم منادى-এর দিকে ফিরে অথবা সাধারণ ترخيم-এর দিকে। তবে দ্বিতীয়াবস্থায় আপত্তি উথাপিত হয় যে, উল্লিখিত শর্তসমূহ ترخيم منادى-এর জন্য; সাধারণ ترخيم-এর জন্য নয়। কাজেই ه যমীরের মারজি' কিভাবে মুতলাক তারখীম হতে পারে? **উত্তর** : এখানে ইবারত উহ্য রয়েছে। মূল ইবারত ছিল– شَرْطُهُ اَىْ شَرْطُ التَّرْخِيْمِ اِذَا كَانَ وَاقِعًا فِى الْمُنَادٰى

قَوْلُهُ اَنْ لَّايَكُوْنَ مُضَافًا : একটি শর্ত হলো, মুনাদা মুযাফ না হওয়া। কারণ মুযাফ ও মুযাফ ইলাইহ অর্থানুপাতে একটি কালিমার হুকুমে হয়, যেরূপ কোনো একটি কালিমার সমস্ত অংশ ছাড়া তা পরিপূর্ণ হয় না, তেমনিভাবে মুযাফের অর্থ মুযাফ ইলাইহের সাথে মিলিত হওয়া ছাড়া পরিপূর্ণ হয় না। কাজেই অর্থানুপাতে উভয়টি একই কালিমা। তবে শব্দানুপাতে দু'কালিমা। আর উভয়টির উপর দু'টি اعراب ব্যবহৃত হয়। ترخيم সর্বদা কালিমার শেষে হয়ে থাকে। এখানে তা হতে পারে না। কারণ, অর্থানুপাতে দাবি করে যে, মুযাফ ইলাইহের শেষে বিলোপ হোক, শব্দানুপাতে দাবি করে যে, মুযাফের শেষে বিলুপ্ত হোক। মুযাফ ও মুযাফ ইলাইহের মধ্যে ترخيم করার ক্ষেত্রে দ্বন্দ্ব আবশ্যক হওয়াতে اِذَا تَعَارَضَا تَسَاقَطَا সূত্রানুপাতে কোনটি থেকে ترخيم হবে না।

قَوْلُهُ وَلَا مُسْتَغَاثًا وَلَا جُمْلَةً : তারখীমে মুনাদার জন্য শর্তসমূহের মধ্যে একটি শর্ত مستغاث না হওয়া। কারণ, منادى مستغاث-এর মধ্যে দীর্ঘতা উদ্দেশ্য হয়ে থাকে; তাইতো তার শেষে আলিফ অতিরিক্ত হয়। তারখীম চায় সংক্ষিপ্ত হওয়াকে, مستغاث চায় দীর্ঘতাকে। কাজেই উভয়ই পরস্পর বিরোধী হয়েছে। منادى مرخم টি জুমলা না হওয়া অপর একটি শর্ত। কারণ জুমলা যে সময় علم (নামবাচক) হবে মাবনী হবে। অন্যথায় আশ্চর্যজনক কাহিনীর উপর তার দালালত বাকি থাকবে না। জুমলা মাবনী হলে তাতে তারখীম হতে পারে না।

قَوْلُهُ وَيَكُوْنُ اِمَّا عَلَمًا زَائِدًا الخ : মুসান্নিফ (র.) عدمى তথা না-সূচক শর্তসমূহ আলোচনার পর وجودى বা হ্যাঁ-সূচক শর্তসমূহের আলোচনা শুরু করেছেন। ترخيم منادى-এর জন্য শর্ত মুনাদাটি علم ও তিনাক্ষর থেকে অতিরিক্ত হওয়া। কারণ, علم টি অধিক ব্যবহৃত হয় বিধায় ترخيم-এর মাধ্যমে তার সহজতা জরুরি। তিনাক্ষর থেকে বেশি হওয়ার শর্ত এ জন্য যে, ترخيم-এর পরে যাতে اسم معرب তার اقل وزن তথা তিনাক্ষর অবশিষ্ট থাকে। যদি মুনাদাটি علم না হয়, তাহলে তার জন্য শর্ত تاء تانيث-এর সাথে মুনাদাটি যুক্ত থাকা। যদিও বা تاء বিলুপ্তির পর দু'টি হরফ অবশিষ্ট থাকে। যেমন–شاة ও تبة যথাক্রমে অর্থ–দল ও বকরি। এখানে উভয়টিতে দু'টি করে হরফ বিদ্যমান থাকা ترخيم-এর কারণে; বরং تاء বিদ্যমান থাকা সত্ত্বেও এটাতে তিনটি হরফ থেকে কম। কেননা, تاء টি অন্য একটি হরফ, যা ধর্তব্য নয়।

قَوْلُهُ فَاِنْ كَانَ فِىْ اٰخِرِهٖ الخ : মুসান্নিফ (র.) ترخيم-এর শর্তসমূহ থেকে আবসর হবার পর এখানে বিলুপ্ত হরফের পরিমাণ বর্ণনা করেছেন। যদি মুনাদার শেষে এমন দু'টি অতিরিক্ত হরফ হয় যেগুলো অতিরিক্ততা একই সাথে হবার কারণে একটি অক্ষরের حكم-এর মধ্যে গণ্য। যেমন– اَسْمَاءُ এটা افعال-এর ওযনে নয়; বরং فَعْلَاءُ -এর ওযনে اسم-এর বহুবচন। مَرْوَانُ-এর মধ্যে الف, نون পুংলিঙ্গের জন্য। আর اَسْمَاءُ-এর মধ্যে অতিরিক্ত হরফ تانيث-এর জন্য ব্যবহৃত। এ দু'টোতে একই সাথে দু'টি হরফ অতিরিক্ত হওয়ায় ترخيم করার সময়ে ঐ দু'টি হরফকে বিলোপ করা হবে। যেমন– يا اسم ও يامرو বলা হবে। অনুরূপভাবে منادى-এর শেষে যদি হরফে সহীহ এবং তার পূর্বাক্ষর এমন মদের হরফ তথা হরফে ইল্লাত হয় যার পূর্বাক্ষরের হরকত এক জাতীয় হবে, এ সময়েও ترخيم করতে গেলে শেষের থেকে দুটি হরফকে বিলোপ করা হবে। তবে শর্ত ইসমটি চার অক্ষর বিশিষ্ট হতে হবে। যেমন–عمار، منصور ও مسكين এগুলোর প্রত্যেকটি হতে তারখীমের সময়ে দু'টি হরফ বিলোপ করা হবে। একটি হরফে সহীহ অপরটি مدة হরফ। কারণ, শুধুমাত্র হরফে সহীহকে বিলোপ করত মাদ্দাহ তথা মূলবর্ণকে বাকি রাখলে صُلْتَ عَلَى الْاَسَدِ وَبُلْتَ عَنِ النَّقْدِ (বাঘের উপর হামলা করেছ আর বকরির উপর তুমি প্রসাব করে দিয়েছ)-এর মতো প্রযোজ্য হবে। অবশ্যই হরফে সহীহের সাথে মাদ্দাহ তথা মূলবর্ণকেও বিলোপ করা হবে। কারণ মদের হরফ বিলুপ্তির জন্য অধিক উপযুক্ত। এখানে চার অক্ষর হতে অতিরিক্ত হবার শর্ত আরোপের কারণ, দু'টি হরফ বিলোপ করার পরও যাতে কালিমা নিম্নতম ভিত্তির উপর বহাল থাকে।

* যদি মুনাদাটি مركب হয় এবং তা مركب اسنادى ও مركب اضافى না হয়, তাহলে তার শেষাক্ষরকে বিলোপ করা হবে। কারণ, مركب একটি কালিমার হুকুমে হয়। তাই দ্বিতীয় ইসমকে শেষাক্ষর হিসেবে বিলোপ করা হবে। মুনাদাটি উপরোক্ত তিন প্রকারের কোনো একটি না হলে তারখীম করার সময়ে একটি হরফ বিলোপ করা হবে। যেমন- يَاخَالِدُ কে তারখীম করে পড়ার সময় يَاخَالِ বলা হবে। আহ্লে আরবের অধিকাংশ ব্যবহারে দেখা যায় منادى مرخم টি তারখীমের পর সাব্যস্ত থাকার হুকুমে হয়ে থাকে। যেন মাহযূফ তার শেষে হয়েছে ; অন্যান্য অংশ তারখীমের পূর্বে যেরূপ ছিল সেরূপ থাকবে। যেমন- يَاحَارِثُ -এর মধ্যে يَاحَارِ, يَاثَمُوْدُ-এর মধ্যে يَاثَمُوْ এবং يَاكَرَوَانُ-এর মধ্যে يَاكَرَوَ বলা হবে। এটার চেয়ে বেশি পরিবর্তন করা হবে না।

قَوْلُهُ وَقَدْ يُجْعَلُ اِسْمًا الخ : কখনো منادى مرخم-কে স্বতন্ত্র ইসম ধরা হয় ; যেন তা থেকে কোন হরফ বিলুপ্ত হয়নি। অতএব, তার সাথে تعليل ও بناء-এর ক্ষেত্রে স্বতন্ত্র ইসমের মতো ব্যবহার করা হবে। যেমন- يَاحَارِثُ -এর মধ্যে يَاحَارُ (راء কালিমাকে পেশ যোগে) বলা হবে। কারণ, এটা মুনাদা مفرد معرفة তাই তা مَبْنِىٌّ عَلَى الضَّمِّ হবে। يَاثَمُوْ-এর মধ্যে يَاثَمِىْ বলা হবে। কারণ, এটা اسماء متمكنة-এর মধ্যে একটি ইসম। এটার শেষাক্ষর واو ও পূর্বাক্ষর পেশ হবার কারণে সরফী কায়দানুপাতে واو-কে ياء এবং ياء -এর সামঞ্জস্যতার জন্য পেশকে যের দ্বারা পরিবর্তন করা হয়েছে। অনুরূপভাবে يَاكَرَوَ তে يَاكَرَا বলা হবে। কারণ, তার পূর্বাক্ষর যবর হবার ফলে قَالَ-এর কায়দানুপাতে واو কে الف দ্বারা পরিবর্তন করা হয়েছে।

كَرَوَانُ-এর পরিচয় : এটা পুংলিঙ্গ, তার স্ত্রীলিঙ্গ শব্দ كَرَوَانَةٌ-এর বহুবচন كَرَاوِيْنُ - ব্যবহৃত হয়। লম্বা গলা বিশিষ্ট ধূসর বর্ণের একটি পাখি। এটাকে বাংলা ভাষায় 'কোকিল' বলা হয়। যেমন- ড. ত্বাহা হোসাইন -এর লিখিত উপন্যাস " دُعَاءُ الْكَرَوَانِ "-এর অনুবাদ করতে গিয়ে আব্দুস্ সাত্তার সাহেব লিখেছেন- 'কোকিলের ডাক'। এটি হালাল প্রাণী। যার গোশ্ত ও চর্বি খেলে আশ্চর্যজনকভাবে যৌনশক্তি বৃদ্ধি পায়। 'আল-মুনজিদ' অভিধানে উল্লেখ রয়েছে-طَائِرٌ مِنْ رُتْبَةِ طَوَالِ السَّاقِ وَفَصِيْلَةِ دَجَاجِيَّاتِ الْاَرْضِ، اِغْبَرَّ اللَّوْنُ طَوِيْلُ الْمِنْقَارِ - قِيْلَ اِنَّهُ لَايَنَامُ اللَّيْلَ এ পাখিটির ঠোঁট লম্বা। রাতে ঘুমায় না।

قَوْلُهُ وَقَدِ اسْتَعْمَلُوْا صِيْغَةَ الخ : কখনও ندا-এর সীগাহকে مندوب-এর মধ্যে ব্যবহার করা হয়। এখানে ندا-এর সীগাহ দ্বারা উদ্দেশ্য ياء , অন্য কোনো হরফে নেদা নয়। কারণ, এটিই হরফে নেদার মধ্যে অত্যধিক প্রসিদ্ধ। তাই তার মধ্যে এমন প্রশস্ততা প্রদান করা হয়েছে যে, তা غير منادى-এর মধ্যেও ব্যবহৃত হয়। আর مندوب হলো ندب থেকে নির্গত। অর্থ-দুঃখ প্রকাশ করা, মৃত ব্যক্তির জন্য ক্রন্দন করা। পরিভাষায়- مندوب ঐ ইসমকে বলে, যার প্রতি দুঃখ প্রকাশ করা হয়। مندوب -এর জন্য শুধুমাত্র নির্দিষ্ট করা হয়েছে وا-কে। তা منادى-এর মধ্যে ব্যবহৃত হয় না। এখন একটি প্রশ্ন জাগে যে, মুসান্নিফ (র.) প্রথমে একথা বলেছেন যে, ندا-এর সীগাহ مندوب-এর মধ্যে ব্যবহৃত হয়। এতে প্রতীয়মান হয় যে, মানদূব وا এর সাথে নির্দিষ্ট নয়। পরক্ষণে বলেছেন, مندوب -কে খাস্ করা হয়েছে وا-এর সাথে। وا ব্যতীত তা পাওয়া যায় না। উভয় কথার মধ্যে পারস্পরিক বৈপরীত্য পরিলক্ষিত হয়। **উত্তর :** ياء-কে খাস্ করার মধ্যে কায়দা হলো যে, তা مختص به-এর উপর প্রবেশ করে। তবে কখনও مختص -এর উপরও প্রবিষ্ট হয়। যেমন- خَصَّصْتُ فُلَانًا بِالذِّكْرِ (আমি অমুক ব্যক্তিকে জিকিরের সাথে খাস করেছি)। এখানে ذكر-কে فلان-এর সাথে খাস্ করা হয়েছে। তাই ذكر হলো مختص এবং فلان হলো مختص به , এ অর্থ দাঁড়ায় যে, ذكر অমুক ব্যতীত পাওয়া যায় না। অতএব, মুসান্নিফ (র.)-এর উক্তি وَاخْتُصَّ بِوَا -এর মধ্যে با টি مختص-এর উপর দাখিল হয়েছে। এর অর্থ হবে, واو টি مندوب ব্যতীত পাওয়া যায় না। কারণ, এ অর্থ তখনই হবে, যখন با টি مختص به-এর উপর প্রবিষ্ট হয়। আর مختص এর উপর با প্রবিষ্ট হওয়া এখানে সঠিক নয়। নতুবা নিষিদ্ধ বস্তু আবশ্যক হবে। মুসান্নিফ (র.)-এর উক্তি দোষযুক্ত হবে না। স্মর্তব্য যে, مندوب-এর ব্যবহার কয়েকভাবে হয়। যেমন-

১. শব্দের শেষে দীর্ঘ আওয়াজ হবার জন্য الف বৃদ্ধি করা হয়। যেমন- وَا يُوْسُفَا ، وَا زَيْدَا

২. وقف -এর অবস্থায় الف-এর পর " ه" ও বৃদ্ধি করা হয়। যেমন-وَامُصِيْبَتَاهُ

৩. মিলে যাবার আশংকা থাকলে الف-কে বিলোপ করে পড়া যায়। যেমন–جمع مذكر-এর উপর আফসোস্ করত وَا غُلَامَكُمُوْهُ বলা যাবে। যদি তাতে الف বৃদ্ধি করা হয়, তাহলে দ্বি-বচনের সীগাহর সাথে التباس হয়ে যাবে। যথা- وَا غُلَامَكُمَاهُ তাই الف নেওয়া শুদ্ধ হবে না।

৪. الف ও "ه" ব্যতীত مندوب হতে পারে। যেমন–وَا رَأْسِيْ; হযরত ওসমান যুন্নূরাইন (রা.)-এর ইন্তেকালের সংবাদ শুনে এক গেঁয়ো আরব বলল– وَا عُثْمَانُ وَا عُثْمَانُ اَتَاكَ اللّٰهُ وَاَرْضَاكَ فَلَقَدْ كُنْتَ عَامِرَ الْقَلْبِ بِالْاِيْمَانِ شَدِيْدَ الْحِرْصِ عَلٰى دِيْنِكَ بَارًّا بِالْفُقَرَاءِ مُقَنِّعًا بِالْحَيَاءِ

এখানে عثمان শব্দটি المتفجع عليه হিসেবে ব্যবহৃত হয়েছে। একজন লোক তার বন্ধুর উপস্থিতিতে উহ্ উহ্ শব্দ উচ্চারণ করায় বন্ধু জিজ্ঞেস করল তোমার কিছু হয়েছে? মাথা চেপে ধরে বলল, وَا رَأْسِيْ উহ্ আমার মাথা ব্যথা করছে।

তারকীব : قَوْلُهُ وَهُوَ حَذْفُ فِيْ اٰخِرِهٖ تَخْفِيْفًا الخ : واو হরফে ইস্তীনাফ, هو মুবতাদা, حذف মাসদার, فى হরফে জার, اخر মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। تخفيفا মাফউলে লাহু। حذف মাসদার, তার যরফে লগ্‌ব ও মাফউলে লাহু মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। واو হরফে আত্‌ফ, شرط মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা, ان মাউসূলে হরফী, لايكون ফে'লে নাকেস, উহ্য যমীর هو তার ইসম। مضافا শিবহে ফে'ল ও উহ্য যমীর هو নায়েবে ফায়েল মিলে মা'তূফ আলাইহ। واو হরফে আত্‌ফ, لا যায়েদা, مستفاثا শিবহে ফে'ল ও যমীর هو নায়েবে ফে'ল মিলে মা'তূফ। واو হরফে আত্‌ফ, لا যায়েদা, جملة মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফদ্বয় মিলে খবর। ফে'লে নাকেস-তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ আলাইহ। واو হরফে আত্‌ফ, يكون ফে'লে নাকেস, যমীর هو তার ইসম, اما হরফে তারদীদ علما মাওসূফ, زائدا শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, على হরফে জার, ثلثة মুযাফ, احرف মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। زائدا শিবহে ফে'ল, তার ফায়েল ও যরফে লগ্‌ব মিলে সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মা'তূফ আলাইহ। واو হরফে যায়েদা, اما হরফে আত্‌ফ, با হরফে জার, تاء মুযাফ, التانيث মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا -এর সাথে। ثابتا শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে মা'তূফ। علما মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে খবর। يكون ফে'লে নাকেস-তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে সেলাহ। মাওসূফ ও সেলাহ মিলে ব-তাবীলে মুফরাদ খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। فا তাফসীলের জন্য, ان হরফে শর্ত। كان ফে'লে নাকেস, فى হরফে জার, اخر মুযাফ, ه যুলহাল, واو হালিয়া, هو মুবতাদা, اكثر শিবহে ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর هو নায়েবে ফায়েল, من হরফে জার, اربعة মুযাফ, احرف মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব হয়েছে। اكثر শিবহে ফে'ল, তার ফায়েল ও যরফে লগ্‌ব মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে হাল। যুলহাল ও হাল মিলে মুযাফ ইলাইহ। اخر মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার ثابتتين -এর সাথে। ثابتتين শিবহে ফে'ল, উহ্য যমীর هما ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবরে মুকাদ্দাম। زيادتان মাওসূফ, فى হরফে জার, حكم মুযাফ, الواحدة মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتتان উহ্য শিবহে ফে'লের সাথে। ثابتتان শিবহে ফে'ল, উহ্য যমীর هما ফায়েল ও যরফে মুস্তাকার মিলে সিফাত। زيادتان মাওসূফ ও তার সিফাত মিলে মা'তূফ আলাইহ। او হরফে আ'তূফ। حرف মাওসূফ, صحيح সিফাতে আউয়াল, قيل যরফে মকান মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে যরফ। مدة ফায়েল, যরফ ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ যরফিয়্যাহ হয়ে সিফাতে ছানী। حرف মাওসূফ ও তার সিফাতদ্বয় মিলে মা'তূফ, زيادتان মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে ইসমে মুয়াখ্‌খার। ফে'লে নাকেস-তার ইসমে মুয়াখ্‌খার ও খবরে মুকাদ্দাম মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। ك হরফে জার তাশবীহের জন্য। اسماء মা'তূফ আলাইহ, واو হরফে আত্‌ফ, مروان মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল, যমীর هو উহ্য ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। هو মুবতাদা

মাহ্যূফ। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ মু'তারাযা। حذفتا ফে'ল ও যমীর هما নায়েবে ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ, ان হরফে শর্ত, كان ফে'লে নাকেস, উহ্য যমীর هو তার ইসম, مركبا শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল। শিবহে ফে'ল ও তার ফায়েল মিলে খবর। كان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। حذف ফে'ল, الاسم মাওসূফ, الاخير সিফাত। মাওসূফ ও সিফাত মিলে নায়েবে ফায়েল। حذف ফে'ল ও তার নায়েবে ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। واو হরফে আত্ফ, ان হরফে শর্ত, كان ফে'লে নাকেস, যমীর هو তার ইসম। غير মুযাফ, ذالك মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। ফে'লে নাকেস-তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। فاء জাযাইয়্যাহ, حرف মাওসূফ, واحد সিফাত। মাওসূফ ও সিফাত মিলে নায়েবে ফায়েল হয়েছে يحذف উহ্য ফে'লের। يحذف ফে'ল ও তার নায়েবে ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। واو হরফে আত্ফ অথবা ইস্তীনাফ, هو মুবতাদা, فى হরফে জার, حكم মুযাফ, الثابت সিফাত, المنادى উহ্য মাওসূফ। মাওসূফ ও সিফাত মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার উহ্য ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল। على হরফে জার, الاكثر শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল মিলে সিফাত। الاستعمال উহ্য মাওসূফ ও তার সিফাত মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার। ثابت শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকারদ্বয় মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ। فاء ফসীহা, يقال ফে'ল, ياحار মুরাদুল্ লফয মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, ياثمو মা'তূফ, واو হরফে আত্ফ, ياكرو মা'তূফ। মা'তূফ আলাইহ- তার মা'তূফদ্বয়ের সাথে মিলে নায়েবে ফায়েল। يقال ফে'ল ও তার নায়েবে ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত উহ্য রয়েছে অর্থাৎ اِذَا كَانَ الْاَمْرُ كَذَا শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ।

জুমলাসমূহের বিস্তারিত তারকীব– يا হরফে নেদা ادعو -এর স্থলাখিষিক্ত, حار মাফউলে বিহী। ادعو ফে'ল ও তার ফায়েল এবং মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। يا হরফে নেদা ادعو-এর স্থলাভিষিক্ত। كرو মাফউলে বিহী। ادعو ফে'ল, যমীর انا ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে।

وَقَدْ يُجْعَلُ اِسْمًا بِرَأْسِهِ الخ : واو হরফে আত্ফ, يُجْعَلُ ফে'ল, উহ্য যমীর هُوَ নায়েবে ফায়েল, اِسْمًا মাওসূফ, با হরফে জার, رأس মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثَابِتًا-এর সাথে। ثَابِتًا উহ্য শিবহে ফে'ল, যমীর هُوَ ফায়েল ও যরফে মুস্তাকার মিলে সিফাত। اِسْمًا মাওসূফ ও সিফাত মিলে মাফউলে বিহী। يُجْعَلُ ফে'ল, যমীর هو তার নায়েবে ফায়েল এবং মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। فاء ফসীহা। يقال ফে'ল, ياحار মুরাদুল্ লফয মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, ياثمى মা'তূফ, واو হরফে আত্ফ, ياكرا মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে নায়েবে ফায়েল। يقال ফে'ল তার নায়েবে ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। واو হরফে আত্ফ, قد তাহকীকের জন্য, استعملوا ফে'ল, যমীর هم ফায়েল, صيغة মুযাফ, النداء মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে বিহী। فى হরফে জার, المندوب মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। استعملوا ফে'ল, তার ফায়েল, মাফউলে বিহী ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। واو হরফে ইস্তীনাফ, هو মুবতাদা المتفجع শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, على হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব আউয়াল। শিবহে ফে'ল তার ফায়েল ও যরফে লগ্ব মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ। يا হরফে জার, ياء মা'তূফ আলাইহ। او হরফে আত্ফ, وا মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব ছানী হয়েছে المتفجع-এর সাথে। المتفجع শিবহে ফে'ল। নায়েবে ফায়েল এবং উভয় যরফে লগ্ব মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। واو হরফে আত্ফ, اختص ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল, با হরফে জার, وا মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। ফে'ল, নায়েবে ফায়েল ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে।

وَحُكْمُهٗ فِى الْاِعْرَابِ وَالْبِنَاءِ حُكْمُ الْمُنَادٰى وَلَكَ زِيَادَةُ الْاَلِفِ فِىْ اٰخِرِهٖ فَاِنْ خِفْتَ اللَّبْسَ قُلْتَ وَا غُلَامَكِيْهِ وَا غُلَامَكُمُوْهُ وَلَكَ الْهَاءُ فِى الْوَقْفِ وَلَايُنْدَبُ اِلَّا الْمَعْرُوْفُ فَلَا يُقَالُ وَا رَجُلَاهُ وَامْتَنَعَ وَا زَيْدُ الطَّوِيْلَاهُ خِلَافًا لِيُوْنُسَ وَيَجُوْزُ حَذْفُ حَرْفِ النِّدَاءِ اِلَّا مَعَ اِسْمِ الْجِنْسِ وَالْاِشَارَةِ وَالْمُسْتَغَاثِ وَالْمَنْدُوْبِ نَحْوُ يُوْسُفُ اَعْرِضْ عَنْ هٰذَا وَاَيُّهَا الرَّجُلُ وَشَذَّ اَصْبَحَ لَيْلُ وَافْتَدِ مَخْنُوْقُ وَاَطْرِقْ كَرَا وَقَدْ يُحْذَفُ الْمُنَادٰى لِقِيَامِ قَرِيْنَةٍ جَوَازًا مِثْلُ اَلَا يَا اُسْجُدُوْا-

---

অনুবাদ : তার (مندوب-এর) হুকুম মু'রাব ও মাবনী হবার ক্ষেত্রে মুনাদার হুকুমের মতো। তার শেষে الف-কে বৃদ্ধি করা তোমার এখতিয়ার রয়েছে। অতঃপর মিলে যাবার আশংকা থাকলে তুমি বলবে وَا غُلَامَكِيْهِ ও وَا غُلَامَكُمُوْهُ ওয়াক্ফ অবস্থায় هَا কে বৃদ্ধি করা তোমার ইখতিয়ার রয়েছে। مندوب ব্যতীত معروف হয় না। সুতরাং وَارَجُلَاهُ বলা যাবে না। وَا زَيْدُ الطَّوِيْلَاهُ বলা নিষিদ্ধ। এ ক্ষেত্রে ইউনুস নাহুবিদের মতবিরোধ রয়েছে। হরফে নেদাকে বিলোপ করা বৈধ; কিন্তু اسم الجنس , اشارة, مستغاث ও مندوب-এর সাথে (জায়েজ নেই)। যেমন- اَصْبَحَ لَيْلُ (হে রাত! তুমি সকাল হও), اِفْتَدِ مَخْنُوْقُ (হে কণ্ঠরোধ্য! তুমি মাল দাও), اَطْرِقْ كَرَا (হে কোকিল! তুমি নিচে নেমে আস) এগুলোতে হরফে নেদাকে বিলোপ করা কম ব্যবহৃত। قرينة পাওয়া যাবার সময়ে মুনাদাকে জায়েজ হিসেবে বিলোপ করা হয়। যেমন- اَلَا يَا اسْجُدُوْا

ব্যাখ্যা : قَوْلُهٗ وَحُكْمُهٗ فِى الْاِعْرَابِ الخ : মু'রাব ও মাবনী হবার দিক থেকে مندوب-এর হুকুম মুনাদার হুকুমের ন্যায়। مندوب যদি مفرد معرفة হয়, তাহলে পেশের উপর মাবনী হবে। যেমন- وَازَيْدُ অন্যথায় نصب হবে। যেমন- وَا زَيْدَ الطَّوِيْلَاهُ وَاعَبْدَ اللّٰهِ জমহুর নাহুবিদদের মতে সিফাতের শেষে مندوب -এর চিহ্ন মিলানো যাবে না। কাজেই وَارَجُلَاهُ বলা নিষিদ্ধ। তবে মুযাফ ইলাইহ শেষে জায়েজ। কেননা, মুযাফটি মুযাফ ইলাইহ ছাড়া পূর্ণ হয় না; কিন্তু মাওসূফটি সিফাত ছাড়াও পূর্ণ হয়। অপরিচিত কোনো ব্যক্তির উপর مندوب হয় না। তাইতো وَارَجُلَاهُ বলা যাবে না। কেননা, مندوب টি সব সময় مشهور ও معروف ব্যক্তির উপর হয়, অপরিচিত ব্যক্তির উপর হয় না।

উল্লিখিত ইবারত দ্বারা বুঝা যায়- মুনাদা যেরূপ مفرد معرفة ، مضاف ، شبه مضاف ও نكرة -এ চার প্রকারে বিভক্ত হয়, তদ্রূপ مندوب ও চার প্রকারে বিভক্ত হয়ে থাকে; অথচ مندوب নাকেরা হয় না। এ সন্দেহের অপনোদন কল্পে বলা যায়- আল্লামা ইবনে হাজিব (র.) এ দ্বারা উদ্দেশ্য নিয়েছেন اِذَا وَقَعَ عَلٰى صُوْرَةٍ مِنْ صُوَرِ الْمُنَادٰى অর্থাৎ যখন মানদূব মুনাদার সুরতসমূহ থেকে কোনো একটি সুরতে পতিত হয়, তখন তার হুকুম মুনাদার হুকুমের মতো হবে না। সুতরাং মানদূব মুনাদার মতো চারটি প্রকারে বিভক্ত হওয়া বুঝা যায় না। অন্য একটি **উত্তর** : গ্রন্থকার সাধারণভাবে المنادى বলার কারণে মানদূবের জন্য চার প্রকার সাব্যস্ত হওয়া বুঝা গেলেও ইস্তিছনা স্বরূপ لَايُنْدَبُ اِلَّا الْمَعْرُوْفُ বলাতে মানদূব নাকেরা মুখাস্সাসাহ্ হওয়া লাযেম আসে না।

قَوْلُهٗ وَلَكَ زِيَادَةُ الْاَلِفِ الخ : দীর্ঘ আওয়াজের জন্য মানদূবের শেষে আলিফকে বৃদ্ধি করাও জায়েজ। কারণ, ندب-এর মধ্যে দীর্ঘ আওয়াজই উদ্দেশ্য হয়ে থাকে। আর তা আলিফ বৃদ্ধি করার মাধ্যমে অর্জিত হয়। فَاِنْ خِفْتَ اللَّبْسَ অর্থাৎ مندوب-এর শেষে আলিফকে বৃদ্ধি করার মাধ্যমে মিলে যাওয়ার (اِلْتِبَاسْ-এর) আশংকা থাকলে তার এমন অক্ষর পরিবর্তন করা যাবে যা مندوب -এর শেষাক্ষরের এক জাতীয় হয়। যেমন- কোনো مؤنث حاضر-এর গোলামকে ندب করার সময় বলবে وَا غُلَامَكِيْهِ - কারণ, এমতাবস্থায় مندوب -এর শেষে আলিফ বৃদ্ধি করা হলে وَا غُلَامَكَاهُ হবে, এটা مذكر حاضر

-এর গোলামকে ندب করার সাথে মিলে যায়। কাজেই নিঃসন্দহভাবে "ك" -এর كسره অনুপাতে আলিফকে ياء দ্বারা পরিবর্তন করে দেওয়া হবে। আর বলা হবে وَا غُلَامَكِيْهِ এ অনুমানের ভিত্তিতে جمع مذكر حاضر-এর গোলামকে ندب করার সময়ে وَاغُلَا مَكُمُوْهُ বলা হবে। কারণ, এটাকে আলিফ বৃদ্ধি করত وَا غُلَامَكُمَا বলা হলে تثنية حاضر-এর গোলামকে ندب করার সাথে মিলে যাবার আশংকায় আলিফের স্থানে واو-কে মিলানো হয় পেশের সাথে সঙ্গতি রক্ষার্থে।

قَوْلُهُ وَلِكَ الْهَاءُ فِى الْوَقْفِ -এর দ্বারা উদ্দেশ্য وقف অবস্থায় এই সব মদের হরফের পরে هاء-কে বৃদ্ধি করাও বৈধ। ولايندب দ্বারা মুসান্নিফ (র.) বলেছেন যে, প্রসিদ্ধ ব্যক্তিকেই ندب করা হয়। অজ্ঞাত ও অপ্রসিদ্ধ ব্যক্তিকে ندب করা হয় না। কারণ, শ্রোতা মানদূব প্রসিদ্ধ হওয়াতে দুঃখ প্রকাশকারী ব্যক্তিকে তার ক্রন্দনে দুর্বল মনে করবে। পক্ষান্তরে مندوب অপ্রসিদ্ধ হলে দুঃখ প্রকাশকারীর সাথে শ্রবণকারীরা ঠাট্টা-বিদ্রূপ করবে। সে জন্য وَا رَجُلَاهُ বলা যাবে না। কারণ, ندب এখানে অজ্ঞাত ব্যক্তির ক্ষেত্রে হয়েছে।

قَوْلُهُ اِمْتَنَعَ وَا زَيْدُ الخ : সিফাতের শেষাংশে মানদূবের চিহ্নকে সংযুক্ত করার ব্যাপারে মতবিরোধ রয়েছে। জমহুরের মতে সিফাতের শেষে মানদূবের আলামতকে সংযুক্ত করা নাজায়েজ। নাহুবিদ ইউনুসের মতে তা জায়েজ। তাঁর দলিল-যখন মুযাফ ও মুযাফ ইলাইহ পরস্পর বিরোধী হওয়া সত্ত্বেও মুযাফ ইলাইহের শেষে মানদূবের আলামতকে সংযুক্ত করা জায়েজ তখন সিফাতের শেষে উত্তমভাবেই জায়েজ হবে। কেননা, সিফাত হুবহু মাওসূফ। জমহুর নাহুবিদরা তদুত্তরে বলেছেন, মুযাফ যেহেতু মুযাফ ইলাইহ ছাড়া পরিপূর্ণ হয় না, সেহেতু উভয়টি একটি কালিমার মতো। তাতে মানদূবের আলামত মুযাফ ইলাইহের শেষে সংযুক্ত করা বৈধ। মাওসূফ ও সিফাত তার পরিপন্থী তথা উভয়টি স্বতন্ত্র কালিমা। তাইতো সিফাত ব্যতীত মাওসূফ পরিপূর্ণ হয়ে যায়। কাজেই সিফাতের শেষে مندوب -এর আলামতকে সংযুক্ত করা ঠিক হবে না। নাহুবিদ্ ইউনুসের দলিল قِيَاسٌ مَعَ الْفَارِقِ তিনি দাবির স্বপক্ষে দ্বিতীয় দলিল এভাবে উপস্থাপন করেছেন– একজন গ্রাম্য লোকের দু'টি পেয়ালা হারিয়ে গিয়েছিল। সে দুঃখ প্রকাশ করে বলেছিল–وَاجُمَحَتَيِ الشَّامِيَتَاهُ (আহ! আমার দু'টি শামীয় বড় পেয়ালা)। এতে বুঝা যায় মানদূবের আলামতকে সিফাতের শেষে সংযুক্ত করা বৈধ। জমহুরের পক্ষ থেকে উত্তর দেয়া হয়েছে- গেঁয়ো মানুষের এ উক্তি কম প্রচলিত ও অশুদ্ধ ভাষা, তা দলিল হতে পারে না।

* কারীনা পাওয়া গেলে হরফে নেদাকে মুনাদা থেকে বিলোপ করা বৈধ হবে। তবে মুনাদাটি اسم جنس হলে হরফে নেদাকে বিলোপ করা বৈধ নয়। اسم جنس দ্বারা উদ্দেশ্য– যে ইসম নেদার পূর্বে নাকেরা হয়, চাই নেদার পরে মা'রেফা হোক। যেমন- يَارَجُلًا কারণ, اسم جنس -এর ব্যবহার علم -এর মত বেশী নয়। যদি اسم جنس থেকে হরফে নেদাকে বিলোপ করা হয় তাহলে ধ্যান-ধারণা মুনাদার দিকে ধাবিত হয় না। অনুরূপভাবে মুনাদা اسم اشارة হলে তখন নেদাকে বিলোপ করা জায়েজ হবে না। কারণ, নেদার ক্ষেত্রে তা اسم جنس -এর মত কম ব্যবহৃত। তেমনিভাবে মুনাদাটি مستغاث ও مندوب হলে তা থেকে হরফে নেদাকে বিলোপ করা যাবে না। কেননা, এ উভয়টি দ্বারা দীর্ঘ আওয়াজ উদ্দেশ্য হয়। আর বিলোপ করা তার বিপরীত।

قَوْلُهُ يُوْسُفُ اَعْرِضْ عَنْ هٰذَا : এটা মূলত يَايُوْسُفُ اَعْرِضْ عَنْ هٰذَا ছিল। এটাতে يا হরফে নেদা বিলুপ্ত হয়ে গেছে। কেননা, যদি يوسف-এর পূর্বে يا-কে উহ্য মানা না হয় তাহলে يُوْسُفُ মুবতাদা, আর اَعْرِضْ الخ তার খবর হবে; অথচ اَعْرِضْ عَنْ هٰذَا খবর হতে পারে না। কারণ, এটা انشاء - আর انشاء -কে তা'লীল করা ব্যতীত খবর বানানো কখনো জায়েজ নেই। বুঝা যায় يُوْسُفُ-এর পূর্বে হরফে নেদা বিলুপ্ত হয়েছে। اَيُّهَا الرَّجُلُ ও اَيُّهٰذَا الرَّجُلُ এ উভয়টি মূলত যথাক্রমে يَااَيُّهَا الرَّجُلُ - يَا اَيُّهٰذَا الرَّجُلُ ছিল। يا হরফে নেদাকে বিলোপ করা হয়েছে। এখানে কারীনা হলো اَيُّهَا ও اَيُّهٰذَا-কে মুনাদা معرف باللام -এর উপর নেওয়া হয়, যাতে নির্দিষ্টকরণের দু'টি চিহ্ন একত্র না হয়। প্রমাণিত হয় যে, এগুলোর পূর্বে حرف ندا বিলুপ্ত হয়েছে।

قَوْلُهُ وَشُذَّ اَصْبَحَ لَيْلُ الخ : এটা উহ্য প্রশ্নের উত্তর। **প্রশ্ন** : মুসান্নিফ (র.)-এর উক্তি থেকে বুঝা যায় যে, اسم جنس-এর মধ্যে হরফে নেদাকে বিলোপ করা জায়েজ নেই; অথচ ইবারতে উল্লিখিত উদাহরণসমূহ দ্বারা তার খেলাপ প্রমাণিত হয়। এর উত্তর কি হতে পারে ? মুসান্নিফ (র.) উত্তর দিয়েছেন উপরোক্ত উদাহরণসমূহে হরফে নেদাকে বিলোপ করা شاذ ; কায়দানুপাতে নয়। এখানে اَصْبَحَ لَيْلُ মূলত اَصْبَحَ يَالَيْلُ ছিল। অর্থ–হে রাত! তুমি সকাল হয়ে যাও। উপরোক্ত বাক্যটি

ইমরাউল কায়েসের স্ত্রী উম্মে জুনদূব এমন সময় বলেছিল- যখন ইমরাউল কায়েসের সংস্পর্শ থেকে অভ্যাসগত তফাৎ এর কারণে তার ঘৃণা সৃষ্টি হয়। কেউ কেউ এ ঘটনা বর্ণনা করেছেন যে, ইমরাউল কায়েস একজন অনারবী। বিশুদ্ধ ভাষী ও অলঙ্কারপূর্ণ ভাষা প্রয়োগে পারদর্শীতার কারণে আরব বলে দাবি করতেন। তিনি আরবে দীর্ঘদিন বসবাস করার পর জনৈকা আরবি মেয়েকে বিয়ে করেন। এক রাতে বাতি নিভাতে বলার সময় হঠাৎ উচ্চারণ করেছিলেন اَقْتُلِى السِّرَاجَ অথচ আরবি ভাষায় বলা হয় اَطْفِى السِّرَاجَ তার স্ত্রী আরবীয় বিদ্বান মহিলা ছিল। সে তার কথা শুনে বলল-وَاللّٰهِ وَاللّٰهِ هٰذَا اَعْجَمِىٌّ আর সারা রাত কাঁদতে কাঁদতে হতাশাগ্রস্থ হয়ে বলল- হে রাত! সকাল হয়ে যাও। যাতে ইমরাউল কায়েসের সংস্পর্শ থেকে মুক্তি নেই। اِفْتَدِ مَخْنُوْقٌ এই প্রবাদটি سَلِيْكُ بْنُ سَلَكَةَ-কে উদ্দেশ্য করে বলা হয়েছিল সে ছাদের উপর শায়িত ছিল। এক ব্যক্তি এসে তার গলা টিপে বলল-اِفْتَدِ مَخْنُوْقٌ (হে কণ্ঠরোধ্য! তোমার থেকে কিছু দাও, তাহলে ছেড়ে দিব।)। এখানে اِفْتَدِ শব্দটি اِفْتِدَاءٌ থেকে নির্গত। অর্থ- ফিদ্ইয়া দেওয়া। الخنق অর্থ- গলা টিপে দেওয়া।

اَطْرِقْ كَرَا এটা মূলত ছিল اَطْرِقْ يَاكَرَوَانُ এ জুমলাটিতে দু'টি شاذ হয়েছে। প্রথমতঃ হরফে নেদাকে اسم جنس থেকে বিলোপ করা হয়েছে। দ্বিতীয়ত علم ব্যতীত ترخيم করা হয়েছে। اطرق শব্দটি باب افعال-এর اطراق থেকে নির্গত। আভিধানিক অর্থ- নিশ্চুপ হওয়া, চক্ষু অবনত করা, মাথা নিচু করা। কথিত আছে যে, আরববাসীরা কোকিল শিকার করার সময়-

اَطْرِقْ كَرَا اَطْرِقْ كَرَا * اِنَّ النَّعَامَةَ فِى الْقُرٰى
وَبِغَا تُكُمْ فِىْ اَرْضِنَا * مَا اسْتَنْسَرَا مَا اسْتَنْسَرَا

এ মন্ত্রটি পড়তো। অর্থাৎ চুপ হও; দৃষ্টি অবনত করো; মাথা ঝুকিয়ে দাও। হে কোকিল! তোমার চেয়ে বড় উট পাখি শিকার করা হয়েছে। এ মন্ত্র পড়লে কোকিল নিচে নেমে আসতো।

قَوْلُهٗ وَقَدْ يُحْذَفُ الْمُنَادٰى الخ : কখনো মুনাদাকে কারীনা পাওয়া যাবার সময়ে বিলোপ করা হয়। যেমন- اَلَايَا اُسْجُدُوْا মূলত اَلَايَاقَوْمُ اسْجُدُوْا ছিল। قوم মুনাদাকে বিলোপ করা হয়েছে। তা বিলুপ্তির কারীনা يا হরফে নেদাটি ফে'লের উপর প্রবিষ্ট হয় না। এখানে নিশ্চয় ফে'লের পূর্বে একটি ইসম রয়েছে, যা মুনাদা। الا-কে تخفيف-এর সাথে পঠিত হলে তখন মুনাদাকে বিলুপ্ত মেনে নিতে হবে। الا তাশদীদযুক্ত হলে আমাদের আলোচনার বহির্ভূত বিষয় হয়ে পড়ে।

তারকীব : قَوْلُهٗ وَحُكْمُهٗ فِى الْاِعْرَابِ وَالْبِنَاءِ الخ : واو হরফে আত্ফ, حكم মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে যুলহাল। فى হরফে জার, الاعراب মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, البناء মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا -এর সাথে। ثابتا শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল ও যরফে মুস্তাকার মিলে হাল। যুলহাল ও হাল মিলে মুবতাদা। حكم মুযাফ, المنادى মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ বা ইস্তীনাফ, لام হরফে জার, ك মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে جازت -এর সাথে। جازت উহ্য ফে'ল, উহ্য যমীর هى ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর মুকাদ্দাম। زيادة মাসদার মুযাফ, الالف মুযাফ ইলাইহ, فى হরফে জার, اخر মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। زيادة মুযাফ, الالف মুযাফ ইলাইহ এবং যরফে লগ্ব মিলে মুবতাদায়ে মুয়াখ্খার। মুবতাদায়ে মুয়াখ্খার ও খবরে মুকাদ্দাম মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। فاء তাফসীলের জন্য, ان হরফে শর্ত, خفت ফে'ল, تا যমীরে বারেয ফায়েল, اللبس মাফউলে বিহী। ফে'ল, ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। قلت ফে'ল, تا যমীরে বারেয ফায়েল, واغلامكيه মুরাদুল্লফ্য মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, واغلامكموه মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাফউলে বিহী। قلت ফে'ল, তার ফায়েল ও মাফউলে বিহী মিলে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যা। জুমলাদ্বয়ের বিস্তারিত তারকীব- واو টি মানদূবের জন্য, غلام মুযাফ, ك মুযাফ ইলাইহ, يا মাওসূফের জন্য, ه ওয়াক্ফের জন্য ব্যবহৃত। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে বিহী। ادعو উহ্য ফে'ল, যমীর انا ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। واو মানদূবের জন্য, غلام মুযাফ, ك মুযাফ ইলাইহ, ميم আলামতে জমা', واو দীর্ঘ আওয়াজের জন্য, ه ওয়াক্ফের জন্য ব্যবহৃত। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে বিহী। ادعو উহ্য ফে'ল, যমীর انا ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ, ل হরফে জার, ك মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার উহ্য جائز-এর

সাথে। جائز শিবহে ফে'ল, তার ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবরে মুকাদ্দাম। الهاء মুবতাদায়ে মুয়াখ্খার। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। فى হরফে জার, الوقف মাজরূর। জার ও মাজরূর মিলে উহ্য زيادة -এর সাথে মুতা'আল্লাক। واو হরফে আত্ফ, لايندب ফে'ল, لا হরফে ইস্তিছনা, ال টি الذى অর্থে ব্যবহৃত ইসমে মাওসূল। المعروف শিবহে ফে'ল ও উহ্য যমীর هو নায়েবে ফায়েল মিলে সেলাহ্। মাওসূল ও সেলাহ মিলে মুস্তাছনায়ে মুফার্‌রাগ হয়ে নায়েবে ফায়েল। لايندب ফে'ল ও নায়েবে ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। فاء ফসীহা, لايقال ফে'ল, وارجلاه নায়েবে ফায়েল। ফে'ল ও নায়েবে ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। اذا كان الامر كذا উহ্য শর্ত। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। واو হরফে আত্ফ, امتنع ফে'ল, وَازَيْدَ الطَّوِيْلَاهُ মুরাদুল্ লফ্য ফায়েল। ফে'ল ও ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে। خلافا মাফউলে মুতলাক। তার ফে'ল خالف উহ্য রয়েছে। خالف ফে'ল, উহ্য যমীর هو ফায়েল ও মাফউলে মুতলাক মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। لام হরফে জার, يونس মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتة -এর সাথে। ثابتة শিবহে ফে'ল ও যমীর هى ফায়েল মিলে খবর। ارادتى উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। واو হরফে আত্ফ বা হরফে ইস্তীনাফ, يجوز ফে'ল, حذف মুযাফ, حرف মুযাফ ইলাইহ মুযাফ, النداء মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে حذف মুযাফের মুযাফ ইলাইহ। لا হরফে ইস্তিছনা, مع মুযাফ, اسم মুযাফ ইলাইহ মুযাফ, الجنس মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, الاشارة মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, المستغاث মা'তূফ, واو হরফে আত্ফ, المندوب মা'তূফ। মা'তূফ আলাইহ এবং তার মা'তূফদ্বয় মিলে মুযাফ ইলাইহ। مع মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মুস্তাছনায়ে মুফার্‌রাগ হয়ে মাফউলে ফীহ। حذف মাসদার মুযাফ, তার মুযাফ ইলাইহ ও মাফউলে ফীহ মিলে ফায়েল। يجوز ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ।

اَيُّهَا الرَّجُلُ قَوْلُهُ نَحْوُ يُوْسُفُ اَعْرِضْ عَنْ هٰذَا الخ মুযাফ, نحو মুযাফ ইলাইহ, يوسف الخ মুরাদুল্ লফ্য মা'তূফ আলাইহ, মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মুযাফ ইলাইহ। مثل মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। বিস্তারিত তারকীব- يوسف মুনাদা মাফউলে বিহী, يا হরফে নেদা উহ্য রয়েছে। এটা ادعو -এর স্থলাভিষিক্ত, ادعو ফে'ল, যমীর انا ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। اعرض ফে'ল, যমীর انت ফায়েল, عن হরফে জার, هذا মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। ফে'ল, ফায়েল ও যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে। اَيُّهَا الرَّجُلُ -এর মধ্যে اى মুযাফ, ها মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাওসূফ, الرجل সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মাফউলে বিহী। يا উহ্য হরফে নেদা ادعو-এর স্থলাভিষিক্ত। ادعو উহ্য ফে'ল, তার ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। واو হরফে ইস্তীনাফ, شذ ফে'ল, اَصْبَحَ لَيْلٌ মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, اِفْتَدِ مَخْنُوْقٌ মা'তূফ, واو হরফে আত্ফ, اطرق كرا মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফদ্বয় মিলে ফায়েল। شذ ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে। বিস্তারিত তারকীব- اصبح ফে'ল ও যমীর انت ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। ليل মুনাদা মাফউলে বিহী। তার পূর্বে يا হরফে নেদা উহ্য রয়েছে। এটা ادعو-এর স্থলাভিষিক্ত। ادعو ফে'ল, ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। افتد ফে'ল ও উহ্য যমীর انت ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। مخنوق মুনাদা মাফউলে বিহী, উহ্য يا হলোادعو-এর স্থলাভিষিক্ত। ادعو ফে'ল, ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। اطرق ফে'ল, যমীর انت ফায়েল। ফে'ল ও ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। كرا মুনাদা মাফউলে বিহী, তার পূর্বে উহ্য يا হলোادعو-এর স্থলাভিষিক্ত। ادعو ফে'ল, ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। واو হরফে ইস্তীনাফ,قد তাক্বলীলের জন্য يحذف ফে'ল, المنادى নায়েবে ফায়েল, لام হরফে জার, قيام মুযাফ, قرينة মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। جوازا উহ্য মুযাফ সহ মাফউলে মুতলাক। يحذف ফে'ল, নায়েবে ফায়েল, যরফে লগ্‌ব ও মাফউলে মুতলাক মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। مثل মুযাফ, اَلَا يَا اسْجُدُوْا মুরাদুল্লফ্য মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله উহ্য মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। বিস্তারিত তারকীব- لا হরফে তাম্বীহ, يا হরফে নেদা -এর স্থলাভিষিক্ত, উহ্য قوم মুনাদা মাফউলে বিহী। ادعو ফে'ল, যমীর انا ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। اسجدوا ফে'ল ও যমীর انتم ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে।

وَالثَّالِثُ مَا اُضْمِرَ عَامِلُهُ عَلٰى شَرِيْطَةِ التَّفْسِيْرِ وَهُوَ كُلُّ اِسْمٍ بَعْدَهُ فِعْلٌ اَوْ شِبْهُهُ مُشْتَغِلٌ عَنْهُ بِضَمِيْرِهِ اَوْ مُتَعَلِّقِهِ لَوْ سُلِّطَ عَلَيْهِ هُوَ اَوْ مُنَاسِبُهُ لَنَصَبَهُ مِثْلُ زَيْدًا ضَرَبْتُهُ وَ زَيْدًا مَرَرْتُ بِهِ وَ زَيْدًا ضَرَبْتُ غُلَامَهُ وَ زَيْدًا حُبِسْتُ عَلَيْهِ يُنْصَبُ بِفِعْلٍ مُضْمَرٍ يُفَسِّرُهُ مَابَعْدَهُ اَىْ ضَرَبْتُ وَجَاوَزْتُ وَاَهَنْتُ وَلَابَسْتُ وَيُخْتَارُ الرَّفْعُ بِالْاِبْتِدَاءِ عِنْدَ عَدَمِ قَرِيْنَةِ خِلَافِهِ اَوْ عِنْدَ وُجُوْدِ اَقْوٰى مِنْهَا كَاَمَّا مَعَ غَيْرِ الطَّلَبِ وَاِذَا لِلْمُفَاجَاةِ وَيُخْتَارُ النَّصْبُ بِالْعَطْفِ عَلٰى جُمْلَةٍ فِعْلِيَّةٍ لِلتَّنَاسُبِ-

---

অনুবাদ : তৃতীয় (স্থান) : مَا اُضْمِرَ عَامِلُهُ عَلٰى شَرِيْطَةِ التَّفْسِيْرِ (যার আমিলকে ব্যাখ্যার শর্তে উহ্য রাখা হয়েছে), আর তা এমন প্রত্যেক اسم যার পরে একটি فعل বা شبه فعل হবে, যে (ফে'ল বা শিবহে ফে'ল) টি উক্ত ইসমের ضمير বা متعلق -এর মধ্যে আমল করার কারণে ইসমটির মধ্যে আমল করা হতে বিমুখ থাকবে। যদি فعل বা তার উপযোগী বস্তুকে ঐ ইসমটির উপর নিয়োগ করা হয়, তবে ইসমটিকে অবশ্যই যবর প্রদান করবে। যেমন- زَيْدًا ضَرَبْتُهُ (আমি যায়েদকে প্রহার করেছি), زَيْدًا مَرَرْتُ بِهِ (আমি যায়েদের সাথে রাস্তা অতিক্রম করেছি), زيدا ضربت غلامه (আমি যায়েদের গোলামকে প্রহার করেছি), زَيْدًا حُبِسْتُ عَلَيْهِ (আমি যায়েদের উপর আবদ্ধ হয়েছি)। এটা এমন উহ্য فعل-এর কারণে যবর বিশিষ্ট হবে-যাকে তার পরবর্তী অংশ ব্যাখ্যা করে দেয়, অর্থাৎ- ضَرَبْتُ (আমি প্রহার করেছি), جَاوَزْتُ (আমি অতিক্রম করেছি), اَهَنْتُ (আমি হেয় করেছি) لَابَسْتُ (আমি সম্পৃক্ত হয়েছি), আর তাকে মুবতাদা হবার কারণে رفع পড়া উত্তম হবে, এর বিপরীত কোনো কারীনা পাওয়া না গেলে অথবা (رفع ও نصب উভয়ের কারীনা রয়েছে, তবে) رفع -এর কারীনা নসবের কারীনা হতে শক্তিশালী পাওয়া গেলে। যেমন–গায়রে তলবের সাথে ব্যবহৃত اما এবং مفاجات -এর জন্য ব্যবহৃত اذا (উপরোক্ত ইসমের উপর দাখিল হলে رفع পড়া উত্তম)। আর جملة فعليه -এর উপর আত্ফ হওয়াতে মুনাসাবাত (সম্বন্ধ)-এর কারণে نصب (যবর) পড়া উত্তম।

ব্যাখ্যা : مَااُضْمِرَ عَامِلُهُ عَلٰى شَرِيْطَةِ التَّفْسِيْرِ তথা এটা এমন ইসম যার পরে কোনো ফে'ল বা শিবহে ফে'ল থাকে, আর এ ফে'ল বা শিবহে ফে'লটি তার পূর্ববর্তী ইসমের দিকে প্রত্যাবর্তনকারী ضمير কিংবা متعلق-এর মধ্যে আমল করার কারণে উক্ত ইসমটির মধ্যে আমল করা হতে বিরত থাকে। আর সে فعل বা مناسب فعل-কে তার উপর নিয়োগ করা হলে نصب দিবে। এ ফে'ল বা শিবহে ফে'লই বুঝাবে যে, তার পূর্বে অনুরূপ একটি ফে'ল বা শিবহে ফে'ল ছিল। এখানে ফে'ল তথা আমিলকে বিলোপ করা এজন্য ওয়াজিব যে, যাতে مفسر (ব্যাখ্যাকৃত) ও مفسر (ব্যাখ্যাকারী) উভয়ই একই বাক্যে একত্রিত হতে না পারে। কারণ, এদের একই সাথে হওয়া জায়েজ নয়।

فَوَائِدُ قُيُوْد : مَا اُضْمِرَ عَامِلُهُ عَلٰى شَرِيْطَةِ التَّفْسِيْرِ -এর পরিচয়ের পর তার فوائد قيود সম্পর্কে আলোকপাত করা হলো, بَعْدَهُ فِعْلٌ اَوْ شِبْهُهُ বলার কারণে মুসান্নিফের এ উক্তি দ্বারা ঐ ইসম বাদ পড়ে গেছে, যার পরে ফে'ল বা শিবহে

ফে'ল নেই। যেমন– زَيْدٌ اَبُوْكَ ، هٰذَا زَيْدُه আর مشتغل عنه بضميره او متعلقه উক্তি দ্বারা ঐ ইসম বাদ পড়েছে, যার মধ্যে ঐ ফে'ল বা শিবহে ফে'ল আমিল হয়। যেমন– زَيْدٌ ضَرَبْتُ ، وَاَمَّا السَّائِلَ فَلَا تَنْهَرْ ; গ্রন্থকারের উক্তি– لَوْ سُلِّطَ عَلَيْهِ هُوَ اَوْ مُنَاسِبَهُ لَنَصَبَهُ-এর দ্বারা ঐ ইসম বের হয়ে গেছে যাতে ঐ ফে'ল বা শিবহে ফে'লকে পূর্বে আনা হলে যবর করে না। যথা– زَيْدٌ ضَرَبَ যদি এখানে ফে'লকে পূর্বে আনা হয়, তাহলে زيد নায়েবে ফায়েল হবে। আর তার উপর نصب (যবর) আসে না। জেনে রাখা উচিত, ঐ ইসমের মধ্যে ফে'ল বা শিবহে ফে'ল আমল না করাটা যমীরের মধ্যে বা متعلق-এর মধ্যে আমল করার কারণে হতে হবে। অন্য কোনো কারণে হতে পারবে না। কাজেই তা দ্বারা ঐ সুরত বের হয়ে যায়, যার মধ্যে তা ব্যতীত অন্য কোনো কারণে ফে'ল বা শিবহে ফে'ল সে ইসমের মধ্যে আমল করে না। যথা– زَيْدٌ ضَرَبْتُهُ এতে زيد পেশ বিশিষ্ট হওয়াতে ফে'ল তার উপর আমল করেনি এবং তাতে ابتداء হওয়া আমিল।

* مَا اُضْمِرَ عَامِلُهُ عَلٰى شَرِيْطَةِ التَّفْسِيْرِ –এর অপর নাম الاشتغال ; এটার তিনটি বিশেষ অংশ আছে। যথা– (ক) المشغول এটা মূলত ফে'ল বা শিবহে ফে'লটি। (খ) المشغول به এটা اسم টির যমীর বা মুতা'আল্লাক। (গ) المشغول عنه তা ফে'ল বা শিবহে ফে'লের পূর্ববর্তী ইসমটি।

المشغول عنه-এর পরবর্তী ফে'ল কিংবা শিবহে ফে'লের মা'মূলটি চার সুরত হতে পারে। যথা–

১. ফে'লটি ইসমের যমীরে আমল করবে। যথা– اَلْاَخْيَارُ يُصَاحِبُهُمُ الْعَاقِلُ

২. অথবা শিবহে ফে'লটি যমীরে আমল করবে। যথা– اَلْبَاطِلُ الْحَقُّ مَنْصُوْرٌ عَلَيْهِ

৩. ফে'লটি ইসমের মুতা'আল্লাকের মধ্যে আমল করবে। যথা– اَلْوَعْدُ يُكْرِمُ اِيْفَائُهُ صَاحِبَهُ

৪. শিবহে ফে'লটি মুতা'আল্লাকের মধ্যে আমল করবে। যথা– اَلْبَاطِلُ الْحَقَّ مَنْصُوْرٌ عَلٰى شَيَاطِيْنِهِ

قَوْلُهُ زَيْدًا ضَرَبْتُهُ وَ زَيْدًا مَرَرْتُ بِهِ الخ : এটা ঐ ফে'লের মেছাল-যা ইসমের যমীরের মধ্যে আমল করার কারণে তার মধ্যে আমল করা থেকে বিমুখ রয়েছে। এই ফে'লটিকে ইসমের পূর্বে আনা হলে তা ঐ ইসমকে যবর প্রদান করবে। যেমন– زَيْدًا ضَرَبْتُ وَزَيْدًا مَرَرْتُ بِهِ – এটা ঐ ফে'লের মেছাল, যা যমীরে আমল করার কারণে ঐ ইসমের মধ্যে আমল করা থেকে বিরত থাকে। যখন ঐ ইসমের উপর উল্লিখিত ফে'লের مناسب (সমার্থবোধক ফে'ল) কে পূর্বে নেওয়া হবে তখন তা যবর প্রদান করবে। যেমন– جَاوَزْتُ زَيْدًا কারণ, مررت শব্দটি باء দ্বারা মুতায়াদ্দী হবার পর جَاوَزْتُ-এর অর্থে হয়ে যায়। তবে এখানে সরাসরি উক্ত ফে'লকে পূর্বে নিয়োগ করলে ঐ ইসমকে যবর দেবে না। কেননা, উল্লিখিত ফে'লকে পূর্বে আনার দু'টি প্রক্রিয়া রয়েছে। হয়তো باء-এর সাথে তাকে মুকাদ্দাম করা হবে অথবা باء ব্যতীত। باء সহ মুকাদ্দাম করা হলে যবরের স্থানে যের হয়ে যাবে। আর باء ব্যতীত মুকাদ্দাম করা হলে তা মাফউল হবে না, যা নসবকে চায়। وَ زَيْدًا ضَرَبْتُ غُلَامَهُ এটা ঐ ফে'লের মেছাল-যা ইসমের متعلق -এর মধ্যে আমল করার কারণে ঐ ইসম থেকে বিমুখ হয়। যেমন– اهنت زيدا কারণ, পরিভাষায় চাকরের প্রহার করা প্রভুকে হেয় প্রতিপন্ন করা লাযেম আসে। এখানে যদি হুবহু উল্লিখিত ফে'লকে পূর্বে নেওয়া হয় তাহলে নসব দেবে না। কারণ, ফে'লকে غلام সহ মুকাদ্দাম করলে উল্লিখিত ইসমটি যের বিশিষ্ট হবে। غلام ব্যতীত মুকাদ্দাম করা হলে লক্ষ্যচ্যুতি ঘটে। زَيْدًا حُبِسْتُ عَلَيْهِ টি ঐ ফে'লের উদাহরণ যা ইসমের যমীরে আমল করার কারণে ঐ ইসমে আমল করে না আর উল্লিখিত ইসমের উপর ফে'লটির মুনাসিবকে নিয়োগ করা হলে তা নসব দেবে। অর্থাৎ لَابَسْتُ زَيْدًا ; কেননা, زيد-এর উপর কারো আবদ্ধ হওয়া তার সংস্পর্শকে আবশ্যক করে। অতঃপর এখানে ফে'লকে পূর্বে আনা হলে যবর দিতে পারে না। কারণ, তাকে على সহ মুকাদ্দাম করা হলে তা যের বিশিষ্ট হবে। আর على ছাড়া মুকাদ্দাম করা হলে মাফউল হবে না। কারণ, حُبِسْتُ-এর যমীরটি তার مَفْعُوْلُ مَالَمْ يُسَمَّ فَاعِلُهُ ।

قَوْلُهُ وَيُنْصَبُ بِفِعْلٍ الخ : উল্লিখিত উদাহরণে زَيْدًا ঐ উহ্য ফে'লের কারণে নসব বিশিষ্ট, যার ব্যাখ্যা পরবর্তী ফে'ল করে থাকে। অর্থাৎ جَاوَزْتُ ، ضَرَبْتُ এবং اَهَنْتُ ، لَابَسْتُ ; শিবহে ফে'লের উদাহরণ زَيْدًا اَنَا ضَارِبُهُ তার মধ্যে হুবহু

শিবহে ফে'লকে মুকাদ্দাম করা হলে যবর দিবে। অর্থাৎ زَيْدًا اَنَا ضَارِبُهُ এবং اَنَا ضَارِبٌ زَيْدًا এখানে মুনাসিব বা সমার্থবোধক ফে'লকে মুকাদ্দাম করার কারণে নসব হয়ে থাকে। অর্থাৎ زَيْدًا اَنَا ضَرَبَ غُلَامَهُ এবং اَنَا مُجَاوِزٌ زَيْدًا তার মধ্যে مناسب তথা فعل তার মধ্যে اَنَا زَيْدًا مَحْبُوْسٌ عَلَيْهِ- اَنَا مُهِيْنٌ زَيْدًا -اَنَا مُلَابِسٌ زَيْدًا-কে মুকাদ্দাম করার কারণে নসব হয়। যথা- مناسب فعل-কে মুকাদ্দাম করার কারণে নসব হয়েছে। প্রথম তিনটি উদাহরণে فعل شبه ইসমের যমীরে আমল করার কারণে ঐ ইসমটিকে নিজের মা'মুল বানানো থেকে বিরত রয়েছে। চতুর্থ মেছালে ইসমের متعلق -এর মধ্যে আমল করার কারণে ইসমের মধ্যে আমল করে না।

قَوْلُهُ وَيَخْتَارُ الرَّفْعُ بِالْاِبْتِدَاءِ الخ : এখান থেকে مَا اُضْمِرَ عَامِلُهُ عَلٰى شَرِيْطَةِ التَّفْسِيْرِ-এর অনেক শাখা-প্রশাখা বর্ণনা করা হয়েছে। এ'রাব অনুপাতে مَا اُضْمِرَ عَامِلُهُ عَلٰى شَرِيْطَةِ التَّفْسِيْرِ হাক্বিকী পাঁচটি সুরত রয়েছে। যথা-(ক) رفع পড়া উত্তম। (খ) نصب পড়া উত্তম। (গ) رفع পড়া ওয়াজিব। (ঘ) نصب পড়া ওয়াজিব। (ঙ) رفع ও نصب উভয়ই বরাবর। رفع পড়া উত্তম হবে দু'টি অবস্থায়। যথা-(১) ابتداء শুদ্ধ হওয়া এবং رفع-এর বিপরীত نصب-এর কোনো অগ্রাধিকারপ্রাপ্ত কারীনা পাওয়া না যাওয়া। যেমন- زَيْدٌ ضَرَبْتُهُ (২) যদি رفع ও نصب উভয়ের কারীনা পাওয়া যায়; তবে رفع-এর কারীনা نصب-এর কারীনার চেয়ে শক্তিশালী হয়। এটা শুধু দু'স্থানে হয়। (১) اما উল্লিখিত ইসমের উপর প্রবেশ করে এবং ঐ ইসম এমন ফে'লের সাথে সম্পৃক্ত হয়, যাতে طلب -এর অর্থ পাওয়া যায় না। মূল উদ্দেশ্য এমন اما-এর পরে جمله انشائية হয় না; বরং جمله خبريه হয়। যেমন- ضَرَبْتُ زَيْدًا وَاَمَّا عَمْرٌو فَاَكْرَمْتُهُ এখানে جمله فعليه-এর আত্ফ جمله فعليه-এর উপর হওয়াটা عمرو নসব হবার কারীনা। اما শব্দের رفع শক্তিশালী। কারণ, اما-এর পরে অধিকাংশ মুবতাদা গঠিত হয়। আত্ফ তার বিপরীত। এটা নসবের অধিক শক্তিশালী কারীনা নয়। কেননা, আরবি ভাষায় জুমলায়ে ইসমিয়্যাহর আত্ফ জুমলায়ে ফে'লিয়্যাহর উপর অধিকভাবে ব্যবহৃত হয়। رفع-এর অবস্থায় যেহেতু হযফ থেকে নিরাপদ থাকে, সেহেতু নসবের কারীনা থেকে রফা'র কারীনা অগ্রাধিকার প্রাপ্ত। এখানে اما-এর সাথে غير طلب-এর কয়েদ দ্বারা শর্তারোপের কারণ, যখন اما-এর পরে জুমলায়ে ইনশাইয়্যাহ হবে তখন নসব উত্তম হবে। যেমন- اِمَّا زَيْدٌ فَاَضْرِبُهُ -কেননা, زيد-এর رفع অবস্থায় طلب তথা اضرب থেকে খবর হওয়া লাযেম আসবে। আর তা তাবীল ব্যতীত বৈধ নয়। রফা'র কারীনা শক্তিশালী হবার দ্বিতীয় স্থান- اِذَا مَفَاجَاتِيَهْ যখন উল্লিখিত ইসমের উপর দাখিল হয়। কেননা, এটা অধিকাংশ ক্ষেত্রে জুমলায়ে ইসমিয়্যাহর উপর প্রবিষ্ট হয়। যেমন- خَرَجْتُ فَاِذَا زَيْدٌ يَضْرِبُهُ عَمْرٌو তদুপরি তাতে হযফ থেকে নিরাপদ থাকে। এমতাবস্থায় رفع -এর কারীনা অগ্রাধিকার পাওয়ার কারণে رفع পড়া উত্তম হবে। (২) اذا مفاجاتيه-এর পরে আসলে। কারণ, তা অধিকাংশ ক্ষেত্রে جملة اسمية-এর উপর প্রবেশ করে। যেমন- خَرَجْتُ فَاِذَا زَيْدٌ يَضْرِبُهُ عَمْرٌو।

قَوْلُهُ وَيَخْتَارُ النَّصْبَ الخ : উল্লিখিত ইসমের মধ্যে এমন কতগুলো স্থান রয়েছে যেখানে نصب পড়া উত্তম। তন্মধ্যে একটি স্থান উক্ত ইসম যে জুমলায় রয়েছে, তা جمله فعلية-এর উপর আত্ফ হওয়া। যেমন- ضَرَبْتُ زَيْدًا وَعَمْرًا اَكْرَمْتُهُ এ সুরতে নসব পড়া উত্তম, যাতে মা'তূফ আলাইহ ও মা'তূফের মাঝে সমতা রক্ষা করা যায়।

তারকীব : قَوْلُهُ وَالثَّالِثُ مَا اُضْمِرَ عَامِلُهُ عَلٰى شَرِيْطَةِ التَّفْسِيْرِ الخ : واو হরফে আত্ফ, الثالث মুবতাদা, ما ইসমে মাওসূল, اضمر ফে'ল, عامل মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে নায়েবে ফায়েল। على হরফে জার, شريطة মুযাফ, التفسير মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। উহ্য فيه -এর মধ্যে فى হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব ছানী। اضمر ফে'ল, নায়েবে ফায়েল এবং যরফে লগ্বদ্বয় মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। واو হরফে আত্ফ, هو মুবতাদা, كل মুযাফ, اسم মাওসূফ, بعد মুযাফ, ه যমীর

মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে যরফ। فعل মা'তূফ আলাইহ , او হরফে আত্ফ, شبه মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাওসূফ। مشتغل শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল, عن হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব আউওয়াল। با হরফে জার, ضمير মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, متعلق মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব ছানী। مشتغل শিবহে ফে'ল, ফায়েল ও যরফে লগ্বদ্বয় মিলে সিফাতে আউওয়াল। لو হরফে শর্ত, سلط ফে'ল, উহ্য যমীর هو মুয়াক্কাদ, على হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। هو তাকীদ। মুয়াক্কাদ ও তাকীদ মিলে মা'তূফ আলাইহ। او হরফে আত্ফ, مناسب মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে নায়েবে ফায়েল। سلط ফে'ল, নায়েবে ফায়েল ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। لام জাওয়াবিয়্যাহ, نصب ফে'ল, যমীর هو ফায়েল, ه যমীর মাফউলে বিহী। ফে'ল, ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাওয়াব। শর্ত ও জাওয়াব মিলে জুমলায়ে শর্তিয়্যাহ হয়ে সিফাত ছানী। মাওসূফ ও তার সিফাতদ্বয় মিলে ফায়েল। যরফ ও তার ফায়েল মিলে জুমলায়ে যরফিয়্যাহ হয়ে সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মুযাফ ইলাইহ। كل মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। مثل মুযাফ, زَيْدًا ضَرَبْتُهُ মুরাদুল্ লফ্য মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, زَيْدًا مَرَرْتُ بِهِ মা'তূফ, واو হরফে আত্ফ, زَيْدًا ضَرَبْتُ غُلَامَهُ মা'তূফ, واو হরফে আত্ফ, زَيْدًا جُلِسْتُ عَلَيْهِ মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফদ্বয় মিলে মুযাফ ইলাইহ। مثل মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

বিস্তারিত তারকীব– زيدا মাফউলে বিহী উহ্য ضربت ফে'ল থেকে, ضربت ফে'ল, تا যমীরে বারেয ফায়েল এবং মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে। ضربت ফে'ল, تا যমীরে বারেয ফায়েল, ه যমীর মাফউল। ফে'ল, ফায়েল এবং মাফউল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে তা পূর্ববর্তী জুমলার মুফাস্সির। زيدا মাফউলে বিহী, ইহার ফে'ল جاوزت উহ্য রয়েছে। جاوزت ফে'ল, تا যমীরে বারেয ফায়েল এবং মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। مررت ফে'ল, تا যমীরে বারেয ফায়েল, با হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। مررت ফে'ল, তার ফায়েল এবং যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে পূর্ববর্তী অংশের মুফাস্সির। زيدا মাফউলে বিহী, ইহার ফে'ল اهنت উহ্য রয়েছে। اهنت ফে'ল, تا যমীরে বারেয ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। ضربت ফে'ল, تا যমীরে বারেয ফায়েল, غلام মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে বিহী। ফে'ল, ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে তার পূর্ববর্তী অংশের মুফাস্সির। زيدا মাফউলে বিহী, ইহার ফে'ল لابست উহ্য রয়েছে। لابست ফে'ল, تا যমীরে ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। حبست ফে'ল, تا যমীরে বারেয নায়েবে ফায়েল, على হরফে জার, ه যমীরে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। حبست ফে'ল, তার নায়েবে ফায়েল এবং যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে পূর্ববর্তী জুমলার মুফাস্সির। ينصب ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, با হরফে জার, فعل মাওসূফ, مضمر শিবহে ফে'ল ও উহ্য যমীর هو নায়েবে ফায়েল মিলে সিফাত আউয়াল। يفسر ফে'ল, যমীর ه মাফউলে বিহী, ما মাওসূলা, يعد যরফে মকান মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ হয়েছে ثبت উহ্য ফে'ল থেকে। ثبت ফে'ল, উহ্য যমীর هو ফায়েল এবং মাফউলে ফীহ্ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। ما মাওসূলা তার সেলাহ মিলে ফায়েল। يفسر ফে'ল, তার ফায়েল

ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়ে সিফাতে ছানী। فعل মাওসূফ ও তার সিফাতদ্বয় মিলে মুবদালে মিনহু। ای হরফে তাফসীর, ضربت মুরাদুল্ লফ্য মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, جاوزت মা'তূফ, واو হরফে আত্ফ, اهنت মা'তূফ, واو হরফে আত্ফ, لابست মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফদ্বয় মিলে বদল। মুবদাল মিনহু এবং বদল মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। ينصب ফে'ল, তার নায়েবে ফায়েল ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ।

قَوْلُهُ وَيَخْتَارُ الرَّفْعُ الخ : واو হরফে ইস্তীনাফ, يختار ফে'ল, الرفع মাসদার, با হরফে জার, الابتداء মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। الرفع মাসদার-তার যরফে লগ্ব মিলে নায়েবে ফায়েল। عند যরফে যমান মুযাফ, عدم মুযাফ, قرينة মুযাফ ইলাইহ। خلاف মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। خلاف মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুযাফ ইলাইহ হয়েছে قرينة মুযাফের। قرينة মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মুযাফ ইলাইহ হয়েছে عدم মুযাফের। عدم মুযাফ ও মুযাফ ইলাইহ্ মিলে মুযাফ ইলাইহ হয়েছে عند মুযাফের। عند মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মা'তূফ আলাইহ। او হরফে আত্ফ, عند যরফে যমান মুযাফ, وجود মুযাফ, اقوى শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল, من হরফে জার, ها মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। اقوى ফে'ল, তার ফায়েল ও যরফে লগ্ব মিলে সিফাত। قرينة উহ্য মাওসূফ ও তার সিফাত মিলে মুযাফ ইলাইহ। وجود মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মুযাফ ইলাইহ হয়েছে। عند মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে মাফউলে ফীহ। يختار ফে'ল, নায়েবে ফায়েল ও মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। ك হরফে জার তাশবীহের জন্য, اما মুরাদুল্ লফ্য যুলহাল, مع ইসমে যরফ মুযাফ, غير মুযাফ ইলাইহ মুযাফ। الطلب মুযাফ ইলাইহ, غير মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুযাফ ইলাইহ। مع মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ হয়েছে ثابتا-এর থেকে। ثابتا উহ্য ফে'ল, উহ্য যমীর هو ফায়েল ও মাফউলে ফীহ মিলে হাল। যুলহাল ও হাল মিলে মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, اذا মুরাদুল্ লফ্য যুলহাল, لام হরফে জার, المفا جاة মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا -এর সাথে। ثابتا উহ্য শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল ও যরফে মুস্তাকার মিলে হাল। যুলহাল ও হাল মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتة -এর সাথে। ثابتة উহ্য শিবহে ফে'ল, উহ্য যমীর هی নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। هی উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। واو হরফে জার, العطف মাজরূর, على হরফে জার, جملة মাওসূফ, فعلية সিফাত। মাউসুফ ও সিফাত মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। العطف মাসদার ও তার যরফে লগ্ব মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। يختار ফে'ল, নায়েবে ফায়েল ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে।

وَبَعْدَ حَرْفِ النَّفْيِ وَ الْاِسْتِفْهَامِ وَاِذَا الشَّرْطِيَّةِ وَحَيْثُ وَفِى الْاَمْرِ وَالنَّهْيِ اِذْ هِىَ مَوَاقِعُ الْفِعْلِ وَعِنْدَ خَوْفِ لُبْسِ الْمُفَسِّرِ بِالصِّفَةِ مِثْلُ اِنَّا كُلَّ شَىْءٍ خَلَقْنَاهُ بِقَدَرٍ وَيَسْتَوِى الْاَمْرَانِ فِىْ مِثْلِ زَيْدٌ قَامَ وَعَمْرًا اَكْرَمْتُهُ وَيَجِبُ النَّصْبُ بَعْدَ حَرْفِ الشَّرْطِ وَحَرْفِ التَّحْضِيْضِ مِثْلُ اِنْ زَيْدًا ضَرَبْتُهُ ضَرَبَكَ وَاَلَّا زَيْدًا ضَرَبْتَهُ وَلَيْسَ اَزَيْدٌ ذُهِبَ بِهِ مِنْهُ فَالرَّفْعُ وَكَذَالِكَ كُلُّ شَىْءٍ فَعَلُوْهُ فِى الزُّبُرِ وَنَحْوُ الزَّانِيَةُ وَالزَّانِىْ فَاجْلِدُوْا كُلَّ وَاحِدٍ مِّنْهُمَا مِائَةَ جَلْدَةٍ اَلْفَاءُ بِمَعْنَى الشَّرْطِ عِنْدَ الْمُبَرِّدِ وَجُمْلَتَانِ عِنْدَ سِيْبَوَيْهِ وَاِلَّا فَالْمُخْتَارُ النَّصْبُ -

---

অনুবাদ : نهى ও امر এবং حيث ও اذا الشرطية ، استفهام، حرف نفى (نصب উত্তম হবে) -এর পরে مفسر সিফাতের সাথে মিলে যাবার আশংকা হলে। যেমন- اِنَّا كُلَّ شَىْءٍ خَلَقْنَاهُ بِقَدَرٍ (নিশ্চয় আমি প্রত্যেক বস্তুকে পরিমিতভাবে সৃষ্টি করেছি)। (نصب ও رفع) উভয় সমান হবে- زَيْدٌ قَامَ وَعَمْرًا اَكْرَمْتُهُ অনুরূপ উদাহরণের মধ্যে حرف تحضيض ও حرف شرط -এর পরে হলে نصب ওয়াজিব হবে। যেমন- اِنْ زَيْدًا ضَرَبْتَهُ ضَرَبَكَ (যদি তুমি যায়েদকে প্রহার কর সে তোমাকে প্রহার করবে!) اَلَّا زَيْدًا ضَرَبْتَهُ (সাবধান! তুমি যায়েদকে প্রহার করেছ।) আর اَزَيْدٌ ذُهِبَ بِهِ তার অন্তর্ভুক্ত নয়। অতএব, رفع পড়া ওয়াজিব। অনুরূপভাবে كُلُّ شَىْءٍ فَعَلُوْهُ فِى الزُّبُرِ (তারা যা কিছু করেছে, সবই আমলনামায় লিপিবদ্ধ রয়েছে) এবং اَلزَّانِيَةُ وَالزَّانِىْ فَاجْلِدُوْا كُلَّ وَاحِدٍ مِنْهُمَا مِائَةَ جَلْدَةٍ (ব্যভিচারিণী নারী ও ব্যভিচারী পুরুষ তাদের প্রত্যেককে একশ করে বেত্রাঘাত করো)। (উভয় উদাহরণে رفع হবে)। এরূপ তারকীবের মধ্যে فاء মুবাররাদের মতে-শর্তের অর্থে আর সীবাওয়াইহের মতে, এটি দু'জুমলা, অন্যথায় نصب উত্তম।

ব্যাখ্যা : قَوْلُهُ وَبَعْدَ حَرْفِ النَّفْىِ وَالْاِسْتِفْهَامِ الخ : মুনান্নিফ (র.) এখানে نصب উত্তম হওয়ার দ্বিতীয় স্থান ও পর্যায়ক্রমে অন্যান্য স্থানগুলো বর্ণনা করেছেন। যখন উল্লিখিত ইসম হরফে নফীর পরে পতিত হয়, তখন نصب উত্তম। হরফে নফী দ্বারা উদ্দেশ্য ما ، لا ، ان نافية ; কিন্তু لن ও لما ، لم উদ্দেশ্য নয়। যেমন- مَا زَيْدًا ضَرَبْتَهُ এখানে رفع জায়েজ হবার সাথে সাথে نصب উত্তম হওয়ার কারণ- নফী প্রকৃতপক্ষে ফে'লের বিষয়বস্তু হয়ে থাকে। তাই ফে'লকে ঐ বস্তুর সাথে সম্পৃক্ত করা উত্তম যা ফে'লের বিষয়বস্তুকে নফী করে। حرف استفهام -এর পরে উল্লিখিত ইসম পতিত হলে نصب উত্তম হয়। যেমন- اَزَيْدًا ضَرَبْتَهُ কারণ, ফে'লের উপর حرف استفهام প্রবেশ করা উত্তম। ইহা এ কারণে যা حرف نفى-এর ক্ষেত্রে বর্ণিত হয়েছে। এখানে حرف استفهام বলা হয়েছে। কেননা, اسم استفهام -এর পরে হলে رفع উত্তম হয়। هَلْ কে শামিল করার জন্য همزة الاستفهام-কে বিশেষ করে উল্লেখ করা হয়নি। যেমন- هَلْ زَيْدًا ضَرَبْتَهُ ।

قَوْلُهُ وَاِذَا الشَّرْطِيَّةُ وَحَيْثُ : উল্লিখিত ইসম (مَا اُضْمِرَ عَامِلُهُ الخ) টি যখন اِذَا الشَّرْطِيَّةُ ও حَيْثُ -এর পরে পতিত হয় তখন উভয় সূরতে نصب উত্তম হবে। কারণ, اذا الشرطية টি مجازات زمانى ও مجازات টি حَيْثُ টি مكانى-এর উপর বুঝায়। যেমন- اِذَا زَيْدًا تَلْقَهُ فَاَكْرِمْهُ (যখন তুমি যায়েদের সাথে সাক্ষাৎ করবে তখন তাকে সম্মান প্রদর্শন করো), حَيْثُ زَيْدًا تَجِدْهُ فَاَكْرِمْهُ (যে স্থানে তুমি যায়েদকে পাবে; সম্মান প্রদর্শন করো)। اذا شرطية-এর মধ্যে

শর্তের অর্থ নিহিত থাকার কারণে তা ফে'লের উপর প্রবেশ করা উত্তম। শর্তের জন্য ফে'ল উহ্য হবে। ফে'ল উহ্য হলে نصب উত্তম হবে। حيث-এর পরে হলে নসব উত্তম হবে। কারণ বাক্যে প্রবিষ্ট হওয়া ও শর্তের অর্থ আদায়ের ক্ষেত্রে ইহা اذا -এর সাথে সাদৃশ্য রাখে।

* উল্লিখিত ইসম (مَا اُضْمِرَ عَامِلُهُ الخ) نهى ও امر -এর পূর্বে হলে। যেমন- زَيْدًا لَاتَضْرِبْهُ ও زَيْدًا اِضْرِبْهُ এমতাবস্থায়ও তাতে نصب উত্তম। কারণ رفع পড়া অবস্থায় ঐ ইসমটি মুবতাদা আর امر - نهى তার খবর হবে। কিন্তু امر ও نهى হলো جملة انشاء -এর প্রকার, তাই তা খবর হওয়া অবস্থায় বিশ্লেষণের প্রয়োজন। যেমন- زيدا اضربه -এর প্রকৃতরূপ زَيْدٌ مَقُوْلٌ فِيْ حَقِّهِ لَاتَضْرِبْهُ এবং زَيْدًا لَاتَضْرِبْهُ-এর উহ্যরূপ زَيْدٌ مَقُوْلٌ فِيْ حَقِّهِ اِضْرِبْهُ হবে। এ ধরনের বিশ্লেষণ দূরের দিক থেকে প্রকাশ্য ব্যাপার। কাজেই نصب উত্তম হবে। اِذْهِيَ مَوَاقِعُ الْفِعْلِ -এর মধ্যে هى যমীরের মারজি' হলো حرف نفى ، استفهام ، شرطية، حيث ও اذا -এ কালিমাসমূহের পর ফে'ল পতিত হওয়া উত্তম। যদি উল্লিখিত ইসমকে যবর দেওয়া হয়, তাহলে ফে'ল উহ্য হয়ে থাকে; আর পেশ দেওয়া হলে ইসম উহ্য হয়। সুতরাং حرف استفهام- نفى ইত্যাদির দিকে দৃষ্টিপাত করত نصب উত্তম হবে।

قَوْلُهُ عِنْدَ خَوْفِ لُبْسِ الخ : رفع পড়া অবস্থায় সিফাত মুফাসসিরের সাথে মিলে যাবার আশংকা থাকলে نصب উত্তম। যেমন- اِنَّا خَلَقْنَاهُ كُلَّ شَيْءٍ এখানে اِنَّا كُلَّ شَيْءٍ خَلَقْنَاهُ بِقَدَرٍ কে نسب পড়া উত্তম। আর মূল এবারত হবে خَلَقْنَاهُ بِقَدَرٍ ; নসব উত্তম হবার কারণ আয়াতে কারীমার দ্বারা দু'টি বস্তু উদ্দেশ্য, একটি হলো আল্লাহ তা'আলা সব মাখলুকাতের সৃষ্টিকর্তা। দ্বিতীয়টি হলো, সব কিছু নির্ধারণের ভিত্তিতে সৃষ্টি হয়ে থাকে। كُلَّ شَيْءٍ কে নসব দেওয়া হলে তারকীব হবে خَلَقْنَا ফে'ল আর كُلَّ شَيْءٍ তার মাফউলে বিহী এবং بِقَدَرٍ তার মুতা'আল্লাক বিহী। নসব পড়া অবস্থায় এ তারকীব থেকে উভয় উদ্দেশ্য হাসিল হয়। তখন অর্থ দাঁড়ায়- আমি প্রত্যেক বস্তুকে অনুমানের সাথে সৃষ্টি করেছি। كل شيء-কে রফা' পড়া হলে দু'টি তারকীবের অবকাশ রাখে। প্রথমত كل شيء মুবতাদা, خَلَقْنَاهُ بِقَدَرٍ তার খবর। এমতাবস্থায়ও আয়াতের অর্থ সঠিক হয়। কারণ, অর্থ হবে- আমি সব কিছুকে অনুমানের সাথে সৃষ্টি করেছি। বস্তুতঃ নসব পড়া অবস্থায় যে অর্থ ছিল এরও সে অর্থ। দ্বিতীয়ত كل شيء-এর মধ্যে شيء মাওসূফ خلقناه তার সিফাত। মাওসূফ-তার সিফাত মিলে মুবতাদা এবং بقدر তার খবর। এ তারকীবটি উদ্দেশ্যের পরিপন্থী হয়, কারণ তখন আয়াতের অর্থ দাঁড়ায়- আমি যে বস্তুগুলোকে সৃষ্টি করেছি তা অনুমানের ভিত্তিতে। তাতে এমন বাতিল আকিদা হয় যে, কতেক বস্তু আল্লাহর সৃষ্ট নয়, যেরূপ মু'তাযিলা ফেরকা বলে থাকে, বান্দার افعال اختياريه আল্লাহ তা'আলার সৃষ্ট বস্তু নয়। (নাউযুবিল্লাহ) অতএব, رفع অবস্থায় মুফাস্‌সির সিফাতের সাথে মিলে যাওয়ার আশংকায় নসব পড়া উত্তম; যাতে আল্লাহর কুদরত সর্বাঙ্গীন হওয়ার ক্ষেত্রে ক্ষতিসাধন না করে।

যদি কেউ বলে, মুসান্নিফ (র.) عِنْدَ خَوْفِ لُبْسِ الْمُفَسِّرِ بِالصِّفَةِ বলেছেন। অর্থ- মুফাস্‌সির সিফাতের সাথে মিলে যাওয়ার আশংকা হলে; অথচ ইহা অশুদ্ধ। কেননা, মুফাস্‌সিরটা সিফাতের সাথে মিলে না; বরং খবর সিফাতের সাথে মিলে যায়। মুসান্নিফ (র.)-এর এ উক্তির বিশ্লেষণ কি? **জবাব** : এখানে মুফাস্‌সির বলা হয়েছে مجاز مايؤول হিসেবে। যদিও বাস্তব ক্ষেত্রে رفع অবস্থায় তা মুফাস্‌সির নয়; কিন্তু রূপকার্থে নসব অবস্থায় মুফাস্‌সির। তাই মুসান্নিফ (র.)-এর উক্তি عِنْدَ خَوْفِ لُبْسِ الْمُفَسِّرِ بِالصِّفَةِ বলা শুদ্ধ হয়েছে।

قَوْلُهُ وَيَسْتَوِى الْاَمْرَانِ الخ : ঐ উল্লিখিত ইসমের মধ্যে رفع ও نصب উভয়ই সমান زَيْدٌ قَامَ وَعَمْرًا اَكْرَمْتُهُ-এর অনুরূপ উদাহরণে। এখানে মুসান্নিফ (র.) مثل দ্বারা উদ্দেশ্য নিয়েছেন ঐ ধরনের তারকীব যার মধ্যে ما اضمر عامله-এর আত্‌ফ এমন জুমলায়ে ইসমিয়্যাহ-এর উপর হয়-যার খবরটি জুমলায়ে ফে'লিয়্যাহ। যেমন- زَيْدٌ قَامَ وَعَمْرًا اَكْرَمْتُهُ-এর মধ্যে عمرو -কে পেশ বিশিষ্ট পড়া হলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে মানসূব পড়া হয়, তখন তার আত্‌ফ জুমলায়ে ফে'লিয়্যাহ সুগরা তথা قام-এর উপর হবে। যেহেতু এটি উভয় দিক থেকে আত্‌ফ হবার ক্ষেত্রে বরাবর এবং উভটির মধ্যে মা'তূফ ও মা'তূফ আলাইহের সামঞ্জস্যতার দিকে দৃষ্টি দেওয়া হয়, সেহেতু رفع ও نصب -এর মধ্যে একটিকে অপরটির উপর অগ্রাধিকার দেওয়া ব্যতীত رفع ও نصب উভয়টি পড়া সমান।

قَوْلُهُ وَيَجِبُ النَّصْبُ الخ : ইসমটি مَا اُضْمِرَ عَامِلُهُ عَلٰى شَرِيْطَةِ التَّفْسِيْرِ-এর حرف تحضيض ও حرف شرط পরে পতিত হলে نصب ওয়াজিব হবে। হরফে শর্তের মেছাল– اِنْ زَيْدًا ضَرَبْتَهُ ضَرَبَكَ, হরফে তাহদ্বীদের উদাহরণ– اَلَّا زَيْدًا ضَرَبْتَهُ ; এখানে হরফে শর্ত দ্বারা উদ্দেশ্য لو-ان কিন্তু اما নয়। যদিও বা তা হরফে শর্ত। কেননা, اما-এর হুকুম كَمَّا مَعَ غَيْرِ الطَّلَبِ এবারতে অতিবাহিত হয়েছে। তাতে নসব পড়া উত্তম। হরফে তাহদ্বীদ الا ، هلا ، لولا ، لوما এগুলো ও হরফে শর্তের মধ্যে নসব ওয়াজিব হবার কারণ হলো, এগুলোর ব্যবহার শব্দগত বা উহ্যগতভাবে ফে'লের উপর হয়ে থাকে। কেননা, হরফে শর্ত تعلق زمانى (কালগত সম্পর্ক)-এর উপর বুঝিয়ে থাকে। زمانه বা কাল শুধুমাত্র ফে'লের সাথে বুঝা যায়। অনুরূপভাবে হরফে তাহদ্বীদকে অতিতকালে تنديم (লজ্জা দেওয়া), توبيخ (ধিক্কার দেওয়া) এবং ভবিষ্যৎকালে ترغيب (উৎসাহিত করা) ও تحضيض (উদ্বুদ্ধ করা)-এর জন্য গঠন করা হয়েছে। আর অতীতকাল ও ভবিষৎকাল ফে'ল ব্যতীত অন্য কিছুর দ্বারা অর্জিত হয় না।

قَوْلُهُ وَلَيْسَ اَزَيْدٌ ذُهِبَ بِهِ الخ : এ উদাহরণটি ازيد ذهب به-এর مَا اُضْمِرَ عَامِلُهُ عَلٰى شَرِيْطَةِ التَّفْسِيْرِ অন্তর্ভুক্ত নয়। যে ইসম ফে'ল বা শিবহে ফে'লের পরে এ অনুপাতে হয় যে, যদি ঐ ফে'ল বা মুনাসেবে ফে'লকে ইসমের উপর অগ্রগামী করা হয় তা ইসমটিকে মাফউল হিসেবে নসব দিতে পারে না। উল্লিখিত উদাহরণে হুবহু ফে'লকে باء সহ মুকাদ্দাম করা হলে زيد যের বিশিষ্ট হবে আর باء ব্যতীত মুকাদ্দাম করা হলে তা মাফউল হিসেবে যবর বিশিষ্ট হবে না। তেমনিভাবে مناسب فعل (সমার্থবোধক ফে'ল) তথা ذهب-কে তার উপর নিয়োগ করা হলে উল্লিখিত ইসমটি যবর বিশিষ্ট হবে না; বরং নায়েবে ফায়েল হিসেবে পেশ হবে। অতএব বুঝা গেল উদাহরণটি مَا اُضْمِرَ عَامِلُهُ عَلٰى شَرِيْطَةِ التَّفْسِيْرِ -এর নয়। এ ধরনের যত তারকীব রয়েছে সবগুলোতে মুবতাদা হিসেবে পেশ ওয়াজিব।

قَوْلُهُ وَكَذَالِكَ كُلُّ شَيْءٍ الخ : প্রাগুক্ত উদাহরণের মতো كُلُّ شَيْءٍ فَعَلُوْهُ فِى الزُّبُرِ উদাহরণটি ما اضمر عامله الخ -এর অন্তর্ভুক্ত নয়। এ ধরনের উদাহরণ দ্বারা উদ্দেশ্য ঐ ইসম যা ما اضمر عامله الخ-এর আকৃতিতে হয়; বরং এমন ফে'লের পরে হয় যাকে ইসিমের উপর মুকাদ্দাম করা হলে অর্থ বিপন্ন হয়ে যায়। আয়াতের অর্থ- বান্দাদের সমস্ত কর্মবিধি আমলনামার মধ্যে লিপিবদ্ধ রয়েছে, ছোট হোক, বড় হোক কোনো কর্মই তার মধ্যে লিপিবদ্ধ হওয়া ব্যতীত নেই। আয়াতের তারকীব– كل شئ মাওসূফ, فعلوه তার সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মুবতাদা। فى الزبر অংশটি ثابت-এর সাথে যরফে মুস্তাকার হয়ে তার খবর। এ প্রক্রিয়ায় কোনো সমস্যা নেই। তবে كل شئ-কে আমরা ما اضمر عامله الخ-এর অন্তর্ভুক্ত করে যবর বিশিষ্ট পড়া হলে সমস্যা দেখা দেয় যে, বর্ণিত তাসলীত (অগ্রগামী করা) সাব্যস্ত হয় না। এ জন্য যে, যদি كل شئ-কে فعلوا-এর উপর মুকাদ্দাম করা হয়, তাহলে আল্লাহ তা'য়ালার বাণী فى الزبر অংশটি দু'টি তারকীবের অবকাশ রাখে। হয়তো এটা فعلوا-এর সাথে মুতায়াল্লাক হবে অথবা شئ -এর সিফাত হবে। উভয়াবস্থায় মূল অর্থ বাতিল। প্রথমাবস্থায় এজন্য যে, তার অর্থ দাঁড়ায়-তারা সব কিছুকে আমলনামা তথা صحائف اعمال -এর মধ্যে করেছে। অর্থাৎ আমলনামা তাদের কর্মক্ষেত্র; এ অর্থ প্রকাশ্যভাবে বাতিল। কারণ আমলনামা বান্দাদের কার্যস্থল নয়; বান্দা যা করে তাই আমলনামার মধ্যে লিপিবদ্ধ করা হয়। দ্বিতীয়বস্থায় অর্থ হয়–বান্দারা ঐ সব কাজ করেছে যা আমলনামায় বিদ্যমান। এ ধারণা হয় যে, বান্দাদের কতক আমল এরূপও হওয়া সম্ভব যে, যেগুলোকে আমলনামার মধ্যে লিপিবদ্ধ করা হয়নি, এটা বাতিল। কারণ, তাতে উদ্দেশ্যের বিপরীত হওয়া লাযেম আসে। কেননা, বান্দারা যত কাজ করে সবগুলো আমলনামায় থাকে। উল্লেখ্য যে, زبر শব্দটি زبور (যবর যোগে)-এর বহুবচন। زبور অর্থ–مزبور যার অর্থ مكتوب (লিখিত) আর الزبور-এর অর্থ– লিপিবদ্ধ করা।

قَوْلُهُ وَنَحْوُ اَلزَّانِيَةُ وَالزَّانِىْ : এখানে واو আতেফা, একে كل شئ-এর উপর আত্ফ করা হয়েছে। ইবারতের মূলরূপ হবে كَذَا نَحْوُ اَلزَّانِيَةُ وَالزَّانِىْ الخ , এখানে শর্তের অর্থে ব্যবহৃত فاء হলো তা'লীল। মুসান্নিফ (র.)-এর উক্তি هذه الاية جملتان উহ্য মুবতাদার খবর। অর্থাৎ এ জুমলাটিও দ্বিতীয় তা'লীল যা প্রথম তা'লীলের উপর আত্ফ হয়েছে। এ জুমলাটি একটি প্রশ্নের জবাব। প্রশ্নঃ পূর্বে বলা হয়েছে যে, ফে'লে মুফাস্সির যখন امر হবে, তখন ما اضمر عامله الخ-এর মধ্যে নসব উত্তম হবে। উক্ত আয়াতে কারীমার মধ্যে ফে'লে মুফাস্সিরটি امر এবং ما اضمر عامله الخ তার

পূর্বে পতিত হয়েছে বিধায় নসব উত্তম হওয়া উচিত; অথচ সম্মানিত সাতক্বারীরা رفع পড়ার উপর একমত হয়েছেন। জরুরি হয়ে পড়ে হয়ত মুসান্নিফ (র.)-এর বর্ণিত কায়দা অশুদ্ধ অথবা সাত ক্বারীর অভিমতটি অশুদ্ধ; কিন্তু সাত ক্বারীর ঐকমত্য অশুদ্ধ হতে পারে না। কারণ, সাতক্বারীর ঐকমত্যই কুরআন। আর কুরআন সর্ব প্রকারের ভুল-ত্রুটি থেকে মুক্ত। বুঝা যায়, বর্ণিত কায়দাটি ভুল হবে। এ সমস্যা সমাধানে ভীত-সন্ত্রস্ত হয়ে নাহুবিদ্‌গণ বিভিন্ন উত্তর প্রদান করেছেন। মুবার্‌রাদ বলেছেন, فاجلدوا-এর মধ্যে فاء শর্তের অর্থে অর্থাৎ فاء টি জযাইয়্যাহ যা তার প্রবিষ্ট বস্তুকে শর্তের সাথে সম্পর্ক করার জন্য আসে। اَلزَّانِيَةُ وَالزَّانِىْ-এর মধ্যে আলিফ লামটি মাওসূল তার সেলাহ মিলে মুবতাদা যা শর্তের অর্থকে অন্তর্ভুক্তকারী। আর তার খবরটি জাযায়ের পর্যায়ে। যে فاء টি মুবতাদার খবরের উপর প্রবিষ্ট হয় তা খবরকে শর্তের সাথে মিলানোর জন্য হয়। কারণ তা শর্তের উপর বুঝায়। শর্ত হলো জাযার জন্য سبب ; এ কথা স্বতঃসিদ্ধ যে, উক্ত فاء-এর পরের অংশ তার পূর্বাংশের মধ্যে আমল করে না, তাই ফে'লকে পূর্বে নিয়োগ করা অসম্ভম হবে। সুতরাং আয়াত শরীফ ما اضمر عامله الخ-এর অন্তর্ভুক্ত হবে না। মুবতাদা হিসেবে رفع ওয়াজিব হবে। প্রসিদ্ধ নাহুবিদ সীব্‌ওয়াইহ বলেছেন, এই আয়াতে কারীমা দু'টি স্বতন্ত্র জুমলা। الزانية মুবতাদা, তার পূর্বে মুযাফ উহ্য রয়েছে। অর্থাৎ حُكْمُ الزَّانِيَةِ فِيْمَا يُتْلٰى عَلَيْكُمْ بَعْدُ.فاء-এই বিদ্যমান হুকুমকে বর্ণনা করার জন্য জুমলার মধ্যে নেওয়া হয়েছে। আর তা سببية-এর জন্য ব্যবহৃত। অর্থাৎ ان ثبت زِنَاهُمَا فَاجْلِدُوْا কাজেই আয়াতে কারীমাখানা দু'টি স্বতন্ত্র জুমলা। ঐ সময় ফে'লকে পূর্বে নিয়োগ করা অসম্ভব হবে। কারণ, একটি জুমলার অংশ অপর জুমলার অংশের মধ্যে আমল করে না। উল্লিখিত تسليط (ফে'লকে পূর্বে আনয়ন করা) অসম্ভম হবে। সুতরাং বর্ণিত আয়াত শরীফখানা ما اضمر الخ-এর অধ্যায়ভুক্ত হবে না। সারকথা, নাহুবিদ্‌দের কায়দা ও সাত ক্বারীর অভিমত আপন আপন স্থানে সঠিক রয়েছে।

قَوْلُهُ وَاِلَّا فَالْمُخْتَارُ النَّصْبُ الخ : فاء শর্তের অর্থে না হলে এবং আয়াতখানা দু'জুমলা না হলে বর্ণিত কায়দার অধীনে প্রবেশ করবে এবং নসব ওয়াজিব হবে। কারণ সাতক্বারীগণ رفع-এর উপর ঐকমত্য পোষণ করেছেন। অনন্যোপায় হয়ে ঐ فاء-কে শর্তের অর্থে ব্যবহৃত হিসেবে বলা হবে অথবা আয়াতটি দু'জুমলা হিসেবে ধরা হবে, যাতে رفع গ্রহণযোগ্য হয়। এ কায়দার বর্ণনা এভাবে যে,

اِنْ لَمْ تَكُنِ الْفَاءُ بِمَعْنَى الشَّرْطِ عِنْدَ الْمُبَرِّدِ وَلَمْ تَكُنِ الْاٰيَةُ عِنْدَ سِيْبَوَيْهِ فَالْمُخْتَارُ النَّصْبُ لَيْسَ بِمُخْتَارٍ لِاتِّفَاقِ الْقُرَّاءِ السَّبْعَةِ عَلَى الرَّفْعِ فَلَابُدَّ اَنْ تَكُوْنَ الْفَاءُ بِمَعْنَى الشَّرْطِ عِنْدَ الْمُبَرِّدِ وَتَكُوْنُ الْاٰيَةُ جُمْلَتَيْنِ عِنْدَ سِيْبَوَيْهِ-

তারকীব : قَوْلُهُ وَبَعْدَ حَرْفِ النَّفْىِ وَالْاِسْتِفْهَامِ الخ : واو হরফে আত্‌ফ, بعد যরফে মকান মুযাফ, حرف মুযাফ ইলাইহ মুযাফ, النفى মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ আলাইহ। واو হরফে আত্‌ফ, উহ্য حرف মুযাফ, الاستفهام মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ, واو হরফে আত্‌ফ, اذ মুরাদুল্ লফয মাওসূফ, الشرطية সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মা'তূফ। واو হরফে আত্‌ফ, حيث মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফত্রয় মিলে মুযাফ ইলাইহ। بعد মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ। يختار উহ্য ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। واو হরফে আত্‌ফ, فى হরফে জার, الامر মা'তূফ আলাইহ, واو হরফে আত্‌ফ, النهى মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে فى হরফে জারের মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে يختار উহ্য ফে'লের সাথে। يختار উহ্য ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। اذ যরফে যমান মুযাফ অথবা হরফে তা'লীল, هى মুবতাদা, مواقع মুযাফ, الفعل মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। هى মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। واو হরফে আত্‌ফ, عند যরফে যমান মুযাফ, خوف মুযাফ ইলাইহ মুযাফ, لبس মুযাফ ইলাইহ মুযাফ। المفسر মুযাফ ইলাইহ। ياء হরফে জার। الصفة মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব হয়েছে لبس মাসদারের সাথে। لبس মাসদার মুযাফ-তার মুযাফ ইলাইহ ও যরফে লগ্‌ব মিলে মুযাফ ইলাইহ হয়েছে। خوف মাসদার মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে

মুযাফ ইলাইহ হয়েছে। عند মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ। يختار উহ্য ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। مثل মুযাফ, كل شئ الخ মুরাদুল্ লফয মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে।

জুমলাটির তারকীব– ان হরফে মুশাব্বাহ বিল ফে'ল, تا তার ইসম। كل মুযাফ, شئ মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে বিহী, তার ফে'ল خلقنا উহ্য রয়েছে। خلقنا ফে'ল, نا যমীরে বারেয ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। ان হরফে মুশাব্বাহ বিল ফে'ল-তার ইসম ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। خلقنا ফে'ল, যমীর نا ফায়েল, ه যমীর মাফউলে বিহী। باء হরফে জার, قدر মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। خلقنا ফে'ল-তার ফায়েল, মাফউলে বিহী এবং যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে তার পূর্ববর্তী অংশের মুফাস্সির হয়েছে। واو হরফে আত্ফ, يستوى ফে'ল, الامران ফায়েল, فى হরফে জার, مثل মুযাফ, زَيْدٌ قَامَ الخ মুরাদুল্ লফয মুযাফ ইলাইহ। مثل মুযাফ-তার মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব, يستوى ফে'ল-তার ফায়েল ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। বাক্যটির তারকীব– زيد মুবতাদা, قام ফে'ল, যমীর هو ফায়েল, قام ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। واو হরফে আত্ফ, عمروا মাফউলে বিহী। তার ফে'ল اكرمت উহ্য রয়েছে। اكرمت ফে'ল-তার ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। اكرمت ফে'ল, تاء যমীরে বারেয ফায়েল ও ه যমীর মাফউল। ফে'ল-ফায়েল ও মাফউল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে তার পূর্ববর্তী অংশের মুফাস্সির। واو হরফে আত্ফ, يجب ফে'ল, النصب মাসদার ফায়েল, بعد ইসমে যরফে মুযাফ, حرف মুযাফ ইলাইহ মুযাফ, الشرط মুযাফ ইলাইহ। حرف মুযাফ-তার মুযাফ ইলাইহ মিলে মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, حرف মুযাফ, التحضيض মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মুযাফ ইলাইহ। بعد মুযাফ-তার মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ, يجب ফে'ল-তার ফায়েল ও মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। مثل মুযাফ, ان زيدا ضربته الخ মুরাদুল্ লফয মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর, مثاله উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। اِنْ زَيْدًا ضَرَبْتَهُ টি পূর্ববর্তী জুমলার উপর আত্ফ হয়েছে। জুমলাদ্বয়ের তারকীব– ان হরফে শর্ত, زيدا মাফউলে বিহী, তার ফে'ল ضربت উহ্য রয়েছে। ضربت ফে'ল, تا যমীরে বারেয ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। ضربت ফে'ল, تا যমীরে বারেয ফায়েল, ه যমীর মাফউলে বিহী। ضربت ফে'ল, ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ-খবরিয়্যাহ হয়ে মুফাস্সির। ضرب ফে'ল, উহ্য যমীর هو ফায়েল, ك মাফউলে বিহী। ফে'ল, ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ, لا হরফে তাহদ্বীদ্ব, زيدا মাফউলে বিহী, তার ফে'ল ضربت উহ্য রয়েছে। ضربت ফে'ল, تا যমীরে বারেয ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে। ضربت ফে'ল, تا যমীরে বারেয ফায়েল ও ه যমীর মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে তার মুফাস্সির। واو হরফে আত্ফ অথবা ইস্তীনাফ, ليس ফে'লে নাকেস, اَزَيْدٌ ذُهِبَ بِهِ মুরাদুল্ লফয ইসমে লায়সা। من হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا -এর সাথে। ثابتا শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে ليس -এর খবর, ليس তার ইসম ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। জুমলাটির তারকীব– أ ইস্তিফহামের জন্য, زيد মুবতাদা, ذهب ফে'ল, باء হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। ذهب ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। فاء ফসীহা, الرفع মুবতাদা, واجب উহ্য

শিবহে ফে'ল ও যমীর هو ফায়েল মিলে খবর। মুবতাদা ও খবর জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে জাযা, إِذَا كَانَ الْأَمْرُ كَذَا উহ্য শর্ত। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। واو হরফে আত্ফ, ك হরফে জার, ذالك মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت-এর সাথে। ثابت শিবহে ফে'ল। যমীর هو ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবরে মুকাদ্দাম। كل شيئ মুরাদুল্ লফয মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, نحو মুযাফ, الخ اَلزَّانِيَةُ وَالزَّانِيْ মুরাদুললফয মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মুবতাদায়ে মুয়াখ্খর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

قَوْلُهُ كُلُّ شَيْئٍ فَعَلُوْهُ الخ : জুমলার বিস্তারিত তারকীব– كل মুযাফ, شيئ মাওসূফ, فعلوا ফে'ল, যমীর هم ফায়েল, ه যমীর মাফউলে বিহী। ফে'ল, ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সিফাত। মাউসূফ ও তার সিফাত মিলে মুযাফ ইলাইহ। كل মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। فى হরফে জার, الزبر মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت-এর সাথে। ثابت শিবহে ফে'ল, যমীরهو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে জুমলা হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। الزانية-এর মধ্যে ال ইসমে মাওসূল, زانية সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, الزانى তার মাওসূল ও সেলাহ মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মুবতাদা। فاء জাযাইয়্যাহ, اجلدوا ফে'ল, যমীর انتم ফায়েল। كل মুযাফ, واحد মাওসূফ, من হরফে জার, هما মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت-এর সাথে। ثابت শিবহে ফে'ল-তার নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মুযাফ ইলাইহ। كل মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মাফউলে বিহী। مائة মুযাফ, جلدة মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে মুতলাক। اجلدوا ফে'ল-তার ফায়েল ও মাফউলে মুতলাক মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। الفاء মুবতাদা, باء হরফে জার, معنى মুযাফ, الشرط মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت শিবহে ফে'লের সাথে। فيه উহ্য রয়েছে, এটা দ্বিতীয় যরফে মুস্তাকার ثابت -এর সাথে। عند মুযাফ, المبرد মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ। ثابت শিবহে ফে'ল-তার ফায়েল, উভয় যরফে মুস্তাকার ও মাফউলে ফীহ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। واو হরফে আত্ফ, الاية উহ্য মুবতাদা, جملتان খবর। عند ইসমে যরফ মুযাফ, سيبويه মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ্ হয়েছে মুবতাদা-খবরের নিসবত থেকে। মুবতাদা, খবর ও মাফউলে ফীহ মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। واو হরফে ইস্তীনাফ, لا -এর মধ্যে ان হরফে শর্ত, لا নাফিয়া, يكن ফে'ল, উহ্য যমীর هو তার ইসম। كذالك উহ্য খবর, এর মধ্যে ك হরফে জার, ذالك মাজরূর। জার ও মাজরূর মিলে মুতা'আল্লাক হয়েছে ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল-তার নায়েবে ফায়েল ও মুতা'আল্লাক মিলে খবর। ফে'ল নাকেস-তার ইসিম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। فاء জযাইয়্যাহ, المختار শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও فيه উহ্য যরফে লগ্ব মিলে মুবতাদা। النصب খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

اَلرَّابِعُ اَلتَّحْذِيْرُ وَهُوَ مَعْمُوْلُ بِتَقْدِيْرِ اِتَّقِ تَحْذِيْرًا مِمَّا بَعْدَهٗ اَوْ ذُكِرَ الْمُحَذَّرُ مِنْهُ مُكَرَّرًا مِثْلُ اِيَّاكَ وَالْاَسَدَ وَاِيَّاكَ وَاَنْ تَحْذِفَ وَالطَّرِيْقَ الطَّرِيْقَ وَتَقُوْلُ اِيَّاكَ مِنَ الْاَسَدِ وَمِنْ اَنْ تَحْذِفَ وَاِيَّاكَ اَنْ تَحْذِفَ بِتَقْدِيْرِ مِنْ وَلَا تَقُوْلُ اِيَّاكَ الْاَسَدَ لِاِمْتِنَاعِ تَقْدِيْرِ مِنْ -

---

অনুবাদ : চতুর্থ (স্থান) : تَحْذِيْر আর তা হলো উহ্য اتق-এর এমন معمول (আমলকৃত কালিমা) যাকে তার পরবর্তী অংশ থেকে ভয় দেখানোর জন্য (উল্লেখ করা হয়) অথবা محذر منه কে (যার থেকে সতর্ক করা হয়) বারংবার উল্লেখ করা হয়। اِيَّاكَ وَالْاَسَدَ (তুমি নিজকে বাঘ থেকে রক্ষা করো), اِيَّاكَ وَاَنْ تَحْذِفَ (তুমি লাকড়ি দ্বারা খরগোশকে প্রহার করা থেকে বাঁচো !), اَلطَّرِيْقَ الطَّرِيْقَ (রাস্তা রাস্তা !) আর তুমি (من-কে উল্লেখ করে) বলবে, اِيَّاكَ اَنْ تَحْذِفَ (من-কে উহ্য করে (তুমি বলবে) اِيَّاكَ مِنَ الْاَسَدِ وَاِيَّاكَ مِنْ اَنْ تَحْذِفَ এবং من-কে উহ্য রাখা অসম্ভব হবার কারণে اِيَّاكَ الْاَسَدَ বলবে না।

ব্যাখ্যা : কিয়াসের ভিত্তিতে যে চার স্থানে মাফউলে বিহীর ফে'লকে বিলোপ করা ওয়াজিব সেগুলোর মধ্যে চতুর্থটি التحذير ; আভিধানিক অর্থ– সর্তক করা, ভয় দেখানো। যাকে ভয় দেখানো হয় তা محذر, যার থেকে ভয় দেখানো হয় তা محذر منه , শর্তসাপেক্ষে কখনো محذر-কে, আবার কখনো محذر منه-কেও تحذير বলা হয়, তবে সাধারণভাবে নয়। কেউ কেউ تحذير-এর পরিচয় দিতে গিয়ে বলেছেন- اَلتَّحْذِيْرُ تَنْبِيْهُ الْمُخَاطَبِ عَلٰى اَمْرٍ مَكْرُوْهٍ اَوْ مَهِيْبٍ لِيَجْتَنِبَهٗ অর্থাৎ সম্বোধিত ব্যক্তিকে কোনো অপছন্দনীয় কাজ অথবা ভয়ার্ত বিষয় থেকে সর্তক করা, যাতে সে তা পরিত্যাগ করে। মুসান্নিফ (র.) تحذير-এর যে পরিচয় মূল এবারতে উপস্থাপন করেছেন, তাকে পরিপূর্ণ সংজ্ঞা হিসেবে আখ্যায়িত করা যায়। তার সংজ্ঞায় উল্লিখিত মা'মূল হলো উহ্য اسم মাওসূফের সিফাত। ইসম দ্বারা ইসমে মানসূব উদ্দেশ্য। بِتَقْدِيْرِ اِتَّقِ -এর মধ্যস্থিত باء হরফে জার لام-এর অর্থে ব্যবহৃত। تقدير শব্দ اتق শব্দের দিকে যে এযাফত হয়েছে, তাকে اِضَافَةُ الصِّفَةِ اِلَى الْمَوْصُوْفِ বলা হয়। এটা সিফাতে আউওয়াল। تَحْذِيْرًا مِمَّا بَعْدَهٗ-এর আমিল ذكر ফে'ল উহ্য রয়েছে। আর তা সিফাতে ছানী। ذكر المحذر منه পূর্ববর্তী সিফাতে ছানীর উপর আত্ফ হয়েছে। উহ্য اتق-এর মা'মূল যাকে পরবর্তী শব্দ দ্বারা ভয় দেখানো হয়। তা দু'প্রকার। যথা- প্রথম প্রকার اتق উহ্য থাকার কারণে যবর বিশিষ্ট হবে এবং তার পরবর্তী অংশ থেকে ভয় প্রদর্শন করানো হয়। দ্বিতীয় প্রকার- اتق উহ্যের কারণে যবর বিশিষ্ট হবে এবং محذر منه টি দ্বিরুক্তি হবে। تحذير-এর প্রথম প্রকার اتق উহ্য ফে'লের কারণে যবর বিশিষ্ট হওয়ার ক্ষেত্রে শরিক রয়েছে। মুসান্নিফ (র.)-এর উক্তি। تحذيرا-এর আমিল হয়তো حذر উহ্য ফে'ল অর্থাৎ حَذِّرْ ذٰلِكَ الْمَعْمُوْلَ تَحْذِيْرًا অথবা ذكر উহ্য ফে'ল রয়েছে অর্থাৎ ذكر ذلك المعمول لاجل تحذيرا প্রথমাবস্থায় تحذيرا মাফউলে মুতলাক। আর দ্বিতীয়াবস্থায় মাফউলে লাহু। মুসান্নিফ (র.)-এর উক্তিটি ذكر المحذر منه বা ذكر حذر ফে'লের উপর আত্ফ হয়েছে। মূলরূপ হবে–

حَذِّرْ اَوْ ذَكَرَ ذَالِكَ الْمَعْمُوْلَ تَحْذِيْرًا مِنَ الْاِسْمِ الَّذِىْ اَوْ مِنْ اِسْمٍ ثَبَتَ اَوْ وَقَعَ ذٰلِكَ الْاِسْمُ بَعْدَ ذَالِكَ الْمَعْمُوْلِ وَ ذَكَرَ الْمُحَذَّرَ مِنْهُ مُكَرَّرًا-

* একটি আপত্তি উত্থাপিত হয় যে, মুসান্নিফ (র.)-এর উক্তি تَحْذِيْرًا مِمَّا بَعُدَهُ তার উহ্য ফে'লের সাথে মিলে معمول-এর সিফাত আর উহ্য ফে'লের মধ্যে একটি যমীর রয়েছে, যা معمول মাওসূফের দিকে প্রত্যাবর্তনকারী। কেননা, জুমলা যখন সিফাত হয়, তখন তার মধ্যে এমন একটি যমীর থাকে, যা মাওসূফের দিকে ফিরে। যাতে সিফাত ও মাওসূফের মধ্যকার সম্পর্ক গড়ে উঠে। উল্লিখিত কায়দার প্রেক্ষিতে এখানেও মা'তূফ আলাইহের মধ্যে এমন যমীর হবে যা মাওসূফের দিকে ফিরবে, মা'তূফ আলাইহর মধ্যে যমীর হলে মা'তুফের মধ্যেও এমন যমীর থাকা উচিত যা মাওসূফের দিকে প্রত্যাবর্তনকারী, যাতে মা'তূফ আলাইহে ও মা'তুফের মধ্যকার পারস্পরিক সম্পর্ক বজায় থাকে। অথচ মা'তূফ তথা او ذكر المحذر منه -এর মধ্যে এমন কোনো যমীর নেই, যা মাওসূফের দিকে প্রত্যাবর্তনকারী। কাজেই মা'তূফ আলাইহ ও মা'তূফের মাঝে পারস্পরিক সম্পর্কের দিকে দৃষ্টিপাত করা হয়নি। তাই উভয়ের একই হুকুম না হওয়াতে আত্ফ সঠিক হবে কিভাবে? **উত্তর :** আমরা এ কথা মেনে নেই যে, মা'তূফের মধ্যে প্রত্যাবর্তনকারী (عائد) হওয়া উচিত ছিল। কিন্তু প্রত্যাবর্তনকারী বস্তু শুধুমাত্র যমীর হওয়ার মধ্যে সীমাবদ্ধতাকে আমরা মানি না; বরং ইসমে যাহিরের জায়গায় ইসমে যমীর আসাটাও এক প্রকারের প্রত্যাবর্তনকারী বস্তু। কাজেই মা'তূফটি প্রত্যাবর্তনকারী থেকে মুক্ত নয় বিধায় আত্ফ শুদ্ধ হবে।

مِثْلُ اِيَّاكَ وَالْاَسَدَ-**এর বিবরণ :** এটা تحذير-এর প্রথম প্রকারের উদাহরণ। এটা মূলত بَعُدَكَ وَالْاَسَدَ ছিল। نفس শব্দকে বৃদ্ধি করত بَعُدَ نَفْسُكَ وَالْاَسَدَ বলা হয়েছে। কারণ একটি ফে'লের মধ্যে ফায়েল ও মাফউলের যমীর একই সাথে মিলিত হওয়া ঐ সময় শুদ্ধ হয় না যখন উভয় যমীর দ্বারা একটি বস্তু উদ্দেশ্য হয়; কিন্তু افعال قلوب-এর মধ্যে তা জায়েজ। যেমন– علمتنى আর এখানে যখন نفس শব্দকে বৃদ্ধি করা হয়েছে, তখন মাফউলটি ইসমে যাহের হবে। আর ঐ নিষিদ্ধতা আবশ্যক হবে না। অতঃপর স্থানের সংকীর্ণতার কারণে ফে'লকে বিলোপ করার সাথে সাথে ফায়েলের যমীরকেও বিলোপ করা হয়েছে। نفس শব্দের প্রয়োজন নেই বিধায় বিলোপ করে যমীরে মুত্তাসিলকে যমীরে মুনফাসিল দ্বারা পরিবর্তন করা হয়েছে। অতঃপর اِيَّاكَ وَالْاَسَدَ হয়ে গেছে।

اِيَّاكَ وَاَنْ تَحْذِفَ بَعُدَ نَفْسُكَ مِنْ-**এর মর্মার্থ :** লাকড়ী দ্বারা খরগোশকে প্রহার করা থেকে নিজকে বাঁচাও। অর্থাৎ حَذْفِ الْاَرْنَبَةِ وَحَذْفِ الْاَرْنَبِ مِنْ نَفْسِكَ এটা হলো تحذير-এর প্রথম প্রকারের উদাহরণ। কিন্তু পার্থক্য- প্রথম উদাহরণে محذر منه হলো اسم تحقيقى আর দ্বিতীয় উদাহরণে محذر منه হলো اسم تاويلى থেকে সম্বোধিত ব্যক্তি নিজকে বাঁচিয়ে রাখা। অর্থাৎ সম্বোধিত ব্যক্তির আত্মাকে اسد বা حذف ارنب থেকে ভয় দেখানো হয়েছে।

اَلطَّرِيْقَ الطَّرِيْقَ الخ-**এর বিবরণ :** এটা تحذير-এর দ্বিতীয় প্রকারের উদাহরণ। এতে محذر منه – الطريق টি الطريق الطريق اتق তুমি রাস্তা থেকে বাঁচ। যুক্তি محذر منه-এর ব্যবহার আটটি প্রক্রিয়ায় হওয়াকে চায়। কারণ محذر منه হয়তো اسم تحقيقى হবে অথবা اسم تاويلى ; সেগুলোর ব্যবহার হয়তো من -এর সাথে হবে অথবা واو -এর সাথে। আবার প্রত্যেকটি দু'সুরত হয়ে থাকে। হয়তো من ও واو উল্লিখিত হবে বা হবে না।শেষোক্ত দু'টি প্রকারকে পূর্বোক্ত চারটি প্রকারে গুণ দেওয়া হলে মোট আটটি সুরত অর্জিত হয়। সেগুলোর মধ্যে তিনটি সুরত এমন রয়েছে যেগুলোর অস্তিত্ব বাহ্যিকভাবে নেই। কারণ, واو টি محذر منه থেকে কখনও বিলুপ্ত হয় না, চাই محذر منه টি اسم تحقيقى হোক বা تاويلى; অনুরূপভাবে من টি محذر منه থেকে اسم تحقيقى হওয়ার সময়ে কখনও বিলুপ্ত হয় না। اسم تاويلى তার বিপরীত। তা থেকে من কে বিলোপ করা জায়েজ। মুসান্নিফ (র.)-এর উক্তি وَتَقُوْلُ اِيَّاكَ مِنَ الْاَسَدِ الخ -এর দ্বারা উপরোক্ত বিশ্লেষণের দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ تحذير-এর প্রথম প্রকারের অধীনে দু'টি প্রকারের মধ্যে محذر منه-কে উল্লিখিত واو-এর সাথে ব্যবহার করা যেমনিভাবে জায়েজ, তেমনিভাবে উক্ত من-এর সাথেও ব্যবহার জায়েজ। মুসান্নিফ (র.)-এর উক্তি اِيَّاكَ اَنْ تَحْذِفَ দ্বারা প্রথম প্রকারের দ্বিতীয় সুরতের মধ্যে محذر منه-কে من

উহ্যের সাথে উল্লেখ করা বৈধ বুঝানো হয়। اِيَّاكَ مِنْ اَنْ تَحْذِفَ মূলত اِيَّاكَ اَنْ تَحْذِفَ ছিল। ان ও ان থেকে হরফে জারকে সহজতার উদ্দেশ্যে বিলোপ করা বৈধ বিধায় উক্ত উদাহরণ থেকে من কে বিলোপ করা হয়েছে।

قَوْلُهُ وَلَاتَقُوْلُ اِيَّاكَ اَلْاَسَدَ : مِنْ-কে উহ্য রেখে اِيَّاكَ اَلْاَسَدَ বলা জায়েজ নেই। কারণ, من-কে اسم صريح থেকে বিলোপ করা নাজায়েজ। যদি কেউ প্রশ্ন করে, আমরা এখানে واو হরফে আত্ফকে উহ্য মানব আর এটা মূলত اِيَّاكَ وَاَلْاَسَدَ ছিল বলব। উত্তরে বলা হবে–واو হরফে আত্ফকে বিলোপ করা অত্যধিক নিকৃষ্ট। কারণ, তাকে বিলোপ করার কোনো প্রমাণ আরবি ভাষায় পাওয়া যায় না। হরফে জার তার বিপরীত। ان ও ان থেকে তাকে বিলোপ করা কিয়াসী, এ দু'টি ব্যতীত অন্যান্য স্থানে شاذ ; এর কারণ উল্লেখ করত আল্লামা শোয়াইব বলেছেন–

حَذْفُ الْحُرُوْفِ الْجَارَّةِ مَعَ اَنَّ وَاِنْ قِيَاسٌ لِاَنَّ اَنْ مَوْصُوْلٌ حَرْفِيٌّ وَمَا بَعْدَهَا صِلَةٌ وَالصُّوْرَةُ صُوْرَةُ الْجُمْلَةِ تَاَدِّى مَعْنَى الْمُفْرَدِ فَحُذِفَ مِنْهُ مِنْ لِلتَّخْفِيْفِ

* আমরা এ কথা মানি না যে, من কালিমাকে ان– ان ব্যতীত অন্যান্য স্থানে উহ্য মেনে নেওয়া নিষিদ্ধ। কারণ اَلطَّرِيْقَ থেকেও من উহ্য রাখা হয়েছে। আর এটা مَنْصُوْبٌ بِنَزْعِ الْخَافِضِ অথচ এখানে ان–ان অনুপস্থিত। তদুত্তরে বলা যায়,এ সব উদাহরণে من-কে উহ্য মানা شاذ ও দুলর্ভ্য। আর কায়দা রয়েছে– اَلشَّاذُ كَالْمَعْدُوْمِ

* اِيَّاكَ اَلْاَسَدَ-এর মধ্যে من-কে উহ্য মানা سماعى (শ্রুতভিত্তিক), কিয়াসী নয়। سماعى-কে শ্রবণ করার উপর নির্ভর করা হয়। তার উপর অন্যটি কিয়াস করা চলে না।

তারকীব : قَوْلُهُ الرَّابِعُ اَلتَّحْذِيْرُ وَهُوَ مَعْمُوْلٌ بِتَقْدِيْرِ اِتَّقِ الخ الرابع মুবতাদা, التحذير খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। واو হরফে আত্ফ, هو মুবতাদা, معمول মাউসূফ, باء হরফে জার, تقدير মাসদার মুযাফ, اتق মুরাদুল লফ্য মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার-মাজরূর মিলে যরফে মুস্তাকার ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল-উহ্য যমীর هو ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে সিফাতে আউওয়াল। تحذيرا মাসাদার, من হরফে জার, ما মাওসূলা, بعد ইসমে যরফ মুযাফ, ه মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ হয়েছে উহ্য ثبت থেকে। ثبت ফে'ল, উহ্য যমীর هو ফায়েল ও মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। تحذيرا মাসদার ও যরফে লগ্ব মিলে মাফউলে লাহু। তার ফে'ল ذكر উহ্য রয়েছে। ذكر ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও মাফউলে লাহু মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সিফাতে ছানী। معمول মাওসূফ ও তার সিফাতদ্বয় মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। او হরফে আত্ফ। ذكر ফে'ল, ال টি الذى অর্থে ইসমে মাউসূল। محذر শিবহে ফে'ল, من হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে নায়েবে ফায়েল। محذر শিবহে ফে'ল ও তার নায়েবে ফায়েল মিলে সেলাহ। ইসমে মাওসূল ও তার সেলাহ মিলে যুলহাল, مكررا ইসমে মাফউল শিবহে ফে'ল ও উহ্য যমীর هو নায়েবে ফায়েল মিলে হাল। যুলহাল ও হাল মিলে নায়েবে ফায়েল। ذكر ফে'ল ও তার নায়েবে ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সিফাতে ছানীর উপর আত্ফ হয়েছে। مثل মুযাফ, اِيَّاكَ وَاَلْاَسَدَ মুরাদুল্লফ্য মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, اِيَّاكَ وَاَنْ تَحْذِفَ মা'তূফ, واو হরফে আত্ফ, اَلطَّرِيْقَ মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফদ্বয় মিলে মুযাফ ইলাইহ। مثل মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله উহ্য মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে।

বিস্তারিত তারকীব– اياك-এর মধ্যে ايا যমীরে মানসূবে মুনফাসিল মা'তূফ আলাইহ, ك হরফে খেতাব, الاسد মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাফউলে বিহী। যার ফে'ল اتق বা بعد উহ্য রয়েছে, اتق ফে'ল, উহ্য যমীর انت ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। اياك মা'তূফ আলাইহ , واو হরফে আত্ফ, ان নাসেবা মাউসূলে হরফী, تحذف

ফে'ল ও যমীর انت ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাউসূলে হরফী ও সেলাহ মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে মাফউলে বিহী, যার ফে'ল اتق বা بعد উহ্য রয়েছে। اتق ফে'ল, যমীর انت ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে। الطريق মুয়াক্কাদ, الطريق তাকীদ। মুয়াক্কাদ ও তাকীদ মিলে মাফউলে বিহী, যার ফে'ল اتق উহ্য রয়েছে। اتق ফে'ল, যমীর انت ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে।

قَوْلُهُ وَتَقُوْلُ اِيَّاكَ مِنَ الْاَسَدِ الخ : واو হরফে আত্ফ, تقول ফে'ল, যমীর انت ফায়েল, اِيَّاكَ مِنَ الْاَسَدِ মুরাদুল্ লফ্য মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, مِنْ اَنْ تَحْذِفَ মা'তূফ। واو হরফে আত্ফ, اِيَّاكَ اَنْ تَحْذِفَ মুরাদুল লফ্য যুলহাল, با হরফে জার, تقدير মাসদার মুযাফ, من মুরাদুল লফ্য মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا শিবহে ফে'লের সাথে। ثابتا শিব্হে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল ও যরফে মুস্তাকার মিলে হাল। যুলহাল ও হাল মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফদ্বয় মিলে মাকূলা তথা মাফউলে বিহী। تقول ফে'ল, তার ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। বিস্তারিত তারকীব– اياك মাফউলে বিহী, যার ফে'ল بعد উহ্য রয়েছে। بعد ফে'ল, উহ্য যমীর انت ফায়েল, من হরফে জার, الاسد মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। بعد ফে'ল-তার ফায়েল, মাফউলে বিহী ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। উহ্য اياك মাফউলে বিহী, من হরফে জার, ان মাউসূলে হরফী, تحذف ফে'ল ও যমীর انت ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাউসূলে হরফী ও তার সেলাহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। بعد উহ্য ফে'ল, যমীর انت ফায়েল, মাফউলে বিহী ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে। اياك মাফউলে বিহী, بعد উহ্য ফে'ল, যমীর انت ফায়েল, ان মাওসূলে হরফী, تحذف ফে'ল, যমীর انت ফায়েল। ফে'ল ও ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে মাজরূর। উহ্য من হরফে জার ও তার মাজরূর মিলে যরফে লগ্ব। بعد ফে'ল-তার ফায়েল, মাফউলে বিহী ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ, لاتقول ফে'ল, যমীর انت ফায়েল, اِيَّاكَ الْاَسَدَ মুরাদুল্ লফ্য মাফউলে বিহী, ل হরফে জার, امتناع মুযাফ, تقدير মুযাফ ইলাইহ মুযাফ, من মুরাদুল্ লফ্য মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুযাফ ইলাইহ। امتناع মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। لاتقول ফে'ল-তার ফায়েল, মাফউলে বিহী ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে।

اَلْمَفْعُوْلُ فِيْهِ هُوَ مَا فُعِلَ فِيْهِ فِعْلٌ مَذْكُوْرٌ مِنْ زَمَانٍ اَوْ مَكَانٍ وَشَرْطُ نَصْبِهٖ تَقْدِيْرُ فِيْ وَظُرُوْفُ الزَّمَانِ كُلُّهَا تَقْبَلُ ذٰلِكَ وَظُرُوْفُ الْمَكَانِ اِنْ كَانَ مُبْهَمًا قَبِلَ ذٰلِكَ وَاِلَّا فَلَا وَفُسِّرَ الْمُبْهَمُ بِالْجِهَاتِ السِّتِّ وَحُمِلَ عَلَيْهِ عِنْدَ وَلَدٰى وَشِبْهُهُمَا لِاِبْهَامِهِمَا وَلَفْظُ مَكَانٍ لِكَثْرَتِهٖ وَمَا بَعْدَ دَخَلْتُ عَلَى الْاَصَحِّ وَيُنْصَبُ بِعَامِلٍ مُضْمَرٍ وَعَلٰى شَرِيْطَةِ التَّفْسِيْرِ-

---

অনুবাদ : اَلْمَفْعُوْلُ فِيْهِ এমন বস্তুর নাম যার মধ্যে উল্লিখিত ফে'ল করা হয়েছে, চাই তা কাল হোক বা স্থান হোক। তাতে যবর হবার জন্য শর্ত হলো فى উহ্য থাকা। ظرف زمان (কালাধার) مبهم হোক বা محدود হোক-এর প্রত্যেকটি প্রকার (فى উহ্য থাকা)-কে গ্রহণ করে আর ظرف مكان (স্থানাধার) مبهم (অস্পষ্ট) হলে তাকে (فى উহ্য থাকাকে) গ্রহণ করে, নতুবা নয়। مكان مبهم -কে ছয়টি দিক দ্বারা ব্যাখ্যা করা হয়েছে। আর অস্পষ্টতার কারণে তার (ছয়টি দিকের) উপর عند - لدى এবং উভয়ের সাদৃশ্যপূর্ণ শব্দসমূহকে ব্যবহার করা হয়েছে। অধিক ব্যবহারের কারণে مكان শব্দকে ছয় দিকসমূহের উপর প্রযোজ্য করা হয়েছে এবং বিশুদ্ধতার অভিমত অনুযায়ী دخلت -এর পরের অংশকে (অধিক ব্যবহারের কারণে مكان مبهم-এর উপর ব্যবহার করা হয়েছে) مفعول فيه -কে نصب দেওয়া হয় উহ্য আমিলের কারণে এবং ব্যাখ্যার শর্তসাপেক্ষে।

ব্যাখ্যা : পাঁচ প্রকার মাফউলের মধ্যে তৃতীয় প্রকার مفعول فيه, এটা ঐ স্থান বা কাল, যার মধ্যে উল্লেখিত ফে'ল সংগঠিত হয়েছে। فعل দ্বারা উদ্দেশ্য আভিধানিক ফে'ল তথা حدث (সংঘঠিত হওয়া) আর حدث উল্লেখিত হবার উদ্দেশ্য-তার উল্লেখ ضمنى হবে। চাই পারিভাষিক ফে'লের অধীনে হোক বা শিবহে ফে'ল তথা ইসমে ফায়েল, ইসমে মাফউল ইত্যাদির অধীনে হোক। আবার পারিভষিক ফে'ল এবং শিবহে ফে'লও ব্যাপক; চাই ملفوظ (উচ্চারিত) হোক বা مقدر (উহ্য) হোক। যেমন- ضَرَبْتُ الْيَوْمَ -এর মধ্যে يوم -এমন একটি ইসম যার মধ্যে حدث (সংগঠিত হওয়া) উল্লিখিত হয়েছে। আর তা ضربت পারিভাষিক ফে'লের অধীনে হবে। কেননা, ضربت ঘটমান কাল এবং ফায়েলের দিকে সম্পর্কিত করার জন্য গঠন করা হয়েছে। সুতরাং ضربت শব্দটি শুধু حدث (সংগঠিত হওয়া)-এর উপর বুঝানোটা تضمنى আর এ حدث পারিভাষিক ফে'লের অধীনে উল্লেখিত রয়েছে। صُمْتُ يَوْمَ الْجُمُعَةِ -এর মধ্যে تضمنى হিসেবে পাওয়া যায় কিংবা مطابقى বা التزامى অনুপাতে বুঝিয়ে থাকে। التزامى হবে তখনই যখন কোনো আমিল এমন পাওয়া যায় যা حدث (সংগঠিত হওয়া)-এর উপর التزامى অনুপাতে বুঝিয়ে থাকে আর مطابقى ঐ স্থানে হবে যেখানে আমিলটি মাসদার হয়। যেমন- اَعْجَبَنِىْ جُلُوْسُكَ اَمَامَ زَيْدٍ। এ সম্পর্কে আল্লামা মুহাম্মদ শোয়াইব 'তাহরীরে সানবাট'-এ বলেছেন-

اَلْمَذْكُوْرُ اَعَمُّ مِنْ اَنْ يَّكُوْنَ مُطَابَقَةً وَ ضِمْنًا وَالْفِعْلُ اَعَمُّ مِنْ اَنْ يَّكُوْنَ لَفْظًا اَوْ تَقْدِيْرًا حَقِيْقَةً كَانَ اَوْ شِبْهَ الْفِعْلِ .

মুসান্নিফ (র.)-এর উক্তি مافعل فيه فعل সমস্ত اسماء مكان ও اسماء زمان -কে শামিল করে। কারণ, এমন কোনো স্থান ও কাল নেই যার মধ্যে কোনো না কোনো ফে'ল করা হয়নি, চাই ফে'লকে উল্লেখ করা হোক বা না হোক। গ্রন্থকারের উক্তি مذكور কয়েদ দ্বারা ঐ স্থান-কাল বের হয়ে যায়, যার মধ্যে ঐ ফে'ল উল্লেখ হয়েছে যা পূর্বে উল্লিখিত নয়। যেমন- يَوْمَ الْجُمُعَةِ يَوْمٌ طَيِّبٌ ।

যদি কেউ প্রশ্ন করে, مفعول فيه -এর সংজ্ঞাটি কতেক مفعول به-এর উপর প্রযোজ্য হয়। কাজেই উক্ত সংজ্ঞাটি যথার্থ হয়নি। مفعول فيه -এর সংজ্ঞাটি অন্যান্য আফরাদকে তার মধ্যে প্রবিষ্ট হওয়াকে বাধা দানকারী নয়। যথা–شَهِدْتُ مَافُعِلَ فِيْهِ فِعْلٌ مَذْكُوْرٌ -এর মধ্যে يَوْمَ الْجُمُعَةِ হলো مفعول به-এর উপর مفعول فيه -এর সংজ্ঞা يَوْمَ الْجُمُعَةِ প্রযোজ্য হয়ে থাকে। বুঝা যায় উক্ত সংজ্ঞাটি مَانِعٌ عَنْ دُخُوْلِ الْغَيْرِ (অন্যান্য আফরাদকে বাধা দানকারী) হয়নি। **উত্তর :** অধিকাংশ সংজ্ঞার মধ্যে অনুপাতের কয়েদ (قيد الحيثية) গ্রহণযোগ্য হয়। মুসান্নিফ (র.) যেন এখানে এ কথাই বলেছেন যে, اَلْمَفْعُوْلُ فِيْهِ مَا فُعِلَ فِيْهِ فِعْلٌ مَذْكُوْرٌ مِنْ حَيْثُ اَنَّهُ فِعْلٌ مَذْكُوْرٌ অতএব, অনুপাতের কায়েদ গ্রহণযোগ্য হওয়াতে উক্ত উদাহরণটি مفعول فيه-এর সংজ্ঞা হতে বের হয়ে গেছে। কারণ, شَهِدْتُ يَوْمَ الْجُمُعَةِ অংশটি يَوْمَ الْجُمُعَةِ-এর মধ্যে সেই অনুপাতে হয়নি। অর্থাৎ شهود (উপস্থিত হওয়া) তার মধ্যে করা হয়নি; বরং তার উল্লেখ এই অনুপাতে হয়েছে যে, شهود তার উপর পতিত হয়। সুতরাং شَهِدْتُ يَوْمَ الْجُمُعَةِ-এর অর্থ দাঁড়ায় আমি জুমার দিন উপস্থিত হয়েছি। এ অর্থ নয় যে, কোনো বস্তুকে আমি জুমার দিন পেয়েছি।

* قَوْلُهُ مِنْ زَمَانٍ اَوْ مَكَانٍ : এ অংশটি ما موصوله বা ما موصوفه-এর বর্ণনা। এতে এ দিকেই ইশারা করা হয়েছে যে, مفعول فيه দু'প্রকার এবং উভয়টির হুকুম ভিন্ন ভিন্ন। ঐ স্থান বা কাল হলো مفعول فيه যার মধ্যে উল্লিখিত ফে'ল করা হয়েছে, চাই তার মধ্যে فى উচ্চারিত হোক বা উহ্য হোক। যদি فى প্রকাশ্যভাবে উল্লেখিত হয় তাহলে مفعول فيه যের বিশিষ্ট হবে আর উহ্য হলে যবর বিশিষ্ট হবে। প্রকৃতপ্রক্ষে এটা নাহুবিদ্দের পরিভাষায় বিপরীত। কারণ, জমহুর নাহুবিদ্দের মতে مفعول فيه হলো ঐ مكان বা زمان যা فى উহ্যসহ যবর বিশিষ্ট হয়। পক্ষান্তরে যেই زمان ও مكان -এর মধ্যে فى প্রকাশ্যভাবে হয়, তাকে مفعول فيه না বলে হরফে জারের মাধ্যমে ব্যবহৃত مفعول به বলা হয়। বুঝা যায় আল্লামা ইবনে হাজিব (র.) জমহুর নাহুবিদ্দের মতের বিরোধিতা করেছেন।

* مَفْعُوْل فِيْهِ যবর বিশিষ্ট হবার জন্য শর্ত فى উহ্য থাকা। কারণ, فى প্রকাশ্যভাবে হলে তা যের বিশিষ্ট হবে। সকল ظروف زمان মুবহাম বা মাহ্দূদ হোক فى উহ্য হওয়াকে কবুল করে। কারণ, زمان مبهم ফে'লের مفهوم -এর অংশ। আর কায়দা হলো যখন ফে'লের অংশকে পৃথকভাবে উল্লেখ করা হয় তখন হরফে জারের মাধ্যম ব্যতীত যবর বিশিষ্ট হয়। যেমন– مفعول مطلق কাজেই ظرف زمان مبهم ও فى উহ্যসহ হওয়াকে কবুল করবে আর ظرف زمان محدود-কে ظرف زمان مبهم-এর উপর ব্যবহার করা হয়। কারণ উভয়টি সত্তাগত তথা কালে শরিক রয়েছে।

* ظَرْفُ مَكَانٍ ও ظَرْفُ زَمَانٍ **-এর প্রকারভেদ :** ظرف زمان দু'প্রকার। যথা– (১) مبهم : এটা এমন যরফ, যার কোনো নির্দিষ্ট সীমারেখা নেই। এর পরিচয় প্রসঙ্গে বলা হয়েছে وَهُوَ مَا لَا حَدَّ لَهُ يَحْصُرُهُ سَوَاءٌ كَانَ مَعْرِفَةً اَوْ نَكِرَةً যেমন– حين (সময়), زمان (জমানা)। (২) محدود : এটা এমন যরফ-যার মধ্যে নির্দিষ্ট সীমারেখা রয়েছে। এ সম্পর্কে বলা হয় وَهُوَ مَا لَهُ نِهَايَةٌ يَحْصُرُهُ سَوَاءٌ كَانَ مَعْرِفَةً اَوْ نَكِرَةً যেমন– شَهْرٌ (মাস), يَوْم (দিন), لَيْلَةٌ (রাত)। অনুরূপভাবে ظرف مكان দু'ভাগে বিভক্ত। যথা– (১) مبهم : এমন اسم مكان কে বলা হয়, যার কোনো দৃশ্যমান নির্দিষ্ট আকৃতি ও দৈর্ঘ্য-প্রস্থ নেই। যেমন الجهات الست (ছয় দিক) যথা ঃ اَمَامٌ (সামনে), خَلْفٌ (পিছনে), عَيْنٌ (ডানে), شِمَالٌ (বামে), فَوْقَ (উপরে) ও تَحْتَ (নিচে)। এগুলোর নির্দিষ্ট কোনো সীমারেখা নেই। এর হুকুম فى হরফে জার উহ্য থেকে যবর বিশিষ্ট হবে। যেমন– جَلَسْتُ خَلْفَكَ -مكان বুঝায় এমন শব্দাবলিকে অধিক ব্যবহারের কারণে ছয়টি দিকের উপর ব্যবহার করা হয়েছে। অধিক ব্যবহার সহজ হওয়াকে চায় আর এ সহজতা فى উহ্য থেকে যবর বিশিষ্ট হওয়ার মধ্যে নিহিত। উল্লিখিত মুবহামের উপর سَوَاءٌ ، دُوْنَ ، عِنْدِىْ – لَدَى প্রভৃতিকে প্রয়োগ করা হয়েছে। কারণ, এগুলোর মধ্যে এক প্রকারের অস্পষ্টতা বিদ্যমান। (২) محدود এটা এমন স্থানকে বলা হয়, যার আকার-আকৃতি ও দৈর্ঘ্য-প্রস্থ নির্দিষ্ট আছে। যেমন–جَلَسْتُ فِى الدَّارِ এটা فى উহ্যের সাথে যবর বিশিষ্ট হওয়া জায়েজ নেই। কারণ زمان مبهم -এর সাথে তার ذات ও صفة কোনো দিক থেকে শরিক নেই।

قَوْلُهُ وَمَا بَعْدَ دَخَلْتُ عَلَى الْاَصَحِّ : অধিক ব্যবহারের কারণে دخلت-এর পরের অংশকে مكان مبهم-এর উপর প্রয়োগ করা হয়, যদিও তা নির্দিষ্ট ও সীমায়িত। আর مكان مبهم-এর উপর তাকে ব্যবহার করা সম্পর্কীয় অভিমতটি বিশুদ্ধতম। دخلت দ্বারা উদ্দেশ্য-ঐ ফে'ল যার مفعول فيه টা مفعول به-এর সদৃশ হয়ে থাকে। এখানে على الاصح -এর কয়েদ এ জন্যে আরোপ করা হয়েছে যে, কতেক নাহুবিদ دخلت-এর পরের অংশ مفعول به বলে মতামত ব্যক্ত করেছেন। কারণ, فعل متعدى যেভাবে مفعول به ব্যতীত পরিপূর্ণ হয় না, অনুরূপভাবে دخول-এর অর্থ তার مابعد-এর সাথে সম্পৃক্ত হওয়া ব্যতীত পরিপূর্ণ হয় না। এতে প্রতীয়মান হয় دخلت শব্দের পরের অংশ مفعول به হবে, مفعول فيه নয়। এটা জমহুর নাহুবিদ্দের পরিপন্থী। তাঁরা دخلت-এর পরবর্তী অংশকে مفعول فيه বলে থাকেন। তাঁরা দলিল পেশ করেন যে, ঐ মাসদার যা فعول -এর ওযনে হয়, তা অধিকাংশ সময় ফে'লে লাযেম হয়ে থাকে। তাই دخولও ফে'লে লাযেম হবে। তার জন্য مفعول به-এর প্রয়োজন নেই। الدخول শব্দটি ফে'লে লাযেম হওয়ার দিকে দৃষ্টিপাত করা ব্যতীতও دخلت-এর مابعد মাফউলে বিহী হতে পারে না। কারণ, দেখা যায় মাফউলে বিহীর উপর فى প্রবেশ করলে অর্থ বিনষ্ট হয়ে যায়। যেমন- ضَرَبْتُ زَيْدًا -এর মধ্যে মাফউলে বিহীর উপর فى প্রবেশ করলে বলা হবে ضَرَبْتُ فِىْ زَيْدٍ তখন অর্থ সঠিক হবে না। অপর পক্ষে دخلت-এর مابعد -এর মধ্যে فى প্রবেশ করার পর অর্থ শুদ্ধ থাকে। যেমন- دَخَلْتُ الدَّارَ -এর মধ্যে বলা হবে دَخَلْتُ فِى الدَّارِ তখন অর্থ শুদ্ধ হয়। অতএব, প্রমাণিত হলো دخلت-এর مابعد মাফউলে ফীহ হয়ে থাকে, মাফউলে বিহী নয়।

قَوْلُهُ وَيَنْصِبُ بِعَامِلٍ مُضْمَرٍ الخ : مفعول فيه উহ্য আমিলের কারণে যবর বিশিষ্ট হয়। যেমন কেউ বলল, مَتٰى سِرْتَ তার উত্তরে يَوْمَ الْجُمُعَةِ বলা হবে। অর্থাৎ سِرْتُ يَوْمَ الْجُمُعَةِ ; আর عَلٰى شَرِيْطَةِ التَّفْسِيْرِ-এর দ্বারা উদ্দেশ্য মাফউলে ফীহ ব্যাখ্যার শর্তসাপেক্ষে উহ্য আমিলের দ্বারা যবর বিশিষ্ট হয়ে থাকে। যেমন-صُمْتُ يَوْمَ الْجُمُعَةِ অর্থাৎ صُمْتُ يَوْمَ الْجُمُعَةِ صُمْتُ فِيْهِ -এর মতো মাফউলে ফীহতে يَوْمَ الْجُمُعَةِ মাফউলে বিহীর مَا اُضْمِرَ عَامِلُهُ عَلٰى شَرِيْطَةِ التَّفْسِيْرِ -এর মধ্যে রয়েছে। যেমন-এতে নিম্নলিখিত পাঁচটি সূরত লক্ষণীয়। যথা- (১) يَوْمَ-এর اختيار رفع যেমন- يَوْمُ الْجُمُعَةِ صِيْمَ فِيْهِ-এর وجوب رفع (৩) اَيَوْمَ الْجُمُعَةِ صُمْتَ فِيْهِ-এর اختيار نصب যেমন- اَيَوْمُ الْجُمُعَةِ صُمْتُ فِيْهِ (২) زَيْدٌ صَامَ وَيَوْمَ الْجُمُعَةِ صُمْتُ فِيْهِ -এর تساوى الطرفين (৫) اِنَّ يَوْمَ الْجُمُعَةِ صُمْتُ فِيْهِ -এর وجوب نصب যেমন (৪)

জ্ঞাতব্য : ছয় প্রকারের শব্দ مفعول فيه-এর স্থলাভিষিক্ত হতে পারে এবং তা যবর বিশিষ্ট হবে। যথা-

كل (৪) سِرْتُ خَمْسَةَ اَيَّامٍ -এর عدد (৩) قُمْتُ طَوِيْلًا -এর وصف (২) جِئْتُكَ طُلُوْعَ الشَّمْسِ -এর مصدر (১) وَقَفْتُ تِلْكَ اللَّيْلَةَ -এর اسم الا شارة (৬) لَبِثْتُ يَوْمًا اَوْ بَعْضَ يَوْمٍ -এর بعض (৫) مَشَيْتُ كُلَّ اللَّيْلَةِ -এর

তারকীব : اَلْمَفْعُوْلُ فِيْهِ هُوَ مَا فُعِلَ فِيْهِ فِعْلٌ مَذْكُوْرٌ مِنْ زَمَانٍ الخ -المفعول فيه-এর মধ্যে ال টি الذى ইসমে মাওসূল অর্থে ব্যবহৃত। مفعول শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, فى হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। مفعول শিবহে ফে'ল, নায়েবে ফায়েল এবং যরফে লগ্‌ব মিলে সেলাহ। ইসমে মাওসূল ও সেলাহ মিলে মুবতাদা মুয়াখ্‌খার। এর পূর্বে منها উহ্য খবরে মুকাদ্দাম। মুবতাদায়ে মুয়াখ্‌খর ও খবরে মুকাদ্দাম মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। هو মুবতাদা, ما মাওসূলা, فعل ফে'ল, فى হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। فعل মাওসূফ, مذكور শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল মিলে সিফাত। মাওসূফ ও সিফাত মিলে নায়েবে ফায়েল। فعل ফে'ল, তার নায়েবে ফায়েল এবং যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়ে সেলাহ আউওয়াল। من হরফে জার, زمان মা'তূফ আলাইহ, واو হরফে আত্‌ফ, مكان মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে সেলাহ্ ছানী। মাউসূল ও তার সেলাহদ্বয় মিলে খবর। মুবতাদা ও খবর মিলে

জুমলায়ে ইসমিয়্যাহ। واو হরফে আত্ফ, شرط মুযাফ, نصب মুযাফ ইলাইহ মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। نصب মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মুযাফ ইলাইহ। شرط মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। تقدير মাসদার মুযাফ, فى মুরাদুল লফ্য ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। واو হরফে আত্ফ, ظروف মুযাফ, الزمان মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুয়াক্কাদ। كل মুযাফ, ها মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে তাকীদ। মুয়াক্কাদ ও তার তাকীদ মিলে মুবতাদা। تقبل ফে'ল, উহ্য যমীর هى ফায়েল, ذالك মাফউলে বিহী। ফে'ল, ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ, ظروف মুযাফ, المكان মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা, ان হরফে শর্ত, كان ফে'লে নাকেস, উহ্য যমীর هو তার ইসম, مبهما তার খবর। ফে'লে নাকেস-তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। قبل ফে'ল, উহ্য যমীর هو ফায়েল, ذالك মাফউলে বিহী। ফে'ল, ফায়েল এবং মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ। واو হরফে আত্ফ, لا -এর মধ্যে ان হরফে শর্ত, لا হরফে নফী। لا يكن مبهما উহ্য রয়েছে, لا يكن ফে'ল, উহ্য যমীর هو তার ইসম। مبهما খবর। لايكن তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। فاء জাযাইয়্যাহ, لا -এর পরে يقبل ফে'ল উহ্য রয়েছে। لايقبل ফে'ল ও উহ্য যমীর هو ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ বা ইস্তীনাফ, فسر ফে'ল, المبهم নায়েবে ফায়েল, باء হরফে জার, الجهات মাওসূফ, الست সিফাত। মাওসূফ ও তার সিফাত মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। فسر ফে'ল-তার নায়েবে ফায়েল এবং যরফে লগ্ব মিলে জুমলায়ে খবরিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ, حمل ফে'ল, على হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। عند মুরাদুল লফ্য মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, لدى মা'তূফ। واو হরফে আত্ফ, شبه মুযাফ, هما মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ। لام হরফে জার, ابهام মাসদার মুযাফ, هما মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, لفظ মুযাফ, مكان মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ। لام হরফে জার, كثرة মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে মা'তূফ, لابهامهما মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে যরফে লগ্ব ছানী। واو হরফে আত্ফ, ما মাওসূলা, بعد ইসমে যরফ মুযাফ, دخلت মুরাদুল লফ্য মুযাফ ইলাইহ। بعد মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ। উহ্য ثبت ফে'ল, উহ্য যমীর هو ফায়েল এবং মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও তার সেলাহ মিলে মা'তূফ। عند মা'তূফ আলাইহ ও তার মা'তূফসমূহ মিলে নায়েবে ফায়েল। حمل ফে'ল, নায়েবে ফায়েল এবং যরফে লগ্বদ্বয় মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। على হরফে জার, لاصح মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। هذا উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। واو হরফে ইস্তীনাফ, ينصب ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, با হরফে জার, عامل মাওসূফ, مضمر শিবহে ফে'ল ও যমীর هو নায়েবে ফায়েল মিলে সিফাত। عامل মাওসূফ ও তার সিফাত মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, على হরফে জার, شريطة মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মুযাফ মিলে যরফে লগ্ব। ينصب ফে'ল, নায়েবে ফায়েল ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে।

اَلْمَفْعُوْلُ لَهُ هُوَ مَا فُعِلَ لِاَجْلِهِ فِعْلٌ مَذْكُوْرٌ مِثْلُ ضَرَبْتُهُ تَادِيْبًا وَقَعَدْتُ عَنِ الْحَرْبِ جُبْنًا خِلَافًا لِلزَّجَّاجِ فَاِنَّهُ عِنْدَهُ مَصْدَرٌ وَشَرْطُ نَصْبِهِ تَقْدِيْرُ اللَّامِ فَاِنَّمَا يَجُوْزُ حَذْفُهَا اِذَا كَانَ فِعْلًا لِفَاعِلِ الْفِعْلِ الْمُعَلَّلِ بِهِ وَمُقَارِنًا لَهُ فِى الْوُجُوْدِ-

---

অনুবাদ : المفعول له তা এমন বস্তুর নাম যার কারণে (তারপূর্বে) উল্লিখিত فعل টি করা হয়েছে। যথা- ضَرَبْتُهُ تَادِيْبًا (আমি শিষ্টাচার শিক্ষা দেওয়ার জন্য তাকে প্রহার করেছি) এবং قَعَدْتُ عَنِ الْحَرْبِ جُبْنًا (কাপুরুষতার কারণে আমি যুদ্ধ হতে বিরত রয়েছি)। তাতে যুজাজ নাহবীর মতানৈক্য রয়েছে। কেননা, তাঁর মতে- এটা (مفعول له) একটি مصدر (অর্থাৎ- مفعول مطلق), এটা (مفعول له) যবর হবার জন্য শর্ত হলো لام টি উহ্য থাকা। নিশ্চয় لام -কে বিলোপ করা বৈধ, যখন এটা (مفعول له) فعل معلل به -এর فاعل -এর জন্য প্রভাব হবে এবং অস্তিত্বের মধ্যে মাফউলে লাহু فعل معلل به -এর সাথে সম্পৃক্ত হবে।

ব্যাখ্যা : مفعول له ঐ বস্তুর নাম যা অর্জন করা অথবা তা পাওয়া যাবার কারণে فاعل -এর فعل করা হয়ে থাকে। যদি কেউ আপত্তি করে যে, অনেক সময় مفعول له -এর ফে'লকে উল্লেখ করা হয় না। যেমন- تاديبا -এটা ঐ ব্যক্তির উত্তরে বলা হয়, যে প্রশ্ন করে لِمَ ضَرَبْتَ زَيْدًا ; কাজেই এ সংজ্ঞাটি مفعول له -এর সমস্ত আফরাদকে অন্তর্ভুক্ত করে না। **উত্তর :** مذكور (উল্লিখিত) দ্বারা উদ্দেশ্য ব্যাপক; চাই হাকীকীভাবে উল্লিখিত হোক বা হুকমীভাবে। উক্ত উদাহরণে হাকীকীভাবে উল্লেখিত নেই; কিন্তু হুকমীভাবে উল্লেখ রয়েছে। ضَرَبْتُ تَادِيْبًا এটা ঐ مفعول له-এর মেছাল, যাকে অর্জন করার জন্য উল্লিখিত ফে'ল করা হয়েছে। কারণ শিষ্টাচারিতা (تَادِيْب) প্রহারের দ্বারা অর্জিত হয়। قَعَدْتُ عَنِ الْحَرْبِ جُبْنًا এটা ঐ مفعول له -এর মেছাল, যাকে পাওয়া যাবার কারণে উল্লিখিত فعل করা হয়েছে। কারণ বক্তা থেকে যে বসে যাওয়া পাওয়া গেছে তা কাপুরুষতা ও ভয়ের কারণে হয়েছে।

* مفعول له হবার জন্য কয়েকটি শর্ত রয়েছে। যথা- (১) مفعول له টি মাসদার হওয়া। যেমন- মূল এবারতে রয়েছে। (২) মাসদারটি قلبى (মনস্তাত্বিক) হওয়া। (৩) মাসদারটি فعل -কে বর্ণনা করা। (৪) মাসদার ও ফে'ল সংগঠিত হবার কাল এক হওয়া। (৫) মাসদার ও ফে'ল উভয়ের ফায়েল অভিন্ন হওয়া।

* জমহুর নাহুবিদদের মতে, مفعول له টি স্বতন্ত্র মা'মূল আর আবূ ইসহাক ইব্রাহীম আল-যুজাজের মতে, যখন مفعول له-এর মধ্যে لام উহ্য তখন তা প্রকৃতপক্ষে مفعول له হবে না; বরং মাসদার তথা مفعول مطلق হবে। যুজারজ নাহুবীর মতে: ضَرَبْتُهُ تَادِيْبًا ও اَدَّبْتُهُ بِالضَّرْبِ تَادِيْبًا ও قَعَدْتُ عَنِ الْحَرْبِ جُبْنًا মূলত যথাক্রমে جَبَنْتُ بِالْقُعُوْدِ عَنِ الْحَرْبِ جُبْنًا ছিল। তবে ইমাম যুজাজের এ উক্তিটি শুদ্ধ নয়। কারণ, বিশ্লেষণ পূর্বক একটি প্রকারকে অন্য একটি প্রকারে প্রবেশ করার মাধ্যমে এটা আবশ্যক হয় না যে, প্রথমটি হুবহু দ্বিতীয়টি হয়ে যায়। নতুবা বিশ্লেষণের মাধ্যমে مفعول ও مال فيه হয়ে যাবে; কারণ উদাহরণ স্বরূপ جَاءَ زَيْدٌ فِىْ وَقْتِ الرُّكُوْبِ বিশ্লেষণ পূর্বক جَاءَ زَيْدٌ رَاكِبًا বলা যায়।

مفعول له নসব হবার শর্ত : মাফউলে লাহু যবর বিশিষ্ট হবার জন্য শর্ত হলো لام উহ্য হওয়া। কারণ لام উল্লিখিত হলে তা মাজরূর হবে। মুসান্নিফ (র.)-এর উক্তি দ্বারা বুঝা যায় যে, তাঁর মতে مفعول له ঐ বস্তুর নাম, যার জন্য উল্লিখিত ফে'ল করা হয়েছে, চাই لام টি তাতে উল্লিখিত হোক বা উহ্য হোক। তবে نصب হওয়ার জন্য শর্ত হলো لام টি উহ্য হতে হবে। কারণ পরিভাষায় لام উল্লেখিত বিষয়কে مفعول له বলা হয় না।

قَوْلُهُ فَاِنَّمَا يَجُوْزُ حَذْفُهَا : مفعول له -এর لام টি বিলুপ্ত হওয়ার জন্য দু টি শর্ত রয়েছে, একটি-তা فعل معلل به -এর ফায়েলের প্রভাব হওয়া। অর্থাৎ-ফে'লে মুয়াল্লালে বিহীর ফায়েল এবং مفعول له -এর ফায়েল একই বস্তু হতে হবে।

দ্বিতীয়টি- مفعول له অস্তিত্বের ক্ষেত্রে فعل معلل به -এর সাথে সম্পৃক্ত হতে হবে। فعل معلل به ও مفعول له-এর অস্তিত্বের যমানা এক হতে হবে।

যদি কেউ প্রশ্ন করে, মুসান্নিফ (র.) إِنَّمَا يَجُوْزُ حَذْفُهَا বলেছেন। শুধুমাত্র انما يجوز বলেননি; অথচ এটাই সংক্ষিপ্ত ছিল। কারণ, يجوز-এর যমীরকে تقدير اللام-এর দিকে প্রত্যাবর্তন করলে উদ্দেশ্য শুদ্ধ হতো। **উত্তর :** انما يجوز বলাটা যথেষ্ট ছিল না। কারণ, تقدير হলো هُوَ اِسْقَاطُ عَنِ اللَّفْظِ وَاِبْقَاءٌ فِى النِّيَّةِ অর্থাৎ তাকদীর বলা হয় শব্দ থেকে বিলোপ করে নিয়তের মধ্যে বাকি রাখা। আর حذف বলা হয় هُوَ اِسْقَاطُ عَنِ اللَّفْظِ فَقَطْ অর্থাৎ শুধুমাত্র শব্দ থেকে বিলোপ করা, চাই নিয়তের মধ্যে বাকি থাকুক বা না থাকুক। যদি এখানে حذفها পদকে বৃদ্ধি করা না হতো এবং يجوز-এর যমীরকে تقدير اللام -এর দিকে ফিরানো হতো, তাহলে এই সন্দেহ সৃষ্টি হতো যে, لام-কে নিয়তের মধ্যে বাকি রাখার জন্য এই শর্ত; অথচ ব্যাপারটি এরূপ নয়। কারণ, اِبْقَاءٌ فِى النِّيَّةِ আপনাবস্থায় বহাল রয়েছে। তার জন্য শর্তের প্রয়োজন হয় না। কাজেই বুঝা গেল- মুসান্নিফ (র.)-এর উক্তি অনর্থক দীর্ঘ করা হয়নি; বরং তার প্রয়োজন ছিল।

* مفعول له-এর আলোচনায় اذا كان فعلا اى امرا বলার দ্বারা ঐ বস্তু বের হয়ে গেছে যা ফায়েলের প্রভাব নয়, বরং হুবহু বস্তু। যেমন- جِئْتُكَ لِلسَّمَنِ আর فِعْلٌ لِفَاعِلِ الْفِعْلِ الْمُعَلَّلِ بِهِ বলার কারণে ঐ বস্তু বের হয়ে গেছে যা فعل معلل به-এর ফায়েলের প্রভাব নয়; বরং فعل معلل به -এর ফায়েল ব্যতীত অন্য কিছুর প্রভাব। যেমন- جِئْتُكَ لِاِكْرَامِكَ اِيَّاىَ এখানে جئت-এর ফায়েল হলো বক্তা, আর اكرام-এর ফায়েল সম্বোধিত ব্যক্তি। مقارنا له فى الوجود বলার কারণে তা হতে ঐ مفعول له বের হয়ে গেছে যা فعل معلل به -এর যমানার মধ্যে শরিক নয়। যেমন- اكرمتك اليوم كارণ فعل معلل به তথা اكرمت-এর কাল হলো আজকের দিন। আর মাফউলের যমানা সম্পূর্ণভাবে অতিবাহিত হয়েছে।

* مفعول له ও فعل معلل به -এর কালগত অংশীদারি তিন প্রকার। যথা-**প্রথমত** উভয়টির কাল এক হবে। যেমন- ضربته تاديبا এখানে শিষ্টাচার শিক্ষা দেওয়া ও প্রহার করার কাল এক, প্রকৃতপক্ষে এ উভয় প্রকারের মধ্যে কোনো বৈপরীত্ব নেই। **দ্বিতীয়ত** فعل معلل به -এর সমস্ত কাল مفعول له -এর কিছু কালের সাথে এক হবে। যথা- قَعَدْتُ عَنِ الْحَرْبِ جُبْنًا এখানে উপবিষ্ট হওয়ার কাল مفعول له -এর কিছু কালের মধ্যে পাওয়া যায়। **তৃতীয়ত** مفعول له-এর সমস্ত কাল فعل معلل به -এর কিছু কালের সাথে এক হবে। যেমন- شَهِدْتُ الْحَرْبَ اِيْقَاعًا لِلصُّلْحِ بَيْنَ الْفَرِيْقَيْنِ কারণ সন্ধি সম্পাদন করার সময় যুদ্ধে উপস্থিত হওয়ার সময়ের অংশ বিশেষ। এতে مفعول له-এর সমস্ত যমানা فعل معلل به -এর কিছু কালের সময়ে এক হয়েছে।

যদি কেউ প্রশ্ন করে, شَرِبْتُ الدَّوَاءَ اِصْلَاحًا لِلْبَدَنِ -এর মধ্যে فعل معلل به -এর যমানা তথা شرب دواء (ঔষধ সেবন) আর مفعول له তথা اصلاح بدن (শারীরিক নিরাময়)-এর যমানা ভিন্ন ভিন্ন। কাজেই কালের সম্পৃক্ত হওয়ার শর্ত তাতে পাওয়া যায়নি। **উত্তর :** شَرِبْتُ الدَّوَاءَ اِصْلَاحًا لِلْبَدَنِ -এর অর্থ شَرِبْتُ الدَّوَاءَ اِرَادَةَ اِصْلَاحِ الْبَدَنِ এমতাবস্থায় شُرْبُ الدَّوَاءِ ও اِصْلَاحُ الْبَدَنِ-এর কাল এক। উভয়ের মাঝে কালের মিল পাওয়া যায় বিধায় কোনো প্রশ্নের অবকাশ নেই।

فَوَائِدُ قُيُوْدِ : مفعول له-এর সংজ্ঞায় উল্লিখিত ما فعل দ্বারা উদ্দেশ্য ما اسم আর " اسم ما " হলো " جنس " যা সমস্ত মাফউল ও অন্যান্য ইসমসমূহকে শামিল করে। لاجله হলো فصل -এর দ্বারা অন্যান্য মাফউল বাদ পড়েছে। فعل مذكور ও হলো فصل তার দ্বারা اَعْجَبَنِى التَّادِيْبُ-এর মধ্যস্থিত التاديب বের হয়ে গেছে। কেননা, التاديب যদিও এমন বস্তুর নাম, যার কারণে ফে'ল করা হয়েছে; কিন্তু উহ্য فعل مذكور নয়। যেমন- 'তাহরীরে সানবাট' এর হাশিয়ায় উল্লেখ রয়েছে-

اِنَّ قَوْلَهُ فِعْلٌ لِاَجْلِهِ جِنْسٌ شَامِلٌ لِلْمَحْدُوْدِ وَغَيْرِهِ وَقَوْلُهُ مَذْكُوْرٌ يَخْرُجُ غَيْرُهُ نَحْوُ التَّادِيْبُ فِىْ اَعْجَبَنِىْ التَّادِيْبُ -

তারকীব : قَوْلُهُ اَلْمَفْعُوْلُ لَهُ هُوَ مَافُعِلَ لِاَجْلِهِ فِعْلٌ مَذْكُوْرٌ مِثْلُ ضَرَبْتُهُ تَادِيْبًا الخ -এর المفعول له মধ্যে ال টি الذى অর্থে ইসমে মাওসূল, مفعول শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, ل হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। مفعول শিবহে ফে'ল-তার নায়েবে ফায়েল এবং যরফে লগ্‌ব মিলে সেলাহ। মাওসূফ ও সেলাহ মিলে মুবতাদায়ে মুয়াখ্‌খর, এটার পূর্বে منها উহ্য খবরে মুকাদ্দাম, মুবতাদা মুয়াখ্‌খার ও খবরে মুকাদ্দাম মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। هو মুবতাদা, ما মাওসূলা, فعل ফে'ল, ل হরফে জার, اجل মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। فعل মাওসূফ, مذكور শিবহে ফে'ল ও যমীরে هو উহ্য নায়েবে ফায়েল মিলে সিফাত। মাওসূফ ও সিফাত মিলে নায়েবে ফায়েল। فعل ফে'ল, নায়েবে ফায়েল এবং যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও তার সেলাহ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। مثل মুযাফ, ضَرَبْتُهُ تَادِيْبًا মুরাদুল্ লফয মা'তূফ আলাইহ, واو হরফে আত্‌ফ, فَعَلْتُ الخ মুরাদুল্ লফ্‌য মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মুযাফ ইলাইহ। مثل মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

বিস্তারিত তারকীব– ضربت ফে'ল, تا যমীরে বারেয ফায়েল, ه যমীর মাফউলে বিহী। تاديبا মাফউলে লাহু, ফে'ল, ফায়েল, মাফউলে বিহী ও মাফউলে লাহু মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। قعدت ফে'ল, تا যমীরে বারেয ফায়েল, عن হরফে জার, الحرب মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব, جبنا মাফউলে লাহু। قعدت ফে'ল তার ফায়েল, মাফউলে লাহু ও যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। خلافا মাফউলে মুতলাক, তার ফে'ল خالف উহ্য রয়েছে। خالف ফে'ল, যমীর هو ফায়ের এবং মাফউলে মুতলাক মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। ل হরফে জার, الزجاج মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল উহ্য যমীর هو নায়েবে ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবর। ارادتى উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। فاء তা'লীলের জন্য, ان হরফে মুশাব্বাহ বিল ফে'ল, ه যমীর তার ইসম, عند মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ হয়েছে ইসম ও খবরের নিসবত থেকে, مصدر খবর। ان তার ইসম, খবর ও মাফউলে ফীহ মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ মু'আল্লালাহ্ হয়েছে। واو হরফে ইস্তীনাফ, شرط মুযাফ, نصب মুযাফ ইলাইহ মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। نصب মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মুযাফ ইলাইহ, شرط মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। تقدير মুযাফ, اللام মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। فاء হরফে আত্‌ফ, ان হরফে মুশাব্বাহ বিল ফে'ল, ما কাফ্‌ফাহ্ يجوز ফে'ল, حذف মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে ফায়েল। اذا ইসমে যরফ মুযাফ, كان ফে'লে নাকেস, উহ্য যমীর هو ইসম, فعلا মাওসূফ, ل হরফে জার, فاعل মুযাফ, الفعل মাওসূফ, المعلل শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, باء হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। المعلل শিবহে ফে'ল তার নায়েবে ফায়েল ও যরফে লগ্‌ব মিলে সিফাত। الفعل মাওসূফ ও তার সিফাত মিলে মুযাফ ইলাইহ। فاعل মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا-এর সাথে। ثابتا শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল ও যরফে মুস্তাকার মিলে সিফাত, فعلا মাওসূফ ও তার সিফাত মিলে মা'তূফ আলাইহ। واو হরফে আত্‌ফ, مقارنا শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল। ل হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব আউওয়াল, فى হরফে জার, الوجود মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব ছানী। مقارنا শিবহে ফে'ল-তার নায়েবে ফায়েল ও যরফে লগ্‌বদ্বয় মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে খবর। كان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ হয়েছে حذف থেকে। يجوز ফে'ল ও তার ফায়েল ও মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে।

اَلْمَفْعُوْلُ مَعَهُ هُوَ مَذْكُوْرٌ بَعْدَ الْوَاوِ لِمُصَاحَبَةِ مَعْمُوْلِ فِعْلٍ لَفْظًا اَوْ مَعْنًى فَاِنْ كَانَ الْفِعْلُ لَفْظًا وَجَازَ الْعَطْفُ فَالْوَجْهَانِ مِثْلُ جِئْتُ اَنَا وَ زَيْدٌ وَ زَيْدًا وَاِلَّا تَعَيَّنَ النَّصْبُ مِثْلُ جِئْتُ وَزَيْدًا وَاِنْ كَانَ مَعْنًى وَجَازَ الْعَطْفُ تَعَيَّنَ الْعَطْفُ نَحْوُ مَا لِزَيْدٍ وَعَمْرٍو وَاِلَّا تَعَيَّنَ النَّصْبُ مِثْلُ مَالَكَ وَزَيْدًا وَمَا شَانُكَ وَعَمْرًوا لِاَنَّ الْمَعْنٰى مَا تَصْنَعُ -

---

অনুবাদ : المفعول معه ঐ ইসম যাকে ফে'লের معمول (مفعول বা فاعل)-এর সহগামী হবার জন্য واو-এর পরে উল্লেখ করা হয়। ফে'লটি শাব্দিকভাবে হোক বা অর্থগতভাবে হোক। যদি ফে'লটি শাব্দিকভাবে হয় এবং আত্ফ করা জায়েজ হয় তবে তাতে দু'টি অবস্থা বৈধ। যেমন- جِئْتُ اَنَا وَ زَيْدٌ وَ زَيْدًا (আমি যায়েদসহ এসেছি)। যদি তা (আত্ফ জায়েজ) না হয়, তাহলে نصب (যবর) নির্দিষ্ট হয়ে যাবে। যেমন- جِئْتُ وَزَيْدًا (আমি যায়েদসহ এসেছি) আর যদি (مفعول معه-এর) ফে'লটি অর্থগত হয় এবং আত্ফ জায়েজ হয় তাহলে আত্ফ নির্দিষ্ট হয়ে যাবে। যেমন- مَا لِزَيْدٍ وَعَمْرٍو (তুমি যায়েদ এবং আমরের সাথে কি করছ?)। আর যদি তা (عطف জায়েজ) না হয়, তাহলে নসব নির্ধারিত হবে। যেমন- مَالَكَ وَ زَيْدًا ، وَمَاشَانُكَ وَعَمْرًوا কেননা, অর্থ হলো مَاتَصْنَعُ (তুমি কি করছ?)

ব্যাখ্যা : مفعول معه ঐ ইসম, যাকে واو -এর পরে উল্লেখ করা হয়, যাতে ফে'লটি মা'মূলের সাথে হয়। চাই এ সংগ ফায়েলের সাথে হোক বা মাফউলের সাথে হোক। যদি কেউ বলে, معه শব্দটি মুসান্নিফ (র.)-এর উক্তি المفعول-এর নায়েবে ফায়েল। কারণ المفعول-এর মধ্যে ال টি الذى অর্থে ব্যবহৃত হয়েছে। আর مفعول টি فعل অর্থে হয়েছে, তাই معه শব্দটি যবর বিশিষ্ট না হয়ে যের বিশিষ্ট হওয়া উচিত ছিল। উত্তর কতেক নাহুবিদ এটাকে বৈধ ঘোষণা করেছেন যে, যখন ফে'লের সম্পর্ক لازم النصب -এর দিকে হয়। তখন এটাকে যবর বিশিষ্ট হিসেবে বাকী রাখা হবে; যাতে অধিকাংশ অবস্থার সাথে তা সদৃশ হয়ে যায়।

قَوْلُهُ هُوَ مَذْكُوْرٌ بَعْدَ الْوَاوِ الخ : لام টি ইবারতে উল্লিখিত لمصاحبه -এর মধ্যস্থিত مذكور শিবহে ফে'লের সাথে মুতায়াল্লাক হয়েছে, অর্থ- مفعول معه ঐ ইসম যা ফে'লের মা'মূলের সাথী হবার জন্য مع অর্থে ব্যবহৃত واو-এর পরে পতিত হয়। মা'মূলটি ফায়েল হতে পারে। যেমন- اِسْتَوَى الْمَاءُ وَالْخَشَبَةَ অর্থাৎ পানি কাঠের উচ্চতার বরাবর হয়েছে। অথবা مفعول হতে পারে। যেমন- كَفَاكَ وَ زَيْدًا دِرْهَمٌ (যায়েদের সাথে এক দিরহাম তোমাকে যথেষ্ট করেছে) চাই ফে'লটি প্রকাশ্য হোক অথবা অর্থগত হোক। ফে'লটি প্রকাশ্যভাবে হবার দৃষ্টান্ত এক্ষুণি অতিবাহিত হয়েছে। অর্থগত ফে'লের উদাহরণ হলো- مَالَكَ وَ زَيْدًا অর্থাৎ مَاتَصْنَعُ وَ زَيْدًا (তুমি যায়েদের সাথে কি করছ?) উল্লেখ্য যে, যে ইসমটি مع অর্থে ব্যবহৃত واو-এর পরে হয়, তা مفعول معه হওয়া জরুরি নয়। যেমন- كُلُّ رَجُلٍ وَضَيْعَتَهُ এটার মধ্যে مع অর্থে ব্যবহৃত واو-এর পরে ইসম পতিত হওয়া সত্ত্বেও مفعول معه হয়নি। কারণ مفعول معه হবার জন্য কতগুলো শর্ত রয়েছে। যথা-(১) معمول টি ফে'লের সাথে একই জমানায় হতে হবে। যেমন- سِرْتُ وَزَيْدًا (২) অথবা, معمول ও فعل টি একই স্থানে হতে হবে। যেমন- لَوْ تَرَكْتُ النَّاقَةَ وَفَصِيْلَتَهَا لَرَضَعَتْهَا (৩) واو بمعنى مع-এর পরের শব্দটি ইসম হওয়া। তাইতো لَاتَتَنَاوَلُ الطَّعَامَ وَتَقْرَأَ এ উদাহরণটিতে تقرأ শব্দটি مفعول معه নয়, কারণ واو -এর পরের অংশটি ইসম না

হয়ে ফে'ল হয়েছে। আরবিতে কায়দা রয়েছে– إِذَا فَاتَ الشَّرْطُ فَفَاتَ الْمَشْرُوْطُ (৪) -واو-এর পরের অংশটি মুফরাদ হওয়া। এ কারণে مفعول معه টি أَقْبَلَ الْقِطَارُ وَالنَّاسُ مُنْتَظِرُوْنَ নয়।

قَوْلُهُ فَإِنْ كَانَ الْفِعْلُ لَفْظًا الخ : যদি ফে'লটি প্রকাশ্য হয় এবং -واو-এর পরের অংশ তার পূর্ববর্তী অংশের উপর আত্ফ করা জায়েজ হয়, তাহলে مفعول معه-এর মধ্যে দু'টি প্রক্রিয়া রয়েছে–(১) আত্ফ করাও জায়েজ। (২) مفعول হিসেবে যবর দেওয়াও জায়েজ। যেমন– جِئْتُ أَنَا وَزَيْدٌ وَزَيْدًا এ উদাহরণে -واو-এর পরের অংশ তার পূর্ববর্তী অংশের উপর আত্ফ হতে পারে। কারণ তার মধ্যে যমীরে মুত্তাসিলের তাকীদ যমীরে মুনফাসিল انا নেওয়া হয়েছে, কাজেই আত্ফ জায়েজ হবে। কারণ, জায়েজ হওয়ার ভিত্তিতে زيد-কে পেশ বিশিষ্ট পড়া হবে। আর مفعول معه হিসেবে যবর দেওয়াও জায়েজ হবে।

قَوْلُهُ وَإِلَّا تَعَيَّنَ النَّصْبُ الخ : যদি আত্ফ জায়েজ না হয় তাহলে মাফউল হিসেবে যবর নির্দিষ্ট হয়ে যাবে। যেমন– جِئْتُ وَ زَيْدًا এখানে যমীরে মুত্তাসিলকে যমীরে মুনফাসিল انا দ্বারা تاكيد করা হয়নি। বিধায় আত্ফ জায়েজ হবে না। কেননা, ইসমে যাহের কে কখনো যমীরে মুনফাসিলের উপর আত্ফ করা শুদ্ধ হয় না। এমতাবস্থায় উল্লেখিত ইসমটি মাফউল সাব্যস্ত হবে আর নসব দেওয়া আবশ্যক হবে। মুসান্নিফ (র.)-এর উক্তি جاز العطف-এর মধ্যে জায়েজ হওয়া দ্বারা উদ্দেশ্য وَهِيَ الممكنة الخاصة তথা امكان خاص হলো امكان خاص অর্থাৎ উভয়দিক থেকে আবশ্যকতাকে উত্তোলন করা। আর الَّتِيْ حُكِمَ فِيْهَا بِارْتِفَاعِ الضَّرُوْرَةِ الْمُطْلَقَةِ عَنْ جَانِبَيِ الْوُجُوْدِ وَالْعَدَمِ جَمِيْعًا অর্থাৎ তা ঐ কাযিয়া যাতে হ্যাঁ ও না উভয়টির সাধারণ আবশ্যকতাকে উত্তোলনের হুকুম আরোপ করা হয়। যেমন– بِالْإِمْكَانِ الْخَاصِّ كُلُّ اِنْسَانٍ ضَاحِكٌ অর্থাৎ প্রত্যেক মানুষ সাধারণ সম্ভাবনার সাথে হাস্যস্পদ। এখানে প্রত্যেক মানুষ হাসা ও না হাসা কোনোটিই আবশ্যক নয়। جازت والا العطف-এর অর্থ দাঁড়াল-আত্ফ ও নসব উভয়টি জায়েজ; আত্ফ করা না করা কোনোটিই জরুরি নয়। তার মোকবিলায় والا تعين النصب দ্বারা যেই না-জায়েজ বুঝা যায় তা অসম্ভব হওয়ার অর্থে হবে। কারণ والا শব্দ দ্বারা امكان الخاص-কে নফী করা হয়েছে। আর امكان الخاص-কে নফী করার ক্ষেত্রে দু'টি অবকাশ রয়েছে। একটি হলো বিপরীত দিক তথা আত্ফ নিষিদ্ধ হওয়া জরুরি। অপরটি হলো স্বপক্ষীয় দিক তথা আত্ফ ওয়াজিব হওয়া জরুরি। দ্বিতীয়াবস্থায় জাযাটি শর্তের উপর প্রয়োগ হয় না। কারণ আত্ফ ওয়াজিব হলে যবর নির্দিষ্ট হবে না। তাই নিঃসন্দেহে বলতে হবে যে, والا শব্দ দ্বারা যে না-জায়েজ হওয়া বুঝা যায়, তা দ্বারা উদ্দেশ্য হলো অসম্ভাব্যতা, যাতে নিষিদ্ধবস্তু আবশ্যক না হয়।

قَوْلُهُ وَإِنْ كَانَ الْفِعْلُ مَعْنًى الخ : যদি مفعول معه-এর ফে'লটি معنوى বা অর্থগত হয় এবং আত্ফও জায়েজ হয় তখন আত্ফই নির্দিষ্ট হয়নি; বরং زيد-এর উপর আত্ফ হবার কারণে যের বিশিষ্ট হয়েছে। কারণ عامل معنوى টি দুর্বল আমিল আর لزيد-এর মধ্যে ل টি আমিলে লফযী হবার ফলে তা শক্তিশালী আমিল। দুর্বল আমিলকে আমিল না বানিয়ে শক্তিশালী আমিলকে আমল করার সুযোগ দেওয়া হয়েছে।

قَوْلُهُ وَإِلَّا تَعَيَّنَ النَّصْبُ مِثْلُ مَالَكَ وَ زَيْدًا : যদি আত্ফ জায়েজ না হয়; বরং অসম্ভব হয় তবে এমতাবস্থায় নসব নির্দিষ্ট হবে। অর্থাৎ مفعول معه হিসেবে পড়া হবে। কারণ তাতে نصب ব্যতীত অন্য কোনো সুরত নেই। যেমন– مَالَكَ وَ زَيْدًا وَمَا شَأْنُكَ وَعَمْرًا এ উভয় দৃষ্টান্তে অসম্ভব। আত্ফ অসম্ভব হওয়ার কারণ-যমীরে মাজরূরের উপর আত্ফ করা হলে জারকে পুনঃ উল্লেখ করা ব্যতীত আত্ফ করা আবশ্যক হবে। অবশ্যই তা নাজায়েজ। কারণ, এমতাবস্থায় উদ্দেশ্যের বিপরীত হওয়া আবশ্যক হবে। এখানে উদ্দেশ্য হলো উভয়টির অবস্থা সর্ম্পকে প্রশ্ন করা; একটির অবস্থা অপরটির সত্তা বর্ণনা করা উদ্দেশ্য নয়। এখানে মুসান্নিফ (র.) দু'টি উদাহরণ নিয়েছেন। তার কারণ প্রথমটি হরফে জার দ্বারা যের বিষিষ্ট হবার উদাহরণ আর দ্বিতীয়টি اضافة-এর কারণে যের বিশিষ্ট হবার। উভয়টির মধ্যে আত্ফ জায়েজ না হবার কারণে যবর নির্দিষ্ট হয়ে গেছে।

قَوْلُهُ لِأَنَّ الْمَعْنٰى مَا تَصْنَعُ : উল্লিখিত উদাহরণের মধ্যে ফে'লটি معنوى (অর্থগত) হবার প্রমাণ– مَالَكَ وَ زَيْدًا-এর অর্থ مَالِزَيْدٍ وَعَمْرٍو আর مَا تَصْنَعُ وَعَمْرًا-এর অর্থ হলো مَاشَانُكَ وَعَمْرًا আর مَاتَصْنَعُ وَ زَيْدًا -এর অর্থ مَايَصْنَعُ زَيْدٌ وَعَمْرٌو।

যদি কেউ প্রশ্ন করে, মুসান্নিফ (র.) ফে'ল অর্থগত হবার উপর দলিল পেশ করেছেন। আর তাঁর উক্তিতে مدعى (দাবি) উল্লেখ নেই। এ সন্দেহের অপনোদনে বলা যায়- এখানে مدعى (দাবি) উহ্য রয়েছে। মূলরূপ হবে–

وَإِنَّمَا حَكَمْنَا بِمَعْنَوِيَّةِ الْفِعْلِ فِى الْاَمْثِلَةِ الثلثة لان المعنى ماتصنع

যদি বলা হয় দলিল দাবি অনুপাতে হয়নি। কেননা, দাবি হলো দৃষ্টান্তত্রয়ে ফে'লটি অর্থগত হওয়া। আর দলিল শুধু শেষের মেছালদ্বয়ে ফে'ল অর্থগত হওয়ার উপর বুঝায়। এ আপত্তি নিরসন কল্পে আল্লামা শোয়াইব (র.) বলেছেন– إِنَّ عِبَارَةَ الْمُصَنِّفِ عَلٰى تَقْدِيْرِ الْمَعْطُوْفِ اَىْ لِاَنَّ الْمَعْنٰى مَا تَصْنَعُ وَمَا يُمَاثِلُهُ اَىْ مَا يَصْنَعُ অর্থাৎ মুসান্নিফ (র.)-এর বর্ণনায় মা'তূফ উহ্য রয়েছে। মূলত لِاَنَّ الْمَعْنٰى مَا تَصْنَعُ وَمَا يُمَاثِلُهُ তথা (অর্থগত ফে'লের) অর্থ– ماتصنع এবং এর সমপর্যায়ের।

مفعول معه -এর কতেক বৈশিষ্ট্য : প্রত্যেক মাফউলের একেকটি বৈশিষ্ট্য রয়েছে। অনুরূপভাবে مفعول معه -এর নিজস্ব কিছু বৈশিষ্ট্য রয়েছে। مفعول معه-কে তার আমিল (ফে'ল)-এর উপর সর্বসম্মতিক্রমে পূর্বে নেওয়া জায়েজ নেই। কারণ, واو মূলত হরফে আত্ফ, মা'তূফের মুকাদ্দাম তার আমিলের উপর নাজায়েজ হবার কারণে এখানেও নাজায়েজ। مصاحب (সহগামী)-এর উপর মুকাদ্দাম করার ব্যাপারে মতবিরোধ রয়েছে। ইমাম ইবনে জন্নীর মতে مصاحب-এর উপর মুকাদ্দাম করা বৈধ। কেননা, আরবি ভাষায় তদ্রূপ দৃষ্টান্ত পাওয়া যায়। যেমন– جَمَعْتُ وَفَحْشَاءَ غَيْبَةً نَمِيْمَةً এটা মূলত ঃ جَمَعْتُ نَمِيْمَةً وَفَحْشَاءَ غَيْبَةً ছিল। مفعول معه এবং واو-এর মাঝখানে যরফ ইত্যাদি দ্বারা বিচ্ছেদকরণ জায়েজ নেই। এ উভয়টি অত্যধিক মিল থাকা (شدة اتصال)'র কারণে জার-মাজরূরের হুকুম রাখে। জার-মাজরূরের মাঝখানে যেভাবে বিচ্ছেদকারী নেওয়া অবৈধ তদ্রূপ তার মধ্যেও অবৈধ। সুতরাং قَامَ زَيْدٌ وَالْيَوْمَ عَمْرًا বলা বৈধ নয়।

উল্লেখ্য যে, এখানে মাফউলের পাঁচটি প্রকারের আলোচনা সমাপ্ত হয়েছে। এগুলোকে উদাহরণসহ জনৈক একজন কবি কবিতায় একত্রে প্রকাশ করেছেন–

مفاعيل پنج است اگر بشنوى * له مطلق ففيه معه به

جمدت حامد حمد حميد * رعاية شكره دهرا مديدا

তারকীব : قَوْلُهُ اَلْمَفْعُوْلُ مَعَهُ هُوَ مَذْكُوْرٌ بَعْدَ الْوَاوِ لِمُصَاحَبَةِ مَعْمُوْلِ فِيْهِ الخ : ال-المفعول-এর মধ্যে টি الذى অর্থে ইসমে মাউসূল। مفعول শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল। مع ইসমে যরফ মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ ; مفعول শিবহে ফে'ল তার ফায়েল ও মাফউলে ফীহ মিলে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে মুবতাদায়ে মুয়াখ্খার। উহ্য منها খবরে মুকাদ্দাম। মুবতাদায়ে মুয়াখ্খার ও খবরে মুকাদ্দাম মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। هو মুবতাদা, مذكور শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল। بعد মুযাফ, الواو মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ। ل হরফে জার, مصاحبة মাসদার মুযাফ, معمول মুযাফ ইলাইহ মুযাফ, فعل যুলহাল لفظا মা'তূফ আলাইহ او হরফ আত্ফ, معنى মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে হাল, যুলহাল ও হাল মিলে মুযাফ ইলাইহ। معمول মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুযাফ ইলাইহ, مصاحبة মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মাজরূর, জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। مذكور শিবহে ফে'ল তার নায়েবে ফায়েল, মাফউলে ফীহ এবং যরফে লগ্ব মিলে সিফাত, উহ্য اسم মাওসূফ, মাওসূফ ও সিফাত মিলে খবর। هو মুবতাদা ও তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। فاء তাফসীলের জন্য, ان হরফে শর্ত, كان ফে'লে নাকেস, الفعل তার ইসম, لفظا তার খবর। ফে'লে নাকেস, তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, العطف ফে'ল جاز ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে শর্ত। فاء জযাইয়্যাহ, الوجهان মুবতাদা, উহ্য جائزان শিবহে ফে'ল, উহ্য যমীর هما ফায়েল, শিবহে ফে'ল ও তার ফায়েল মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। مثل মুযাফ, انا جئت মুরাদুল লফয মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, زيدا মা'তূফ, মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মুযাফ ইলাইহ।

মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর, উহ্য مثاله মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। বিস্তারিত তারকীব- جئت ফে'ল, تا যমীরে বারেয মুয়াক্কাদ। انا যমীর তাকিদ। মুয়াক্কাদ ও তাকিদ মিলে মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, زيد মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে ফায়েল, جئت ফে'ল ও ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। جئت ফে'ল, تا যমীরে বারেয মুয়াক্কাদ, যমীরে انا তাকীদ, মুয়াক্কাদ ও তাকীদ মিলে ফায়েল, واو টি مع -এর অর্থে ব্যবহৃত। زيدا মাফউলে মাআহু। ফে'ল, ফায়েল ও মাফউলে মাআহু মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। واو হরফে আত্ফ لا -এর মধ্যে ان হরফে শর্ত। لا নাফিয়া يجز উহ্য ফে'ল ও যমীরে هو ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। تعين ফে'ল, النصب ফায়েল, ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা, শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। مثل মুযাফ جِئْتُ وَ زَيْدًا মুরাদুল লফয মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله উহ্য মুবতাদা; মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। এর বিস্তারিত তারকীব- جئت ফে'ল تا যমীরে বারেয ফায়েল واو টি مع এর অর্থে, زيدا মাফউলে মা'আহু। ফে'ল, ফায়েল ও মাফউলে মা'আহু মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। واو হরফে আত্ফ, ان হরফে শর্ত। كان ফে'লে নাকেস, উহ্য যমীর هو ইসম, معنى তার খবর। ফে'লে নাকেস, তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, جاز ফে'ল, العطف ফায়েল, ফে'ল ও ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে শর্ত। تعين ফে'ল, العطف ফায়েল, ফে'ল ও ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যায়ে মা'তূফা। نحو মুযাফ مَالِزَيْدٍ الخ মুরাদুল লফ্য মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর, উহ্য مثاله মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

জুমলাটির বিস্তারিত তারকীব- مع ইস্তিফহামিয়া মুবতাদা, لام হরফে জার। زيد মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, عمرو মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। واو হরফে আত্ফ, لا -এর মধ্যে ان হরফে শর্ত, لا নাফিয়া, يجر উহ্য ফে'ল ও যমীর هو ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। تعين ফে'ল, النصب ফায়েল। ফে'ল ও ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। مثل মুযাফ, مَالَكَ وَزَيْدًا মুরাদুল লফ্য মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, مَاشَانُكَ الخ মুরাদুল লফ্য মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। উহ্য مثاله মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। জুমলাটির বিস্তারিত তারকীব- ما ইস্তিফহামিয়া মুবতাদা, لام হরফে জার, ك যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল, যমীর هو ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। واو টি مع -এর অর্থে, زيدا মাফউলে মাআহু, যার ফে'লের অর্থ- ماتصنع , এর মধ্যে ما ইসতিফহামিয়া মাফউলে বিহী মুকাদ্দাম, تصنع ফে'ল, উহ্য যমীর انت ফায়েল। ফে'ল, ফায়েল, মাফউলে বিহী মুকাদ্দাম ও মাফউলে মাআহু মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। ما ইস্তিফহামিয়া মুবতাদা, شان মুযাফ, ك যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। واو টি مع অর্থে, عَمْرًوا মাফউলে মাআহু যার ফে'লের অর্থ- ماتصنع উহ্য রয়েছে। ما ইস্তিফহামিয়া মাফউলে বিহী মুকাদ্দাম। تصنع ফে'ল। উহ্য যমীর انت ফায়েল, মাফউলে বিহী মুকাদ্দাম ও মাফউলে মা'আহু মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। لام হরফে জার, ان হরফে মুশাব্বাহ বিলফে'ল, المعنى তার ইসম, ماتصنع মুরাদুল লফ্য উহ্য মুযাফ معنى সহ খবর। ان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে সেলাহ। ان মাওসূলে হরফী ও তার সেলাহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت-এর সাথে। ثابت শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। هذا মুবতাদা মাহযূফ। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

اَلْحَالُ مَا يُبَيِّنُ هَيْئَةَ الْفَاعِلِ اَوِ الْمَفْعُوْلِ بِهِ لَفْظًا اَوْ مَعْنًى نَحْوُ ضَرَبْتُ زَيْدًا قَائِمًا وَزَيْدٌ فِى الدَّارِ قَائِمًا وَهٰذَا زَيْدٌ قَائِمًا وَعَامِلُهَا الْفِعْلُ اَوْ شِبْهُهُ اَوْ مَعْنَاهُ -

---

অনুবাদ : الحال এমন একটি বস্তুর নাম যা শাব্দিক কিংবা অর্থগতভাবে فاعل কিংবা مفعول به -এর অবস্থা বর্ণনা করে। যথা- ضَرَبْتُ زَيْدًا قَائِمًا (আমি যায়েদকে দণ্ডায়মান অবস্থায় প্রহার করেছি) زَيْدٌ فِى الدَّارِ قَائِمًا (যায়েদ ঘরে দণ্ডায়মান অবস্থায় আছে) এবং هٰذَا زَيْدٌ قَائِمًا (যায়েদ দন্ডায়মান অবস্থায় আমি তার দিকে ইঙ্গিত করেছি)। حال-এর আমিল فعل কিংবা شبه فعل অথবা معنى فعل (অর্থজ্ঞাপক ফে'ল) হয়ে থাকে।

ব্যাখ্যা : حال -এর আলোচনাকে পূর্বে আনার কারণ : مُلْحَقَاتُ الْمَفْعُوْلِ -এর মধ্যে সর্বাগ্রে حال কে নেওয়া হয়েছে। কারণ حال-কে তামঈযের পূর্বে নেওয়াটা যুক্তিযুক্ত। কেননা, حال সর্বদা মানসূব হয়। তামঈয কখনো মাজরূরও হয়ে থাকে। তামঈযকে মুস্তাছনার পূর্বে নেওয়ার কারণ হলো, এটা মুস্তাছনার তুলনায় মানসূবসমূহের মধ্যে অধিক প্রবিষ্ট। অধিকাংশ ক্ষেত্রে মানসূব হয়। মাঝে মধ্যে মাজরূর হয়। পক্ষান্তরে মুস্তাছনার মধ্যে তিন প্রকারের ই'রাব প্রবিষ্ট হয়। اسم لا لنفى الجنس ও اسم ان-এর মধ্যে লফ্য ও মহল অনুপাতে ভিন্নতা পরিলক্ষিত হয়। লফযানুপাতে মানসূব ও মহলানুপাতে মারফূ'। কেননা, মূলত এ দু'টির ইসম মুবতাদা ছিল। আর خبر كان ও خبر ما ولا এ দু'টি লফ্যও মহলানুপাতে ভিন্ন ভিন্ন এ'রাব হয় বিধায় শেষের চারটিকে منصوبات-এর মধ্যে ادخل (অধিক প্রবিষ্ট) হিসেবে ধরা হয়। তাই গ্রন্থকার শেষোক্ত চারটি প্রকারের উপর প্রথমোক্ত তিনটি প্রকারকে মুকাদ্দাম করেছেন। কেউ কেউ বলেছেন- حال-এর সর্ম্পক ফায়েলের সাথে, যা বাক্যের মূল। আর মাফউলে বিহীর সাথে-যা منصوبات-এর মধ্যে মূল; حال তার সমস্ত ملحقات-এর মোকাবিলায় উঁচুমানের হওয়াতে মুকাদ্দাম করা হয়েছে।

الحال-এর সংজ্ঞা : حال শব্দটি باب نصر থেকে ব্যবহৃত। এর বহুবচন اَحْوَالٌ ; আভিধানিক অর্থ পরিবর্তন হওয়া। বলা হয় حَالَ الشَّىْءُ يَحُوْلُ, অন্যভাবে আহলে আরবের কাছে প্রচলিত রয়েছে- حَالَ الشَّىْءُ اِذَا تَغَيَّرَ আবার حال শব্দটি সময়, পূর্বিপাক অর্থে ব্যবহৃত হয়। শরহে আমালীতে রয়েছে اَلْحَالُ اَلْوَقْتُ الَّذِىْ اَنْتَ فِيْهِ সূফীয়ায়ে কেরামের মতে সালেক (سالك)-এর অন্তরে আল্লাহর পক্ষ থেকে কোনো কিছু ঢেলে দেয়াকে বলা হয়حال ; এতে সে অবনতি কিংবা উন্নতি লাভ করে। যেমন, বলা হয় اَلْحَالُ مَايَرِدُ عَلٰى قَلْبٍ مِنْ طَرْبٍ اَوْ حُزْنٍ اَوْ بَسْطٍ اَوْ قَبْضٍ

নাহুবিদদের পরিভাষায়, حال ঐ বস্তু যা ফায়েল বা মাফউলে বিহীর এমন অবস্থা বর্ণনা করে, যা ফে'ল সংগঠিত হবার সময় পাওয়া যায়। আর ফায়েল বা মাফউলে বিহী হলো ব্যাপক, চাই لفظى (শাব্দিক) হোক বা কিংবা معنوى (অর্থগত) হোক।

فوائد قيود : মুসান্নিফ (র.)-এর উক্তি ما হলো جنس তা সব ইসমকে অন্তর্ভুক্ত করে। আর গ্রন্থকারের উক্তি هيأة দ্বারা তামঈয বের হয়ে গেছে। কেননা, তা ذات (সত্তা)-কে বর্ণনা করে- صفة-কে নয়। যেমন- اَعْطَيْتُهُ عِشْرِيْنَ هَيْأَةً- غير مفعول বা غير فاعل-এর দিকে সম্বন্ধ করার কারণে ঐ বস্তু বের হয়ে গেছে, যা فاعل কে- دِرْ هَمًا -এর অবস্থা বর্ণনা করে। যেমন- زَيْدٌ اَلْعَالِمُ اَخُوْكَ এ বাক্যের মধ্যে العالم শব্দ (زيد) মুবতাদার সিফাত এবং মুবতাদা অবস্থা বর্ণনা করে। مفعول বা فاعل -এর অবস্থা বর্ণনা করে না। কাজেই এ কয়েদ দ্বারা মুবতাদার সিফাত বের হয়ে গেছে। তদুপরি حال-এর সংজ্ঞায় এখনো مفعول ও فاعل -এর সিফাত প্রবিষ্ট রয়েছে, তাকে বের করার জন্য قيد حيثية কে গণ্য করা উচিত। বলা হবে حال ঐ বস্তুর নাম যা ফায়েল ও মাফউলে বিহীর অবস্থাকে এই অনুপাতে বর্ণনা করে যে, তা ফায়েল বা মাফউলে বিহী মূলরূপ হবে اَلْحَالُ مَايُبَيِّنُ هَيْئَةَ الْفَاعِلِ اَوِ الْمَفْعُوْلِ بِهِ مِنْ حَيْثُ اَنَّهُ فَاعِلٌ اَوْ مَفْعُوْلٌ بِهِ

এ সময় ফায়েল- ، মাফউলের সিফাত ও حال -এর সংজ্ঞা থেকে বের হয়ে যাবে। কারণ এটা ফায়েল ও মাফউলে বিহীর অবস্থার উপর সাধারণভাবে বুঝিয়ে থাকে। এই অনুপাতে বুঝায় না যে, এটা ফায়েল বা মাফউলে বিহী; কেননা, সিফাত সর্বদা এমন অর্থের উপর বুঝায় যা متبوع বা متعلق متبوع-এর মধ্যে পাওয়া যায়। তাতে متبوع টি ফায়েল বা মাফউল অনুপাতে হওয়া লক্ষণীয় নয়। তাইতো جَاءَ نِىْ زَيْدُ الْعَاقِلُ বাক্যের মধ্যে العاقل শব্দটি زيد -এর সিফাত হওয়া সর্বদা হয়ে থাকে। চাই جاء ফে'লকে উল্লেখ করা হোক বা না হোক। পক্ষান্তরে حال টি ফায়েল ও মাফউলে বিহীর অবস্থার উপর সাধারণভাবে বুঝায় না; বরং তাতে ফায়েল বা মাফউল হওয়ার حيثية গ্রহণীয়। অধিকাংশ সংজ্ঞায় অনুপাত (حيثية)-এর গণ্য করা হয়। এ প্রসিদ্ধতার উপর নির্ভর করতঃ গ্রন্থাকার অনুপাত (حيثية) -এর কয়েদকে উল্লেখ করেননি।

যদি কেউ প্রশ্ন করে, মুসান্নিফ (র.) حال-এর সংজ্ঞায় او লফ্য উল্লেখ করাতে বুঝা যায় حال শুধুমাত্র ফায়েলের অবস্থা বুঝাবে অথবা কেবলমাত্র মাফউলে বিহীর অবস্থা বুঝাবে; উভয়টির অবস্থা নয়। অথচ এটা কখনো ফায়েল ও মাফউলে বিহী এবং উভয়ের অবস্থার উপর বুঝিয়ে থাকে। যেমন- ضَرَبَ زَيْدٌ عَمْرًا رَاكِبَيْنِ **উত্তর :** এখানে او হরফ দ্বারা অনুধাবনকৃত তারদীদ مانعة الخلو হিসেবে, مانعة الجمع অনুপাতে নয়। حال টি কোনো অবস্থাতে ফায়েল ও মাফউলের অবস্থা বর্ণনা করা থেকে মুক্ত হবে না চাই একত্রে উভয়টির অবস্থা বর্ণনা করুক বা যে কোনো একটির অবস্থা বর্ণনা করুক। কাজেই حال -এর সংজ্ঞাটি ফায়েল ও মাফউলে উভয়ের অবস্থা বর্ণনা করাকেও শামিল করে।

যদি কেউ প্রশ্ন করে, কোনো কোনো সময় مفعول مطلق-مفعول معه এবং مضاف اليه থেকেও حال হতে পারে। যেমন- جَاءَ نِىْ زَيْدٌ وَعَمْرًا رَاكِبًا - ضَرَبْتُ الضَّرْبَ شَدِيْدًا এবং আল্লাহর বাণী بَلْ نَتَّبِعُ مِلَّةَ اِبْرَاهِيْمَ حَنِيْفًا কাজেই حال টি ফায়েল ও মাফউলের সাথে নির্দিষ্ট হবে না। **উত্তর :** এখানে ফায়েল ও মাফউল উভয়টি দু'প্রকার- হাক্বিকী ও হুকমী। যদিও বা مفعول مطلق টি হাক্বিকী মাফউলে বিহী নয় ; কিন্তু তা হুকমীভাবে মাফউলে বিহী অনুরূপভাবে مضاف اليه থেকে তখন حال হতে পারবে যখন মুযাফটি ফায়েল বা মাফউলে বিহী এবং মুযাফকে বিলোপ করত মুযাফ ইলাইহকে তদস্থলে রাখা শুদ্ধ হয়। যেমন- بَلْ نَتَّبِعُ مِلَّةَ اِبْرَاهِيْمَ حَنِيْفًا -এর মধ্যে ملة মুযাফটি মাফউলে বিহী আর মুযাফকে বিলোপ করে মুযাফ ইলাইহকে তার স্থলাভিষিক্ত করা হবে। যেমন- بَلْ نَتَّبِعُ اِبْرَاهِيْمَ حَنِيْفًا বলতে পারা যায়। বস্তুত ইসমে ফায়েল বা মাফউলে বিহীই ذو الحال অনুরূপভাবে مفعول معه -এর অবস্থা, যদি তা ফায়েলের সহগামী হয় তাহলে ফায়েলে হুকমী আর যদি مفعول -এর সহগামী হয় তাহলে মাফউলে হুকমী হয়।

قَوْلُهُ نَحْوُ ضَرَبْتُ زَيْدًا قَائِمًا : এটা فاعل لفظى (শাব্দিক ফায়েল) ও مفعول لفظى (শব্দগত মাফউল) উভয়টি থেকে حال পতিত হবার উদাহরণ। فاعل لفظى ও مفعول لفظى দ্বারা উদ্দেশ্য হলো শব্দের বাইরে কোনো বস্তুকে গণ্য করার প্রয়োজনীয়তা ব্যতীত বাক্যের শব্দ থেকে ফায়েল ও মাফউল হওয়াটা বুঝে আসা। উক্ত দৃষ্টান্তে قائما যমীরে মুতাকাল্লিম থেকে حال বলা হলে তাকে فاعل لفظى-এর অন্তর্ভুক্ত বলা হবে। আর অর্থ হবে দণ্ডায়মান অবস্থায় যায়েদকে প্রহার করেছি। আর قائما -কে زيدا থেকে حال বলা হলে, তা مفعول لفظى থেকে حال পতিত হবে। অর্থ দাঁড়াবে- আমি যায়েদকে তার দণ্ডায়মান অবস্থায় প্রহার করেছি। এটা স্পষ্ট যে, এখানে যমীরে মুতাকাল্লিম ফায়েল হওয়া এবং زيدا মাফউল হওয়া বাক্যস্থ শব্দ থেকে বাহ্যিকভাবে বুঝা যায়।

قَوْلُهُ زَيْدٌ فِى الدَّارِ قَائِمًا : এটাও فاعل لفظى থেকে حال পতিত হবার দৃষ্টান্ত। তবে পূর্বোক্ত ও এ উদাহরণের মধ্যে পার্থক্য হলো প্রথমটি لفظى حقيقى -এর মেছাল এবং এটি لفظى حكمى -এর মেছাল। কারণ, قائما শব্দটি যরফের মধ্যে লুক্কায়িত যমীর থেকে حال হয়েছে। আর এটা হুকমীভাবে উচ্চারিত হয়েছে বিধায় ফায়েল হওয়াটা فاعل لفظى حكمى ; অর্থগত ফায়েল নয়।

قَوْلُهُ هٰذَا زَيْدٌ قَائِمًا : এটা অর্থগত মাফউল থেকে حال পতিত হবার উদাহরণ। مفعول به ও فاعل অর্থগতভাবে তথা মাফউল হওয়া দ্বারা উদ্দেশ্য বাক্যের উচ্চারণ থেকে ফায়েল ও মাফউল হওয়াটা বুঝা যাওয়া ; বরং তা বাক্যের অর্থ থেকে বুঝা যায়। যেমন– এ উদাহরণের মধ্যে زيد মাফউল হওয়াটা শব্দানুপাতে বুঝা যাচ্ছে ; বরং ইশারা অর্থ অনুপাতে এটা বুঝা যাচ্ছে যা هذا শব্দ থেকে অর্জিত। সুতরাং বাক্যে উহ্য রূপ হবে اُشِيْرُ اِلٰى زَيْدٍ حَالَ كَوْنِهٖ قَائِمًا যদিও সাধারণভাবে ইঙ্গিত ও সতর্কতা هذا থেকে উচ্চারিত ; কিন্তু এ ইশারা ও সতর্কতা যেহেতু متكلم-এর দিকে সম্পর্কিত, সেহেতু বাক্যের অর্থ দ্বারা এটা বুঝা যায়।

মোদ্দাকথা, এটা مفعول معنوى থেকে حال পতিত হবার উদাহরণ, مفعول لفظى-এর নয়।

قَوْلُهُ وَعَامِلُهَا اَلْفِعْلُ اَوْ شِبْهُهُ الخ : حال -এর আমেল কখনো ফে'ল হয় তা প্রকাশ্যভাবে হোক বা উহ্যভাবে হোক। যেমন– زَيْدٌ فِى الدَّارِ قَائِمًا ও جَاءَ نِىْ زَيْدٌ رَاكِبًا কখনো حال-এর আমিল এমন শিবহে ফে'ল হয়, যা ফে'লের আমল করে থাকে ; অথচ উহ্য ফে'ল নয়। যেমন– زَيْدٌ ذَاهِبٌ رَاكِبًا ; আবার কখনো حال-এর আমিল ফে'লের অর্থ হয়। এটা ফে'লকে স্পষ্ট এবং উহ্যভাবে উল্লেখ করা ব্যতীত হয়ে থাকে। যেমন– هٰذَا زَيْدٌ قَائِمًا ; এ উদাহরণে আমেল হলো فعل -এর অর্থ, যা বাক্যের উদ্দেশ্য থেকে উৎকলিত। ফে'লটি প্রকাশ্যও নয় উহ্যও নয়। معنى فعل দ্বারা নিম্ন লিখিত বস্তু উদ্দেশ্য হয়।

১. اَلشَّمْسُ هُوَ شَدِيْدَةٌ مُؤْذِيَةُ الْبَرِّ فَارِسًا –যেমন اسم فاعل
২. ضَرَبْتُ الْمَضْرُوْبَ شَدِيْدًا –যেমন اسم مفعول
৩. نِزَالْ مُسْرِعًا –যেমন اسم فعل
৪. اَلْحَقْلُ قُطْنًا اَنْفَعُ مِنْهُ قَمْحًا –যেমন اسم تفضيل
৫. اَجْمَلُ بِالنُّجُوْمِ طَالِعَةً –যেমন فعل تعجب
৬. هٰذَا زَيْدٌ قَائِمًا –যেমন اسم اشاره
৭. اَعْجَبَنِىْ ضَرْبُ الْفَقِيْرِ مَشْدُوْدًا –যেমন المصدر
৮. اَلْفَقِيْرُ عِنْدَ الْبَابِ قَائِمًا –যেমন الظرف
৯. اَلْقِطُّ فِى الْحَدِيْقَةِ قَابِعًا –যেমন الجار مع المجرور
১০. كَانَ الْبَاخِرَةُ وَاسِعَةً فُنْدُقًا كَبِيْرًا –যেমন حرف تشبيه
১১. لَيْتَ الصَّانِعُ مُتَعَلِّمٌ حَرِيْصًا عَلَى الْاِتْقَانِ –যেমন حرف تمنى
১২. زَيْدٌ حَسَنٌ ضَاحِكٌ –যেমন صفة مشبه

সদরুল ওলামা গোলাম জিলানী (র.) বলেছেন– শিবহে ফে'ল ছয়টি। যথা–(১) اسم فاعل (২) اسم مفعول (৩) اسم فعل (৬) مصدر (৫) اسم تفضيل (৪) صفة مشبه

* গ্রন্থকারদের নিয়ম রয়েছে, তাঁরা কোনো বস্তুর শর্তকে তার সংজ্ঞার পরে উল্লেখ করেন। এ নিয়মানুপাতে মুসান্নিফের উচিত ছিল وَعَامِلُهَا اَلْفِعْلُ الخ-কে পরে এবং وَشَرْطُهَا اَنْ تَكُوْنَ الخ-কে পূর্বে উল্লেখ করা। তিনি সাধারণ নিয়মের পরিপন্থী করলেন কেন ? **উত্তর** : বস্তুত حال-এর সংজ্ঞায় ফায়েল-মাফউল শব্দগত ও অর্থগত হওয়া সম্পর্কে আলোচনা এসেছে। আর মুসান্নিফ (র.)-এর উক্তি وَعَامِلُهَا اَلْفِعْلُ الخ দ্বারা ফায়েল-মাফউল শব্দগত ও অর্থগত হওয়া সর্ম্পকে বিশ্লেষণ করা উদ্দেশ্য। এ আলোচনা সংজ্ঞার জন্য পরিপূরক। তাইতো শর্তের বর্ণনাকে পরে উল্লেখ করা হয়েছে। এটা সাধারণ নিয়ম-নীতির বিরোধী নয়।

তারকীব : قَوْلُهُ اَلْحَالُ مَايُبَيِّنُ هَيْئَةَ اَلْفَاعِلِ الخ : الحال মুবতাদা মুয়াখ্খার তার পূর্বে منها উহ্য খবরে মুকাদ্দাম। মুবতাদায়ে মুয়াখ্খর ও খবরে মুকাদ্দাম মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। ما মাওসূলাহ, يبين ফে'ল, উহ্য যমীর هو ফায়েল, هيئة মুযাফ, الفاعل মা'তূফ ইলাইহ, او হরফে আত্ফ, المفعول به মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে যুলহাল। لفظا মা'তূফ আলাইহ, او হরফে আত্ফ, معنى মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে হাল। যুলহাল ও হাল মিলে মুযাফ ইলাইহ, هيئة মুযাফ, তার মুযাফ ইলাইহ মিলে মাফউলে বিহী। يبين ফে'ল, ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে খবর। هى উহ্য মুবতাদা, মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। نحو মুযাফ, ضَرَبْتُ زَيْدًا الخ মুরাদুল লফ্য মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, زَيْدٌ فِى الدَّارِ الخ মা'তূফ, واو হরফে আত্ফ, هذا الخ মা'তূফ। মা'তূফ আলাইহ তার মা'তূফদ্বয়ের সাথে মিলে মুযাফ ইলাইহ। نحو মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। مثالها উহ্য মুবতাদা, মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ।

قَوْلُهُ ضَرَبْتُ زَيْدًا قَائِمًا : زيد মুবতাদা, فى হরফে জার, الدار মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল, উহ্য যমীর هو যুলহাল। قائما শিবহে ফে'ল ও উহ্য যমীর هو ফায়েল মিলে হাল। যুলহাল ও হাল মিলে ফায়েল। ثابت শিবহে ফে'ল, ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ।

قَوْلُهُ هٰذَا زَيْدٌ قَائِمًا : هذا মুবতাদা, زيد যুলহাল, قائم শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল মিলে হাল, যুলহাল ও হাল মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

قَوْلُهُ وَعَامِلُهَا اَلْفِعْلُ الخ : واو হরফে ইস্তীনাফ, عامل মুযাফ, ها যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। الفعل মা'তূফ আলাইহ। او হরফে আত্ফ, شبه মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ, মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ। او হরফে আত্ফ, معنى মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফদ্বয় মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

وَشَرْطُهَا اَنْ تَكُوْنَ نَكِرَةً وَصَاحِبُهَا مَعْرِفَةً غَالِبًا وَاَرْسَلَهَا الْعِرَاكُ وَمَرَرْتُ بِهٖ وَحْدَهٗ وَنَحْوُهٗ مُتَاَوَّلٌ فَاِنْ كَانَ صَاحِبُهَا نَكِرَةً وَجَبَ تَقْدِيْمُهَا وَلَايَتَقَدَّمُ عَلَى الْعَامِلِ الْمَعْنَوِيِّ بِخِلَافِ الظَّرْفِ وَلَا عَلَى الْمَجْرُوْرِ عَلَى الْاَصَحِّ وَكُلُّ مَا دَلَّ عَلٰى هَيْئَةٍ صَحَّ اَنْ يَّقَعَ حَالًا -

---

অনুবাদ : তার (حال-এর) শর্ত হলো نكره (অনির্দিষ্ট) এবং ذو الحال অধিকাংশ সময় معرفة (নির্দিষ্ট) হওয়া। আর اَرْسَلَهَا الْعِرَاكُ (হিংস্র গাধা তার গাধীদেরকে একত্রে ছেড়ে দিয়েছে) এবং مَرَرْتُ بِهٖ وَحْدَهٗ (আমি একাকী তার পাশ দিয়ে অতিক্রম করেছি) ইত্যাদি বিশ্লেষণকৃত। যদি ذو الحال টি نكره হয়, তাহলে حال-কে (ذو الحال-এর উপর) মুকাদ্দাম করা ওয়াজিব। এটা (حال) عامل معنوى-এর উপর মুকাদ্দাম হয় না, ظرف তার বিপরীত। আর বিশুদ্ধ অভিমতানুযায়ী এটা ذو الحال মাজরুরের উপর মুকাদ্দাম হয় না। যে সব ইসম অবস্থার উপর বুঝায় প্রত্যেকটি حال হওয়া শুদ্ধ।

ব্যাখ্যা : قَوْلُهٗ شَرْطُهَا اَنْ تَكُوْنَ نَكِرَةً : حال-এর শর্ত উহ্য সর্বদা নাকেরা হবে। কারণ, حال অর্থগতভাবে محكوم به আর محكوم به-এর মূল নাকেরা হওয়া। حال কখনো মা'রেফা হয়। তবে তাকে বিশ্লেষণ করে নাকেরা করতে হয়। যেমন– جَاءَ الْاُسْتَاذُ وَحْدَهٗ এখানে وحده শব্দটি حال আর তা মুযাফ হবার কারণে মা'রেফা। তাই وحده-কে متوحد শব্দ দ্বারা বিশ্লেষণ করতে হবে। অন্য একটি হলো معنى حدثى মুকায়্যাদ আর حال কয়েদ। حال মা'রেফা হলে কয়েদ তার মুকায়্যাদের উপর শ্রেষ্ঠত্ব লাভ করা লাযেম আসবে। তা কতই নিকৃষ্ট।

قَوْلُهٗ وَصَاحِبُهَا مَعْرِفَةً غَالِبًا الخ : অধিকাংশ সময় ذو الحال টি মা'রেফা হয়। কারণ তা বস্তুত محكوم عليه আর محكوم عليه-এর আসল মা'রেফা হওয়া। তবে কখনো নাকেরাও হয়ে থাকে। যেমন– غالبا শব্দ দ্বারা বুঝা যায়। অতঃপর মুসান্নিফ (র.)-এর উক্তি غالبا শব্দটি معرفة -এর সাথে মুতায়াল্লাক হতে পারে না। অন্যথায় মুসান্নিফ (র.)-এর কথার মাঝে বৈপরীত্ব দেখা দেবে। কারণ, শর্তারোপ করার দাবি হলো যে, ذو الحال টি প্রত্যেক জায়গায় মা'রেফা হওয়া। আর মুসান্নিফ (র.)-এর উক্তি غالبا-এর দাবি–প্রত্যেক স্থানে মা'রেফা না হওয়া। প্রকাশ্যভাবে এটা শর্তারোপ করার অর্থের বিপরীত হয়। এই বৈপরীত্ব থেকে রক্ষা পাওয়ার জন্য غالبا শব্দকে شرطها-এর সাথে মুতা'আল্লাক করলে অত্যধিক উপযোগী হবে। কারণ, তখন বাক্যের অর্থ হবে, ذو الحال টি মা'রেফা হওয়ার শর্ত প্রযোজ্য হয় অধিকাংশ ক্ষেত্রে, কিছু কিছু ক্ষেত্রে হয় না। এমতাবস্থায় উল্লিখিত নিষিদ্ধতা আবশ্যক হবে না। এ ধরনেরও হতে পারে যে, صَاحِبُهَا مَعْرِفَةً মুবতাদা ও খবর মিলে شَرْطُهَا اَنْ تَكُوْنَ نَكِرَةً -এর মা'তূফ হবে। এমতাবস্থায় غالبا -এর তা'আল্লুক معرفة -এর সাথেও হতে পারে। এতে উল্লিখিত আপত্তি আবশ্যক হবে না। কারণ এ সময় বাক্যের অর্থ দাঁড়ায়– حال হবার জন্য নাকেরা হওয়া শর্ত এবং ذو الحال অধিকাংশ সময় মা'রেফা হয়ে থাকে।

* حال -এর সংজ্ঞা তার جامع مانع নয়। কারণ, جَاءَنِىْ زَيْدٌ اَبُوْهُ قَائِمٌ -এর মধ্যস্থিত اَبُوْهُ قَائِمٌ এ সংজ্ঞা হতে বের হয়ে গেছে। কারণ এটা ফায়েলের অবস্থা বর্ণনা না করে গায়রে ফায়েল তথা "ابوه" -এর অবস্থা বর্ণনা করছে। অনুরূপভাবে ضَرَبْتُ زَيْدًا اَبُوْهُ قَائِمٌ -এর মধ্যস্থিত اَبُوْهُ قَائِمٌ ও বের হয়ে গেছে। কারণ ইহা মাফউলে বিহীর অবস্থা বর্ণনা না করে গায়রে মাফউলে বিহী তথা "ابوه" -এর অবস্থা বর্ণনা করছে। এ সমস্যা নিরসনে বলা যায়, ফায়েল অথবা মাফউলের অবস্থা বর্ণনা করার উদ্দেশ্যটা ব্যাপক। চাই এদের অবস্থা বর্ণনা করুক অথবা এদের সংশ্লিষ্ট বিষয়ের অবস্থা বর্ণনা করুক। কাজেই প্রথম

উদাহরণে "ابوه" ফায়েলের সংশ্লিষ্ট বস্তু আর দ্বিতীয় উদাহরণে মাফউলের সংশ্লিষ্ট বিষয়। তাই حال -এর সংজ্ঞা থেকে এ দু'টি বহির্ভূত নয়।

وَ اَرْسَلَهَا الْعِرَاكُ الخ -এর আনুষঙ্গিকতা : এটা একটি উহ্য প্রশ্নের জবাব। প্রশ্ন- প্রথমেই জানা গেছে حال -এর শর্ত নাকেরা হওয়া। এ শর্তের দাবি حال টি মা'রেফা হতে পারবে না; অথচ এমন কতেক স্থান রয়েছে যেখানে حال টি মা'রেফা হয়। যেমন- فَعَلْتُ جُهْدَكَ ও مَرَرْتُ بِهِ وَحْدَهُ - اَرْسَلَهَا الْعِرَاكُ - حال টি নাকেরা হওয়ার শর্ত কিভাবে সঠিক হবে ? **উত্তর :** এ সবগুলো নাকেরা দ্বারা বিশ্লেষিত (متأول بالنكرة) মুসান্নিফ (র.)'র উক্তিটি কয়েকটি জবাবকে শামিল করে। একটি সমর্পণমূলক (تسليمى), অপরটি অস্বীকারমূলক (انكارى)।

সমর্পণমূলক উত্তর : اَرْسَلَهَا الْعِرَاكُ -এর মধ্যে আলিফ-লাম অতিরিক্ত, العراك অর্থ معترك (একত্রকারী), অনুরূপভাবে مَرَرْتُ بِهِ وَحْدَهُ -এর وحده অর্থ-متوحد , তেমনিভাবে فَعَلْتُ جُهْدَكَ -এর মধ্যে جهدك অর্থ مجتهد এগুলো নাকেরা, কাজেই এ দৃষ্টান্তগুলোতে যদিও বাহ্যিকভাবে মা'রেফা হয়েছে ; কিন্তু প্রকৃতপক্ষে তা নাকেরা। এ ধরনের দৃষ্টান্ত আরবি ভাষায় বহুল প্রচলিত রয়েছে। যেমন- حَسَنُ الْوَجْهِ শাব্দিকভাবে এটি মা'রেফা, অর্থগতভাবে নাকেরা। কারণ, اضافة لفظى টি মা'রেফার ফায়দা দেয় না।

অস্বীকারমূলক উত্তর : جهدك ও وحده-العراك নিজেদের উহ্য ফে'ল থেকে মাফউলে মুতলাক হয়েছে। অর্থাৎ تَعْتَرِكُ الْعِرَاكُ ও يَنْفَرِدُ وَحْدَهُ- تَجْتَهِدُ جُهْدَكَ , এগুলো حال নয় ; বরং এমন জুমলায়ে ফে'লিয়্যাহ যার মধ্যে মাফউলে মুতলাক বিদ্যমান রয়েছে। যেহেতু জুমলা নাকেরার হুকুমে হয়ে থাকে সেহেতু এগুলোকে মূলত নাকেরা ধরা হয়েছে। এগুলো حال সাব্যস্ত করা تَسْمِيَةُ الْجُزْءِ بِاسْمِ الْكُلِّ বা تَسْمِيَةُ الْمَعْمُوْلِ بِاسْمِ الْعَامِلِ -এর নামান্তর। সুতরাং আর কোনো আপত্তি উত্থাপিত হয় না।

* একদা কবি লবীদ দেখেছেন পাহাড়ের উপর থেকে বন্য গাধা গাধী অবতরণ করত গাধা তার গাধীকে পানি পান করতে নামিয়ে দিয়ে গাধা নিজে রক্ষক হিসেবে দাঁড়িয়ে রইল, যাতে কোনো শিকারি শিকার করতে না পারে। এ অবস্থা দেখে কবি লবীদ وَاَرْسَلَهَا الْعِرَاكُ الخ শ্লোকটি আবৃত্তি করলেন। পূর্ণ শ্লোকটি ছিল-

وَاَرْسَلَهَا الْعِرَاكُ وَلَمْ يَزْدَهَا * وَلَمْ يَشْفَقْ عَلٰى نَقْصِ الدُّخَالِ

শাব্দিক বিশ্লেষণ : ارسلها-এর মধ্যে واو হরফে আত্ফ, ها যমীর গাধীর দিকে প্রত্যাবর্তনকারী, ارسل -এর যমীরে ফায়েল গাধার দিকে ফিরেছে। ارسال অর্থ- উৎসাহিত করা, ছেড়ে দেওয়া। لم يزد -এর প্রতিশব্দ لم يمنع , অর্থ- বাধা দেয়নি। لم يشفق শব্দটি لم يخف -এর অর্থে ব্যবহৃত। نقص অর্থ-টইটুম্বুর না হওয়া, পানিতে ভর্তি না হওয়া ও উদ্দিষ্টে না পৌঁছা। دخال-এর উদ্দেশ্য-উটকে পানি পান করানোর পর দু'উটের মাঝে খাড়া করা। এখানে হরফে তাশবীহ উহ্য রয়েছে। মূলরূপ- وَلَمْ يَشْفَقْ عَلٰى نَقْصٍ مِثْلُ نَقْصِ الدُّخَالِ

শ্লোকটির ভাবার্থ : বন্য গাধা তার গাধীকে এ অবস্থায় পানি পান করার জন্য ছেড়ে দিল যে, তাকে বাধা দেয়নি। আর এ ভয়ও রাখেনি যে, دخال (উটকে পানি পান করানোর পর দু'উটের মাঝখানে দণ্ডায়মান করা) তথা ভিড়ের কারণে কতেক গাধীর পানি মিলবে না।

قَوْلُهُ فَاِنْ كَانَ صَاحِبُهَا نَكِرَةً الخ : যখন ذو الحال টি নাকেরা হয়, তখন حال-কে ذو الحال-এর উপর মুকাদ্দাম করা ওয়াজিব। নতুবা ذو الحال টি যবর বিশিষ্ট হওয়া অবস্থায় সিফাতের সাথে মিলে যাবে। যেমন- رَاَيْتُ رَجُلاً رَاكِبًا এতে راكبا টি حال কিংবা সিফাত হবার অবকাশ রাখে। নাকেরা হওয়া অবস্থায় حال -কে ذو الحال-এর উপর মুকাদ্দাম করতে হবে, যাতে حال টি সিফাতের সাথে না মিলে। মুকাদ্দাম করা অবস্থায় মিলে যাবার আশংকা থাকে না। কারণ, সিফাত কখনো মাওসূফের উপর মুকাদ্দাম হয় না। ইহা حال -এর বিপরীত। কেননা, حال টি ذو الحال-এর উপর মুকাদ্দাম হতে পারে। حال-কে মুকাদ্দাম করা অবস্থায় এ কথা জানা যাবে যে, এটা حال, সিফাত নয়। অতঃপর ذو الحال টি যবর বিশিষ্ট হওয়া অবস্থায়

মিলে যাবার আশংকা থাকাতে ذو الحال -এর পূর্বে حال-কে মুকাদ্দাম করা হয়েছে। একই অধ্যায়ের সামঞ্জস্যতা রক্ষার্থে অন্যান্য স্থানেও حال কে ذو الحال -এর পূর্বে নেওয়া হয়। নিম্নলিখিত স্থানসমূহে حال কে ذو الحال-এর উপর মুকাদ্দাম করা ওয়াজিব। যথা-(১) ذو الحال টি সীমাবদ্ধ হলে। যেমন- مَا فَازَ خَطِيْبًا اِلَّا الْبَلِيْغُ (২) ذو الحال টি نكرة مخصصة হলে। যেমন- جَاءَنِيْ مَا شِيًا رَجُلٌ (৩) ذو الحال টি এমন যমীরের দিকে এযাফত হওয়া, যা حال কিংবা متعلق حال -এর সাথে সম্পর্কিত। যেমন- جَاءَ مِنْقَادًا لِلْوَالِدِ وَلَدَهُ

তিনটি স্থানে ذو الحال-কে حال-এর উপর মুকাদ্দাম করা ওয়াজিব। যথা-(১) محصور হলে। যেমন- مَايُرْسِلُ الرُّسُلَ اِلَّا مُبَشِّرِيْنَ (২) واو যোগে জুমলা পতিত হলে। যেমন- جاء نى زيد وهو راكب (৩) ذو الحال টি এযাফত বা হরফে জার দ্বারা মাজরূর হলে। যেমন- مَرَرْتُ بِهِنْدٍ جَالِسَةٍ

قَوْلُهُ اَلَّا يَتَقَدَّمَ الْعَامِلُ الخ : حال টি عامل معنوى -এর উপর মুকাদ্দাম হয় না ; কারণ عامل معنوى হলো দুর্বল আমিল। দুর্বলতার কারণে ইহা তার পূর্বাংশে আমল করতে পারে না। তা ظرف -এর বিপরীত। কারণ এটা عامل مـ ء -এর উপর মুকাদ্দাম হয়ে থাকে, তাতে প্রশস্ততা বিদ্যমান থাকার কারণে।

قَوْلُهُ وَلَا عَلَى الْمَجْرُوْرِ الخ : حال তার ذو الحال মাজরূরের উপর মুকাদ্দাম হতে পারে না। চাই এটা এযাফত কিংবা হরফে জারের কারণে যের বিশিষ্ট হোক, তবে এযাফতের কারণে যের বিশিষ্ট হলে ذو الحال-এর উপর মুকাদ্দাম করা সর্বসম্মতিক্রমে নিষিদ্ধ। কেননা, حال অস্তিত্বের ক্ষেত্রে ذو الحال-এর অনুসারী ও শাখা। কাজেই যেরূপ মুযাফ ইলাইহকে মুযাফের উপর মুকাদ্দাম করা নাজায়েজ, সেরূপ মুযাফ ইলাইহের অনুসারীকে মুযাফের উপর মুকাদ্দাম করা নাজায়েজ। যদি حال-কে শুধুমাত্র মুযাফ ইলাইহের উপর মুকাদ্দাম করা হয়,তাহলে মুযাফ ইলাইহের মাঝে পার্থক্য লাযেম আসবে। আর তা না-জায়েজ। হরফে জারের কারণে যদি ذو الحال টি মাজরূর হয় তাহলে حال কে ذو الحال-এর উপর মুকাদ্দাম করা সম্পর্কে মতবিরোধ রয়েছে। অধিকাংশ নাহুবিদ্ উক্ত মুকাদ্দামকে নাজায়েজ বলেছেন। এটি মুসান্নিফ (র.)'র সমর্থিত অভিমত। তাইতো তিনি على الاصح বলেছেন। তাঁদের দলিল-মাজরূর হরফে জারের উপর মুকাদ্দাম হয় না। তাই মাজরূরের সাথে সংশ্লিষ্ট বিষয়ও উত্তমভাবে হরফে জারের পূর্বে নেওয়া যাবে না। একদল আরবি বৈয়াকরণিকের মতে, যুলহাল হরফে জারের মাধ্যমে মাজরূর হলে তার উপর হালকে মুকাদ্দাম করা জায়েজ। তাঁদের দলিল-হরফে জার বাবে تفعيل-এর দ্বৈত عين এবং বাবে افعال -এর همزة -এর সাথে সাদৃশ্যপূর্ণ। যেভাবে বাবে تفعيل-এর মধ্যে দ্বৈত عين কালিমা এবং বাবে افعال -এর همزة টি কখনও লাযেমীকে মুতায়াদ্দীতে পরিণত করার জন্য আসে, অনুরূপভাবে হরফে জারও কখনো ফে'লে লাযেমীকে মুতায়াদ্দীতে পরিণত করার জন্য এসে থাকে। উদাহরণ স্বরূপ- اذهبت راكبة هذا بهذا ذهبت راكبة বাক্যটি -এর সমার্থবোধক। কাজেই حال -এর মুকাদ্দাম ذو الحال -এর উপর নাজায়েজ হবে না ; কারণ মাজরূর প্রকৃতপক্ষে মাজরূর নয় ; বরং হরফে জার ফে'লের অংশ মাত্র।

জ্ঞাতব্য : জমহুর নাহুবিদ্দের উপর কতেক নাহুবিদ্দের পক্ষ থেকে এ আপত্তি উত্থাপন করা হয় যে, আল্লাহর বাণী وَمَآ اَرْسَلْنٰكَ اِلَّا كَافَّةً لِّلنَّاسِ -এর মধ্যে كافة হলো حال যা হরফে জারের মাধ্যমে মাজরূর তথা للناس থেকে حال পতিত হয়। আর তা ذو الحال -এর উপর মুকাদ্দাম। কাজেই এ ধরনের মুকাদ্দাম তো নাজায়েজ হয়নি। **উত্তর :** এখানে كافة শব্দটি ناس থেকে হাল নয় ; বরং حاض -এর যমীর ك থেকে হাল হয়েছে অথবা সরাসরি كافة টি নয় ; বরং ইহা মাফউলে মুতলাক অর্থাৎ رسالة كافة-এর মধ্যে تا মুবালাগার জন্য ব্যবহৃত হয়েছে।

قَوْلُهُ كُلُّ مَادَلَّ عَلَى هَيْئَةٍ الخ : যে সব ইসম অবস্থার উপর বুঝায় চাই جامد হোক বা مشتق হোক, এগুলো حال হতে পারে। আল্লামা ইবনে হাজিব (র.) এ ইবারত দ্বারা তাদেরকে রদ করেছেন, যারা حال হবার জন্য مشتق কিংবা مشتق-এর অর্থে ব্যবহৃত হওয়াকে শর্তারোপ করেছেন। মতন দ্বারা স্পষ্ট হয়েছে যে, حال হবার জন্য مشتق হওয়া বা مشتق হিসেবে তাবীল করার প্রয়োজন নেই। কারণ حال -এর দ্বারা মূল উদ্দেশ্য অবস্থা বর্ণনা করা, جامد ও যদি অবস্থা বর্ণনা করে তাই যথেষ্ট।

তারকীব : قَوْلُهُ وَشَرْطُهَا اَنْ تَكُوْنَ الخ : واو হরফে আত্ফ; شرط মুযাফ, ها যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহি মিলে মুবতাদা। ان নাসেবা মাওসূলে হরফী, تكون ফে'লে নাকেস। উহ্য যমীর هي তার ইসম, نكرة খবর। تكون ফে'ল, তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে বতাবীলে মুফরাদ খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। واو হরফে আত্ফ, صاحب মুযাফ, ها যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। معرفة খবর। غالبا শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল মিলে সিফাত। তার মাওসূফ زمانا উহ্য রয়েছে। উহ্য মাওসূফ ও সিফাত মিলে মাফউলে ফীহ হয়েছে মুবতাদা ও খবরের নিসবত থেকে। মুবতাদা, খবর ও মাফউলে ফীহ্ মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে।

قَوْلُهُ وَاَرْسَلَهَا الْعِرَاكُ الخ : واو হরফে আত্ফ বা ইস্তীনাফ, ارسل ফে'ল, উহ্য যমীর هو ফায়েল, ها যমীর যুলহাল, العراك হাল। যুলহাল ও হাল মিলে মাফউলে বিহী। ارسل ফে'ল, ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, مررت ফে'ল, تا যমীর ফায়েল, با হরফে জার, ه যমীর যুলহাল। وحد মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে। مفردا দ্বারা বিশ্লেষিত হয়ে হাল হয়েছে। যুলহাল ও হাল মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। ফে'ল, ফায়েল ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ, واو হরফে আত্ফ, نحو মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তুফে ছানী। মা'তূফ আলাইহ ও তার উভয় মা'তূফ মিলে মুবতাদা। متاول শিবহে ফে'ল ও যমীর هو নায়েবে ফায়েল মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে।

قَوْلُهُ فَاِنْ كَانَ صَاحِبُهَا الخ : فا হরফে তাফসীল, ان হরফে শর্ত, كان ফে'লে নাকেস, صاحب মুযাফ, ها যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে كان-এর ইসম। نكرة তার খবর। كان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। وجب ফে'ল, تقديم মুযাফ, ها যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে ফায়েল। وجب ফে'ল ও তার ফায়েল জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। واو হরফে আ'ত্ফ, لايتقدم ফে'ল, যমীর هو ফায়েল, على হরফে জার, العامل মাওসূফ, المعنوى সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে মা'তূফ আলাইহ। با হরফে জার, خلاف মুযাফ, الظرف মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت -এর সাথে। ثابت উহ্য শিবহে ফে'ল, যমীর هو ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। هو উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ মু'তারাযা। واو হরফে আ'তফ, لا যায়েদা, على হরফে জার, المجرور মাজরূর। জার ও মাজরূর মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে যরফে লগ্ব يتقدم لا ফে'লের সাথে। ফে'ল, ফায়েল ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। على হরফে জার, لاصح ইসমে তাফদ্বীল শিবহে ফে'ল ও যমীর هو নায়েবে ফায়েল মিলে সিফাত। উহ্য المذهب মাওসূফ ও সিফাত মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার ثابت শিবহে ফে'লের সাথে। ثابت শিবহে ফে'ল, নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। هو উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ, كل মুযাফ, ما ইসমে মাওসূল, دل ফে'ল, যমীর هو ফায়েল, على হরফে জার, هيئة মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। ফে'ল, ফায়েল ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। صح ফে'ল, ان মাওসূলে হরফী, يقع ফে'ল, যমীর هو ফাযেল, حالا মাফউল। ফে'ল, ফায়েল ও মাফউল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে ফায়েল। صح ফে'ল ও ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে।

مِثْلُ هٰذَا بُسْرًا اَطْيَبُ مِنْهُ رُطَبًا وَقَدْ تَكُوْنُ جُمْلَةً خَبَرِيَّةً فَالْاِسْمِيَّةُ بِالْوَاوِ وَالضَّمِيْرِ اَوْ بِالْوَاوِ اَوْ بِالضَّمِيْرِ عَلٰى ضُعْفٍ وَالْمُضَارِعُ الْمُثْبَتُ بِالضَّمِيْرِ وَحْدَهٗ وَمَا سِوَاهُمَا بِالْوَاوِ وَالضَّمِيْرِ اَوْ بِاَحَدِهِمَا وَلَابُدَّ فِى الْمَاضِى الْمُثْبَتِ مِنْ قَدْ ظَاهِرَةٍ اَوْمُقَدَّرَةٍ وَيَجُوْزُ حَذْفُ الْعَامِلِ كَقَوْلِكَ لِلْمُسَافِرِ رَاشِدًا مَهْدِيًّا وَيَجِبُ فِى الْمُؤَكَّدَةِ مِثْلُ زَيْدٌ اَبُوْكَ عَطُوْفًا اَىْ اُحِقُّهٗ وَشَرْطُهَا اَنْ تَكُوْنَ مُقَرَّرَةً لِمَضْمُوْنِ جُمْلَةٍ اِسْمِيَّةٍ-

---

অনুবাদ : যেমন- هٰذَا بُسْرًا اَطْيَبُ مِنْهُ رُطَبًا (এই আধাপাকা খেজুর পাকা খেজুর থেকে উত্তম)। حال কখনো جملة خبرية হয়ে থাকে। তাই جملة اسمية (حال হলে) واو ও যমীরের সাথে, (শুধু) واو বা (কেবল) যমীরের সাথে ব্যবহৃত হয়ে থাকে; তবে তা দুর্বল। مضارع مثبت (যদি حال হয়) শুধু যমীরের সাথে এবং এ দু'টো ব্যতীত واو ও যমীর (একই সাথে) ; কিন্তু দু'টোর একটির সাথে حال সংগঠিত হয়। ماضى مثبت টি حال হলে তার মধ্যে قد প্রকাশ্যে ও গোপনে নেওয়া হয়। حال -এর আমিলকে বিলোপ করা জায়েজ। যেমন মুসাফিরের উদ্দেশ্যে তোমার উক্তি رَاشِدًا مَهْدِيًّا (নিজে সৎপথে পরিচালিত, সৎপথ প্রাপ্ত অবস্থায় সফর করো)। حال مؤكدة -এর মধ্যে عامل কে বিলোপ করা ওয়াজিব। যেমন زَيْدٌ اَبُوْكَ عَطُوْفًا (যায়েদ তোমার পিতা, আমি তাকে দয়ালু স্বীকৃতি দিচ্ছি)। অর্থাৎ احقه । আর حال مؤكده -এর আমিল বিলোপ করার শর্ত হলো তা جملة اسمية -এর বিষয়বস্তুকে সাব্যস্তকারী হওয়া।

ব্যাখ্যা : هٰذَا بُسْرًا اَطْيَبُ مِنْهُ رُطَبًا -এর মধ্যে بسرا ও رطبا উভয়টি اسم جامد হওয়া সত্ত্বেও حال পতিত হয়েছে। কারণ, بُسْرًا শব্দটি بسرية ও رطبا শব্দটি رطبية সিফাতের উপর বুঝায়। এখানে بسر-কে مبسر ও رطبا-কে مرطب এ তাবীল করার প্রয়োজন পড়ে না ; বরং উভয় جامد -ই حال পতিত হয়েছে। অতঃপর رطبا এ সকলের মতে আমিল اطيب আর بسرا-এর মধ্যেও আমিল হলো তাই। তবে একটি প্রশ্ন উত্থাপিত হয় যে, اسم تفضيل দুর্বল আমিল, তার উপর তার মা'মূল মুকাদ্দাম হতে পারে না। بسرا কে কিভাবে তার আমিল اطيب-এর উপর মুকাদ্দাম করা হয়েছে ? তদুত্তরে বলা হয়, নাহুবিদদের নিকট স্বীকৃত কায়দা যে, যখন একটি বস্তুর সাথে দু'অনুপাতে দু'টি حال সম্পর্কিত হয়। তখন প্রত্যেকটি আপন متعلق -এর সাথে সংযুক্ত থাকা আবশ্যক। যাতে কোনো সংশয় না থাকে। উল্লিখিত উদাহরণে بسر -এর اشارة اسم হলো هذا আর بسرية হলো مشار اليه এখানে هذا -এর সাথে بسرية শব্দটি এ প্রেক্ষিতে সম্পর্কিত যে, তা (অগ্রাধিকার প্রাপ্ত)। مفضل (بسر) তাই بسرا-কে هذا -এর সাথে সংযুক্ত করা জরুরি, যাতে তা من تفضيلى থেকে অগ্রগামী হয়। কারণ স্বভাবত مفضل টা من تفضيلى -এর উপর মুকাদ্দাম হয়ে থাকে। যেমন- الشمس انور من القمر এতে الشمس হলো مفضل আর القمر হলো مفضل عليه-যদি কেউ প্রশ্ন করে, بسرا-এর সাথে هذا টি مشار اليه-এর সাথে সংযুক্ত হয়ে তখনই مفضل হবে যখন اطيب-এর মধ্যে তার যমীর নেওয়া হবে। এর পূর্বে তাকে مفضل বলা সঠিক নয়। কারণ مفضل হলো تفضيل-এর مدخول ; অন্য কোনো বস্তু নয়। **উত্তর :** যমীর ظاهر-এর তুলনায় অনস্তিত্বের মতো হবার কারণে ইসমে যাহিরকে যমীরের স্থলাভিষিক্ত করত তার (ইসমে যাহিরের) সাথে مفضل-এর সংযুক্তি আবশ্যক করা হয়েছে। আর بسرية কে তার সাথে مفضل হওয়ার অনুপাতে মুতা'আল্লাক করা হয়েছে। কাজেই بسرا -এর সম্পর্ক

هذا-এর সাথেই হবে এবং من تفضيلى-এর উপর অগ্রগামী হবে। ইহা رطبا-এর বিপরীত। এটা هذا-এর পরে হবে। কারণ, هذا-এর সাথে رطبية-এর সম্পর্ক مفضل عليه হওয়া অনুপাতে। যেহেতু من تفضيلى টি مفضل عليه -এর পরে হয়ে থাকে। কাজেই এ رطبا শব্দের مفضل عليه হওয়া منه যমীর অনুপাতেই হবে। সন্দেহাতীতভাবে مفضل عليه তথা رطبا-এর সংযুক্তি যমীরের সাথে ওয়াজিব হবে। কোনো কোনো আরবি ব্যাকরণবিদ বলেছেন, بسرا-এর আমিল هذا ; এর অর্থ- أُشِيْرُ اِلَيْهِ حَالَ كَوْنِهِ بُسْرًا , এ অভিমত শুদ্ধ নয়। কেননা, সম্ভাবনা রয়েছে যে, এ ইশারা ঐ সময় হবে যখন খেজুর শুষ্ক হয় ; কাঁচা না হয়। কাজেই এই ইঙ্গিত بسرية -এর সাথে শর্তযুক্ত হবে না ; বরং বাক্যের উদ্দেশ্য খেজুর আধা-পাকা অবস্থায় পাকা অবস্থা থেকে উত্তম। ইশারা ও আলাপ আলোচনা ব্যাপক, চাই সে সময় খেজুর আধাপাকা হোক বা পাকা হোক কিংবা শুষ্ক হোক।

قَوْلُهُ وَقَدْ تَكُوْنُ جُمْلَةً الخ : কখনও حال জুমলায়ে খবরিয়্যাহ হয়ে থাকে। তবে জুমলায়ে ইন্‌শায়িয়্যাহ হয় না। কারণ, حال হলো محكوم به-এর স্থলাভিষিক্ত। আর جملة انشائية টি محكوم به হয় না। তাই এটি حال হবার যোগ্যতা রাখে না। যদি حال টি জুমলায়ে খবরিয়্যাহ হয় তাহলে তার সাথে رابطة (সম্পর্ক স্থাপনকারী) থাকা আবশ্যক। সে رابطة যমীর এবং واو অথবা শুধুমাত্র واو কিংবা যমীর হয়। حال জুমলা হওয়া অবস্থায় ব্যবহারিক পদ্ধতি (১) حال যখন جملة اسمية হয় তখন যমীর এবং واو উভয়টি رابطة হিসেবে নেওয়ার কারণ, جملة اسمية স্বয়ংসম্পূর্ণতার দিক থেকে সুদৃঢ়। তাই رابطة ও অধিকতর শক্তিশালী নিতে হবে। যেমন- جِئْتُ وَاَنَا رَاكِبٌ (২) কখনও جملة اسمية -এর মধ্যে رابطة শুধুমাত্র واو নেওয়া হয়। কেননা, واو প্রাথমিকভাবে সম্পর্কের উপর বুঝায়। যেমন- كُنْتُ نَبِيًّا وَاٰدَمُ بَيْنَ الْمَاءِ وَالطِّيْنِ (৩) কখনও আবার কেবলমাত্র যমীর নেওয়া হয়, তবে এমতাস্থায় حال হওয়াটা দুর্বল। কারণ, যমীরের জন্য আবশ্যক নয় যে, তা واو -এর মতো শুরুতে পতিত হবে। কাজেই তা প্রাথমিকভাবে সম্পর্কের উপর বুঝায় না। যেমন- كلمته فوه الى فى ।

* حال টি جملة فعلية হলে তাতে কয়েকটি অবস্থা হতে পারে। যথা-

১. مضارع مثبت যদি حال হয় শুধুমাত্র যমীর দ্বারা رابطة নেওয়া হবে। কেননা, مضارع مثبت ইসমে ফায়েলের সাথে সদৃশতা রাখে। আর اسم فاعل-এর মধ্যে সম্পর্কের জন্য যমীরই যথেষ্ট। তাই তার সাদৃশ্যপূর্ণ مضارع مثبت -এর মধ্যের যমীরটি رابطة হলেই চলবে। যেমন- اَقْبَلَ الصَّدِيْقُ يُبَشِّرُ الْقَوْمَ তবে فعل مضارع টি حال হওয়া তখনই শুদ্ধ হবে যখন তা হরফে استقبال থেকে মুক্ত হবে।

২. مضارع منفى টি حال হলে, তাতে তিনটি প্রক্রিয়া বৈধ। (ক) واو ও যমীর একই সাথে নেওয়া। যেমন- جَاءَ نِىْ زَيْدٌ مَايَتَكَلَّمُ غُلَامُهُ (খ) শুধু যমীর দ্বারা ربط নেওয়া। যেমন- جَاءَ نِىْ زَيْدٌ وَمَا يَتَكَلَّمُ غُلَامُهُ (গ) কেবল واو দ্বারা ربط নেওয়া। যেমন- جَاءَ نِىْ زَيْدٌ وَمَا يَتَكَلَّمُ عَمْرٌو

৩. ماضى مثبت টি حال ماضى -এর অর্থের নিকটবর্তী হয়ে যায়। প্রকাশ্য قد হওয়া অবস্থায়। যেমন-

(ক) جَاءَ نِىْ زَيْدٌ وَقَدْ خَرَجَ عَمْرٌو (খ) جَاءَ نِىْ زَيْدٌ قَدْ خَرَجَ غُلَامُهُ (গ) جَاءَ نِىْ زَيْدٌ وَقَدْ خَرَجَ غُلَامُهُ

উহ্য قد হওয়া অবস্থায় যেমন- আল্লাহর বাণী اَوْ جَاءُوْكُمْ حَصِرَتْ صُدُوْرُهُمْ অর্থাৎ قَدْ حَصِرَتْ صُدُوْرُهُمْ

৪. ماضى منفى টি حال হলে তাতেও উল্লিখিত তিনটি সুরত জায়েজ। যে কোনো একটির উপর যথেষ্ট করা যাবে। তবে যমীরের উপর যথেষ্ট করাতে কোনো ধরনের দুর্বল হবে না। যেমন-

(ক) جَاءَ نِىْ زَيْدٌ وَمَا خَرَجَ عَمْرٌو (খ) جَاءَ نِىْ زَيْدٌ مَاخَرَجَ غُلَامُهُ (গ) جَاءَ نِىْ زَيْدٌ وَمَا خَرَجَ غُلَامُهُ

قَوْلُهُ وَيَجُوْزُ حَذْفُ الْعَامِلِ الخ : حال -এর আমিলকে বিলোপ করা বৈধ। مقالية ও قرينه حالية পাওয়া গেলে فعل-কে حذف করা হয় কয়েকটি কারণে। যথা- (১) قرينه حالية -এর উদাহরণ- কোনো ব্যক্তিকে সফরের প্রাক্কালে বলা رَاشِدًا مَهْدِيًّا এখানে راشدا - حال-এর পূর্বে سر فه'ل উহ্য রয়েছে। যাকে قرينة حالية -এর কারণে বিলোপ করা

হয়েছে। অর্থাৎ سِرْ رَاشِدًا مَهْدِيًّا এতে مهديا হলো راشدا-এর সিফাত বা حال-এর পরে حال। قرينة مقالية (২) -এর কারণে বিলোপ করা হয়। যেমন– কোনো ব্যক্তির كَيْفَ جِئْتَ -এর উত্তরে راكبا বলা। অর্থাৎ جِئْتُ رَاكِبًا এখানে جئت شبه اَلْهِلَالُ طَالِعًا অর্থাৎ قرينة مقالية -কে معنى فعل বিলোপ করার উদাহরণ–فعل বিলোপ করার মেছাল হলো, কোনো ব্যক্তির كَيْفَ كُنْتَ ضَارِبُ زَيْدٍ-এর জবাবে বলা যায় যে, كُنْتُ ضَارِبُ زَيْدٍ قَائِمًا তথা قائما -এর কারণে هٰذَا اَلْهِلَالُ طَالِعًا ।

حال-এর প্রকারভেদ : حال -এর প্রকারগুলোর বর্ণনা নিম্নে পেশ করা হলো। (১) حال منتقلة : ঐ حال যা ذو الحال থেকে স্থানান্তরিত হয়। যেমন–جَاءَ نِيْ زَيْدٌ رَاكِبًا (২) حال مؤكدة : ঐ حال যা বাক্যাংশের তাকীদের জন্য আসে। যেমন–هُوَ الْحَقُّ لَارَيْبَ فِيْهِ । কেউ বলেছেন তা হলো ঐ حال যা ذو الحال হতে পৃথক হয় না। অর্থাৎ صفات لازمة হয়। যেমন, আল্লাহর বাণী –هُوَ الْحَقُّ مُصَدِّقًا لِمَا مَعَكُمْ الخ (৩) حال متداخلة : ঐ حال-এর মা'মূল হয়। যেমন–جاء نى زيد يقودم غلامه مجروحا رأسه (৪) حال مترادفة : ঐ حال যেই حال এবং অপর একটি حال-এর আমিল একটি হয়। যেমন– رَأَيْتُ زَيْدًا قَائِمًا عَالِمًا رَاكِبًا (৫) حال مقدرة : ঐ حال যা উহ্য থেকে অর্জিত হয় এবং ذو الحال টি خبر পরিবেশনের সময় থাকে না। যেমন, আল্লাহর বণী– فَادْخُلُوْهَا خَالِدِيْنَ (৬) حال دائمة : ঐ حال যার ذوالحال টি সর্বদা একই অবস্থায় থাকে। যেমন– كَانَ اللّٰهُ قَادِرًا ।

حال مؤكدة-এর আমিলকে বিলোপ করা ওয়াজিব হবার শর্ত : قَوْلُهٗ وَيَجِبُ فِى الْمُؤَكَّدَةِ-এর আমিলকে বিলোপ করা ওয়াজিব। যেমন– زَيْدٌ اَبُوْكَ عَطُوْفًا এখানে احقه আমিল উহ্য রয়েছে। আর عطوفا হলো حال مؤكدة যেহেতু পিতা থেকে অনুগ্রহ ও দয়া পৃথক হয় না। তাই এখানে احقه আমিলকে বিলোপ করা হয়েছে।

حال مؤكدة-এর আমিল বিলুপ্ত হবার শর্ত : حال مؤكدة -এর আমিল ওয়াজিব হিসেবে বিলুপ্ত হবার জন্য শর্ত– তা জুমলায়ে ইসমিয়্যাহকে সাব্যস্ত ও তাকীদ করার জন্য সংগঠিত হওয়া। মুসান্নিফ (র.)-এর উক্তি وَشَرْطُهَا اَنْ تَكُوْنَ مُقَرِّرَةً لِمَضْمُوْنِ جُمْلَةٍ اِسْمِيَّةٍ-এর মধ্যে جملة لمضمون হচ্ছে কয়েদে ইহ্তিরাযী (قيد احترازى)-এর দ্বারা حال مؤكدة বাদ পড়েছে যা বাক্যের কিছু অংশকে তাকীদ করার জন্য এসে থাকে। এমতাবস্থায় حال-এর আমিলকে ওয়াজিব হিসেবে বিলোপ করা বৈধ নয়। যেমন, আল্লাহ তা'আলার বাণী–اِنَّا اَرْسَلْنَاكَ لِلنَّاسِ رَسُوْلًا । কেননা, এ আয়াতে رسولا শব্দটি বাক্যের কিছু অংশ তথা ارسال -কে সাব্যস্ত করার জন্য আসে। ارسال الله-এর তাকীদের জন্য নয়। এরূপ হবে رسول দ্বারা আভিধানিক অর্থ উদ্দেশ্য নেওয়া হলে। পক্ষান্তরে رسول দ্বারা পারিভাষিক অর্থ তথা اِنْسَانٌ بَعَثَهُ اللّٰهُ اِلَى الْخَلْقِ لِتَبْلِيْغِ الْاَحْكَامِ بِكِتَابٍ وَشَرِيْعَةٍ উদ্দেশ্য নেওয়া হলে বাক্যের বিষয় বস্তুর তাকীদের জন্য হবে। اسمية বলার কারণে জুমলায়ে ফে'লিয়্যাহর তাকীদের জন্য যে حال ব্যবহৃত হয় তা বাদ পড়েছে। কেননা, এ অবস্থায় আমিলকে বিলোপ করা ওয়াজিব নয়, যেরূপ আল্লামা যামখ্শারী 'তাফসীরে কাশ্শাফ'-এর قَائِمًا بِالْقِسْطِ -এর ব্যাখ্যা প্রসঙ্গে বলেছেন قائما শব্দটি شهد-এর ফায়েলের যমীর থেকে حال পতিত হয়েছে। পূর্ণ আয়াতে করীমা شَهِدَ اللّٰهُ اَنَّهٗ لَآ اِلٰهَ اِلَّا هُوَ وَالْمَلٰٓئِكَةُ وَاُولُو الْعِلْمِ قَائِمًا بِالْقِسْطِ এখানে قائما -এর মধ্যস্থিত যমীর ذو الحال-এর দিকে ফিরেছে, আর তা জুমলায়ে ফে'লিয়্যাহ-এর তাকীদের জন্য ব্যবহৃত।

*** একটি প্রশ্ন :** আল্লাহ তা'আলার বাণী–اَللّٰهُ شَاهِدًا قَائِمًا بِالْقِسْطِ-এর মধ্যে حال টি জুমলায়ে ইসমিয়্যাহ-এর তাকীদের জন্য আসা সত্ত্বেও তার আমিল উল্লিখিত হয়েছে কেন? এ প্রশ্নের অপনোদনে কয়েকটি জবাব দেওয়া যায়।

প্রথম জবাব : حال -এর আমিল উহ্য হবার জন্য শর্ত জুমলায়ে ইসমিয়্যাহ এমন দু'টি ইসম দ্বারা গঠিত হওয়া, যেগুলো حال -এর মধ্যে আমল করার যোগ্যতা রাখে না। আমল করার যোগ্যতা রাখলে حال -এর আমিলটি উল্লিখিত হবে। আল্লাহর উক্ত বাণীতে শর্ত ফওত হয়েছে বিধায় আমিল (شاهدا) -কে উহ্য রাখা হয়নি।

দ্বিতীয় জবাব : মূল এবারতে সাধারণভাবে لمضمون جملة اسمية বর্ণিত রয়েছে, তা দ্বারা فرد كامل উদ্দেশ্য। সেটা এমন জুমলায়ে ইসমিয়্যাহ যার বিষয়বস্তু একমাত্র তার সাথে বিশেষিত। জুমলায়ে ফে'লিয়্যাহ-এর বিষয়বস্তু হতে পারে না। প্রাগুক্ত আয়াতে اَللّٰهُ شَاهِدًا-এর বিষয়বস্তু এবং شَهِدَ اللّٰهُ জুমলায়ে ফে'লিয়্যাহ-এর বিষয়বস্তু এক।

তৃতীয় জবাব : প্রকৃতপক্ষে قَائِمًا -এর আমিল উল্লিখিত নয় ; বরং উহ্য। আয়াতের মূলরূপ হবে اِلٰهٌ شَاهِدًا اُحِقُّهُ قَائِمًا بِالْقِسْطِ একই অধ্যায়ের সামঞ্জস্যতা রক্ষার্থে حال -এর আমিল উল্লেখ থাকা সত্ত্বেও احقه-কে উহ্য মেনে নেওয়া হয়েছে।

তারকীব : قَوْلُهُ مِثْلُ هٰذَا بُسْرًا رُطَبًا الخ مثل মুযাফ, هٰذَا بُسْرًا الخ মুরাদুল লফ্য মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর, উহ্য مشاله মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। জুমলাটির বিস্তারিত তারকীব– هذا মুবতাদা, بسرا হালে মুকাদ্দাম আউওয়াল, اطيب শিব্হে ফে'ল, উহ্য যমীর هو যুলহাল, من হরফে জার, ه যমীর যুলহাল, رطبا হাল। যুলহাল ও হাল মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। প্রাগুক্ত اطيب -এর যমীর هو যুলহাল ও بسرا হাল মিলে اطيب শিবহে ফে'লের ফায়েল। اطيب শিবহে ফে'ল, তার ফায়েল ও যরফে লগ্ব মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। واو হরফে আত্ফ, تكون ফে'লে নাকেস, উহ্য যমীর هى ইসম, جملة মাওসূফ, خبرية সিফাত। মাওসূফ ও সিফাত মিলে খবর। ফে'ল-তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ। فاء হরফে তাফসীল, الاسمية সিফাত, তার মাওসূফ الجملة উহ্য রয়েছে। মাওসূফ ও সিফাত মিলে মুবতাদা। با হরফে জার, الواو মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, الضمير মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে মা'তূফ আলাইহ। او হরফে আত্ফ, باء হরফে জার, الواو মাজরূর। জার ও মাজরূর মিলে মা'তূফ। واو হরফে আত্ফ, با হরফে জার, الضمير মাজরূর। জার ও মাজরূর মিলে মা'তূফ। الواو মা'তূফ আলাইহ ও মা'তূফদ্বয় মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتة-এর সাথে। ثابتة শিবহে ফে'ল, উহ্য যমীর هى ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। على হরফে জার, ضعف মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার ثابت-এর সাথে। ثابت শিবহে ফে'ল, তার ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। هو উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ, المضارع মাওসূফ, المثبت সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মুবতাদা। باء হরফে জার, الضمير যুলহাল, وحد মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে হাল। যুলহাল ও হাল মিরে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت-এর সাথে। ثابت শিবহে ফে'ল, যমীর هو ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। واو হরফে আত্ফ, ما মাউসূলা, سوا মুযাফ, هما মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ হয়েছে ثبت-এর থেকে। ثبت ফে'ল, যমীর هو ফায়েল ও মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে মুবতাদা। باء হরফে জার, الواو মা'তূফ আলাইহ, واو হরফে আ'ত্ফ, الضمير মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে মা'তূফ আলাইহ। او হরফে আ'ত্ফ, با হরফে জার, احد মুযাফ, هما মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت -এর সাথে। ثابت শিবহে ফে'ল, যমীর هو ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ বা ইস্তীনাফ, لا নফী জিন্সের জন্য, بد তার ইসম, فى হরফে জার, الماضى মাওসূফ, المثبت সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت-এর সাথে। ثابت শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবরে আউওয়াল। من হরফে জার, قد মুরাদুল্ লফয যুলহাল,

ظاهرة মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, مقدرة মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে হাল। যুলহাল ও হাল মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে ثابت -এর সাথে যরফে মুস্তাকার হয়েছে। ثابت শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবরে ছানী। لا তার ইসম ও খবরদ্বয় মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ, يجوز ফে'ল, حذف মুযাফ, العامل মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে يجوز ফে'লের ফায়েল। ফে'ল ও ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে। ك হরফে জার, قول মুযাফ, ك মুযাফ ইলাইহ, لام হরফে জার, المسافر মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। قول মুযাফ, মুযাফ ইলাইহ ও যরফে লগ্ব মিলে মুবদালে মিনহু, راشدا مهديا মুরাদুল্ লফয বদলে কু'ল। মুবদালে মিনহু ও বদল মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে মুতা'আল্লাক হয়েছে ثابت শিবহে ফে'লের সাথে। ثابت শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। هو উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। واو হরফে আত্ফ, يجب ফে'ল, যমীর هو ফায়েল, فى হরফে জার, المؤكدة মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। يجب ফে'ল, ফায়েল ও যমীর লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে।

قَوْلُهُ مِثْلُ زَيْدٌ اَبُوْكَ عَطُوْفًا الخ : مثل মুযাফ, زَيْدٌ اَبُوْكَ الخ মুরাদুল্ লফয মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। বিস্তারিত তারকীব– زيد মুবতাদা, ابو মুযাফ, ك মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। عطوفا ইসমে ফায়েল মুবালাগা শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল মিলে হালে মুয়াক্কদা। এর উহ্য আমিল হলো – احقه احقه ফে'ল, যমীর انا ফায়েল, ه যমীর যুলহাল। যুলহাল ও হাল মিলে মাফউলে বিহী। ফে'ল, ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। واو হরফে আত্ফ, شرط মুযাফ, ها যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ্ মিলে মুবতাদা। ان নাসেবা মাওসূলে হরফী। تكون ফে'লে নাকেস, উহ্য যমীর هى তার ইসম। مقررة শিবহে ফে'ল, উহ্য যমীর هى নায়েবে ফায়েল, لام হরফে জার, مضمون মুযাফ, جملة মাওসূফ, اسمية সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মুযাফ ইলাইহ। مضمون মুযাফ তার মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। مقررة শিবহে ফে'ল, তার নায়েবে ফায়েল ও যরফে লগ্ব মিলে খবর। تكون ফে'লে নাকেস, তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূলে হরফী ও তার সেলাহ মিলে ব-তাবীলে মুফরাদ খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে।

اَلتَّمْيِيْزُ مَا يَرْفَعُ الْاِبْهَامَ الْمُسْتَقَرَّ عَنْ ذَاتٍ مَذْكُوْرَةٍ اَوْ مُقَدَّرَةٍ فَالْاَوَّلُ عَنْ مُفْرَدٍ مِقْدَارٍ غَالِبًا اِمَّا فِىْ عَدَدٍ نَحْوُ عِشْرُوْنَ دِرْهَمًا وَسَيَاْتِىْ وَاِمَّا فِىْ غَيْرِهٖ نَحْوُ رِطْلٌ زَيْتًا وَمَنَوَانِ سَمْنًا وَقَفِيْزَانِ بُرًّا وَعَلَى التَّمَرَةِ مِثْلُهَا زُبْدًا فَيُفْرَدُ اِنْ كَانَ جِنْسًا اِلَّا اَنْ يُّقْصَدَ الْاَنْوَاعُ وَيُجْمَعُ فِىْ غَيْرِهٖ ثُمَّ اِنْ كَانَ بِتَنْوِيْنٍ اَوْ بِنُوْنِ التَّثْنِيَةِ جَازَتِ الْاِضَافَةُ وَاِلَّا فَلَا وَعَنْ غَيْرِ مِقْدَارٍ مِثْلُ خَاتَمٍ حَدِيْدًا وَالْخَفْضُ اَكْثَرُ-

---

অনুবাদ : التمييز ঐ বস্তুর নাম, যা উল্লিখিত সত্তা বা উহ্য সত্তা থেকে (গঠনগতভাবে) স্থিরকৃত সংশয়কে দূর করে দেয়। প্রথমটি অধিকাংশ সময় একক পরিমাণ থেকে (অস্পষ্টতাকে দূরীভূত করে দেয়)। হয়তো (একক পরিমাণ) সংখ্যার মধ্যে (বাস্তবায়িত) হয়। যেমন– عِشْرُوْنَ دِرْهَمًا (বিশ দিরহাম)। অচিরেই এটার বর্ণনা (اسماء-এর মধ্যে) আসবে অথবা সংখ্যা ব্যতীত অন্যান্য বস্তুর মধ্যে (বাস্তবায়িত) হবে। যেমন– رِطْلٌ زَيْتًا (এক রতল তৈল), مَنَوَانِ سَمْنًا (দু'সের ঘি), قَفِيْزَانِ بُرًّا (দু'কাফীয গম), وَعَلَى التَّمَرَةِ مِثْلُهَا زُبْدًا (খেজুরের উপর তার সমপরিমাণ মাখন আছে)। تمييز টি جنس হলে তাকে مفرد (একবচন) নেওয়া হবে ; তবে نوع উদ্দেশ্য হলে (তখন একবচন নেওয়া হবে না) غير جنس-এর মধ্যে বহুবচন নেওয়া হবে। অতঃপর যদি (مفرد مقدار) تنوين বা تثنية نون-এর সাথে হয় তাহলে اضافة জায়েজ হবে নতুবা জায়েজ হবে না। مفرد টি পরিমাণ ব্যতীত অন্য কিছু হতে অস্পষ্টতাকে দূর করে। যেমন– خَاتَمٌ حَدِيْدًا (লোহার আংটি), এমতাবস্থায় অধিকাংশ সময় (غير مقدار প্রকারটি) যের বিশিষ্ট হয়।

ব্যাখ্যা : التمييز শব্দটি বাবে تفعيل -এর মাসদার। শাব্দিক অর্থ- দূর করা, পৃথক করা। যেমন– وَامْتَازُوْا الْيَوْمَ اَيُّهَا الْمُجْرِمُوْنَ ; تمييز-এর একটি প্রকার হলো, منصوبات ; যার দ্বারা সন্দেহ দূর করা হয় তাকে তামঈয বলা হয়। আর যার থেকে সন্দেহ দূর করা হয় তাকে মুমায়্যায বলে। তামঈয ও حال-এর মধ্যে তিন ধরনের পার্থক্য রয়েছে। যথা– প্রথমত হাল কখনো جامد হয় এবং অধিকাংশ সময় مشتق হয়, তবে তামঈয اسم جامد হয়ে থাকে। দ্বিতীয়ত হাল فى উহ্যের ভিত্তিতে যবর বিশিষ্ট হয় আর তামঈয من উহ্যের ভিত্তিতে হয়। তৃতীয়ত হাল অবস্থা থেকে এবং তামঈয ذات থেকে অস্পষ্টতাকে দূর করে থাকে।

ফায়েদা : মুসান্নিফ (র.)-এর উক্তি يَرْفَعُ الْاِبْهَامَ হলো জিন্স যা সর্ব প্রকারের ইসমকে শামিল করে। তাঁর উক্তি الْمُسْتَقَرَّ এটা بدل-কে বের করে দেয়, কারণ بدل টি مبدل منه থেকে অস্পষ্টতাকে দূর করার জন্য ব্যবহৃত হয় না। বাক্যের মধ্যে بدل-ই উদ্দেশ্য হয় مبدل منه নয় ; বরং তা পরিত্যক্তের হুকুমে হয়। কাজেই بدل টি নির্দিষ্ট করার উদ্দেশ্য হয়ে থাকে। কোনো বস্তু থেকে অস্পষ্টতাকে দূর করার জন্য ব্যবহৃত হয় না।

মুসান্নিফ (র.)-এর উক্তি الْمُسْتَقَرَّ -এর অর্থ হলো গঠনগতভাবে ঐ অস্পষ্টতা বিদ্যমান থাকতে হবে। যদিও আভিধানিক দৃষ্টিকোণে المستقر শব্দটি স্থির হওয়া, সাব্যস্ত হওয়া অর্থ বুঝায়। আর এ স্থির থাকা মুতলাকভাবে উদ্দেশ্য। মুতলাক বলতে فرد كامل তথা গঠনগত অস্পষ্টতাকে বুঝিয়ে থাকে। কাজেই এখানে এ অর্থটি উদ্দেশ্য হবে। استقر শব্দ বলার কারণে তিনটি বস্তু বের হয়ে যায়। একটি হলো مشترك শব্দের সিফাত। যেমন– رَاَيْتُ عَيْنًا جَارِيَةً ; কারণ جارية শব্দটি عين থেকে অস্পষ্টতাকে দূর করে দেয়। আর এই অস্পষ্টতা عين শব্দের গঠনগতভাবে নয় ; বরং ব্যবহারের মধ্যে

موضوع له -এর কয়েকটি অর্থানুপাতে সৃষ্টি হয়। দ্বিতীয়তঃ صفة مبهم -কে বের করে দেয়। যেমন- هٰذَا الرَّجُلُ ; কারণ هذا শব্দটিকে হয়তো مفهوم كلى-এর জন্য গঠন করা হয়েছে جزئيات -এর মধ্যে তার ব্যবহারের শর্তসাপেক্ষে। এখানে هذا-এর সিফাত الرجل দ্বারা যদিও ابهام দূর হয়ে যায় ; কিন্তু তা গঠনগত ابهام নয়। তাই এটা তামঈয থেকে বাদ পড়েছে। তৃতীয়ত عطف بيان যেমন- ابو حفص عمر এ দু'টির মধ্যে প্রত্যেকটি নির্দিষ্ট ব্যক্তির জন্য গঠন করা হয়েছে বিধায় তাতে কোনো অস্পষ্টতা নেই। তাই عمر এটা عطف بيان ; তামঈয নয়। কেননা, তামঈযের জন্য تمييز-এর মধ্যে গঠনগত অস্পষ্ট থাকা উচিত। মুসান্নিফ (র.)-এর উক্তি نعت ذات عن দ্বারা এবং حال বাদ পড়ে গেছে ; কারণ এ দু'টি এমন অস্পষ্টতাকে দূর করে যা وصف مستقر -এর মধ্যে হয়ে থাকে। এগুলো ذات থেকে ابهام-কে দূর করে না।

তামঈযের প্রকারভেদ : مذكورة او مقدرة উল্লেখ করত মুসান্নিফ (র.) তামঈযের দু'টি প্রকারের দিকে ইঙ্গিত করেছেন। তামঈয দু'শ্রেণীতে বিভক্ত। যথা- (ক) تمييز المفرد او الذات (খ) تمييز الجملة او النسبة

ক. تمييز المفرد او الذات-এর দ্বারা উদ্দেশ্য- جمله বা شبه جمله না হওয়া এবং এটি অপরিহার্য সময় مقدار হতে সন্দেহ দূর করে। مقدار ঐ বস্তুকে বলা হয় যার দ্বারা বস্তুকে অনুমান করা যায়। এ مقدار চার ধরনের হয়ে থাকে। (১) وزن (৩) عِنْدِىْ قَفِيْزَانِ بُرًّا (সংখ্যা বাচক) যেমন- عدد (২) اِنِّىْ رَأَيْتُ اَحَدَ عَشَرَ كَوْكَبًا (পরিমাণ) যেমন- كيل (ওজন) যেমন- عِنْدِىْ مَنَوَانِ سَمْنًا (৪) عِنْدِىْ جَرِيْبَانِ قُطْنًا (দূরত্ব) যেমন- مساحة

এ প্রকারের তামঈযের হুকুমে তিনটি অবস্থা বৈধ। যথা- نصب দেওয়া, من-এর কারণে جر দেওয়া এবং মুযাফ ইলাইহ হিসেবে যের প্রদান করা।

খ. تمييز الجملة او النسبة : তা এমন تمييز -কে বলে, যা বাক্যের অর্থের মধ্যে সৃষ্ট অস্পষ্টতাকে দূর করত তাকে সুস্পষ্ট করে দেয়। এটা সাধারণভাবে تعجب ও اسم تفضيل ,جملة فعلية-এর পরে ব্যবহৃত হয়ে থাকে। তা দু'ভাগে বিভক্ত। যথা- (১) تمييز النسبة যা ফায়েলের অর্থে ব্যবহৃত হয়। যেমন- حَسُنَ الطَّالِبُ خُلُقًا (২) এমন مفعول به যা تمييز النسبة অর্থে ব্যবহৃত হয়। যেমন- فَجَّرْنَا الْاَرْضَ عُيُوْنًا

قَوْلُهُ وَاَمَّا فِىْ غَيْرِهٖ : مفرد مقدار হয়তো عدد غير-এর মধ্যে পাওয়া যাবে। যেমন- عَلَى التَّمْرَةِ مِثْلُهَا زُبْدًا، رِطْلٌ زَيْتًا، مَنَوَانِ سَمْنًا ; যদি কেউ বলে তামঈয غير عدد হৃদয়াঙ্গম করার জন্য একটি উদাহরণই যথেষ্ট ছিল। মুসান্নিফ (র.) এতগুলো উদাহরণ কেন উল্লেখ করেছেন ? **উত্তর :** تمييز-এর আমেল اسم تام হয়। اسم تام-এর সকল সূরতকে স্মরণ করিয়ে দেওয়ার উদ্দেশ্যেই এতগুলো মেছাল উল্লেখ করা হয়েছে। اسم تام টি যেহেতু কয়েকভাবে হয়ে থাকে। যথা- (১) তানবীনের দ্বারা اسم تام হয়। যথা - نون تثنية (২) عِنْدِىْ مَثَاقِيْلُ ذَهَبًا দ্বারা। যথা- مَنَوَانِ سَمْنًا (৩) نون দ্বারা। যথা- بِالْاَخْسَرِيْنَ اَعْمَالًا (৪) اضافة দ্বারা। যথা- عَلَى التَّمْرَةِ مِثْلُهَا زُبْدًا ; এ সবগুলোর দিকে ইঙ্গিত করার উদ্দেশ্যে তিনি কয়েকটি উদাহরণ পেশ করেছেন। جمع

যদি কেউ প্রশ্ন করে, আলিফ লাম দ্বারাও اسم تام হয়ে থাকে। কারণ, اسم تام-এর দ্বারা উদ্দেশ্য কোনো ইসম এমন পরিপূর্ণতা অর্জন করা যে, অন্য একটির দিকে মুযাফ হতে হয় না। যেহেতু আলিফ লামের সাথেও ইসম এযাফত হওয়া অসম্ভব, সেহেতু আলিফ লাম দ্বারাও اسم تام হবে। **উত্তর :** এখানে اسم تام দ্বারা উদ্দেশ্য তামঈযকে নসবদাতা ইসম। معرف باللام যেহেতু নসব প্রদান করে না, সেহেতু তা তার বহির্ভূত বস্তু। বিবরণ হলো যে, ইসম যখন ঐ সমস্ত বস্তু দ্বারা تام হয়, তখন তার সদৃশতা ফে'লের সাথে হয়ে যায়। যেরূপ ফে'ল তার ফায়েলকে নিয়ে পরিপূর্ণ হয়, তদ্রূপ এ ইসম ও পূর্বোক্ত বিষয় দ্বারা পরিপূর্ণ হয়ে যায়। কাজেই এ সমস্ত বস্তু ফায়েল আর তামঈয মাফউলের স্থলাভিষিক্ত হবে। যেভাবে ফে'ল ও ফায়েলের পরের ইসমটি যবর বিশিষ্ট হয়, একইভাবে তামঈযও যবর বিশিষ্ট হবে। اسم تام হবে তামঈযকে যবর প্রদানকারী। معرف باللام তার বিপরীত। যেহেতু আলিফ-লাম শুরুতে হয় আর ফায়েল সর্বদা ফে'লের পরে হয়ে থাকে। তাই معرف

بالـلام টি ফে'লের সাদৃশ্য নয়। এ কারণে اسم تام-এর মধ্যে আলিফ-লামকে গণ্য করা হবে না। আর معرف بالـلام-এর পরে যে ইসমটি হয় তা যবর বিশিষ্ট হবে না।

قَوْلُهُ فَيُفْرَدُ اِنْ كَانَ جِنْسًا : যখন তামঈয জিন্স হয় তখন তাকে এক বচন নেওয়া হয়। যদিও বা اسم تام টি تثنية ও جمع হয়ে থাকে। جنس দ্বারা উদ্দেশ্য হলো ঐ ইসম, যা কমবেশি বুঝায়। এমতাবস্থায় تثنية ও جمع নেওয়ার প্রয়োজন নেই। যেমন- تمر ও ماء

قَوْلُهُ اِلَّا اَنْ يُّقْصَدَ الْاَنْوَاعُ وَيُجْمَعُ الخ : جنس দ্বারা দু'বা ততোধিক نوع বর্ণনা করা উদ্দেশ্য হলে উদ্দেশ্যানুপাতে তাকে تثنية ও جمع নেওয়া হবে। যেমন- طَابَ زَيْدٌ جَلْسَتَيْنِ- তামঈয جنس غير হলে তাকে اسم تام অনুপাতে تثنية ও جمع নেওয়া হবে। কারণ, তার প্রয়োগ কমবেশির উপর না হওয়াতে উদ্দেশ্যানুপাতে تثنية ও جمع নেওয়া জরুরি। যেমন- عِنْدِىْ عَدْلُ ثَوْبَيْنِ اَوْ اَثْوَابًا-

قَوْلُهُ ثُمَّ اِنْ كَانَ بِتَنْوِيْنٍ الخ : مفرد مقدار টি تنوين বা تثنية-নون-এর সাথে تام হয়, তাহলে এমতাবস্থায় সহজতার কারণে তামঈযের দিকে তার এযাফত বৈধ। এটি اضافة بيانية হবে। যদি تنوين বা نون টি مفرد مقدار تثنية-এর সাথে تام না হয় ; বরং جمع نون বা اضافة -এর সাথে হয়, তাহলে তার এযাফত বৈধ নয়। কারণ হলো, মুযাফকে তামঈযের দিকে এযাফত করার দু'টি প্রক্রিয়া রয়েছে। হয়তো اضافة দূর হবে অথবা বহাল থাকবে। যদি এযাফত দূর হয়ে যায় তাহলে নাজায়েজ। কারণ, এ সময় আমল বাতিল করা লাযেম আসবে। প্রথম এযাফত বাকি থাকলে তখনও জায়েজ নেই। মুযাফকে এযাফত করা অবৈধ। অধিকন্তু পুনরায় এযাফত করার মাধ্যমে আবশ্যক হয় যে, اسم تام টি আপন অবস্থায় বহাল থাকে না। আর جمع نون-এর اضافة মিলে যাবার আশংকায় জায়েজ নেই। কারণ, اسم تام-এর এই অর্থ যে, এটা হওয়া অবস্থায় এযাফত বৈধ নয়। তার এযাফত হলে اسم تام বহাল থাকে না। এটা সর্ব সম্মতিক্রমে غير مميز-এর দিকে মুযাফ হয়। যেমন- عَشَرِيْكَ وَعَشَرَىْ رَمَضَانَ এটার এযাফত তামঈযের দিকে করা হলে কোনো কোনো সময় তামঈযটি গায়রে তামঈযের সাথে মিলে যাওয়া লাযেম আসে। উদাহরণ স্বরূপ- عشرين-এর এযাফত رمضان-এর দিকে হলে এ কথা পরিষ্কার হয় না যে, রমজানের বিশ দিন নাকি রমজানের বিশতম দিন উদ্দেশ্য। প্রথমাবস্থায় তামঈযের দিকে এবং দ্বিতীয়াবস্থায় গাইরে তামঈযের দিকে এযাফত হয়। কোনো কোনো প্রক্রিয়ায় মিলে যাবার আশংকা রয়েছে বিধায় একই অধ্যায়ে গরমিল থেকে রক্ষা পাওয়ার নিমিত্তে অন্যান্য প্রক্রিয়ায়ও এযাফত করাকে নাহুবিদরা অবৈধ বলেছেন। তবে তা স্বল্পই হয়ে থাকে।

قَوْلُهُ وَعَنْ غَيْرِ مِقْدَارٍ الخ : এটার আত্ফ مقدار-এর উপর হয়েছে। তামঈয যেভাবে مفرد مقدار থেকে অস্পষ্টতাকে দূর করে, সেভাবে مفرد غير مقدار থেকেও তা দূর করে থাকে। এর দ্বারা অবগত হওয়া যায় যে, تمييز غير مقادير দু'ভাগে বিভক্ত। যথা- (ক) مقادير ও (খ)

مفرد غير مقدار-এর তামঈযকে مقادير غير হলো, مقياس، كيل، ذراع، وزن، عدد এগুলো না হওয়া। অধিকাংশ সময় যের দেওয়া হয়। কারণ, তামঈয দ্বারা উদ্দেশ্য অস্পষ্টতাকে দূর করা। আর এটা যেরের অবস্থায় সহজভাবে অর্জিত হয়।

তারকীব : قَوْلُهُ اَلتَّمْيِيْزُ مَايَرْفَعُ الْاِبْهَامَ الْمُسْتَقَرَّ الخ التمييز মুবতাদায়ে মুয়াখ্খার, منها উহ্য খবরে মুকাদ্দাম। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। ما ইসমে মাওসূল, يرفع ফে'ল, যমীর هو ফায়েল, الابهام মাওসূফ, المستقر শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল মিলে সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মাফউলে বিহী। عن হরফে জার, ذات মাওসূফ, مذكورة শিবহে ফে'ল ও উহ্য যমীর هى নায়েবে ফায়েল মিলে মা'তূফ আলাইহ। او হরফে আত্ফ, مقدرة শিবহে ফে'ল ও উহ্য যমীর هى নায়েবে ফায়েল মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে সিফাত। ذات মাওসূফ ও সিফাত মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব, يرفع ফে'ল, ফায়েল, মাফউলে বিহী ও যরফে

লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে খবর। উহ্য هو মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। فاء তাফসীরের জন্য, الاول সিফাত, উহ্য القسم মাওসূফ। মাওসূফ ও সিফাত মিলে মুবতাদা, عن হরফে জার, مفرد মাউসূফ, مقدار সিফাত। মাওসূফ ও সিফাত মিলে যুলহাল। غالبا শিবহে ফে'ল ও যমীর هو ফায়েল মিলে সিফাত। উহ্য زمانا মাওসূফ। মাওসূফ ও সিফাত মিলে মাফউলে ফীহ। اما হরফে তারদীদ, فى হরফে জার, عدد মাজরূর। জার ও মাজরূর মিলে মা'তূফ আলাইহ। واو হরফে যায়েদা, اما হরফে আত্‌ফ, فى হরফে জার, غير মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে মা'তূফ। فى عدد মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت-এর সাথে। ثابت শিবহে ফে'ল, যমীর هو ফায়েল ও যরফে মুস্তাকার মিলে হাল। যুলহাল ও হাল মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তকার يرفعه উহ্য ফে'লের সাথে। يرفع ফে'ল, উহ্য যমীর هو ফায়েল, ه যমীর মাফউলে বিহী, মাফউলে ফীহ ও যরফে মুস্তাকার মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে।

قَوْلُهُ نَحْوُ عِشْرُوْنَ دِرْهَمًا : نحو মুযাফ, عِشْرُوْنَ دِرْهَمًا মুরাদুল্ লফ্‌য মুযাফ ইলাইহ। نحو মুযাফ-তার মুযাফ ইলাইহ মিলে খবর। উহ্য مثاله মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। বিস্তারিত তারকীব-উহ্য هذا মুবতাদা, عشرون মুমায়্যিয, درهما তামঈয। মুমায়্যিয-তার তামঈয মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। واو হরফে আত্‌ফ, س হরফে ইস্তিকবাল يأتى ফে'ল ও যমীর هو ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে।

قَوْلُهُ نَحْوُ رِطْلٌ زَيْتًا الخ : نحو মুযাফ, رِطْلٌ মুরাদুল্ লফ্‌য মা'তূফ আলাইহ, مَنْوَانِ سَمْنًا মা'তূফে আউওয়াল, واو হরফে আত্‌ফ, قفيزان برا মা'তুফে ছানী, واو হরফে আত্‌ফ, عَلَى التَّمْرَةِ الخ মা'তূফে ছালেছ। মা'তূফ আলাইহ ও মা'তূফত্রয় মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। উহ্য مثاله মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। বিস্তারিত তারকীব- উহ্য هذا মুবতাদা, رطل মুমায়্যিয زيتا তামঈয। মুমায়্যায ও তামঈয মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। উহ্য عند মুযাফ, يائے متكلم মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউল ফীহ্ হয়েছে ثابتان-এর সাথে। ثابتان শিবহে ফে'ল, যমীর هما নায়েবে ফায়েল ও মাফউলে ফীহ মিলে খবরে মুকাদ্দাম। منوان মুমায়্যায, سمنا তামঈয। মুমায়্যায ও তামঈয মিলে মুবতাদায়ে মুয়াখ্‌খার। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

قَوْلُهُ قَفِيْزَانِ بُرًّا : উহ্য عند মুযাফ, يائے متكلم মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবরে মুকাদ্দাম। قَفِيْزَانِ মুমায়্যায, برا তামঈয। মুমায়্যিয ও তামঈয মিলে মুবতাদায়ে মুয়াখ্‌খার। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে।

قَوْلُهُ عَلَى التَّمْرَةِ مِثْلُهَا زَبَدًا : على হরফে জার, التمرة মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت-এর সাথে। ثابت শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবরে মুকাদ্দাম। مثل মুযাফ, ها মুযাফ ইলাইহ। মুযাফ-তার মুযাফ ইলাইহ মিলে মুমায়্যায, زبدا তামঈয। মুমায়্যায-তার তামঈযের সাথে মিলে মুবতাদায়ে মুয়াখ্‌খার। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

قَوْلُهُ فَيُفْرَدُ اِنْ كَانَ جِنْسًا الخ : فا হরফে তাফসীল, يفرد ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, ان হরফে শর্ত, كان ফে'লে নাকেস, উহ্য যমীর هو তার ইসম, جنسا খবর। كان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত, জাযা উহ্য রয়েছে। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। لا হরফে ইস্তিছনা, ان মাওসূলে হরফী, يقصد ফে'ল, الانواع

নায়েবে ফায়েল। ফে'ল-তার নায়েবে ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে মুযাফ ইলাইহ। উহ্য وقت মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মুস্তাছনায়ে মুফার্‌রাগ হয়ে মাফউলে ফীহ হয়েছে পূর্বোক্ত يفرد-এর থেকে। يفرد ফে'ল, নায়েবে ফায়েল এবং মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে। واو হরফে আত্‌ফ, يجمع ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, فى হরফে জার, غير মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব হয়েছে يجمع ফে'লের সাথে। يجمع ফে'ল, নায়েবে ফায়েল ও যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে। ثم হরফে আত্‌ফ, ان হরফে শর্ত, كان ফে'লে নাকেস, উহ্য যমীর هو তার ইসম, باء হরফে জার, تنوين মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا-এর সাথে। ثابتا শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে মা'তূফ আলাইহ। باء হরফে জার, نون মুযাফ, التثنية মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا-এর সাথে। ثابتا শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল ও যরফে মুস্তাকার মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে খবর। كان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। جازت ফে'লও الاضافة ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ হয়েছে। واو হরফে আত্‌ফ, لا-এর মধ্যে ان হরফে শর্ত। "لا" নাফিয়া, يكن كذا উহ্য রয়েছে। لايكن ফে'ল, উহ্য যমীর هو তার ইসম, كذا তার খবর। لايكن ফে'লে নাকেস। তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। فاء জাযায়িয়্যাহ, لا নাফীয়া, উহ্য يجز ফে'ল-যমীর هو ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। واو হরফে আত্‌ফ, ان হরফে জার, غير মুযাফ, مقدار মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে يرفعه উহ্যের সাথে। يرفع ফে'ল, যমীর هو ফায়েল, ه যমীর মাফউলে বিহী। ফে'ল, ফায়েল, মাফউলে বিহী ও যরফে মুস্তাকার মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। مثل মুযাফ, خَاتَمَ حَدِيْدًا মুরাদুল্ লফয মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। উহ্য مثاله মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। বিস্তারিত তারকীব– উহ্য هذا মুবতাদা, خاتم মুমায়্যায, حديدا তামঈয। মুমায়্যায ও তামঈয মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায় ইসমিয়্যাহ। واو হরফে ইস্তীনাফ, الخفض মুবতাদা, اكثر খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে।

وَالثَّانِىْ عَنْ نِسْبَةٍ فِىْ جُمْلَةٍ اَوْ مَاضَاهَاهَا مِثْلُ طَابَ زَيْدٌ نَفْسًا وَ زَيْدٌ طَيِّبٌ اَبًا وَاُبُوَّةً وَ دَارًا وَعِلْمًا اَوْ فِىْ اِضَافَةٍ مِثْلُ يُعْجِبُنِىْ طَيِّبُهُ اَبًا وَاُبُوَّةً وَ دَارًا وَعِلْمًا وَلِلّٰهِ دَرُّهُ فَارِسًا -

---

অনুবাদ : দ্বিতীয় প্রকার جملة বা شبه جملة -এর মধ্যস্থিত নিসবত থেকে অস্পষ্টতাকে দূর করে। যেমন- طَابَ زَيْدٌ نَفْسًا (যায়েদ মনের দিক দিয়ে সন্তুষ্ট হয়েছে), زَيْدٌ طَيِّبٌ اَبًا وَاُبُوَّةً وَ دَارًا وَعِلْمًا (যায়েদ সন্তুষ্ট পিতা, পিতৃত্ব, বাড়ি ও বিদ্যার দিক দিয়ে) অথবা (ঐ নিসবত) এযাফতের মধ্যে পাওয়া যাবে। যেমন- يُعْجِبُنِىْ طَيِّبُهُ اَبًا وَاُبُوَّةً وَ دَارًا وَعِلْمًا (পিতা, পিতৃত্ব, বাড়ি ও বিদ্যার দিক দিয়ে তার খুশি আমাকে আশ্চর্যান্বিত করেছে), وَلِلّٰهِ دَرُّهُ فَارِسًا (সে কতই উত্তম মেধাবী)।

ব্যাখ্যা : তামঈযের দ্বিতীয় প্রকারের বর্ণনা : তামঈযের দ্বিতীয় প্রকার ঐ নিসবত থেকে সংশয়কে দূরীভূত করে যা জুমলা বা শিব্‌হে জুমলার মধ্যে পাওয়া যায়। যদি কেউ প্রশ্ন করে, মুসান্নিফ (র.)-এর কথায় বৈপরীত্য পরিলক্ষিত হয়। কারণ, দ্বিতীয় প্রকার ঐ ধরনের তামঈয যা ذات مقدرة থেকে সংশয়কে দূর করে থাকে। আর এখানে ذَاتٌ-এর উল্লেখ করা ব্যতীত শুধু নিসবতকে উল্লেখ করা হয়েছে। আর নিসবত অর্থগত বিষয়, ذات নয়। এ ধরনের বলা উচিত ছিল যে, اَلثَّانِىْ عَنْ ذَاتٍ مُقَدَّرَةٍ نِسْبَةً فِىْ جُمْلَةٍ, যাতে পারস্পরিক বিরোধ দেখা না দেয়। **উত্তর :** طرف نسبة এ সন্দেহ হওয়া নিসবতের মাঝে সন্দেহ হওয়াকে আবশ্যক করে। নিসবতের মধ্য থেকে সংশয়কে দূর করা طرف نسبة থেকে সংশয় দূর করার নামান্তর। তাই মুসান্নিফ (র.) এখানে সংক্ষিপ্ত করার মানসে শুধু عن نسبة বলেছেন। যাতে এর মাধ্যমে অপর একটি ফায়দা অর্জিত হয়ে যায়। তা হলো প্রকৃতপক্ষে প্রথম প্রকার ও দ্বিতীয় প্রকারের মাঝে কেবল নিসবত হওয়ার দিক থেকে গরমিল রয়েছে। ذات উল্লেখ করা বা না করা অনুপাতে নয়। কেননা, কখনো প্রথম প্রকারেও ذات-এর উল্লেখ হয় না। যেমন- نِعْمَ رَجُلًا এখানে رجلا শব্দটি ذات مقدرة থেকে অস্পষ্টতাকে দূর করে। আর তা نعم-এর মধ্যে নিহিত هو যমীর। অতএব, বুঝা যায় তামঈযের উভয় প্রকারের মধ্যে ذات مقدرة ও ذات مذكورة-এর ক্ষেত্রে কোনো পার্থক্য নেই ; বরং পার্থক্য প্রথমটির মধ্যে غير نسبة ও দ্বিতীয়টিতে نسبة থেকে সংশয় দূর করা হয়।

قَوْلُهُ نَحْوُ طَابَ زَيْدٌ نَفْسًا : যদি কেউ প্রশ্ন করে, মেছালটি ممثل له (যার জন্য উদাহরণ প্রদত্ত)-এর মোতাবেক হয়নি। কারণ মুসান্নিফ (র.) জুমলার মধ্যে বিদ্যমান ذات مقدرة-এর মেছাল হিসেবে উপস্থাপন করেছেন ; অথচ তা এর মেছাল নয়। কেননা, মুমায়্যায এখানে زيد উল্লিখিত রয়েছে। উত্তরে বলা যায়, এ উদাহরণে মুমায়্যিয বিলোপ আর তা হলো شئ শব্দ। এটা মূলত طَابَ شَئٌ مَنْسُوْبٌ اِلٰى زَيْدٍ ছিল। شئ -কে বিলোপ করত زيد-কে তদস্থলে রাখা হয়েছে। কেননা, زيد মূলবস্তু। এভাবে উদাহরণটি ذات مقدرة-এর নিমিত্তে হয়েছে। যদি কেউ প্রশ্ন করে, এখনো مثال ও ممثل له-এর মোতাবেক হয়নি। কারণ, ممثل له হলো জুমলার নিসবত থেকে সংশয়কে দূর করা। আর এটি মুসনাদ ইলাইহের সংশয়কে দূর করার উদাহরণ ; নিসবত থেকে সন্দেহ দূর করার দৃষ্টান্ত নয়। কাজেই উভয়ের মধ্যে মিল হয়নি। এর উত্তর পূর্বে আলোচিত হয়েছে যে, طرف نسبة-এর সন্দেহ فى النسبة-এর সন্দেহকে আবশ্যক করে। সুতরাং উক্ত উদাহরণে মুসনাদ ইলাইহ থেকে সংশয়কে দূর করার পাশাপাশি নিসবত থেকেও সংশয় দূর হয়ে যায়।

قَوْلُهُ زَيْدٌ طَيِّبٌ اَبًا وَاُبُوَّةً الخ : এসব উদাহরণে শিবহে জুমলার মধ্যে অধিষ্ঠিত নিসবত থেকে সন্দেহকে দূর করা হয়েছে। যদি কেউ বলে মুসান্নেফ (র.) এখানে এতগুলো উদাহরণ পেশ করার হেতু কি ? **উত্তর :** এতগুলো উদাহরণ

নেওয়ার মাধ্যমে ইঙ্গিত করা হয়েছে যে, منتصب عنه অনুপাতে تمييز পাঁচ প্রকার। কারণ তামঈয হয়ত منتصب عنه -এর উপর সত্তাগতভাবে (بالذات) প্রয়োগ হবে বা হবে না। প্রথমটি অপরের অবকাশ রাখবে বা রাখবে না। দ্বিতীয়টির উদাহরণ– طَابَ زَيْدٌ نَفْسًا ; কেননা, نفس যায়েদের সাথে খাস্ অন্য কারো অবকাশ রাখে না। আর তার উপর সত্তাগতভাবে প্রয়োগ হয়। প্রথমটির উদাহরণ طَابَ زَيْدٌ اَبًا এখানে ابا টি যায়েদের উপর সত্তাগতভাবে প্রয়োগ হয় ; কিন্তু زيد ব্যতীত অন্যেরও অবকাশ রাখে। তামঈযটি منتصب عنه-এর সত্তাগতভাবে প্রয়োগ না হলে তা দু'প্রকার। হয়তো তামঈযকে منتصب عنه-এর সিফাত বানানো জায়েজ হবে অথবা হবে না। প্রথমাবস্থায় অপরের অবকাশ রাখবে কিংবা রাখবে না। প্রথমটির উদাহরণ طاب زيد ابوة দ্বিতীয়টির উদাহরণ– طَابَ زَيْدٌ عِلْمًا ; কেননা, ابوة ও علما উভয়ই زيد-এর সিফাত হতে পারে। তবে ابوة-এর মধ্যে এ অবকাশ রাখে যে, অন্য কারো সিফাতও হতে পারে। علما-এর মধ্যে সেই অবকাশ নেই। দ্বিতীয়বস্থায় তামঈযকে منتصب عنه-এর সিফাত বানানো জায়েজ না হলে তার মধ্যে বিভক্তিকরণ জারি হবে না। পূর্বোক্ত নিয়মে شبه جملة-এর মধ্যে পাঁচটি প্রকার কল্পিত হয়। মুসান্নিফ (র.) সংক্ষেপ করণার্থে نسبة جملة-এর মধ্যে কেবল نفس-কে উল্লেখ করেছেন। বাকিগুলো উল্লেখ করেননি। কারণ এসব প্রকার شبه جملة-এর উদাহরণে বুঝা যায় আর شبه جملة-এর মধ্যে চারটি প্রকারের উল্লেখ করত نفس কে পরিত্যাগ করেছেন। যেহেতু نفس হলো তামঈযসমূহের মধ্যে সর্বাধিক প্রসিদ্ধ। যেমন– طَابَ زَيْدٌ دَارًا ; কেননা, دار শব্দটি منتصب عنه-এর উপর প্রয়োগ হয় না এবং তার সিফাতও নয়।

قَوْلُهُ مِثْلُ يُعْجِبُنِىْ الخ : এ কয়েকটি উদাহরণ ঐ তামঈযের জন্য প্রযোজ্য, যা نسبة اضافية থেকে সংশয়কে দূর করে। তবে এখানে একটি আপত্তি আসে যে, মুসান্নিফ (র.) তামঈযের উভয় প্রকারের উদাহরণ নিয়ে আলোচনান্তে لله دره-কে উল্লেখ করেছেন কেন ? উত্তরে বলা যায় যে, এতদ্বারা উদ্দেশ্য– ঐ সকল নাহুবিদদের রদ করা যারা তামঈয হবার জন্য اسم جامد-কে শর্তারোপ করেছেন। এমনকি কোনো اسم مشتق তামঈযের আকৃতিতে দেখা গেলে তা তামঈয না হলে حال ই হবে। মুসান্নিফ (র.) তাঁদের অভিমতকে প্রত্যাখান করে বলেছেন, তামঈযের মূল উদ্দেশ্য সংশয় দূর করা, চাই اسم مشتق হোক বা جامد হোক। মুসান্নিফ (র.) يُعْجِبُنِىْ طَيِّبُهُ الخ এ দৃষ্টান্তকে পৃথকভাবে উল্লেখ করত এদিকে ইঙ্গিত করেছেন– কতেক নাহুবিদ্দের অভিমত হলো যে, যদি তামঈয যমীর থেকে পতিত হয়, তাহলে প্রথম প্রকার তথা ذات مذكورة-এর অন্তর্ভুক্ত হবে। যেরূপ মুফাস্সাল গ্রন্থকার এ দৃষ্টান্তকে প্রথম প্রকারের অধীনে উল্লেখ করেছেন। মুসান্নিফ (র.)-এর দৃষ্টিতে তা ব্যাখ্যার অবকাশ রাখে। যদি যমীরের মারজি' জানা থাকে তাহলে এটা ذات مقدرة থেকে হবে। কেননা, এমন সময় প্রকৃতপক্ষে মারজা' মুমায়্যায আর তা এখানে উল্লিখিত নেই। পক্ষান্তরে যমীরের মারজা' জানা না থাকলে ذات مذكورة থেকে তামঈয হবে। কেননা, এমতাবস্থায় যমীর মুবহাম এবং উল্লিখিত। আর তা থেকে তামঈয পতিত হয়।

قَوْلُهُ لِلّٰهِ دُرُّهُ فَارِسًا : در শব্দটি باب ضرب ও باب نصر-এর মাসদার। অর্থ–প্রচুর দুধ হওয়া। তার মধ্যে আরববাসীদের জন্য অধিক কল্যাণ নিহিত ছিল। কেননা, তাদের জীবন-যাপন উটের দুধের উপর নির্ভরশীল ছিল বললে অত্যুক্তি হবে না। দুধের প্রাচুর্য, রক্ত, আত্মা ইত্যাদি অর্থেও ব্যবহৃত হয়। আশ্চর্য প্রকাশার্থে ও প্রশংসার ক্ষেত্রে বলা হয়– لله دره অর্থাৎ-তার সৌকুমার্য আল্লাহ প্রদত্ত। বলা হয়ে থাকে لادر دره তার কর্ম সফল না হোক। অভিধান প্রণেতাদের মতে, যখন কোনো মানুষ অধিকভাবে দান করে এবং মানুষ তাতে উপকৃত হয়, তখন বলা হয়ে থাকে لله دره তার প্রচুর দান আল্লাহরই। دُرَّ النَّاقَةُ بِلَبَنِهَا উটনীর প্রচুর দুধ দেওয়া। আর فارسا ইসমে ফায়েলের সীগাহ্ فراسة (যবর যোগে) থেকে নির্গত। অর্থ–ঘোড়া পরিচয়ে পরিপূর্ণ হওয়া। এ পরিপূর্ণতা কারো মাঝে আশ্চর্যজনকভাবে উন্নীত হলে আশ্চর্য প্রকাশের সময়ে তাকে আল্লাহর দিকে সম্বন্ধ করা হয়, যেহেতু তিনি সব আশ্চর্যজনক বস্তুর স্রষ্টা। উদ্দেশ্য হয় শুধু আশ্চর্য প্রকাশ করা। এ দৃষ্টিকোণে উপরোক্ত বাক্যটির অর্থ হবে সে কতই সুদক্ষ ঘোড়া পরিচয়কারী ! আর فراسة শব্দটি সাওয়ার হওয়া অর্থেও এসে থাকে। তখন অর্থ দাঁড়াবে–সে কতই উত্তম সওয়ার। আবার فراسة (যের যোগে) অর্থ– বাইরে দেখে ভিতরের খবর জানা। এম-তাবস্থায় অর্থ দাঁড়ায়–সে কতই উত্তম মেধাবী !

প্রশ্ন : فارسا শব্দটি যমীর থেকে তামঈয হতে পারে না। কেননা, এ কথার উপর সকলে একমত যে, তামঈযকে مفرد تام-ই নসব দেয়। আর উল্লিখিত যমীরে ঐ তিনটি বস্তু থেকে কোনো একটি বিদ্যমান নেই যার কারণে ইসম تام হয়।

জবাব : আমরা এ কথা মানিনা যে, যমীরটি مفرد تام নয়, বরং تام। কেননা, ইসম تام হওয়া বলতে এমন অবস্থার উপর বুঝানো যে অবস্থায় তার এযাফত কারো দিকে বৈধ না হয়। স্পষ্ট যে, উল্লিখিত যমীর এই অর্থের দৃষ্টিতে تام। কেননা, ঐ ইসমে যমীর কারো দিকে মুযাফ হতে পারে না। শায়খ রাযী (র.) বলেছেন যে, ইসম কখনো স্বয়ং تام হয়। যেমন– যমীর, এটাতে এযাফত অসম্ভব।

তারকীব : قَوْلُهُ وَالثَّانِىْ عَنْ نِسْبَةٍ فِىْ جُمْلَةِ الخ واو হরফে আত্ফ, الثانى সিফাত, উহ্য القسم মাওসূফ। মাওসূফ ও সিফাত মিলে মুবতাদা, عن হরফে জার, نسبة মাওসূফ, فى হরফে জার, جملة মা'তূফ আলাইহ, او হরফে আত্ফ, ما মাওসূলা, ضاها ফে'ল, যমীর هو ফায়েল, ها মাফউলে বিহী। ফে'ল, ফায়েল ও মাফউলে বিহী মিলে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে মা'তূফ। جملة মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتة-এর সাথে। ثابتة শিবহে ফে'ল, উহ্য যমীর هى নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে মা'তূফ আলাইহ। او হরফে আত্ফ, فى হরফে জার اضافة -মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتة-এর সাথে। ثابتة শিবহে ফে'ল, উহ্য যমীর هى ফায়েল ও যরফে মুস্তাকার মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে সিফাত। نسبة মাওসূফ ও তার সিফাত মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে يرفعه-এর সাথে। يرفع ফে'ল, উহ্য যমীর هو ফায়েল , ه যমীর মাফউলে বিহী ও যরফে মুস্তাকার মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। نحو মুযাফ, طَابَ زَيْدٌ نَفْسًا মুরাদুল্ লফ্য মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, ابا طيب মা'তূফ, واو হরফে আত্ফ, ابوة তার উহ্য অংশসহ মা'তূফ, واو হরফে আত্ফ, دارا তার উহ্য অংশসহ মা'তূফ, واو হরফে আত্ফ, علما তার উহ্য অংশসহ মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে মুযাফ ইলাইহ। মুযাফ তার মুযাফ ইলাইহ কে নিয়ে খবর। উহ্য مثاله মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

قَوْلُهُ طَابَ زَيْدٌ نَفْسًا الخ : طَابَ ফে'ল, زيد ফায়েল, نفسا নিসবত থেকে তামঈয। ফে'ল, ফায়েল ও তামঈয মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। زيد মুবতাদা, طيب সিফাতে মুশাব্বাহ-উহ্য যমীর هو ফায়েল, ابا নিসবত থেকে তামঈয, طيب সিফাতে মুশাব্বাহ তার ফায়েল ও তামঈয মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। طَابَ زَيْدٌ طَيِّبٌ اُبُوَّةً অথবা زَيْدٌ اُبُوَّةً ابوة হয়ত মূল ইবারত উহ্য মেনে অনুরূপ তারকীব করতে হবে। دَارًا وَعِلْمًا-এর মধ্যে অনুরূপ তারকীব হবে।

قَوْلُهُ مِثْلُ يُعْجِبُنِىْ طَيِّبُهُ اَبًا الخ : مثل মুযাফ, يُعْجِبُنِىْ طَيِّبُهُ اَبًا মুরাদুল্লফ্য মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, اُبُوَّةً (يُعْجِبُنِىْ طَيِّبُهُ) دَارًا মা'তূফ, واو হরফে আত্ফ, (يُعْجِبُنِىْ طَيِّبُهُ) মা'তূফ,واو হরফে আত্ফ, عِلْمًا (يُعْجِبُنِىْ طَيِّبُهُ) মা'তূফ, واو হরফে আত্ফ, لِلّٰهِ دُرُّهُ فَارِسًا মুরাদুল্লফয মা'তূফ। মা'তূফ আলাইহ-তার মা'তূফসমূহের সাথে মিলে মুযাফ ইলাইহ। مثل মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله মুবতাদা মাহ্যূফ। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। বিস্তারিত তারকীব– يعجب ফে'ল, نون وقاية يائے متكلم মাফউলে বিহী, طيب মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। ابا নিসবত থেকে তামঈয। মুযাফ,মুযাফ ইলাইহ ও তামঈয মিলে ফায়েল। يعجب ফে'ল, ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। وعلما ابوة ودارا এ গুলোর অনুরূপ তারকীব হবে।

قَوْلُهُ لِلّٰهِ دُرُّهُ فَارِسًا : لام হরফে জার, الله মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت শিবহে ফে'লের সাথে। ثابت শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে মুকাদ্দাম। در মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। فارسا নিসবত থেকে তামঈয। মুযাফ, তার মুযাফ ইলাইহ ও তামঈয মিলে মুবতাদায়ে মুয়াখ্খার। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

ثُمَّ اِنْ كَانَ اِسْمًا يَصِحُّ جَعْلُهُ لِمَا اِنْتَصَبَ عَنْهُ جَازَ اَنْ يَّكُوْنَ لَهُ وَلِمُتَعَلَّقِهِ وَاِلَّا فَهُوَ لِمُتَعَلَّقِهِ فَيُطَابِقُ فِيْهِمَا مَا قُصِدَ اِلَّا اِذَا كَانَ جِنْسًا اِلَّا اَنْ يُّقْصَدَ الْاَنْوَاعُ وَاِنْ كَانَ صِفَةً كَانَتْ لَهُ وَطِبْقَهُ وَاحْتَمَلَتِ الْحَالَ وَلَا يَتَقَدَّمُ التَّمْيِيْزُ عَلٰى عَامِلِهِ وَالْاَصَحُّ اَنْ لَّا يَتَقَدَّمَ عَلَى الْفِعْلِ خِلَافًا لِلْمَازِنِىْ وَالْمُبَرِّدِ-

---

অনুবাদ : অতঃপর তামঈয যদি এমন اسم ذات হয়, যাকে منتصب عنه -এর জন্য করা শুদ্ধ হবে, তবে তাকে منتصب عنه এবং এর متعلق উভয়ের জন্য করে দেওয়া জায়েজ (উভয়ের প্রত্যেকটির জন্য তামঈয বানানো বৈধ)। নতুবা এটা তার (منتصب عنه) متعلق -এর জন্য খাস হবে। উভয় সুরতে তামঈয মাকসূদানুযায়ী (দ্বি-বচন ও বহুবচন) হবে; কিন্তু جنس হলে মাকসূদানুযায়ী হবে না। তবে نوع সমূহ উদ্দেশ্য হলে (তখন মোতাবেক করবে), যদি তামঈয সিফাত হয়, তবে منتصب عنه-এর জন্য মাকসূদ মোতাবেক (দ্বিবচন ও বহুবচন) হবে। আর এটা (সিফাত) حال-এর অবকাশ রাখে। তামঈয তার আমেলের পূর্বে আসে না। বিশুদ্ধতম অভিমত হলো ফে'লের উপর (তামঈয) মুকাদ্দাম হয় না। মাযনী ও মুবার্‌রাদ (নাহুবিদরা) দ্বি-মত পোষণ করেছেন।

ব্যাখ্যা : তামঈয যদি এমন اسم غير صفة হয়, যাকে منتصب -এর উপর প্রয়োগ করা শুদ্ধ অথবা منتصب عنه-এর সিফাত হতে পারে, তাহলে দু'ধরনের পড়া জায়েজ। হয়ত منتصب عنه-এর জন্য খাস হবে কিংবা منتصب عنه-এর মুতা'আল্লাকের জন্য খাস হবে। এখানে একটি আপত্তি উত্থাপিত হয় যে, মুসান্নিফ (র.)-এর উক্তি اِنْ كَانَ اِسْمًا يَصِحُّ جَعْلُهُ لِمَا اِنْتَصَبَ لَهُ وَلِمُتَعَلِّقِهِ হলো কাযিয়া শর্তিয়্যাহ মুত্তাসিলা লুযূমিয়া, এটা এত্তেফাকীয়া নয়। কেননা, কাযিয়া এত্তেফাকীয়া প্রমাণ উপস্থাপনের ক্ষেত্রে গ্রহণযোগ্য নয়। কাজিয়া শর্তিয়্যাহ মুত্তাসিলা লুযূমিয়্যাহ এমন একটি কাযিয়াকে বলা হয়, যাতে تالى ও مقدم -এর পরস্পর সম্পর্কের হুকুম আরোপ করা হয়। যেমন- اِنْ كَانَتِ الشَّمْسُ طَالِعَةً فَالنَّهَارُ مَوْجُوْدٌ এখানে طُلُوْعُ الشَّمْسِ মুকাদ্দামটি وُجُوْدُ النَّهَارِ তালীকে আবশ্যক করে এবং পরস্পরের মাঝে সম্পর্কের হুকুম রয়েছে। এর উপর ভিত্তি করে আবশ্যক হয় যে, যেখানে তামঈযের প্রয়োগ منتصب عنه -এর উপর হয় কিংবা তামঈযের সাথে منتصب عنه গুণান্বিত হওয়া বৈধ হয়, সেখানে তামঈযটি منتصب عنه-এর জন্য এবং কখনো منصب عنه-এর মুতা'আল্লাকের জন্য হওয়া আবশ্যক হবে; অথচ কতেক স্থানে উক্ত হামল (حمل) ও গুণান্বিত (اتصاف) হওয়া বৈধতার পাশাপাশি তামঈযটা منتصب عنه-এর জন্য হয়ে থাকে, তার মুতা'আল্লাকের জন্য নয়। যেমন- طَابَ زَيْدٌ نَفْسًا وَعِلْمًا ।

উত্তর : মুসান্নিফ (র.)-এর উক্তিতে يصح শব্দটি يمكن অর্থে আর امكان দু'প্রকার। যথা- (১) امكان خاص (২) وَهِىَ الَّتِىْ حُكِمَ فِيْهَا بِارْتِفَاعِ امكان خاص দ্বারা امكان خاص উদ্দেশ্য। আর امكان خاص হলো الضَّرُوْرَةِ الْمُطْلَقَةِ عَنْ جَانِبَىِ الْوُجُوْدِ وَ الْعَدَمِ جَمِيْعًا অর্থাৎ এটা ঐ কাযিয়া যাতে وجود ও عدم উভয়টির সাধারণ আবশ্যকতা বিদূরীত করণের হুকুম আরোপ করা হয়েছে। গ্রন্থকারের উক্তি يَصِحُّ جَعْلُهُ لِمَا اِنْتَصَبَ عَنْهُ-এর অর্থ হবে- তামঈযকে منتصب عنه-এর উপর হামল করা এবং তাকে منتصب عنه-এর সিফাত বানানো জরুরি নয়। আবার হামল না হওয়া ও গুণান্বিত না হওয়া জরুরি। অর্থাৎ তামঈযকে منتصب عنه -এর জন্য করা না করা কোনোটি জরুরি নয়। সুতরাং عدم ضرورة দ্বারা ঐ প্রক্রিয়া বের হয়ে যাবে, যার মধ্যে عدم جعل ওয়াজিব। যথা- طَابَ زَيْدٌ دَارًا এ সময় قضية شرطية -এর হুকুমে শুধু ابا ও ابوة বাকি রয়েছে। এ দু'টি এমন তামঈয যা منتصب عنه ও متعلق منتصب عنه উভয়টি দ্বারা হতে পারে।

قَوْلُهُ ثُمَّ اِنْ كَانَ اِسْمًا الخ : নিসবত থেকে যে তামঈয পতিত হয় তা দু'অবস্থা থেকে মুক্ত হবে না। হয়তো তা ইসম বা সিফাত হবে, যদি সিফাত হয় তবে منتصب عنه-এর সাথে খাস হবে এবং একবচন, দ্বিবচন, বহুবচন, পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ হবার ক্ষেত্রে منتصب عنه -এর মোতাবেক হবে। আর ইসম হলে দু'অবস্থা থেকে খালি নয়। হয়ত তার প্রয়োগ منتصب عنه-এর উপর সঠিক হবে এভাবে যে, منتصب عنه-কে মুবতাদা ও ঐ ইসমকে খবর সাব্যস্ত করা যায় অথবা منتصب عنه -এর উপর হামল করা শুদ্ধ হবে না।

قَوْلُهُ جَازَ اَنْ يَّكُوْنَ لَهُ وَلِمُتَعَلِّقِهِ الخ : এ তামঈয কারীনা অনুপাতে কখনও منتصب عنه -এর জন্য আবার কখনো তার মুতা'আল্লাকের জন্য হবে। এটা বৈধ যে, তামঈয কখনও ঐ ذات থেকে সংশয়কে দূর করে যা নিসবতের মধ্যে উহ্য থাকে। এর দ্বারা উদ্দেশ্যে ঐ ذات যা منتصب عنه- আবার কখনো ঐ ذات থেকে সংশয় দূর করে, যা নিসবতের মধ্যে উহ্য হয় এবং এর দ্বারা منتصب عنه-এর মুতা'আল্লাক উদ্দেশ্য। যেমন- طَابَ زَيْدٌ اَبَا ; এ উদাহরণে اب ইসম এবং তাকে منتصب عنه-এর উপরও হামল করা যায়। তাইতো اب زيد বলা সঠিক হবে। এমতাবস্থায় এ তামঈয কখনো منتصب عنه -এর জন্য হবে, কখনও তার মুতা'আল্লাকের জন্য হবে। প্রথমাবস্থায় অর্থ দাঁড়ায়-যায়েদ উত্তম পিতা। দ্বিতীয়াবস্থায় অর্থ হয়- যায়েদের পিতা উত্তম।

قَوْلُهُ وَاِلَّا فَهُوَ لِمُتَعَلِّقِهِ الخ : তামঈয যদি এমন ইসম হয়, যাকেمنتصب عنه -এর উপর প্রয়োগ করা সঠিক হয় না, তবে ঐ তামঈযটি منتصب عنه -এর মুতায়াল্লকের জন্য খাস হবে। যেমন- طَابَ زَيْدًا اُبُوَّةً -এর মধ্যে ابوة এমন ইসম যাকে منتصب عنه-এর উপর হামল করা বৈধ নয়। কেননা, زيد ابوة বলা বৈধ নয়। তাই ابوة টি منتصب عنه -এর মুতা'আল্লাকের সাথে খাস। মূলরূপ হবে- طَابَ شَيْءٌ زَيْدٌ وَهُوَ الْاُبُوَّةُ একইভাবে طاب زيد علما ودارا -এর মধ্যে علما ও دارا-এর অবস্থা। উভয়টি منتصب عنه-এর মুতায়াল্লকের সাথে নির্দিষ্ট।

قَوْلُهُ فَيُطَابِقُ فِيْهِمَا مَا قُصِدَ الخ : এটা উহ্য শর্তের জাযা। অর্থাৎ اِذَا كَانَ كَذَا فَيُطَابِقُ الخ এখানে তামঈয সর্বাবস্থায় চাই منتصب عنه-এর জন্য হোক বা শুধু তার মুতা'আল্লাকের জন্য হোক, উদ্দেশ্য অনুপাতে দ্বি-বচন ও বহুবচন নেওয়া হবে। জেনে রাখা উচিত, তামঈয দু'প্রকার। যথা-

প্রথম প্রকার : ঐ তামঈয, যা منتصب عنه -এর যোগ্যতা রাখে চাই এটা منتصب عنه -এর সাথে খাস হোক। যেমন- طَابَ زَيْدٌ نَفْسًا অথবা منتصب عنه ও তার মুতা'আল্লাক উভয়ের জন্য পর্যায়ক্রমে প্রযোজ্য হতে পারে। যেমন- طَابَ زَيْدٌ اَبًا ।

দ্বিতীয় প্রকার : ঐ তামঈয যা মোটেই منتصب عنه-এর যোগ্যতা রাখে না; বরং তার মুতা'আল্লাকের সাথে খাস হয়। যেমন- طَابَ زَيْدٌ اُبُوَّةً وَعِلْمًا وَدَارًا গ্রন্থকারের উক্তি ماقصد-এর দ্বারা বুঝানো হয়েছে বক্তা তামঈয দ্বারা যা উদ্দেশ্য করে অর্থাৎ- একবচনের জন্য তামঈয একবচন, দ্বিবচনের জন্য দ্বি-বচন এবং বহুবচনের জন্য বহুবচন নেওয়া হবে। কখনো কখনো একবচন, দ্বি-বচন ও বহুবচন منتصب عنه অনুপাতে নেওয়া হয়, কখনো তামঈযের অর্থানুপাতে নেওয়া হয়। প্রথমটির উদাহরণ- طَابَ الزَّيْدُوْنَ ، طَابَ الزَّيْدَانِ نَفْسَيْنِ ، طَابَ زَيْدٌنَفْسًا نُفُوْسًا ; এগুলোতে তামঈযকে منتصب عنه অনুপাতে নেওয়া হয়েছে এবং তামঈযটি তার সাথে খাসও বটে। এই তামঈয অর্থের দৃষ্টিকোণে শুধু একবচন ذات شيء এটা প্রত্যেক ব্যক্তির জন্য একটিই হয়ে থাকে। কাজেই طَابَ زَيْدٌ نَفْسَيْنِ অথবা طَابَ زَيْدٌ نُفُوْسًا বলা জায়েজ নেই। منتصب عنه -এর সাথে খাস হয় না ; বরং উভয়ের অবকাশ রাখে এমন তামঈযের উদাহরণ- طَابَ الزَّيْدُوْنَ اٰبَاءً ، طَابَ الزَّيْدَانِ اَبَوَيْنِ ، طَابَ زَيْدٌ اَبَا এ সব উদাহরণেও তামঈযকে منتصب عنه-এর মোতাবেক নেওয়া হয়েছে। তবে এগুলোতে তামঈয منتصب عنه ও তার মুতা'আল্লাক উভয়ের জন্য হওয়ার অবকাশ রাখে। এ উদাহরণসমূহ اب-কে অর্থানুপাতে দ্বিবচন ও বহুবচনও নেওয়া যাবে। যথা- طَابَ زَيْدٌ اٰبَاءً ، طَابَ زَيْدٌ اَبَوَيْنِ ، طَابَ زَيْدٌ اَبًا

قَوْلُهُ اِلَّا اِذَا كَانَ جِنْسًا فِيْطَابِقُ التَّمْيِيْزُ فِى الصُّوْرَتَيْنِ مَا , مستثنى مفرغ , উহ্য ইবারত হবে- قُصِدَ فِىْ جَمِيْعِ الْاَوْقَاتِ اِلَّاوَقْتَ كَوْنِ التَّمْيِيْزِ جِنْسًا উভয় সুরতে তামঈয সর্বদা উদ্দেশ্য অনুপাতে হবে, তবে যখন

তামঈযটি جنس হয় তখন এরূপ হয় না। কারণ جنس কমবেশির উপর প্রয়োগ হয়। তাই তামঈযটি جنس হওয়া অবস্থায় দ্বিবচন, বহুবচন উদ্দেশ্য নেওয়া হলেও একবচনই যথেষ্ট। যেমন- طَابَ الزَّيْدُوْنَ عِلْمًا، طَابَ الزَّيْدَانِ عِلْمًا، طَابَ زَيْدٌ عِلْمًا

قوله اِلَّا اَنْ يُّقْصَدَ الْاَنْوَاعُ الخ : এটাও مستثنى مفرغ ; তামঈযটি جنس হলে সর্বাবস্থায় একবচন নেওয়া হয়, তবে انواع উদ্দেশ্য হলে তামঈযটি উদ্দেশ্য অনুপাতে হবে। চাই দু' বা ততোধিক হোক, কারণ جنس مفرد টা দু' বা তততাধিক انواع-এর উপর বুঝায় না। যেমন- طَابَ الزَّيْدَانِ عُلُوْمًا ، طَابَ الزَّيْدَانِ عِلْمَيْنِ

قَوْلُهٗ وَاِنْ كَانَ صِفَةً كَانَتْ لَهٗ الخ : ঐ তামঈয, যা নিসবত থেকে সংশয়কে দূর করে, যদি তা صفة مشتقة হয়। যেমন- لِلّٰهِ دُرُّهٗ فَارِسًا -صفة مشتقة অথবা كَفٰى زَيْدٌ رَجُلًا এটার তাবীল হলো- كَفٰى زَيْدٌ كَامِلًا فِى الرُّجُوْلَةِ এ ধরনের তামঈয صفة مشتقة হওয়া অবস্থায় منتصب عنه -এর সাথে খাস হবে এবং তার সিফাত সাব্যস্ত করা হবে। যেমন- طَابَ زَيْدٌ وَالِدًا -এ উদাহরণে والدا শব্দটি منتصب عنه -এর উপর ব্যবহৃত।

قَوْلُهٗ وَطَبْقَهٗ وَاحْتَمَلَتِ الْحَالُ الخ : এখানে وطبقه হলো মাফউলে মা'আহু। طبق মাস্‌দারটির অর্থ- মোতাবেক হওয়া। এটার এযাফত মাফউলের দিকে এবং ফায়েল পরিত্যক্ত। উহ্য ইবারত مع مطابقة تلك الصفة المنتصب عنه অথবা এযাফতটি ফায়েলের দিকে হবে এবং মাফউল পরিত্যক্ত। অর্থাৎ مع مطابقة المنتصب عنه تلك الصفة বাক্যের বাচনভঙ্গির দৃষ্টিকোণে প্রথম অর্থ উত্তম।

قَوْلُهٗ وَاحْتَمَلَتِ الْحَالُ : এটা كانت له -এর উপর আত্‌ফ। অর্থাৎ احتملت الحال صفة التمييز ان كان কারণ, حال -এর অবস্থায়ও অর্থ শুদ্ধ হবে। যেমন- طَابَ زَيْدٌ فَارِسًا (যায়েদ উত্তম ঘোড়-সওয়ার বা যায়েদ ঘোড় সওয়ার অবস্থায় উত্তম)।

قَوْلُهٗ لَايَتَقَدَّمُ التَّمْيِيْزُ الخ : এখানে আমেলের অবস্থা বর্ণনা করা হচ্ছে। নাহুবিদরা এ কথার উপর একমত যে, তামঈয তার আমিল তথা اسم تام-এর উপর মুকাদ্দাম হয় না। কাজেই زَيْتًا رِطْلٌ ও عِنْدِىْ دِرْهَمًا عِشْرُوْنَ বলা সঠিক হবে না।

তামঈযকে তার আমিলের উপর মুকাদ্দাম করা যাবে কিনা : তামঈয তার আমেলের উপর মুকাদ্দাম হবে না। কেননা, তার আমিল হয় ইসমে تام আর তা দুর্বল আমিল। যদি তার মা'মূল আমিলের পূর্বে আসে তবে তা আমল করতে পারবে না। এ বিবরণ থেকে সন্দেহ সৃষ্টি হয় যে, ফে'ল শক্তিশালী আমিল হবার কারণে যদি তামঈযের আমিল ফে'ল হয়, তাহলে তামঈয তার পূর্বে আসতে বাধা নেই। এ সন্দেহের অপনোদন কল্পে মুসান্নিফ (র.) বলেছেন- وَالْاَصَحُّ اَنْ لَا يَتَقَدَّمَ عَلَى الْفِعْلِ অর্থাৎ প্রণিধানযোগ্য অভিমত-তামঈয ফে'লের উপর মুকাদ্দাম হবে না। কেননা, তামঈয প্রকৃতপক্ষে ফায়েলের ফে'ল আর ফায়েল ফে'লের পূর্বে আসে না।

قَوْلُهٗ خِلَافًا لِلْمَازِنِىِّ الخ : নাহুবিদ মাযনী ও মুবার্‌রাদের মতে দ্বিতীয়াবস্থায় যখন আমিলটি ফে'ল হয়, তখন তামঈযকে ফে'লের উপর মুকাদ্দাম করা বৈধ। কেননা, যদিও অর্থগতভাবে ফায়েল ; কিন্তু যবর বিশিষ্ট হবার কারণে তার ফায়েল বাকি থাকে না। এটা অতিরিক্ত বস্তুর মতো। আর ফে'লটি শক্তিশালী আমিল। এটা তার দৃঢ় আমিলের কারণে মুকাদ্দাম ও মুয়াখ্‌খার উভয়াবস্থায় আমল করতে পারে।

তারকীব : قَوْلُهٗ ثُمَّ اِنْ كَانَ اِسْمًا يَصِحُّ جَعْلُهٗ لِمَا اِنْتَصَبَ عَنْهُ الخ : ثم হরফে আত্‌ফ, ان হরফে শর্ত, كان ফে'লে নাকেস, যমীর هو তার ইসম, اسما মাওসূফ, يصح ফে'ল, جعل মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ, لام হরফে জার, ما ইসমে মাওসূল, انتصب ফে'ল, উহ্য যমীর هو ফায়েল, عن হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। انتصب ফে'ল, ফায়েল ও যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا-এর সাথে। ثابتا শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে মাফউলে ছানী। جعله-এর মধ্যে ه যমীল মাফউলে আউওয়াল, جعل মাসদার,তার উভয় মাফউল মিলে ফায়েল। يصح ফে'ল ও ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়ে সিফাত। اسما মাওসূফ ও তার সিফাত মিলে খবর। كان ফে'লে নাকেস, তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে شرط। جاز ফে'ল, ان মাওসূলে হরফী (নাসেবা), يكون ফে'লে নাকেস, যমীর هو তার ইসম, لام হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে

মুস্তাকার হয়েছে ثابتا- এর সাথে। ثابتا শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে মা'তূফ আলাইহ, او হরফে আত্ফ, لام হরফে জার, متعلق মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا-এর সাথে। ثابتا শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে খবর। يكون তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূলে হরফী-তার সেলাহ মিলে ফায়েল। جاز ফে'ল এবং তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। واو হরফে আত্ফ, لا-এর মধ্যে ان হরফে শর্ত, لا নাফিয়া, يكن كذا উহ্য রয়েছে। لا يكون ফে'ল, যমীর هو তার ইসম, كذا তার খবর। ফে'লে নাকেস-তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। فاء জাযায়িয়্যাহ, هو মুবতাদা, لام হরফে জার, متعلق মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت-এর সাথে। ثابت শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ হয়েছে। فاء তাফসীলের জন্য, يطابق ফে'ল, যমীর هو ফায়েল, فى হরফে জার, هما মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। ما মাওসূলা, قصد ফে'ল ও যমীর هو নায়েবে ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে মাফউলে বিহী। لا হরফে ইস্তিছনা, اذا ইসমে যরফে যমান মুযাফ, كان ফে'লে নাকেস, যমীর هو তার ইসম, جنسا তার খবর। كان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মুযাফ ইলাইহ। اذا মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুস্তাছনায়ে মুফার্‌রাগ হয়ে মাফউলে ফীহ। يطابق ফে'ল, তার ফায়েল, মাফউলে বিহী, যরফে লগ্ব ও মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। لا হরফে ইস্তিছনা, ان নাসেবা মাওসূলে হরফী, يقصد ফে'ল, الانواع নায়েবে ফায়েল। ফে'ল ও তার নায়েবে ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূলে হরফী ও তার সেলাহ মিলে মুযাফ ইলাইহ। উহ্য وقت মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মুস্তাছনায়ে মুফার্‌রাগ হয়ে মাফউলে ফীহ ছানী হয়েছে يطابق ফে'লের। واو হরফে আত্ফ, ان হরফে শর্ত, كان ফে'লে নাকেস, যমীর هو তার ইসম, صفة খবর। كان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। كانت ফে'লে নাকেস, যমীর هى তার ইসম, لام হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتة-এর সাথে। ثابتة শিবহে ফে'ল, উহ্য যমীর هى নায়েবে ফায়েল। واو مع টি অর্থে ব্যবহৃত, طبق মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে মা'আহু। ثابتة শিবহে ফে'ল, তার নায়েবে ফায়েল, যরফে মুস্তাকার ও মাফউলে মাআহ মিলে খবর। كانت তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ, احتملت ফে'ল, উহ্য যমীর هى ফায়েল الحال মাফউলে বিহী। ফে'ল, ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে আত্ফ হয়েছে জাযার উপর। واو হরফে ইস্তীনাফ, لايتقدم ফে'ল, التمييز ফায়েল, على হরফে জার, عامل মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। لا يتقدم ফে'ল, তার ফায়েল ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ, الاصح শিবহে ফে'ল ও উহ্য যমীর هو ফায়েল মিলে সিফাত। উহ্য القول মাওসূফ-তার সিফাত মিলে মুবতাদা। ان নাসেবা মাওসূলে হরফী, لايتقدم ফে'ল, উহ্য যমীর هو ফায়েল, على হরফে জার, الفعل মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। لايتقدم ফে'ল-তার ফায়েল ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূলে হরফী ও তার সেলাহ মিলে বতাবীলে মুফরাদ খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। خلافا মাফউলে মুতলাক, তার ফে'ল خالف উহ্য রয়েছে। خالف ফে'ল, উহ্য যমীর هو ফায়েল ও মাফউলে মুতলাক মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। ل হরফে জার, المازنى মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, المبرد মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتة-এর সাথে। ثابتة শিবহে ফে'ল, উহ্য যমীর هى ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর, ارادتى উহ্য রয়েছে। ارادة মুযাফ, يائے متكلم মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে।

اَلْمُسْتَثْنٰى مُتَّصِلٌ وَمُنْقَطِعٌ فَالْمُتَّصِلُ هُوَ الْمَخْرَجُ عَنْ مُتَعَدِّدٍ لَفْظًا اَوْ تَقْدِيْرًا بِاِلَّا وَاَخَوَاتِهَا وَالْمُنْقَطِعُ الْمَذْكُوْرُ بَعْدَهَا غَيْرَ مُخْرَجٍ وَهُوَ مَنْصُوْبٌ اِذَا كَانَ بَعْدَ اِلَّا غَيْرِ الصِّفَةِ فِىْ كَلَامٍ مُوْجَبٍ اَوْ مُقَدَّمًا عَلَى الْمُسْتَثْنٰى مِنْهُ اَوْ مُنْقَطِعًا فِى الْاَكْثَرِ اَوْ كَانَ بَعْدَ خَلَا وَعَدَا فِى الْاَكْثَرِ اَوْ مَاخَلَا وَمَاعَدَا وَلَيْسَ وَلَايَكُوْنُ وَيَجُوْزُ فِيْهِ النَّصْبُ وَيُخْتَارُ الْبَدْلُ فِىْ مَابَعْدَ اِلَّا فِىْ كَلَامٍ غَيْرِ مُوْجَبٍ وَ ذُكِرَ الْمُسْتَثْنٰى مِنْهُ مِثْلُ مَافَعَلُوْهُ اِلَّا قَلِيْلٌ وَاِلَّا قَلِيْلًا وَيُعْرَبُ عَلٰى حَسْبِ الْعَوَامِلِ اِذَا كَانَ الْمُسْتَثْنٰى مِنْهُ غَيْرَ مَذْكُوْرٍ وَهُوَ فِىْ غَيْرِ الْمُوْجَبِ لِيُفِيْدَ مِثْلُ مَاضَرَبَنِىْ اِلَّا زَيْدٌ اِلَّا اَنْ يَّسْتَقِيْمَ الْمَعْنٰى مِثْلُ قَرَاْتُ اِلَّا يَوْمَ كَذَا-

---

অনুবাদ : المستثنى (দু'প্রকার) متصل ও منقطع -অতঃপর المتصل ঐ মুস্তাছনাকে বলা হয়, যাকে ৸। ও তার সমগোত্রীয় দ্বারা শাব্দিক বা উহ্যভাবে বহুসংখ্যক হতে বের করা হয়। المنقطع ঐ মুস্তাছনাকে বলা হয়; যা ৸। ও তার সমগোত্রীয়ের পরে উল্লিখিত হয় এমতাবস্থায় যে, তা বহুসংখ্যক হতে নির্গত নয়। এটা (মুস্তাছনা) যবর বিশিষ্ট হয়, যদি كلام موجب (হ্যাঁ-বোধক বাক্য)-এ গায়রে সিফাতী ৸।-এর পরে পতিত হয় অথবা মুস্তাছনা মিনহু'র উপর মুক্বাদ্দাম হয় অথবা অধিকাংশ নাহুবিদের মতে منقطع হয় অথবা অধিকাংশদের মতে خَلَا ও عَدَا-এর পরে আসে কিংবা مَاخَلَا، مَاعَدَا ও لَيْسَ، لَايَكُوْنُ-এর পরে আসে। যদি মুস্তাছনা كلام غير موجب (না-বোধক বাক্য)-এ اِلَّا-এর পরে আসে এবং মুস্তাছনা মিনহু উল্লেখ থাকে, তবে তাতে নসব দেওয়া বৈধ এবং بدل হিসেবে ই'রাব দেওয়া উত্তম। যেমন- مَا فَعَلُوْهُ اِلَّا قَلِيْلٌ وَاِلَّا قَلِيْلًا আমিল অনুযায়ী মুস্তাছনাকে ই'রাব দেওয়া হয়, যখন মুস্তাছনা মিনহু অনুল্লিখিত থাকে এমতাবস্থায় যে, তা كلام غير موجب (না-বোধক বাক্য) এ হয় ; যাতে বিশুদ্ধ অর্থের ফায়দা প্রদান করে। যেমন- مَا ضَرَبَنِىْ اِلَّا زَيْدٌ (আমাকে যায়েদ ব্যতীত অন্য কেউ প্রহার করেনি), তবে كلام موجب-এর মধ্যেও অর্থ সঠিক হলে (মুস্তাছনাকে আমিল অনুপাতে ই'রাব দেওয়া হয়)। যেমন- قَرَاْتُ اِلَّا يَوْمَ كَذَا (আমি অমুক দিন ব্যতীত প্রত্যেক দিন পড়েছি।)

ব্যাখ্যা : منصوبات -এর একটি প্রকার হলো المستثنى ; পূর্বোক্ত বাচনভঙ্গির কারণে এখানেও ومنه উহ্য থাকা বুঝা যায়। ومنه-এর মধ্যে واو হরফে আত্ফ এবং منه খবরে মুকাদ্দাম। مستثنى দু'প্রকার। (১) متصل (২) منقطع ; যদি কেউ প্রশ্ন করে, مستثنى-এর সংজ্ঞার পূর্বে তার প্রকরণ বর্ণনা করার কারণে অপরিচিত বস্তুকে বিভক্ত করা আবশ্যক হয়। **উত্তর :** এখানে অপরিচিত বস্তুর প্রকার বর্ণনা করা লাযেম আসে না। যদি مخاطب (সম্বোধিত ব্যক্তি) মুস্তাছনা সর্ম্পকে জানে না, বলে ধরে নেওয়া হয় তাতে বক্তারও জানা না থাকা আবশ্যক হয় না। কেননা, বক্তার বর্ণনা না করা-না জানার দলিল হতে পারে না। অধিকন্তু কেউ এ কথা বলতে পারে যে, বক্তার জানা থাকা সত্ত্বেও মুস্তাছনার পরিচয় প্রদান করেননি কেন? তদুত্তরে বলা যায়- মুস্তাছনার এ প্রকারদ্বয়ের সংজ্ঞা থেকে মুসান্নিফ (র.) তাকে পৃথকভাবে উল্লেখ করার প্রয়োজনীয়তা অনুভব করেননি।

قَوْلُهُ فَالْمُتَّصِلُ هُوَ الخ : مستثنى متصل-এর পরিচয় হলো, এমন একটি মুস্তাছনা– যাকে اِلَّا ও তার গোত্রীয় শব্দ দ্বারা বহুসংখ্যক থেকে বের করা হয়। চাই ঐ বহুসংখ্যক বস্তু তথা مستثنى منه শাব্দিকভাবে হোক কিংবা উহ্যভাবে। مَا جَاءَنِىْ -مستثنى منه প্রকাশ্য হবার উদাহরণ– جَاءَنِى الْقَوْمُ اِلَّا زَيْدًا আর مستثنى منه উহ্য হলে তার উদাহরণ- اِلَّا زَيْدًا ; যদি কেউ প্রশ্ন করে, هو المخرج ইবারত দ্বারা কি উদ্দেশ্য ? المخرج দ্বারা মুস্তাছনাকে বহুসংখ্যকের অন্তর্ভুক্তি (شمول متعدد) থেকে বের করা উদ্দেশ্য, নাকি বহু সংখ্যকের হুকুম (حكم متعدد) থেকে বের করা উদ্দেশ্য। প্রথমাবস্থা গ্রহণযোগ্য নয়। কেননা, তা متعدد থেকে ইস্তিছনার পরেও মুস্তাছনাকে শামিল করে। আর দ্বিতীয়াবস্থাও গ্রহণ করার মতো নয়। কারণ, তাকে মেনে নেওয়া হলে বৈপরীত্ব (تناقض) আবশ্যক হয়। কেননা, اخراج (বের করা) হলো دخول (প্রবিষ্ট হওয়া) এর শাখা। এটা কিভাবে হতে পারে (?) মুস্তাছনা حكم متعدد-এর মধ্যে দাখিলও রয়েছে, আবার বিহর্ভূতও ? **উত্তর :** মুসান্নিফ (র.)-এর উক্তি هو المخرج عن متعدد-এর রূপকার্থ منع دخوله فى المتعدد بالا واخواتها ; এ অর্থ গ্রহণ করা হলে কোনো সমস্যা থাকে না।

مستثنى منقطع ঐ মুস্তাছনা- যা اِلَّا ও তার সমগোত্রীয় শব্দের পরে উল্লিখিত হয় مستثنى منه -এর অন্তর্ভুক্ত বস্তু এবং তা বহুসংখ্যক থেকে বের করা হয়নি। যেমন– مَاجَاءَنِىْ اَحَدٌ اِلَّا حِمَارًا ; এ উদাহরণে গাধা احد-এর মধ্যে থেকে কোনো কিছু নয় এবং এর শ্রেণীভুক্তও নয়।

قَوْلُهُ وَهُوَ مَنْصُوْبٌ اِذَا كَانَ الخ : মুসান্নিফ (র.) মুস্তাছনার প্রকারদ্বয়ের বর্ণনার পর মুস্তাছনার ই'রাব বর্ণনা করেছেন। পাঁচ স্থানে মুস্তাছনাকে ওয়াজিব হিসেবে যবর বিশিষ্ট পড়া হয়।

প্রথমত : মুস্তাছনাটি যখন كلام موجب-এর মধ্যে غير صفتى اِلا-এর পরে আসে। كلام موجب দ্বারা উদ্দেশ্য "ঐ বাক্য যার মধ্যে نهى ، نفى ও استفهام হয় না।" এমতাবস্থায় وَهُوَ مَاخَلَا عَنِ النَّفْىِ وَالنَّهْىِ وَالْاِسْتِفْهَامِ মুস্তাছনাটি ওয়াজিব হিসেবে যবর বিশিষ্ট হবে। যেমন– جَاءَنِى الْقَوْمُ اِلَّا زَيْدًا এ প্রকারের মুস্তাছনাটি ওয়াজিব হিসেবে যবর হবে। কেননা, এটা بدل হওয়ার অবকাশ রাখে না বিধায় এ ছাড়া কোনো উপায় নেই।

জ্ঞাতব্য যে, এখানে بَعْدَ اِلَّا বলার কারণে যে মুস্তাছনা سواء ও غير-এর পরে আসে তা বের হয়ে গেছে। কেননা, এ সময় মুস্তাছনাটি যের বিশিষ্ট হবে। এমনিভাবে بَعْدَ اِلَّا غَيْرِ الصِّفَةِ বলার কারণে اِلا -এর দু'টি প্রকারের ইঙ্গিত পাওয়া যায়। একটি استثنائى ও অপরটি صفتى ; এখানে বর্ণিত হুকুমটি غير صفتى اِلا-এর ব্যাপারে। কেননা, صفتى اِلا-এর পরে উল্লিখিত ইসম মুস্তাছনার মধ্যে দাখিল হবে না। ই'রাবের ক্ষেত্রে তার পূর্বাংশের অনুসরণ করে। যেমন– لَوْ كَانَ فِيْهِمَا اٰلِهَةٌ اِلَّا اللّٰهُ لَفَسَدَتَا-এর মধ্যে الله মুস্তাছনা। এটি اعراب হবার ক্ষেত্রে পূর্ববর্তী অংশের অনুসরণকারী।

দ্বিতীয়ত : মুস্তাছনাটি مستثنى منه-এর উপরে মুকাদ্দাম হলে ; চাই كلام موجب -এর মধ্যে হোক বা غير موجب -এর মধ্যে হোক, তখন ওয়াজিব হিসেবে যবর বিশিষ্ট হবে। যেমন– مَا جَاءَنِىْ اِلَّا زَيْدًا اَحَدٌ ، جَاءَ نِىْ اِلَّا زَيْدًا اَلْقَوْمُ এখানে মুস্তাছনাটি بدل হবার অবকাশ রাখে না। কেননা, بدل তার مبدل منه -এর উপর মুকাদ্দাম হয় না।

তৃতীয়ত : যখন মুস্তাছনাটি منقطع এবং اِلَّا-এর পরে পতিত হয়, চাই বাক্যটি موجب হোক কিংবা غير موجب হোক ; তখন যবর বিশিষ্ট হবে। যেমন– جَاءَنِى الْقَوْمُ اِلَّا حِمَارًا - مَا فِى الدَّارِ اَحَدٌ اِلَّا حِمَارًا এটা অধিকাংশ নাহুবিদের অভিমত। নসব বিশিষ্ট হবার কারণ مستثنى منقطع-এর মধ্যে بدل غلط ব্যতীত অন্য কোনো অবস্থা কল্পনা করা যায় না। যেহেতু بدل غلط ভুলবশত পতিত হয় আর মুস্তাছনা মুনকাতে' ইচ্ছাপূর্বক পতিত হয়, সেহেতু এটা بدل غلطও হতে পারে না বিধায় ওয়াজিব হিসেবে যবর বিশিষ্ট হবে। কতেক নাহুবিদ বলেছেন, মুস্তাছনা মুনকাতে' بدل হিসেবে পেশ বিশিষ্ট হবে, যখন তার পূর্বে এমন একটি ইসম হয় যা বিলোপ করা বৈধ।

চতুর্থত : অধিকাংশ নাহুবিদের মতে যখন মুস্তাছনা خَلَا ও عَدَا-এর পরে আসে। বস্তুত এ দু'টি ফে'ল, তাই ফে'ল তার যমীর هو ফায়েলসহ পরের অংশকে মাফউল হিসেবে যবর দেয়। যেমন– جَاءَ نِىْ الْقَوْمُ خَلَا زَيْدًا এবং جَاءَ نِىْ

الْقَوْمُ عَدَا زَيْدًا কিছুসংখ্যক নাহুবিদের মতে এ শব্দদ্বয় হরফে জারের অন্তর্ভুক্ত হবার কারণে পরের ইসমটিকে যের প্রদান করবে, বস্তুত: এটি শুদ্ধ নয়। কেননা, এ শব্দদ্বয়ে ما মাসদারিয়া প্রবেশ করে থাকে। আর "مَا" মাসদারিয়া শুধু ফে'লের মধ্যে দাখিল হয়, হরফের মধ্যে হয় না। কাজেই এ দু'টি ফে'ল হরফ নয়। جَاءَنِىْ الْقَوْمُ خَلاَ زَيْدًا-এর মধ্যে خَلاَ শব্দটির অন্তর্নিহিত هو যমীরটি جاء থেকে অনুধাবিত مجئ-এর দিকে ফিরেছে। মূলরূপ হবে–

جَاءَ نِى الْقَوْمُ حَالَ اَنَّهُ خَلاَ مَجِيْئُهُمْ زَيْدًا -

মোদ্দাকথা, خَلاَ زَيْدًا তার পূর্ববর্তী অংশ থেকে حال পতিত হয়েছে। যদি কেউ প্রশ্ন করে, حال ماضى مثبت যখন পতিত হয়, তখন তাতে قد নেওয়া জরুরি ; অথচ এখানে কেন قد নেওয়া হয়নি ? **উত্তর :** خَلاَ শব্দটি হরফে ইস্তিছনার অর্থে ব্যবহৃত হওয়াতে ফে'লের অর্থে দুর্বলতা সৃষ্টি হয়েছে। তাই قد নেওয়া হয়নি অথবা خَلاَ শব্দটি خَالِيًا অর্থে ব্যবহৃত হওয়াতে حال পতিত হয়েছে বিধায় قد নেওয়া হয়নি।

পঞ্চমত : মুসতাস্তানাটি مَاعَدَا، مَاخَلاَ -এর পরে আসলে। যেমন–جَاءَنِىْ الْقَوْمُ مَا خَلاَ زَيْدًا ও جَاءَ نِى الْقَوْمُ مَا عَدَا زَيْدًا-এ উভয়টি ফে'ল হবার কারণে মুস্তাছনাটি যবর বিশিষ্ট হবে। مَاخَلاَ তাবীলে মাসদার হয়ে মুযাফ ইলাইহ। তার মুযাফ وقت উহ্য রয়েছে। অর্থাৎ وقت خلو زيد এমতাবস্থায় مَاخَلاَ শব্দটির মাফউলে ফীহ্ অথবা مَا خَلاَ তা'বীলে মাসদার হয়ে ইসমে ফায়েলের অর্থে হবে। অর্থাৎ جَاءَ نِى الْقَوْمُ خَالِيًا مَجِيْئُهُمْ مِنْ زَيْدٍ এ সময় مَاخَلاَ শব্দটি حال হবে। যখন মুস্তাছনাটি لَيْسَ ও لَايَكُوْنُ-এর পরে আসে, তখন ফে'লে নাকেসের খবর হবার কারণে যবর বিশিষ্ট হবে। যেমন–

جَاءَ نِى الْقَوْمُ لاَ يَكُوْنُ زَيْدًا ও جَاءَ نِى الْقَوْمُ لَيْسَ زَيْدًا -

* مستثنى -এর ই'রাবের মধ্যে দ্বিতীয় প্রকারটি منصوب হবে অথবা بدل হিসেবে তার পূর্ববর্তী অংশের ই'রাব হবে। তবে মুস্তাছনাটি كلام غير موجب-এর মধ্যে الا-এর পরে আসা শর্ত। মুস্তাছনাটি متصل ও মুসতাছানা মিনহু উল্লেখ থাকতে হবে। এমতাবস্থায় بدل হবার ফলে مبدل منه-এর اعراب এবং مفعول به-এর সাদৃশ্য হাবার কারণে যবর দেওয়া উভয়ই জায়েজ। তবে بدل হিসেবে ই'রাব প্রদান করা উত্তম। যেমন, কুরআনে কারীমে রয়েছে (وَاِلاَّ قَلِيْلاً) مَافَعَلُوْهُ اِلاَّ زَيْدٌ (৩) مَا رَأَيْتُ اَحَدًا اِلاَّ زَيْدًا (২) مَا جَاءَ نِىْ اَحَدٌ اِلاَّ زَيْدٌ (১) مَامَرَرْتُ بِاَحَدٍ اِلاَّ زَيْدٌ - قَلِيْلٌ بدل অনুপাতে ই'রাব হলো–

بدل অবস্থায় উত্তম হবার কারণ– بدل হওয়ার সময়ে তার ই'রাব আসলী হবে। কেননা, بدل-এর আমিল تكرار-এর হুকুম রাখে। পক্ষান্তরে মুসতাছনার মধ্যে নসব হওয়াটা মাফউলে বিহীর সাথে সাদৃশ্যতার কারণে হয়।

قَوْلُهُ يُعْرَبُ عَلٰى حَسْبِ الْعَوَامِلِ : মুসতাছনাটি مفرغ তথা মুস্তাছনা মিনহু উল্লেখ না থাকলে এবং الا-এর পরে كلام غير موجب -এর মধ্যে পতিত হলে , মুস্তাছনার ই'রাব আমিল অনুযায়ী হয়। কারণ, মুস্তাছনাটি মুস্তাছনা মিনহু'র স্থলাভিষিক্ত হওয়াতে ফে'লটি তার পূর্ববর্তী অংশে আমল করবে। আর পরবর্তী অংশ الا হবার কারণে তার পরের ইসমের মধ্যে আমল করবে। যেমন– مَامَرَرْتُ اِلاَّ بِزَيْدٍ (৩) مَا رَأَيْتُ اِلاَّ خَالِدًا (২) مَاجَاءَ نِىْ اِلاَّ زَيْدٌ (১)

যদি কেউ প্রশ্ন করে, উল্লিখিত অবস্থায় আমেল অনুযায়ী ই'রাব হবার দলিল কি ? **উত্তর :** যখন মুস্তাছনা মিনহু উল্লিখিত হবে না তখন ফে'ল তার মা'মূল তথা مستثنى منه উল্লেখ না থাকার কারণে আমলকারী ব্যতীত বাকি থাকবে আর যখনই তার সামনে কোনো বস্তু পাবে অবশ্যই তার মধ্যে আমল করে বসবে ; কিন্তু الا-এর মধ্যে আমল করতে পারবে না। কেননা, তা হরফ। কাজেই মুস্তাছনার ই'রাব আমিল অনুপাতেই হবে।

قَوْلُهُ وَهُوَ فِىْ غَيْرِ الْمُوْجَبِ : এটা জুমলায়ে হালিয়্যাহ, অর্থাৎ মুস্তাছনায়ে মুফাররাগের ই'রাব আমিল অনুপাতে হবে এমতাবস্থায় যে, মুস্তাছনা মিনহু كلام غير موجب-এর মধ্যে পতিত হয়। এটাও সম্ভাবনা রয়েছে যে, هو যমীরের মারজি' مستثنى আর তা المستثنى منه-এর উপর আত্ফ। কাজেই غير موجب-এর আত্ফ, غير مذكور-এর উপর হবে। মূলরূপ হবে– واذا كان هو فى غير الموجب আবার هو যমীর مستثنى منه-এর দিকেও ফিরতে পারে। এটাই উত্তম পদ্ধতি। কারণ مستثنى منه كلام غير موجب-এর মধ্যে পাওয়া যায়, মুস্তাছনা নয়। ليفيد বাক্যের মাফহুমের সাথে

সম্পর্কিত অর্থাৎ اِنَّمَا اشْتُرِطَ كَوْنُ الْمُسْتَثْنٰى فِىْ كَلَامٍ غَيْرِ مُوْجَبٍ لِيُفِيْدَ الْكَلَامَ فَائِدَةً صَحِيْحَةً -لِيُفِيْدَ এর যমীর مستثنى-এর দিকে প্রত্যাবর্তিত অর্থাৎ- لِيُفِيْدَ الْاِسْتِثْنَاءُ مَا هُوَ فَائِدَةٌ مِنْ جَعْلِ الْكَلَامِ صَادِقًا

قَوْلُهُ مَا ضَرَبَنِىْ اِلَّا زَيْدٌ : এ বাক্যটির অর্থ– আমাকে ব্যতীত অন্য কেউ প্রহার করেনি। এ অর্থ শুদ্ধ হবে। কারণ, বক্তাকে যায়েদ ব্যতীত অন্য কেউ প্রহার না করার সম্ভাবনা রয়েছে। আর ضَرَبَنِىْ اِلَّا زَيْدٌ তার বিপরীত। এ অর্থ শুদ্ধ নয়। কেননা, বক্তাকে যায়েদ ব্যতীত সমস্ত মানুষ প্রহার করা অসম্ভব। এমনকি সমস্ত মানুষ বক্তা উপস্থিত হবার স্থানে একত্রিত হওয়া সম্ভব নয়।

অর্থ শুদ্ধ হবার দু'টি পদ্ধতি : অর্থ শুদ্ধ হলে موجب كلام-এর মধ্যেও আমিল অনুপাতে ই'রাব হয়ে থাকে। যেমনিভাবে বলা হয়েছে–

لَا يُعْرَبُ الْمُسْتَثْنٰى عَلٰى حَسْبِ الْعَوَامِلِ فِى الْمُوْجَبِ فِىْ جَمِيْعِ الْاَوْقَاتِ اِلَّا وَقْتَ اِسْتِقَامَةِ الْمَعْنٰى

অর্থ শুদ্ধ হবার দু'টি পদ্ধতি রয়েছে। যথা– **প্রথম পদ্ধতি :** সাধারণভাবে হুকুম লাগানো শুদ্ধ হয়। যেমন– كُلُّ حَيَوَانٍ يُحَرِّكُ فَكَّهُ الْاَسْفَلَ عِنْدَ الْمَضْغِ اِلَّا التِّمْسَاحُ অর্থাৎ প্রত্যেক প্রাণী খাদ্য চিবানোর সময় নিচের চোয়াল নড়াচড়া করে, তবে কুমীর। এ উদারণটি আমাদের আলোচনার বহির্ভূত বিষয়। কেননা, এতে মুস্তাছনায়ে মুফার্‌রাগ নেই। তবে এ উদাহরণে সাধারণভাবে হুকুম লাগানো শুদ্ধ হয়েছে। যদি এ দৃষ্টান্ত থেকে মুস্তাছনা মিনহুকে বিলোপ করত يُحَرِّكُ فَكَّهُ الْاَسْفَلَ عِنْدَ الْمَضْغِ اِلَّا التِّمْسَاحُ বলা হলে এ স্থানের জন্য যথার্থ দৃষ্টান্ত হবে।

দ্বিতীয় পদ্ধতি : যেখানে কারীনা খাস হয় এবং এ কথা বুঝায় যে, মুস্তাছনা মিনহু নির্দিষ্ট ও খাস। এভাবে যে, তার মধ্যে মুস্তাছনাটি নির্ঘাতভাবে প্রবিষ্ট রয়েছে।

قَوْلُهُ اِلَّا اَنْ يَّسْتَقِيْمَ الْمَعْنٰى : উপরে উল্লিখিত হয়েছে كلام غير موجب-এর মধ্যে মুস্তাছনার اعراب আমিল অনুপাতে হয়। এখন এর থেকে মুসান্নিফ (র.) استثناء করত বলেছেন, كلام غير موجب-এর মধ্যে مستثنى منه বিলুপ্ত হবার সময়ে অর্থ শুদ্ধ হলে তখন كلام موجب-এর মধ্যেও مستثنى-এর ই'রাব আমিল অনুপাতে হবে। যেমন- قَرَأْتُ اِلَّا يَوْمَ كَذَا ; কেননা, এটার অর্থ– আমি দিনগুলোতে পড়েছি যা আমার ও সম্বোধিত ব্যক্তির মাঝে নির্দিষ্ট, তবে অমুক দিন পড়িনি। এমতাবস্থায় অর্থ শুদ্ধ হবার ফলে মুস্তাছনার ই'রাব كلام موجب-এর মধ্যেও আমিল অনুপাতে হয়েছে। যদি কেউ প্রশ্ন করে, যেভাবে উক্ত উদাহরণে ايام দ্বারা নির্দিষ্ট দিনগুলো উদ্দেশ্য অনুরূপভাবে ضَرَبَنِىْ اُنَاسٌ اِلَّا زَيْدٌ দ্বারাও ضَرَبَنِىْ اِلَّا زَيْدٌ উদ্দেশ্য নেওয়া যেতে পারে। কাজেই এ স্থানেও অর্থ শুদ্ধ হবে। **উত্তর :** উদাহরণদ্বয়ের মাঝে পার্থক্য রয়েছে। যেমন–قَرَأْتُ اِلَّا يَوْمَ كَذَا-এর মধ্যে নির্দিষ্ট দিনগুলো উদ্দেশ্য হবার কারীনা পাওয়া যায়। পক্ষান্তরে ضَرَبَنِىْ اِلَّا زَيْدٌ বাক্যে اناس قرينة (গ্রামের লোকেরা) প্রহার করার কারীনা পাওয়া যায় না।

তারকীব : قَوْلُهُ اَلْمُسْتَثْنٰى مُتَّصِلٌ وَمُنْقَطِعٌ الخ : المستثنى মুবতাদায়ে মুয়াখ্‌খার, منه উহ্য খবরে মুকাদ্দাম। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। متصل মা'তূফ আলাইহ, واو হরফে আত্‌ফ, منقطع মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে খবর, উহ্য هو মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। فا হরফে তাফসীল, المتصل মুবতাদায়ে আউওয়াল, هو মুবতাদায়ে ছানী, المخرج-এর মধ্যে ال টি الذى অর্থে ব্যবহৃত, الذى ইসমে মাওসূল, مخرج শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল, عن হরফে জার, متعدد যুলহাল, لفظا মা'তূফ আলাইহ। او হরফে আত্‌ফ, تقديرا মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে হাল। যুলহাল ও হাল মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব আউওয়াল, با হরফে জার, الا মা'তূফ আলাইহ, واو হরফে আত্‌ফ, اخوات মুযাফ, ها মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব ছানী। مخرج শিবহে ফে'ল, ফায়েল ও উভয় যরফে লগ্‌ব মিলে সেলাহ। মাউসূল ও সেলাহ মিলে সিফাত, الاسم উহ্য মাওসূফ। মাওসূফ ও সিফাত মিলে খবর। মুবতাদায়ে ছানী ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে

ইসমিয়্যাহ। واو হরফে আত্ফ, المنقطع মুবতাদা, المذكور-এর ال টি الذى অর্থে ইসমে মাওসূল। مذكور শিবহে ফে'ল, উহ্য যমীর هو যুলহাল, بعد যরফে মকান মুযাফ, ها মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ, غير মুযাফ, مخرج মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে হাল। যুলহাল ও হাল মিলে নায়েবে ফায়েল, مذكور শিবহে ফে'ল, নায়েবে ফায়েল ও মাফউলে ফীহ মিলে সেলাহ। মাউসূল ও সেলাহ মিলে সিফাত। উহ্য الاسم মাওসূফ। মাওসূফ ও সিফাত মিলে খবর। المنقطع মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। واو হরফে ইসতীনাফ, هو মুবতাদা, منصوب শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল, اذا যরফে যমান মুযাফ, كان ফে'লে নাকেস, যমীর هو তার ইসম, بعد মুযাফ, الا মাউসূফ, غير মুযাফ, الصفة মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে সিফাত। الا মাওসূফ ও সিফাত মিলে মুযাফ ইলাইহ। بعد মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ, ثابتا উহ্য শিবহে ফে'ল, فى হরফে জার, كلام মাউসূফ, موجب সিফাত। মাউসূফ ও সিফাত মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার। ثابتا শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, মাফউলে ফীহ ও যরফে মুস্তাকার মিলে মা'তূফ আলাইহ। او হরফে আত্ফ, مقدما শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, على হরফে জার, المستثنى منه মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। مقدما শিবহে ফে'ল, নায়েবে ফায়েল ও যরফে লগ্ব মিলে মা'তূফ او হরফে আত্ফ منقطعا মা'তূফ, ثابتا মা'তূফ আলাইহ-তার উভয় মা'তূফ মিলে খবর, كان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ আলাইহ। فى হরফে জার, الاكثر সিফাত, উহ্য الاستعمال মাওসূফ-এর। মাওসূফ ও সিফাত মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا-এর সাথে। ثابتا শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর, উহ্য هو মুবতাদা-এর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। او হরফে আত্ফ, كان ফে'লে নাকেস, উহ্য যমীর هو তার ইসম, بعد যরফে মকান মুযাফ, خلا মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, عدا মা'তূফ, فى হরফে জার, الاكثر সিফাত, উহ্য الاستعمال মাওসূফ। মাওসূফ ও সিফাত মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت-এর সাথে। ثابت শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর, উহ্য هو মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ মু'তারাযাহ। واو হরফে আত্ফ, ماخلا মা'তূফ, واو হরফে আত্ফ, ما عدا মা'তূফ, واو হরফে আত্ফ, ليس মা'তূফ, لايكون মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফসমূহ মিলে মুযাফ ইলাইহ। بعد মুযাফ-তার মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ হয়েছে ثابتا-এর থেকে। ثابتا শিবহে ফে'ল, যমীর هو ফায়েল ও মাফউলে ফীহ মিলে খবর, كان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ। منصوب শিবহে ফে'ল, তার নায়েবে ফায়েল ও মাফউলে ফীহ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ।

• قَوْلُهُ وَيَجُوْزُ فِيْهِ النَّصْبُ الخ : واو হরফে ইস্তীনাফ, يجوز ফে'ল, فى হরফে জার, ه যমীর যুলহাল, النصب ফায়েল, واو হরফে ই'তিরায, يختار ফে'ল ও البدل নায়েবে ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। فى হরফে জার, ما মাওসূলা, بعد মুযাফ, الا মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ। ثبت ফে'ল, উহ্য যমীর هو ফায়েল ও মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে উহ্য ثابتا-এর সাথে। ثابتا শিবহে ফে'ল, ফায়েল ও যরফে মুস্তাকার মিলে হালে আউওয়াল, فى হরফে জার, كلام মাউসূফ, غير মুযাফ, موجب মুযাফ ইলাইহ। غير মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে সিফাত। মাউসূফ ও সিফাত মিলে যুলহাল। واو হালিয়্যাহ, ذكر ফে'ল ও المستثنى منه নায়েবে ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে হাল। যুলহাল ও হাল মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا শিবহে ফে'লের সাথে। ثابتا শিবহে ফে'ল, ফায়েল ও যরফে মুস্তাকার মিলে হালে ছানী। যুলহাল ও তার উভয় হাল মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব হয়েছে يجوز ফে'লের সাথে। ফে'ল, ফায়েল ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে। مثل মুযাফ, مافعلوه

قليل ১। মুরাদুল লফয মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, قليل ১। তার ما فعلوه উহ্যের সাথে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

قَوْلُهُ مَا فَعَلُوْهُ اِلَّا قَلِيْلٌ : مَا ফে'ল, যমীর هم মুবদালে মিনহু, ه যমীর মাফউলে বিহী, ২। হরফে ইস্তিছনা, قَلِيْلٌ বাদলুল বা'য। মুবদালে মিনহু-তার বদলে বা'য মিলে ফায়েল। مافعلوا ফে'ল-তার ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা, তার শর্ত কোরানে কারীমে উল্লিখিত রয়েছে। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। واو হরফে আত্ফ, مافعلوه উহ্য রয়েছে, مافعلوه ফে'ল, যমীর هم বাহ্যিকভাবে মুস্তাছনা মিনহু, ২। হরফে ইস্তিছনা, قليلا মুসতাছনা মিনহু ও তার মুসতাছনা মিনহু ফায়েল। ফে'ল, ফায়েল ও মাফউল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ।

قَوْلُهُ يُعْرَبُ عَلٰى حَسْبِ الْعَوَامِلِ : واو হরফে আত্ফ, يعرب ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল, على হরফে জার, حسب মুযাফ, العوامل মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। اذا মুযাফ, كان ফে'লে নাকেস, المستثنى যুলহাল, غير মুযাফ, مذكور মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। واو হালিয়্যাহ, هو মুবতাদা, فى হরফে জার, غير মুযাফ, الموجب সিফাত, উহ্য الكلام মাওসূফ। মাওসূফ ও সিফাত মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت-এর সাথে। ثابت শিবহে ফে'ল, যমীর هو ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে হাল। যুলহাল ও হাল মিলে كان-এর ইসম। كان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ। يعرب ফে'ল, নায়েবে ফায়েল, যরফে লগ্ব ও মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। لام হরফে জার, উহ্য ان নাসেবা মাওসূলে হরফী, يفيد ফে'ল ও যমীর هو ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূলে হরফী ও সেলাহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে উহ্য انما اشترط ذالك-এর মধ্যস্থিত اشترط ফে'লের সাথে। اشترط ফে'ল, ذالك ফায়েল ও যরফে মুস্তাকার মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে।

قَوْلُهُ مَاضَرَبَنِىْ اِلَّا زَيْدٌ : مثل মুযাফ, ما নাফিয়া, ضرب ফে'ল, متكلم وقاية يائے نون মাফউলে বিহী, ২। হরফে ইসতিছনা, زيد মুসতাছনায়ে মুফার্‌রাগ হয়ে ফায়েল। ফে'ল, ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। উহ্য مثاله মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। ২। হরফে ইস্তিছনা, ان নাসেবা মাফসূলে হরফী, يستقيم ফে'ল ও المعنى ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। ان মাওসূলে হরফী ও সেলাহ মিলে মুযাফ ইলাইহ, উহ্য وقت মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মুস্তাছনায়ে মুফার্‌রাগ হয়ে মাফউলে ফীহ্ হয়েছে اِنَّمَا اشْتُرِطَ ذَالِكَ উহ্য ইবারতে বর্ণিত ফে'লের সাথে। ফে'ল, নায়েবে, ফায়েল, যরফে মুস্তাকার ও মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হলো।

قَوْلُهُ مِثْلُ قَرَأْتُ اِلَّا يَوْمَ الخ : مثل মুযাফ, قرأت ফে'ল, تا যমীরে বারেয ফায়েল, ২। হরফে ইস্তিছনা, يوم মুযাফ, كذا মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুস্তাছনায়ে মুফার্‌রাগ হয়ে মাফউলে ফীহ। قرأت ফে'ল, ফায়েল ও মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে।

وَمِنْ ثَمَّ لَمْ يَجُزْ مَازَالَ زَيْدٌ اِلَّا عَالِمًا وَاِذَا تَعَذَّرَ الْبَدْلُ عَلَى اللَّفْظِ فَعَلَى الْمَوْضِعِ مِثْلُ مَاجَاءَ نِيْ مِنْ اَحَدٍ اِلَّا زَيْدٌ وَلَا اَحَدٌ فِيْهَا اِلَّا عَمْرٌو وَمَا زَيْدٌ شَيْئًا اِلَّا شَيْءٌ لَايُعْبَأُ بِهٖ لِاَنَّ مِنْ لَاتُزَادُ بَعْدَ الْاِثْبَاتِ وَمَا وَلَا لَاتُقَدَّرَانِ عَامِلَتَيْنِ بَعْدَهٗ لِاَنَّهُمَا عَمِلَتَا لِلنَّفْيِ وَقَدْ اِنْتَقَضَ النَّفْيُ بِاِلَّا بِخِلَافِ لَيْسَ زَيْدٌ شَيْئًا اِلَّا شَيْئًا لِاَنَّهَا عَمِلَتْ لِلْفِعْلِيَّةِ فَلَا اَثَرَ فِيْهَا لِنَقْضِ مَعْنَى النَّفْيِ لِبَقَاءِ الْاَمْرِ الْعَامِلَةِ هِيَ لِاَجْلِهٖ وَمِنْ ثَمَّ جَازَ لَيْسَ زَيْدٌ اِلَّا قَائِمًا وَامْتَنَعَ مَازَيْدٌ اِلَّا قَائِمًا وَمَخْفُوْضٌ بَعْدَ غَيْرَ وَسِوًى وَسِوَاءٍ وَبَعْدَ حَاشَا فِى الْاَكْثَرِ -

অনুবাদ : এ কারণে مَازَالَ زَيْدٌ اِلَّا عَالِمًا (যায়েদ বিজ্ঞ ব্যতীত সবগুণের সাথে সর্বদা গুণান্বিত) জায়েজ নেই। শব্দানুপাতে بدل অসম্ভব হলে, মহলানুপাতে হবে। যেমন– مَاجَاءَ نِىْ اَحَدٌ اِلَّا زَيْدٌ (আমার নিকট যায়েদ ব্যতীত কেউ আসেনি), لَا اَحَدٌ فِيْهَا اِلَّا عَمْرٌو (ঘরে আমর ব্যতীত কেউ নেই), مَا زَيْدٌ شَيْئًا اِلَّا شَيْءٌ لَا يُعْبَأُبِهٖ (যায়েদ নগণ্য বস্তু ব্যতীত কিছুই নয়)। কেননা, হ্যাঁ-বাচকের পরে من শব্দকে বৃদ্ধি করা যায় না। হ্যাঁ-বাচকের পরে আমিল হিসেবে ما ও لا উহ্য হয় না। কেননা, উভয় (لَا ও مَا) টি না-বাচকের জন্য আমল করে ; অথচ الا দ্বারা نفى (না-বাচক) ভঙ্গ হয়ে গেছে। لَيْسَ زَيْدٌ شَيْئًا اِلَّا شَيْئًا হলো তার বিপরীত। কেননা, لَيْسَ ফে'লিয়্যতের জন্য আমল করে। তাই নফীর অর্থ ভঙ্গ করার কারণে তাতে (ليس) কোনো প্রভাব পড়েনি। কেননা, যে কারণে ليس আমলকারী ছিল তা বাকি রয়েছে। এ কারণে لَيْسَ زَيْدٌ اِلَّا قَائِمًا (যায়েদ শুধুমাত্র দন্ডায়মান) বৈধ রয়েছে। আর مَا زَيْدٌ اِلَّا قَائِمًا বলা নিষিদ্ধ। غير ، سوى ، سواء-এর পরে হলে এবং আহলে আরবের অধিকাংশ ব্যবহারে حاشا-এর পরে হলে মুস্তাছনা যের বিশিষ্ট হয়।

ব্যাখ্যা : وَمِنْ ثَمَّ لَمْ يَجُزْ الخ-এর মর্মার্থ : অর্থ শুদ্ধ না হওয়া পর্যন্ত كلام موجب-এর মধ্যে মুস্তাছনা মিনহুকে বিলুপ্ত করা তথা মুস্তাছনায়ে মুফার্‌রাগ জায়েজ নেই। তাই مَازَالَ زَيْدٌ اِلَّا عَالِمًا অবৈধ। কারণ, مازال-এর মধ্যে اثبات (হ্যাঁ-বাচক)-এর অর্থ রয়েছে। নফীর উপর নফী প্রবিষ্ট হলে اثبات (হ্যাঁ-বাচক) হয়ে যায়। উক্ত মেছালের উদ্দেশ্য হবে ثَبَتَ زَيْدٌ دَائِمًا عَلٰى جَمِيْعِ الصِّفَاتِ اِلَّا عَلٰى صِفَةِ الْعِلْمِ অর্থাৎ, যায়েদ বিদ্যার গুণ ব্যতীত সকল গুণে সর্বদা গুণান্বিত রয়েছে। আর এ অর্থ সঠিক নয়। কারণ, একই ব্যক্তির কাছে পরস্পর বিরোধী সব গুণাবলির সমাবেশ ঘটতে পারে না।

محل-এর উপর হামল করো بدل কখন পড়া হয়? : যেখানে মুস্তাছনা মিনহু'র لفظ-এর উপর হামল করো بدل পড়া অসম্ভভ হয়, সেখানে محل অনুপাতে بدل পড়া হবে। যাতে সম্ভাব্য পরিমাণ উত্তমতার উপর আমল করা যায়। যেমন– مَا زَيْدٌ شَيْئًا اِلَّا شَيْءٌ لَا يُعْبَأُبِهٖ (৩) لَا اَحَدٌ فِيْهَا اِلَّا عَمْرٌو (২) مَا جَاءَ نِىْ مِنْ اَحَدٍ اِلَّا زَيْدٌ (১)

(১) مَا جَاءَ نِىْ مِنْ اَحَدٍ اِلَّا زَيْدٌ - এ দৃষ্টান্তে زيد শব্দ "احد"-এর মহল থেকে بدل হয়েছে। কেননা, احد শব্দের উপর প্রয়োগ কর সম্ভব নয়। তাইতো زيد শব্দকে পেশ দেওয়া হয়েছে। কারণ তা মূলত ফায়েল,"احد" শব্দের উপর হামল কবতঃ যের দেওয়া হয়নি। (২) لَا اَحَدٌ فِيْهَا اِلَّا عَمْرٌو -এ উদাহরণে عمرو শব্দটি احد-এর মহল থেকে بدل হয়েছে। আর তা রফা'র স্থানে অধিষ্ঠিত। কেননা, لا لنفى الجنس-এর ইসম প্রকৃতপক্ষে মুবতাদা। احد মুস্তাছনা মিনহু'র উপর শব্দগত প্রয়োগ অসম্ভব। (৩) مَا زَيْدٌ شَيْئًا اِلَّا شَيْءٌ لَا يُعْبَأُبِهٖ এখানে দ্বিতীয় شئ-কে প্রথম شئ-এর উপর শব্দগত প্রয়োগ করা অসম্ভব হবার কারণে মহলের উপর প্রয়োগ করত পেশ দেওয়া হয়েছে। কেননা, لامشابه بليس-এর খবর প্রকৃতপক্ষে মুবতাদার খবর।

যদি কেউ প্রশ্ন করে, এ মেছালে استثناء الشئ عن نفسه লাযেম হয়েছে, অথচ তা অসম্ভব। এ প্রশ্নের নিরসন কল্পে কয়েকটি জওয়াব দেওয়া যায়। প্রথমত মেছালে বর্ণিত প্রথমোক্ত شئ শব্দ দ্বারা উদ্দেশ্য 'আম (ব্যাপক)। চাই ছোট্ট হোক কিংবা বড় হোক। আর দ্বিতীয় شئ খাস। কেননা, شئ-এর মধ্যস্থিত তানবীনটি تحقير বা তুচ্ছ অর্থে ব্যবহৃত। দ্বিতীয়তঃ প্রথমোক্ত شئ তথা মুস্তাছনা মিনহু হলো 'আম। তা অন্য কিছুর সাথে গুণান্বিত হোক বা না হোক। আর দ্বিতীয় شئ দ্বারা উদ্দেশ্য ঐ বস্তু যা شيئة গুণ ছাড়া অন্য কিছুর সাথে গুণান্বিত নয়। এ দৃষ্টান্তে شئ-কে لا يعبأبه দ্বারা শর্তারোপ করা হয়েছে, যাতে استثناء الشئ عن نفسه আবশ্যক হবার ধারণা না জন্মে।

قَوْلُهُ لِاَنَّ مَنْ لَا تُزَادُ بَعْدَ الْاِثْبَاتِ : প্রথম উদাহরণে মুস্তাছনাকে মুস্তাছনা মিনহু'র উপর শব্দগত প্রয়োগ করত: بدل সাব্যস্ত করা অসম্ভব হবার কারণ হলো, যদি زيد-কে احد শব্দের উপর প্রয়োগ করা হয়, তাহলে من তার শুরুতে বৃদ্ধি করতে হবে। কারণ بدل হুকুমগতভাবে আমিল পূনরায় হওয়াকে চায়। আর من-কে বৃদ্ধি করা زيد-এর উপর সম্ভবপর নয়। কেননা, من استغراقية হ্যাঁ-সূচকের পরে বৃদ্ধি হয় না। উক্ত উদাহরণে না-সূচকটি لا-এর কারণে হ্যাঁ-সূচকে পরিণত হয়েছে। কাজেই মুস্তাছনার ব্যবহার احد শব্দের উপর সম্ভব না হওয়াতে তার محل-এর উপর প্রয়োগ হবে। মূলত احد ফে'লের ফায়েল পতিত হওয়াতে زيد ও ফায়েল হিসেবে পেশ বিশিষ্ট হবে। তবে من استغراقية না হলে كلام موجب -এর মধ্যেও من বৃদ্ধি হতে পারে। যেমন- يَغْفِرْ لَكُمْ مِنْ ذُنُوْبِكُمْ- قَدْ كَانَ مِنْ مَطَرٍ اثبات (হ্যাঁ-সূচক)-এর পরে من استغراقية -কে বৃদ্ধি করা যায় না। কেননা, من استغراقية-কে গঠন করা হয়েছে নফীর তাকীদের জন্য। হ্যাঁ-সূচকের পরে তাকে বৃদ্ধি করা হলে গঠনের পরিপন্থী লাযেম আসবে। আর তা নিষিদ্ধ।

قَوْلُهُ وَمَا وَلَا لَاتُقَدَّرَانِ الخ : দ্বিতীয় ও তৃতীয় উদাহরণে মুস্তাছনা মিনহু'র শব্দের উপর মুস্তাছনাকে প্রয়োগ করা অসম্ভব হওয়ার কারণ– যদি শব্দের উপর ব্যবহার করা হয় তাহলে দ্বিতীয় উদাহরণে لا-কে عمرو-এর উপর ও তৃতীয় উদাহরণে ما-কে شئ-এর উপর উহ্যভাবে আমল দেওয়া হবে। যেমনিভাবে بدل -এর মধ্যে হয়ে থাকে। আর এ উহ্য আমল দেওয়া এখানে সম্ভবপর নয়। কারণ لا مشابه بليس ও لا لنفى الجنس না-সূচকের জন্য ব্যবহৃত হয়। আর উভয় সুরতে না-সূচকটি لا-এর কারণে ভঙ্গ হয়ে যায়। তাই محل-এর উপর ব্যবহার করত পেশ বিশিষ্ট পড়া জরুরি। প্রথম উদাহরণে احد মুবতাদা এবং তৃতীয় উদাহরণে شئ শব্দটি খবর হবার ভিত্তিতে রফা'র স্থানে হয়েছে। অতএব,উভয় মেছালে মুস্তাছনাকে মুস্তাছনা মিনহু'র محل-এর উপর প্রয়োগ করত পেশ বিশিষ্ট পড়া হবে। عاملتين بعده-এর মধ্যে عاملتين শব্দটি حال আর بعده অংশটি يرفعه لا تقدران থেকে লগ্ব হয়েছে। অর্থ দাঁড়াবে ما ও لا-কে উহ্য নেওয়া হবে না এমতাবস্থায় যে, এটা হ্যাঁ-বাচক বাক্যের পরে আমেল হয়।

قَوْلُهُ لِاَنَّهُمَا عَمِلَتَا لِلنَّفْيِ الخ : ما ও لا উভয়টি নফীর জন্য আমল করে থাকে। ما শব্দটি আমল করার ক্ষেত্রে নফীর অর্থে ليس-এর সদৃশ। তাই তার আমল নফীর জন্য। لا لنفى الجنس আমল করার ক্ষেত্রে ان হরফে মুশাব্বাহ বিল ফে'লের উপর প্রয়োগ হয়, যাকে حمل النقيض على النقيض -এর অধ্যায়ভুক্ত করা যায়। তবে ان হ্যাঁ-সূচকের জন্য এবং لا নফী জিনসের আসে। لا-এর আমলও নফী'র জন্য হয় বিধায় উভয়টির আমল নফী'র উপর নির্ভরশীল। শেষের মেছালদ্বয়ে নফীর অর্থ لا-এর কারণে ভঙ্গ হয়ে গেছে। কারণ নফীর পরে لا আসলে اثبات হয়ে যায় এবং اثبات-এর পরে لا আসলে নফী হয়ে যায়। নফীর উপর ما ও لا নির্ভরশীল বিধায় لا-এর কারণে নফী ভঙ্গ হওয়াতে উভয়ের আমলও বাতিল হয়ে যাবে। তাইতো দ্বিতীয় মেছালে عمرو -কে احد-এর মহলের উপর ব্যবহার করতঃ পেশ দেওয়া হবে। কেননা, মূলত এটা মুবতাদা। তৃতীয় মেছালে شئ -কে প্রথমোক্ত شئ -এর মহলের উপর ব্যবহার হওয়াতে পেশ দেওয়া হবে। কেননা, প্রকৃতপক্ষে তা মুবতাদার খবর।

قَوْلُهُ بِخِلَافِ لَيْسَ الخ : لَيْسَ زَيْدٌ شَيْئًا اِلَّا شَيْئًا এ উদাহরণে মুস্তাছনা মিনহু'র শব্দের উপর হামল করে بدل পড়া জায়েজ। কারণ, ليس-এর আমল ফে'লিয়্যাতের জন্য, নফীর জন্য নয়। لا শব্দটি নফীর অর্থকে পরিবর্তন করে দেওয়াতে তার আমলে কোনো রূপ ক্ষতি সাধিত হয় না। কেননা, তার আমল তো ফে'ল হবার কারণে; আর তা বহাল রয়েছে।

قَوْلُهُ وَمَنْ ثُمَّ جَازَ : পূর্বোক্ত আলোচনা থেকে জানা গেছে যে, ليس-এর আমল ফে'লিয়্যাতের জন্য; আর ما-এর আমল নফীর জন্য। তাই لَيْسَ زَيْدٌ اِلَّا قَائِمًا তারকীব জায়েজ। কেননা, তাতে যদিও لا-এর কারণে না-সূচক অর্থ বাতিল

হয়ে গেছে; কিন্তু তার ফে'লিয়্যাত বহাল রয়েছে। এটাতে ليس-এর আমল বাকি থাকবে। مَا زَيْدٌ اِلَّا قَائِمًا তার বিপরীত। কারণ, ما শব্দ না-সূচকের জন্য আমল করে থাকে, الا-এর কারণে এ অর্থ বহাল না থাকাতে ما শব্দটি قَائِمًا-কে যবর দিতে পারবে না। কাজেই এ ধরনের তারকীব অবৈধ।

قَوْلُهُ مَخْفُوْضٌ بَعْدَ غَيْرَ الخ : যখন মুস্তাছনাটি غَيْر، سِوٰى، سِوَاء-এর পরে পতিত হয়; তখন এযাফতের কারণে যের বিশিষ্ট হবে। অধিকাংশ নাহুবিদের মতে حاش -এর পরেও যের বিশিষ্ট হয়। কেননা, তা হরফে জার। কতেক নাহুবিদ মাফঊল হিসেবে حاش-এর পরে উল্লিখিত মুস্তাছনাকে যবর প্রদান করেন। তাঁদের দাবি– حاش ফে'লে মুতায়াদ্দীর মধ্যে উহ্য যমীর ফায়েল। তার পরবর্তী অংশ মাফঊল হিসেবে যবর বিশিষ্ট হবে। এ কথা বুঝায় যে, মুস্তাছনাটি মুস্তাছনা মিনহু'র দিকে সম্পর্কিত বস্তু থেকে মুক্ত। যেমন–ضَرَبَ الْقَوْمُ عَمْرًا حَاشَ زَيْدًا

তারকীব : قَوْلُهُ وَمَنْ ثُمَّ لَمْ يَجُزْ مَازَالَ زَيْدٌ اِلَّا عَالِمًا الخ واو হরফে ইস্তীনাফ, من হরফে জার, ثم মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব মুকাদ্দাম, لم يجز ফে'ল, مَازَالَ زَيْدٌ اِلَّا عَالِمًا মুরাদুল্ লফয ফায়েল। ফে'ল, ফায়েল ও যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। واو হরফে ইস্তীনাফ, اذا যরফে যমান মাফঊলে ফীহ মুকাদ্দাম, تعذر ফে'ল, البدل ফায়েল, على হরফে জার, اللفظ মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে। উহ্য حمل মুযাফ, তাকে হয্‌ফ করত البدل-কে তার স্থলাভিষিক্ত করা হয়েছে। حمل উহ্য মাসদার মুযাফ, البدل মুযাফ ইলাইহ। মুযাফ, মুযাফ ইলাইহ ও যরফে মুস্তাকার মিলে ফায়েল। تعذر ফে'ল-তার ফায়েল, মাফঊলে ফীহ মুকাদ্দাম মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। فاء জযাইয়্যাহ, على হরফে জার, الموضع মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে يحمل উহ্য ফে'লের সাথে। يحمل ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ।

قَوْلُهُ مِثْلُ مَا جَاءَنِىْ مِنْ اَحَدٍ اِلَّا زَيْدٌ : مثل মুযাফ, مَاجَاءَنِىْ مِنْ اَحَدٍ اِلَّا زَيْدٌ মুরাদুল্ লফয মা'তূফ আলাইহ ও তার পরবর্তী মা'তূফ মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله উহ্য মুবতাদা এবং তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। ماجاء ফে'ল, نون وقاية يائے متكلم মাফঊলে বিহী। من হরফে জার, احد মুবদালি মিনহু, الا হরফে ইস্তিছনা, زيد বদলুল্ বা'য, احد মুবদালে মিনহু ও বদলুল্ বা'য মিলে ফায়েল। ফে'ল, ফায়েল ও মাফঊলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে।

قَوْلُهُ لَا اَحَدَ فِيْهَا اِلَّا عَمْرٌو : لا নফী জিন্‌সের জন্য, احد মুবদাল মিনহু, فى হরফে জার, ها মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت উহ্য শিব্‌হে ফে'লের সাথে। ثابت শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। الا হরফে ইস্তিছনা, عمرو বদলুল বা'য। احد মুবদালে মিনহু তার বদলুল বা'য মিলে ইসম। لا তার ইসম ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে।

قَوْلُهُ وَمَا زَيْدٌ شَيْئًا اِلَّا شَيْءٌ : واو হরফে আত্‌ফ, ما মুশাব্বাহ বিলায়সা, زيد তার ইসম, شيئا মুবদালে মিনহু, الا হরফে ইস্তিছনা, شئ মাওসূফ, لايعبأ ফে'ল, باء হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে নায়েবে ফায়েল। ফে'ল ও নায়েবে ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়ে সিফাত। شئ মাওসূফ ও তার সিফাত মিলে বদলুল বা'য। شيئا মুবদালে মিনহু তার বদলে বা'য মিলে খবর। ما তার ইসম ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে।

قَوْلُهُ لِاَنَّ مَنْ لَاتُزَادُ بَعْدَ الْاِثْبَاتِ الخ : ل হরফে জার, ان হরফে মুশাব্বাহ বিল ফে'ল মাওসূলে হরফী, من মুরাদুল্ লফয মা'তূফ আলাইহ, واو হরফে আত্‌ফ, ما মা'তূফ আলাইহ, واو হরফে আত্‌ফ, لا মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মা'তূফ হয়েছে। من মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে ইসমে আন্না, تزاد لا ফে'ল, উহ্য যমীর هى নায়েবে ফায়েল। بعد মুযাফ, الاثبات মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফঊলে ফীহ। تزاد لا ফে'ল, তার নায়েবে ফায়েল ও মাফঊলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ আলাইহ। لاتقدران ফে'ল, যমীর هما নায়েবে ফায়েল, عاملتين শিবহে ফে'ল ও উহ্য যমীর هما ফায়েল মিলে মাফঊলে বিহী। بعد মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফঊলে ফীহ। ل হরফে জার, ان মাওসূলে হরফী, هما তার ইসম। عملتا ফে'ল, যমীর هما যুলহাল, ل হরফে জার, النفى মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। واو হালিয়্যাহ, قد তাহকীকের জন্য, انتقض

-ফে'ল, النفى ফায়েল, باء হরফে জার, لا মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব, انتقض ফে'ল, তার ফায়েল ও যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে হাল। হাল ও যুলহাল মিলে ফায়েল। عملتا ফে'ল, ফায়েল ও যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। ان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূলে হরফী ও তার সেলাহ মিলে বতাবীলে মুফরাদ মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। لاتقدران ফে'ল, নায়েবে ফায়েল, মাফউলে বিহী, মাফউলে ফীহ ও যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে খবর। ان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে সেলাহ। ان মাওসূলে হরফী ও তার সেলাহ মিলে বতাবীলে মুফরাদ মাজরূর। জার ও মাজরূর মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে খবরে আন্না। ইসমে আন্না ও খবরে আন্না মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে যরফে মুস্তাকার হয়েছে تعذر উহ্য ফে'লের সাথে। মূলত انما تعذر উহ্য রয়েছে। انما হরফে হাসর। تعذر ফে'ল, উহ্য যমীর هو ফায়েল ও যরফে মুস্তাকার মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। باء হরফে জার, خلاف মাসদার মুযাফ, لَيْسَ زَيْدٌ شَيْئًا الخ মুরাদুল্ লফ্‌য মুযাফ ইলাইহ। ل হরফে জার, ان হরফে মুশাব্‌বাহ বিল ফে'ল মাওসূলে হরফী, ها তার ইসম, عملت ফে'ল, উহ্য যমীর هى ফায়েল, ل হরফে জার, الفعلية মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। عملت ফে'ল, ফায়েল ও যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। ان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূলে হরফী ও তার সেলাহ মিলে মুফরাদ হয়ে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। خلاف মুযাফ, তার মুযাফ ইলাইহ ও যরফে লগ্‌ব মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتتان শিবহে ফে'লের সাথে। ثابتتان শিবহে ফে'ল, উহ্য যমীর هما ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। هما উহ্য মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। فاء ফসীহা, لا নফী জিনসের জন্য। اثر তার ইসম। فى হরফে জার, ها মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে উহ্য ثابت-এর সাথে, ل হরফে জার, نقض মাসদার মুযাফ, معنى মুযাফ ইলাইহ মুযাফ। النفى - মুযাফ ইলাইহ। معنى মুযাফ- তার মুযাফ ইলাইহের সাথে মিলে মুযাফ ইলাইহ। نقض মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت উহ্যের সাথে। ثابت শিবহে ফে'ল, যমীর هو উহ্য ফায়েল, ও যরফে মুস্তাকার মিলে খবর। ل হরফে জার, بقاء মাসদার মুযাফ, الامر মাওসূফ। العاملة শিবহে ফে'ল, هى নায়েবে যমীর তার ফায়েল, لا হরফে জার, اجل মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। العاملة শিবহে ফে'ল, তার ফায়েল ও যরফে লগ্‌ব মিলে সিফাত। الامر মাওসূফ ও তার সিফাত মিলে মুযাফ ইলাইহ, بقاء মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব, لا তার ইসম, খবর ও যরফে লগ্‌ব মিলে জাযা। اِذَا كَانَ الْاَمْرُ كَذَا উহ্য শর্ত। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ।

قَوْلُهُ وَمَنْ ثَمَّ جَازَ الخ : واو হরফে ইস্তীনাফ, من হরফে জার, ثم মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব মুকাদ্দাম, جاز ফে'ল, لَيْسَ زَيْدٌ اِلَّاقَائِمًا মুরাদুল লফ্‌য ফায়েল। ফে'ল, ফায়েল ও যরফে লগ্‌ব মুকাদ্দাম মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। واو হরফে আত্‌ফ, امتنع ফে'ল, مَازَيْدٌ اِلَّا قَائِمًا মুরাদুল লফ্‌য ফায়েল। ফে'ল ও ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। واو হরফে আত্‌ফ, مخفوض শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল, بعد মুযাফ, غير মা'তূফ আলাইহ। واو হরফে আত্‌ফ, سوى মা'তূফ, واو হরফে আত্‌ফ, سواء মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফদ্বয় মিলে মুযাফ ইলাইহ। بعد মুযাফ তার মুযাফ ইলাইহ মিলে মা'তূফ আলাইহ, واو হরফে আত্‌ফ بعد মুযাফ حاش মুযাফ ইলাইহ, মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাফউলে ফীহ। مخفوض শিবহে ফে'ল, তার নায়েবে ফায়েল ও মাফউলে ফীহ মিলে খবর। هو উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। فى হরফে জার, الاكثر সিফাত, استعمال لا উহ্য মাওসূফ। মাওসূফ ও সিফাত মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت উহ্য শিবহে ফে'লের সাথে। ثابت শিবহে ফে'ল, নায়েবে ফায়েল এবং যরফে মুস্তাকার মিলে খবর। যমীর هو উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

وَاِعْرَابُ غَيْرِ فِيْهِ كَاِعْرَابِ الْمُسْتَثْنٰى بِاِلَّا عَلَى التَّفْصِيْلِ وَغَيْرُ صِفَةٍ حُمِلَتْ عَلٰى اِلَّا فِى الْاِسْتِثْنَاءِ كَمَا حُمِلَتْ اِلَّا عَلَيْهَا فِى الصِّفَةِ اِذَا كَانَتْ تَابِعَةً لِجَمْعٍ مَنْكُوْرٍ غَيْرِ مَحْصُوْرٍ لِتَعَذُّرِ الْاِسْتِثْنَاءِ مِثْلُ لَوْ كَانَ فِيْهِمَآ اٰلِهَةٌ اِلَّا اللّٰهُ لَفَسَدَتَا وَضَعُفَ فِىْ غَيْرِهٖ وَاِعْرَابُ سِوٰى وَسِوَاءٍ النَّصْبُ عَلَى الظَّرْفِ عَلَى الْاَصَحِّ -

---

অনুবাদ : غير শব্দের ই'রাব الا দ্বারা ইস্তিছনাকৃত শব্দের এ'রাবের অনুরূপ বিস্তারিত বর্ণনানুযায়ী। غير সিফাতীকে ইস্তিছনার মধ্যে ব্যবহৃত الا-এর উপর ব্যবহার করা হয়, যেমনিভাবে ইস্তিছনা অসম্ভব হবার কারণে الا-কে সিফাতের ক্ষেত্রে তার (غير-এর) উপর ব্যবহার করা হয় যখন এটা এমন جمع-এর تابع হয়, যা নাকেরা গায়রে মাহসূর (অসীমাবদ্ধ) হয়। যেমন–لَوْكَانَ فِيْهِمَآ اٰلِهَةٌ اِلَّا اللّٰهُ لَفَسَدَتَا (যদি আসমান-জমিনে আল্লাহ ব্যতীত অন্য উপাস্য থাকতো তবে এতদুভয় ধ্বংস হয়ে যেতো) উহা ব্যতীত অন্যান্য গুলোর মধ্যে (اِلَّا-কে গায়রে সিফাতের উপর) ব্যবহার করা দুর্বল। سِوٰى ও سِوَاء-এর ই'রাব বিশুদ্ধ অভিমতানুযায়ী যরফ হিসেবে নসব হবে।

ব্যাখ্যা : মুসান্নিফ (র.) مستثنى-এর ই'রাব বর্ণনা করার পর غير-এর ই'রাবের আলোচনা আরম্ভ করেছেন। মুসান্নিফ কারণ, استثناء-এর শব্দাবলির মধ্যে غير টি ইসমে متمكن যা সর্বপ্রকার ই'রাব গ্রহণ করে। অন্যান্যগুলো তার ব্যতিক্রম। যেমন–اِلَّا টি لَيْسَ، مَاعَدَا، مَاخَلَا ، خَلَا، عَدَا এগুলো فعل ماضى অনুরূপভাবে مبنى على الفتح হওয়াতে مبنى على الفتح হবে। তা ই'রাব কবুল করে না। আর سِوٰى ও سِوَاء শব্দদ্বয় যরফ হবার কারণে যবর বিশিষ্ট হয় এবং لَايَكُوْنُ ফে'লে মুযারি' আমিল থেকে মুক্ত হওয়া অবস্থায় পেশ বিশিষ্ট হয়; অন্যথায় আমিল অনুযায়ী হয়। ইস্তিছনা অনুপাতে তাতে কোনো ই'রাব প্রযোজ্য হয় না।

* غير -এ ই'রাব الا بـ مستثنى -এর ই'রাবের মতো। যেমন–

১. মুস্তাছনাটি মুত্তাসিল ও মুস্তাছনায়ে গায়রে মুফার্‌রাগ হলে যবর বিশিষ্ট হয়।যেমন– جَاءَنِى الْقَوْمُ غَيْرَ زَيْدٍ

২. মুস্তাছনাটি মুনকাতে' হওয়া অবস্থায়। যেমন–جَاءَنِى الْقَوْمُ غَيْرَ حِمَارٍ

৩. মুস্তাছনা মুকাদ্দাম হলে। যেমন–مَا جَاءَنِىْ غَيْرَ زَيْدٍ الْقَوْمُ

৪. মুস্তাছনা বদল হওয়া অবস্থায়। যেমন–مَا جَاءَنِىْ اَحَدٌ غَيْر زيدا وعمرو زيد

৫. মুস্তাছনায়ে মুফার্‌রাগ হলে। যেমন–مَا جَاءَنِىْ غَيْر و زيد، مَارَأَيْتُ غَيْرَ زَيْدٍ ، مَامَرَرْتُ بِغَيْرِ زَيْدٍ

قَوْلُهُ غَيْرُ صِفَةٍ حُمِلَتْ الخ : غير -এর গঠন মূলত সিফাতের জন্য হয়েছে। যেমন– جاء نى رجل غير زيد আরবি ভাষায় এ পদ্ধতিতে তা ব্যবহার অধিক প্রচলিত। তবে কখনো غير টি সিফাতের অর্থে না হয়ে ইস্তিছনার জন্য গঠিত الا-এর অর্থে হয়ে থাকে। যেমন–جَاءَنِى الْقَوْمُ غَيْرَ زَيْدٍ এখানে সিফাত হওয়া অসম্ভব। কারণ, মাওসূফ ও সিফাতের মধ্যে মা'রেফা ও নাকেরা হওয়ার মধ্যে পরস্পর এক হওয়া শর্ত। এখানে القوم টি মা'রেফা আর غير যদিও মা'রেফার দিকে এযাফত হয়েছে; কিন্তু অস্পষ্টতার কারণে তা নাকেরা আর الا তার বিপরীত। তা আসলীভাবে ইস্‌তিছনার জন্য। কখনো তাকে غير -এর উপর হামল করত সিফাতের মধ্যে ব্যবহার করা হয় যখন الا এমন جمع-এর পরে পতিত, যা নাকেরা এবং محصور হয়। যেমন–جَاءَنِىْ رِجَالٌ اِلَّا زَيْدٌ উক্ত উদাহরণে الا-এর ব্যবহার غير صفتى-এর উপর হয়েছে, কারণ এখানে মুত্তাসিল ও মুনকাতে' কোনো প্রকারেরই ইসতিছনা হতে পারে না। কেননা, استثناء متصل-এর মধ্যে مستثنى টি

مستثنى منه -এর মধ্যে প্রবিষ্ট থাকা দৃঢ়ভাবে হতে হবে। আর مستثنى منقطع -এর মধ্যে দৃঢ় (একীনি) ভাবে বহির্ভূত হতে হবে। এখানে زيد শব্দটি رجال-এর মধ্যে প্রবিষ্ট হতে পারে, আবার প্রবিষ্ট না হওয়ার সম্ভাবনাও রয়েছে। কাজেই এখানে ইস্‌তিছনার উভয় প্রকারের মধ্য থেকে কোনো প্রকারই হতে পারে না। جَاءَنِى الرَّجُلُ اِلاَّ زَيْدٌ তার বিপরীত। তার মধ্যে الرجال টি معرف باللام হওয়াতে সবাইকে শামিল করে। অতএব, زيد তার মধ্যে একীনিভাবে প্রবিষ্ট হওয়াতে তা استثناء متصل।

জ্ঞাতব্য যে, এখানে جمع منكور غير محصور -এর শর্ত এ জন্যই দেওয়া হয়েছে যে, ৸া-এর পূর্বে جمع محصور হলে ইস্‌তিছন জায়েজ হবে। যেমন– لِزَيْدٍ عَلَىَّ عَشَرَةُ دَرَاهِمَ اِلاَّ وَاحِدًا اَوْ اِثْنَيْنِ اِلٰى غَيْرِ ذَالِكَ কেননা, এক, দুই, তিন এভাবে নয় পর্যন্ত যতগুলো সংখ্যা রয়েছে সবগুলো দশের মধ্যে একীনিভাবে প্রবিষ্ট রয়েছে। আল্লাহর বাণী–لَوْكَانَ فِيْهِمَا اٰلِهَةٌ اِلاَّ اللّٰهُ لَفَسَدَتَا এবং لَا اِلٰهَ اِلاَّ اللّٰهُ এখানে غَيْر টি اِلاَّ তথা সিফাত অর্থে ব্যবহৃত হয়েছে। কেননা, এ উদাহরণদ্বয়ে ৸া টি যখন ইস্‌তিছনার জন্য হয়, তখন مستثنى منه-এর ক্ষেত্রে مستثنى متصل-কে ব্যাপক সত্তা বিশিষ্ট শব্দ হিসেবে মেনে নেওয়া অত্যাবশ্যক। অথচ এ স্থানদ্বয়ে ব্যাপকভাবে اله-এর অস্তিত্বকে মেনে নিলে শিরক হয়ে যায় বা একত্ববাদ অবশিষ্ট থাকে না। অনুরূপভাবে استثناء منقطع মেনে নেওয়া হলে অনেক বাতিল খোদার অস্তিত্ব মেনে নেওয়া আবশ্যক হয়। আর বাতিল খোদাকে نفى করার দ্বারা সত্য খোদাকে نفى করা লাযেম হয় না। এমতাবস্থায় তৌহিদের উদ্দেশ্য বিবর্জিত হয়। সুতরাং ৸া-কে غير অর্থে ব্যবহার করতে হবে।

* সর্বজনমান্য গ্রন্থকার আল্লামা ইবনে হাজিব (র.) ৸া শব্দটি غير অর্থে ব্যবহৃত হবার জন্য শর্তারোপ করেছেন اذا كانت تابعة لجمع তথা যখন ৸া শব্দটি جمع-এর পরে পতিত হয়। এ কারণ বিশ্লেষণে বলা হবে ৸া শব্দটি ইস্তিছনা ও সিফাত উভয় অর্থে ব্যবহৃত হয়। ৸া শব্দটি ইস্তিছনা অর্থে হওয়াই মৌলিক চাহিদা। আর মুস্তাছনা মিনহু বহুসংখ্যা বিশিষ্ট হওয়া জরুরি। ৸া সিফাত অর্থে ব্যবহৃত হওয়া অবস্থায় তার মাওসূফ বহু সংখ্যক (جمع) হওয়ার শর্তারোপ করা হয়েছে, যাতে সিফাত ও ইস্তিছনার অবস্থা সাদৃশ্যপূর্ণ হয়ে যায়।

قَوْلُهُ وَضَعُفَ فِىْ غَيْرِهِ الخ : ৸া -কে غير صفتى অর্থে ব্যবহৃত করা جمع منكور غير محصور ব্যতীত অন্যান্য ক্ষেত্রে দুর্বল। কারণ, এ সব স্থানে ইস্তিছনা শুদ্ধ। যদি কেউ প্রশ্ন করে, এখানে ضعف -এর স্থানে امتناع বা لم يجز বলেননি কেন ? **উত্তর** : অধিকাংশ নাহুবিদ ৸া -কে সিফাতের অর্থে غير جمع منكور غير محصور -এর মধ্যেও ব্যবহার করে থাকেন। তারা এটাকে বৈধ মনে করে বিধায় মুসান্নিফ (র.) শালীনতা রক্ষার্থে امتناع বা لم يجز বলেননি।

قَوْلُهُ اِعْرَابُ سِوٰى وَسِوَاء : سوى ও তার সমগোত্রীয়দের ই'রাব যরফ হিসেবে নসব হয়। তা ইস্‌তিছনার ক্ষেত্রে প্রযোজ্য। তাই جَاءَنِى الْقَوْمُ سِوٰى زَيْدٍ-এর অর্থ زيد ব্যতীত সম্প্রদায়ের সকলেই এসেছে, যায়েদ আসেনি। এখানে যরফ উহ্য রয়েছে। এটি আল্লামা সীবাওয়াইহের উক্তি যা বিশুদ্ধ অভিমত। কেননা, তাঁর মতে سوى ও سواء শব্দদ্বয় لازم الظرفية ; তাইতো جَاءَنِى الْقَوْمُ سِوٰى زَيْدٍ-এর অর্থ جَاءَنِى الْقَوْمُ مَكَانَ زَيْدٍ ইমাম আখ্‌ফাশের মতেও মানসূব হবে, যে সব শব্দে অধিকাংশ ক্ষেত্রে যরফিয়্যত হিসেবে নসব দেওয়া হয়, তাতে রফা' দেওয়া মাকরূহ। যেমন, আল্লাহ তা'আলার বাণী–لَقَدْ تَقَطَّعَ بَيْنَكُمْ এতে بين শব্দে নসব পড়া হবে, রফা' মাকরূহ। অনুরূপ جَاءَنِىْ سِوَاكَ-এর মধ্যে سواء মানসূব, মারফূ' নয়। কূফাবাসীদের মতে উভয়টি যরফিয়্যত থেকে বের হওয়া এবং অন্য কোনো আমিলের কারণে এ দু'টিকে যবর, যের ও পেশ দেওয়া জায়েজ। তাঁদের স্বপক্ষে প্রমাণ স্বরূপ নিম্নে উল্লিখিত কবিতা উপস্থাপন করা হয়েছে।

فَلَمَّا اَصْبَحَ الشَّرُّ فَاَمْسٰى وَهُوَ عَرِيْنُ * وَلَمْ يَبْقِ سِوٰى الْعُدْوَانِ دَنَّاهُمْ لَمَّا دَانُوْا

শাব্দিক বিশ্লেষণ : এই শ্লোকে اَصْبَحَ অর্থ–প্রকাশ হয়েছে। اَمْسٰى ফে'লে নাকেস, তার যমীর شر-এর দিকে ফিরেছে। এখানে سِوٰى শব্দটি غير অর্থে ব্যবহৃত আর তা لم يبق-এর ফায়েল। غير শব্দে যেভাবে তিন ধরনের ই'রাব প্রবিষ্ট হয়, তদ্রূপ سِوٰى-এর মধ্যেও তিন ধরনের ই'রাব হতে পারে। যদি سوى ও سواء শব্দদ্বয় لازم الظرفية-এর অনুপাতে

সর্বদা মানসূব হতো, তাহলে কবি سوى-কে রফা' পড়তেন না। বসরাবাসীদের মতে এ শব্দদ্বয় لازم الظرفية হবার কারণে মানসূব হবে।

سِوًى-এর আনুষঙ্গিকতা : سوى মূলত যরফে মকানের সিফাত, মাওসূফ হলো مكان ; যেমন, আল্লাহ তা'আলার বাণী- مَكَانًا سَوِيًّا মাওসূফকে বিলোপ করত সিফাতকে তদস্থলে রাখা হয়েছে। استواء অর্থের পরিবর্তে مكان অর্থে ব্যবহৃত হতে শুরু করে। অতঃপর سوى টি স্বতন্ত্র শব্দ হিসেবে ব্যবহৃত হতে থাকে। যেমনিভাবে مكان শব্দটি بدل অর্থে ব্যবহার লক্ষ্য করা যায়- اَنْتَ لِيْ مَكَانَ عَمْرٍو অর্থাৎ بدل عمرو ; তেমনিভাবে ইস্তিছনা অধ্যায়ে سوى শব্দটি بدل অর্থে ব্যবহার দেখা যায়। جَاءَنِيَ الْقَوْمُ سِوٰى زَيْدٍ অর্থাৎ بدل زيد পরবর্তীতে সাধারণভাবে ইস্তিছনার জন্য ব্যবহৃত হতে লাগল।

সারকথা, বসরাবাসীরা মূলার্থ অনুপাতে لازم الظرفية হওয়াতে মানসূব বলে থাকেন। আর কূফাবাসীরা অভীষ্ট অর্থের দৃষ্টিতে سوى-কে غير অর্থে ব্যবহার করত মারফূ', মানসূব ও মাজরূর তিন ধরনের ই'রাব দিয়ে পড়ার পক্ষপাতি। বসরী নাহুবীগণ কূফীদের দলিলকে খণ্ডন করতে বলেছেন سوى মূলত যরফ। উক্ত শ্লোকে لم يبق-এর ফায়েল হওয়াটা شاذ আর তা ধর্তব্য নয়। কেননা, اَلشَّاذُّ كَالْمَعْدُوْمِ অন্যভাবে বলা যায়-سوى ফায়েল নয় ; বরং شئ শব্দ উহ্য রয়েছে। উহ্যরূপ হবে لَمْ يَبْقَ شَئٌ سِوَى الْعُدْوَانِ ।

জ্ঞাতব্য যে, سَوَاءٌ كَانَ জাতীয় বাক্যের তারকীব হলো سواء খবর, كان মুবতাদা। কেননা, ফে'ল যখন যমান ও নিসবত থেকে মুক্ত হয়, তখন হুকুমগত মাসদার হয়ে মুবতাদা হতে পারে। যেমন, প্রবাদ রয়েছে- تَسْمَعُ بِالْمُعَيْدِيْ خَيْرٌ مِنْ اَنْ تَرَاهُ এতে تسمع মুবতাদা আর خير হলো খবর। ফে'ল হুকুমগত মাসদার হবার দৃষ্টান্ত আরবি ভাষায় অনেক দেখা যায়। যেমন-قَالَ زَيْدٌ اَنَّ عَمْرًو ذَاهِبًا এখানে কয়েকটি সমস্যা রয়েছে-(১) قال ফে'লের পরে কোনো শব্দ মারফূ' বা মানসূব হয় ; অথচ زيد মাজরূর হয়েছে। (২) قول-এর পরে ان যের যোগে পঠিত হয় ; অথচ এখানে যবর যোগে ব্যবহৃত। (৩) ان হরফে মুশাব্বাহ বিল ফে'ল, তার ইসম মানসূব এবং খবর মারফূ' হওয়া উচিত, অথচ এখানে উল্টো পরিলক্ষিত হয়। এসব সমস্যার সমাধানে বলা যায়- قال মুযাফ, زيد মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। কেননা, এটা যমান ও নিসবত থেকে মুক্ত বিধায় قول-এর পর্যায়ে হয়েছে। عمرو ফায়েল আর ذاهبا ঐ ফায়েল থেকে حال হয়েছে।

তারকীব : قَوْلُهُ اِعْرَابُ غَيْرِ فِيْهِ الخ : واو হরফে আত্ফ, اعراب মুযাফ, غير যুলহাল, فى হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا-এর সাথে। ثابتا শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে হাল। যুলহাল ও হাল মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। ك হরফে জার, اعراب মুযাফ, المستثنى যুলহাল, با হরফে জার, لا মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا-এর সাথে। ثابتا শিবহে ফে'ল, নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে হাল। যুলহাল ও হাল মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে যুলহাল। على হরফে জার, التفصيل মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا-এর সাথে। ثابتا শিবহে ফে'ল, নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে হাল। যুলহাল ও হাল মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت-এর সাথে। ثابت শিবহে ফে'ল, নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। واو হরফে ইস্তীনাফ, غير মুবতাদা, صفة খবরে আউওয়াল। حملت ফে'ল, যমীল هى ফায়েল, على হরফে জার, لا মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব আউওয়াল। فى হরফে জার, الاستثناء মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব ছানী। ك হরফে জার, ما মাসদারিয়া মাওসূলে হরফী, حملت ফে'ল, لا নায়েবে ফায়েল, على হরফে জার, ها মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব আউওয়াল, فى হরফে জার, الصفة মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব ছানী, اذا মুযাফ كانت ফে'লে নাকেস,

যমীর هى তার ইসম, تابعة শিবহে ফে'ল, উহ্য যমীর هى নায়েবে ফায়েল, لام হরফে জার, جمع মাওসূফ, منكور শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল মিলে সিফাতে আউওয়াল, غير মুযাফ, محصور মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে সিফাতে ছানী। মাওসূফ ও তার উভয় সিফাত মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। تابعة শিবহে ফে'ল, নায়েবে ফায়েল ও যরফে লগ্‌ব মিলে খবর। كانت তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মুযাফ ইলাইহ। اذا মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফঊলে ফীহ। لام হরফে জার, تعذر মুযাফ, الاستثناء মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব ছালিছ। حملت ফে'ল, নায়েবে ফায়েল, যরফে লগ্‌বদ্বয় ও মাফঊলে ফীহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتا -এর সাথে। ثابتا শিবহে ফে'ল, তার নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে সিফাত। حملا উহ্য মাওসূফ ও তার সিফাত মিলে মাফঊলে মুতলাক। حملت ফে'ল, নায়েবে ফায়েল, যরফে লগ্‌বদ্বয় ও মাফঊলে মুতলাক মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবরে ছানী। غير মুবতাদা ও তার উভয় খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

قَوْلُهُ مِثْلُ لَوْ كَانَ فِيْهِمَا اٰلِهَةٌ الخ : مثل মুযাফ, لَوْ كَانَ فِيْهِمَا اٰلِهَةٌ মুরাদুল লফয মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। لو হরফে শর্ত, كان ফে'লে নাকেস, فى হরফে জার, هما মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتة-এর সাথে। ثابتة শিবহে ফে'ল, উহ্য যমীর هى নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে كان-এর খবরে মুকাদ্দাম। الهة মাওসূফ, لا টি غير অর্থে ব্যবহৃত মুযাফ, الله মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে সিফাত। মাওসূফ ও সিফাত মিলে ইসমে মুয়াখ্‌খার। كان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। ل জাওয়াবিয়্যাহ, فسدتا ফে'ল ও تا যমীরে বারেয ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জওয়াব। শর্ত ও জওয়াব মিলে জুমলায়ে শর্তিয়্যাহ।

قَوْلُهُ وَضَعُفَ فِىْ غَيْرِهٖ : واو হরফে আত্‌ফ, ضعف ফে'ল, উহ্য যমীর هو ফায়েল, فى হরফে জার, غير, মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাই মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। ফে'ল, ফায়েল ও যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। واو হরফে ইস্তীনাফ, اعراب মুযাফ, سوى মা'তূফ আলাইহ, واو হরফে আত্‌ফ, سواء মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। النصب খবর, على হরফে জার, الظرف মাজরূর। জার ও মাজরূর মিরে মুতা'আল্লাকে নিসবত। মুবতাদা তার খবর ও মুতা'আল্লাকে নিসবত মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। على হরফে জার, الاصح সিফাত, المذهب উহ্য মাওসূফ। মাওসূফ ও সিফাত মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت-এর সাথে। ثابت শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। هذا উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে।

خَبَرُ كَانَ وَاَخَوَاتِهَا هُوَ الْمُسْنَدُ بَعْدَ دُخُوْلِهَا مِثْلُ كَانَ زَيْدٌ قَائِمًا وَاَمْرُهُ كَاَمْرِ خَبَرِ الْمُبْتَدَاِ وَيَتَقَدَّمُ مَعْرِفَةً وَقَدْ يُحْذَفُ عَامِلُهُ فِىْ نَحْوِ اَلنَّاسُ مَجْزِيُّوْنَ بِاَعْمَالِهِمْ اِنْ خَيْرًا فَخَيْرٌ وَاِنْ شَرًّا فَشَرٌّ وَيَجُوْزُ فِىْ مِثْلِهَا اَرْبَعَةُ اَوْجُهٍ وَيَجِبُ الْحَذْفُ فِىْ مِثْلِ اَمَّا اَنْتَ مُنْطَلِقًا اِنْطَلَقْتُ اَىْ لِاَنْ كُنْتَ مُنْطَلِقًا-

---

অনুবাদ : خَبَرُ كَانَ وَاَخَوَاتِهَا (كان ও তার সমগোত্রীয়দের খবর) এমন একটি ইসম, যা এদের (كان ও তার সমগোত্রীয়) প্রবিষ্ট হওয়ার পর মুসনাদ হবে। যেমন- كَانَ زَيْدٌ قَائِمًا., তার অবস্থা মুবতাদা-খবরের অবস্থাদির মতো। معرفة হওয়া অবস্থায় তা (তার ইসমের উপর) মুকাদ্দাম হয়। এর আমিল কখনো বিলোপ করা হয় اَلنَّاسُ مَجْزِيُّوْنَ بِاَعْمَالِهِمْ اِنْ خَيْرًا فَخَيْرٌ اِنْ شَرًّا فَشَرٌّ (মানবজাতি তাদের আমলের প্রতিদান প্রাপ্ত হয়, কর্ম ভাল হলে প্রতিদান ভাল আর কর্ম মন্দ হলে প্রতিদান মন্দ) অনুরূপ তারকীবে। তার একই তারকীবে চারটি প্রক্রিয়া বৈধ। اَمَّا اَنْتَ مُنْطَلِقًا اِنْطَلَقْتُ তথা لِاَنْ كُنْتَ مُنْطَلِقًا (তুমি গমনকারী হবার কারণে আমি চলেছি) অনুরূপ তারকীবে (خبر كان-এর আমিলকে) বিলোপ করা ওয়াজিব।

ব্যাখ্যা : পূর্ববর্তী কারীনা দ্বারা এখানেও منه উহ্য রয়েছে। এর মধ্যে واو হরফে আত্ফ, منه খবরে মুকাদ্দাম, خبر كان واخواتها মুবতাদায়ে মুয়াখ্খার যা منصوبات-এর মধ্যে নবম প্রকার। كان ও তার সমগোত্রীয়দের খবর হলো যাতে এগুলো প্রবেশের পর মুসনাদ হয়। এখানে একটি প্রশ্ন উত্থাপিত হয় যে, উক্ত সংজ্ঞাটি অন্যান্য বস্তু তাতে প্রবেশ করা থেকে বাধা প্রদানকারী নয়। যেমন- كَانَ زَيْدٌ اَبُوْهُ قَائِمٌ-এর মধ্যে قائم-এর উপরও সংজ্ঞাটি প্রযোজ্য হয় ; অথচ তা كان-এর খবর নয়। **উত্তর :** دخول দ্বারা উদ্দেশ্য প্রভাব ফেলা। আর তা দু'প্রকার। যথা- لفظى ও معنوى-لفظى (শাব্দিক) প্রভাব হলো এগুলো ইসমকে পেশ বিশিষ্ট ও খবরকে যবর বিশিষ্ট করে দেওয়া। আর معنوى (অর্থগত) প্রভাব হলো খবরকে ইসমের জন্য সাব্যস্ত করা। এখানে كان শব্দটি زيد-এর জন্য اب-قيام-কে সাব্যস্ত করে, শুধু قيام-কে নয়। কাজেই قيام-এর উপর كان-এর প্রবিষ্ট হওয়া বাস্তবায়িত হবে ; শুধু قيام-এর উপর নয়। এর দ্বারা সংজ্ঞাটিতে ভাঙ্গন সৃষ্টি হয় না। উল্লেখ্য যে, مرفوعات-এর মধ্যে كان-এর ইসমকে উল্লেখ করা হয়নি। কেননা, তা বস্তুত كان ফে'লের ফায়েল। আর كان-এর খবরকে منصوبات-এর আলোচনায় উল্লেখ করার কারণ হলো, এটি كان-এর মাফউল নয় ; বরং মাফউলের সংশ্লিষ্ট। তাই তাকে উল্লেখ করা প্রয়োজন হয়ে পড়েছে।

قَوْلُهُ وَاَمْرُهُ كَاَمْرِ خَبَرِ : كان ও তার সমগোত্রীয় শব্দাবলির খবরের অবস্থা তথা তার প্রকার, শর্ত, বিধিবিধানসমূহ হলো মুবতাদা খবরের অবস্থার মতো। তাই মুবতাদার খবর যেমনিভাবে মুফরাদ, মা'রেফা, নাকেরা, জুমলা বা শিবহে জুমলা হয় ; তেমনিভাবে كان ও তার সমজাতীয় শব্দাবলির খবর ও মুফরাদ, মা'রেফা, নাকেরা, প্রভৃতি হয়ে থাকে। মুবতাদার খবর যেরূপ এক বা একাধিক ও প্রকাশ্য বা উহ্য হয়ে থাকে, كان ও তার সমজাতীয় শব্দাবলীর খবরও তদ্রূপ হয়ে থাকে। মুবতাদার খবরটি জুমলা হওয়া অবস্থায় যেমনিভাবে খবরের মধ্যে এমন একটি যমীর থাকা আবশ্যক যা মুবতাদার দিকে প্রত্যাবর্তনকারী, তেমনি كان ও তার সমজাতীয় শব্দবলির খবরটি জুমলা হলে তার মধ্যেও একটি যমীর থাকতে হবে, যা ইসমের দিকে প্রত্যাবর্তনকারী।

قَوْلُهُ وَيَتَقَدَّمُ مَعْرِفَةً : اَمْرُهُ كَاَمْرِ خَبَرِ الْمُبْتَدَاِ এ উক্তি থেকে ইস্তিছনা স্বরূপ মুসান্নিফ (র.) বলেছেন- ويتقدم معرفة মূলোদ্দেশ্য-সমস্ত বিধিবিধানে كان ও তার সমগোত্রীয় শব্দাবলির অবস্থা মুবতাদা খবরের অবস্থার মতো ; কিন্তু একটি বিধানে তার ব্যতিক্রম। আর তা হলো যখন মুবতাদার খবর معرفة হয়, তখন মুবতাদার উপর খবরকে আনয়ন করা নাজায়েজ, যেহেতু উভয়ের ই'রাব একটি রকম হওয়াতে মুবতাদা ও খবর পরিচয়ে সমস্যা দেখা দেয়। পক্ষান্তরে كان ও সমজাতীয়দের খবরটিকে معرفة হওয়া অবস্থায় এদের ইসমের উপর মুকাদ্দাম করা জায়েজ। কারণ, উভয়ের ই'রাব ভিন্ন হওয়াতে اسم ও خبر নির্ণয়ে কোনো সমস্যা দেখা দেয় না। তবে ই'রাব ও কারীনা উভয়টি অনুপস্থিত থাকলে, মিলে যাবার আশংকায় খবরকে ইসমের পূর্বে নেওয়া জায়েজ নেই। যেমন-كَانَ الْفَتٰى هٰذَا -যখন খবর নাকেরায়ে মুখাস্সাসা হয়, তখনো كان ও তার সমগোত্রীয়দের খবরকে ইসমের পূর্বে নেওয়া যায়। এতদ্সত্ত্বেও শুধু معرفة-কে কেন খাস করা হয়েছে ? তদুত্তরে বলা যায় মা'রেফা বলতে ব্যাপকতা বুঝানো হয়েছে ; চাই হাকীকী মা'রেফা হোক। যথা- كَانَ الْمُنْطَلِقُ زَيْدٌ অথবা হুকমী মা'রেফা হোক। যথা- নাকেরায়ে মুখাস্সাসা, তাইতো كَانَ اَفْضَلُ مِنِّىْ زَيْدٌ ও كَانَ اَفْضَلُ مِنْكَ زَيْدٌ উভয় ধরনের দৃষ্টান্ত বৈধ।

قَوْلُهُ وَقَدْ يُحْذَفُ عَامِلُهُ الخ : كان-এর খবরের আমিলকে কখনো বিলোপ করা হয় ; কিন্তু كان-এর সমগোত্রীয়দের খবরের আমিলকে নয়। খবরের আমিল দ্বারা كان উদ্দেশ্য। كان-কে বিলোপ করার সাথে নির্দিষ্ট করা হয়েছে বেশি ব্যবহারের কারণে আর অধিক ব্যবহার সহজতাকে দাবি করে। যেমন-كَانَ النَّاسُ مَجْزِيِّيْنَ بِاَعْمَالِهِمْ মূলত এটা كَانَ النَّاسُ مَجْزِيِّيْنَ بِاَعْمَالِهِمْ ছিল। এ দৃষ্টান্তে ঐ তারকীব উদ্দেশ্য যার মধ্যে شرطية ان-এর পরে ইসম ও তার পরে فاء থাকে। অতঃপর فاء-এর পরে অপর একটি ইসম হয়। এতে চার প্রকার ই'রাব বৈধ। যথা- (১) প্রথম খবর নসব ও দ্বিতীয়টি رفع, এটা সর্বাপেক্ষা উত্তম সুরত। যেমন-اِنْ كَانَ عَمَلُهُ خَيْرًا فَجَزَائُهُ خَيْرٌ অর্থাৎ اِنْ خَيْرًا فَخَيْرٌ (২) উভয় খবর নসব হবে। যথা- اِنْ خَيْرً فَخَيْرً অর্থাৎ اِنْ كَانَ عَمَلُهُ خَيْرًا فَكَانَ جَزَائُهُ خَيْرًا মূলে اِنْ كَانَ خَيْرًا فَخَيْرًا (৩) উভয়টি رفع হবে। যথা- اِنْ كَانَ فِىْ عَمَلِهِ خَيْرٌ فَجَزَائُهُ خَيْرٌ অর্থাৎ اِنْ كَانَ فِىْ عَمَلِهِ خَيْرٌ فَخَيْرًا (৪) প্রথমটি رفع ও দ্বিতীয়টি নসব হবে। যেমন-كَانَ فِىْ عَمَلِهِ خَيْرٌ فَجَزَائُهُ خَيْرٌ عَمَلِهِ خَيْرٌ فَكَانَ جَزَاءُهُ خَيْرًا

উপরোক্ত হাদীস শরীফে كان-এর বিলুপ্তির উপর ان شرطيه হলো কারীনা। কেননা, ان شرطية ইসমের উপর প্রবিষ্ট হয় না এবং তা শর্ত ও জাযাকে চায়। আর শর্ত ফে'ল হয়ে থাকে, ইসম নয়। এখানে যেহেতু ان শর্তিয়্যাহটি ইসমের উপর দাখিল হয়েছে, সেহেতু ফে'ল উহ্য রয়েছে। ফে'লে খাস উহ্য থাকার কোনো ইঙ্গিত পাওয়া না যাওয়াতে افعال عامه থেকে একটি উহ্য ধরে নেওয়া হয়। আর তা হলো كان ; যদি বলা হয়, এখানে كان-কে كان تامة মেনে নেওয়া হয়নি ? তাহলে তো خبر শব্দটি ফায়েল হিসেবে পেশ বিশিষ্ট হতো। **উত্তর :** كان ناقصة-এর ব্যবহার বহুল প্রচলিত। অধিক ব্যবহারের উপর প্রয়োগ করা উত্তম। উক্ত দৃষ্টান্তের উহ্য রূপ হবে اِنْ كَانَ عَمَلُهُمْ خَيْرًا فَجَزَائُهُمْ خَيْرٌ وَاِنْ كَانَ عَمَلُهُمْ شَرًّا فَجَزَائُهُمْ شَرٌّ যেমন, হাদীসে নব্বীতে রয়েছে-اُطْلُبُوا الْعِلْمَ وَلَوْ بِالصِّيْنِ অর্থাৎ وَلَوْ كَانَ بِالصِّيْنِ ।

قَوْلُهُ وَيَجِبُ الْحَذْفُ الخ : خبر كان-এর আমিলকে বিলোপ করা এরূপ উদাহরণে ওয়াজিব। ইবারতে উল্লিখিত مثل দ্বারা উদ্দেশ্য এ ধরনের তারকীব, যার মধ্যে كان-কে বিলোপ করত তার পরিবর্তে অন্য বস্তুকে নেওয়া হয়। কারণ, এমতাবস্থায় যদি كان-কে উল্লেখ করা হয়, তাহলে معروض عنه ও عوض একত্রিত হওয়া লাযেম আসবে। আর তা জায়েজ নেই। اما انت মূলত لان كنت ছিল। প্রথমে لام -কে বিলোপ করা হয়েছে। কারণ, اسم تاويلى থেকে لام-কে বিলোপ করা

সম্পর্কে কায়দা রয়েছে। এরপর সংক্ষিপ্ততার উদ্দেশ্য كان-কে বিলোপ করত كان-এর যমীরকে মুনফাসিল দ্বারা বদলানো হয়েছে। উহ্য ফে'লের পরিবর্তে 'ما' শব্দকে বৃদ্ধি করা হয়েছে। ما মাসদারিয়া كان-এর মতো কালের উপর বুঝায় বিধায় "ن"-কে ميم -এর মধ্যে ইদগাম করাতে امّا انت হয়ে যায়। "ما" শব্দটি كان ফে'লের পরিবর্তে আসাতে كان ফে'লকে বিলোপ করা ওয়াজিব। এমতাবস্থায় অর্থ হবে তুমি গমনকারী হবার কারণে আমি চলেছি।

বিশেষ করে ما শব্দকে বৃদ্ধি করার কারণ : ما শব্দের বৃদ্ধি কুরআনুল কারীমে এসেছে। আল্লাহর বাণী-فَبِمَا رَحْمَةٍ مِنَ اللّٰهِ অধিকন্তু ما শব্দ অর্থ ও আমলগতভাবে كان-এর সমগোত্রীয় ليس-এর সদৃশ। মূল ইবারতে বর্ণিত امّا-কে দু'ভাবে পড়া যায়। হামযাকে যবর ও যের যোগে। যের যোগে পঠিত হলে মূলরূপ হবে-اِنْ كُنْتُ مُنْطَلِقًا হামযাকে যবর ও যের যোগে পড়ার মাঝে দু'ধরনের পার্থক্য রয়েছে। শব্দগত পার্থক্য-যের যোগে পঠিত হলে لام বিদ্যমান না থাকাতে বিলুপ্তি প্রশ্ন আসে না। অর্থগত পার্থক্য- من মাসদারিয়্যাহ হওয়া অবস্থায় ফে'লটি ماضى হবে। পক্ষান্তরে ان শর্তিয়্যাহ হওয়ার সময়ে ফে'লটি مستقبل হবে। এখানে দু'ধরনের অবকাশ থাকাতে মুসান্নিফ (র.) اَىْ لِاَنْ كُنْتُ اَوْ اِنْ كُنْتُ বলা উচিত ছিল। এতদ্সত্ত্বেও সংক্ষিপ্ততার উদ্দেশ্যে প্রসিদ্ধতম অবস্থাকে উল্লেখ করেছেন। একটি আপত্তি উত্থাপিত হয়- لان كنت ছয় হরফ বিশিষ্ট, امّا انت সাত হরফ বিশিষ্ট এবং ان كنت পাঁচ হরফ বিশিষ্ট। আমরা মেনে নিতে পারি না যে, সংক্ষিপ্ত করণার্থে كان-কে বিলোপ করা হয়েছে। প্রত্যুত্তরে বলা যায় ان كنت ও لان كنت-এর তুলনায় امّا انت-এর উচ্চারণ অধিকতর সহজ। কেননা, এতে ইদগাম ও হরফে শফতী মীম বিদ্যমান, যা উচ্চারণে সহজ।

তারকীব : قَوْلُهُ خَبَرُ كَانَ وَاَخَوَاتِهَا هُوَ الْمُسْنَدُ الخ خبر মুযাফ, كان মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, اخوات মুযাফ, ها মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মুযাফ ইলাইহ। خبر মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মুবতাদায়ে মুয়াখ্খার। منهما উহ্য খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। هو মুবতাদা, المسند-এর মধ্যে ال টি الذى অর্থে ব্যবহৃত মাওসূল। مسند শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, بعد মুযাফ, دخول মাসদার মুযাফ, ها মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুযাফ ইলাইহ হয়েছে। بعد মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ। المسند শিবহে ফে'ল, নায়েবে ফায়েল ও মাফউলে ফীহ মিলে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে সিফাত। الاسم উহ্য মাওসূফ ও তার সিফাত মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে।

قَوْلُهُ مِثْلُ كَانَ زَيْدٌ قَائِمًا مثل মুযাফ, كَانَ زَيْدٌ قَائِمًا মুরাদুল্ লফয্ মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। كان ফে'লে নাকেস, زيد তার ইসম, قائما শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল। শিবহে ফে'ল ও নায়েবে ফায়েল মিলে খবর। كان ফে'লে নাকেস-তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। واو হরফে ইস্তীনাফ, امر মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। ك হরফে জার, امر মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت-এর সাথে। ثابت শিবহে ফে'ল-তার ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। واو হরফে ইস্তীনাফ, يتقدم ফে'ল, যমীর هو যুলহাল, معرفة হাল। যুলহাল ও হাল মিলে ফায়েল, يتقدم ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। واو হরফে আত্ফ, قد তাকলীলের জন্য, يحذف ফে'ল, عامل মুযাফ, ه মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে নায়েবে ফায়েল, فى হরফে জার, نحو মুযাফ, اَلنَّاسُ مَجْزِيُّوْنَ

মুরাদুল লফয মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। يحذف ফে'ল, নায়েবে ফায়েল ও যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ।

قَوْلُهُ اَلنَّاسُ مَجْزِيُّوْنَ الخ : الناس মুবতাদা, مجزيون শিবহে ফে'ল, যমীর هم নায়েবে ফায়েল, باء হরফে জার, اعمال মুযাফ, هم মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। مجزيون শিবহে ফে'ল, নায়েবে ফায়েল ও যরফে লগ্‌ব মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। ان হরফে শর্ত, خيرا খবর হয়েছে উহ্য كان ফে'লের, كان ফে'লে নাকেস, উহ্য عمل মুযাফ, هم মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে তার ইসম। كان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। فاء জাযাইয়্যাহ, خير খবর। جزائهم উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। ان হরফে শর্ত, شرا উহ্য كان ফে'লের খবর। كان ফে'লে নাকেস, عملهم তার উহ্য ইসম। كان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। فاء জাযাইয়্যাহ, شر খবর। جزائهم উহ্য মুবতাদা, মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। واو হরফে ইস্‌তীনাফ, يجوز ফে'ল, فى হরফে জার, مثل মুযাফ, ها মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। اربعة মুযাফ, اوجه মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে ফায়েল, يجوز ফে'ল-তার ফায়েল ও যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে। واو হরফে আত্‌ফ, يجب ফে'ল, الحذف ফায়েল, فى হরফে জার, مثل মুযাফ, اَمَّا اَنْتَ مُنْطَلِقًا মুরাদুল লফয মুবদালে মিনহু, اى হরফে তাফসীর, لان كنت বদলে কুল। মুবদাল মিনহু ও বদল মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। يجب ফে'ল-তার ফায়েল ও যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে।

قَوْلُهُ اَمَّا اَنْتَ مُنْطَلِقًا الخ : اما-এর মধ্যে ان মাওসূলে হরফী, ما ফে'লে নাকেসের পরিবর্তে ব্যবহৃত, انت উহ্য كان-এর ইসম। منطلقا তার খবর। উহ্য كان তার ইসম ও খবর মিলে সেলাহ। মাওসূলে হরফী ও তার সেলাহ মিলে বতাবীলে মুফরাদ উহ্য لام হরফে জারের মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। انطلقت ফে'ল, تاء যমীর ফায়েল ও যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে। لام হরফে জার, ان মাওসূলে হরফী, كنت ফে'লে নাকেস, تاء যমীরে বারেয তার ইসম, উহ্য منطلقا তার খবর। كنت তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূলে হরফী ও সেলাহ মিলে মাজরূর।জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব হয়েছে انطلقت-এর সাথে। انطلقت ফে'ল, ফায়েল ও যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ।

اِسْمُ اِنَّ وَاَخَوَاتِهَا هُوَ الْمُسْنَدُ اِلَيْهِ بَعْدَ دُخُوْلِهَا مِثْلُ اِنَّ زَيْدًا قَائِمٌ اَلْمَنْصُوْبُ بِلَا الَّتِىْ لِنَفْىِ الْجِنْسِ هُوَ الْمُسْنَدُ اِلَيْهِ بَعْدَ دُخُوْلِهَا يَلِيْهَا نَكِرَةً مُضَافًا اَوْ مُشَبَّهًا بِهِ مِثْلُ لَا غُلَامَ رَجُلٍ ظَرِيْفٌ فِيْهَا وَلَاعِشْرِيْنَ دِرْهَمًا لَكَ فَاِنْ كَانَ مُفْرَدًا فَهُوَ مَبْنِىٌّ عَلٰى مَايُنْصَبُ بِهِ وَاِنْ كَانَ مَعْرِفَةً اَوْ مَفْصُوْلًا بَيْنَهُ وَبَيْنَ لَا وَجَبَ الرَّفْعُ وَالتَّكْرِيْرُ وَمِثْلُ قَضِيَّةٌ وَلَا اَبَا حَسَنٍ لَهَا مُتَاوَّلٌ -

---

অনুবাদ : اِسْمُ اِنَّ وَاَخَوَاتِهَا তা এমন একটি ইসম, যা এদের (ان ও তার সমজাতীয়দের) প্রবেশের পর مسند اليه হয়। যেমন- اِنَّ زَيْدًا قَائِمٌ (নিশ্চয়ই যায়েদ দণ্ডায়মান)।

اَلْمَنْصُوْبُ بِلَا الَّتِىْ لِنَفْىِ الْجِنْسِ ঐ ইসম, যা لا প্রবিষ্ট হবার পর مسند اليه হয়, এমতাবস্থায় যে, لا-এর সংশ্লিষ্ট ইসমটি নাকেরা مضاف অথবা مشابه مضاف হয়। যেমন- لَاغُلَامَ رَجُلٍ ظَرِيْفٌ فِيْهَا (ঘরে কোনো পুরুষের চাকর চালাক নেই), لَاعِشْرِيْنَ دِرْهَمًا لَكَ (তোমার বিশ দিরহাম নেই)। যদি اسم টি مفرد হয়, তাহলে আলামতে নসবের উপর মাবনী হবে। আর যদি معرفة হয় অথবা উক্ত لا ও তার ইসমের মাঝে পার্থক্যকারী শব্দ থাকে, তাহলে رفع ও لا কে অন্য একটি ইসমসহ পুনরুল্লেখ করা আবশ্যক হবে। قَضِيَّةٌ وَلَا اَبَاحَسَنٍ لَهَا (এই বড় সমস্যা, যার জন্য হযরত আলী (র.)-এর মতো কোনো মানুষ নেই) অনুরূপ দৃষ্টান্ত বিশ্লেষণকৃত।

ব্যাখ্যা : ان ও তার সমগোত্রীয়দের ইসম মানসূবাতের দশম প্রকার। এ শব্দগুলো প্রবেশ করার পর যে ইসমটি مسند اليه হয়, তা এখানে উদ্দেশ্য নয়। যেমন- اِنَّ زَيْدًا اَبُوْهُ قَائِمٌ কাজেই اِنَّ زَيْدًا قَائِمٌ-এর মধ্যস্থিত ابوه-এর দ্বারা উক্ত সংজ্ঞাতে ভাঙ্গন সৃষ্টি হয় না। এখানে ان (যের যোগে)-কে পূর্বে নেওয়া হয়েছে, অথচ ان (যবর যোগে) কে সর্বাগ্রে নেওয়া উচিত ছিল। কেননা, এ সব হরূফের আমল ফে'লের সাথে সাদৃশ্যতার করণে হয়। আর ফে'লের সাথে ان المكسورة-এর চেয়ে ان المفتوحة -এর অধিক সদৃশতা রয়েছে। কারণ, ফে'লের আসল তথা ماضى-এর সাথে প্রথমাক্ষর ও শেষাক্ষর যবর হবার ক্ষেত্রে সদৃশতা রয়েছে। যেমন- مد-এর ওযনে ان পক্ষান্তরে ان المكسورة ফে'লের শাখা তথা امر-এর সাথে সামঞ্জস্যতা রাখে। তদুপরি ان المكسورة কে মুকাদ্দাম করার কারণ এটা জুমলার অর্থকে পরিবর্তন করে না। আর ان المفتوحة টি জুমলার অর্থকে পরিবর্তন করে। স্বতঃসিদ্ধ যে, পরিবর্তন হওয়াটা আসলের বিপরীত।

قَوْلُهُ اَلْمَنْصُوْبُ بِلَا الَّتِىْ لِنَفْىِ الْجِنْسِ الخ : আল্লামা ইবনে হাজিব (র.) এখানে لا التى لنفى الجنس না বলে المنصوب بلا التى لنفى الجنس বলার হেতু, لا-এর اسم সর্বদা মানসূব হয় না যদি لا اسم বলা হতো, তাহলে এ সন্দেহের সৃষ্টি হতো যে, لا-এর ইসম সর্বাবস্থায় মানসূব হয়। এ সন্দেহ অপনোদনে তিনি المنصوب بلا الخ বলেছেন।

قَوْلُهُ اَلْمَنْصُوْبُ بِلَا الَّتِىْ لِنَفْىِ الْجِنْسِ : اَلْمَنْصُوْبُ بِلَا الَّتِىْ لِنَفْىِ الْجِنْسِ ঐ اسم যা لا প্রবেশের পর مسند اليه হয় এবং لا-এর পরে পার্থক্যকারী ব্যতীত পতিত হয়। এমতাবস্থায় যে, ঐ مسند اليه টি نكره مضاف বা مشابه مضاف হয়, এখানে بعد دخولها শর্ত দ্বারা সকল مسند اليه বের হয়ে গেছে। কারণ, لا প্রবেশের পর উহা থেকে কোনোটিও مسند اليه নয়। যদিও هُوَ الْمُسْنَدُ اِلَيْهِ بَعْدَ دُخُوْلِهَا বললে لا-এর ইসমের সংজ্ঞা التى لنفى الجنس বলে সাধারণত যথেষ্ট হয়, তবে এখানে যেহেতু ঐ ইসম উদ্দেশ্য যা মানসূব হয়, সেহেতু উক্ত বর্ণনার পর يَلِيْهَا نَكِرَةً مُضَافًا الخ

ইবারতকে বৃদ্ধি করা হয়েছে। মুসান্নিফ (র.)-এর উক্তি مضافا او مشبهابه نكرة يليها থেকে প্রত্যেকটি المسند اليه -এর মধ্যস্থিত ، যমীরে মাজরূর মুত্তাসিল থেকে حال পতিত হয়েছে। তখন এগুলো احوال مترادفة হবে অথবা المسند اليه-এর ، যমীর থেকে يليها পদটি حال হয়েছে এবং يليها-এর উহ্য যমীর থেকে বাকি অংশ حال হয়েছে বিধায় এগুলোকে احوال متداخلة বলা হয়।

قَوْلُهُ لَاغُلَامَ رَجُلٍ الخ : نكرة مضاف -এর উদাহরণে যা لا -এর সাথে সম্পৃক্ত হয়–لَا غُلَامَ رَجُلٍ ظَرِيْفٌ فِيْهَا আর যে نكره مشابه مضاف -لا-এর সাথ সম্পৃক্ত হয়, তার উদাহরণ لَا عِشْرِيْنَ دِرْهَمًا لَكَ

قَوْلُهُ فَاِنْ كَانَتْ مُفْرَدًا الخ : যদি لا-এর ইসমটি مفرد হয়, তবে আলামতে নসবের উপর মাবনী হবে, এখানে مفرد দ্বারা উদ্দেশ্য مضاف বা مشابه مضاف না হওয়া। কাজেই مثنى ও جمع এ হুকুমের আওতায় রয়েছে। যেমন–لَامُسْلِمَيْنِ وَلَامُسْلِمَيْنَ لَكَ، لَا مُسْلِمَاتٍ فِى الدَّارِ، لَارَجُلَ فِى الدَّارِ মানবী হওয়ার কারণ– উক্ত مفرد টি من-এর অর্থকে অন্তর্ভুক্ত করে। কেননা, لَارَجُلَ فِى الدَّارِ-এর অর্থ لَامِنْ رَجُلٍ فِى الدَّارِ এই من-এর অর্থকে অন্তর্ভুক্ত করার হেতু হলো এটা প্রকৃতপক্ষে هَلْ مِنْ رَجُلٍ فِى الدَّارِ-এর জবাবে বলা হয়েছে। অতঃপর من-কে বিলোপ করা হয়েছে। আলামতে নসবের উপর মাবনী হয়েছে হরকতসমূহের মধ্যে নসব اَخَفُّ الْحَرَكَاتِ (সহজর হরকত) হবার কারণে।

قَوْلُهُ وَاِنْ كَانَ مَعْرِفَةً الخ : যদি لا-এর ইসমটি معرفة হয় এবং উক্ত لا ও اسم-এর মাঝখানে পার্থক্যকারী পতিত হোক বা না হোক, চাই مضاف বা مشابه مضاف হোক কিংবা না হোক। অথবা ইসমটি এমন نكرة হয়, যার মাঝখানে এবং لا-এর মাঝে অন্য কোনো পার্থক্যকারী শব্দ হয়, এমতাবস্থায় لا-এর ইসমটি মুবতাদা হিসেবে পেশ বিশিষ্ট হবে আর لا-কে অন্য একটি ইসমসহ পুনরুল্লেখ করা ওয়াজিব হবে। এখানে মোট ছয়টি সুরত রয়েছে।

১. لَا فِى الدَّارِ غُلَامُ زَيْدٍ وَلَا عَمْرٍو -এর উদাহরণ- مفصول ও مضاف، معرفة
২. لَا فِيْهَا زَيْدٌ وَلَا عَمْرٌو -এর উদাহরণ- مفصول ও غير مضاف، معرفة
৩. لَا غُلَامَ زَيْدٍ فِى الدَّارِ وَلَاعَمْرٌو-এর উদাহরণ- غير مفصل ও مضاف، معرفة
৪. لَا زَيْدٌ فِى الدَّارِ وَلَا عَمْرٌو -এর উদাহরণ- غير مضاف ও غير مفصول، معرفة
৫. لَا فِيْهَا غُلَامَ رَجُلٍ وَلَا اِمْرَأَةٍ -এর উদাহরণ-مفصول ও مضاف، نكرة
৬. لَا فِيْهَا رَجُلٌ وَلَا اِمْرَأَةٌ -এর উদাহরণ- مفصول ও غير مضاف، نكرة

উল্লেখ্য যে, এ ছয়টি সূরতে لا-এর ইসমটি মুবতাদা হওয়ার ভিত্তিতে পেশ বিশিষ্ট হবে। কারণ, لا টি صفة نكرة কে নসব দেওয়ার জন্য গঠিত। ফলে তা معرفة -এর মধ্যে আমল করতে অক্ষম। আর مفصول অবস্থায় "لا" আমল করতে অক্ষম হবার কারণ হলো তা দুর্বল আমিল, যা বিচ্ছিন্ন অবস্থায় আমল করতে পারে না। আর تكرار معرفة তথা "لا" অন্য একটি ইসমসহ মা'রেফা অবস্থায় দ্বিতীয়বার নেওয়ার কারণ- لا মূলতঃ نفى جنس-এর জন্য আসে। আর جنس-এর মধ্যে (تعداد) বহুসংখ্যক হয় ; কিন্তু মা'রেফর মধ্যে তা হয় না। ফলে جنس-এর স্থলাভিষিক্ত করার লক্ষ্যে মা'রেফাকেও تكرار নেওয়া হয়েছে। مفصول অবস্থায় تكرار নেওয়ার কারণ হলো তা اَفِيْهَا رَجُلٌ اَمْ اِمْرَأَةٌ -এর জবাবে এসেছে। প্রশ্ন মোতাবেক হবার জন্য তাকরার নেওয়া হয়েছে।

قَوْلُهُ مِثْلُ قَضِيَّةِ وَلَا اَبَا حَسَنٍ : এটা একটি উহ্য প্রশ্নের উত্তর। যা মুসান্নিফ (র.)-এর উক্তি–وان كان معرفة وجب الرفع والتكرير-এর উপর আরোপিত হয়। প্রশ্নের বিবরণ– তিনি বলেছেন, যখন উক্ত মুসনাদ ইলাইহ معرفة হয়, তখন رفع ও لا কে পুনরুল্লেখ করা ওয়াজিব। لَا اَبَا حَسَنٍ لَهَا -এর মধ্যে ابا حسن টি معرفة হয়েছে। কারণ, এটি মুশকিল কুশা হযরত আলী মুরতযা (রা.)-এর কুনিয়ত। আর কুনিয়ত معرفة -এর অন্তর্ভুক্ত। এতদসত্ত্বেও مرفوع হয়নি ; বরং منصوب হয়েছে। মানসূব হবার প্রমাণ হলো, اب টি اسماء ستة مكبرة-এর একটি ; যার মধ্যে নসব অবস্থায় আলিফ হয়ে থাকে। আবার لا-এর পুনরুল্লেখও হয়নি বিধায় উপরোক্ত কায়দা সঠিক রইল না। **উত্তর :** উপরোক্ত উক্তির মধ্যে اَبَا حَسَنٍ

বিশ্লেষণ মূল নাকেরা ; তাতে দু'টি পদ্ধতি রয়েছে। প্রথমত: মুযাফ উহ্য থাকা অবস্থায় মূল ইরাবত হবে لَا مِثْلَ اَبِىْ حَسَنٍ মুযাফকে বিলুপ্ত করত: মুযাফ ইলাইহকে তদস্থলে স্থাপন করা হয়েছে। মুযাফের ই'রাব তথা নসবটি মুযাফ ইলাইহকে দেওয়াতে لا ابا حسن হয়ে যায়। আর مثل শব্দ যেহেতু অস্পষ্টতায় নিমজ্জিত, সেহেতু মা'রেফার দিকে মুযাফ হওয়া সত্ত্বেও নাকেরা রয়ে গেল। দ্বিতীয়ত: ابا حسن-এর موؤل به হলো فيصل ; এটি حيدر-এর ওযনে فاصل-এর অর্থে ব্যবহৃত। অর্থাৎ- فَاصِلٌ بَيْنَ الْحَقِّ وَالْبَاطِلِ আর ابا حسن-এর অর্থ فيصل ; এটা لا-فيصل-এর স্থলাভিষিক্ত হওয়াতে نكره হয়েছে। তাই এটা রফা' হবার প্রথম ও দ্বিতীয় শর্ত কোনোটিতে প্রবেশ করেনি। হযরতে ফারূকে আযম (রা.) কোনো এক ঘটনার প্রেক্ষিতে মুশকিল কুশা হযরত আলী (রা.) সম্পর্কে বলেছিলেন- لَهَا - فَضِيَّةٌ وَلَا اَبَا حَسَنٍ -এর অর্থ হলো حَادِثَةٌ عَظِيْمَةٌ অর্থাৎ বড় দুর্বিপাক, মহা বিপদ, উহ্য هذه মুবতাদার খবর হয়েছে। মর্মার্থ হলো যে, এটা এমন বিপদ, যে ক্ষেত্রে ফয়সালা দেবার জন্য হযরত আলী (রা.)-এর মতো মাহাত্ম্য বিদ্যমান নেই। তা এ জন্য বলেছেন যে, তিনি সমস্যা সমাধানে বড়ই পারদর্শী ছিলেন। তাঁকে মুশকিল কুশা বলার অপর একটি কারণ এই যে, রাসূলে কারীম ﷺ তাঁর সম্পর্কে বলেছেন- (رَضِىَ اللّٰهُ عَنْهُ) اَقْضٰكُمْ عَلِىٌّ অর্থাৎ তোমাদের মধ্যে সর্বোত্তম ফয়সালা দানকারী ব্যক্তি হযরত আলী (রা.)। মুসান্নিফ (র.) مثل قضية الخ উল্লেখ করত প্রত্যেক ঐ তারকীব উদ্দেশ্য নিয়েছেন, যার মধ্যে مسند اليه বাহ্যিকভাবে معرفة হবে ; কিন্তু مرفوع ও مكرر নয়। যেমন, হাদীস শরীফে রয়েছে- اِذَا هَلَكَ قَيْصَرُ فَلَا قَيْصَرَ بَعْدَهٗ এতে قيصر রোমের বাদশাহ্র উপাধি। আর উপাধি معرفة-এর অন্তর্ভুক্ত হয় বিধায় তা معرفة হবার পরও مرفوع- مكرر কিছুই হয়নি। আরববাসীদের প্রবাদে আছে لَاهَيْثَمَ اللَّيْلَةَ لِلْمَطِى এ দৃষ্টান্তে هيثم একজন চোরের নাম হওয়া সত্ত্বেও পেশ বিশিষ্ট এবং অন্য একটি لا-এর পুনরুল্লেখ হয়নি। قيصر ও هيثم শব্দদ্বয়ে উপরোল্লিখিত দু'টি ব্যাখ্যা করা যাবে। মূল কথা لا قضية-এর মধ্যে اَبَاحَسَنٍ لَهَا শব্দ আলিফ-লাম ব্যতীত ব্যবহৃত হয়েছে। নাম দ্বারা প্রসিদ্ধ গুণ (وصف) উদ্দেশ্য নেওয়া হলে, তা আলিফ-লাম থেকে মুক্ত থাকে। নাকেরা বানিয়ে তাতে তানবীনে তানকীর সংযুক্ত করে দেওয়া হয়।

তারকীব : قَوْلُهٗ اِسْمُ اِنَّ وَاَخَوَاتِهَا هُوَ الْمُسْنَدُ اِلَيْهِ الخ اسم মুযাফ, ان মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, اخوات মুযাফ, ها মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ। মা'তূফ ও মা'তূফ আলাইহ মিলে মুযাফ ইলাইহ। اسم মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদায়ে মুয়াখ্খর। ومنها উহ্য খবরে মুকাদ্দাম। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। هو মুবতাদা, المسند-এর মধ্যে الف لام টি الذى অর্থে ব্যবহৃত ইসমে মাওসূল। مسند শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, الى হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। بعد মুযাফ, دخول মুযাফ ইলাইহ মুযাফ, ها মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুযাফ ইলাইহ হয়েছে। بعد মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ। مسند শিবহে ফে'ল, নায়েবে ফায়েল, যরফে লগ্ব ও মাফউলে ফীহ মিলে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে খবর। মুবাতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। مثل মুযাফ, ان হরফে মুশাব্বাহ বিল ফে'ল, زيدا তার ইসম, قائم শিবহে ফে'ল ও যমীর هو ফায়েল মিলে খবর ।ان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে মুযাফ ইলাইহ। مثل মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

قَوْلُهُ اَلْمَنْصُوْبُ بِلَا الَّتِىْ لِنَفْىِ الْجِنْسِ : المنصوب-এর মধ্যে الف لام টি الذى অর্থে ইসমে মাওসূল, منصوب শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, باء হরফে জার, لا মাওসূফ, التى ইসমে মাওসূল, لام হরফে জার, نفى মুযাফ, الجنس মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثبتت-এর সাথে। ثبتت উহ্য ফে'ল, যমীর هى ফায়েল ও যরফে মুস্তাকার মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে সিফাত। لا মাওসূফ ও তার সিফাত মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। المنصوب শিবহে ফে'ল, নায়েবে ফায়েল ও যরফে লগ্ব মিলে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে সিফাত। উহ্য الاسم মাওসূফ ও সিফাত মিলে মুবতাদায়ে মুয়াখ্খার। ومنها উহ্য খবরে মুকাদ্দাম, মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ, هو মুবতাদা, المسند-এর মধ্যে الف لام টি الذى অর্থে ইসমে মাওসূল, مسند শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল,

الى হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। بعد মুযাফ, دخول মুযাফ ইলাইহ মুযাফ। ها যুলহাল, يلى ফে'ল, উহ্য যমীর هو যুলহাল, ها মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে হাল। যুলহাল ও হাল মিলে মুযাফ ইলাইহ। دخل মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মুযাফ ইলাইহ। بعد মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ্, نكرة মাওসূফ, مضافا মা'তূফ আলাইহ, او হরফে আত্‌ফ, مشبها শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, باء হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। مشبها শিবহে ফে'ল, নায়েবে ফায়েল ও যরফে লগ্‌ব মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে সিফাত। মাওসূফ ও সিফাত মিলে দ্বিতীয় হাল। مسند শিব্‌হে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল, যরফে লগ্‌ব ও মাফউলে ফীহ মিলে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

قَوْلُهُ مِثْلُ لَاغُلَامَ رَجُلٍ ظَرِيْفٌ الخ : مثل মুযাফ, لَا غُلَامَ الخ মুরাদুল লফয মা'তূফ আলাইহ, واو হরফে আত্‌ফ, لاعشرين الخ মা'তূফ। মা'তূফ ইলাইহ ও মা'তূফ মিলে মুযাফ ইলাইহ। مثل মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। لا নফী জিনসের জন্য, غلام মুযাফ, رجل মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে لا-এর ইসম। ظريف খবরে আউওয়াল, فى হরফে জার, ها যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার ثابت-এর সাথে। ثابت শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবরে ছানী। لا তার ইসম ও খবরদ্বয় মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। لا নফী জিন্‌সের জন্য, عشرين মুমায়্যায, درهما তামঈয। মুমায়্যায ও তামঈয মিলে لا-এর ইসম। لام হরফে জার, ك মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তকার হয়েছে ثابت-এর সাথে। ثابت শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে لا-এর খবর, لا তার ইসম ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। فاء তাফসীলের জন্য, ان হরফে শর্ত। كان ফে'লে নাকেস, যমীর هو তার ইসম, مفردا তার খবর। كان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। فاء জাযাইয়্যাহ, هو মুবতাদা, مبنى শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, على হরফে জার। ما মাওসূলা, ينصب ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল, باء হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। ينصب ফে'ল, নায়েবে ফায়েল ও যরফে লগ্‌ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্‌ব। مبنى শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও যরফে লগ্‌ব মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। واو হরফে আত্‌ফ, ان হরফে শর্ত, كان ফে'লে নাকেস, যমীর هو তার ইসম, معرفة মা'তূফ আলাইহ। او হরফে আত্‌ফ, مفصولا শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, بين মুযাফ, ه মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ আলাইহ। واو হরফে আত্‌ফ, بين মুযাফ , لا মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মাফউলে ফীহ। مفصولا শিবহে ফে'ল, নায়েবে ফায়েল ও মাফউলে ফীহ মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে كان-এর খবর। كان তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। وجب ফে'ল, الرفع মা'তূফ আলাইহ, واو হরফে আত্‌ফ, التكرير মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে ফায়েল। وجب ফে'ল ও তার ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। واو হরফে আত্‌ফ, مثل মুযাফ, قضية الخ মুরাদুল লফয মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা, متأول খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইস্‌মিয়্যাহ।

قَوْلُهُ قَضِيَّةٌ وَلَا اَبَاحَسَنٍ لَهَا الخ : قضية -এর পূর্বে هذه উহ্য মুবতাদা, قضية খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইস্‌মিয়্যাহ. واو হরফে আত্‌ফ, لا নফী জিন্‌সের জন্য, ابا মুযাফ, حسن মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে لا-এর ইসম, لام হরফে জার, ها মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت-এর সাথে। ثابت শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে لا-এর খবর। لا তার ইসম ও খবর মিলে জুমলায়ে ইস্‌মিয়্যাহ।

وَفِىْ مِثْلِ لَا حَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ خَمْسَةُ اَوْجُهٍ فَتْحُهُمَا وَفَتْحُ الْاَوَّلِ وَنَصْبُ الثَّانِىْ وَ رَفْعُهُ وَرَفْعُهُمَا وَ رَفْعُ الْاَوَّلِ عَلٰى ضُعْفٍ وَفَتْحُ الثَّانِىْ وَاِذَا دَخَلَتِ الْهَمْزَةُ لَمْ يَتَغَيَّرِ الْعَمَلُ وَمَعْنَاهَا الْاِسْتِفْهَامُ وَالْعَرْضُ وَالتَّمَنِّىْ وَنَعْتُ الْمَبْنِىِّ الْاَوَّلُ مُفْرَدًا يَلِيْهِ مَبْنِىٌّ وَمُعْرَبٌ رَفْعًا وَنَصْبًا مِثْلُ لَارَجُلَ ظَرِيْفٌ وَظَرِيْفَ وَظَرِيْفًا وَاِلَّا فَالْاِعْرَابُ-

---

অনুবাদ : আর لَاحَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ অনুরূপ তারকীবের মধ্যে পাঁচটি প্রক্রিয়া রয়েছে। এক. উভয় ইসমকে ফাত্হ দেওয়া, দুই. প্রথমটিকে ফাত্হ দেওয়া ও দ্বিতীয়টিতে নসব (দু'যবর) দেওয়া, তিন. দ্বিতীয়টিকে রফা' (প্রথমটিকে ফাত্হ), চার. উভয়টিকে রফা', পাঁচ. প্রথমটিকে রফা', এটা দুর্বল উক্তি মতে এবং দ্বিতীয়টিকে ফাত্হ দেওয়া। যখন হামযা প্রবেশ করবে, তখন আমল পরিবর্তন হবে না। "হামযা" এর অর্থ (কখনো) استفهام، عرض ও تمنى হয়। (لا-এর) ইসমে মাবনীর প্রথম সিফাত সম্পৃক্ত مفرد অবস্থায় মাবনী হয় আর মু'রাব হয় পেশ ও যবর অবস্থায়। যেমন- لَارَجُلَ ظَرِيْفٌ ظَرِيْفَ ظَرِيْفًا নতুবা উহা মু'রাব হবে।

ব্যাখ্যা : সর্বজনমান্য গ্রন্থকার আল্লামা ইবনে হাজিব (র.) وَفِىْ مِثْلِ لَاحَوْلَ وَلَا قُوَّةَ الخ উক্তি দ্বারা এমন তারকীবের হুকুম বর্ণনা করতেছেন, যার কিছু প্রক্রিয়ায় لا টি نفى جنس-এর জন্য, কিছু স্থানে অতিরিক্ত হিসেবে, আবার কিছু স্থানে مشابه بليس হিসেবে ব্যবহৃত হয়। মূলত: এমন তারকীব উদ্দেশ্য, যাতে لا لنفى الجنس আত্ফ হিসেবে পুনরুল্লিখিত এবং উভয়টির ইসম পৃথককারী ব্যতীত نكرة مفردة হয়। এরূপ তারকীবে উচ্চারণগত পাঁচটি ফাত্হ দেওয়া হবে, তখন দু'ধরনের অবকাশ রাখে। হয়তো উভয় স্থানে لا টি نفى جنس-এর জন্য হবে। অথবা প্রথমস্থানে نفى جنس ও দ্বিতীয় স্থানে অতিরিক্ত। আর যখন উভয় জায়গায় রফা' দেওয়া হবে, তখন তিন ধরনের অবকাশ রাখে। হয়ত উভয়টি نفى جنس -এর জন্য হবে; কিন্তু আমলগত বেকার হবে, অথবা উভয়টি ليس-এর অর্থে হবে কিংবা প্রথম স্থানে ليس-এর অর্থে ও দ্বিতীয় স্থানে অতিরিক্ত। যখন প্রথম ইসমকে ফাত্হ ও দ্বিতীয় ইসমকে রফা' দেওয়া হবে, তখন দ্বিতীয় স্থানে لا টি অতিরিক্ত অথবা ليس-এর অর্থে হবে। মোট সাতটি প্রক্রিয়া বের হয়।

* لَاحَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ-এর পাঁচ প্রকার ই'রাব। **প্রথম অবস্থা :** উভয় ইসমে নাকেরা মাবনী হিসেবে ফাত্হ বিশিষ্ট হবে, উভয় لا নফী জিন্সের জন্য হওয়ার প্রেক্ষিতে। যেমন- لَاحَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ এতে যখন عطف المفرد على المفرد হবার সম্ভাবনা রয়েছে, তখন পুরো ইবারত হবে- لَاحَوْلَ عَنِ الْمَعْصِيَةِ وَلَا قُوَّةَ عَلَى الطَّاعَةِ مَوْجُوْدَانِ اِلَّا بِاللّٰهِ এখানে حول শব্দের উপর قوة -এর আত্ফ এবং উভয়ের খবর موجودان - একটি প্রশ্ন জাগে, উভয় ইসমের একটি খবর হওয়া শুদ্ধ নয়। কেননা, একটি معلول-এর উপর দু'টি স্বতন্ত্র علة একত্রে হওয়া বৈধ নয়। বস্তুত আমিল স্বতন্ত্র علة হয়ে থাকে। **উত্তর :** সদৃশতার কারণে উভয় لا একই আমিলের হুকুমে হয়ে থাকে। কাজেই নিষিদ্ধতা আবশ্যক হয় না। যথা- اِنَّ زَيْدًا وَاِنَّ عَمْرًا قَائِمَانِ অথবা عطف الجملة على الجملة হতে পারে। এভাবে যে, প্রথম لا-এর খবর ثابت/ موجود আর দ্বিতীয় لا-এর খবর ثابت/ موجود উহ্য রয়েছে। যেমন-

(ক) لَا حَوْلَ عَنِ الْمَعْصِيَةِ ثَابِتٌ بِاِمْدَادِ اَحَدٍ اِلَّا بِاِمْدَادِ اللّٰهِ

(খ) وَلَاقُوَّةَ عَلَى الطَّاعَةِ ثَابِتٌ بِاِمْدَادِ اَحَدٍ اِلَّا بِاِمْدَادِ اللّٰهِ

দ্বিতীয় অবস্থা : উভয় اسم মুবতাদা হিসেবে পেশ বিশিষ্ট হবে। এ ক্ষেত্রে لا তার আমল থেকে বিরত থাকবে। কারণ, সে لا টি بِغَيْرِ اللّٰهِ حَوْلٌ وَقُوَّةٌ -এর জবাবে প্রশ্নানুযায়ী পেশ বিশিষ্ট হবে। যেমন- لَا حَوْلٌ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ

তৃতীয় অবস্থা : প্রথম ইসমটিতে فتح (এক যবর) হবে نفى جنس-এর اسم হিসেবে আর দ্বিতীয়টিতে نصب (দু'যবর) হবে। এতে لا টি زائده হবে এবং قوة টি حول-এর উপর আতফ হবে। যেমন-لَا حَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ

চতুর্থ অবস্থা : প্রথমটিতে فتح (এক যবর) আর দ্বিতীয়টিতে رفع (দু'পেশ) হবে। এমতাবস্থায় প্রথম لا টি نفى الجنس-এর হবে আর দ্বিতীয়টি زائده হিসেবে تاكيد অর্থে আসবে এবং قوة টি حول-এর محل-এর উপর আতফ হয়ে ابتداء -এর ভিত্তিতে পেশ বিশিষ্ট হবে। যথা-لَا حَوْلَ وَلَاقُوَّةٌ اِلَّا بِاللّٰهِ

উল্লেখ্য যে, এ তিন অবস্থায়ও প্রথমটির মতো এক জুমলা বা দু'জুমলা হতে পারে।

পঞ্চম অবস্থা : প্রথমটিতে رفع (দু'পেশ) এবং দ্বিতীয়টিতে فتح (এক যবর) এমতাবস্থায় প্রথম "لا" টি ليس-এর অর্থ হবে আর দ্বিতীয় "لا" টি نفى جنس-এর হবে। এটি অত্যন্ত দুর্বল সুরত। কেননা, لا-بمعنى ليس-এর আমল খুবই স্বল্প। যথা- لَا حَوْلٌ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ ; এতে তারকীবের বেলায় এক জুমলা হওয়া অসম্ভব। কেননা, لا-النفى الجنس-এর খবর হয় رفع বিশিষ্ট আর لا-بمعنى ليس-এর খবর হয় نصب বিশিষ্ট। ফলে مفرد কে مفرد-এর উপর আতফ করা অবস্থায় উভয়ের খবর একটি হবে তখন একটি ইসম একই সময় দু'রকম ই'রাবের মাধ্যমে معرب হওয়া লাযেম হয়, যা অসম্ভব। তাই একটি বাক্য না হয়ে দু'টি বাক্যই হবে। যথা-

لَاحَوْلٌ عَنِ الْمَعْصِيَةِ ثَابِتٌ بِاِمْدَادِ اللّٰهِ وَلَاقُوَّةَ عَلَى الطَّاعَةِ ثَابِتٌ بِاِمْدَادِ اَحَدٍ اِلَّا بِاِمْدَادِ اللّٰهِ -

همزة প্রবেশ করলে لا-এর আমল বাতিল হবে কি না ? : همزة টি لا لنفى الجنس-এর উপর প্রবেশ করলে তার আমল বাতিল হবে না ; বরং আপন অবস্থায় বহাল থাকবে। চাই لا-এর ইসম মাবনী হোক বা মু'রাব হোক। وَاِذَا دَخَلَتْ الخ এবারত দ্বারা মুসান্নিফ (র.) এমন একটি সন্দেহ বিদূরীত করেছেন, যা উপরোক্ত চতুর্থ পদ্ধতি থেকে সৃষ্ট। উক্ত অবস্থায় لا টি مُلْغَى عَنِ الْعَمَلِ হবার আলোচনা ছিল। কোনো সন্দেহ পোষণকারী ধারণা করতে পারে, যেরূপ لا টি হরফে জার প্রবিষ্ট হবার কারণে ملغى عن العمل হয়। যথা- جِئْتُ بِلَامَالٍ ; তদ্রূপ همزة استفهام প্রবেশের কারণে বাতিল হবে। এ সন্দেহ অপনোদন করতে গিয়ে আল্লামা ইবনে হাজিব (র.) বলেছেন, لا -এর উপর همزة استفهام প্রবেশ করলে আমল পরিবর্তন হয় না। কেননা, همزة استفهام কোনো আমিলের আমলকে পরিবর্তনকারী নয়। পক্ষান্তরে হরফে জার প্রবিষ্ট হবার পর لا-এর আমলকে বাতিল করে। কারণ, لا-এর আমল ان-এর সদৃশতার কারণে ছিল ان-এর জন্য বাক্যের শুরুতে হওয়া আবশ্যক। لا-এর জন্যও তা আবশ্যক। হরফে জার প্রবেশের কারণে لا টি বাক্যের শুরুতে হওয়া দূর হয়ে যায়। তখন তা সেটি জার ও মাজরূরের মাঝখনে পতিত হয়ে যায় বিধায় সদৃশতা অক্ষুণ্ন থাকে না। কাজেই আমল বাতিল হয়ে যায়। অপর পক্ষে همزة استفهام-এর দ্বারা বাক্যের শুরুতে (صدارة كلام) হওয়া ফওত হয় না। همزة স্বয়ংসম্পূর্ণ বাক্যের উপর প্রবেশ করে। যথা- اَلَا رَجُلٌ فِى الدَّارِ এতে همزة استفهام-এর জন্য বাক্যের শুরুতে হওয়া (صدارة كلام) বহাল রয়েছে। কেননা, তা لَارَجُلَ فِى الدَّارِ জুমলার শুরুতে হয়েছে। সম্মানিত গ্রন্থকারের وَاِذَا دَخَلَتِ الْهَمْزَةُ الخ এ উক্তিটি অন্য একটি সন্দেহকে দূর করার জন্য হতে পারে। আর তা হলো لا لنفى الجنس টি বাহ্যিক ও উদ্দেশ্যগত উভয় দিক থেকে نفى-এর জন্য ব্যবহৃত। لا টির উপর همزة দাখিল হলে تمنى ও عرض -এর অর্থ সৃষ্টি হয়। এমতাবস্থায় বর্তমানকার نفى হয় ; উদ্দেশ্যের نفى হয় না। যেমন-اَلَا تَنْزِلُ عِنْدِىْ তুমি কি অবতরণ হয়ে আমার কাছে আসছ না ? অনুরূপভাবে اَلَا مَاءٌ اَشْرَبُهُ পানি কি নেই যাতে আমি পান করি। উদ্দেশ্য- আমি পান করার পানি আছে কি ? যদিও বাহ্যিকভাবে নফী পাওয়া যায় ; কিন্তু উদ্দেশ্যগতভাবে তা নেই। বুঝা যায় همزة প্রবেশ করার কারণে নফী বাতিল হয়ে যায়। لا-مشابه بليس-এর নফী বাতিল হয়ে গেলে আমলও বাতিল হয়ে যাবে ; অথচ মুসান্নিফ (র.) বলতেছেন همزة প্রবেশ করলে আমল বাতিল হবে না। কেননা, নফী সর্বদিক থেকে দূর হয় না ; বরং বাস্তবে নফী অবশিষ্ট থাকে। তাইতো গ্রন্থাকার এ সন্দেহের অবসান ঘটিয়েছেন।

لا-এর উপর প্রবেশকারী همزة استفهام কি কি অর্থে ব্যবহৃত : همزة استفهام কখনো استفهام অর্থে বহাল থাকে। اَلَا رَجُلٌ فِى الدَّارِ কখনো عرض অর্থে। যথা- نُزُوْلٌ عِنْدِىْ আহ ! আমার কাছে অবতরণ হতো। কখনো تمنى অর্থে। যথা- اَلَا مَاءٌ اَشْرَبُهُ আহ্ ! পানি থাকলে আমি তা পান করতাম।

تمنى و عرض-এর মধ্যকার পার্থক্য : عرض ও تمنى -এর মধ্যে দু'ধরনের পার্থক্য রয়েছে। প্রথমত عرض সম্বোধিত ব্যক্তিকে চায়, যাতে তার থেকে প্রার্থনা করে। تمنى সম্বোধিত ব্যক্তিকে চায় না। তাইতো কখনো মানুষ নির্জনে বলে থাকে ليت لى ماء اشربه । দ্বিতীয়ত عرض-এর মধ্যে সম্বোধিত ব্যক্তির জন্য উপকার নিহিত থাকা জরুরি। পক্ষান্তরে تمنى-এর মধ্যে তা প্রয়োজন নেই। কেননা, تمنى অধিকাংশ ক্ষেত্রে নিজ স্বার্থে হয়ে থাকে।

همزة-কে তিন অর্থে সীমাবদ্ধ করার কারণ : لا-এর উপর همزة প্রবেশ করলে হামযাটি عرض، تمنى ও استفهام এ তিন অর্থে ব্যবহৃত হয়। মান্যবর মুসান্নিফ (র.) হামযাকে তিনটি অর্থে সীমাবদ্ধ করার কারণ কি ?

উত্তর : এ তিনটির ব্যাপারে মতানৈক্য রয়েছে বিধায় বিশেষভাবে তা উল্লেখ করা হয়েছে। ইমাম সায়রাফী'র মতে হরফে নফীর উপর همزة استفهام প্রবেশ করলে শুধুমাত্র استفهام -এর অর্থ প্রদান করে না। ইমাম আন্দুলূসী'র মতে হামযা عرض-এর জন্য হলে, لا-এর সাথে মিলে যরফে তাখ্সীস হয়ে যায়। এ কারণে তার পরবর্তী ইসমকে নসব প্রদান করা ওয়াজিব। কেননা, এ সময় তা ফে'লের সাথে বিশেষিত হরফের অন্তর্ভুক্ত হয়ে যায়। ইমাম সীবওয়াইহ্ বলেছেন– হামযা تمنى অর্থে ব্যবহৃত হলে لا-এর অর্থ এভাবে পরিবর্তন হয়ে যায় যে, তার জন্য খবরের প্রয়োজন হয় না। তার পরের ইসম اتمنى উহ্য ফে'লের মাফউলে বিহী হয়। যথা– لَا مَاءَ -এর অর্থ أَتَمَنَّى مَاءً - ইমাম মাযনী ও মুবাররাদের মতে, হামযা لا-এর আমলকে পরিবর্তন করে না। আল্লামা ইবনে হাজিব (র.) এ অভিমতকে গ্রহণ করেছেন।

قَوْلُهُ نَعْتُ الْمَبْنِيِّ الْأَوَّلِ الخ : সম্মানিত গ্রন্থকার (র.) لا-النفى الجنس-এর বিধিবিধান থেকে অবসর হবার পর এখান থেকে মাবনীর توابع-এর আলোচনা শুরু করেছেন। যদি لا-এর ইসমে মাবনীর প্রথম সিফাত মুফরাদ ও মুত্তাসিল হয়, তাহলে তা মাবনী ও মু'রাব উভয়টি হওয়া বৈধ। ইসমে মাবনী বলার কারণে ইসমে মু'রাবের সিফাত বের হয়ে গেছে, তার সিফাত মু'রাব হবে। যেমন– لَا غُلَامَ رَجُلٍ ظَرِيْفًا فِى الدَّارِ আর الاول তথা প্রথম সিফাত বলাতে দ্বিতীয় ও তৃতীয় ইত্যাদি সিফাত বের হয়ে যায়, তা মু'রাবই হবে। যথা–لَا رَجُلَ ظَرِيْفٌ كَرِيْمٌ فِى الدَّارِ মুসান্নিফ (র.)-এর উক্তি مفرد দ্বারা মুযাফ ও মুশাব্বাহ্ মুযাফ বাদ পড়েছে, তা মু'রাব থাকবে। যথা– لَا رَجُلَ حَسَنُ الْوَجْهِ فِى الدَّارِ, তাঁর উক্তি متصل দ্বারা গায়রে মুত্তাসিল বাদ পড়েছে। যথা– لَا غُلَامَ فِيْهَا ظَرِيْفٌ উপরোক্ত চার অবস্থায় সিফাতকে مرفوع ও منصوب পড়া যেতে পারে। মু'রাব পড়ার কারণ, توابع-এর আসল মু'রাব হবার ক্ষেত্রে তার متبوع সমূহের অনুসরণকারী (تابع) হওয়া ; মাবনীর ক্ষেত্রে নয়। কেননা, ইসমের মূল মু'রাব; মাবনী নয়। মাবনী তো বাহ্যিক বস্তু। যে ইসমটি প্রথম সিফাত, মুফরাদ ও মুত্তাসিল হয় তা মাবনীও হতে পারে। যেমন– لَارَجُلَ ظَرِيْفٌ وَظَرِيْفَ وَظَرِيْفًا ; মাবনী হবার কারণ, সেই نعت-কে منعوت-এর উপর প্রয়োগ করা হয়েছে। যেহেতু منعوت টি ফাত্হ'র উপর মাবনী, সেহেতু نعت টি ও ফাত্হ'র উপর মাবনী হবে।

قَوْلُهُ وَإِلَّا فَالْإِعْرَابُ : যদি نعت টি উপরোক্ত কয়েদ দ্বারা শর্তযুক্ত না হয়; এভাবে যে, প্রথম সিফাত না হয়, মুযাফ-মুশাবাহ মুযাফ হয়, গায়রে মুত্তাসিল তথা বিচ্ছেদকারী হয়, তবে ঐ সিফাত শুধু মু'রাব হবে। চাই মারফু' হোক বা মানসূব হোক। فالاعراب তারকীবগত উহ্য মুবতাদার খবর। জুমলায়ে শর্তিয়্যাহর জাযা হবে। অর্থাৎ فَحُكْمُهُ الْإِعْرَابُ فَقَطْ আবার فالاعراب মুবতাদা, তার খবর উহ্য হতে পারে। আর الاعراب-এর মধ্যস্থিত আলিফ-লামটি মুযাফ ইলাইহের পরিবর্তে অর্থাৎ فَإِعْرَابُ ذَالِكَ النَّعْتِ وَاجِبٌ রফা' পড়া হবে محل بعيد-এর উপর প্রয়োগ করত এবং নসব পড়া হবে محل قريد -এর উপর প্রয়োগ করার কারণে। যেমন–

لَا غُلَامَ رَجُلٍ ظَرِيْفٌ وَظَرِيْفًا فِى الدَّارِ، لَا رَجُلَ ظَرِيْفٌ كَرِيْمٌ وَكَرِيْمًا فِى الدَّارِ، لَا رَجُلَ حَسَنُ الْوَجْهِ (برفع) وَحَسَنَ الْوَجْهِ (بنصب) لَاغُلَامَ فِيْهَا ظَرِيْفٌ وَظَرِيْفًا -

তারকীব : قَوْلُهُ فِىْ مِثْلِ لَاحَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ الخ واو হরফে আত্ফ, فى হরফে জার, مثل মুযাফ, لا মুরাদুল লফয মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابت-এর সাথে। ثابت শিবহে ফে'ল, উহ্য যমীর هو ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবরে মুকাদ্দাম। خمسة মুযাফ, اوجه মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদায়ে মুয়াখ্খার। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। জুমলাটির তারকীব– لا নফী জিন্সের জন্য, حول মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, لا যায়েদা, قوة মা'তূফ। মা'তূফ ও মা'তূফ আলাইহ মিলে لا -এর ইসম। الا হরফে ইসতিছনা, باء হরফে জার, الله মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتان-এর সাথে। ثابتان শিবহে ফে'ল, যমীর هما ফায়েল ও যরফে মুস্তাকার মিলে لا-এর খবর। لا-এর ইসম ও তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। فتح মুযাফ, هما মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে খবর। الوجه الاول উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। অনুরূপভাবে বাকি সুরতগুলোর তারকীব হবে। واو হরফে আত্ফ, اذا মাফউলে ফীহ মুকাদ্দাম। دخلت ফে'ল الهمزة ফায়েল। ফে'ল, ফায়েল ও মাফউলে ফীহ মিলে শর্ত। لم يتغير ফে'ল, العمل ফায়েল। ফে'ল ও ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, معنى মুযাফ, ها মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা। الاستفهام মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, العرض মা'তূফ, واو হরফে আত্ফ, التمنى মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফদ্বয় মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ। واو হরফে আত্ফ, نعت মুযাফ, المبنى সিফাত, উহ্য اسم মাওসূফ ও সিফাত মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাওসূফ। الاول সিফাত। মাওসূফ ও তার সিফাত মিলে যুলহাল। مفردا মাওসূফ, يلى ফে'ল, যমীর هو ফায়েল, ه যমীর মাফউলে বিহী। ফে'ল, ফায়েল ও মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সিফাত। মাওসূফ ও সিফাত মিলে হাল। যুলহাল ও হাল মিলে মুবতাদা। مبنى মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, معرب শিবহে ফে'ল, উহ্য যমীর هو যুলহাল। رفعا মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, نصبا মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে হাল। যুলহাল ও হাল মিলে নায়েবে ফায়েল। معرب শিবহে ফে'ল ও নায়েবে ফায়েল মিলে মা'তূফ। مبنى মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে।

قَوْلُهُ مَثَلًا لَارَجُلَ ظَرِيْفٌ الخ مثل মুযাফ, لَارَجُلَ ظَرِيْفٌ الخ মুরাদুল্ লফয মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ মিলে খবর। مثاله মুবতাদা মাহ্যূফ। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। জুমলাটির তারকীব لا নফী জিন্সের জন্য, رجل মাওসূফ, ظريف সিফাত। মাওসূফ ও সিফাত মিলে لا-এর ইসম, فيها উহ্য শিবহে ফে'ল সহ لا-এর খবর। لا তার ইসম ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। فالاعراب واو হরফে আত্ফ, الا-এর মধ্যে واو-এর মধ্যে ان হরফে শর্ত, لا নাসেবা, يكن كذا উহ্য রয়েছে। لا يكون ফে'ল, যমীর هو তার ইসম, كذا খবর। لايكن তার ইসম ও খবর মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। فا জাযাইয়্যাহ, الاعراب মুবতাদা, واجب উহ্য খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ।

وَالْعَطْفُ عَلَى اللَّفْظِ وَعَلَى الْمَحَلِّ جَائِزٌ فِيْ مِثْلِ لَا اَبَ وَابْنًا وَابْنَ وَمِثْلُ لَا اَبًا لَهٗ وَلَاغُلَامَىْ لَهٗ جَائِزٌ تَشْبِيْهًا لَهٗ بِالْمُضَافِ لِمُشَارَكَتِهٖ لَهٗ فِىْ اَصْلِ مَعْنَاهُ وَمَنْ ثَمَّ لَمْ يَجُزْ لَا اَبًا فِيْهَا وَلَيْسَ بِمُضَافٍ لِفَسَادِ الْمَعْنٰى خِلَافًا لِسِيْبَوَيْهِ وَيُحْذَفُ كَثِيْرًا فِىْ مِثْلِ لَا عَلَيْكَ اَىْ لَابَأْسَ عَلَيْكَ -

---

অনুবাদ : লফযের উপর ও মহলের উপর আত্ফ করা জায়েজ لَااَبَ وَابْنًا وَابْنَ -এর মতো তারকীবের মধ্যে। আর لَا غُلَامَىْ لَهٗ ও لَا اَبًالَهٗ অনুরূপ তারকীব জায়েজ, তা (لا اسم) মুযাফের সাথে সাদৃশ্য থাকার কারণে। কেননা, মুযাফের মূল অর্থে لا-এর ইসমটি তার (মুযাফের) সাথে শরিক রয়েছে। তাইতো لَااَبًافِيْهَا জায়েজ নেই। অর্থ বিনষ্ট হবার কারণে প্রকৃতপক্ষে এটা মুযাফ নয়। আল্লামা সীবাওয়াইহ্'র দ্বিমত রয়েছে। অধিকাংশ ক্ষেত্রে (لا-এর) ইসমকে বিলোপ করা হয় لاعليك অনুরূপ তারকীবের মধ্যে অর্থাৎ لَابَأْسَ عَلَيْكَ ।

ব্যাখ্যা : قَوْلُهٗ وَالْعَطْفُ عَلَى اللَّفْظِ الخ : لا নফী জিন্সের ইসমে মাবনীর উপর আত্ফ বৈধ, যখন তা নাকেরা ও لا পুনরুল্লেখ ব্যতীত হয়। এমতাবস্থায় মা'তূফের উপর দু'রকম ই'রাব জায়েজ। একটি লফযের উপর অথবা محل قريب-এর উপর আত্ফ করত: নসব পড়া। অপরটি محل بعيد -এর উপর আত্ফ করত পেশ বিশিষ্ট পড়া। যেমন, কবি ফরযদকের কবিতা– وَلَا اَبَ وَابْنًا مِثْلُ مَرْوَانَ وَابْنِهٖ * اِذْ هُوَ بِالْمَجْدِ ارْتَدٰى وَتَأَزَّرَا

এটা لا-এর ইসম মাবনীর হবার দৃষ্টান্ত। এ ধরণের উদাহরণে কেবল মু'রাব হিসেবে রফা' ও নসব জায়েজ, মাবনী হিসেবে জায়েজ নেই। উক্ত শ্লোকে মা'তূফ তথা ابن কে রফা' ও নসব উভয়ভাবে পড়া যায়। কারণ মা'তূফ ও মা'তূফ আলাইহের মাঝে হরফে আত্ফ দ্বারা পৃথক হওয়া অবস্থায় মাবনী জায়েজ নয়। উক্ত শ্লোকটি কবি ফরয্দক বাদশা মারওয়ান ইবনে হেকাম ও রাজপুত্র আব্দুল মালিকের প্রশংসায় পঞ্চমুখ হয়ে আবৃত্তি করেছেন। উক্ত শ্লোকে اب ও ابنا হলো ইসমে 'লা' আর مِثْلُ مَرْوَانَ وَابْنِهٖ তার খবর। اذا যরফ, তা مثل-এর মুতা'আল্লাক। هو মুবতাদা اب-এর দিকে প্রত্যাবর্তনকারী। اب-এর দিকে প্রত্যাবর্তনের কারণ হলো পিতার মর্যাদা পুত্রেরই মর্যাদা। আর পুত্রের মর্যাদা পিতার জন্য মর্যাদা হতে পারে না। কারণ, বংশগত মর্যদা পূর্ব পুরুষ থেকেই অর্জিত হয়। শ্লোকটির অর্থ দাঁড়ায়-মারওয়ান ও তদীয় পুত্র আব্দুল মালিকের ন্যায় কোনো পিতা-পুত্র নেই। তিনি (মারওয়ান) সম্মানের চাদর এবং লুঙ্গি পরিধান করেছেন। অর্থাৎ আপাদমস্তকে সম্মান প্রকাশিত হয়। এখানে ارتدى শব্দটি رداء থেকে নির্গত, অর্থ-চাদর। تازرا শব্দটি ازار থেকে উৎকলিত। অর্থ– লুঙ্গি। উভয়ের শেষে الف اشباع যোগ হয়েছে।

قَوْلُهٗ وَمِثْلُ لَااَبًالَهٗ وَلَا غُلَامَىْ الخ : এ ধরনের তারকীব দ্বারা উদ্দেশ্য যার মধ্যে لا النفى الجنس-এর ইসমের পরে لام এযাফত হয়। অর্থাৎ নিসবতের জন্য ব্যবহৃত যের প্রদানকারী লাম হয়। ঐ ইসমে لا-এর মধ্যে এযাফতের বিধান জারি হয়ে থাকে। এযাফতের বিধানাবলী– اسماء ستة مكبرة যখন متكلم غير يائے-এর দিকে এযাফত হয়, তখন তাতে নসবাবস্থায় الف এবং تثنيه -কে এযাফত করার ক্ষেত্রে নসবাবস্থায় নূন বিলোপ করা ও পূর্বাক্ষরে যবর দেওয়া। অনুরূপভাবে جمع-কে এযাফত করার ক্ষেত্রে নসবাবস্থায় নূন বিলোপ করা ও পূর্বাক্ষরে যের প্রদান করা হয়। পূর্বেই আলোচিত হয়েছে لا النفى الجنس-এর ইসমটি نكره مفرده হলে আলামতে নসবের উপর মাবনী হবে। এ দৃষ্টিকোণে لَااَبًا لَهٗ- لَاغُلَامَىْ لَهٗ-এর মধ্যে ইসমে لا টি আলামতে নসবের উপর মাবনী হওয়া প্রযোজ্য হয়। উল্লিখিত উদাহরণে এভাবে হওয়া উচিত যে, لَا اَبًا

لَا غُلَامَيْنِ لَهُ- কিন্তু কিছু কিছু ব্যাপারে উপরোক্ত তারকীবে لا-এর ইসমের উপর এযাফতের আহকাম জারি করা হয়। এটাতে ঐ এ'রাব হয়, যা ইসমে মুযাফের মধ্যে দেওয়া হয়। অর্থাৎ لَا اَبًا لَهُ এখানে اب-এর মধ্যে আলিফ দেওয়া হবে যদিও اب মুযাফ নয়। আর لَا غُلَامَيْنِ لَهُ জুমলার غُلَامَيْنِ থেকে نون تثنية-কে বিলুপ্ত করা হবে ; অথচ তা মুযাফ নয়। কায়দা চায় এ ধরনের তারকীব জায়েজ না হওয়া। তাই মুসান্নিফ (র.) এ ধরনের তারকীব জায়েজ হওয়াকে সুস্পষ্টভাবে বর্ণনা করত বলেছেন- مِثْلُ لَا اَبَالَهُ الخ

قَوْلُهُ تَشْبِيْهًا لَهُ بِالْمُضَافِ : উপরোক্ত তারকীবে لا -এর ইসমকে মুযাফের সাথে তাশবীহ দেওয়া হয়েছে। এখানে تشبيها হলো مفعول له যা جائز শব্দ থেকে বুঝা যায়। আর له-এর মধ্যে "ه" যমীর لا اسم-এর দিকে প্রত্যাবর্তনকারী। উহ্য বাক্য হবে- اِنَّمَا جِيْزَ مِثْلُ لَا اَبَا لَهُ تَشْبِيْهًا لِاِسْمِ لَا الْوَاقِعُ فِيْهِ بِالْمُضَافِ এটাও সম্ভব যে, যমীরে মাজরূরটি مثل لا ابا له-এর দিকে প্রত্যাবর্তনকারী।

قَوْلُهُ لِمُشَارَكَتِهِ فِىْ اَصْلِ مَعْنَاهُ : এ ইবারতে জার ও মাজরূর মিলে تشبيها-এর সাথে মুতা'আল্লাক। যমীরে মাজরূর ইসমে لا-এর দিকে প্রত্যাবর্তনকারী। له-এর মুতা'আল্লাক مشاركة মাসদারের সাথে। যমীরে মাজরূর مضاف-এর দিকে ফিরেছে। فى اصل معناه-এর মুতা'আল্লাক হয়েছে مشاركة-এর সাথে। আর معناه-এর যমীরটিও مضاف-এর দিকে প্রত্যাবর্তনকারী। اضافة-এর মূলার্থ বিশেষিত হওয়া (اختصاص)-تعريف (মা'রেফা হওয়া) এযাফতের মধ্যে মূলার্থের উপর বর্ধিত বিষয়। তাইতো غُلَامُ زَيْدٍ ও غُلَامٌ لِزَيْدٍ-এর মাঝে খাস হওয়া অর্থানুপাতে কোনো তফাৎ নেই। কিন্তু প্রথম উদাহরণে খাস হওয়া অর্থের পাশাপাশি تعريف ও রয়েছে। হরফে জারের মাধ্যমে কোনো একটি ইসমের দিকে সম্পর্কিত হবার কারণে উপরোক্ত তারকীবসমূহে لا لنفى الجنس ইসমকে মুযাফের সাথে সদৃশতারোপ এবং তার উপর মুযাফের বিধিবিধানকে জারি করা হয়েছে। হরফে জারকে উহ্য রাখলে যেভাবে মুযাফ খাস হওয়ার অর্থ প্রদান করে, অনুরূপভাবে হরফে জারকে উল্লেখ করলেও একই অর্থ দিয়ে থাকে, উভয়টি اختصاص-এর অর্থে শরিক থাকার কারণে। لَا غُلَامَىْ لَهُ - مِثْلُ لَا اَبَا لَهُ-এর দিকে ফিরে, তাহলে মূলার্থ হবে تَشْبِيْهًا لَهُ-এর যমীরে মাজরূর যদি ও لَا نَاصِرَ لَهُ বৈধ। কেননা, এ সব তারকীবে যদিও হরফে জার উহ্যের সাথে এযাফত হয়নি; কিন্তু এযাফতের মূলার্থ তথা اختصاص-এর অর্থে সাদৃশ্য রয়েছে। তবে হরফে জার উহ্যের সাথে যে এযাফত হয়, তাতে اختصاص পরিপূর্ণভাবে রয়েছে। পক্ষান্তরে হরফে জার প্রকাশ্য হলে, যে এযাফত হয় তাতে তদ্রূপ নেই। এ জন্য غلام زيد বাক্যাংশে যে খুসূসিয়াত রয়েছে غُلَامٌ لِزَيْدٍ-এর মধ্যে তা নেই। غُلَامُ زَيْدٍ-এর মধ্যে غلام দ্বারা নির্দিষ্ট গোলাম উদ্দেশ্য। غُلَامٌ لِزَيْدٍ হলো তার বিপরীত।

قَوْلُهُ وَمَنْ ثَمَّ لَمْ يَجُزِ الخ : উপরোক্ত তারকীবদ্বয় জায়েজ হওয়া যখন غير مضاف টি মুযাফের সাথে মূল অর্থ সাদৃশ্যপূর্ণ হওয়ার উপর নির্ভরশীল ছিল তখন لَا اَبًا فِيْهَا তারকীবটি জায়েজ হবে না। কারণ اب ও دار-এর মাঝে ঐ اختصاص বিদ্যমান নেই, যা ابن ও اب-এর মাঝে রয়েছে।

قَوْلُهُ لَيْسَ بِمُضَافٍ لِفَسَادِ الْمَعْنٰى الخ : উপরোক্ত তারকীবদ্বয়কে مضاف-এর সাথে যে সদৃশতারোপ করা হয়েছে প্রকৃতপক্ষে তা মুযাফ নয়। কারণ, مضاف حقيقى হলে দুটি ক্ষতির সম্ভাবনা রয়েছে। একটি হলো শব্দগত, অপরটি অর্থগত। অর্থগত ক্ষতি হলো, لَا غُلَامَيْنِ لَهُ ও لَا اَبًا لَهُ-এর যথাক্রমে আসল অর্থ অমুক মানুষের বংশ সাব্যস্ত নেই। অমুক মানুষের গোলাম বলতে কিছুই নেই। কেননা, নফীর পরে নাকেরা পতিত হলে তা ব্যাপকতার ফায়দা দেয়। পক্ষান্তরে পরস্পরের মাঝে এযাফত করত: لَا اَبَاهُ এবং لَا غُلَامَيْهِ বলা হলে তখন অর্থ হবে বক্তার নিকট অমুকের জ্ঞাত পিতা বিদ্যমান নেই এবং বক্তার নিকট অমুকের জ্ঞাত দু'চাকর এখন উপস্থিত নেই। বিক্রিত বা মৃত হয়েছে। আর শব্দগত ক্ষতি

হলো দু'ধরনের। প্রথমত: اضافة حقيقى -এর মধ্যে لام-কে বিলোপ করা হয় ; কিন্তু এখানে বিলুপ্ত হয়নি। দ্বিতীয়ত: এটা মা'রেফার দিকে এযাফত হবার কারণে ইসম মা'রেফা হয়ে যায়। সুতরাং এযাফতাবস্থায় لَا اَبَا لَكَ টি মা'রেফা হয়ে যাবে। এ কায়দা পূর্বে বর্ণিত হয়েছে যে, لا-এর ইসম যখন মা'রেফা হয় তখন রফা' ও অপর একটি لا স্বীয় ইসমসহ পুনরুল্লেখ করা ওয়াজিব ; অথচ এখানে রফা' নেই এবং لا-এর পুনরুল্লেখ নেই। জানা গেছে এটা মুযাফ নয় ; বরং মুযাফের সাদৃশ্য।

قَوْلُهُ خِلَافًا لِسِيْبَوَيْهِ : মূলত এ ইবারতটুকু উহ্য ফে'লের মাফউলে মুতলাক। উহ্য রূপ خَالَفَ خِلَافًا ثَابِتًا لِسِيْبَوَيْهِ وَالْخَلِيْلِ وَجُمْهُوْرِ النُّحَاةِ আল্লামা ইবনে হাজিব (র.) শুধুমাত্র সীবাওয়াইহ্ নাহুবিদের উল্লেখ করেছেন; অথচ তাঁর একই অভিমতের প্রবক্তা রয়েছে খলীল নাহুবিদ ও জমহুর নাহুবিদগণ। বিশেষভাবে আল্লামা সীবাওয়াইহ্র নাম উল্লেখ করার দু'টি কারণ বর্ণনা করা যায়। **এক.** খলীল ও বসরাবাসী জমহুর নাহুবিদগণ সকলেই বসরী হিসেবে খ্যাত। আর সীবাওয়াইহ্র হলেন امام البصريين (বসরা, নাহুবিদদের নেতা)। সরদার বা নেতাকে উল্লেখ করা পুরো গোষ্ঠীকে উল্লেখ করার নামান্তর বিধায় এতটুকুতে যথেষ্ট মনে করা হয়েছে। **দুই.** এখানে ইখতিলাফ (মতানৈক্য)-কে বর্ণনা করা উদ্দেশ্য, ইখ্তিলাফকারীদের নির্দিষ্ট করা নয়। আল্লামা সীবাওয়াইহ, খলীল ও জমহুর নাহুবিদ্দের অভিমত হলো উপরোক্ত উভয় জুমলা তথা لَاغُلَامَىْ لَهُ ও لَا اَبَا لَكَ -এর মধ্যে অর্থগত হাকীকী এযাফত হয়েছে। এযাফতে হাকীকী হবার জন্য لا কালিমা উহ্য থাকতে হয় ; কিন্তু এখানে প্রকাশ্য রয়েছে। এ ধরনের আপত্তির জবাব দেওয়া হয়েছে যে, মুযাফ ও মুযাফ ইলাইহের মাঝে যে لا এসেছে তা تاكيد -এর জন্য, এযাফতের জন্য নয়। لا-কে তাকীদের জন্য নেওয়ার উদ্দেশ্য হয় যাতে এ কথা বুঝা যায় যে, এ এযাফতটি লাযেমের অর্থে ব্যবহৃত। লাযেম অর্থে ব্যবহৃত এযাফত বলা হয়, যেখানে মুযাফ ইলাইহটি মুযাফ জাতীয় নয় এবং তার যরফও নয়। নাহুবিদদের নিকট সর্বজন স্বীকৃত একটি কায়দা হলো, এরূপ মা'রেফাকে নাকেরা করতে হলে উহ্য লামের বিনিময়ে দ্বিতীয় একটি লাম তাকীদের নিমিত্তে বর্ধিত করা হয়। এ লামটি মুযাফকে এমনভাবে পৃথক করে দেয় যেন এযাফতই হয়নি ; যদিও বস্তুত এযাফত হয়েছে। এমতাবস্থায় لا টি নাকেরার উপর প্রবেশ করেছে, মা'রেফার উপর নয়। সুতরাং لا-এর ইসম মা'রেফা হয়নি বিধায় لا তার স্বীয় ইসমসহ পুনরুল্লেখ ও رفع হওয়ার প্রয়োজন হয়নি।

قَوْلُهُ وَيُحْذَفُ كَثِيْرًا الخ : لا-এর اسم কে لنفى الجنس অধিকাংশ ক্ষেত্রে বিলুপ্ত করা হয়, যাতে ব্যাপকার্থ অধিকভাবে হয়। যেমন– لَا بَأْسَ عَلَيْكَ তা মূলত لَا بَأْسَ عَلَيْكَ ছিল। بأس কে বিলুপ্ত করা হয়েছে। এখানে উদ্দেশ্য হলো ঐ ধরনের তারকীব যার মধ্যে لا اسم কে বিলুপ্ত করার পর কারীনা পাওয়া যায়। যেমন– এখানে কারীনা হলো, "لا" হরফের উপর প্রবেশ করে না। বুঝা যায় এখানে اسم বিলুপ্ত হয়েছে।

তারকীব : قَوْلُهُ وَالْعَطْفُ عَلَى اللَّفْظِ وَعَلَى الْمَحَلِّ جَائِزٌ الخ : واو হরফে ইস্তীনাফ, العطف মাজরূর, على হরফে জার, اللفظ মাজরূর। জার ও মাজরূর মিলে মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, على হরফে জার, المحل মাজরূর। জার ও মাজরূর মিলে মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে যরফে লগ্ব। العطف মাসদারও তার যরফে লগ্ব মিলে মুবতাদা, جائز খবর। মুবতাদা ও খবর মিরে জুমলায়ে ইসমিয়্যাহ।

قَوْلُهُ مَثَلًا لَا اَبَ وَابْنًا الخ : مثل মুযাফ, لا اب মুরাদুল্ লফ্য মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, ابن শব্দটি لا উহ্য সহ মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে মুযাফ ইলাইহ। مثل মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে খবর। مثاله উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। বিস্তারিত তারকীব–لا নফী জিন্সের জন্য, اب মা'তূফ আলাইহ, واو হরফে আত্ফ, ابنا মা'তূফ। মা'তূফ আলাইহ ও মা'তূফ মিলে ইসমে لا - উহ্য عندى মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ হয়েছে ثابتان থেকে। ثابتان শিবহে ফে'ল, যমীর هما ফায়েল ও মাফউলে ফীহ মিলে খবর। لا তার ইসম ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। বাকি তারকীব তদ্রূপ হবে।

قَوْلُهُ مِثْلُ لَا اَبَا لَهُ الخ : واو হরফে আত্ফ, مثل মুযাফ, لا ابا له মুরাদুল্ লফয মা'তূফ আলাইহ। واو হরফে আত্ফ, لَاغُلَامَىْ لَهُ মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুবতাদা, جائز খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। বিস্তারিত তারকীব–لا নফী জিন্সের জন্য, ابا ইসমে لا, ل হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিরে যরফে মুস্তাকার হয়েছে ثابت উহ্যের সাথে। ثابت শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর, لا তার ইসম ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। لا নফী জিন্সের জন্য, غلامى ইসমে لا, ل হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে ثابتان -এর সাথে। ثابتان শিবহে ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। لا তার ইসম ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ।

قَوْلُهُ تَشْبِيْهًا لَهُ بِالْمُضَافِ الخ : تَشْبِيْهًا মাসদার, ل হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। باء হরফে জার, المضاف মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব ছানী। ل হরফে জার, مشاركة মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ, ل হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব আউওয়াল। فى হরফে জার, اصل মুযাফ, معنى মুযাফ ইলাইহ মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুযাফ ইলাইহ। اصل মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব ছানী। مشاركة মাসদার, তার মুযাফ ইলাইহ ও যরফে লগ্বদ্বয় মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব ছালিছ। تشبيها মাসদার ও তার যরফে লগ্বদ্বয় মিলে মাফউলে লাহু-যার ফে'ল اجازوا উহ্য রয়েছে। اجازوا ফে'ল, ফায়েল ও মাফউলে লাহু মিলে জুমলায়ে খবরিয়্যাহ হয়েছে।

قَوْلُهُ وَمَنْ ثَمَّ لَمْ يَجُزْ الخ : واو হরফে ইস্তীনাফ, من হরফে জার, ثم মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব মুকাদ্দাম। لم يجز ফে'ল, لا ابا فيها মুরাদুল্ লফ্য ফায়েল। ফে'ল, ফায়েল ও যরফে লগ্ব মুকাদ্দাম মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ, ليس ফে'লে নাকেস, উহ্য যমীর هو ইসম, باء হরফে জার যায়েদা। مضاف মাজরূর খবর, ل হরফে জার, فساد মুযাফ, المعنى মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। ليس ফে'লে নাকেস তার ইসম, খবর ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে। خلاف মাফউলে মুতলাক, خالف উহ্য ফে'ল, যমীর هو ফায়েল ও মাফউলে মুতলাক মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। ل হরফে জার, سيبويه মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তাকার হয়েছে উহ্য ثابتة -এর সাথে। ثابتة শিবহে ফে'ল, যমীর هى নায়েবে ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। ارادتى উহ্য মুবতাদা। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ, يحذف ফে'ল, যমীর هو নায়েবে ফায়েল, كثيرا সিফাত, উহ্য حذفا মাওসূফ। মাওসূফ ও তার সিফাত মিলে মাফউলে মুতলাক। فى হরফে জার, مثل মুযাফ, لَاعَلَيْكَ মুবদাল মিনহু। اى হরফে তাফসীর, لابأس عليك বদলে কুল। মুবদাল মিনহু ও বদলে কুল মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। يحذف ফে'ল, নায়েবে ফায়েল, মাফউলে মুতলাক ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে। বিস্তারিত তারকীব-لا নফী জিন্সের জন্য,উহ্য بأس ইসমে لا, على হরফে জার, ك মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে মুস্তকার হয়েছে ثابت -এর সাথে। ثابت শিব্হে ফে'ল, যমীর هو ফায়েল ও যরফে মুস্তাকার মিলে খবর। لا তার ইসম ও খবর মিলে জুমলায়ে ইস্মিয়্যাহ খবরিয়্যাহ হয়েছে।

خَبَرُ مَا وَلَا الْمُشَبَّهَتَيْنِ بِلَيْسَ هُوَ الْمُسْنَدُ بَعْدَ دُخُوْلِهِمَا وَهِىَ لُغَةٌ حِجَازِيَّةٌ وَاِذَا زِيْدَتْ اِنْ مَعَ مَا اَوِ انْتَقَضَ النَّفْىُ بِاِلَّا اَوْ تَقَدَّمَ الْخَبَرُ بَطَلَ الْعَمَلُ وَاِذَا عُطِفَ عَلَيْهِ بِمُوْجَبٍ فَالرَّفْعُ -

---

অনুবাদ : خبر ما ولا المشبهتين بليس (ليس-এর সদৃশ ما ও لا-এর খবর) তা এমন একটি ইসম যা ما ও لا প্রবিষ্ট হবার পর মুসনাদ হয়। আর এটা হলো হেজাযী ভাষা। যদি ما-এর সাথে ان-কে বৃদ্ধি করা হয় অথবা الا দ্বারা نفى-কে ভঙ্গ করা হয় অথবা খবর মুকাদ্দাম হয়, তাহলে আমল বাতিল হয়ে যাবে। আর যখন খবরের ওর কোনো হ্যাঁ-সূচক অব্যয় আত্ফ করা হয় তখন রফা' ওয়াজিব।

ব্যাখ্যা : قَوْلُهُ خَبَرُ مَا وَلَا الْمُشَبَّهَتَيْنِ الخ : ليس-এর সাদৃশ্যপূর্ণ ما ও لا-এর খবর اسماء منصوبات-এর দ্বাদশ প্রকার। এ দু'টি মুবতাদা ও খবরের উপর প্রবেশ করত: মুবতাদাকে রফা' এবং খবরকে নসব প্রদান করে। যেমনিভাবে ليس আমল করে থাকে। ليس যেরূপ নফী অর্থ প্রদান করে, তদ্রূপ ما ও لا নফীর অর্থ প্রদান করে। ما ও لا-এর খবর ঐ ইসম যাতে তা প্রবেশের পর মুসনাদ হয়। যেমন– مَازَيْدٌ قَائِمًا ও لَا رَجُلٌ حَاضِرًا

قَوْلُهُ وَهِىَ حِجَازِيَّةٌ : ما ও لا শব্দদ্বয় ليس-এর সাথে সদৃশতা থাকার কারণে আমল করবে তথা ইসমকে রফা' এবং খবরকে নসব দেবে– এটা হেজাযবাসীদের অভিমত। আর এটাই বিশুদ্ধ উক্তি। কেননা, পবিত্র কুরআনে তার ব্যবহার দেখা যায়। যথা–وَمَا هُنَّ اُمَّهَاتُهُمْ ، مَاهٰذَا بَشَرًا

উল্লেখ্য যে, وَهِىَ لُغَةٌ حِجَازِيَّةٌ -এর মধ্যস্থিত যমীরে মারফূ' মুনফাসিল, ما ও لا-এর খবরের দিকে ফিরেছে। لغة শব্দটি মুবতাদার খবর। حجازية শব্দটি لغة-এর সিফাত। মূল অর্থ দাঁড়ায় ما ও لا-এর খবরিয়্যত হেজাযীদের পরিভাষা। কেননা, উভয়টি তাদের মতে ইসম ও খবরের মধ্যে আমলকারী। বনী তামীমের মতে ما ও لا আমলকারী হয় না; বরং যে ইসম ও খবরের উপর তা প্রবেশ করে উভয়টি মুবতাদা ও খবর হিসেবে গণ্য হয়ে যায়। যেরূপ ما ও لا প্রবিষ্টের পূর্বে মুবতাদা খবর ছিল।

ما ও لا -এর আমল বাতিল হবার তিনটি কারণ : নিম্নলিখিত তিনটি কারণে ما ও لا-এর আমল বাতিল হয়ে যায়। (১) ما-এর পর ان বর্ধিত হলে আমল রহিত হয়ে যায়। গ্রন্থকার "ما" বলেছেন "لا" বলেননি। কেননা, دليل استقراء-এর দ্বারা জানা যায় যে, আরবি ব্যাকরণবিদদের মতে, لا-এর পরে ان অতিরিক্ত হওয়া জায়েজ নেই। যেমন– مَا اِنْ زَيْدٌ قَائِمٌ ; এমতাবস্থায় আমল বাতিল হবার কারণ হলো, "ما" হলো দুর্বল আমিল; ফলে ما ও তার মা'মূলের মাঝে ان فاصله আসাতে আমল করতে অক্ষম হয়ে পড়েছে। (২) যদি খবরটি الا-এর পরে পতিত হয়। যেমন– مَا زَيْدٌ اِلَّا قَائِمٌ ; مَارَجُلًا لَا اَفْضَلَ مِنْكَ এর-এ দু'স্থানে আমল বাতিল করার কারণ হলো ما ও لا দ্বয় না-সূচক অর্থ প্রদানের মাধ্যমে ليس-এর সাথে সাদৃশ্য রাখার ফলে আমল করে; কিন্তু উল্লিখিত বাক্যদ্বয়ে না-সূচক অর্থ রহিত হবার কারণে সদৃশতা বিলুপ্ত হওয়াতে আমল বাতিল হয়ে গেছে। (৩) যদি ما ও لا-এর খবরদ্বয় তাদের মুবতাদার পূর্বে আসে। যেমন– ما زيد قائم এবং لَا اَفْضَلَ مِنْكَ رَجُلٌ ; এ অবস্থায় আমল বাতিল হবার কারণ হলো, উভয়টি দুর্বল আমিল, যখন তাদের মা'মূল ধারাবাহিকভাবে থাকে তখন আমল করতে সক্ষম আর ধারাবাহিকতা রহিত হয়ে গেলে আমল করতে পারে না। এখানে খবর পূর্বে আসায় তারতীব ঠিক থাকেনি বিধায় আমল করতে সক্ষম হয়নি।

قَوْلُهُ وَاِذَا عُطِفَ عَلَيْهِ الخ : ما ও لا-এর খবরের উপর حرف موجب তথা لكن – بل দ্বারা আত্ফ করা হলে মা'তুফের উপর পেশ ওয়াজিব হয়। কারণ তা খবরের محل -এর উপর আত্ফ হয়েছে। আর محل خبر হলো রফা'। কেননা, তা প্রকৃতপক্ষে মুবতাদার খবর। এমতাবস্থায় তাকে عطف المفرد على المفرد-এর অন্তর্ভুক্ত ধরা হবে। حرف موجب

مَا زَيْدٌ مُقِيْمًا لٰكِنْ مُسَافِرٌ، مَا زَيْدٌ قَائِمًا بَلْ قَاعِدٌ বলতে যা নফীর পরে হ্যাঁ-সূচকের ফায়দা দেয় তা-ই বুঝায়। যেমন– শায়খ আব্দুল কাহের জুরজানী বলেছেন– حرف موجب -এর পরের অংশ বস্তুতঃ উহ্য মুবতাদার খবর। অর্থাৎ بل هو قاعد -প্রথম উদাহরণে لٰكِنْ هُوَ مُسَافِرٌ এমতাবস্থায় তা عطف الجملة على الجملة হবে। পেশ ওয়াজিব হবার কারণ হলো حرف موجب তথা بل ও لكن শব্দদ্বয় না-সূচক অর্থকে ভঙ্গ করার ক্ষেত্রে لا-এর মতো। কাজেই ما ও لا যেভাবে لا দাখিল হবার পর আমল করে না, অনুরূপভাবে এগুলোর পরেও আমল করবেনা। সুতরাং محل হিসেবে রফা' আবশ্যক হবে।

قَوْلُهُ فَالرَّفْعُ : এর মূলরূপ ছিল– فَحُكْمُ الْمَعْطُوْفِ الرَّفْعُ অর্থাৎ মা'তূফের হুকুম হলো رفع হওয়া। কেননা, নফী ভঙ্গ হয়ে যাবার কারণে ما ও لا তার পরবর্তী অংশের আমলকারী হয় না বিধায় নসব হবার অবকাশ দূর হয়ে গেছে। আর যের হবার অবকাশ দূর হয়ে যাবার কারণ হলো ما-এর খবরের উপর হরফে জার প্রবিষ্ট হয় না। যদি আসে, তবু তার পরবর্তী অংশের সাথে কোনো সম্পর্ক রাখে না। কারণ, ما -এর খবরের উপর অতিরিক্ত باء নফীর তাকীদের জন্য এসে থাকে। যথা– مَا زَيْدٌ بِقَائِمٍ بَلْ قَاعِدٌ ; হরফে আত্ফ بل আসার পর আর নফী থাকে না। তাই قاعد শব্দ হ্যাঁ-সূচক হয়ে গেছে। অতিরিক্ত باء কখনো হ্যাঁ-সূচকের তাকীদের জন্য আসে না। সুতরাং قاعد শব্দ আত্ফ হিসেবে অতিরিক্ত باء-এর অধীনে পতিত হওয়া সম্ভব না। যবর ও যেরের অবকাশ দূর হয়ে যাওয়াতে পেশ ওয়াজিব হয়ে যায়। উল্লেখ্য যে, জাযা সর্বদা জুমলা হয়ে থাকে, শুধুমাত্র فالرفع অংশটি জাযা হতে পারেনা। আশেকে রাসূল হযরত আব্দুর রহমান জামী (র.) ব্যাখ্যা করেছেন– فَالرَّفْعُ اَىْ فَحُكْمُ الْمَعْطُوْفِ الرَّفْعُ لَا غَيْرَ الخ অথবা فَحُكْمُهُ الرَّفْعُ বলা যাবে, তখন الرفع শব্দটি উহ্য মুবতাদার খবর। মুবতাদা খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে শর্তে মুকাদ্দামের জাযা হয়েছে।

তারকীব : قَوْلُهُ خَبَرُ مَا وَلَا الْمُشَبَّهَتَيْنِ بِلَيْسَ هُوَ الْمُسْنَدُ الخ خبر মুযাফ, ما মা'তূফ আলাইহ واو হরফে আত্ফ, لا মা'তূফ। মা'তূফ আলাইহ ও তার মা'তূফ মিলে মাওসূফ, المشبهتين -এর মধ্যে ال টি الذى অর্থে ইসমে মাওসূল, مشبهتين শিবহে ফে'ল যমীর هما নায়েবে ফায়েল, باء হরফে জার, ليس মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। مشبهتين শিবহে ফে'ল, নায়েবে ফায়েল ও যরফে লগ্ব মিলে সেলাহ। মাওসূল ও সেলাহ মিলে সিফাত। মাওসূফ তার সিফাত মিলে মুযাফ ইলাইহ। خبر মুযাফ ও তার মুযাফ ইলাইহ মিলে মুবতাদায়ে মুয়াখ্খার, উহ্য منها খবরে মুকাদ্দাম। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। هو মুবতাদা, المسند-এর মধ্যে ال টি الذى অর্থে ইসমে মাওসূল। مسند শিবহে ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল। بعد মুযাফ دخول মুযাফ ইলাইহ মুযাফ। هما মুযাফ ইলাইহ, دخول মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মুযাফ ইলাইহ হয়েছে। بعد মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ। مسند শিব্হে ফেল, নায়েবে ফায়েল ও মাফউলে ফীহ মিলে সেলাহ্। মাওসূল ও সেলাহ মিলে সিফাত। الاسم উহ্য মাওসূফ ও তার সিফাত মিলে খবর। মুবাতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ বা ইস্তীনাফ, هى মুবতাদা, لغة মাওসূফ حجازية সিফাত; لغة মাওসূফ ও তার সিফাত মিলে খবর। মুবতাদা তার খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়েছে। واو হরফে ইস্তীনাফ, اذا যরফে যমান মাফউলে ফীহ মুযাফ, ما শব্দটি মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ। زيدت ফে'ল, ان নায়েবে ফায়েল, مع মুযাফ, ما মুযাফ ইলাইহ। মুযাফ ও মুযাফ ইলাইহ মিলে মাফউলে ফীহ। زيدت ফে'ল, নায়েবে ফায়েল ও মাফউলে ফীহ মুকাদ্দাম এবং মুয়াখ্খার মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ আলাইহ। او হরফে আত্ফ, انتقص ফে'ল, النفى ফায়েল, باء হরফে জার, لا মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব। انتقص ফে'ল, ফায়েল ও যরফে লগ্ব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ। او হরফে আত্ফ, تقدم ফে'ল, الخبر ফায়েল। ফে'ল ও ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মা'তূফ, মা'তূফ আলাইহ তার মা'তূফদ্বয় মিলে শর্ত। بطل ফে'ল, العمل ফায়েল। ফে'ল ও ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ হয়েছে। واو হরফে আত্ফ, اذا যরফে যমান মাফউলে ফীহ মুকাদ্দাম, عطف ফে'ল, উহ্য যমীর هو নায়েবে ফায়েল, على হরফে জার, ه যমীর মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব আউওয়াল باء হরফে জার, موجب মাজরূর। জার ও মাজরূর মিলে যরফে লগ্ব ছানী। عطف ফে'ল, তার নায়েবে ফায়েল, যরফে লগ্বদ্বয় এবং মাফউলে ফীহ মুকাদ্দাম মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। فاء জাযায়িয়্যাহ। الرفع মুবতাদা, واجب উহ্য খবর। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ হয়ে জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ মা'তূফা হয়েছে।

اَلْمَجْرُوْرَاتُ هُوَ مَا اشْتَمَلَ عَلٰى عَلَمِ الْمُضَافِ اِلَيْهِ وَالْمُضَافُ اِلَيْهِ كُلُّ اِسْمٍ نُسِبَ اِلَيْهِ شَيْءٌ بِوَاسِطَةِ حَرْفِ الْجَرِّ لَفْظًا اَوْ تَقْدِيْرًا مُرَادًا فَالتَّقْدِيْرُ شَرْطُهُ اَنْ يَّكُوْنَ الْمُضَافُ اِسْمًا مُجَرَّدًا تَنْوِيْنُهُ لِاَجْلِهَا وَهِىَ مَعْنَوِيَّةٌ وَلَفْظِيَّةٌ فَالْمَعْنَوِيَّةُ اَنْ يَّكُوْنَ الْمُضَافُ غَيْرَ صِفَةٍ مُضَافَةً اِلٰى مَعْمُوْلِهَا وَهِىَ اِمَّا بِمَعْنَى اللَّامِ فِىْ مَاعَدَا جِنْسِ الْمُضَافِ وَظَرْفَهُ وَاِمَّا بِمَعْنٰى مِنْ فِىْ جِنْسِ الْمُضَافِ اَوْ بِمَعْنٰى فِىْ فِىْ ظَرْفِهِ وَهُوَ قَلِيْلٌ مِثْلُ غُلَامُ زَيْدٍ وَخَاتَمُ فِضَّةٍ وَضَرْبُ الْيَوْمِ وَتُفِيْدُ تَعْرِيْفًا مَعَ الْمَعْرِفَةِ وَتَخْصِيْصًا مَعَ النَّكِرَةِ۔

অনুবাদ : اَلْمَجْرُوْرَاتُ : مجرور এমন ইসম, যা মুযাফ ইলাইহের আলামতের অন্তর্গত হবে। আর মুযাফ ইলাইহ প্রত্যেক ঐ ইসম যার প্রতি কোনো বস্তুকে সম্পর্কিত করা হয় হরফে জার-এর মাধ্যমে; (এখন) ঐ হরফে জার প্রকাশ্য হবে অথবা উহ্য ও উদ্দিষ্ট হবে। উহ্য হরফে জার-এর শর্ত হলো, মুযাফটি এমন ইসম হবে যার তানবীন ইযাফতের কারণে দূরীভূত হবে। আর ঐ ইযাফত (দু'প্রকার) মা'নবী এবং লাফযী। সুতরাং ইযাফতে মা'নবী হলো, মুযাফ ঐ সিফাতের বিপরীত হবে যা স্বয়ং মা'মূলের দিকে মুযাফ হবে। আর ঐ ইযাফতে মা'নবী মুযাফ ইলাইহ মুযাফের জিনস বা তার যরফ না হওয়ার সুরতে لام -এর অর্থে হবে, অথবা মুযাফ ইলাইহ মুযাফের জিনস হওয়ার সুরতে من -এর অর্থে হবে, অথবা মুযাফ ইলাই মুযাফের যরফ হওয়ার সুরতে فى -এর অর্থে হবে আর এটা ব্যবহারের কম আসে। যেমন– غُلَامُ زَيْدٍ -এর মধ্যে ইযাফত لام -এর অর্থে হয়েছে এবং خَاتَمُ فِضَّةٍ -এর মধ্যে ইযাফত من -এর অর্থে হয়েছে এবং ضَرْبُ الْيَوْمِ -এর মধ্যে ইযাফত فى -এর অর্থে হয়েছে। আর ইযাফত মা'রেফার সাথে তা'রীফ (নির্দিষ্টতা) -এর উপকার দেয় আর নাকেরার সাথে তাখসীস (স্বাতন্ত্র্য) -এর উপকার দেয়।

ব্যাখ্যা : قَوْلُهُ اَلْمَجْرُوْرَاتُ : এখানে একটি প্রশ্ন উত্থাপিত হয় যে, مجرور শুধুমাত্র মুযাফ ইলাইহ হয় আর তা একটি, তাই তাকে একবচন নেওয়া যুক্তিসঙ্গত ছিল, বহুবচন নেওয়ার কারণ কি? উত্তর হলো, مجرور -এর প্রকার ও শ্রেণীবিভাগের দিকে লক্ষ্য করে তাকে বহুবচন নেওয়া হয়েছে।

قَوْلُهُ هُوَ مَا اشْتَمَلَ الخ : অর্থাৎ مجرور ঐ ইসম, যা মুযাফ ইলাইহের আলামতের অন্তর্গত হবে এ হিসাবে যে, তা মুযাফ ইলাইহ। مجرورر -এর এ সংজ্ঞায় ما শব্দ দ্বারা উদ্দেশ্য হলো ইসম। এ জন্য যে, তা مقسم আর প্রকারসমূহের সংজ্ঞায় مقسم -এর ধর্তব্য হয়। এখন مجرور -এর সংজ্ঞা হতে অন্যান্য হরফসমূহ বহির্ভূত হয়ে যাবে। মুযাফ ইলাইহের আলামত হলো জার, চাই তা কাসরা বা ফাতহা বা ইয়া হোক এবং চাই তা উহ্য হোক বা প্রকাশ্য।

قَوْلُهُ وَالْمُضَافُ اِلَيْهِ الخ : অর্থাৎ মুযাফ ইলাইহ ঐ ইসম, যার প্রতি কোনো বস্তুর সম্পর্ক হরফে জার-এর মাধ্যমে করা হয়। চাই সে হরফে জার প্রকাশ্য হোক, যেমন– مَرَرْتُ بِزَيْدٍ অথবা উহ্য হবে; কিন্তু উদ্দিষ্ট হবে অর্থাৎ তার প্রতিক্রিয়া শব্দের মধ্যে অবশিষ্ট থাকবে। যেমন– غُلَامُ زَيْدٍ যা মূলত غُلَامٌ لِزَيْدٍ ছিল। সুতরাং এখানে لام উহ্য এবং তা উদ্দিষ্ট; এজন্য যে, তার প্রতিক্রিয়া শাব্দের মধ্যে অবশিষ্ট রয়েছে। অনুরূপভাবে ঐ বস্তু যার সম্পর্ক মুযাফ ইলাইহের প্রতি; তা এ ব্যাপারে ব্যাপক চাই ইসম হোক, যেমন– غُلَامُ زَيْدٍ অথবা ফে'ল হোক, যেমন– مَرَرْتُ بِزَيْدٍ তারকীব : قَوْلُهُ لَفْظًا اَوْتَقْدِيْرًا হাল

এবং حرف الجر যুলহাল এবং তার মধ্যে আমিল মাধ্যমের অর্থ তথা يَتَوَصَّلُ بِحَرْفِ الْجَرِّ ظَاهِرًا اَوْ مُقَدَّرًا এবং قوله مرادا এটা হালের পরে হাল তথা مقدرا مرادا । এ সম্ভাবনাও রয়েছে যে, تقديرا لفظا মাফউলের অর্থে হয়ে উহ্য كان -এর খবর হবে كَانَ الْحَرْفُ مَلْفُوْظًا اَوْ مُقَدَّرًا । আর قوله مرادا উহ্য كان -এর ইসম হতে হাল হয়েছে। এমনও হতে পারে যে, قوله مرادا এটা قوله تقديرا হতে তামঈয হবে। অতঃপর قوله مرادا দ্বারা مفعول له ও مفعول له হতে পরিহার হয়েছে। কেননা ঐ দু'টোর মধ্যে হরফে জার উদ্দিষ্ট নয়, অন্যথা সেগুলো নসব বিশিষ্ট হতো না।

ফায়দা ঃ জানা আবশ্যক যে, মুযাফ ইলাইহের এ সংজ্ঞা কওমের পরিভাষার পরিপন্থী। কেননা তারা শব্দগত হরফে জারের দ্বারা জার বিশিষ্টকে মুযাফ ইলাইহ বলে না। আরও জানা আবশ্যক যে, গ্রন্থকার (র.) মুযাফ ইলাইহের সংজ্ঞাকে যখন হরফে জারের কয়েদের সাথে নির্দিষ্ট করেছেন, তখন তদ্দ্বারা মুযাফ ইলাইহ বা শাব্দিক ইযাফত বহির্ভূত হয়ে যাবে। কেননা তা হরফে জার উহ্য আনার দ্বারা হয় না। কিন্তু যেহেতু ইযাফতে মা'নবী তথা অর্থগত ইযাফত মূল এবং ইযাফতে লাফযী তথা শব্দগত ইযাফত তার শাখা এ জন্য তা উক্ত সংজ্ঞায় আনুষঙ্গিকভাবে অন্তর্ভুক্ত হবে।

قَوْلُهُ فَالتَّقْدِيْرُ شَرْطٌ الخ : অর্থাৎ ঐ ইযাফত যা হরকে জার উহ্য মেনে হয়, তার শর্ত এই যে, মুযাফ এমন এক ইসম হবে, যা ইযাফতের কারণে তানবীন বা তানবীনের স্থালাভিষিক্ত তথা দ্বিবচনের নূন ও বহুবচনের নূন হতে শূন্য হবে। কেননা, শব্দ তানবীন বা স্থলাভিষিক্ত তানবীনের সাথে পরিপূর্ণ হওয়ায় সম্পর্কহীনতার দাবিদার আর ইযাফত সম্পর্কের দাবিদার।

قَوْلُهُ وَهِىَ مَعْنَوِيَّةٌ الخ : অর্থাৎ ইযাফত হরফে জার উহ্য রেখে দু'প্রকার– (১) মা'নবী (২) লাফযী। মা'নবিয়া মা'না তথা অর্থের দিকে সম্পর্কিত। আর এ ইযাফত মুযাফের মধ্যে যেহেতু নির্দিষ্টতা ও স্বাতন্ত্র্যের অর্থের উপকার দেয়, এজন্য তাকে মা'নবিয়া বলে। আর লাফযিয়া লাফয তথা শব্দের দিকে সম্পর্কিত। এ ইযাফতের দ্বারা শুধু শব্দের মধ্যে তাখফীফ তথা সহজতা এসে যায়, আর মুযাফের মধ্যে নির্দিষ্টতা ও স্বাতন্ত্র্যের অর্থ অর্জিত হয় না। এ জন্য একে লাফযিয়া বলা হয়।

قَوْلُهُ فَالْمَعْنَوِيَّةُ الخ : অর্থাৎ ইযাফতে মা'নবিয়া বলা হয় যার মধ্যে মুযাফ ঐ সিফাত হবে না, যা স্বীয় মা'মূলের দিকে মুযাফ। এখানে তিন অবস্থা হতে পারে– (১) মুযাফ সিফাতের সীগাহও হবে না এবং স্বীয় মা'মূলের দিকে মুযাফও হবে না। যেমন– غُلَامُ زَيْدٍ (২) মুযাফ সিফাতের সীগাহ হবে; কিন্তু স্বীয় মা'মূলের দিকে মুযাফ হবে না; বরং গায়রে মা'মূলের দিকে মুযাফ হবে। যেমন– كَرِيْمُ الْبَلَدِ (৩) মুযাফ সিফাতের সীগাহ হবে না এবং স্বীয় মা'মূলের দিকে মুযাফ হবে। যেমন– ضَرْبُ الْيَوْمِ ।

ফায়দা ঃ এখানে সিফাত দ্বারা উদ্দেশ্য হলো, ইসমে ফায়েল, ইসমে মাফউল, সিফতে মুশাব্বাহ, ইসমে তাফযীল। আর মা'মূল দ্বারা উদ্দেশ্য হলো ফায়েল ও মাফউলে বিহী।

قَوْلُهُ وَهِىَ اِمَّا بِمَعْنَى اللَّامِ الخ : অর্থাৎ ইযাফতে মা'নবী لام উহ্য থেকে ঐ স্থানে হয় যেখানে মুযাফ ইলাইহ মুযাফের জিনসও হবে না এবং তার যরফও হবে না। অতঃপর মুযাফ ইলাইহের মুযাফের জিনস হওয়ার এই অর্থ যে, মুযাফটা মুযাফ ইলাইহ ও গায়রে মুযাফ ইলাইহ উভয়ের উপর প্রযোজ্য হবে, আর মুযাফ ইলাইহটা মুযাফ ও গায়রে মুযাফ উভয়ের উপর প্রযোজ্য হবে। আর তার অবস্থা এই যে, উভয়ের মধ্যে عام وخاص من وجه -এর সম্পর্ক হবে।

قَوْلُهُ وَاِمَّا بِمَعْنَى مِنْ الخ : অর্থাৎ যখন মুযাফ ইলাইহ মুযাফের জিনস হতে হবে, তখন ইযাফতে মা'নবী من উহ্য থেকে হয়।

قَوْلُهُ اَوْ بِمَعْنَى فِىْ الخ : অর্থাৎ فى উহ্য থেকে ইযাফত ঐ স্থানে হয় যেখানে মুযাফ ইলাইহ মুযাফের যরফ হয়।

قَوْلُهُ وَهُوَ قَلِيْلٌ الخ : অর্থাৎ, অর্থে ইযাফত ব্যবহারে কম আসে।

قَوْلُهُ مِثْلُ غُلَامُ زَيْدٍ : এটা لام -এর অর্থে ইযাফতের উদাহরণ। মূলত غُلَامٌ لِزَيْدٍ ছিল।

قَوْلُهُ وَخَاتَمُ فِضَّةٍ الخ : এটা من -এর অর্থে ইযাফতের উদাহরণ। মূলত خَاتَمٌ مِنْ فِضَّةٍ ছিল।

قَوْلُهُ وَضَرْبُ الْيَوْمِ الخ : এটা فى -এর অর্থে ইযাফতের উদাহরণ তথা ضَرْبٌ وَاقِعٌ فِى الْيَوْمِ এ জন্য যে, এক জিনিসের যরফ হওয়ার এই অর্থ যে, ঐ জিনিসটি অপর জিনিসের মধ্যে পাওয়া যাবে।

قَوْلُهُ وَتُفِيْدُ تَعْرِيْفًا الخ : অর্থাৎ ইসমকে মা'রেফার দিকে মুযাফ করার দ্বারা নির্দিষ্টতা এবং নাকেরার দিকে মুযাফ করার দ্বারা স্বাতন্ত্র্য তথা স্বল্প-অংশীদারি অর্জিত হয়। কিন্তু এ বিধান غير ، مثل ও তদ্রূপ শব্দাবলির মধ্যে প্রচলন হবে না। কেননা, এ জাতীয় ইসম দ্ব্যর্থবোধকতার আতিশয্যের কারণে মা'রেফার দিকে মুযাফ হওয়ার দ্বারা মা'রেফা হয় না। কিন্তু যখন মুযাফ ইলাইহের বিপরীত বস্তু একটি হবে বা মুযাফ ইলাইহের কোনো এ জাতীয় সদৃশ প্রসিদ্ধ হবে যে, যার সদৃশতা মুযাফ ইলাইহের সাথে বিশেষ গুণ তথা জ্ঞান, বাহদুরি ইত্যাদিতে পাওয়া যাবে, তবে এটা মা'রেফা হয়ে যাবে। সুতরাং যখন আমরা جَاءَ مِثْلُكَ বলব, তখন তার মধ্যকার مثل মা'রেফা হয়ে যাবে, তবে শর্ত হলো তার সাদৃশ্য বস্তু নির্দিষ্ট হবে।

তারকীব : قَوْلُهُ الْمَجْرُوْرَاتُ هُوَمَا اشْتَمَلَ عَلٰى عَلَمِ الْمُضَافِ اِلَيْهِ : এখানে المجرورات এটা উহ্য মুবতাদার খবর তথা هذا باب المجرورات অথবা المجرورات মুবতাদা আর هو দ্বিতীয় মুবতাদা এবং ما মাওসূলাহ বা মাওসূফাহ, اشتمل ফে'ল তাতে উহ্য যামীর ফায়েল, যা ما -এর দিকে ফিরেছে এবং على হরফে জার علم মুযাফ اليه المضاف তার মুযাফ ইলাইহ। এখন এ জুমলাটি ما -এর সেলাহ বা সিফাত অতঃপর উভয়টি প্রথম মুবতাদার খবর। قوله والمضاف اليه মুবতাদা كل তার খবর ও মুযাফ اسم মুযাফ ইলাইহ نسب মাযী মাজহূল اليه তার সাথে মুতা'আল্লাক شئ তার নায়েবে ফায়েল حرف الجر بواسطة এটা نسب -এর সাথে মুতা'আল্লাক لفظا এটা উহ্য كان -এর খবর তথা لفظا كان حرف الجر অথবা حرف الجر হতে হাল হবে যা অর্থগতভাবে মাফউল। لفظا اوتقديرا -এর উপর আতফ مرادا এটাও আতফ হয়েছে كان -এর খবর বা হালের পর হাল তখন জুমলা হবে كُلُّ اِسْمٍ نُسِبَ اِلٰى ذٰلِكَ الْاِسْمِ شَيْءٌ بِوَاسِطَةِ حَرْفِ الْجَرِّ ; فَالتَّقْدِيْرُ ; حَالَ كَوْنِهِ مَلْفُوْظًا اَوْ مُقَدَّرًا مُرَادًا فِى الْعَمَلِ মুবতাদা আর فاء তাফসীরের জন্য شرطه দ্বিতীয় মুবতাদা ان হরফে নাসেবা يكون নাকেসা তার ইসম اسما তার খবর। اسما এটা مجرد -এর সিফাত تنوينه এখানে مُجَرَّدًا عَنْ تَنْوِيْنِ الْمُضَافِ اَوْ عَلَى التَّشْبِيْهِ بِالْمَفْعُوْلِ مَنْصُوْبٌ عَلٰى نَزْعِ الْخَافِضِ হয়েছে তথা لاجلها ; তথা لِاَجْلِ الْاِضَافَةِ এটা مجردا -এর সাথে মুতা'আল্লাক। এ জুমলাটি দ্বিতীয় মুবতাদার খবর, আর দ্বিতীয় মুবতাদা তার খবরসহ প্রথম মুবতাদার খবর।

قَوْلُهُ وَهِىَ : মুবতাদা এটা اضافة -এর দিকে ফিরেছে معنوية তার খবর ولفظية তার উপর আতফ। فالمعنوية এখানে فاء তাফসীরের জন্য আর معنوية মুবতাদা তার পরবর্তী জুমলা খবর। ان হরফে নাসেবা يكون মুযারে' মা'রূফ তার ইসম المضاف معمول الصفة তথা معمولها الى এটা صفة -এর সিফাত غير صفة তার খবর مضافة এটা مضافة -এর সাথে মুতা'আল্লাক, আর বাক্যটি খবর।

قَوْلُهُ وَهِىَ : মুবতাদা এটা اضافة -এর দিকে ফিরেছে اما হরফ মুবতাদা بمعنى اللام তার খবর فى হরফে জার ما মাওসূলাহ বা মাওসূফাহ عدا ফে'লে মাযী মা'রূফ جاوز -এর অর্থে তন্মধ্যকার উহ্য যমীর তার ফায়েল, যা ما -এর দিকে ফিরেছে جنس তার মাফউল, মুযাফ المضاف মুযাফ ইলাইহ, আর বাক্যটি ما -এর সিলাহ বা সিফাত, অতঃপর মাওসূল বা মাওসূফ তার সিলাহ বা সিফাত সহকারে হরফে জারের মাজরূর, এখন জার ও মাজরূর মিলে মুতা'আল্লাক بمعنى اللام যার সাথে মুতা'আল্লাক হয়েছে তার সাথে وظرفه এটা جنس المضاف -এর উপর আতফ واما بمعنى من فى جنس وهو بمعنى اللام এটা المضاف ظرف المضاف او بمعنى فى فى ظرفه -এর উপর আতফ এটাও আতফ হয়েছে তথা المضاف وجود الاضافة بمعنى فى মুবতাদা قليل তার খবর نحو উহ্য মুবতাদার খবর, মুযাফ غلام মুবতাদা এটা মুযাফ হয়েছে زيد -এর দিকে وَخَاتَمُ فِضَّةٍ وَضَرْبُ الْيَوْمِ আতফ হয়েছে وتفيد এটা افادة হতে মুযারে' মা'রূফ, তন্মধ্যকার উহ্য যমীর তার ফায়েল, যা اضافة -এর দিকে ফিরেছে تعريفا মাফউলে বিহী مع المعرفة উক্ত تعريفا -এর সাথে মুতা'আল্লাক وتخصيصا مع النكرة আতফ হয়েছে।

وَشَرْطُهَا تَجْرِيْدُ الْمُضَافِ مِنَ التَّعْرِيْفِ وَمَا اَجَازَهُ الْكُوْفِيُّوْنَ مِنَ الثَّلٰثَةِ الْاَثْوَابِ وَشِبْهِهِ مِنَ الْعَدَدِ ضَعِيْفٌ وَاللَّفْظِيَّةُ اَنْ يَّكُوْنَ الْمُضَافُ صِفَةً مُضَافَةً اِلٰى مَعْمُوْلِهَا مِثْلُ ضَارِبُ زَيْدٍ وَحَسَنُ الْوَجْهِ وَلَاتُفِيْدُ اِلَّا تَخْفِيْفًا فِى اللَّفْظِ وَمِنْ ثَمَّ جَازَ مَرَرْتُ بِرَجُلٍ حَسَنِ الْوَجْهِ وَامْتَنَعَ مَرَرْتُ بِزَيْدٍ حَسَنِ الْوَجْهِ وَجَازَ اَلضَّارِبَا زَيْدٍ وَالضَّارِبُوْا زَيْدٍ وَامْتَنَعَ الضَّارِبُ زَيْدٍ خِلَافًا لِلْفَرَّاءِ وَضَعُفَ ع اَلْوَاهِبُ الْمِائَةِ الْهِجَانِ وَعَبْدِهَا وَاِنَّمَا جَازَ الضَّارِبُ الرَّجُلِ حَمْلًا عَلَى الْمُخْتَارِ فِى الْحَسَنِ الْوَجْهِ ـ

অনুবাদ : আর তার (ইযাফতে মা'নবিয়ার) শর্ত হলো, মুযাফকে তা'রীফ (নির্দিষ্টতা) হতে খালি করা। আর اَلثَّلٰثَةُ الْاَثْوَابُ এবং এ জাতীয় সংখ্যার ব্যাপারে কূফীরা যে, জায়েজ বলে তা দুর্বল। আর ইযাফতে লাফযিয়া হলো যে, মুযাফ এমন সিফাত হবে যা স্বীয় মা'মূলের দিকে মুযাফ হবে। যেমন– ضَارِبُ زَيْدٍ ، حَسَنُ الْوَجْهِ আর এটা শব্দের মধ্যে শুধুমাত্র তাখফীফ (সহজীকরণ)-এর ফায়দা দেয়। এ কারণই مَرَرْتُ بِرَجُلٍ حَسَنِ الْوَجْهِ জায়েজ এবং مَرَرْتُ بِزَيْدٍ حَسَنِ الْوَجْهِ নিষিদ্ধ। আর اَلضَّارِبَا زَيْدٍ ও اَلضَّارِبُوْا زَيْدٍ জায়েজ এবং الضارب زيد নিষিদ্ধ। এর মধ্যে নাহুবিদ ফররা মতবিরোধ করেছেন। আর পংক্তি– সে কালো উট ও তার পরিচালকদেরকে হিবাকারী। এর মধ্যে اَلْوَاهِبُ -কে عدها -এর দিকে ইযাফত দুর্বল। আর اَلضَّارِبُ الرَّجُلِ জায়েজ হওয়া اَلْحَسَنُ الْوَجْهِ -এর মধ্যকার মনোনীত সুরতের উপর নির্ভর করার কারণে।

ব্যাখ্যা : قَوْلُهُ وَشَرْطُهَا الخ : অর্থাৎ ইযাফতে মা'নবিয়ার শর্ত হলো মুযাফকে তারীফ (নির্দিষ্টতা) হতে খালি করা। এ জন্য যে, যখন মুযাফ মা'রেফা হবে তখন দু' অবস্থা হবে মুযাফ ইলাইহ হয়তো মা'রেফা হবে অথবা নাকেরা। প্রথম অবস্থাতে تحصيل حاصل আর দ্বিতীয় অবস্থাতে উত্তমকে বর্জন করে নগণ্যকে অর্জন করা আবশ্যক হয় এবং তা দূষণীয়।

قَوْلُهُ وَمَا اَجَازَهُ الْكُوْفِيُّوْنَ الخ : এ বাক্য উহ্য প্রশ্নের উত্তর। উহ্য প্রশ্ন এই যে, মুযাফকে তা'রীফ হতে খালি করার শর্ত গায়রে মুসাল্লাম (অস্বীকৃত)। কেননা কূফী নাহুবিদরা ঐ সকল সংখ্যার মধ্যে যেগুলো স্বীয় তামঈযের দিকে মুযাফ হয় اَلثَّلٰثَةُ الْاَثْوَابُ ، اَلْخَمْسَةُ الدَّرَاهِمُ (لام -এর মাধ্যমে নির্দিষ্টতা)-কে জায়েজ সাব্যস্ত করেন। যেমন– تعريف باللام আর তার কারণ বর্ণনা করেছেন যে, اسماء عدد -এর মধ্যে মুযাফ উদ্দেশ্য হয় এবং মুযাফ ইলাইহকে মুযাফ হতে দ্ব্যর্থবোধকতা দূরীভূত করার জন্য আনা হয়। সুতরাং যদি মুযাফ না করা হয় তবে উত্তমের পরিপূর্ণতা নগণ্যের দ্বারা আবশ্যক হবে আর এটা অত্যন্ত দূষণীয়। অতএব, তার উত্তর গ্রন্থকার (র.) এই দিয়েছেন যে, কূফী নাহুবিদদের اَلثَّلَاثَةُ الْاَثْوَابُ ইত্যাদিকে জায়েজ সাব্যস্ত করা দুর্বল। কেননা, এখানে মুযাফ নাকেরা হওয়ার দ্বারা উত্তমের পরিপূর্ণতা নগণ্যের দ্বারা আবশ্য হয় না; বরং নগণ্যের পরিপূর্ণতা উত্তমের দ্বারা আবশ্যক হয়, আর তা জায়েজ। আর তার কারণ এই যে, মূলত মুযাফ ইলাইহ উদ্দেশ্য হয় মুযাফকে পরিমাণ বর্ণনার জন্য আনা হয়, ব্যাপারটা প্রকাশ্য।

قَوْلُهُ وَاللَّفْظِيَّةُ الخ : অর্থাৎ ইযাফতে লাফযিয়ার আলামত হলো, সিফাত স্বীয় মা'মূলের দিকে মুযাফ হবে, চাই ঐ মা'মূল ফায়েল হোক অথবা মাফউল, যেমন– قَوْلُهُ ضَارِبُ زَيْدٍ এখানে সিফাত স্বীয় মা'মূল মাফউলের দিকে মুযাফ হয়েছে। আর যেমন– قَوْلُهُ حَسَنُ الْوَجْهِ উদাহরণ ঐ সিফাতের যা স্বীয় মা'মূল ফায়েলের দিকে মুযাফ হয়েছে।

قَوْلُهُ وَلَاتُفِيْدُ الخ : অর্থাৎ ইযাফতে লাফযিয়া শব্দের মধ্যে শুধুমাত্র সহজীকরণের ফায়দা দেয়। তদ্দ্বারা নির্দিষ্টতা ও স্বাতন্ত্র্য অর্জিত হয় না। অতঃপর এ সহজীকরণ কখনো শুধু মুযাফের মধ্যে হয়, যেমন– ضَارِبُ زَيْدٍ মূলত ضَارِبٌ زَيْدًا ছিল।

ইযাফতের কারণে ضارب হতে তানবীন বিলুপ্ত হয়েছে। আবার কখনো সহজীকরণ শুধু মুযাফ ইলাইহের মধ্যে যমীর বিলুপ্তির মাধ্যমে হয়। যেমন– اَلْقَائِمُ الْغُلَامُ মূলত اَلْقَائِمُ غُلَامُهُ ছিল। غلام হতে মুযাফ ইলাইহের যমীর বিলোপ করে القائم -এর মধ্যে তা উহ্য মানা হয়েছে এবং القائم -কে তার দিকে মুযাফ করা হয়েছে। এখন মুযাফ ইলাইহের মধ্যে সহজীকরণ অর্জিত হয়েছে। আবার কখনো মুযাফ ও মুযাফ ইলাইহ উভয়টির মধ্যে সহজীকরণ হয়। যেমন– حَسَنُ الْوَجْهِ মূলত حسن وجهه ছিল। ইযাফতের কারণে حسن -এর তানবীন এবং وجهه -এর যমীর বিলুপ্ত হয়ে গেছে এবং وجهه -এর যমীরের পরিবর্তে تعريف لام আনা হয়েছে। এখন মুযাফ ও মুযাফ ইলাইহ উভয়টিতে সহজীকরণ এসে গেছে।

قَوْلُهُ وَمِنْ ثَمَّ جَازَ الخ : অর্থাৎ যখন এটা জানা হলো যে, ইযাফতে লাফযিয়া শুধু সহজীকরণের ফায়দা দেয়, তাহলে এখন مَرَرْتُ بِرَجُلٍ حَسَنِ الْوَجْهِ -এর তারকীব জায়েজ হবে। এজন্য যে, তন্মধ্যে ইযাফতের কারণে মুযাফ হতে তানবীন এবং মুযাফ ইলাইহ হতে যমীর বিলুপ্ত হয়েছে; নির্দিষ্টতা ও স্বাতন্ত্র্য অর্জিত হয়নি। সুতরাং এ হিসাবে حَسَنِ الْوَجْهِ নাকেরার সিফাত সাব্যস্ত হওয়ার বিশুদ্ধ হয়েছে। অন্যথা যদি নির্দিষ্টতা ও স্বাতন্ত্র্য অর্জিত হতো তবে তার নাকেরার সিফাত সাব্যস্ত হওয়া বিশুদ্ধ ছিল না। কেননা, সিফাত ও মাওসূফের মধ্যে সামঞ্জস্য বিধান আবশ্যক। তবে مَرَرْتُ بِزَيْدٍ حَسَنِ الْوَجْهِ -এর তারকীব এর বিপরীত, তা নিষিদ্ধ। কেননা, তন্মধ্যে মাওসূফ তথা زيد মা'রেফা এবং সিফাত তথা حسن اوجه নাকেরা।

قَوْلُهُ وَجَازَ الخ : অর্থাৎ اَلضَّارِبُوْا زَيْدٍ ও اَلضَّارِبَا زَيْدٍ এ দু'টি তারকীব জায়েজ। কেননা, প্রথমটিতে সহজীকরণ দ্বিবচনের নূন বিলোপ করার দ্বারা হয়েছে। আর এটা নিশ্চিত যে, এ দু'টো নূন ইযাফতের কারণে বিলুপ্ত হয়েছে, تعريف لام -এর কারণে নয়। কেননা, ইযাফতের বাতিল করার সময় নূন সেগুলোর মধ্যে ফিরে আসে। সুতরাং জানা গেল যে, এ নূন تعريف لام -এর কারণে বিলুপ্ত হয়নি; বরং ইযাফতের কারণে বিলুপ্ত হয়েছে। অন্যথা ইযাফতে বাতিলের সময় তা দিয়ে আসতো না।

قَوْلُهُ وَامْتَنَعَ اَلضَّارِبُ زَيْدٍ الخ : অর্থাৎ اَلضَّارِبُ زَيْدٍ -এর তারকীব নিষিদ্ধ। এ জন্য যে, এখানে ইযাফতের ফলে সহজীকরণ হয়নি যেমনিভাবে প্রকাশ্য যে, এ তানবীন الضارب হতে تعريف لام -এর কারণে বিলুপ্ত হয়েছে, ইযাফতের কারণে নয়। অন্যথা ইযাফত বাতিলের সময় তা ফিরে আসতো, অথচ পরিস্থিতি তার বিপরীত।

قَوْلُهُ خِلَافًا لِلْفَرَّاءِ الخ : অর্থাৎ নাহুবিদ ফররা এ তারকীবকে জায়েজ বলেন। কেননা, তাঁর নিকট اَلضَّارِبُ زَيْدٍ -এর মধ্যে ইযাফতের পরে لام প্রবেশ হয়েছে। সুতরাং তন্মধ্যে ইযাফতের কারণে তানবীন বিলুপ্তির মাধ্যমে প্রথম সহজীকরণ হয়েছে, অতঃপর তা معرف باللام হয়েছে। তা ছাড়া উক্ত তারকীবের জায়েজের উপর কবির বক্তব্য اَلْوَاهِبُ الْمِائَةَ الْهِجَانِ وَعَبْدِهَا দ্বারা প্রমাণ পেশ করেন। কারণ হলো, উক্ত পংক্তিতে তিন তারকীব হতে পারে। (১) اَلْوَاهِبُ الْمِائَةَ এটা الضارب -এর মতো। (২) اَلْمِائَةَ الْهِجَانِ এটা اَلثَّلَاثَةَ الْاَثْوَابَ -এর মতো। (৩) قوله وعَبْدِهَا -এর আতফ المائة -এর উপর, আর الواهب তার দিকে মুযাফ হয়েছে। কায়দা আছে যে, মা'তূফ আলাইহ -এর পূর্বে যে কয়েদ হয় তা মা'তূফ -এর দিকে ফিরে। সুতরাং যেন কবি বলেছেন اَلْوَاهِبُ عَبْدِهَا আর এটা الضارب زيد -এর মতো। অতএব, যখন الواهب عبدها শুদ্ধ হলো, তখন فى اَلضَّارِبُ زَيْدٍ ও শুদ্ধ হয়ে গেল। এটা নাহুবিদ ফররা -এর প্রমাণ, আর গ্রন্থকার (র.)-এর উত্তর স্বীয় বক্তব্য وَضَعُفَ الْوَاهِبُ الخ দ্বারা দিয়েছেন যে, উক্ত প্রমাণ দুর্বল। কেননা, উক্ত প্রমাণ অকাট্য নয়; বরং সম্ভাবনা রয়েছে যে, عبدها জার বিশিষ্ট না হয়ে নসব বিশিষ্ট এবং তারকীবের মধ্যে মাফউলে মা'আহু হয়েছে। আর যদি তাকে জার বিশিষ্ট হওয়া স্বীকারও করে নেওয়া হয় তবুও উক্ত প্রমাণ শুদ্ধ নয়। কেননা, হতে পারে যে, আতফ ছাড়া একাকী اَلْوَاهِبُ عَبْدِهَا নিষিদ্ধ হবে, আর আতফের সাথে اَلْوَاهِبُ الْمِائَةَ وَعَبْدِهَا -এর তারকীব জায়েজ হবে। এজন্য যে, অনেক সময় মা'তূফ-এর মধ্যে ঐ বিষয় জায়েজ হয়, যা মা'তূফ আলাইহের মধ্যে জায়েজ হয় না, যেমন– رُبَّ شَاةٍ وَسَخْلَتِهَا এখানে رب -এর প্রবেশ আতফের সাথে سخلتها মা'রেফার উপর হয়ে গেছে আর এ তারকীব জায়েজ। আর আতফ ছাড়া একাকী رب -এর প্রবেশ মা'রেফার উপর করে رب سخلتها বললে তা জায়েজ ছিল না। অতঃপর এ বক্তব্য ঐ সময় যখন আমরা قوله وضعف -এর মধ্যে ضعف -এর ফায়েল استدلال فراء সাব্যস্ত করব। আর সম্ভাবনা রয়েছে যে, ضعف -এর ফায়েল সরাসরি এ বক্তব্য হবে তথা ضعف هذا القول আর সে সময় ঐ বক্তব্যের দুর্বলতা এ কারণে হবে যে, এ বক্তব্য اَلْمِائَةَ الْهِجَانِ -এর

অন্তর্গত, আর اَلثَّلَاثَةُ الْاَثْوَابِ -এর ন্যায়। আর اَلثَّلَاثَةُ الْاَثْوَابِ দুর্বল, যা উপরে বর্ণিত হয়েছে। অতএব, المائة الهجان দুর্বল হবে এবং তার দ্বারা প্রমাণ উপস্থাপন করাও দুর্বল হবে। কেননা, দুর্বল বক্তব্য অন্যের উপর সহজীকরণ হতে পারে না।

قَوْلُهٗ وَاِنَّمَا جَازَ الضَّارِبُ الرَّجُلِ الخ : অতঃপর নাহুবিদ স্বীয় বক্তব্যের উপর اَلضَّارِبُ الرَّجُلِ -এর মাধ্যমে প্রমাণ পেশ করেছেন। তিনি বলেন, اَلضَّارِبُ الرَّجُلِ সর্বসম্মতিক্রমে জায়েজ, আর তা اَلضَّارِبُ زَيْدٍ -এর ন্যায়। সুতরাং الضارب رجل জায়েজ হবে আর اَلضَّارِبُ زَيْدٍ নাজায়েজ হবে এটা হতে পারে না। গ্রন্থকার (র.) তার উত্তরে বলেন যে, কিয়াসের চাহিদা তো ছিল যে, اَلضَّارِبُ الرَّجُلِ -এর তারকীবও নাজায়েজ হবে। কেননা, তন্মধ্যে ইযাফতের কারণে কোনো সহজীকরণ হয়নি বরং তাতে শুধুমাত্র لام -এর কারণে সহজীকরণ হয়েছে; কিন্তু তাও একটি অন্য কারণে জায়েজ হয়েছে, তা এই যে, উল্লিখিত তারকীব اَلْحَسَنِ الْوَجْهِ -এর সুরত সমূহের মধ্য হতে মনোনীত সুরতের উপর নির্ভরশীল আর তা হলো, الوجه টা ইযাফতের কারণে জার বিশিষ্ট হওয়া। সুতরাং اَلضَّارِبُ الرَّجُلِ -এর জায়েজ হওয়ার একটি কারণ মওজুদ রয়েছে, তা এই যে, এটা এবং اَلْحَسَنُ الْوَجْهِ উভয়টি দু'টি বিষয়ে অংশীদার। প্রথমটি হলো, উভয় তারকীবের মধ্যে মুযাফ সিফাতের সীগাহ এবং معرف باللام। দ্বিতীয়টি হলো, মুযাফ ইলাইহ উভয়টির মধ্যে ইসমে জিনস এবং معرف باللام। اَلضَّارِبُ زَيْدٍ তার বিপরীত, যেহেতু اَلْحَسَنُ الْوَجْهِ -এর সাথে তার সদৃশতা নেই তাই اَلضَّارِبُ زَيْدٍ -এর তারকীব জায়েজ হবে না।

তারকীব : قَوْلُهٗ وَشَرْطُهَا : মুবতাদা এমন যমীরের দিকে মুযাফ হয়েছে, যা ইযাফতে মা'নবিয়ার দিকে ফিরেছে تجريد তার খবর, মুযাফ المضاف মুযাফ ইলাইহ من التعريف এটা تجريد তার খবর, মুযাফ المضاف মুযাফ ইলাইহ من التعريف এটা تجديد -এর সাথে মুতা'আল্লাক وما এখানে ما মাওসূলাহ বা মাওসূফাহ। اجازه الكوفيون ফে'ল, ফায়েল, মাফউল আর বাক্যটি সিলাহ অথবা সিফাত من বয়ানের জন্য الثلثه এটা من -এর দ্বারা জার বিশিষ্ট, মুযাফ الاثواب মুযাফ ইলাইহ وشبهه তার উপর আতফ من العدد এটা شبهه -এর বয়ান,'আর মাওসূল বা মাওসূফ তার সিলাহ বা সিফাতের সাথে মিলে মুবতাদা ضعيف খবর।

قَوْلُهٗ وَاللَّفْظِيَّةُ : তথা ইযাফতে লাফযিয়া, মুবতাদা ان হরফে নাসেবা يكون المضاف নাকেসা আর তার মধ্যকার উহ্য যমীর المضاف -এর দিকে দিয়েছে صفة তার খবর مضافة এটা صفة -এর সিফাত معمول الى معمولها তথা ولا تفيد (প্রাগুক্ত) مِثْلُ ضَارِبُ زَيْدٍ وَحَسَنِ الْوَجْهِ -এর সাথে মুতা'আল্লাক, আর বাক্যটি খবর مضافة এটা الصفة -এর সাথে মুতা'আল্লাক, আর বাক্যটি খবর না-বোধক মুযারি' মা'রূফ, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল যা الاضافة اللفظية -এর দিকে ফিরেছে لا হরফে ইসতেছনা تخفيفا মাফউলে বিহী, যেহেতু এটা ইসতেছনায়ে মুফাররাগ, তাই আমিল অনুপাতে ই'রাব হবে فى اللفظ তার সাথে মুতা'আল্লাক ومن হরফে জার সববের জন্য ثم তার দ্বারা জার বিশিষ্ট। এর দ্বারা এ দিকে ইঙ্গিত করা হয়েছে যে, ইযাফতে লাফযিয়া শুধুমাত্র সহজীকরণের ফায়দা দেয়। আর জার মাজরূর আগত ফে'লের সাথে মুতা'আল্লাক جاز মাযী মা'রূফ مررت ফে'ল, ফায়েল برجل মাফউলে বিহী حسن الوجه তার সিফাত। এ বাক্য রফা'-এর স্থলে, কেননা তা ফায়েল جاز তথা وَامْتَنَعَ مَرَرْتُ بِزَيْدٍ حَسَنِ الْوَجْهِ ; جَازَهٰذَا الْكَلَامُ اَوِ التَّرْكِيْبُ এটা পূর্বোক্ত উদাহরণের ন্যায়ই তারকীব হবে, আতফ হয়েছে।

قَوْلُهٗ وَجَازَ الضَّارِبَا الخ : প্রাগুক্ত خلاف মাফউলে মুতলাক অথবা সিফাত অথবা وامتنع -এর ফায়েল হতে হাল মূল ইবারত হলো– خُوْلِفَ فِيْهِ خِلَافًا لَهٗ اَوِ امْتَنَعَ اَنْ يُّقَوْلَ جَاءَ الضَّارِبُ زَيْدٍ لِعَدَمِ التَّخْفِيْفِ حَالَ كَوْنِ هٰذَا الْقَوْلِ মুযাফ الواهب মাযী মা'রূফ وضعف তার সাথে মুতা'আল্লাক للفراء ; مُخَالِفًا لِقَوْلِهٖ حَيْثُ اَجَازَ هٰذِهِ الْاِضَافَةُ মুযাফ ইলাইহ الهجان এটা المائة -এর সিফাত অথবা তার মুযাফ ইলাইহ وعبدها এটা المائة এর উপর আতফ, আর তন্মধ্যকার যমীর المائة -এর দিকে ফিরেছে وانما হসরের কালিমা اَلضَّارِبُ الرَّجُلِ প্রকাশ্য حملا মাফউলে মুতলাক তথা ; وَاِنَّمَا قُلْنَا جَازَ الضَّارِبُ زَيْدٍ لِلْحَمْلِ عَلٰى كَذَا অথবা মাফউলে লাহু আর আমিল উহ্য রয়েছে তথা حملت حملا -এর সাথে মুতা'আল্লাক فِى الْحَسَنِ الْوَجْهِ এটা المختار -এর সাথে মুতা'আল্লাক। حملا এটা على المختار

وَالضَّارِبُكَ وَشِبْهُهُ فِيْمَنْ قَالَ اِنَّهُ مُضَافٌ حَمْلًا عَلٰى ضَارِبِكَ وَلَا يُضَافُ مَوْصُوْفٌ اِلٰى صِفَةٍ وَلَا صِفَةٌ اِلٰى مَوْصُوْفِهَا وَمِثْلُ مَسْجِدُ الْجَامِعِ وَجَانِبُ الْغَرْبِيِّ وَصَلٰوةُ الْاُوْلٰى وَبَقْلَةُ الْحَمْقَاءِ مُتَاَوَّلٌ وَمِثْلُ جَرْدُ قَطِيْفَةٍ وَاَخْلَاقُ ثِيَابٍ مُتَاَوَّلٌ وَلَا يُضَافُ اِسْمٌ مُمَاثِلٌ لِلْمُضَافِ اِلَيْهِ فِى الْعُمُوْمِ وَالْخُصُوْصِ كَلَيْثٍ وَاَسَدٍ وَحَبْسٍ وَمَنْعٍ لِعَدَمِ الْفَائِدَةِ بِخِلَافِ كُلِّ الدَّرَاهِمِ وَعَيْنُ الشَّىْءِ فَاِنَّهُ يَخْتَصُّ بِهِ وَقَوْلُهُمْ سَعِيْدُ كُرْزٍ وَنَحْوُهُ مُتَاَوَّلٌ -

---

অনুবাদ : আর اَلضَّارِبُكَ ও তার সাদৃশ্য জায়েজ ঐ ব্যক্তির বক্তব্যের মধ্যে যে বলে যে, তা ضاربك -এর উপর নির্ভর করার কারণে তা মুযাফ। আর ইসমে মাওসূফকে সিফাতের দিকে ইযাফত করা যায় না এবং সিফাতকে স্বীয় মাওসূফের দিকে ইযাফত করা যায় না। আর مَسْجِدُ الْجَامِعِ ، جَانِبُ الْغَرْبِيِّ ، صَلٰوةُ الْاُوْلٰى، بَقْلَةُ الْحَمْقَاءِ জাতীয় উদাহরণসমূহ তাবিলকৃত। আর جَرْدُ قَطِيْفَةٍ ও اَخْلَاقُ ثِيَابٍ -এর উদাহরণসমূহ তাবিলকৃত। আর এমন ইসম যা উমূম ও খুসূসের মধ্যে মুযাফ ইলাইহের ন্যায় হবে তা মুযাফ হয় না। যেমন– لَيْثٍ ، اَسَدٍ ، حَبْسٍ ، مَنْعٍ (এ অবস্থাতে) ইযাফতের কোনো ফায়দা না হওয়ার কারণে। عَيْنُ الشَّىْءِ ও كُلُّ الدَّرَاهِمِ -এর বিপরীত। কেননা, এ সকল উদাহরণ ইযাফতের দ্বারা স্বতন্ত্র হয়ে যায়। আর তাদের বক্তব্য سَعِيْدُ كُرْزٍ এবং এ জাতীয় উদাহরণসমূহ তাবিলকৃত।

ব্যাখ্যা : قَوْلُهُ وَضَارِبُكَ وَشِبْهُهُ الخ : এটা নাহুবিদ ফররা -এর প্রমাণের জবাব। প্রমাণের সারমর্ম হলো, الضارب زيد এটা اَلضَّارِبُكَ -এর ন্যায়। কেননা, উভয়টিতে তানবীন لام -এর কারণে বিলুপ্ত হয়েছে, ইযাফতের কারণে নয়। সুতরাং যখন اَلضَّارِبُكَ তারকীব সর্বসম্মতিক্রমে জায়েজ, তাহলে اَلضَّارِبُ زَيْدٍ তারকীবও তার উপর নির্ভর করে জায়েজ হবে। জওয়াব হলো, প্রথমত জমহুরে নুহাত এ তারকীবে ইযাফতের বক্তা নন; বরং অধিকাংশের মাযহাব হলো, তন্মধ্যকার আলিফ ও লাম الذى -এর অর্থে, আর ضارب এটা ضرب -এর অর্থে, আর কাফ মাফউল হিসাবে নসবের স্থলে হয়েছে। সুতরাং ঐ সকল ব্যক্তিবর্গের বক্তব্য অনুসারে প্রমাণ উপস্থাপন শুদ্ধ হবে না। দ্বিতীয়ত যদি মেনে নেওয়াও হয় যে, এখানে ইযাফত হয়েছে যেরূপ কিছুসংখ্যকের মাযহাব, তবুও নাহুবিদ ফররার প্রমাণ উপস্থাপন শুদ্ধ নয়। কেননা, তিনি এ তারকীবকে ضاربك -এর উপর নির্ভরশীল হওয়ার কারণে জায়েজ বলেছেন, আর ضاربك -এর তানবীন বিলুপ্তকরণ যমীরের সাথে মিলার কারণে হয়েছে, ইযাফতের কারণে নয়। কেননা, যদি ইযাফতের কারণে তানবীন বিলুপ্ত হতো, তাহলে ইযাফত বাতিল হওয়ার পরে ضارب ك বলা শুদ্ধ হবে, অথচ কখনো এটা শুনা যায়নি। সুতরাং এর দ্বারা ফররার প্রমাণ উপস্থাপন শুদ্ধ হবে না। কেননা, প্রমাণ উপস্থাপন ঐ বস্তু দ্বারা হয় যা স্বয়ং শুদ্ধ হয়। আর যদি ফররা এটা বলেন যে, আমি اَلضَّارِبُ زَيْدٍ -কে اَلضَّارِبُكَ -এর ন্যায় ضاربك -এর উপর নির্ভর করি, যাতে الضارب زيد ও সহজীকরণ ছাড়া শুদ্ধ হয়। তবে উত্তর এই যে, اَلضَّارِبُ زَيْدٍ -কে ضاربك -এর উপর নির্ভর করা যাবে না। কেননা, এ দু'টো এক অধ্যায় হতে নয়। এর বিপরীত ضَارِبُكَ ও اَلضَّارِبُكَ যে, উভয়টি ইসমে ফায়েল যমীরের সাথে মিলে আসার ব্যাপারে অংশীদার। সুতরাং একটি অপরটির উপর নির্ভরশীল হতে পারে।

قَوْلُهُ وَلَايُضَافُ مَوْصُوْفٌ الخ : অর্থাৎ মাওসূফ সিফাতের দিকে মুযাফ হতে পারে না। কেননা, সিফাত মূলত অবিকল মাওসূফ আর মুযাফ মুযাফ ইলাইহের বিপরীত হয়ে থাকে। সুতরাং যদি মাওসূফকে তার সিফাতের দিকে মুযাফ করা হয়,

তবে অভিন্নতার মধ্যে ভিন্নতা আবশ্যক হবে। আর যেহেতু যা আবশ্যক হচ্ছে তা বাতিল অতএব যার কারণে আবশ্যক হচ্ছে তাও বাতিল হবে। অথবা এভাবে বলা যায় যে, মাওসূফ দু' অবস্থা হতে খালি নয়। হয়তো তা সিফাত হতে اخص তথা অতি স্বতন্ত্র হবে অথবা তার সমমর্যাদার হবে। যদি اخص হয়, তবে উত্তমের নগণ্য হতে পরিপূর্ণতা আবশ্যক হবে আর তা জায়েজ নয়। আর যদি সমমর্যাদার হয়, তবে ইযাফতের দ্বারা কোনো ফায়দা নেই বরং তাহসীলে হাসেল হয়।

قَوْلُهُ وَلَا صِفَةً اِلٰى مَوْصُوْفِهَا الخ : অর্থাৎ অনুরূপভাবে সিফাত স্বীয় মাওসূফের দিকে মুযাফ হওয়ায় জায়েজ নেই। কেননা, তখন অভিন্নতার স্থলে ভিন্নতা আবশ্যক হবে। অনুরূপ শাখার মূলের প্রাধান্যতা আবশ্যক হবে যা নাজায়েজ।

قَوْلُهُ وَمِثْلُ مَسْجِدُ الْجَامِعِ الخ : এটা উহ্য প্রশ্নের উত্তর। প্রশ্নের সারমর্ম হলো, তোমাদের এটা বলা যে, মাওসূফ স্বীয় সিফাতের দিকে মুযাফ হয় না; এটা আমাদের নিকট স্বীকৃত নয়। আর কিভাবে স্বীকৃত হতে পারে যখন আমরা দেখি যে, আরবি ভাষায় বহুলভাবে মাওসূফকে সিফাতের দিকে ইযাফত করা হয়েছে। যেমনিভাবে মতনে উল্লিখিত উদাহরণ সমূহের মধ্যে মাওসূফের ইযাফত সিফাতের দিকে রয়েছে। সুতরাং স্বীকৃত রীতি বাতিল হয়ে গেল। আর জওয়াবের সারমর্ম এই যে, মতনে উল্লিখিত উদাহরণসমূহ তাবিলকৃত। সুতরাং مَسْجِدُ الْجَامِعِ মূলত مَسْجِدُ الْوَقْتِ الْجَامِعِ ছিল। অতএব, উক্ত উদাহরণে جامع শব্দটি وقت -এর সিফাত হয়েছে مسجد -এর সিফাত হয়নি। আর দলিল হলো, মানবকুলকে একত্রকারী নামাজের সময়, মসজিদ নয়। আর মানব সম্পূর্ণ সময়ে মসজিদে একত্রিত হয় না। আর এটা বাতিল। অনুরূপ جَانِبُ الْغَرْبِيِّ মূলত جَانِبُ الْمَكَانِ الْغَرْبِيِّ ছিল। সুতরাং তখন غربى টা مكان -এর সিফাত হবে جانب -এর সিফাত হবে না। তদনুরূপ صَلٰوةُ الْاُوْلٰى এটা صَلٰوةُ السَّاعَةِ الْاُوْلٰى ছিল এবং بَقِلَّةُ الْحَمْقَاءِ এটা بَقِلَّةُ الْحَبَّةِ الْحَمْقَاءِ ছিল। এ সকল অবস্থাতে মাওসূফ বিলুপ্ত রয়েছে। সুতরাং স্বীকৃতরীতি আপন অবস্থায় অবশিষ্ট রয়েছে।

قَوْلُهُ جَرْدُ قَطِيْفَةٍ الخ : এটাও উহ্য প্রশ্নের উত্তর। প্রশ্নের সারমর্ম হলো, আমরা সিফাতকে মাওসূফের দিকে ইযাফতকে নাজায়েজ স্বীকার করি না, যেমন মতনে উল্লিখিত উদাহরণসমূহে جرد ও اخلاق সিফাত এবং স্বীয় মাওসূফ তথা قطيفه ও ثياب -এর দিকে মুযাফ হয়েছে। সুতরাং গ্রন্থকার (র.) তার উত্তর এই দিয়েছেন যে, جَرْدُ قَطِيْفَةٍ (পুরাতন চাদরসমূহ) এবং اَخْلَاقُ ثِيَابٍ (পুরাতন কাপড়) ও জাতীয় উদাহরণসমূহ তাবিলকৃত। আর তাবিল এই যে, যদিও মাওসূফ দ্বারা সত্তা বুঝায় আর সিফাত দ্বারা গুণসহকারে সংশয়যুক্ত সত্তা বুঝায়; কিন্তু কখনো সিফাতকে সত্তার সম্পর্যায়ে সাধারণভাবে উল্লেখ করা হয়। অতএব, যখন উদাহরণস্বরূপ جرد -কে সত্তার সমপর্যায়ে উল্লেখ করা হবে, তখন তার মধ্যে সংশয় সৃষ্টি হবে যে, جرد কি জিনিস? অতঃপর যখন قطيفة সংশয় দূরীকরণার্থে তার পরে উল্লেখ করা হবে এবং جرد -কে তার দিকে মুযাফ করা হবে, তখন সংশয় চলে যাবে। সুতরাং জানা গেল যে, এ ইযাফত এ হিসাবে নয় যে, جرد টা قطيفة -এর সিফাত; বরং এ হিসাবে যে, যেন جرد একটা সংশয়যুক্ত জিনস। তাকে قطيفة -এর দিকে এ জন্য মুযাফ করা হয়েছে যে, তার মধ্যে স্বাতন্ত্র্যতা সৃষ্টি হয়ে যাবে এবং সংশয় চলে যাবে। আর এর উপরই اَخْلَاقُ ثِيَابٍ -কে অনুমান করে নেওয়া আবশ্যক যে, তার মধ্যেও এ তাবিল বা ব্যাখ্যা প্রযোজ্য হবে।

قَوْلُهُ وَلَايُضَافُ الخ ঃ অর্থাৎ যখন এক ইসম অন্য ইসমের সাথে উমূম ও খুসূসের মধ্যে সাদৃশ্য হয় তখন উভয়টি হতে একটির ইযাফত অন্যটির দিকে হবে না, চাই সে দু'টি اعيان থেকে হোক যেমন– اسد ও ليث অথবা معانى ও احداث থেকে হোক যেমন– منع ও حبس এ জন্য যে, ইযাফতের দ্বারা কোনো ফায়দা নেই; বরং যে বস্তু উদ্দেশ্য হবে তা ইযাফত হতে দৃষ্টি ফিরিয়ে শুধু মুযাফের দ্বারা অর্জিত হয়ে যাবে, সুতরাং ইযাফত নিরর্থক হয়ে যাবে।

قَوْلُهُ بِخِلَافِ كُلِّ الدَّرَاهِمِ الخ : অর্থাৎ ঐ ইযাফতের বিপরীত, যা আমের খাসের দিকে হয়ে তা উপকারী হয়। যেমন– عَيْنُ الشَّيْءِ ও كُلُّ الدَّرَاهِمِ এ দু'টি উদাহরণের মধ্যে মুযাফ 'আম (ব্যাপক) এ জন্য যে, كل ইযাফতের পূর্বে 'আম বা ব্যাপক ছিল, উপস্থিত ও অনুপস্থিত উভয়ের উপর তার প্রয়োগ হওয়া ব্যাপক ছিল, ইযাফতের দ্বারা তার মধ্যে স্বাতন্ত্র্য সৃষ্টি হয়ে গেছে এবং উপস্থিতের সাথে নির্দিষ্ট হয়ে গেছে। কেননা, তার মুযাফ ইলাইহ নির্দিষ্ট। যেমন প্রকাশ্য যে, বস্তুর নির্ভর শুধু

উপস্থিতের উপর হয়। সুতরাং ঐ ইযাফতের দ্বারা যেহেতু উপকার দৃশ্যমান হচ্ছে যে, মুযাফের মধ্যে স্বাতন্ত্র্য এসে যায়। অতএব, এটা জায়েজ হয়ে গেল।

قَوْلُهُ وَقَوْلُهُمْ سَعِيْدُ كُرْزٍ الخ : এটা উহ্য প্রশ্নের উত্তর। প্রশ্নের সারমর্ম হলো, سعيد ও كرز উভয়টি এক সত্তার নাম। সুতরাং উভয়টি পরস্পর সাদৃশ্যপূর্ণ অতএব তাতে ইযাফত না হওয়া আবশ্যক ছিল, অথচ سعيد -এর ইযাফত كرز -এর দিকে হয়েছে। উত্তর হলো, এ সকল উদাহরণ তাবিলকৃত। এভাবে যে, মুযাফ দ্বারা উদ্দেশ্য নামীয় ব্যক্তির সত্তা আর মুযাফ ইলাইহ দ্বারা উদ্দেশ্য সরাসরি শব্দ। সুতরাং سَعِيْدُ كُرْزٍ -এর অর্থ এই যে, ঐ সত্তা যা كرز শব্দের সাথে নামীয় ও উপাধিযুক্ত।

তারকীব : قَوْلُهُ وَالضَّارِبُكَ : اَلضَّارِبُ الرَّجُلِ এটা -এর উপর আতফ وشبهه এটাও তার উপর আতফ فى হরফে জার من মাওসূলা অথবা মাওসূফা قال মাযী মা'রূফ তন্মধ্যকার উহ্য যমীর তার ফায়েল من -এর দিকে ফিরেছে انه -এর মাফউল, আর قال مضاف এটা -এর যমীর الضاربك -এর দিকে ফিরেছে। বাক্যটি من -এর সিলাহ বা সিফাত। এখন موصول ও موصوف তার সিলাহ বা সিফাত সহকারে فى -এর মাজরূর, আর জার মাজরূরসহ جاز -এর সাথে মুতা'আল্লাক مَوصوف মাফউলে মা লাম ইউসাম্মা ফায়েলুহূ حَمْلاً عَلَى الْمُخْتَارِ এটা -এর ন্যায় ولا يضاف মুযারি' মাজহুল ضَارِبِكَ عَلَى এটা موصوف ولا صفة এটা -এর সিফাত موصوف الى صفة এটা -এর সাথে মুতা'আল্লাক لايضاف -এর উপর আতফ وشبهها তথা موصوف الصفة এটাও لايضاف -এর সাথে মুতা'আল্লাক ومثل মুবতাদা, মুযাফ مسجد মুযাফ ইলাইহ আবার মুযাফ الجامع মুযাফ ইলাইহ وَجَانِبُ الْغَرْبِيِّ এটা مَسْجِدُ الْجَامِعِ -এর ন্যায় তার উপর আতফ وَصَلٰوةُ الْاُوْلٰى وَبَقْلَةُ الْحَمْقَاءِ অনুরূপ متاول তার খবর।

قَوْلُهُ مِثْلُ مَسْجِدِ الْجَامِعِ الخ : এটা -এর ন্যায় তারকীব ولايضاف مِثْلُ جَرْدُ قَطِيْفَةٍ وَاَخْلَاقُ ثِيَابٍ مُتَاوَلٌ মুযারি' মাজহুল اسم মাফউলে মা লাম ইউসাম্মা ফায়েলুহূ مماثل তার সিফাত للمضاف اليه এটা -এর সাথে মুতা'আল্লাক فى العموم এটাও তার সাথে মুতা'আল্লাক والخصوص এটা العموم -এর উপর আতফ كليث উহ্য মুবতাদার খবর তথা وَهُوَ مِثْلُ لَيْثٍ ; واسد এটা ليث -এর উপর আতফ حبس ومنع অনুরূপ আতফ لايضاف لعدم الفائدة এটা -এর সাথে মুতা'আল্লাক بخلاف উহ্য মুবতাদার খবর তথা وهذا بخلاف এটা মুযাফ كل মুযাফ ইলাইহ আবার মুযাফ الدراهم মুযাফ ইলাইহ وَعَيْنُ الشَّيْءِ এটা كُلُّ الدَّرَاهِمِ -এর ন্যায় فانه يختص به এখানে فاء তা'লীলের জন্য, আর ان হরফে মুশাব্বাহ বিল ফে'ল ، তার ইসম, তা مضاف -এর দিকে ফিরেছে, আর বাক্যটি ان -এর খবর وقولهم মুবতাদা বহুবচনের যমীরের দিকে মুযাফ হয়েছে যা নাহুবিদগণের দিকে ফিরেছে سَعِيْدُ كُرْزٍ উহ্য মুবতাদার খবর তথা هذا سعيد মুযাফ كرز মুযাফ ইলাইহ, এ বাক্যটি নসবের স্থলে হয়েছে। কেননা, এটা قولهم -এর মাকূলা متاول তার খবর।

وَاِذَا اُضِيْفَ الْاِسْمُ الصَّحِيْحُ اَوِ الْمُلْحَقُ بِهٖ اِلٰى يَاءِ الْمُتَكَلِّمِ كُسِرَ اٰخِرُهٗ وَالْيَاءُ مَفْتُوْحَةٌ اَوْ سَاكِنَةٌ فَاِنْ كَانَ اٰخِرُهٗ اَلِفًا تَثْبُتُ وَهُذَيْلٌ تُقَلِّبُهَا لِغَيْرِ التَّثْنِيَةِ يَاءً وَاِنْ كَانَ يَاءً اُدْغِمَتْ وَاِنْ كَانَ وَاوًا قُلِبَتْ يَاءً وَ اُدْغِمَتْ وَفُتِحَتِ الْيَاءُ لِلسَّاكِنَيْنِ وَاَمَّا الْاَسْمَاءُ السِّتَّةُ فَاَخِىْ وَاَبِىْ وَاَجَازَ الْمُبَرِّدُ اَخِىَّ وَاَبِىَّ ـ

অনুবাদ : আর যখন সহীহ ইসম বা যা তার সাথে যুক্ত হয় ياء متكلم -এর দিকে ইযাফত করা হবে, তখন তার শেষে কাসরা দেওয়া যায় এবং ياء متكلم ফাতাহযুক্ত বা সাকিন হবে। সুতরাং যদি তার শেষে আলিফ হয়, তবে বলবৎ থাকবে, আর বনূ হুযায়েল গোত্র ঐ আলিফকে পরিবর্তন করে দেন অর্থাৎ যে আলিফ দ্বিবচনের জন্য হবে না তা পবির্তন করে দেয়। আর যদি তার শেষে ياء হয়, তবে ইদগাম করে দেওয়া হয়। আর যদি واو হয়, তবে ইয়া দ্বারা পরিবর্তন করে অতঃপর ইয়া-এর মধ্যে ইদগাম করা হয় এবং ইয়ায় ফাতাহ দেওয়া হয় দু' সাকিন একত্রিত হওয়ার কারণে। আর যাহোক আসমায়ে সিত্তা (اَبٌ ও اَخٌ যখন তা ইয়ায়ে মুতাকাল্লামের দিকে মুযাফ হবে) তা اَخِىْ ও اَبِىْ হবে। আর নাহুবিদ মুবাররাদ اَخِىَّ ও اَبِىَّ -কে জায়েজ বলেন।

ব্যাখ্যা : قَوْلُهٗ وَاِذَا اُضِيْفَ الْاِسْمُ الخ : অর্থাৎ যখন সহীহ ইসম বা সহীহের সাথে যুক্ত ইসম ياء متكلم -এর দিকে ইযাফত করা হবে, তখন শেষে ياء -এর উপযোগিতার কারণে কাসরা দেওয়া হবে। আর ياء متكلم -কে ফাতাহ বিশিষ্ট বা সাকিন পরবে। ফাতাহ বিশিষ্ট এ জন্য যে, ফাতাহ অতি সহজ হরকত আর সুকূনের মধ্যে সহজতা প্রকাশ্য, যেমন– ظَبْيَىْ ও ثَوْبَىْ । অতঃপর নাহুবিদদের পরিভাষায় সহীহ বলা হয় যার শেষে হরফে ইল্লাত হবে না, যেমন– زيد আর সহীহের সাথে যুক্ত বলা হয় যার শেষে واو ، ياء ও তার পূর্বে সাকিন হবে। যেমন– ظبى ، دلو।

قَوْلُهٗ فَاِنْ كَانَ اٰخِرُهٗ اَلِفًا الخ ঃ অর্থাৎ যদি ঐ ইসমের শেষে যা ياء متكلم -এর দিকে মুযাফ হয়েছে আলিফ হয়, তাহলে তা বলবৎ থাকবে। যেমন– عَصَاىَ ، رَحَاىَ কেননা, এখানে পরিবর্তনের কারণ বিদ্যমান নেই।

قَوْلُهٗ وَهُذَيْلٌ تَقْلِبُهَا الخ : অর্থাৎ হুযাইল বংশ দ্বিবচন ছাড়া ঐ আলিফকে ياء দ্বারা পরিবর্তন করে ياء متكلم -এর মধ্যে ইদগাম করে। যেমন– عصى আর দলিল পেশ করেন যে, যেমনিভাবে ياء متكلم -এর পূর্বাক্ষরে যখন ফাতাহ হয়, তখন তা কাসরা দ্বারা পরিবর্তন হয়ে যায়। তদ্রূপ যখন ياء متكلم -এর পূর্বাক্ষরে আলিফ হয়, তখন তাও ياء দ্বারা পরিবর্তন হয়ে যাবে ফাতাহ-এর উপর অনুমান করে।

قَوْلُهٗ وَاِنْ كَانَ يَاءً الخ : অর্থাৎ যদি ঐ ইসমের শেষে যা ياء متكلم -এর দিকে মুযাফ হয়েছে ياء হয়, তবে তা ياء متكلم -এর মধ্যে ইদগাম করবে।

قَوْلُهٗ وَاِنْ كَانَ وَاوًا الخ : অর্থাৎ যদি واو হয়, তবে তাকে ياء -এর দ্বারা পরিবর্তন করবে। যেমন– مُسْلِمِىَّ এ জন্য যে, যখন مُسْلِمُوْنَ -কে ياء متكلم -এর দিকে মুযাফ করেছে, তখন نون -কে ইযাফতের কারণে ফেলে দিয়েছে এবং واو -কে ياء দ্বারা পরিবর্তন করে ياء -এর মধ্যে ইদগাম করেছে, অতঃপর ياء -এর উপযোগিতার কারণে ميم -এর যম্মাকে কাসরা দ্বারা পরিবর্তন করেছে।

قَوْلُهُ وَفُتِحَتِ الْيَاءُ الخ : অর্থাৎ ياء متكلم -কে দু'সাকিন একত্রিত হওয়ার থেকে বাঁচার জন্য তিন অবস্থাতেই ফাতাহ দিবে। এ জন্য যে, ফাতাহ অতি সহজ হরকত। আর দু' সাকিন একত্রিত হওয়া অসম্ভব ব্যাপার।

قَوْلُهُ وَاَمَّا الْاَسْمَاءُ السِّتَّةُ الخ : অর্থাৎ আসমায়ে সিত্তাহের মধ্য হতে اخ ও اب -এর অবস্থা যখন এগুলো ياء متكلم -এর দিকে মুযাফ হবে এই যে, اخى ও ابى বলবে আর উহ্যকে রদ করবে না। এ জন্য যে, বহুল ব্যবহার ইসম দু'টিতে সহজতাকে চায়। এজন্য لام كلمه -কে যা বিস্মৃত পর্যায়ে বিলুপ্ত হয়েছে ياء متكلم -এর দিকে ইযাফত করার সময় রদ করবে না।

قَوْلُهُ وَاَجَازَ الْمُبَرِّدُ الخ : অর্থাৎ নাহুবিদ মুবাররদ ঐ দু'টো ইসমকে ياء متكلم -এর দিকে মুযাফ করার সময় اخى ও ابى বলেন এবং এ দলিল পেশ করেন যে, বহুল ব্যবহারের কারণে ثقيل -এর ثقالت দূরীভূত হয়ে যায়। সুতরাং বিলুপ্ত واو -কে রদ করবে এবং তাকে ياء দ্বারা পরিবর্তন করে ياء -এর মধ্যে ইদগাম করবে।

তারকীব : قَوْلُهُ وَاِذَا : শর্তের জন্য اضيف মাযী মাজহুল, তা ফে'লে শর্ত الاسم মাফউলে মা-লাম ইউসাম্মা ফায়েলুহু الصحيح তার সিফাত او الملحق তার উপর আতফ به এটা ملحق -এর সাথে মুতা'আল্লাক, আর به -এর যমীর الصحيح -এর দিকে ফিরেছে اضيف এটা الى ياء المتكلم -এর সাথে মু'আল্লাক كسر মাযী মাজহুল اخره তথা اخر الصحيح -এর মাফউলে মা-লাম ইউসাম্মা ফায়েলুহু, জুমলায়ে ফে'লিয়া শর্তের জাযা والياء মুবতাদা مفتوحة তার খবর او ساكنة তার উপর আতফ হয়েছে। فان হরফে শর্ত كان ফে'লে শর্ত اخره তথা اٰخِرُ الْمُضَافِ اِلٰى يَاءِ الْمُتَكَلِّمِ তার ইসম الفاء তার খবর تثبت মাযী মা'রূফ, তন্মধ্যকার উহ্য যমীর তার ফায়েল আর বাক্যটি শর্তের জাযা। وهذيل মুবতাদা تقلبها ফে'ল, ফায়েল ও هاء মাফউলে বিহী لغير التثنية জার ও মাজরূর উহ্য ফে'লের সাথে মুতা'আল্লাক, আর এটা تقلب ফে'লের মাফউল হতে হাল ياء এটা تقلب ফে'লের দ্বিতীয় মাফউল, আর অর্থ হলো- وَهُذَيْلٌ مِنْ قَبَائِلِ الْعَرَبِ يَجْعَلُ حَالَ كَوْنِهَا كَائِنَةً لِغَيْرِ التَّثْنِيَةِ يَاءً ; فان كان এটা وان كان -এর ন্যায়, তন্মধ্যকার উহ্য যমীর كان -এর ইসম যা اخر ياء -এর দিকে ফিরেছে, যা مفعول مالم يسم فاعله মাযী মাজহুল, তান্মধ্যকার উহ্য যমীর তার খবর وادغمت ياء -এর দিকে ফিরেছে, আর বাক্যটি শর্তের জাযা وَاِنْ كَانَ وَاوًا জুমলায়ে শার্তিয়া قلبت ياء জুমলায়ে জাযাইয়া وادغمت এটা قلبت -এর উপর আতফ واما তাফসীলিয়া الاسماء মুবতাদা الستة তার সিফাত واخى তার খবর وابى এটা اخى -এর উপর আতফ وَاَجَازَ الْمُبَرِّدُ ফে'ল, ফায়েল اخى -এর মধ্যে ياء তাশদীদের সাথে وابى অনুরূপ তার উপর আতফ।

وَتَقُوْلُ حَمِىْ وَهَنِىْ وَيُقَالُ فِىَّ فِى الْاَكْثَرِ وَفَمِىْ وَاِذَا قُطِعَتْ قِيْلَ اَخٌ وَاَبٌ وَحَمٌ وَهَنٌ وَفَمٌ وَفَتْحُ الْفَاءِ اَفْصَحُ مِنْهُمَا وَجَاءَ حَمٌ مِثْلُ يَدٍ وَخَبْءٍ وَ دَلْوٍ وَعَصًا مُطْلَقًا وَجَاءَ هَنٌ مِثْلُ يَدٍ مُطْلَقًا وَ ذُوْ لَا يُضَافُ اِلٰى مُضْمَرٍ وَلَا يُقْطَعُ ، اَلتَّوَابِعُ كُلُّ ثَانٍ بِاِعْرَابِ سَابِقِهٖ مِنْ جِهَةٍ وَاحِدَةٍ ، اَلنَّعْتُ تَابِعٌ يَدُلُّ عَلٰى مَعْنًى فِىْ مَتْبُوْعِهٖ مُطْلَقًا -

---

অনুবাদ : আর حَمِىْ ও هَنِىْ বলবে (ইদগাম ব্যতীত) এবং অধিকাংশ ব্যবহার ও (ইদগাম সহকারে) বলা হয় فِىَّ ও فَمِىْ (ياء সাকিনের সাথে)। আর যখন ইযাফত হতে বিচ্ছিন্ন করা হবে, তখন اَخٌ ، اَبٌ ، حَمٌ ، هَنٌ ، فَمٌ বলা হবে। আর فاء كلمه -কে ফাতাহ পড়া অপর দু'টি (যম্মা ও কাসরা) হতে অতি উত্তম। আর حَمٌ সর্বাবস্থায় يَدٌ -এর ন্যায় এসেছে। আর هَنٌ সর্ববাস্থায় يَدٌ -এর ন্যায় এসেছে। আর ذُوْ যমীরের দিকে মুযাফ হয় না এবং ইযাফত হতে বিচ্ছিন্নও করা যায় না। তাবে' প্রত্যেক ঐ দ্বিতীয় (পরবর্তী) ইসম, যা তার পূর্ববর্তী ইসমের অনুরূপ হবে একই কারণে। আর না'ত এমন তাবে' যা সর্বাবস্থায় এমন অর্থ বুঝাবে যা তার মাতবূ'-এর মধ্যে বিদ্যমান রয়েছে।

ব্যাখ্যা : قَوْلُهٗ وَتَقُوْلُ حَمِىْ وَهَنِىْ الخ : এখানে تقول সীগাহ غائب مؤنث واحد আর উদ্দেশ্য হলো, মহিলাদের জন্য এটা জায়েজ যে, তারা ياء متكلم -এর দিকে حم ও هن -কে ইযাফতের সময় حَمِىْ ও هَنِىْ বিলুপ্তকে রদ করা ব্যতীত বলবে। অতঃপর এ দু'টোকে اخى ও ابى হতে এ জন্য পৃথক করেছেন যে, এ দু'টোতে জমহুরের সাথে মুবাররদের মতাবিরোধ প্রসিদ্ধ নয়। আর تقول মুয়ান্নাছের সীগাহ এ জন্য নেওয়া হয়েছে যে, حم অর্থ– দেবর। এর ইযাফত মুযাক্কারের দিকে নিষিদ্ধ।

قَوْلُهٗ وَيُقَالُ فِىَّ الخ : অর্থাৎ যখন فوه -এর ইযাফত ياء متكلم -এর দিকে করবে, তখন فى বলবে। এ জন্য যে, এ শব্দের لام كلمه তথা هاء নিয়ম বহির্ভূত সম্পূর্ণরূপে বিলুপ্ত হয়েছে। অতএব, ياء متكلم -এর দিকে ইযাফতের সময় বিলুপ্ত অক্ষরকে রদ করবে না এবং عين كلمه -এর واو -কে ياء -এর মধ্যে ইদগাম করবে এবং فاء كلمه -কে ياء -এর উপযোগিতার কারণে কাসরা দিবে فى হয়ে যাবে। এটাই বহুল ব্যবহৃত।

قَوْلُهٗ وَفَمِىْ الخ : অর্থাৎ কতেক ভাষায় فَمِىْ বলে এবং তার প্রমাণ হলো, উপরে বর্ণিত হয়েছে যে, শব্দটি মূলত فُوْهٌ ছিল, যেমন তার বহুবচন افواه স্বীকৃতি প্রদান করে। هاء -কে নিয়ম বহির্ভূত বিলোপ করা হয়েছে। অতঃপর واو -কে ميم -এর দ্বারা পরিবর্তন করা হয়েছে। কেননা, এ দু'টির উৎপত্তিস্থল নিকটবর্তী। সুতরাং فم হলো। এরপর যখন ইযাফতহীন অবস্থায় فم বলা হয়, তখন ياء متكلم -এর দিকে ইযাফতের অবস্থায় তার সাদৃশ্যের উপর অনুমান করে فمى বলা হবে।

قَوْلُهٗ وَاِذَا قُطِعَتْ الخ : অর্থাৎ আসমায়ে সিত্তার মধ্য হতে যখন উল্লিখিত পাঁচটি ইসমকে ইযাফত হতে বিচ্ছিন্ন করা হবে, তখন সেগুলোতে সাধারণভাবে হরকতের মাধ্যমে ই'রাব জারি হবে। যেমন বলা হবে– اخ ، اب ، حم ، هن ، فم আর فم -এর মধ্যে তিন ভাষা রয়েছে– فاء অক্ষরে পেশ, فاء অক্ষরে যের এবং فاء অক্ষরে যবর। কিন্তু তিনটির মধ্যে فاء অক্ষরে যবরটি পেশ ও যের হতে অধিক প্রচলিত।

قَوْلُهٗ وَجَاءَ حَمٌ الخ : অর্থাৎ حم -এর মধ্যে কয়েকটি ভাষা রয়েছে। প্রথমটি হলো, তা ই'রাব হিসাবে يد -এর ন্যায় হবে, চাই ياء متكلم -এর দিকে মুযাফ হোক বা অন্য কারো দিকে মুযাফ হোক বা মুযাফশূন্য হোক। যেমন– هٰذَا حَمٌ الخ এবং এ ভাষা পূর্বে জানা গেছে। দ্বিতীয়টি হলো, তা مهموز لام الاخر তথা مهموز হবে। যেমন– خبء এবং ই'রাব হিসাবে

তারই ন্যায় হবে। সুতরাং বলা হবে– هٰذَا حَمُوْ الخ। তৃতীয়টি হলো, তার শেষে واو এবং শেষাক্ষরের পূর্বাক্ষর সাকিন হবে। যেমন– دَلْوٌ সুতরাং বলা হবে– هٰذَا حَمْوُكَ চতুর্থটি হলো, لام كلمه টি আলিফ দ্বারা পরিবর্তন হবে এবং رفع ، نصب ، جر -এর অবস্থায় عَصًا -এর ন্যায় হয়ে যাবে। সুতরাং عَصَاكَ -এর ন্যায় حماك ইযাফত অবস্থায় বলবে এবং ইযাফতহীন অবস্থায় তাকে عَصًا -এর উপর অনুমান করবে।

قَوْلُهُ مُطْلَقًا الخ : অর্থাৎ حَمٌ -এর উল্লিখিত চারটি ইসমের ন্যায় হওয়া প্রত্যেক অবস্থাতে, চাই ইযাফত অবস্থায় হোক বা ইযাফতহীন অবস্থায় হোক।

قَوْلُهُ وَجَاءَ هَنٌ الخ : অর্থাৎ هَنٌ -এর মধ্যে উল্লিখিত ভাষা ছাড়া আরও একটি ভাষা রয়েছে। তা হলো, এটাকে ইযাফত ও ইযাফতহীন অবস্থায় বিলুপ্তকে রদ না করে يد -এর ন্যায় পড়বে এবং رفع ، نصب ، جر -এর অবস্থাতে তার উপর তিনটি হরকতই জারি হবে। যেমন– حم -এর মধ্যে হয়েছে।

قَوْلُهُ وَ ذُوْ لَايُضَافُ الخ : অর্থাৎ ذو যা আসমায়ে সিত্তার মধ্য হতে যমীরের দিকে মুযাফ হবে না। কেননা, ذو এ জন্য প্রস্তুত হয়েছে যে, ইসমে জিনসের দিকে মুযাফ হয়ে তাকে অন্য একটি বস্তুর সিফাত সাব্যস্ত করবে। অতএব, যদি তা যমীরের দিকে মুযাফ হয়, তাহলে প্রস্তুত বিরোধী কার্য আবশ্যক হবে। এ জন্য যে, যমীর ইসমে জিনস নয়। আর যেহেতু তার ইযাফত ইসমে জিনসের দিকে আবশ্যক হয়, এজন্য তা ইযাফত হতে পৃথকও করা যাবে না। যেমন বলবে– جَاءَنِىْ رَجُلٌ ذُوْ مَالٍ এখানে مال টি ইসমে জিনস আর ذو -এর মাধ্যমে رجل -এর সিফাত।

قَوْلُهُ التَّوَابِعُ الخ : এটা تابع -এর বহুবচন এবং وصفيت হতে اسميت -এর দিকে সংকলিত। কেননা, فاعل وصفى -এর বহুবচন فواعل ওযনে আসে না; فاعل اسمى -এর বহুবচন فواعل ওযনে আসে, যেমন كاهل بين الكتفين -এর বহুবচন كَوَاهِلُ আসে।

قَوْلُهُ كُلُّ ثَانٍ بِاعْرَابِ الخ : অর্থাৎ নাহুবিদদের পরিভাষায় তাবে' বলা হয় প্রত্যেক ঐ দ্বিতীয় ইসমকে, যা তার পূর্ববর্তীর ই'রাবের অনুরূপ হবে এবং উভয়টির ই'রাবের কারণ এক হবে। অর্থাৎ যদি প্রথম কালিমায় ফায়েল হওয়া হিসাবে ই'রাব আসে, তবে দ্বিতীয় কালিমায়ও ঐ কারণেই আসবে। আর যদি মাফউল হিসাবে ঐ ই'রাব আসে, তবে দ্বিতীয়টিতেও মাফউল হিসাবে ই'রাব আসবে। মোটকথা, উভয় কালিমার ই'রাবের কারণ এক হওয়া আবশ্যক। যেমন– جَاءَنِىْ زَيْدُنِ الْعَالِمُ। উক্ত উদাহরণে العالم তাবে'। কেননা, তা زيد -এর দিকে লক্ষ্য করে দ্বিতীয় পর্যায়ে রয়েছে এবং ই'রাব তথা রফা' হওয়ার ক্ষেত্রে তার অনুরূপ হবে। অতঃপর উভয়টি একই কারণে রফা' বিশিষ্ট হয়েছে। আর সে কারণ হলো فاعليت তথা ফায়েল হওয়া। অতএব, زيد যেভাবে ফায়েল হওয়া হিসাবে রফা' বিশিষ্ট তদ্রূপ العالم ও زيد -এর সাথে একত্রিত হওয়ার কারণে একই হিসাবে রফা' বিশিষ্ট হয়েছে। সুতরাং উভয়টি রফা' একই হিসাবে এবং একই কারণে হয়েছে। অতঃপর যেহেতু এখানে ثانى দ্বারা উদ্দেশ্য পরবর্তী, সেহেতু এ সংজ্ঞা তৃতীয় ও চতুর্থ تابع -কেও অন্তর্ভুক্ত করবে। কেননা, প্রত্যেকটি তার ماتبوٗ -এর দিকে লক্ষ্য করে দ্বিতীয় পর্যায়ে। আর যদি কেউ বলে যে, এখানে توابع টি বহুবচন, আর নিয়ম আছে, বহুবচন افراد -কে বুঝায়, তাই ফাতাহ বিশিষ্ট معرف টা افراد হলো। অনুরূপ কখনো كل শব্দটি افراد বিশিষ্ট হয়, তাই তার মধ্যে افراد কল্পনীয়। আর যেহেতু كل ثان الخ কাসরা বিশিষ্ট معرف সেহেতু معرف (কাসরা বিশিষ্ট)-ও افراد হলো। তখন افراد দ্বারা افراد -এর সংজ্ঞা আবশ্যক হয়ে পড়বে, অথচ তা নাজায়েজ। افراد -এর সংজ্ঞাও হয় না এবং افراد -এর সাথে কারো সংজ্ঞাও জায়েজ নয়, যেমন কিতাবের প্রারম্ভে বিস্তারিত বর্ণিত হয়েছে। উত্তর হলো, সংজ্ঞা দ্বারা কখনো ماهيت -এর পরিচয় পাওয়া উদ্দেশ্য হয়, আবার কখনো শুধু افراد -এর সীমবদ্ধতা উদ্দেশ্য হয়, আর এখানে সংজ্ঞা দ্বারা উদ্দেশ্য দ্বিতীয় অর্থ প্রথমটি নয়। সুতরাং এ ক্ষেত্রে افراد -এর সংজ্ঞায় কোনো খারাবি নেই। তদ্রূপ উত্তর হিসাবে এটাও বলা যায় افراد -এর দ্বারা افراد -এর সংজ্ঞা নাজায়েজ হওয়া মানতেকীদের পরিভাষা অনুসারে; নাহুবিদদের উপর ঐ সকল কায়দার অনুসরণ করা আবশ্যক নয়। সুতরাং নাহুবিদদের পরিভাষায় এ প্রশ্ন উত্থাপিত হবে না। অবশিষ্ট রইল فَوَائِدُ قُيُوْد তা এই যে, قوله كل ثان এটা জিনসের স্থলে, যা প্রত্যেক পরবর্তী ইসমকে অন্তর্ভুক্ত করে। আর قَوْلُهُ بِاعْرَابِ سَابِقِهِ এটা ফসলের স্থলে। এর

দ্বারা মুবতাদার খবর, باب علمت -এর দ্বিতীয় মাফউল, باب اعلمت -এর তৃতীয় মাফউল ছাড়া অন্যসব বহির্ভূত হয়ে গেছে। আর قَوْلُهُ مِنْ جِهَةٍ وَاحِدَةٍ দ্বারা এগুলোও বের হয়ে গেছে। কেননা, উদাহরণত মুবতাদার খবর যদিও মুবতাদার ই'রাবের অনুরূপ, কিন্তু উভয়টি একই কারণে রফা' বিশিষ্ট নয়, বরং মুবতাদা مسند اليه হিসাবে রফা' বিশিষ্ট, আর খবর مسند হিসাবে রফা' বিশিষ্ট। তদ্রূপ باب علمت -এর দ্বিতীয় মাফউল معلوم হওয়া হিসাবে নসব বিশিষ্ট আর প্রথম মাফউল معلوم فيه হওয়া হিসাবে নসব বিশিষ্ট।

قَوْلُهُ اَلنَّعْتُ تَابِعٌ الخ : অর্থাৎ না'ত ঐ তাবে'-কে বলে, যা সর্ববস্থায় ঐ অর্থ ও গুণ বিশিষ্ট হবে যা তার মাতবূ'-এর মধ্যে আছে। সুতরাং তখন সকল তাবে' বের হয়ে যাবে, না'তের সংজ্ঞা অপরের অনুপ্রবেশ হতে সুরক্ষিত হবে। কেননা, কতেক তাবে' যেমন, বদল, তাকীদ, মা'তূফ যদিও কখনো কখনো ঐ অর্থ বিশিষ্ট হয় যা তার মাতবূ'-এর মধ্যে রয়েছে, কিন্তু এ অর্থ বিশিষ্ট হওয়াটা সর্বাবস্থায় হয় না; বরং কতিপয় মাদ্দার সাথে নির্দিষ্ট। যেমন– اَعْجَبَنِىْ زَيْدٌ عِلْمُهُ -এর মধ্যকার علمه টা বদল এবং ঐ অর্থ বিশিষ্ট যা মাতবূ'-এর মধ্যে রয়েছে, কিন্তু এ অর্থ বিশিষ্ট হওয়াটা সর্বাবস্থায় নয়; বরং তাতে মাদ্দার স্বাতন্ত্র্যের ধর্তব্য রয়েছে। এ কারণেই যদি علمه -এর স্থলে غلامه বলবে, তখন বদলটা মাতবূ'-এর অর্থ বিশিষ্ট হবে না। সিফাতটা এর বিপরীত। তা সর্বাবস্থায় ও সকল মাদ্দায় মাতবূ'-এর অর্থ সম্পন্ন হয়। আর যদি কেউ বলে, না'তও তার মাতবূ'-এর অর্থ বিশিষ্ট হয় না, যেমন– مَرَرْتُ بِرَجُلٍ حَسَنٍ غُلَامُهُ এখানে حسن -এর অর্থ غلام -এর মধ্যে রয়েছে, رجل -এর মধ্যে নেই। সুতরাং এ সংজ্ঞা جامع তথা সম্পূর্ণ হয়নি। উত্তর হলো, এখানে মাতবূ'-এর অর্থ দ্বারা উদ্দেশ্য ব্যাপক চাই হাকীকী অর্থ হোক বা ই'তিবারী। সুতরাং উল্লিখিত উদাহরণে যদিও حسن -এর অর্থ متبوع তথা رجل -এর মধ্যে হাকীকাতান পাওয়া যায় না; কিন্তু ই'তিবারান পাওয়া যায়। কেননা, যার গোলাম ভালো হবে সে সেই অনুপাতে ভালো হবে।

قَوْلُهُ وَالَّتِىْ تَقَعُ بَعْدَ الْعِلْمِ هِىَ الْمُخَفَّفَةُ الخ : এটি একটি উহ্য প্রশ্নের উত্তর। প্রশ্নটি হলো, ان ملفوظة -এর পরে فعل مضارع যবর বিশিষ্ট হওয়া এটি একটি قاعده كليه অথচ عَلِمْتُ اَنْ سَيَقُوْمُ وَاَنْ لَا يَقُوْمُ ও এ জাতীয় বাক্যে فعل مضارع পেশ বিশিষ্ট হয়েছে। এর কারণ কি? **উত্তর :** ان مصدريه ناصبه টি فعل مضارع -এর পরে যবর বিশিষ্ট হয়ে থাকে। ان مخففه من المثقله -এর পরে নয়। আর উপরোক্ত উদাহরণে যে ان ঐ علم -এর পরে পতিত হয়েছে যার মধ্যে ظن -এর অর্থ নেই সেটি হলো مخففة من المثقلة - ان مصدريه নয়। কেননা, ان مخففة তাহকীকের জন্য আসে। আর مخففه - مصدر নয়। এ জন্যই عَلِمْتُ -এর ব্যাপারে নাহবিদগণ বলেন, এ বাক্যটি মূলত اَنَّهٗ سَيَقُوْمُ ছিল। আর اَنْ سَيَقُوْمَ মূলত اَنَّهٗ لَايَقُوْمُ ছিল। ফলে উপরোক্ত قاعده টি كليه -ই রয়ে গেল। এটির كليت -এর ক্ষেত্রে কোনো প্রকার প্রতিবন্ধকতা রইল না।

قَوْلُهُ وَالَّتِىْ تَقَعُ بَعْدَ الظَّنِّ الخ : আর যে ظن টি ان -এর পরে পতিত হয় তার মধ্যে দু' সুরত জায়েজ। এমতাবস্থায় ان مخففة من المثقلة -কে বলা যায়। অথবা مصدريه ও বলা যায়। কেননা, ظن হলো جانب راجح -এর নাম। সুতরাং তার প্রাধান্যতার প্রতি লক্ষ্য করা হলে তার مناسب হয় ان مخففه -এর সাথে যা তাহকীককে বুঝিয়ে থাকে। আর ظن -এর অর্থের প্রতি লক্ষ্য করলে এবং তার মধ্যে না হওয়ার সম্ভাবনার প্রতি লক্ষ্য করলে তার مناسبت হয় ان مصدريه -এর প্রতি হয়। আর قَوْلُهُ وَلَنْ مِثْلُ الخ এটি عامل ناصبه -এর মধ্যে হতে দ্বিতীয় তথা لن -এর مثال। আর فعل مضارع -এর প্রথমে لن যুক্ত হলে এটি فعل مضارع কে ভবিষ্যৎকালীন দৃঢ়তাসূচক না-বোধক অর্থে পরিণত করে দেয়। যেমন– لَنْ يَّنْصُرَ সে কখনো সাহায্য করবে না।

وَاِذَنْ اِذَا لَمْ يَعْتَمِدْ مَا بَعْدَهَا عَلٰى مَا قَبْلِهَا وَكَانَ الْفِعْلُ مُسْتَقْبِلًا مِثْلُ اِذَنْ تَدْخُلَ الْجَنَّةَ وَاِذَا وَقَعَتْ بَعْدَ الْوَاوِ وَالْفَاءِ فَالْوَجْهَانِ -

অনুবাদ : এবং اذن যখন তার পরবর্তী অংশ পূর্ববর্তী অংশের উপর ভরসা না করে এবং فعل টি فعل مستقبل হয় তখন এটি فعل مضارع -কে نصب প্রদান করে। যেমন- اِذَنْ تَدْخُلَ الْجَنَّةَ আর যখন اذن টি واو এবং ء فا -এর পরে পতিত হয় তখন তার মধ্যে দু'টি সুরত তথা نصب ও رفع জায়েজ।

ব্যাখ্যা : قَوْلُهُ اِذَنْ اِذَا لَمْ يَعْتَمِدْ الخ : اذن হরফটি نصب عامل হিসেবে আমল করার কয়েকটি শর্ত রয়েছে। সম্মানিত গ্রন্থকার (র.) اِذَنْ لَمْ يَعْتَمِدْ الخ -এর মাধ্যমে সে শর্তগুলো আলোচনা করেছেন। اذن দু'টি শর্ত সাপেক্ষে فعل مضارع -কে نصب প্রদান করে প্রথমত এর পরবর্তী অংশ তার পূর্ববর্তী অংশের উপর ভরসা না করতে হবে অর্থাৎ তার পরবর্তী অংশ পূর্ববর্তী অংশের معمول না হওয়া। দ্বিতীয়ত اذن -এর পরবর্তী অংশ তথা فعل مضارع টি فعل مستقبل -এর অর্থ প্রদান করতে হবে। حال -এর অর্থ প্রদান করলে আমল করবে না। যেমন- কারো কথা বলার সময় তুমি বললে اِذَنْ اَظُنُّكَ كَاذِبًا এখানে حال -এর অর্থ প্রদান করায় عمل করেনি। আর যদি اذن -এর পরবর্তী অংশ তার পূর্ববর্তী অংশের معمول হয়, তাহলে فعل مضارع টা مرفوع হবে। যেমন কোনো ব্যক্তি বলল- اَتَيْتُكَ তার জবাবে বলা হয়- اِذَنْ اُكْرِمَكَ - اذن আমল করার জন্য প্রথম শর্তটি এ জন্য যে, যদি তার পরবর্তী অংশ পূর্ববর্তী অংশের معمول হওয়া সত্ত্বেও ওটা তার পরবর্তী অংশের উপর আমল করে তাই عامل توارد সমূহ এক معمول -এর মধ্যে لازم আসে। দ্বিতীয়ত اذن -এর পরবর্তী অংশটি তার পূর্ববর্তী অংশের معمول হওয়ার দিক বিবেচনায় اذن -এর উপর حكما অগ্রগামী হয়েছে যা সুস্পষ্ট যে, معمول টা عامل -এর সাথে متصل হওয়া আবশ্যক। আর যখন اذن -এর পরবর্তী অংশ اذن -এর উপর حكما অগ্রগামী হলো তখন اذن তার পরবর্তী فعل হতে حكما - مقدم হওয়ায় আমল করবে না। আর তা এ জন্য যে اذن টা ان مصدرية -এর فرع এবং এটা عمل -এর ক্ষেত্রেও দুর্বল। সুতরাং عمل الصعيف তথা عمل -এর ক্ষেত্রে দুর্বল স্বীয় مقدم -এর উপর যদিও حكما মুকাদ্দাম, আমল করতে পারে।

আর যদি اذن আমল করার দ্বিতীয় শর্ত তথা فعل مضارع টি مستقبل -এর অর্থ প্রদান করতে হবে যদি তা না হয় তাহলে এটি نصب প্রদান করবে না। যেমন- কোনো ব্যক্তি বলল, اِذَنْ اَظُنُّكَ كَاذِبًا আর এটা এ জন্য যে, اذن ناصبه জবাব ও جزاء -এর জন্য হয়ে থাকে। আর এ جواب ও جزاء ভবিষ্যৎকালের মধ্যে হয়ে থাকে, বর্তমান কালের মধ্যে নয়।

قَوْلُهُ وَاِذَا وَقَعَتْ بَعْدَ الْوَاوِ الخ : যখন اذن টি واو এবং ء فا -এর পরে পতিত হয় তখন তার পরবর্তী অংশে দু' সুরত তথা رفع ও نصب উভয়টি জায়েজ। رفع তো এ জন্য যে, اذن -এর পরবর্তী অংশ পূর্ববর্তী অংশের উপর ভরসা করে ফলে اذن নসব দেওয়ার শর্তদ্বয়ের প্রথমটি পাওয়া না যাওয়ায়। আর نصب এ হিসেবে যে, فعل স্বীয় فاعل -এর সাথে মিলে হরফে عطف হতে قطع نظر করায় যেহেতু مستقبل -এর উপকারিতা প্রদান করে বলে, এটি যেন তার পূর্ববর্তী অংশের উপর ভরসাই করেনি। ফলে نصب জায়েজ। যেমন- فَاِذَنْ اُكْرِمَكَ ঐ ব্যক্তির জবাবে বলবে যে বলেছে- اَنَا اَتَيْتُكَ অর্থাৎ উল্লিখিত مثال -এ اذن শব্দটি ء فا -এর পরে পতিত হয়েছে। তাই তার পরবর্তী অংশে رفع ও نصب উভয়ই জায়েজ। অনুরূপভাবে আল্লাহর বাণী- (الايه) وَاِذَنْ لَايَلْبَثُوْنَ خِلَافَكَ ও এ জাতীয় বাক্যে اذن টি واو -এর পরে পতিত হওয়ায় তাতে اذن -এর পরবর্তী অংশে তথা فعل مضارع তে رفع ও نصب উভয়টি জায়েজ।

وَكَىْ مِثْلُ اَسْلَمْتُ كَىْ اَدْخُلَ الْجَنَّةَ وَمَعْنَاهَا السَّبَبِيَّةُ وَحَتّٰى اِذَا كَانَ مُسْتَقْبِلًا بِالنَّظْرِ اِلٰى مَا قَبْلَهَا بِمَعْنٰى كَىْ اَوْ اِلٰى مِثْلُ اَسْلَمْتُ حَتّٰى اَدْخُلَ الْجَنَّةَ وَكُنْتُ سِرْتُ حَتّٰى اَدْخُلَ الْبَلَدَ وَاَسِيْرُ حَتّٰى تَغِيْبَ الشَّمْسُ -

---

অনুবাদ ঃ كى -এর مثال যেমন- اَسْلَمْتُ كَىْ اَدْخُلَ الْجَنَّةَ (আমি ইসলাম গ্রহণ করেছি যেন জান্নাতে প্রবেশ করতে পারি) এ সময় এটি سببيت অর্থ প্রদান করে। এবং حتى এর পরে (ان উহ্য থাকায়) فعل مضارع যবর বিশিষ্ট হয়ে থাকে, যখন فعل مضارع টি حتى -এর পূর্ববর্তী অংশের দৃষ্টিতে ভবিষ্যৎকালের অর্থ প্রদান করে। এমতাবস্থায় যে, حتى টি হয়তো كى -এর অর্থ প্রদান করবে অথবা الى -এর অর্থ প্রদান করবে। যেমন- (حتى بمعنى كى مثال -এর) كُنْتُ سِرْتُ حَتّٰى اَدْخُلَ (مثال -এর- حتى بمعنى الى) اَسْلَمْتُ حَتّٰى اَدْخُلَ الْجَنَّةَ (مثال -এর- بمعنى كى) اَسِيْرُ حَتّٰى تَغِيْبَ الشَّمْسُ (সূর্য অস্তমিত হওয়া পর্যন্ত আমি ভ্রমণ করেছি) এবং الْبَلَدَ (حَتّٰى بِمَعْنٰى اِلٰى -এর)।

ব্যাখ্যা : قَوْلُهُ وَكَىْ مِثْلُ اَسْلَمْتُ كَىْ الخ : فعل مضارع -এর আমিলে ناصب -এর মধ্যে হতে একটি হলো كى এটি سببيت অর্থে তথা كى -এর পূর্ববর্তী অংশ তার পরবর্তী অংশের কারণ হয়, এ অর্থে এটি ব্যবহার হয়। যেমন- اسلمت كى ادخل الجنة (আমি ইসলাম গ্রহণ করেছি যেন জান্নাতে প্রবেশ করতে পারি) এ مثال -এর মধ্যে ইসলাম গ্রহণ করা জান্নাতে প্রবেশের কারণ। উপরোক্ত বক্তব্যটি কুফাবাসী নাহবীগণের মাযহাব অনুযায়ী। কেননা, তাঁরা كى -কে সর্বাবস্থায় ناصبة للفعل মনে করেন। কোনো অবস্থায়ই جاره মনে করেন না। তবে বসরাবাসীগণ كى -কে حرف جر বলে মনে করেন আর ناصب অবস্থায় كى -এর পরে উহ্য ان -কে মেনে নেন। সম্মানিত গ্রন্থকার এখানে كى -কে ناصبه হিসেবে মেনে كوفه বাসীদের অনুসরণ করেছেন। কারণ, যদি এটি جارة হতো তাহলে এর প্রথমে কখনো لام جاره যুক্ত হতো না। অথচ এর শুরুতে لام جارة যুক্ত হবার বহু উদাহরণ রয়েছে। যেমন, আল্লাহর বাণী- لِكَيْلَا يَكُوْنَ ।

قَوْلُهُ وَحَتّٰى اِذَا كَانَ مُسْتَقْبِلًا بِالنَّظْرِ الخ : حتى -এর مدخول যখন ماقبل -এর দৃষ্টিতে ভবিষ্যৎকালে হয়, তখন حتى টি كى অথবা الى -এর অর্থ প্রদান করে। যেমন- اَسْلَمْتُ حَتّٰى اَدْخُلَ الْجَنَّةَ এটি كَىْ بِمَعْنٰى حَتّٰى -এর উদাহরণ। এখানে حتى -এর পরবর্তী অংশ তথা জান্নাতে প্রবেশ করা, তার পূর্ববর্তী অংশ তথা ইসলাম গ্রহণ করা এর দৃষ্টিতে ভবিষ্যৎকালের মধ্যে এবং বক্তব্যের সময়ও এটি ভবিষ্যৎকালে হয়েছে।

قَوْلُهُ وَكُنْتُ سِرْتُ حَتّٰى اَدْخُلَ الْبَلَدَ : এ উদাহরণটি حتى بمعنى الى ও كى উভয়টির হতে পারে। উক্ত বাক্য দ্বারা বক্তার যদি কারণ বুঝানো উদ্দেশ্য হয়, তাহলে এটি حتى بمعنى كى -এর উদাহরণ, এ সময় বাক্যটির অর্থ হবে- আমি ভ্রমণ করেছিলাম যেন শহরে প্রবেশ করতে পারি। আর যদি বক্তার উদ্দেশ্য হয় শেষ সীমা বুঝানো, তখন এটি حتى بمعنى الى -এর উদাহরণ হবে এবং বাক্যটি অর্থ হবে- আমি ভ্রমণ করেছিলাম এমনকি শহরে পৌঁছে গেলাম। এ বাক্যটিতেও حتى -এর পরবর্তী অংশ তথা শহরে প্রবেশ করাটা তার পূর্ববর্তী অংশ তথা ভ্রমণ করার দৃষ্টি হতে ভবিষ্যৎকালে হয়েছে।

قَوْلُهُ وَاَسِيْرُ حَتّٰى تَغِيْبَ الشَّمْسُ : [সূর্য অস্তমিত হওয়া পর্যন্ত আমি সফর করেছি।] এ الخ مثال টি হলো حَتّٰى بِمَعْنٰى اِلٰى -এর। কেননা, এখানে বক্তার সফরের শেষ সীমা বর্ণনা করা হয়েছে সূর্য অস্তমিত হওয়াকে। কারণ বর্ণনা করা হয়নি। তা ছাড়া বাক্যটিতে حتى -এর ما بعد তার ماقبل -এর দৃষ্টি ভবিষ্যৎকালে হয়েছে।

فَإِنْ أَرَدْتَّ الْحَالَ تَحْقِيْقًا وَحِكَايَةً كَانَتْ حَرْفَ اِبْتِدَاءٍ فَتَرْفَعُ وَتَجِبُ السَّبَبِيَّةُ مِثْلُ مَرِضَ حَتّٰى لَا يَرْجُوْنَهُ وَمِنْ ثَمَّ اِمْتَنَعَ الرَّفْعُ فِىْ كَانَ سَيْرِىْ حَتّٰى اَدْخُلَهَا فِى النَّاقِصَةِ وَاَسِرْتَ حَتّٰى تَدْخُلَهَا وَجَازَ فِى التَّامَّةِ كَانَ سَيْرِىْ حَتّٰى اَدْخُلُهَا وَاَيُّهُمْ سَارَ حَتّٰى يَدْخُلُهَا -

---

অনুবাদ : অতঃপর যদি (فعل مضارع তথা مدخول حتى দ্বারা) তুমি বর্তমান কাল উদ্দেশ্য নাও حقيقى ভাবে অথবা حكاية হিসেবে তখন حتى টি ابتدائيه হবে, এটি فعل مضارع-কে رفع প্রদান করবে এবং سببيت-এর অর্থ আবশ্যক হবে। যেমন- مرض حتى لايرجونه (সে অসুস্থ হয়ে গেছে, ফলে লোকেরা তাঁর আশা করে না) এবং এ জন্যেই كَانَ سَيْرِىْ حَتّٰى اَدْخُلَهَا-এর মাঝে فعل مضارع-কে رفع দেওয়া নিষেধ যখন حتى টি ناقصه হয়। এবং اَسِرْتَ حَتّٰى تَدْخُلَهَا তথা استفهام বিশিষ্ট এ জাতীয় مثال-এর মাঝেও رفع নিষিদ্ধ। এবং كَانَ سَيْرِىْ حَتّٰى اَدْخُلُهَا যখন كان টি تامه হয় তখন رفع দেওয়া জায়েজ। অনুরূপভাবে اَيُّهُمْ سَارَ حَتّٰى يَدْخُلُهَا-এর মধ্যে مضارع তে رفع পড়া জায়েজ।

ব্যাখ্যা : قَوْلُهُ فَإِنْ أَرَدْتَّ الْحَالَ تَحْقِيْقًا الخ : যদি حتى-এর পরে ما بعد-এর দ্বারা حقيقة বা حكاية বর্তমানকাল উদ্দেশ্য হয় তখন حتى টি ابتدائية হয়ে থাকে, جارة বা عاطفة হয় না। এবং حتى-এর ما بعد স্বয়ংসম্পূর্ণ একটি বাক্য হয় এবং مرفوع হয়। এবং আবশ্যিকভাবে حتى-এর ماقبل তার ما بعد-এর জন্য سبب হয়। কেননা, এ সুরতে حتى-এর পরে ما بعد-এর শাব্দিক সম্পর্ক ছিন্ন হয়ে গেছে তার ماقبل থেকে, তাই আবশ্যক হলো حتى-এর ما بعد-এর জন্য তার ما قبل টি سبب হওয়া, যেন কমপক্ষে অর্থের দিক দিয়ে হলে উভয়ের সম্পর্ক বহাল থাকে।

قَوْلُهُ مِثْلُ مَرِضَ حَتّٰى لَايَرْجُوْنَهُ : এ বাক্যটি حتى ابتدائية-এর উদাহরণ। কেননা এখানে حتى-এর ما بعد দ্বারা حقيقة বর্তমানকাল উদ্দেশ্য যা হুবহু تكلم-এর কাল। অর্থাৎ নৈরাশ হওয়াটা বক্তব্যের সময়ই পাওয়া যায়। সুতরাং এ উদাহরণে حتى-এর ما بعد টি مرفوع হয় আর তার ما قبل তথা অসুস্থ হওয়াটা তার ما بعد তথা নিরাশ হওয়ার কারণ। আর যে حتى-এর ما بعد দ্বারা حكاية বর্তমানকাল উদ্দেশ্য তার উদাহরণ হলো كُنْتُ سِرْتُ اَمْسِ حَتّٰى اَدْخُلَ الْبَلَدَ তবে শর্ত হলো এ বক্তব্যের বক্তা ঐ সময় বাক্য উচ্চারণ করবে যখন সে تكلم-এর পূর্বে শহরে প্রবেশ করে থাকে। এখানে বিষয়টি অত্যন্ত সুস্পষ্ট যে, উল্লিখিত فعل টি অতীতের অবস্থা বর্ণনা করেছে। কেননা, মূলত বক্তব্যটি বক্তা শহরে প্রবেশের সময় বলা উচিত ছিল, কিন্তু যে এখন তার শহরে প্রবেশের কাহিনী বর্ণনা করেছে মনে হয় যেন সে এখন শহরে প্রবেশ করছে। ফলে এখানে বর্তমানকাল حكاية হয়েছে। আর যখন حتى-এর ما بعد-এর দ্বারা حال-এর উদ্দেশ্য নেওয়া হলো তখন এ উদাহরণেও حتى-এর ما بعد টি مرفوع ও حتى ابتدائيه হবে।

قَوْلُهُ وَمِنْ ثَمَّ اِمْتَنَعَ الخ : পূর্বোক্ত আলোচনা দ্বারা যখন একথা সাব্যস্ত হলো যে, حتى-এর ما بعد-এর দ্বারা যখন جمله টি ما بعد حال উদ্দেশ্য হবে। চাই حقيقة হোক বা حكما হোক তখন حتى টি ابتدائيه হবে এবং তার

ناقصة কে- كان হয়ে পৃথক বাক্য হবে। এ মূলনীতির আলোকে كان سيرى حتى ادخلها-এর মধ্যে যখন كان-কে مستانفة ধরা হবে তখন حتى-এর ما بعد-এ رفع হওয়া নিষেধ। কেননা, مرفوع হওয়া অবস্থায় حتى টি ابتدائيه হবে এবং حتى-এর ما بعد তার ما قبل থেকে انقطاع হয়ে যাবে। এমতাবস্থায় ناقصة كان টি خبر হীন হয়ে যায়, যা আদৌ ঠিক নয়। ফলে এখানে حتى-কে جارة বলতে হবে এবং এর পরে ان উহ্য থেকে فعل مضارع-কে نصب প্রদান করবে এবং جار ও مجرور মিলে كان-এর خبر হয়ে যাবে।

قَوْلُهُ وَاَسِرْتُ حَتّٰى تَدْخُلَهَا : حتى-এর ما بعد-এ رفع হওয়া নিষিদ্ধ এর দ্বিতীয় مثال হলো اسرت حتى تدخلها এ বাক্যে تدخلها-এর মধ্যে رفع নিষেধ হওয়ার কারণ হলো যদি تدخل ফে'লে مضارع-কে مرفوع পড়া হয় তাহলে حتى টি ابتدائيه হয় এবং حتى-এর ما بعد ما قبل তার سبب হয়ে থাকে। অথচ এখানে سبب হওয়া অসম্ভব। কেননা, حتى-এর ما قبل হরফে استفهام-এর مدخول হওয়ায় سبب সন্দেহযুক্ত হয়ে গেছে আর তার ما بعد টি নিশ্চিতরূপে পতিত হওয়ার সংবাদ বহন করে। সুতরাং এটা কি করে হতে পারে যে, سبب সন্দেহযুক্ত আর مسبب হলো সন্দেহ মুক্ত তথা নিশ্চিত; ফলে একথা সাব্যস্ত হলো যে, حتى-এর ما قبل তার ما بعد-এর জন্য سبب হতে পারে না। আর যখন سبب হয় না তখন حتى-এর ما بعد টি رفع হওয়া ممتنع হয়ে গেল।

قَوْلُهُ وَجَازَ فِى التَّامَّةِ الخ : كَانَ سَيْرِىْ حَتّٰى اَدْخُلُهَا এ জাতীয় مثال-এর মধ্যে كان টি যদি تامه হয়, তাহলে حتى-এর ما بعد-এর মাঝে رفع দেওয়া জায়েজ। কেননা, এ সময় حتى-কে ابتدائيه ধরা হলে কোনো ক্ষতির সম্মুখীন হতে হয় না। কারণ, كان تامه-এর এজন্য خبر-এর আবশ্যকতা নেই।

قَوْلُهُ وَاَيُّهُمْ سَارَ حَتّٰى يَدْخُلُهَا : এবং মুসান্নিফ (র.)-এর উক্তি اَيُّهُمْ سَارَ حَتّٰى يَدْخُلُهَا এ জাতীয় বাক্যে حتى-এর ما بعد-এ رفع দেওয়া জায়েজ। কেননা, এখানে سببيت তথা سير টি متحقق আর সন্দেহ হলো শুধুমাত্র شئ-এর মধ্যে যা এ বাক্যের অর্থের দ্বারা সুস্পষ্ট হয়ে যায়। বাক্যটির অর্থ হলো– তাদের মধ্য হতে এ পর্যন্ত কেউই ভ্রমণ করেনি যে শহরে প্রবেশ করবে। সুতরাং যখন سبب তথা ভ্রমণ متحقق তখন مسبب তথা প্রবেশও متحقق الحصول হওয়াও জায়েজ হলো।

وَلَامُ كَيْ مِثْلُ اَسْلَمْتُ لِاَدْخُلَ الْجَنَّةَ وَلَامُ الْجُحُوْدِ لَامُ تَاكِيْدٍ بَعْدَ النَّفْيِ لِكَانَ مِثْلُ وَمَا كَانَ اللّٰهُ لِيُعَذِّبَهُمْ وَالْفَاءُ بِشَرْطَيْنِ اَحَدُهُمَا السَّبَبِيَّةُ وَالثَّانِيْ اَنْ يَّكُوْنَ قَبْلَهَا اَمْرٌ اَوْ نَهْيٌ اَوْ اِسْتِفْهَامٌ اَوْ نَفْيٌ اَوْ تَمَنٍّ اَوْعَرْضٌ وَالْوَاوُ بِشَرْطَيْنِ الْجَمْعِيَّةُ وَاَنْ يَّكُوْنَ قَبْلَهَا مِثْلُ ذَالِكَ وَ اَوْ بِشَرْطِ مَعْنًى اِلٰى اَنْ اَوْ اِلَّا اَنْ وَالْعَاطِفَةِ اِذَا كَانَ الْمَعْطُوْفُ عَلَيْهِ اِسْمًا -

---

অনুবাদ : এবং لام كى (এর পরেও ان উহ্য থেকে فعل مضارع -কে نصب প্রদান করে।) যেমন- اَسْلَمْتُ لِاَدْخُلَ الْجَنَّةَ (আমি ইসলাম গ্রহণ করেছি যেন জান্নাতে প্রবেশ করতে পারি।) لام جحد (এর পরে ان উহ্য থেকে فعل مضارع -কে نصب প্রদান করে) এটি এমন لام যা كان منفى -এর تاكيد -এর জন্য তার পরে ব্যবহৃত হয়। যেমন- مَاكَانَ اللّٰهُ لِيُعَذِّبَهُمْ (আল্লাহ তাদেরকে কখনো শাস্তি প্রদান করবেন না)। এবং فاء -এর পরে ان উহ্য থেকে فعل مضارع -কে نصب প্রদান করে দু'টি শর্ত সাপেক্ষে। এদের একটি হলো سببيت আর অপরটি হলো امر - نهى - استفهام - تمنى ও عرض (এর মধ্য হতে কোনো একটি) হওয়া। এবং واو -এর পরে ان উহ্য থেকে فعل مضارع -কে نصب প্রদান করে দু'টি শর্তের সাথে। প্রথমতঃ جمعيت তথা একত্রিকরণ, দ্বিতীয়ত তার পূর্বে অনুরূপ বস্তু তথা امر - نهى - استفهام - نفى - تمنى ও عرض -এর মধ্য হতে কোনো একটি হওয়া। এবং او -এর পরে ان উহ্য থেকে فعل مضارع -কে نصب প্রদান করে একটি শর্তের সাথে (আর তা হলো) এটি الى ان উহ্য থেকে فعل مضارع -কে نصب প্রদান করে। যখন معطوف عليه টি اسم صريح বা প্রকাশ্য اسم হয়।

ব্যাখ্যা : قَوْلُهُ وَلَامُ كَيْ مِثْلُ الخ : ঐ لام যার পরে ان উহ্য থেকে فعل مضارع -কে নসব প্রদান করে এবং كى -এর অর্থে ব্যবহৃত হয়, তার উদাহরণ- اسلمت لادخل الجنة (আমি ইসলাম গ্রহণ করেছি যেন জান্নাতে প্রবেশ করতে পারি।)

قَوْلُهُ وَلَامُ الْجُحُوْدِوالخ : لام جحود এটি মূলত لام تاكيد (ل) যা كان منفى -এর পরে نفى -এর দৃঢ়তার জন্য ব্যবহৃত হয় এবং এর পরে ان উহ্য থেকে فعل مضارع -কে نصب প্রদান করে। যেমন- مَا كَانَ اللّٰهُ لِيُعَذِّبَهُمْ এ বাক্যে كان -এর اسم থেকে مضاف উহ্য রয়েছে। মূল ইবারত ছিল مَاكَانَ صِفَتُ اللّٰهِ تَعْذِيْبَهُمْ অতঃপর যখন كان -এর اسم -এর মধ্যে مضاف উহ্য মেনে নেওয়া হয় তখন خبر ও اسم -এর মধ্যে حمل বিশুদ্ধ হয় এবং অর্থ দাঁড়ায় তাদেরকে শাস্তি দেওয়া আল্লাহর গুণ নয়।

قَوْلُهُ وَالْفَاءُ بِشَرْطَيْنِ الخ : এবং فاء -এর পরে ان উহ্য থেকে فعل مضارع -কে নসব প্রদান করে। তবে এর জন্য দু'টি শর্ত রয়েছে। প্রথমত فاء -এর পূর্বাংশ তার পরের অংশের জন্য سبب বা কারণ হতে হবে। দ্বিতীয়ত নিম্নে বর্ণিত ছয়টি বস্তুর কোনো একটি فاء -এর পূর্বে হতে হবে। সেগুলো হলো- (১) امر যেমন- زُرْنِىْ فَاُكْرِمَكَ তথা ليكن زيارة (২) نهى যেমন- لَا تَشْتِمْنِىْ فَاُكْرِمَكَ তথা ليكن منك شتم فاكرام منى (৩) استفهام যেমন- هَلْ عِنْدَكَ مَاءٌ فَاَشْرَبَهُ তথা هل يكن منك ماء فشرب منى (৪) نفى যেমন- مَا اَتَيْتَنَا فَتُحَدِّثَنَا তথা ليس منك اتيان (৫) تمنى যেমন- لَيْتَ لِىْ مَالًا فَاُنْفِقَهُ তথা ليت لى ثبوت مال فانفاق منى (৬) عرض যেমন- اَلَاتَنْزِلُ بِنَا فَتُصِيْبَ خَيْرًا তথা لايكون منك نزول فاصابة خير منى ।

বি: দ্র: প্রথম শর্তের কারণ হলো, رفع হতে نصب -এর দিকে পরিবর্তন করা হয়েছে سببيت -কে বুঝানোর জন্য যেমনিভাবে শব্দের পরিবর্তন অর্থের পরিবর্তনকে বুঝিয়ে থাকে। সুতরাং যদি سببيت উদ্দেশ্য না হতো, তাহলে رفع হতে نصب -এর প্রতি পরিবর্তন করার কোনো প্রয়োজন হতো না। আর দ্বিতীয় শর্তটির কারণ হলো– যে فاء – انشاء বা معنى انشاء (যা جواب -কে চায়)-এর পরে পতিত হয় তখন فاء -এর পূর্ববর্তী অংশ جمله انشائية এবং পরবর্তী অংশ جمله خبريه হয়ে থাকে। এমতাবস্থায় عَطْفُ الْجُمْلَةِ عَلَى الْجُمْلَةِ জায়েজ হয় না। কেননা, এ সময় جمله خبريه -এর جمله انشائيه -এর উপর عطف হওয়া লাযিম আসে যা সম্পূর্ণ নিষিদ্ধ। সুতরাং فاء -এর পূর্বে উল্লিখিত বস্তুগুলো হওয়া অবস্থায় বাক্যকে বিশুদ্ধ করার জন্য فاء -এর পরে একটি ان উহ্য মেনে مضارع -কে منصوب পড়তে হবে। যেন مضارع মাসদারের حكم -এ হয়ে যায় এবং جمله انشائيه যা فاء -এর পূর্বে রয়েছে সেটাকে مفرد দ্বারা تاويل করে নিতে হয়, তাহলে عَطْفُ الْمُفْرَدِ عَلَى الْمُفْرَدِ -এর পদ্ধতিতে عطف সহীহ হয়ে যায়।

قَوْلُهُ وَالْوَاوُ بِشَرْطَيْنِ الخ : واو -এর পরে ان উহ্য থেকে فعل مضارع -কে نصب প্রদান করে, তবে এর জন্যও দু'টি শর্ত রয়েছে। প্রথমত واو টি جمعيت তথা واو -এর পূর্ববর্তী অংশ তার পরবর্তী অংশের সাথী হবে অর্থাৎ উভয়টি অর্জিত হওয়ার সময় এক হতে হবে। তবে واو -এর পূর্ববর্তী হুকুমকে পরবর্তী অংশে অন্তর্ভুক্ত করবে না। আর عاطفه واو তার বিপরীত তথা এর পূর্ববর্তী অংশকে পরবর্তী হুকুমের অন্তর্ভুক্ত করে দিবে। দ্বিতীয়ত واو -এর পূর্বে فاء -এর মতো উল্লিখিত ছয়টি বস্তু তথা عرض ও تمنى – نفى – استفهام – نهى – امر -এর মধ্য হতে কোনো একটি বস্তু উল্লিখিত হওয়া। واو -এর উদাহরণ فاء -এর উদাহরণের মতোই। তবে পার্থক্য হলো শুধুমাত্র এতটুকুই যে, فاء -এর স্থানে واو বসিয়ে দিতে হবে। যেমন– زُرْنِىْ وَاُكْرِمَكَ তথা ليكن منك زيارة واكرام منى (বাকিগুলো অনুরূপভাবে বানিয়ে নিতে হবে)।

قَوْلُهُ وَ اَوْ بِشَرْطِ اِلٰى اَنْ وَاِلَّا اَنْ : এবং او এর পরে ان উহ্য থেকে فعل مضارع -কে نصب প্রদান করে। তবে এর জন্য শর্ত হলো او টি ان – الا বা ان الى অর্থে আসা। মূলত او -এর অর্থ হলো– الى অথবা الا (مفهوم) -এর او হতে বহির্ভূত। কেননা, যদি ان -কেও او -এর مفهوم -এর অন্তর্ভুক্ত করা হয়, তাহলে ان -কে বারংবার উল্লেখ করা লাযেম আসে। আর তা বাতিল। সুতরাং ان -কে অন্তর্ভুক্ত করা বাতিল। যেমন– (উভয় অর্থ হিসেবে) لَاَلْزِمَنَّكَ اَوْ تُعْطِيَنِىْ حَقِّىْ (আমি তোমাকে অবশ্যই ধরে রাখব আমার অধিকার আদায় করা পর্যন্ত)। ইমাম সীবওয়াই (র.)-এর মতে এ مثال টিতে او হরফটি الا -এর অর্থে ব্যবহৃত হয়েছে। তিনি বলেন, এখানে مضاف রয়েছে ফলে استثناءও বিশুদ্ধ। সুতরাং এর মূল ইবারত হলো– لَاَلْزِمَنَّكَ فِىْ كُلِّ وَقْتٍ اِلَّا وَقْتٍ اَنْ تُعْطِيَنِىْ حَقِّىْ (আমি তোমার পিছ ছাড়ব না কোনো সময়ই; তবে ঐ সময় পর্যন্ত যখন তুমি আমাকে আমার হক আদায় করে দিবে)। অন্যান্য নাহবিদগণ এ مثال -এর মধ্যে او -কে الى অর্থে মনে করেন, তবে او -এর بعد ما টা بتاويل مصدر সুতরাং তাদের নিকট এটির মূল ইবারত ছিল لَاَلْزِمَنَّكَ اِلٰى اِعْطَائِكَ حَقِّىْ ।

প্রশ্ন : الا বা او بمعنى الى -এর পরে ان উহ্য মেনে নেওয়ার প্রয়োজনীয়তা কি? **উত্তর :** الا বা او بمعنى الى -এর সুরতে فعل – مجرور বা مستثنى হওয়া লাযিম আসে, যা জায়েজ নেই। কেননা, مجرور বা مستثنى একমাত্র اسم -ই হয়ে থাকে। এ ক্ষতির থেকে বাঁচার জন্য او -এর পরে একটি ان উহ্য মেনে নেওয়া হয় ফলে فعل টি بتاويل مصدر হয়ে اسم হয়ে যায়। আর اسم টা مستثنى ও مجرور উভয়ই হতে পারে।

قَوْلُهُ وَالْعَاطِفَةِ : হরফে عطف -এর পরেও ان উহ্য থেকে فعل مضارع -কে نصب প্রদান করে যখন معطوف -এর عطف টি عليه اسم صريح তথা প্রকাশ্য اسم হয়। কেননা, এ সময় যদি ان উহ্য মেনে নেওয়া না হয় তাহলে فعل -এর اسم -এর উপর এবং جمله -এর عطف – مفرد -এর উপর হওয়া লাযিম আসে, আর তা সম্পূর্ণ নিষিদ্ধ। সুতরাং নিঃসন্দেহে ان -কে উহ্য মেনে নিতে হবে, যেন উল্লিখিত عطف টি বিশুদ্ধ হয়। যেমন– اَعْجَبَنِىْ ضَرْبُكَ زَيْدًا وَتَشْتِمَ অথবা فتشتم অথবা ثم تشتم এখানে واو – فاء – ثم ও -এর পরে ان উহ্য আছে। আর যদি معطوف عليه টি اسم صريح না হয়, তাহলে হরফে عطف -এর পরে ان উহ্য নেওয়া আবশ্যক নয়। যেমন– اَعْجَبَنِىْ اَنْ يَّضْرِبَ زَيْدًا وَيَشْتِمَ এখানে يشتم টি পূর্বোক্ত ان يضرب -এর উপর عطف হয়েছে। ফলে ان উহ্য নেওয়ার প্রয়োজন নেই।

وَيَجُوْزُ اِظْهَارُ اَنْ مَعَ لَامِ كَيْ وَالْعَاطِفَةِ وَيَجِبُ مَعَ لَا فِى اللَّامِ عَلَيْهَا وَيَنْجَزِمُ بِلَمْ وَلَامِ الْاَمْرِ وَلَا فِى النَّهْيِ وَكَلِمِ الْمَجَازَاةِ وَهِىَ اِنْ وَمَهْمَا وَاِذَامَا وَاِذْمَا وَحَيْثُمَا وَاَيْنَ وَمَتٰى وَمَا وَمَنْ وَاَىٌّ وَاَنّٰى وَاَمَّا مَعَ كَيْفَمَا وَاِذَا فَشَاذٌّ وَبِاِنْ مُقَدَّرَةً فَلَمْ لِقَلْبِ الْمُضَارِعِ مَاضِيًا وَنَفْيِهِ وَلَمَّا مِثْلُهَا وَتَخْتَصُّ بِالْاِسْتِغْرَاقِ وَجَوَازِ حَذْفِ الْفِعْلِ وَلَامُ الْاَمْرِ الْمَطْلُوْبُ بِهَا الْفِعْلُ وَهِىَ مَكْسُوْرَةٌ اَبَدًا وَلَا النَّهْىُ الْمَطْلُوْبُ بِهَا التَّرْكُ وَكَلِمُ الْمَجَازَاةِ تَدْخُلُ عَلَى الْفِعْلَيْنِ لِسَبَبِيَّةِ الْاَوَّلِ وَمُسَبَّبِيَّةِ الثَّانِىْ وَيُسَمَّيَانِ شَرْطًا وَجَزَاءً فَاِنْ كَانَا مُضَارِعَيْنِ اَوِ الْاَوَّلُ فَالْجَزْمُ وَاِنْ كَانَ الثَّانِىْ فَالْوَجْهَانِ -

---

অনুবাদ : لام كى এবং حروف عاطف-এর সাথে ان প্রকাশ্যে ব্যবহার করা জায়েজ। আর لائے نفى-এর সাথে যুক্ত لام كى-এর সাথে ان তথা এরূপ لام كى-এর পরে ان-কে প্রকাশ্যে নেওয়া ওয়াজিব এবং فعل مضارع - اِحَيْثُمَا - اِذْمَا - اِذَامَا - مَهْمَا - اِنْ তথা كلمات مجازات এবং (لا) لائے نَهْي (ل) لَامِ اَمْر - لَمَّا - لَمْ টি فعل مضارع-এর দ্বারা جزم বিশিষ্ট হয়। এবং كَيْفَمَا ও اِذَامَا-এর দ্বারা اَنّٰى ও اَىٌّ - مَنْ - مَا - مَتٰى - اَيْنَ জযম বিশিষ্ট হওয়া, شاذ তথা বিরল। এবং مقدرة ان-এর দ্বারাও فعل مضارع জযম বিশিষ্ট হয়। অতঃপর لَمْ হরফটি مضارع مثبت তথা না-বোধক অতীতকালীন ক্রিয়ায় পরিণত করে দেয়। এবং لَمَّا ও অনুরূপ, তবে এটি (لما) استغراق-এর অর্থ প্রদান এবং তার فعل বিলুপ্তকরণ জায়েজ (এ দুটি) বিষয়ে নির্দিষ্ট। আর لَام اَمْر হলো যার দ্বারা فعل-কে তলব করা হয় এবং এটি সর্বদা যের বিশিষ্ট হয়। এবং لائے نهى হলো যার দ্বারা ترك فعل তথা فعل থেকে বিরতকরণ তলব হয়। জযমদাতা শব্দসমূহ দু'টো فعل-এর উপর প্রবেশ করে প্রথমটি سبب আর দ্বিতীয় مسبب বুঝাবার জন্য। এবং উভয়টিকে شرط ও جزاء বলে নামকরণ করা হয়। যদি উভয়টি (شرط ও جزاء) فعل مضارع হয় অথবা প্রথমটি (شرط) فعل مضارع হয়, তাহলে (مضارع) তে জযম (দেওয়া) ওয়াজিব। আর যদি দ্বিতীয়টি তথা শুধুমাত্র جزاء টি فعل مضارع হয়, তাহলে তার মাঝে দু' সুরত (جزم ও رفع) জায়েজ।

ব্যাখ্যা : قَوْلُهُ يَجُوْزُ اِظْهَارُ اَنْ مَعَ لَامِ كَيْ الخ : এখান থেকে সম্মানিত গ্রন্থকার ঐসব স্থান সম্পর্কে আলোচনা করেছেন যে সব স্থানে مصدرية ان-কে প্রকাশ করা জায়েজ বা ওয়াজিব যেন وَبِضِدِّهَا تَتَبَيَّنُ الْاَشْيَاءُ এ মূলনীতি হিসেবে ঐসব সুরতগুলো দৃষ্টিগোচর হয়ে যায়, যে স্থানে ان-কে প্রকাশ করা জায়েজ নাই। মূলকথা হলো গ্রন্থকার (র.) বলেন, مصدريه ان টি لام كى এবং ঐসব عاطفة حروف-এর পরে প্রকাশ্যে ব্যবহার করা জায়েজ যে সব হরফে عاطفه দ্বারা لِئَلَّا تُكْرِمَنِىْ جِئْتُكَ-এর উদাহরণ لام كى-এর উপর اسم صريح-কে فعل مضارع-এর উপর عطف করা হয়েছে। যেমন– উল্লেখ্য যে, لام كى-এর সাথে অতিরিক্ত لام (لام زائدة)-কেও ملحق করা হয়েছে অর্থাৎ لام كى-এর পরে যেভাবে ان-কে প্রকাশ্যে নেওয়া জায়েজ অনুরূপভাবে لام زائده তথা যে فعل مضارع-কে দৃঢ়তা দানকারী لام-এর পরেও ان مصدرية-কে

-কে প্রকাশ করা জায়েজ। যেমন– لام جحود এবং পূর্বোক্ত আলোচনায় لام كى বলার দ্বারা احتراز হতে اردت لان تقوم উদ্দেশ্য। কেননা, لام جحود -এর সাথে ان প্রকাশ করা জায়েজ নেই। حرف عطف- এর مثال - اَعْجَبَنِىْ قِيَامُكَ وَاَنْ تَذْهَبَ - আর لام كى - لام زائده ও حروف عاطفه -এর পরে ان প্রকাশ্যে নেওয়া জায়েজ হবার কারণ হলো, এ তিনটি বস্তুটি اسم صريح -এর উপর প্রবেশ করে। যেমন– اَعْجَبَنِىْ ضَرْبُ زَيْدٍ وَغَضَبُهُ - جِئْتُكَ لِلْاِكْرَامِ اَرَدْتُ لِيَضْرِبَكَ সুতরাং জায়েজ আছে এগুলোর সাথে ঐ বস্তুকে প্রবেশ করানো যা فعل -কে اسم -এ পরিণত করে দেয়। তার বিপরীত হলো لام جحود -এর ব্যাপারটি। কেননা এটি কখনো اسم صريح -এর উপর প্রবেশ করে না। ফলে এক্ষেত্রে فعل -কে اسم এ পরিণত করার জন্য ان -কে প্রকাশ্যে নেওয়া যাবে না।

قَوْلُهُ يَجِبُ مَعَ لَا الخ : যদি لام كى -এর সাথে لام نفى আসে, তাহলে اجتماع لامين তথা দু'টো لام একত্রিত হওয়া থেকে রক্ষা পাবার জন্য لام كى -এর পরে ان ناصبه -কে প্রকাশ্যে নেওয়া ওয়াজিব। যেমন, আল্লাহর বাণী– لئلا يعلم

قَوْلُهُ وَيَنْجَزِمُ بِلَمْ وَلَمَّا وَلَامِ الْاَمْرِ الخ : فعل مضارع টি لم - لما - لام امر (ل) لانے نهى (لا) كلم ও (৭) مجازات তথা জযমদাতা শব্দসমূহ দ্বারা জযম বিশিষ্ট হয়। আর كلم مجازات হলো এগারটি। যথা– (১) ان (২) مهما (৩) متى (৪) اذما (৫) حيثما (৬) اين (৭) ما (৮) من (৯) اى (১০) انى (১১) এগুলো كلم مجازات এজন্য বলা হয় যে, এগুলো দু'টি جمله -এর উপর প্রবেশ করে একটি جمله অপর جمله -এর جزاء হওয়া বুঝায়। আর যেহেতু এদের কতেক اسم আর কতেক حرف তাই সম্মানিত গ্রন্থকার (র.) كلم শব্দটি ব্যবহার করেছেন যেন উভয়টিকে অন্তর্ভুক্ত করে নেয়।

قَوْلُهُ وَاَمَّا مَعَ كَيْفَمَا الخ : كيفما ও اذا এ শব্দদ্বয় দ্বারা فعل مضارع জযম বিশিষ্ট হওয়া شاذ তথা বিরল। কেননা, كيفما শব্দটি عموم الاعمال তথা সর্বাবস্থায় ব্যাপকতার অর্থ বুঝিয়ে থাকে। যেমন– كَيْفَمَا تَذْهَبْ اَذْهَبْ – তুমি যেভাবে চলবে আমিও সেভাবে চলব। আর এ অর্থটা অসম্ভব। কেননা, দু'জন ব্যক্তির সর্বদিক বিবেচনায় একইভাবে চলা কখনো সম্ভব নয়। সুতরাং যখন مساوات -এর অর্থ অপত্তিকর হলো তখন شرط -এর অর্থও আপত্তিকর প্রমাণিত, আর যেহেতু এটি ان شرطيه -এর অর্থকে অন্তর্ভুক্ত করে না সেহেতু এর দ্বারা فعل مضارع জযম বিশিষ্ট হবে না। আর اذا শব্দটির অন্যান্য জযম দাতা حرف -এর সাথে সামঞ্জস্য নেই, কেননা এটি تعين তথা নির্দিষ্টকরণের জন্য আসে। আর شرط সন্দেহ ও ব্যাপকতাকে চায়। ফলে اذا -এর দ্বারা فعل مضارع জযম বিশিষ্ট হবে না, তবে কখনও যদি হয় তবে তা شاذ তথা বিরল।

قَوْلُهُ بِاَنْ مُقَدَّرَةً الخ : এ বাক্যটি عطف হলো بلم -এর উপর। এর অর্থ হলো উহ্য ان দ্বারা فعل مضارع জযম বিশিষ্ট হয়। এর বিস্তারিত আলোচনা সামনে আসবে। ইনশাআল্লাহ!

قَوْلُهُ فَلَمْ لِقَلْبِ الْمُضَارِعِ الخ : এখন থেকে مصنف (র.) مضارع -এর জযমদাতা আমিলসমূহের বিস্তারিত আলোচনা শুরু করেছেন– এ প্রসঙ্গে তিনি বলেন, لم শব্দটি فعل مضارع কে- ماضى منفى তথা অতীতকালীন না-বোধক ক্রিয়ায় পরিণত করে দেয়। আর لما ও অনুরূপ আমল করে থাকে অর্থাৎ فعل مضارع -কে ماضى منفى -এর অর্থে পরিণত করে দেয়। তবে لم ও لما -এর মধ্যে কতিপয় পার্থক্য বিদ্যমান– প্রথমত لما টি استغراق -এর অর্থ প্রদান করে তথা نفى হওয়ার সময় হতে বক্তব্য প্রদানের সময় পর্যন্ত অতীতকালীন সকল সময়কে نفى -এর অন্তর্ভুক্ত করে নেয়। পক্ষান্তরে "لم" এটি শুধুমাত্র অতীতকালে নেতিবাচক ক্রিয়ার ফায়দা প্রদান করে, যা অতীতে শেষ হয়ে গেছে। যেমন, আল্লাহর

বাণী- لَمْ يَلِدْ وَلَمْ يُوْلَدْ । দ্বিতীয়ত لما অধিকাংশ সময় ঐসব ক্রিয়ার ক্ষেত্রে ব্যবহৃত হয়ে থাকে, যা না বোধক হলেও সংঘটিত হবার সম্ভাবনা থাকে। যেমন- قَامَ الْاَمِيْرُ لَمَّا يَرْكَبْ (বাদশাহ দাঁড়িয়েছেন এখনও আরোহণ করেননি।) এখানে বাদশাহের পরবর্তীতে আরোহণের সম্ভাবনা রয়েছে। তবে لم -এর মধ্যে কখনো এরূপ অর্থের আশা করা যায় না। لَمْ يَرْكَبْ - যায়েদ কখনো আরোহণ করেনি। তবে لما টিও কখনো কখনো সম্ভাবনাহীন অর্থের জন্য আসে। যেমন- نَدِمَ زَيْدٌ وَلَمَّا يَنْفَعُ النَّدَمُ - যায়েদ লজ্জিত হয়েছে তবে লজ্জা তার কোনো উপকারে আসে না। তৃতীয়ত لما -এর শুরুতে حرف شرط প্রবেশ করে না, তাই من لما يضرب ও ان لما يضرب বলা যাবে না। তবে لم -এর প্রথমে হরফে شرط আসে; যেমন আল্লাহর বাণী- وَاِنْ لَّمْ تَفْعَلْ فَمَا بَلَّغْتَ رِسَالَتَهٗ । চতুর্থত لما -এর فعل -কে قرينه পাওয়া গেলে বিলোপ করা জায়েজ। যেমন- বাদশাহ আরোহণের আলোচনা চলছে এমতাবস্থায় কোন ব্যক্তি বলল- جئت ولما তথা جئت ولما يركب ।

قَوْلُهٗ وَلَامُ الْاَمْرِ الْمَطْلُوْبُ الخ : لام امر -কে বলে যার দ্বারা فعل তলব করা হয়। এবং لام এ -এর মধ্যে لام ঐ ও دعاء অন্তর্ভুক্ত। যেমন- لِيغفر لنا الله আর لام এ টি যের বিশিষ্ট হয়ে থাকে এবং কখনো কখনো واو - فاء - ثم -এর পরে সাকিন বিশিষ্ট হয়ে যায়। যেমন, আল্লাহর বাণী- ثُمَّ لْيَقْضُوْا - فَلْيُصَلُّوْ - وَلْتَأْتِ طَائِفَةٌ এবং لا ঐ لائے نهى -কে বলে যার দ্বারা فعل ترك তথা কোনো কর্ম না করা তলব করা হয়। এটা مضارع -এর প্রত্যেকটি সীগায় প্রবেশ করে থাকে। আর لام امر টি امر حاضر معروف ব্যতীত অবশিষ্ট সীগায় ব্যবহৃত হয়ে থাকে।

قَوْلُهٗ وَكَلِمُ الْمَجَازَاةِ الخ : فعل مضارع জযমদাতা حرف شرط তথা حرف شرط এগুলো দু'টো فعل -এর প্রারম্ভে প্রবেশ করে থাকে প্রথম فعل টি سبب আর দ্বিতীয় فعل টি مسبب এ কথা বুঝাবার জন্যে। فعل حرف شرط প্রবেশের পর প্রথম টিকে شرط আর দ্বিতীয় فعل টিকে جزاء বলে। যেমন- اِنْ تُكْرِمْنِىْ اُكْرِمْكَ - যদি তুমি আমাকে সম্মান কর, তাহলে আমিও তোমাকে সম্মান করব। এখানে প্রথম فعل তথা সম্মান করা হলো শর্ত আর সম্মান দেওয়া হলো جزاء ।

قَوْلُهٗ فَاِنْ كَانَ مُضَارِعَيْنِ الخ : এ ইবারত দ্বারা সম্মানিত গ্রন্থকার (র.) جزاء ও شرط -এর ই'রাব বর্ণনা করেছেন। অর্থাৎ যদি شرط ও جزاء উভয়টি فعل مضارع হয় অথবা শুধুমাত্র শর্তটি فعل مضارع হয়, তাহলে আবশ্যিকভাবে فعل مضارع জযম বিশিষ্ট হবে। যেমন- اِنْ تَضْرِبْنِىْ ضَرَبْتُكَ - اِنْ تُكْرِمْنِىْ اُكْرِمْكَ ।

আর যদি শুধুমাত্র فعل مضارع হয় তাহলে তাতে (فعل مضارع -এর মধ্যে) رفع এবং جزم উভয়টি জায়েজ। جزم জায়েজ হবার কারণ হলো এগুলোর প্রথমে حرف جازم প্রবিষ্ট হয়েছে তাই جزم محل হওয়ার যোগ্যতা রাখে। আর رفع এ জন্য জায়েজ যে, حرف جازم ও তার মধ্যস্থলে فعل ماضى প্রবেশ করায়, جازم -এর সাথে مضارع -এর সম্পর্কটা দুর্বল হয়ে গেছে ফলে যেন عامل لفظ হীন হয়ে গেছে। সুতরাং عامل معروف হিসেবে رفع দেওয়া হবে। যেমন- اِنْ جِئْتَنِىْ اُكْرِمْكَ বা اكرمك ।

وَإِذَا كَانَ الْجَزَاءُ مَاضِيًا بِغَيْرِ قَدْ لَفْظًا اَوْ مَعْنًى لَمْ يَجُزِ الْفَاءُ وَإِنْ كَانَ مُضَارِعًا مُثْبَتًا اَوْ مَنْفِيًّا بِلَا فَالْوَجْهَانِ وَإِلَّا فَالْفَاءُ وَيَجِئُ إِذَا مَعَ الْجُمْلَةِ الْاِسْمِيَّةِ مَوْضَعَ الْفَاءِ وَإِنْ مُقَدَّرَةً بَعْدَ الْاَمْرِ وَالنَّهْيِ وَالْاِسْتِفْهَامِ وَالتَّمَنِّيْ وَالْعَرْضِ إِذَا قُصِدَ السَّبَبِيَّةُ نَحْوُ اَسْلِمْ تَدْخُلِ الْجَنَّةَ وَلَا تَكْفُرْ تَدْخُلِ الْجَنَّةَ خِلَافًا لِلْكِسَائِيِّ لِاَنَّ التَّقْدِيْرَ إِنْ لَا تَكْفُرْ -

---

অনুবাদ : এবং যখন جزاء টি قد বিহীন শব্দগত বা অর্থগত ماضى হয়, তখন (جزاء -এর প্রথমে) فاء নেওয়া বৈধ নয়। আর যদি جزاء টি مضارع مثبت বা لا সহ مضارع منفى হয়, তবে তাতে দু' সুরত জায়েজ। (অর্থাৎ جزاء -এর প্রথমে فاء নেওয়া বা না নেওয়া উভয়টি জায়েজ) তা না হলে فاء নেওয়া অত্যাবশ্যক। এবং جمله اسميه -এর সাথে فاء -এর স্থলে اذا ব্যবহৃত হয়ে থাকে। যখন فعل مضارع -এর দ্বারা سبب (কারণ)-এর ইচ্ছাকরণ হবে। যেমন- اَسْلِمْ تَدْخُلِ الْجَنَّةَ (ইসলাম গ্রহণ কর জান্নাতে প্রবেশ করবে) এবং لَاتَكْفُرْ تَدْخُلِ الْجَنَّةَ (কুফরি করো না জান্নাতে প্রবেশ করবে)। ইমাম কিসাঈ (র.) এ বক্তব্যের বিরোধিতা করেন। কেননা, এর উহ্য ইবারত হলো اِنْ لَاتَكْفُرْ (যদি তুমি কুফরি না করো তাহলে জান্নাতে প্রবেশ করবে)।

ব্যাখ্যা : قَوْلُهُ وَإِذَا كَانَ الْجَزَاءُ الخ : যখন جزاء টি فعل ماضى বিহীন قد হয়, চাই শব্দগত فعل ماضى হোক, যেমন- اِنْ ضَرَبْتَ ضَرَبْتُ অথবা অর্থগত فعل ماضى হোক, যেমন- اِنْ ضَرَبْتَ لَمْ اَضْرِبْ তখন جزاء -এর শুরুতে فاء নেওয়া জায়েজ নেই। কেননা, فاء -এর মাধ্যমে جزاء -কে شرط -এর সাথে সংযোগ দেওয়া হয়ে থাকে, আর এ মাধ্যম তথা সংযোগ জ্ঞাপক অব্যয় আনা ঐ স্থানে আবশ্যক হয় যেখানে حرف شرط -এর প্রভাব প্রমাণিত না হয়। প্রাগুক্ত সুরতে حرف شرط টি ماضى -কে مستقبل -এর অর্থে পরিণত করে দেয়। সুতরাং হরফে شرط -এর প্রভাব এখানে প্রমাণিত। ফলে কোনো প্রকার واسطه তথা মাধ্যমের প্রয়োজন নেই। আর ماضى যদি قد সহকারে হয়, তাহলে এমতাবস্থায় ماضى তার স্বীয় অর্থে অনড় থাকে বলে حرف شرط -এর প্রভাব সম্পূর্ণরূপে অপ্রমাণিত হয়। তখন شرط ও جزاء -এর মধ্যে সংযোগ স্থাপনের জন্য جزاء -এর শুরুতে فاء নেওয়া আবশ্যক। যেমন- اِنْ يَّسْرِقْ فَقَدْ سَرَقَ اَخٌ لَّهُ مِنْ قَبْلُ (যদি সে চুরি করে থাকে তাহলে তার ভাই ইতোপূর্বে অবশ্যই চুরি করেছে)।

قَوْلُهُ وَإِنْ كَانَ مُضَارِعًا مُثْبَتًا الخ : যখন جزاء টি হ্যাঁ-সূচক فعل مضارع কিংবা "لا" সহকারে না-সূচক فعل مضارع হয় তখন তাতে (جزاء -এর শুরুতে) فاء নেওয়া বা না নেওয়া উভয়টি জায়েজ। فاء নেওয়া এ হিসেবে জায়েজ যে, مضارع منفى بلا ও (مضارع مثبت হ্যাঁ-সূচক) مضارع যেভাবে حرف شرط ماضى তে প্রভাব প্রমাণিত করেছে অনুরূপ (مضارع সহ না-সূচক لا) -এর মধ্যে প্রভাব প্রমাণিত করতে পারেনি, যেহেতু مستقبل -এর অর্থ তাতে পূর্বেই বিদ্যমান ছিল। আবার অর্থের মধ্যে সামান্য পরিবর্তন হয়েছে তথা مضارع -কে দু' অর্থের মধ্য হতে একটি তথা مستقبل -এর জন্য নির্দিষ্ট করা হয়েছে বলে فاء না নেওয়াও জায়েজ। যেমন- اِنْ تَضْرِبْنِىْ اَضْرِبْكَ বা اِنْ تَضْرِبْنِىْ فَاَضْرِبْكَ এবং اِنْ تَشْتِمْنِىْ لَا اَضْرِبْكَ اَوْ فَلَا اَضْرِبْكَ ।

قَوْلُهُ وَإِلَّا فَالْفَاءُ : তা না হলে فاء নেওয়া অত্যাবশ্যক। অর্থাৎ যদি جزاء টি প্রাগুক্ত فعل ماضى তথা قد বিহীন অর্থগত বা শব্দগত فعل ماضى বা فعل مضارع منفى بلا ও فعل مضارع مثبت না হয়, তাহলে جزاء -এর শুরুতে فاء নেওয়া আবশ্যক। কেননা, এসব সুরতে حرف شرط কোনো প্রকার পরিবর্তন করতে পারেনি। উল্লেখ্য যে, মোট চার স্থানে جزاء -এর শুরুতে فاء নেওয়া ওয়াজিব। **প্রথমত:** جزاء টি قد যুক্ত فعل ماضى হলে। চাই قد প্রকাশ্য হোক। যেমন- إِنْ يَّسْرِقْ فَقَدْ سَرَقَ أَخٌ لَّهُ مِنْ قَبْلُ অথবা অপ্রকাশ্য হোক। যেমন- إِنْ كَانَ قَمِيْصُهُ قُدَّ مِنْ قُبُلٍ فَصَدَقَتْ وَكَذَبَ এ আয়াতে صدقت -এর পূর্বে قد শব্দটি উহ্য রয়েছে। **দ্বিতীয়ত:** جزاء টি لا বিহীন مضارع منفى (তথা ما ও لن যুক্ত مضارع منفى) হলে। যেমন- وَمَنْ يَّبْتَغِ غَيْرَ الْإِسْلَامِ دِيْنًا فَلَنْ يُّقْبَلَ مِنْهُ

তৃতীয়ত: جزاء টি جمله اسميه হলে। যেমন- مَنْ جَاءَ بِالْحَسَنَةِ فَلَهُ عَشْرُ أَمْثَالِهَا **চতুর্থত:** جزاء টি إِنْ ও إِنْ كُنْتُمْ تُحِبُّوْنَ اللّٰهَ فَاتَّبِعُوْنِىْ يُحْبِبْكُمُ اللّٰهُ إِنْ تَرَكْتَنَا فَمَنْ يَّرْحَمُنَا جمله انشائيه হলে। যেমন- أَكْرَمْتَنَا فَيَرْحَمُكَ ইত্যাদি।

পূর্বোক্ত প্রকারসমূহে حرف شرط কোনোরূপ আমল করতে পারেনি বলে شرط -এর সাথে جزاء -এর সংযোগ স্থাপনার্থে فاء নেওয়া অত্যাবশ্যক হয়েছে।

قَوْلُهُ يَجِئُ إِذَا مَعَ الْجُمْلَةِ الْإِسْمِيَّةِ الخ : جزاء টি جمله اسميه হলে কখনো কখনো إذا مفاجاتيه (আকস্মিকতা জ্ঞাপক إذا) فاء -এর স্থলে جزاء -এর প্রারম্ভে ব্যবহৃত হয়। যেমন আল্লাহর বাণী- وَإِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌ بِمَا قَدَّمَتْ أَيْدِيْهِمْ إِذَا هُمْ يَقْنَطُوْنَ তথা فهم يقنطون এটা এ জন্য যে, إذا -এর অর্থ فاء -এর নিকটবর্তী। কেননা, فاء টি تعقيب তথা পরপর বুঝাবার জন্য ব্যবহৃত হয়। আর إذا مفاجاتيه টিও স্বভাবত একটি বিষয় হবার পর দ্বিতীয়টি হবার উপর বুঝিয়ে থাকে। ফলে তার মধ্যেও فاء تعقيبيه -এর অর্থ পাওয়া যায়।

قَوْلُهُ وَإِنْ مُقَدَّرَةً الخ : এ ইবারত দ্বারা সম্মানিত গ্রন্থকার (র.) যে সব স্থানে ان شرطيه উহ্য থাকে তার বর্ণনা প্রদান করেছেন। فعل مضارع কে جزم প্রদান করে। যথা- (১) امر -এর উদাহরণ- زُرْنِىْ فَأُكْرِمَكَ তথা إِنْ تَزُرْنِىْ فَأُكْرِمْكَ (যদি তুমি আমার নিকট সাক্ষাৎ কর তাহলে তোমাকে সম্মান করব।) (২) نهى -এর উদাহরণ- لَا تَفْعَلِ الشَّرَّ يَكُنْ خَيْرًا لَّكَ তথা إِنْ لَمْ تَفْعَلِ الشَّرَّ يَكُنْ خَيْرًا لَّكَ (যদি তুমি মন্দ কাজ না কর তবে তোমার মঙ্গল হবে) (৩) استفهام -এর উদাহরণ- اَشَرْبَهُ هَلْ عِنْدَكُمْ مَاءٌ তথা إِنْ يَّكُنْ عِنْدَكُمْ مَاءٌ اَشَرْبَهُ (যদি তোমাদের নিকট পানি থাকে তাহলে আমি পান করব)। (৪) تمنى -এর উদাহরণ عرض (৫) -এর উদাহরণ- لَيْتَ لِىْ مَالًا أُنْفِقُهُ তথা إِنْ يَّكُنْ لِىْ مَالٌ فَأُنْفِقُهُ (হায়! যদি আমার সম্পদ থাকত তাহলে তা ব্যয় করতাম।) إِنْ تَنْزِلْ -এর উদাহরণ- اَلَا تَنْزِلُ بِنَا فَتُصِيْبَ خَيْرًا (তুমি কি আমাদের সাথে সাক্ষাৎ করবে না? করলে ভাল হতো), তথা فَتُصِيْبَ خَيْرًا ।

قَوْلُهُ إِذَا قُصِدَ السَّبَبِيَّةُ الخ : পূর্বোক্ত পাঁচটি বস্তু তথা امر - نهى - استفهام - تمنى - عرض ও ان -এর পরে شرطيه উহ্য হওয়াও فعل مضارع -কে জযম দেওয়া এটা তখনই হয়ে থাকে, যখন উল্লিখিত পাঁচটি বস্তু مضارع -এর বিষয়বস্তুর জন্য سبب বা কারণ হওয়ার ইচ্ছা পোষণ করা হয়।

প্রশ্ন হতে পারে যে, ان شرطيه কেবলমাত্র উল্লিখিত পাঁচটি বস্তুর উপরে উহ্য থাকার কারণ কি? এ প্রশ্নের উত্তর হলো, প্রাগুক্ত বস্তুগুলো তলব বুঝিয়ে থাকে, আর طلب অধিকাংশ সময় এমন مطلوب (উদ্দিষ্ট বস্তু)-এরই হয়ে থাকে যার উপর

কোনো উপকারিতা এমনভাবে مرتب হয় যে, مطلوب ঐ উপকারিতার কারণ এবং উপকারিতাটা হয় مسبب ; মূলকথা হলো, যখন فعل مضارع উল্লেখিত বস্তুগুলোর মধ্য হতে কোনো একটি বস্তুর পরে পতিত হয়, এবং مضارع -এর বিষয়বস্তুর উপরোক্ত বিষয়সমূহকে سبب সাব্যস্ত করার ইচ্ছা পোষণ করা হয়, তখন তাতে شرط -এর অর্থ সাব্যস্ত হয় এবং ان شرطيه ঐ فعل شرط সহ যা উল্লিখিত বস্তুসমূহ হতে গৃহীত হয়েছে, উহ্য হয়। এবং ঐ فعل مضارع যা উল্লেখিত বস্তুসমূহের পরে উল্লেখ হয়েছিল তা ان شرطيه -এর কারণে জযমযুক্ত হবে। কেননা এটি একটি উপকারিতা যা طلب فعل -এর ওপর এমনভাবে مرتب হয়েছে যে উপকারিতাটি مسبب আর مطلوب টি তার سبب ; সুতরাং উল্লিখিত مضارع টি উহ্য শর্তের امر جزاء আর جزاء জযমযুক্ত হয়ে থাকে। ফলে সেটি জযমযুক্ত হবে। যেমন– اَسْلِمْ تَدْخُلِ الْجَنَّةَ এখানে اسلم হলো -এর সীগাহ। "ইসলাম" হলো مطلوب তার উপর যে উপকারিতাটি مرتب হয়, তা হলো "জান্নাতে প্রবেশকরণ"। তা ছাড়া ইসলাম গ্রহণ হলো سبب আর জান্নাতে প্রবেশকরণ হলো مسبب ; সুতরাং এখানে اسلم আমরের সীগাহের পরে ان شرطيه তার فعل شرط সহ উহ্য হবে এবং উল্লিখিত تدخل মুযারি'টি جزاء হবে। অতএব, এর উহ্য ইবারত হবে اَسْلِمْ اِنْ تَسْلِمْ تَدْخُلِ الْجَنَّةَ (ইসলাম গ্রহণ করো যদি ইসলাম গ্রহণ করো তাহলে জান্নাতে প্রবেশ করবে)।

قَوْلُه لَاتَكْفُرْ تَدْخُلِ الْجَنَّةَ : সম্মানিত গ্রন্থকারের উক্তি لَاتَكْفُرْ تَدْخُلِ الْجَنَّةَ -এর তারকীবটি نهى -এর পরে ان شرطيه উহ্য হবার উদাহরণ। এটির উহ্য ইবারত হলো– لَاتَكْفُرْ اِنْ لَا تَكْفُرْ تُدْخُلِ الْجَنَّةَ (কুফরি করো না! যদি কুফরি না করো তাহলে জান্নাতে প্রবেশ করবে)।

قَوْلُهُ وَامْتَنَعَ لَاتَكْفُرْ تَدْخُلِ النَّارَ الخ : জমহুরে নাহবিদগণের মতে– لَاتَكْفُرْ تَدْخُلِ النَّارَ এ তারকীবটি নিষিদ্ধ। কেননা, لاتكفر হলো فعل نهى যা فعل منفى উহ্য হবার قرينه (নিদর্শন) বহন করে, فعل مثبت -এর নিদর্শন নয়। অতএব, উক্ত তারকীবটির উহ্য ই'বারত হলো– لَاتَكْفُرْ اِنْ لَاتَكْفُرْ تَدْخُلِ النَّارَ – কুফরি করো না! যদি কুফরি না করো তাহলে জাহান্নামে প্রবেশ করবে। এ অর্থটি যে নির্জলা অশুদ্ধ তা দিবালোকের ন্যায় সুস্পষ্ট। কেননা, কুফরি না করা জান্নাতে প্রবেশের কারণ, জাহান্নামে প্রবেশের কারণ নয়। কিন্তু নাহু শাস্ত্রের এক দিকপাল ইমাম কিসাঈ (র.) বলেন, উপরোক্ত তারকীবটি সম্পূর্ণরূপে বিশুদ্ধ। কেননা, প্রাগুক্ত তারকীবটি উহ্য ই'বারত– لَاتَكْفُرْ اِنْ تَكْفُرْ تَدْخُلِ النَّارَ (তুমি কুফুরি করো না। যদি কুফুরি করো তাহলে জাহান্নামে প্রবেশ করবে) এভাবে প্রচলিত যাতে فعل مثبت -কে উহ্য মেনে নেওয়া হয়েছে।

আর প্রচলন সকল قرينه -এর উর্ধ্বে। অতএব, প্রচলনই গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে। আর قرينه পাওয়া গেলে فعل منفى -এর পরে فعل مثبت -কে মেনে নেওয়া জায়েজ আছে।

اَلْاَمْرُ صِيْغَةٌ يُطْلَبُ بِهَا الْفِعْلُ مِنَ الْفَاعِلِ الْمُخَاطَبِ بِحَذْفِ حَرْفِ الْمُضَارِعَةِ وَحُكْمُ اٰخِرِهٖ حُكْمُ الْمَجْزُوْمِ فَاِنْ كَانَ بَعْدَهٗ سَاكِنٌ وَلَيْسَ بِرُبَاعِيٍّ زِدْتَ هَمْزَةَ وَصْلٍ مَضْمُوْمَةً اِنْ كَانَ بَعْدَهٗ ضَمَّةٌ وَمَكْسُوْرَةً فِيْمَا سِوَاهُ مِثْلُ اُقْتُلْ وَاِضْرِبْ وَاِعْلَمْ وَاِنْ كَانَ رُبَاعِيًّا فَمَفْتُوْحَةٌ مَقْطُوْعَةٌ -

অনুবাদ : امر (আদেশসূচক ক্রিয়া) এমন একটি صيغه (শব্দরূপ) যদ্দ্বারা فاعل مخاطب (সে সম্বোধনকৃত কর্তা) থেকে কোনো কাজ তলব করা বুঝায়, مضارع -এর হরফ (তথা আলামতে مضارع) -কে বিলোপ করার দ্বারা। এবং তার শেষাক্ষরের হুকুম হলো مجزوم (জযম বিশিষ্ট فعل) -এর হুকুম। অতঃপর যদি তার (আলামতে মুযারি'র) পরে সাকিন হয় এবং رباعى (চার অক্ষর বিশিষ্ট) না হয় তাহলে পেশ বিশিষ্ট همزه وصل অতিরিক্ত করবে যদি তার (فاء كلمه -এর) পরে পেশ হয়। অন্যথায় যের বিশিষ্ট (হামযা অতিরিক্ত করবে) যেমন– اِعْلَمْ ، اِضْرِبْ আর যদি (مضارع টি) رباعى (চৌবর্ণ) হয়। তাহলে (হামযাটি) যবর বিশিষ্ট قطعى হবে।

ব্যাখ্যা : قَوْلُهُ اَلْاَمْرُ صِيْغَةٌ الخ : امر শব্দের আভিধানিক অর্থ, আদেশ করা ঃ আর নাহুবিদদের পরিভাষায়, امر দ্বারা امر متكلم ও امر حاضر ، امر غائب -এর সকল সীগাহকে বুঝানো হয়ে থাকে। চাই এগুলো معروف হোক বা مجهول হোক। তবে الامر بالصيغة كه- امر حاضر معروف -কে الامر بالحرف বা الامر باللام বলে। আর অবশিষ্ট সবগুলোকে الامر صيغة বলে এ কথা বুঝিয়েছেন যে, এখানে امر দ্বারা امر حاضر معروف উদ্দেশ্য। কেননা, امر বললেই ব্রেইন দ্রুত امر حاضر معروف-এর দিকেই ধাবিত হয়। সুতরাং امر বলা হয় এমন কতিপয় صيغه বা শব্দরূপকে যদ্দ্বারা সম্বোধিত কর্তা থেকে কোনো কাজে তলব করা বুঝায় মুযারি'র আলামতকে লুপ্ত করার দ্বারা। যেমন– اِضْرِبْ (তুমি প্রহার)।

فَوَائِدِ قُيُوْد এবং تَعْرِيْف : গ্রন্থকার (র.)-এর উক্তি "صيغة يطلب" এটি হলো جنس بمنزله যদ্দ্বারা امر -এর সকল সীগাহ তথা امر غائب ، امر حاضر ও امر متكلم এবং معروف ও مجهول সকল সীগাহ امر -এর সংজ্ঞার অন্তর্ভুক্ত হয়েছে। অতঃপর তাঁর উক্তি الفعل বাকি সব কয়টি শব্দ হলো فصل بمنزله অর্থাৎ "الفعل" -এর قيد (শর্ত) দ্বারা فعل নহি বের করা হয়েছে। কেননা, نهى -এর মাঝে বর্জন উদ্দেশ্য। আর من الفاعل দ্বারা امر مجهول -এর যাবতীয় সীগাহকে বের করা হয়েছে। কেননা, مجهول -এর সীগায় তলব হয়ে থাকে مفعول থেকে, فاعل থেকে নয়। "المخاطب" শব্দ দ্বারা متكلم معروف ও امر غائب معروف -এর সীগাহগুলোকে বের করা হয়েছে। এবং সর্বশেষ "بحذف حرف المضارعة" এর قيد টি হলো احترازى ـ قيد واقعى নয়। তবে কোনো কোনো ভাষ্য গ্রন্থের মতে এর দ্বারা همه – صه -কে বের করা হয়েছে।

قَوْلُهُ وَحُكْمُ اٰخِرِهٖ كَحُكْمِ الْمَجْزُوْمِ : امر حاضر معروف -এর শেষাক্ষরের হুকুম مضارع مجرور (জযম বিশিষ্ট মুযারি')-এর হুকুমের মতো। অর্থাৎ مضارع مجزوم থেকে যেভাবে جزم -এর অবস্থায় কখনো হরকত, কখনো نون اعرابى আবার কখনো হরফে ইল্লাত বিলুপ্ত হয়ে যায়। অনুরূপভাবে امر حاضر معروف থেকে এগুলো বিলুপ্ত হয়ে যায়। যেমন– اُنْصُرْ – اُنْصُرَا – اُنْصُرُوْا এবং اُدْعُ ، اِرْمِ ও اِخْشَ ইত্যাদি।

قوله فان كان بعده الخ : مضارع -এর আলামত বিলোপ করার পর যদি তার পরবর্তী অক্ষর (فاء كلمه) সাকিন হয় এবং مضارع টি رباعى তথা চৌবর্ণ বিশিষ্ট না হয়, তাহলে একটি পেশ বিশিষ্ট হামযা প্রথমে যোগ করতে হবে, যদি সাকিনের পরবর্তী অক্ষর পেশ বিশিষ্ট হয়। আর যদি (সাকিনের পরবর্তী অক্ষর) যের কিংবা যবর বিশিষ্ট হয়, তাহলে প্রথমে একটি যের বিশিষ্ট হামযা সংযোজন করতে হবে। যেমন– اُقْتُلْ ، اِضْرِبْ ও اِسْمَعْ আর যদি فعل مضارع টি رباعى তথা চৌবর্ণ বিশিষ্ট হয়, তাহলে শুরুতে همزة قطعى সংযোজন করতে হবে। যেমন– اَكْرِمْ হতে تُكْرِمُ ।

فِعْلُ مَا لَمْ يُسَمَّ فَاعِلُهُ هُوَ مَا حُذِفَ فَاعِلُهُ فَإِنْ كَانَ مَاضِيًا ضُمَّ أَوَّلُهُ وَكُسِرَ مَا قَبْلَ اٰخِرِهِ وَيُضَمُّ الثَّالِثُ مَعَ هَمْزَةِ الْوَصْلِ وَالثَّانِيْ مَعَ التَّاءِ خَوْفَ اللَّبْسِ وَمُعْتَلُّ الْعَيْنِ الْاَفْصَحُ قِيْلَ وَبِيْعَ وَجَاءَ الْإِشْمَامُ وَالْوَاوُ وَمِثْلُهُ بَابُ اُخْتِيْرَ وَانْقِيْدَ دُوْنَ اُسْتُخِيْرَ وَاُقِيْمَ –

অনুবাদ : فعل مالم يسم فاعله (এমন فعل যার فاعل -কে উল্লেখ করা হয়নি) ঐ فعل -কে বলে যার فاعل (কর্তা)-কে বিলোপ করা হয়েছে। (এবং مفعول -কে তার فاعل -এর স্থলাভিষিক্ত করা হয়েছে) অতঃপর (فعل مالم يسم فاعله টি) যদি ماضى হয়, তাহলে প্রথম অক্ষরে পেশ এবং তার শেষাক্ষরের পূর্বাক্ষরে যের দেওয়া হবে। এবং তৃতীয়াক্ষরে পেশ দেওয়া হবে همزه وصل -এর সাথে। আর تاء -এর সাথে দ্বিতীয়াক্ষরে পেশ দেওয়া হবে التباس (মিলার)-এর আশংকায়। আর ماضى মাজহুল معتل عين (তথা عين كلمه ওয়াও বা ياء বিশিষ্ট) হলে তার فاء كلمه পেশ হওয়া সর্বাধিক প্রসিদ্ধ। যেমন– قِيْلَ - بِيْعَ এবং (এ ক্ষেত্রে) واو ও اشمام সহকারে আসে। অনুরূপভাবে اُنْقِيْدَ ও اُخْتِيْرَ (তবে) اُسْتُخِيْرَ ও اُقِيْمَ -এর মধ্যে নয়।

ব্যাখ্যা : قَوْلُهُ فِعْلُ مَالَمْ يُسَمَّ فَاعِلُهُ الخ : فعل ما لم يسم فاعله -কে বলে, যার فاعل কে বিলোপ করে مفعول -কে তার স্থলাভিষিক্ত করা হয়। এখানে ما لم يسم فاعله -এর দ্বারা উদ্দেশ্য হলো– مفعول এ হিসেবে فعل ما لم يسم فاعله -এর অর্থ দাঁড়ায় مفعول ঐ فعل المفعول الذى لم يذكر فاعله -এর فحل যার فاعل উল্লেখ নেই।

قَوْلُهُ فَإِنْ كَانَ مَاضِيًا الخ : অতঃপর ঐ فعل যার فاعل -কে বিলোপ করে مفعول -কে তার স্থলাভিষিক্ত করার ইচ্ছা পোষণ করা হয়েছে সেটি যদি فعل ماضى হয়, তাহলে তার প্রথমাক্ষরে পেশ এবং শেষাক্ষরের পূর্বাক্ষরে যের দিতে হবে। তবে এটা ঐ সব বাবের ক্ষেত্রে প্রযোজ্য হবে যে সব বাবের ماضى -এর প্রথমে হামযায়ে ওয়াসল বা تاء অতিরিক্ত হয় না। যেমন– اُكْرِمَ ، دُحْرِجَ ، ضُرِبَ ইত্যাদি। আর যদি ماضى -এর প্রথমে همزه وصل হয়, তাহলে همزه وصل ও তৃতীয় অক্ষরে পেশ এবং শেষাক্ষরের পূর্বাক্ষরে যের দিতে হবে। যেমন– اُسْتُخْرِجَ - اُقْتِيْدَ আর যদি ماضى -এর প্রথমে تاء হয়, তাহলে تاء এবং দ্বিতীয় অক্ষরে পেশ দিতে হবে। যেমন– تُضُرِّبَ - تُقُبِّلَ ইত্যাদি। উল্লেখ্য যে, সর্বাবস্থায় ماضى -এর শেষাক্ষরের পূর্বাক্ষরে যের হবে। مجهول

قَوْلُهُ مُعْتَلُّ الْعَيْنِ الْاَفْصَحُ الخ : عين كلمه معتل তথা ياء বা واو হলে এবং عين ثلاثى مجرد হলে, ماضى مجهول তিন পদ্ধতির কোনো এক পদ্ধতিতে পড়া জায়েজ। (১) فاء বর্ণে যের দিয়ে। যেমন– قيل ও بيع এটাই সর্বাধিক বিশুদ্ধ। (২) اشمام করে তথা فاء كلمه -এর যেরকে পেশের দিকে একটু ঝুঁকিয়ে এবং عين كلمه -এর সাকিনযুক্ত ياء -কে সামান্য واو -এর দিকে ঝুঁকিয়ে পড়া। যেমন– قِيْلَ - بِيْعَ (৩) بُوْعَ ও قُوْلَ (ياء -এর স্থলে واو) পড়া। এমনিভাবে বাবে انفعال ও افتعال -এর ماضى -কে بِيْعَ ও قِيْلَ -এর মতো তিন পদ্ধতিতে পড়া যায়। যেমন– اُنْقُوْدَ - اُنْقِيْدَ - اُخْتُوْرَ - اُخْتِيْرَ কেননা قيد ও تير কোনো পার্থক্য ছাড়াই بيع ও قيل -এর মতো।

قَوْلُهُ دُوْنَ اُسْتُخِيْرَ الخ : বাবে افعال ও استفعال -এর ماضى যদি عين معتل তথা اجوف واوى বা يائى হয়, তাহলে তাতে পূর্বোক্ত তিনো পদ্ধতি জারি হবে না। তবে শুধুমাত্র প্রথম পদ্ধতিতে পড়া যাবে। যেমন– اُقِيْمَ ও اُسْتُخِيْرَ কেননা এসব স্থানে حرف علة -এর পূর্বাক্ষরে মূল থেকে সাকিন ছিল। অর্থাৎ এগুলো মূলে ছিল اُسْتُخْيِرَ ও اُقْوِمَ যা فعل -এর ওজনে হয়নি। সুতরাং প্রথম পদ্ধতিতে مجهول পড়তে হবে।

وَاِنْ كَانَ مُضَارِعًا ضُمَّ اَوَّلُهٗ وَفُتِحَ مَا قَبْلَ اٰخِرِهٖ وَمُعْتَلُّ الْعَيْنِ يَنْقَلِبُ فِيْهِ الْعَيْنُ اَلِفًا اَلْمُتَعَدِّيْ وَغَيْرُ الْمُتَعَدِّيْ فَالْمُتَعَدِّيْ مَا يَتَوَقَّفُ فَهْمُهٗ عَلٰى مُتَعَلَّقٍ كَضَرَبَ وَغَيْرُ الْمُتَعَدِّيْ بِخِلَافِهٖ كَقَعَدَ وَالْمُتَعَدِّيْ يَكُوْنُ اِلٰى وَاحِدٍ كَضَرَبَ وَاِلٰى اِثْنَيْنِ كَاَعْطٰى وَعَلِمَ وَاِلٰى ثَلٰثَةٍ كَاَعْلَمَ وَاَرٰى وَاَنْبَأَ وَنَبَّأَ وَاَخْبَرَ وَخَبَّرَ وَحَدَّثَ وَهٰذِهٖ مَفْعُوْلُهَا الْاَوَّلُ كَمَفْعُوْلِ اَعْطَيْتُ وَالثَّانِيْ وَالثَّالِثُ كَمَفْعُوْلَيْ عَلِمْتُ -

---

অনুবাদ : আর যদি فعل مجهول টি فعل مضارع হয়, তাহলে তার প্রথমে পেশ এবং শেষাক্ষরের পূর্বাক্ষরে যবর দিতে হবে। এবং معتل عين -এর মধ্যে عين كلمه টি الف দ্বারা পরিবর্তন হয়ে যায়। (فعل দু'প্রকার। যথা-) (১) متعدى (তথা সকর্মক) (২) غير متعدى (তথা লাযিম-অকর্মক) অতঃপর متعدى হলো, যাকে বুঝতে متعلق -এর উপর নির্ভর করতে হয়। যেমন- ضرب (সে প্রহার করল) আর غير متعدى তার বিপরীত। যেমন- قَعَدَ (সে উপবিষ্ট হলো) আর فعل متعدى কখনো একটি مفعول -এর দিকে متعدى হয়। যেমন- ضرب (সে প্রহার করল এবং কখনো متعدى হয় দু' মাফউলের দিকে। যেমন- اَعْطٰى (আমি দান করলাম) علم (সে জানে) এবং কখনো متعدى হয় তিনটি مفعول প্রতি। যেমন- اَعْلَمَ ، اَرٰى ، اَنْبَأَ ، نَبَّأَ ، اَخْبَرَ ، خَبَّرَ ও حَدَّثَ এসব فعل -এর প্রথম مفعول টা اَعْطَيْتُ -এর প্রথম মাফউলের মতো এবং দ্বিতীয় ও তৃতীয় মাফউল عَلِمْتُ -এর مفعول দ্বয়ের মতো।

ব্যাখ্যা : قَوْلُهٗ وَاِنْ كَانَ مُضَارِعًا ضُمَّ الخ : যদি উক্ত فعل (তথা যার فاعل -কে বিলোপ করে مفعول -কে তার স্থলাভিষিক্ত করা হয়েছে) فعل مضارع হয় তাহলে মুযারি'-এর আলামতে পেশ ও শেষাক্ষরের পূর্বাক্ষরে যবর দিতে হবে। যেমন- يُقْتَلُ (সে নিহত হচ্ছে বা হবে)। আর معتل العين হলে সরফের নিয়মানুযায়ী عين كلمه টি الف দ্বারা পরিবর্তিত হয়ে যাবে। যেমন- يُقَالُ - يُبَاعُ ইত্যাদি।

قَوْلُهٗ فَالْمُتَعَدِّيْ مَا يَتَوَقَّفُ الخ : সম্মানিত গ্রন্থকার (র.) এখান থেকে فعل -এর প্রকার বর্ণনা শুরু করে দেন। অতঃপর فعل দু'প্রকার- (১) لازم (অকর্মক), (২) متعدى (সকর্মক), متعدى এমন فعل -কে বলে যার অর্থ বুঝাবার জন্য فاعل ব্যতীত অন্যকোনো (মাফউল) متعلق -এর উপর নির্ভর করতে হয়। যেমন- ضرب এ ফে'লটিকে বুঝতে হলে যেভাবে فاعل -এর প্রয়োজন। অনুরূপভাবে এর অর্থ বুঝাটা غير فاعل তথা مضروبا (প্রহৃত)-এর উপর নির্ভর করে। আর غير متعدى তথা لازم فعل তার বিপরীত। অর্থাৎ لازم فعل (অকর্মক ক্রিয়া) এমন فعل -কে বলে, যার অর্থ বুঝাবার জন্য فاعل ব্যতীত অন্যকোনো متعلق -এর উপর নির্ভর করতে হয় না। যেমন- قعد (সে বসল)।

قَوْلُهُ وَالْمُتَعَدِّيْ يَكُوْنُ الخ : فعل متعدى -এর কয়েকটি প্রকার রয়েছে– (১) কখনো এগুলো একটি مفعول -এর প্রতি متعدى হয়। যেমন– ضَرَبَ زَيْدٌ عَمْرًا (যায়েদ আমরকে প্রহার করল।) (২) কখনো দু'টো مفعول -এর প্রতি متعدى হয়। যেমন– عَلِمْتُ زَيْدًا فَاضِلًا (আমি যায়েদকে সম্মানী মনে করলাম)। এবং اَعْطَيْتُ زَيْدًا دِرْهَمًا (আমি যায়েদকে একটি দিরহাম দান করলাম)। প্রাগুক্ত উদাহরণদ্বয়ের মধ্যে কিছুটা পার্থক্য রয়েছে। প্রথম উদাহরণে দ্বিতীয় مفعول টি প্রথমটির বিপরীত নয়; বরং উভয়টি মাফউল এক। ফলে দু'টি মাফউলের একটির উপর যথেষ্ট اقتصار করা জায়েজ নেই। আর দ্বিতীয় উদাহরণে প্রথম মাফউলটি দ্বিতীয় মাফউলের বিপরীত হওয়ায় দুই مفعول -এর মধ্য হতে যে কোনো একটির উপর যথেষ্ট করা জায়েজ। (৩) কখনো فعل তিন মাফউলের প্রতি متعدى হয় এবং এমতাবস্থায় তার প্রথম মাফউলটি اَعْطَيْتُ -এর মাফউলের মতো। অর্থাৎ যেভাবে اَعْطَيْتُ -এর দু' মাফউলের মধ্য হতে একটির উপর সংক্ষেপ করা জায়েজ। অনুরূপভাবে এ فعل সমূহের শুধুমাত্র প্রথম مفعول কে উল্লেখ করা অথবা দ্বিতীয় বা তৃতীয় মাফউলকে উল্লেখ করা জায়েজ। তবে দ্বিতীয় ও তৃতীয় مفعول টি তার বিপরীত অর্থাৎ এ মাফউলদ্বয় علمت -এর مفعول দ্বয়ের মতো। অর্থাৎ এগুলোর মধ্যে اقتصار তথা একটিকে উল্লেখ করবে আর অপরটিকে বিলোপ করবে এটা জায়েজ নেই। সুতরাং হয়তো উভয়টিকে বিলোপ করতে হবে নতুবা উভয়টিকে উল্লেখ করতে হবে। যেমন– اَعْلَمَ اللّٰهُ زَيْدًا عَمْرًا فَاضِلًا (আল্লাহ তা'আলা যায়েদকে জানিয়ে দিয়েছেন যে, আমার সম্মানী ব্যক্তি)। অনুরূপভাবে اَنْبَأَ ، نَبَّأَ ، اَخْبَرَ ، خَبَّرَ ও حَدَّثَ এ ফে'লগুলো اَعْلَمَ -এর অর্থকে অন্তর্ভুক্ত করায় তিন مفعول -এর প্রতি متعدى হয়ে থাকে।

اَفْعَالُ الْقُلُوْبِ ظَنَنْتُ وَحَسِبْتُ وَخِلْتُ وَ زَعَمْتُ وَعَلِمْتُ وَ رَأَيْتُ وَ وَجَدْتُ تَدْخُلُ عَلَى الْجُمْلَةِ الْاِسْمِيَّةِ لِبَيَانِ مَاهِىَ عَنْهُ فَتَنْصِبُ الْجُزْئَيْنِ وَمِنْ خَصَائِصِهَا اَنَّهُ اِذَا ذُكِرَ اَحَدُهُمَا ذُكِرَ الْاٰخَرُ بِخِلَافِ بَابِ اَعْطَيْتُ وَمِنْهَا جَوَازُ الْاِلْغَاءِ اِذَا تَوَسَّطَتْ اَوْ تَاَخَّرَتْ لِاِسْتِقْلَالِ الْجُزْئَيْنِ كَلَامًا وَمِنْهَا اَنَّهَا تُعَلَّقُ قَبْلَ الْاِسْتِفْهَامِ وَالنَّفْىِ وَاللَّامِ مِثْلُ عَلِمْتُ اَزَيْدٌ عِنْدَكَ اَمْ عَمْرٌو وَمِنْهَا اَنَّهَا يَجُوْزُ اَنْ يَّكُوْنَ فَاعِلُهَا وَمَفْعُوْلُهَا ضَمِيْرَيْنِ لِشَىْءٍ وَاحِدٍ مِثْلُ عَلِمْتُنِىْ مُنْطَلِقًا وَلِبَعْضِهَا مَعْنًى اٰخَرَ يَتَعَدّٰى بِهٖ اِلٰى وَاحِدٍ فَظَنَنْتُ بِمَعْنٰى اِتَّهَمْتُ وَعَلِمْتُ بِمَعْنٰى عَرَفْتُ وَ رَأَيْتُ بِمَعْنٰى اَبْصَرْتُ وَجَدْتُ بِمَعْنٰى اَصَبْتُ -

---

অনুবাদ : جملة اسميه -এর উপর প্রবিষ্ট হয় (এগুলো) কিসের থেকে নির্গত তা বর্ণনা করার জন্যে। অতঃপর এগুলো (جمله اسميه উভয় অংশকে নসব দান করে। এগুলোর বৈশিষ্ট্য হতে একটি হলো, এগুলোর مفعول দ্বয়ের একটিকে উল্লেখ করলে অপরটিকেও উল্লেখ করতে হয়। তবে اَعْطَيْتُ -এর বিষয়টি তার বিপরীত। এগুলোর আরেকটি বৈশিষ্ট্য হলো, যখন এগুলো (مفعول দ্বয়ের) মধ্যে কিংবা শেষে অবস্থান করবে তখন এগুলোর আমল বাতিল বলে গণ্য করা বৈধ। উভয় অংশ (তথা মাফউলদ্বয়) স্বয়ংসম্পূর্ণ বাক্য হবার যোগ্যতা রাখায় افعال قلوب -এর বৈশিষ্ট্যের মধ্য হতে আরেকটি হলো, এগুলো যখন استفهام - نفى ও لام -এর পূর্বে হয় এগুলোর আমল বাতিল হয়ে যায়। যেমন– عَلِمْتُ اَزَيْدٌ عِنْدَكَ اَمْ عَمْرٌو (আমি জানি তোমার নিকট যায়েদ নাকি আমর) এগুলোর বৈশিষ্ট্য হতে আরেকটি হলো, এদের ফায়িল ও মাফউলের ضمير একটি বস্তুর জন্য হওয়া জায়েজ। যেমন– عَلِمْتُنِىْ مُنْطَلِقًا (আমি নিজেকে চলন্তুক জানলাম) এদের কতেকগুলোর অন্য অর্থও রয়েছে। যদ্দ্বারা এরা এক মাফউলের প্রতি متعدى হয়। সুতরাং (কখনো কখনো) ظَنَنْتُ অর্থ– اِتَّهَمْتُ (আমি অপবাদ দিলাম), عَلِمْتُ অর্থ– عَرَفْتُ (আমি চিনলাম), رَأَيْتُ অর্থ– اَبْصَرْتُ (আমি দেখলাম), وَجَدْتُ অর্থ– اَصَبْتُ (আমি পৌঁছলাম) হয়ে থাকে।

ব্যাখ্যা : قَوْلُهُ اَفْعَالُ الْقُلُوْبِ : যে সব فعل হৃদয় হতে প্রকাশিত হয় তাদেরকে افعال قلوب বলে। افعال قلوب মোট সাতটি যথা– (১) ظَنَنْتُ (আমি মনে করলাম), (২) حَسِبْتُ (আমি ধারণা করলাম), (৩) خِلْتُ (আমি খেয়াল করলাম)। এ তিনটিকে افعال ظن (সংশয়সূচক ক্রিয়া) বলে, (৪) عَلِمْتُ (আমি জানলাম), (৫) رَأَيْتُ (আমি দেখলাম), (৬) وَجَدْتُ (আমি পেলাম)। এ তিনটিকে افعال يقين বা নিশ্চয়তাসূচক ক্রিয়া বলে। (৭) زَعَمْتُ (আমি ধারণা করলাম) এ ক্রিয়াটি ظَنْ (ধারণাসূচক) ও يَقِيْن (নিশ্চয়তাসূচক) উভয় অর্থে ব্যবহৃত হয়। তাই একে فعل ظن ويقين বলে। এগুলো جمله اسميه -এর প্রথমে প্রবিষ্ট হয়, জুমলাটি ধারণামূলক নাকি নিশ্চয়তা জ্ঞাপক এ কথা বর্ণনা করার জন্য। এবং এগুলো جمله اسميه -এর উভয় অংশ তথা مبتدأ ও خبر -কে মাফউল হিসেবে نصب প্রদান করে। যেমন– عَلِمْتُ

زَيْدًا قَائِمًا (আমি যায়েদকে দণ্ডায়মান ধারণা করি) এবং ظَنَنْتُ زَيْدًا قَائِمًا (আমি যায়েদকে দণ্ডায়মান ধারণা করি) পূর্বোক্ত বাক্যদ্বয়ে زَيْدٌ قَائِمٌ একটি جمله اسميه এটিতে عَلِمْتُ এবং ظَنَنْتُ ফে'লদ্বয় প্রবিষ্ট হবার পূর্বে তাতে যায়েদের দণ্ডায়মান প্রত্যয়ী বা ধারণামূলক উভয়টির সম্ভাবনা ছিল। অতঃপর عَلِمْتُ প্রবেশের পর নিশ্চিত হয়ে গেল যে, যায়েদের দণ্ডায়মান প্রত্যয়ী। আর ظَنَنْتُ প্রবেশের মাধ্যমে "যায়েদের দণ্ডায়মান ধারণামূলক" এ বিষয়টি সাব্যস্ত হয়ে গেল।

قَوْلُهُ وَمِنْ خَصَائِصِهَا الخ : সম্মানিত গ্রন্থকার (র.) এখান থেকে افعال قلوب -এর কতিপয় বৈশিষ্ট্যের আলোচনা শুরু করেছেন। প্রথম বৈশিষ্ট্য হলো, افعال قلوب -এর مفعول দ্বয়ের যে কোনো একটিকে উল্লেখ করা হলে অপরটিকে উল্লেখ করা আবশ্যক। কেননা, এদের মাফউলদ্বয় একটি مفعول به -এর স্থলাভিষিক্ত। সুতরাং যদি একটি মাফউলকে বিলোপ করা হয় আর একটিকে উল্লেখ করা হয় তাহলে একই শব্দের একাংশ উল্লেখ এবং একাংশ বিলোপকরণ লাযেম আসে, যা জায়েজ নেই। তবে اَعْطَيْتُ -এর ক্ষেত্রে তার বিপরীত। কেননা, اَعْطَيْتُ -এর দু' মাফউলের একটির উপর اقتصار জায়েজ।

قَوْلُهُ وَمِنْهَا جَوَازُ الْاِلْغَاءِ الخ : দ্বিতীয় বৈশিষ্ট্য হলো, এগুলো আমলকে لفظا ও معنى বাতিল করা জায়েজ, যদি এরা مفعول দ্বয়ের মধ্যস্থলে আসে, যেমন– زَيْدٌ ظَنَنْتُ قَائِمٌ অথবা مفعول দ্বয়ের পরে আসে। যেমন– زَيْدٌ قَائِمٌ ظَنَنْتُ কেননা مفعول দ্বয় مبتدأ ও خبر হবার কারণে كلام مستقل বা স্বয়ংসম্পূর্ণ বাক্য হবার যোগ্য রাখে। আর افعال قلوب মধ্যখানে বা পরে হবার কারণে عمل -এর ক্ষেত্রে ضعيف (দুর্বল) হয়ে পড়েছে। এ হিসেবে عمل বাতিল করা জায়েজ। তবে এগুলোর ذات -এর মধ্যে আশা করার শক্তি আছে বিধায় আমল করাও বৈধ। এগুলোর আমল বাতিলাবস্থায় এরা মাসদারের অর্থে পরিণত হয়ে ظرف হবে। এক্ষেত্রে মূল ই'বারাত হবে زَيْدٌ فِىْ ظَنِّىْ قَائِمٌ এবং زَيْدٌ قَائِمٌ ظَنِّىْ । উল্লেখ্য যে, افعال قلوب মাফউলদ্বয়ের মধ্যখানে হলে এগুলোকে আমিল বানানো উত্তম আর শেষে হলে আমল বাতিল করা উত্তম।

قَوْلُهُ وَمِنْهَا اَنَّهَا تُعَلَّقُ قَبْلَ الخ : افعال قلوب -এর বৈশিষ্ট্যগুলো হতে তৃতীয়টি হলো, এগুলো استفهام - نفى ও لام ابتداء -এর পূর্বে পতিত হলে لفظا তথা শব্দগত আমল স্থগিত হয়ে যায় তবে অর্থগত আমল অবশিষ্ট থাকে। যেমন– عَلِمْتُ اَزَيْدٌ عِنْدَكَ اَمْ عَمْرٌو (আমি জানি তোমার নিকট যায়েদ নাকি আমর) এ ক্ষেত্রে আমল স্থগিত হবার কারণ হলো– لام ابتداء ও استفهام ، حرف نفى -এর স্থান হলো বাক্যের প্রথম কিন্তু افعال قلوب এদের স্থান দখল করেছে এবং উক্ত বস্তুগুলো افعال قلوب ও তার معمول -এর মধ্যে পতিত হয়ে উভয়ের মাঝে পার্থক্য সৃষ্টি করে ফেলেছে। উল্লেখ যে, সম্মানিত গ্রন্থকার (র.) استفهام বলেছেন। কিন্তু حرف الاستفهام বলেননি; কারণ استفهام -এর মধ্যে استفهام اسماء ও শামিল। যেমন, আল্লাহর বাণী– لِنَعْلَمَ اَىُّ الْحِزْبَيْنِ اَحْصٰى আর গ্রন্থকারের উক্তি تعلق -এর দ্বারা উদ্দেশ্য হলো পূর্বোক্ত অবস্থায় এগুলো পরিপূর্ণ আমিলও নয়। আবার مهملও নয়।

قَوْلُهُ وَمِنْهَا اَنَّهَا يَجُوْزُ الخ : افعال قلوب -এর বৈশিষ্ট্যসমূহের মধ্য হতে চতুর্থটি হলো তাদের فاعل একটি مفعول -এর উভয় ضمير মিলিতভাবে থেকে একটি বস্তুর দিকে প্রত্যাবর্তন করা জায়েজ। যেমন– عَلِمْتُنِىْ مُنْطَلِقًا এখানে فاعل এবং প্রথম مفعول উভয়ই متكلم -এর ضمير মিলিতভাবে রয়েছে এবং একই বস্তু তথা متكلم-এর দিকে প্রত্যাবর্তন করেছে যা অন্য কোনো فعل -এ বৈধ নয়।

قَوْلُهُ وَبَعْضُهَا مَعْنًى اٰخَرُ الخ : কোনো কোনো افعال قلوب কখনো কখনো স্বীয় অর্থে ব্যবহৃত না হয়ে অন্যান্য অর্থে ব্যবহৃত হয়। এ সময় এগুলো আর افعال قلوب থাকে না এবং দু'টি مفعول -এর প্রতি متعدىও হয় না; বরং সে ক্ষেত্রে একটি مفعول -এর প্রতি متعدى হয়ে থাকে। যেমন– ظَنَنْتُ টি اِتَّهَمْتُ অর্থে। তথা ظَنَنْتُ زَيْدًا আমি যায়েদকে অপবাদ দিলাম। عَلِمْتُ টি عَرَفْتُ অর্থে, তথা عَلِمْتُ زَيْدًا – আমি যায়েদকে চিনেছি, رَاَيْتُ টি اَبْصَرْتُ অর্থে, তথা رَاَيْتُ زَيْدًا – আমি যায়েদকে দেখেছি। وَجَدْتُ টি اَصَبْتُ অর্থে, তথা وَجَدْتُ الضَّالَّةَ – আমি হারানো বস্তুটি পেয়েছি। অর্থাৎ আমি হারানো বস্তুটি পর্যন্ত পৌঁছেছি।

اَلْاَفْعَالُ النَّاقِصَةُ مَا وُضِعَ لِتَقْرِيْرِ الْفَاعِلِ عَلٰى صِفَةٍ وَهِىَ كَانَ وَصَارَ وَاَصْبَحَ وَاَمْسٰى وَاَضْحٰى وَظَلَّ وَبَاتَ وَاَضَ وَعَادَ وَغَدَا وَ رَاحَ وَمَازَالَ وَمَاانْفَكَّ وَمَا فَتِئَ وَمَابَرِحَ وَمَادَامَ وَلَيْسَ وَقَدْ جَاءَ مَا جَاءَتْ حَاجَتُكَ وَقَعَدَتْ كَاَنَّهَا حِرْبَةٌ تَدْخُلُ عَلَى الْجُمْلَةِ الْاِسْمِيَّةِ لِاِعْطَاءِ الْخَبَرِ حُكْمَ مَعْنَاهَا فَتَرْفَعُ الْاَوَّلَ وَتَنْصِبُ الثَّانِىْ مِثْلُ كَانَ زَيْدٌ قَائِمًا فَكَانَ تَكُوْنُ نَاقِصَةً لِثُبُوْتِ خَبَرِهَا مَاضِيًا دَائِمًا مُنْقَطِعًا وَبِمَعْنٰى صَارَ وَيَكُوْنُ فِيْهَا ضَمِيْرُ الشَّانِ وَتَكُوْنُ تَامَّةً بِمَعْنٰى ثَبَتَ وَ زَائِدَةً –

অনুবাদ : افعال ناقصه (অপূর্ণাঙ্গ ক্রিয়া) ঐ فعل -কে বলে যা (তার) فاعل -কে কোনো গুণের উপর সাব্যস্ত করার জন্য গঠিত হয়েছে। আর এগুলো হলো– كَانَ - صَارَ - اَصْبَحَ - اَمْسٰى - اَضْحٰى - ظَلَّ - بَاتَ - اَضَ - عَادَ - غَدَا - رَاحَ - مَازَالَ - مَا انْفَكَّ - مَا فَتِئَ - مَا بَرِحَ - مَادَامَ - لَيْسَ এবং مَاجَاءَتْ حَاجَتُكَ এ বাক্যে قَعَدَتْ كَاَنَّهَا حِرْبَةٌ ও مَاجَاءَتْ বাক্যে قَعَدَتْ শব্দটি افعال ناقصه -এর অন্তর্ভুক্ত। এগুলো جمله اسميه -এর উপর প্রবিষ্ট হয়– স্বীয় অর্থের হুকুমটি خبر -কে দেওয়ার জন্য। এরা প্রথম (اسم) টিকে رفع প্রদান করে এবং দ্বিতীয় (اسم) টি (তথা خبر কে نصب দেয়। যেমন– كَانَ زَيْدٌ قَائِمًا (যায়েদ দাঁড়ানো ছিল)। অতঃপর كَانَ টি ناقصه (অপূর্ণাঙ্গ) হয়, তার خبر -কে স্থায়ী বা অস্থায়ীভাবে অতীতকালীন সাব্যস্ত করার জন্যে। এবং (كَانَ টি) صَارَ অর্থে ব্যবহৃত হয় এ সময় তাতে ضمير شان হয়। কখনো كَانَ টি تامه (পূর্ণাঙ্গ) হয় তখন كَانَ টি ثَبَتَ অর্থে ব্যবহৃত হয়। আবার كَانَ টি কখনো অতিরিক্ত হিসেবেও ব্যবহৃত হয়।

ব্যাখ্যা : قَوْلُهُ اَلْاَفْعَالُ النَّاقِصَةُ الخ : افعال ناقصة (অপূর্ণাঙ্গ ক্রিয়া)-কে ناقصه বলে নামকরণ করার কারণ হলো, এ فعل গুলো অন্যান্য فعل -এর ন্যায় فاعل দ্বারা পরিপূর্ণ হতে পারে না, বরং خبر -এর প্রয়োজন হয়। (افعال ناقصه -এর সংজ্ঞা) افعال ناقصه এমন কতগুলো فعل -কে বলে, যা স্বীয় فاعل -কে কোনো صفت তথা গুণের ওপর সাব্যস্ত করার জন্য গঠিত হয়েছে। আর এদের সংখ্যা হলো ১৭টি। যথা– (১) كَانَ (ছিল, আছে, হয়), (২) صَارَ (ফিরে এলো), (৩) اَصْبَحَ (হলো, পরিণত হলো, প্রভাতে হলো), (৪) اَمْسٰى (হলো, পরিণত হলো, সন্ধ্যায় উপনীত হলো), (৫) اَضْحٰى (হলো, পরিণত হলো, পূর্বাহ্নে উপনীত হলো), (৬) ظَلَّ (ভ্রষ্ট হলো, পথ হারালো, বিপথে গেল) (৭) بَاتَ (হলো, রাত্রি যাপন করল), (৮) اَضَ (ফিরল, রূপান্তরিত হলো), (৯) عَادَ (ফিরে আসল, প্রত্যাবর্তন করল), (১০) غَدَا (প্রভাতে হলো), (১১) رَاحَ (সন্ধ্যায় গমন করল, চলে গেল), (১২) مَازَالَ (অব্যাহত থাকল, চলতে থাকল), (১৩) مَا انْفَكَّ (সর্বদাই), (১৪) مَافَتِئَ (সর্বদাই), (১৫) مَا بَرِحَ (চলতে থাকল, অব্যাহত থাকল), (১৬) مَادَامَ (যতক্ষণ, যতক্ষণ থাকল), (১৭) لَيْسَ (না, নয়)।

قَوْلُهُ قَدْ جَاءَ مَاجَاءَتْ الخ : সম্মানিত গ্রন্থকার (র.) এ বাক্যটি দ্বারা এ কথা বুঝাতে চেয়েছেন যে, افعال ناقصه উপরোক্ত ১৭টিতে সীমাবদ্ধ নয়; বরং আরো কিছু افعال ناقص রয়েছে। যেমন- مَاجَاءَتْ حَاجَتُكَ বাক্যে جاءت এবং قعدت বাক্যে قَعَدَتْ كَأَنَّهَا جِرْبَةٌ এ ফে'লদ্বয়ও افعال ناقصه -এর অন্তর্ভুক্ত। এখানে جَاءَتْ টি كَانَتْ অর্থে আর قَعَدَتْ টি صَارَتْ অর্থে ব্যবহৃত হয়েছে। পূর্বোক্ত فعل গুলো ছাড়া আরো কতগুলো ফে'ল আছে যেগুলো ملحقات بناقصة বলে। যেমন- (১) اِسْتَحَالَ (২) اٰلَ (৩) رَجَعَ (৪) مَالَ (৫) تَحَوَّلَ (৬) حَالَ (৭) اِرْتَدَّ।

قَوْلُهُ تَدْخُلُ عَلَى الْجُمْلَةِ الْاِسْمِيَّةِ الخ : অর্থাৎ جمله اسميه তথা مبتدأ ও خبر -এর শুরুতে প্রবিষ্ট হয়ে স্বীয় অর্থের হুকুম ও প্রভাব خبر -কে প্রদান করে। যেমন- كَانَ زَيْدٌ قَائِمًا এখানে كان ফে'লটি جمله اسميه (زَيْدٌ قَائِمٌ) -এর ওপর প্রবিষ্ট হয়ে তার অর্থ তথা ثبوت خبر (قيام) -এর حكم তার -কে প্রদান করেছে। আর এদের আমল হলো- এরা جمله اسميه -এর শুরুতে প্রবিষ্ট হয়ে তার প্রথমাংশ তথা مبتدأ কে رفع এবং خبر কে نصب প্রদান করে। এগুলো خبر ও مبتدأ -এর উপর প্রবেশ করার পর مبتدأ -কে এদের اسم আর خبر -কে এদের خبر বলে। অর্থাৎ كَانَ زَيْدٌ قَائِمًا -এর তারকীবে বলতে হবে যে, كان ফে'লে ناقص এবং زيد হলো كان -এর اسم - قائما হলো خبر পরিশেষে كان ও তার اسم মিলে جمله اسميه خبريه হলো।

قَوْلُهُ فَكَانَ تَكُوْنُ نَاقِصَةً الخ : এখানে সম্মানিত গ্রন্থকার (র.) كان -এর ব্যবহার সম্পর্কে আলোচনা করেছেন। كان বাক্যের মধ্যে তিনভাগে ব্যবহৃত। যথা- (১) ناقصة (তথা অসম্পূর্ণ) হিসেবে। এমতাবস্থায় এটি দু'টি অর্থ প্রদান করে। যথা- (ক) তার اسم -এর জন্য তার خبر -কে অতীতকালে অস্থায়ীভাবে সাব্যস্তকরণ বুঝায়। যেমন- كَانَ زَيْدٌ شَابًّا (যায়েদ যুবক হলো)। অথবা, স্থায়ীভাবে সাব্যস্তকরণ বুঝায়। যেমন- كَانَ اللّٰهُ عَلِيْمًا حَكِيْمًا (আল্লাহ তা'আলা অত্যন্ত জ্ঞানী ও প্রজ্ঞাবান)। (খ) এটি صار -এর অর্থ প্রদান করে। তবে এ সময় এর মাঝে একটি ضمير شان হয়। যেমন- كَانَ زَيْدٌ صَارَ زَيْدٌ غَنِيًّا তথা (যায়েদ ধনবান হলো) (২) تامه তথা পরিপূর্ণ হিসেবে। এ সময় এটি তার اسم দ্বারা পরিপূর্ণ হয়ে যায়, خبر -এর প্রয়োজন হয় না। এমতাবস্থায় كان টি حصل বা ثبت -এর অর্থ প্রদান করেন। كَانَ الْقِتَالُ তথা حَصَلَ الْقِتَالُ (যুদ্ধ সংগঠিত হলো)। (৩) (كان) زائدة তথা অতিরিক্ত হিসেবে ব্যবহৃত হয়। অর্থাৎ এটাকে বাক্য হতে বিলুপ্ত করলে অর্থের কোনো পরিবর্তন হয় না। যেমন, আল্লাহর বাণী- وَكَيْفَ نُكَلِّمُ مَنْ كَانَ فِى الْمَهْدِ صَبِيًّا এ বাক্যে كان টি অতিরিক্ত, যাকে বিলুপ্ত করলেও অর্থের কোনো পরিবর্তন হয় না।

وَصَارَ لِلْاِنْتِقَالِ وَاَصْبَحَ وَاَمْسٰى وَاَضْحٰى لِاِقْتِرَانِ مَضْمُوْنِ الْجُمْلَةِ بِاَوْقَاتِهَا وَبِمَعْنٰى صَارَ وَتَكُوْنُ تَامَّةً وَظَلَّ وَبَاتَ لِاقْتِرَانِ مَضْمُوْنِ الْجُمْلَةِ بِوَقْتَيْهِمَا وَبِمَعْنٰى صَارَ وَمَازَالَ وَمَابَرِحَ وَمَافَتِئَ وَمَاانْفَكَّ لِاِسْتِمْرَارِ خَبَرِهَا لِفَاعِلِهَا مُذْ قَبِلَهُ وَيَلْزَمُهَا النَّفْيُ -

---

অনুবাদ : এবং صَارَ স্থানান্তর হওয়া অর্থে ব্যবহৃত হয়। اَصْبَحَ ، اَمْسٰى ও اَضْحٰى ক্রিয়াত্রয় নিজ নিজ সময়ের সাথে বাক্যের বিষয়বস্তুকে মিলিত করণার্থে ব্যবহৃত হয়। এগুলো صار অর্থেও ব্যবহৃত হয়। এবং (কখনো কখনো) تامة বা পূর্ণাঙ্গ হয়ে ব্যবহৃত হয়ে থাকে। ظَلَّ ও بَاتَ ক্রিয়াদ্বয় এতদুভয়ের নিজ নিজ সময়ের সাথে বাক্যের বিষয়বস্তুর সংযুক্ত করণার্থে ব্যবহৃত হয় এবং صَارَ অর্থেও আসে। এবং مَازَالَ ، مَا بَرِحَ ، مَافَتِئَ ، مَا انْفَكَّ এ ফে'লগুলোর خبر পূর্ব থেকেই তদ্বীয় فاعل -এর সাথে সুপ্রতিষ্ঠিত এ বিষয়টি অব্যাহত থাকা বুঝায়। এবং এদের মধ্যে حرف نفى থাকা অত্যাবশ্যক।

ব্যাখ্যা : قَوْلُهُ وَصَارَ لِلْاِنْتِقَالِ : স্থানান্তরের অর্থ প্রদানের জন্য আসে। আর এ স্থানান্তরটা একটি صفة (গুণ) হতে অন্য صفة (গুণ) -এর দিকে হতে পারে। যেমন- صَارَ زَيْدٌ عَالِمًا (যায়েদ জ্ঞানী হলো) অর্থাৎ যায়েদ মূর্খতার গুণ থেকে স্থানান্তরিত হয়ে শিক্ষার গুণে পরিণত হয় অথবা এক حقيقت হতে অন্য حقيقت -এর দিকে স্থানান্তর হতে পারে। যেমন- صَارَ الطِّيْنُ حَجَرًا (মাটি পাথর হয়ে গেল)। আবার কখনো কখনো صار একস্থান হতে অন্যস্থানে স্থানান্তর অর্থে কিংবা এক ذات হতে অন্য ذات -এর প্রতি স্থানান্তরের অর্থে ব্যবহৃত হয়। এ ক্ষেত্রে এটি الى -এর দ্বারা متعدى হয়ে থাকে। যেমন- صَارَ زَيْدٌ مِنْ قَرْيَةٍ اِلٰى قَرْيَةٍ (যায়েদ এক জনপদ হতে অন্য জনপদে স্থানান্তরিত হলো)। এ বাক্যে صَارَ টি اِنْتَقَلَ অর্থে ব্যবহৃত হয়েছে। صَارَ زَيْدٌ مِنْ خَالِدٍ اِلٰى عَمْرٍو (যায়েদ খালেদ থেকে আমরে পরিণত হয়ে গেল) এ বাক্যেও ফে'লটি اِنْتَقَلَ অর্থে ব্যবহৃত হয়েছে।

قَوْلُهُ وَاَصْبَحَ وَاَمْسٰى الخ : اصبح - امسى ও اضحى এ ফে'লত্রয় বাক্যের বিষয়বস্তুকে নিজ নিজ সময়ের সাথে যুক্ত করণার্থে ব্যবহৃত হয়। যেমন- اَصْبَحَ زَيْدٌ قَارِئًا (যায়েদ ভোর বেলায় পাঠকারী হলো), اَمْسٰى كَرِيْمٌ فَرِحًا (করিম সন্ধ্যাবেলা খুশি হলো), اَضْحٰى زَيْدٌ حَزِيْنًا (যায়েদ পূর্বাহ্নে চিন্তিত হলো)।

قَوْلُهُ وَبِمَعْنٰى صَارَ وَتَكُوْنُ تَامَّةً : প্রাগুক্ত فعل ত্রয় কখনো কখনো صار অর্থে ব্যবহৃত হয়। এ সময় এগুলোর অর্থের মাঝে সময়ের খেয়াল করা হবে না। যেমন- صَارَ زَيْدٌ غَنِيًّا তথা اَصْبَحَ زَيْدٌ غَنِيًّا (যায়েদ ধনী হলো)। আবার কখনো কখনো تامه তথা শুধুমাত্র এগুলোর اسم দ্বারা পরিপূর্ণ হয়ে যায়, خبر -এর প্রতি মুখাপেক্ষী থাকে না। যেমন- اَصْبَحَ زَيْدٌ (যায়েদ প্রভাবে প্রবেশ করল)।

قَوْلُهُ ظَلَّ وَبَاتَ الخ : ظل ও بات ক্রিয়াদ্বয় বাক্যের বিষয়বস্তুকে নিজ নিজ সময়ের সাথে যুক্ত করে দেওয়ার অর্থে ব্যবহৃত হয়। যেমন- ظَلَّ رَحِيْمٌ عَالِمًا তথা حَصَلَ عِلْمُهُ بِالنَّهَارِ (রহিম দিনের বেলায় জ্ঞানী হলো), بَاتَ اِبْرَاهِيْمُ مَيِّتًا (ইব্রাহীম রাতের বেলায় মৃত হলো)। এগুলো আবার কখনো কখনো صار অর্থে ব্যবহৃত হয়। যেমন- ظَلَّ كَرِيْمٌ فَقِيْرًا (করিম দরিদ্র হলো), بات زيد غنيا (যায়েদ ধনী হলো)।

قَوْلُهُ مَازَالَ مَا بَرِحَ الخ : مَا انْفَكَّ ও مَافَتِئَ ، مَا بَرِحَ ، مَازَالَ এ চারটি ফে'ল তাদের خبر -কে নিজ নিজ فاعل -এর সাথে সার্বক্ষণিকভাবে সংযুক্ত রাখার অর্থ বুঝায়। এ সংযুক্তি فاعل কর্তৃক خبر টি গ্রহণ করা থেকেই কার্যকর হয়ে থাকে। যেমন- مَازَالَ زَيْدٌ غَنِيًّا অর্থাৎ যায়েদ যখন থেকে ধনী হয়েছে তখন থেকে ধনী হবার গুণটি অব্যাহত আছে। উপরোক্ত ফে'লগুলোর জন্য حرف النفى তথা مانے نافيه থাকা একান্ত আবশ্যক।

وَمَادَامَ لِتَوْقِيْتِ اَمْرٍ بِمُدَّةِ ثُبُوْتِ خَبَرِهَا لِفَاعِلِهَا وَمِنْ ثَمَّ اِحْتَاجَ اِلٰى كَلَامٍ لِاَنَّهٗ ظَرْفٌ وَلَيْسَ لِنَفْيِ مَضْمُوْنِ الْجُمْلَةِ حَالًا وَقِيْلَ مُطْلَقًا وَيَجُوْزُ تَقْدِيْمُ اِخْبَارِهَا كُلِّهَا عَلٰى اَسْمَائِهَا وَهِىَ فِىْ تَقْدِيْمِهَا عَلَيْهَا عَلٰى ثَلٰثَةِ اَقْسَامٍ قِسْمٌ يَجُوْزُ وَهُوَ مِنْ كَانَ اِلٰى رَاحَ وَقِسْمٌ لَايَجُوْزُ وَهُوَ مَا فِىْ اَوَّلِهٖ مَاخِلَافًا لِابْنِ كَيْسَانَ فِىْ غَيْرِ مَادَامَ وَقِسْمٌ مُخْتَلَفٌ فِيْهِ وَهُوَ لَيْسَ -

---

অনুবাদ : مَادَامَ ফে'লটি তার خبر -কে فاعل -এর জন্য কোনো এক বিষয়ে সময় নির্ধারণ করণার্থে ব্যবহৃত হয়। এ জন্যই এটি একটি (স্বতন্ত্র) বাক্যের মুখাপেক্ষী। কেননা, এটি ظرف তথা কালের অর্থ দেয়। আর "لَيْسَ" বাক্যের বিষয়বস্তুকে তাৎক্ষণিকভাবে না-সূচক করণার্থে ব্যবহৃত হয়। কেউ কেউ বলেন, এটি সাধারণভাবে নেতিবাচক অর্থে ব্যবহৃত হয়। এবং এগুলোর প্রত্যেকটির খবরকে তার اسم -এর ওপর অগ্রগামী করা জায়েজ। এদের خبر -কে এদের উপর مقدم করার দিক থেকে এরা তিন প্রকার। **প্রথম প্রকার :** এগুলোর উপর এদের খবরকে مقدم তথা অগ্রগামী করা জায়েজ। আর এ প্রকারের فعل -এর অন্তর্ভুক্ত হলো– كَانَ থেকে رَاحَ পর্যন্ত। **দ্বিতীয় প্রকার :** (এদের خبر -কে এদের উপর) مقدم করা নাজায়েজ। আর এগুলো হলো ঐসব فعل যাদের পূর্বে ما শব্দটি উল্লেখ আছে। তবে প্রখ্যাত নাহুবিদ ইবনে কীসান (র.) مادام ব্যতীত অবশিষ্ট সব কয়টির ব্যাপারে মতবিরোধ করেন (অর্থাৎ তার মতে مادام ব্যতীত বাকিগুলোর خبر কে তাদের ওপর مقدم করা জায়েজ)। **তৃতীয় প্রকার :** مقدم করার ব্যাপারে মতানৈক্য রয়েছে। আর সেটি হলো– لَيْسَ ।

ব্যাখ্যা : قَوْلُهٗ مَادَامَ لِتَوْقِيْتِ الخ : مادام ফে'লটি কোনো বস্তুকে সে সময়ের জন্য নির্দিষ্ট করে দেয় যে সময় পর্যন্ত তার خبر টি তার فاعل -এর জন্য নির্ধারিত থাকে। যেমন– اَقُوْمُ مَادَامَ الْاَمِيْرُ جَالِسًا (আমি দাঁড়িয়ে থাকব যতক্ষণ পর্যন্ত বাদশা বসা থাকেন)। **জ্ঞাতব্য বিষয় :** مادام -এর ما টি مصدرية এবং مادام তদ্বীয় خبر -এর সাথে মিলে بتاويل مصدر হয়। এবং এটির পূর্বে زمان শব্দটি উহ্য থাকে। এ হিসেবে প্রাগুক্ত বাক্যটির মূল ইবারত হয়– اَقُوْمُ زَمَانَ دَوَامِ جُلُوْسِ اَمِيْرٍ

قَوْلُهٗ وَلَيْسَ لِنَفْيِ الخ : ليس ফে'লটি তাৎক্ষণিকভাবে বাক্যের বিষয়বস্তুকে না-বাচক করে দেয়। যেমন– لَيْسَ زَيْدٌ ضَارِبًا (যায়েদ বর্তমানে প্রহারকারী নয়)। এটা নাহবিদদের অভিমত। তবে কারো কারো মতে, مطلقا তথা সাধারণভাবে বাক্যের অর্থকে না বাচক করে দেয়, চাই তা ماضى ، حال বা مستقبل যা-ই হোক না কেন।

قَوْلُهٗ وَيَجُوْزُ تَقْدِيْمُ اِخْبَارِهَا الخ : كان ও তার সমগোত্রীয় সকল فعل -এর خبر -কে এদের اسم -এর পূর্বে مقدم তথা অগ্রগামী করা জায়েজ। কেননা, فعل হলো শক্তিশালী আমিল। তাই বাক্যের মাঝে ধারাবাহিকতা বজায় না

থাকলেও এরা আমল করতে সক্ষম। যেমন- كَانَ قَائِمًا زَيْدٌ তবে التباس বা اسم ও خبر মিলে যাবার ভয় থাকলে خبر -কে اسم -এর পূর্বে অগ্রগামী করা জায়েজ নেই। যেমন- উভয়টি তথা اسم ও خبر যদি اسم مقصور হয়, যথা- كان

موسى عيسى ।

قَوْلُهُ وَهِيَ فِيْ تَقْدِيْمِهَا عَلَيْهَا الخ : كان ও তার সমগোত্রীয় ফে'লের خبر -কে যেভাবে তাদের اسم -এর উপর অগ্রগামী করা জায়েজ। অনুরূপভাবে خبر -কে স্বয়ং এদের (فعل -এর) উপর مقدم করা জায়েজ। আর خبر -কে فعل -এর উপর مقدم করা হিসেবে افعال ناقصه গুলো তিন প্রকার। **প্রথম প্রকার :** فعل -এর উপর خبر -কে مقدم (অগ্রগামী) করা জায়েজ। এ জাতীয় فعل হলো كان থেকে راح পর্যন্ত মোট ১১টি। কেননা, এগুলো এমন فعل যারা عمل -এর ক্ষেত্রে অন্যান্য فعل -এর ন্যায় শক্তিশালী। ফলে তাদের معمول যেখানে থাকুক না কেন عمل করতে সক্ষম। যেমন- بَاكِيًا كَانَ الطِّفْلُ - غَنِيًّا اَصْبَحَ زَيْدٌ আর **দ্বিতীয় প্রকার :** এ সকল افعال ناقصة যেগুলোর প্রথমে "ما" আছে তাদের خبر -কে তাদের উপর (فعل -এর) مقدم করা জায়েজ নেই। চাই উক্ত "ما" টা مصدريه হোক বা نافيه হোক। কেননা, ما এমন একটি শব্দ যা বাক্যের প্রথমে হওয়া কামনা করে। সুতরাং এর পূর্বে কোনো কিছু আনা হলে তার صدارت অবশিষ্ট থাকে না। ফলে عَالِمًا مَازَالَ زَيْدٌ বলা বৈধ হবে। তবে ইমাম কিসাঈ (র.) বলেন যে, مادام ব্যতীত অবশিষ্ট ما বিশিষ্ট فعل গুলোর পূর্বে তাদের خبر -কে مقدم করা জায়েজ। কেননা, এ সবের শুরুতে "ما" আসাতে এগুলো হ্যাঁ সূচক হয়ে গেছে। ফলে خبر -কে مقدم করা বৈধ হবে। তৃতীয় প্রকার ليس এটির ব্যাপারে মতবিরোধ রয়েছে। আল্লামা ইমাম সীবওয়াই (র.) বলেন, ليس শব্দটি مائے نافيه -এর অর্থে ব্যবহৃত। তাই এটির خبر -কে তার উপর مقدم করা বৈধ নয়। অপর দিকে বসরার অধিকাংশ নাহবিদগণ বলেন, যেহেতু ليس -এর শুরুতে "ما" নেই, তাই তার خبر -কে তার উপর مقدم করা বৈধ। কেননা, তাতে صدارت কামনা করে এমন কোনো কিছু নেই।

اَفْعَالُ الْمُقَارَبَةِ مَا وُضِعَ لِدُنُوِّ الْخَبَرِ رَجَاءً اَوْ حُصُوْلًا اَوْ اَخْذًا فِيْهِ فَالْاَوَّلُ عَسٰى وَهُوَ غَيْرُ مُتَصَرِّفٍ تَقُوْلُ عَسٰى زَيْدٌ اَنْ يَّخْرُجَ وَعَسٰى اَنْ يَّخْرُجَ زَيْدٌ وَقَدْ يُحْذَفُ اَنْ وَالثَّانِىْ كَادَ تَقُوْلُ كَادَ زَيْدٌ يَجِىْءُ وَقَدْ تَدْخُلُ اَنْ -

---

অনুবাদ : افعال مقاربة (নৈকট্যবাচক ক্রিয়াসমূহ) এমন কতগুলো فعل যাদেরকে গঠন করা হয়েছে خبر টিকে (তার فاعل -এর) নিকটবর্তী করার জন্য আকাঙ্ক্ষা হিসেবে বা অর্জন হিসেবে, বা তাতে (خبر -এ) শুরু করা হিসেবে। অতএব (এদের) প্রথমটি হলো, عَسٰى যা অরূপান্তরিত। যেমন তুমি বলে থাকো عَسٰى زَيْدٌ اَنْ يَّخْرُجَ (যায়েদ বের হবার নিকটবর্তী) এবং عَسٰى اَنْ يَّخْرُجَ زَيْدٌ এবং কখনো কখনো ان -কে বিলোপ করা হয়। দ্বিতীয় প্রকার হলো, كَادَ যেমন– তুমি বলবে كَادَ زَيْدٌ يَجِىْءُ (যায়েদ আসার উপক্রম হয়েছে)। কখনো কখনো এর خبر টিতে اَنْ প্রবিষ্টি হয়।

ব্যাখ্যা : قَوْلُهُ اَفْعَالُ الْمُقَارَبَةِ الخ : مقاربة শব্দটি বাবে مفاعلة -এর মাসদার বা ক্রিয়ামূল। শাব্দিক অর্থ– নিকটবর্তী করা। যেহেতু এ فعل গুলো তাদের خبر -কে فاعل -এর নিকটবর্তী করে দেয়। তাই এদেরকে افعال مقاربة বলে। যদি তাদের প্রতিটি ফে'ল নিকটবর্তী করাণার্থে ব্যবহৃত হয় না তথাপিও এগুলোকে تَسْمِيَةُ الْكُلِّ بِاِسْمِ الْجُزْءِ হিসেবে مقاربة নামে অবহিত করা হয়েছে। আর নাহবিদের পরিভাষায় افعال مقاربة এমন কতিপয় فعل -কে বলে যা তার স্বীয় خبر কে তার فاعل -এর নিকটবর্তী করণার্থে গঠিত হয়েছে। আর এ নিকটবর্তী করণটা হলো ব্যাপক। চাই সেটা আকাঙ্ক্ষা হিসেবে হোক বা شروع فى الخبر হিসেবে হোক। এগুলো এদের اسم -কে رفع এবং خبر -কে نصب প্রদান করে। তবে এগুলোর خبر টি فعل مضارع হয়।

قَوْلُهُ رَجَاءً اَوْ حُصُوْلًا اَوْ اَخْذًا فِيْهِ : সম্মানিত গ্রন্থকার (র.) এ বক্তব্যটি দ্বারা افعال مقاربة -এর প্রকরণের প্রতি ইঙ্গিত করেছেন। অর্থাৎ افعال مقاربة তিন প্রকার। ১ম প্রকার ঃ رجاء তথা আকাঙ্ক্ষা জ্ঞাপক। **২য় প্রকার:** حصول তথা অর্জনার্থ জ্ঞাপক। **৩য় প্রকার:** اخذ فيه তথা গ্রহণার্থ বোধক।

قَوْلُهُ فَالْاَوَّلُ عَسٰى الخ : অতঃপর প্রথম প্রকার হলো– رجاء তথা আকাঙ্ক্ষা জ্ঞাপক। এ প্রকারের فعل হলো, عسى যা একটি অরূপান্তরশীল ক্রিয়া। অর্থাৎ একমাত্র ماضى ব্যতীত এর অন্য কোনো রূপান্তর হয় না। এটি اسم -কে رفع এবং خبر -কে نصب প্রদান করে। এবং এর خبر টি ان সহ فعل مضارع হয়। যেমন– عَسٰى زَيْدٌ اَنْ يَّخْرُجَ ; আর এর خبر টি কখনো কখনো তার اسم -এর উপর مقدم (অগ্রগামী) হয়ে ব্যবহৃত হয়। যেমন– عَسٰى اَنْ يَّخْرُجَ زَيْدٌ (যায়েদের বের হবার নিকটবর্তী হয়েছে) অর্থাৎ عسى দু'ভাবে ব্যবহৃত হয়। (ক) عسى -এর اسم টি প্রকাশ্য হবে এবং خبر -এর পূর্বেই হবে। আর خبر হবে ان সহ। যেমন– عَسٰى زَيْدٌ اَنْ يَّخْرُجَ - فعل مضارع তবে কখনো কখনো ان -কে مصدرية বিলোপও করা হয়। যেমন– عَسٰى زَيْدٌ يَخْرُجُ কেননা عسى নৈকট্য অর্থে كَادَ -এর সামঞ্জস্য। ফলে كَادَ زَيْدٌ يَخْرُجُ -এর মতো عَسٰى زَيْدٌ يَخْرُجُ বলাও সিদ্ধ। (খ) عسى টি تامه হয়ে ব্যবহৃত হয়। অর্থাৎ ان সহ فعل مضارع হয় عسى -এর فاعل আর পরবর্তী একটি اسم হয় فعل مضارع -এর فاعل বা কর্তা। যেমন– عَسٰى اَنْ يَّخْرُجَ زَيْدٌ

قَوْلُهُ وَالثَّانِىْ كَادَ تَقُوْلُ كَادَ زَيْدٌ يَجِىْءُ الخ : দ্বিতীয় প্রকার হলো, حصول তথা অর্জনার্থ জ্ঞাপক। এ প্রকারের فعل হলো كاد -এর خبر টি ان ব্যতীত فعل مضارع -এর সীগাহ হয়। যেমন– كَادَ زَيْدٌ يَجِىْءُ (যায়েদ নিশ্চিতভাবে আসার নিকটবর্তী)। আবার কখনো কখনো ان সহ مضارع -এর সীগাহ হয়। এটি عسى -এর সাথে সামঞ্জস্য রাখে বলে। যেমন– كَادَ زَيْدٌ اَنْ يَّخْرُجَ ।

وَإِذَا دَخَلَ النَّفْيُ عَلٰى كَادَ فَهُوَ كَالْاَفْعَالِ عَلَى الْاَصَحِّ وَقِيْلَ يَكُوْنُ لِلْاِثْبَاتِ وَقِيْلَ يَكُوْنُ فِى الْمَاضِىْ لِلْاِثْبَاتِ وَفِى الْمُسْتَقْبِلِ كَالْاَفْعَالِ تَمَسُّكًا بِقَوْلِهٖ تَعَالٰى وَمَاكَادُوْا يَفْعَلُوْنَ وَبِقَوْلِ ذِى الرُّمَّةِ شعر اِذَا غَيَّرَ الْهِجْرُ الْمُحِبِّيْنَ لَمْ يَكَدْ * رَسِيْسُ الْهَوٰى مِنْ حُبِّ مَيَّةَ يَبْرَحُ * وَالثَّالِثُ طَفِقَ وَكَرَبَ وَجَعَلَ وَاَخَذَ وَهِىَ مِثْلُ كَادَ وَ اَوْشَكَ مِثْلُ عَسٰى وَكَادَ فِى الْاِسْتِعْمَالِ -

---

অনুবাদ : এবং যখন এর উপর حرف نفى প্রবিষ্ট হয়, তখন তা অন্যান্য فعل -এর মতোই ব্যবহৃত হয়। এটা হলো সর্বাধিক বিশুদ্ধ মত। আবার কেউ কেউ বলেন, كَادَ -এর পূর্বে حرف نفى আসলে (এটি) اثبات -এর অর্থ দেয়। কেউ কেউ বলেন, كَادَ ফে'লটি ماضى -এর সীগাহ হয়ে যদি তার পূর্বে حرف نفى প্রবেশ করে তখন اثبات -এর অর্থ দেয়। আর مستقبل তথা مضارع -এর সীগাহ হয়ে যদি তার পূর্বে حرف نفى আসে, তাহলে সাধারণ فعل -এর মতোই ব্যবাহৃত হয়ে থাকে। তাঁরা তাদের বক্তব্যের স্বপক্ষে আল্লাহর বাণী– فَذَبَحُوْهَا وَمَاكَادُوْا এবং প্রসিদ্ধ কবি ذُوالرُّمَّة -এর কবিতা– اِذَا غَيَّرَ الْهِجْرُ الْمُحِبِّيْنَ لَمْ يَكَدْ * رَسِيْسُ الْهَوٰى مِنْ حُبِّ يَفْعَلُوْنَ -কে দলিল হিসেবে পেশ করেন। তৃতীয় প্রকার হলো– اَخَذَ ، جَعَلَ ، كَرَبَ ، طَفِقَ এগুলো كَادَ -এর মতো ব্যবহৃত হয়। এবং اَوْشَكَ এটি ব্যবহারের ক্ষেত্রে عَسٰى ও كَادَ -এর মতো।

ব্যাখ্যা : قَوْلُهٗ وَإِذَا دَخَلَ النَّفْيُ عَلٰى كَادَ ঃ যখন كاد ও তার مشتقات তথা এর রূপান্তরিত فعل সমূহের উপর حرف نفى প্রবেশ করে তখন এটা অন্যান্য فعل -এর মতোই বাক্যের বিষয়বস্তুকে نفى তথা নেতিবাচক করে দেয়। এটাই হলো সর্বাধিক বিশুদ্ধ অভিমত। তবে এ ব্যাপারে আরো দু'টি مذهب রয়েছে। (ক) কেউ কেউ বলেন, كاد -এর পূর্বে حرف نفى আসলে এটা اثبات -এর ফায়দা দেয়। চাই كاد টা فعل ماضى হোক বা مضارع হোক। (খ) কেউ কেউ বলেন যে, كاد শব্দটি যদি ماضى -এর সীগাহ হয়ে তার পূর্বে حرف نفى আসে তাহলে এটা اثبات -এর অর্থ প্রদান করবে। আর যদি كاد শব্দটি مستقبل তথা مضارع -এর সীগাহ হয়ে এর পূর্বে حرف نفى আসে, তাহলে এটি অন্যান্য فعل -এর মতো نفى -এর অর্থ প্রদান করবে। তারা তাদের বক্তব্যের স্বপক্ষে কুরআনুল কারীমের আয়াত ও একটি কবিতা দ্বারা প্রমাণ পেশ করেন। ماضى -এর উদাহরণ আল্লাহর বাণী– فَذَبَحُوْهَا وَمَا كَادُوْا يَفْعَلُوْنَ - তাদের মতে এ আয়াতটির অর্থ হলো– অতঃপর তারা সেটা (গাভীটা)-কে জবাই করল এবং তারা জবাই করার নিকটবর্তী ছিল। (১:৭১) তারা তাদের মতের স্বপক্ষে আয়াতটি দ্বারা এভাবে প্রমাণ স্থির করেন যে, যদি ما كادوا -এর দ্বারা نفى উদ্দেশ্য নেওয়া হয়, তাহলে تناقض লাযিম আসে। অর্থাৎ এটা কখনো সম্ভবপর নয় যে, জবাই করার পূর্বে জবাই করার নিকটবর্তী না হয়ে জবাই করেছে। اصح তথা সর্বাধিক বিশুদ্ধ মতের অধিকারীগণ তাদের বক্তব্যের জবাবে বলেন, এখানে কোনো تناقض হয়নি। কেননা আয়াতের অর্থ হলো– অবশেষে তারা গাভীটি জবাই করল। অথচ জবাই করার পূর্বে তারা তাদের হটকারিতার দরুন জবাই করার নিকটবর্তী

ছিল না। যা একেবারে স্পষ্ট যে, এখানে কোনো تناقص -ই হয়নি। কেননা, تناقص -এর জন্য উভয় قضيه আটটি বিষয়ের একাত্মতা হওয়া শর্ত। তন্মধ্যে وحدت زمانی -ও একটি। এখানে তো তাও পাওয়া যায়নি। আর مضارع -এর উদাহরণ হলো, প্রসিদ্ধ কবি ذُوالرُّمَّة -এর কবিতা– إِذَا غَيَّرَ الْهِجْرُ الْمُحِبِّينَ لَمْ يَكَدْ * رَسِيْسُ الْهَوٰى مِنْ حُبِّ مَيَّةَ يَبْرَحُ

(এ কবিতায় বিদ্যমান لم يكد ফে'লটি اثبات -এর অর্থ প্রদান করেছে বলেই অন্যান্য কবিগণ কবি ذُو الرُّمَّة -এর تخطيه তথা দোষ ধরে বলেছেন যে, এ কবিতার অর্থ তথা "যখন বিরহ, প্রেমিকদের প্রেমকে পরিবর্তন করে দেয় তখন হৃদয়ে مية -এর নিবিড় প্রেম দূরীভূত হয়ে যায়" এটি কোনো প্রেমালাপ বাক্য হয় না। কবি ذُو الرُّمَّة এতদশ্রবণে لم يكد -কে لم اجد দ্বারা পরিবর্তন করে দিয়েছেন, যদি مستقبل -এর উপর حرف نفی প্রবেশ হলে اثبات -এর অর্থ প্রদান না করতো তাহলে কেন কবি لم يكد -কে لم اجد দ্বারা পরিবর্তন করলেন? কেন কবিগণ تخطيه করলেন? কেন কবিই বা কে তা গ্রহণ করলেন? কেননা نفی -এর সুরতে কবিতার অর্থ দাঁড়ায় যখন প্রেমিকের বিরহ ভালবাসাকে বিবর্তন করে, এমতাবস্থায় مية -এর নিবিড় ভালবাসা আমার হৃদয় হতে দূর হবার নিকটবর্তী নয়। এ অর্থে কবিতাটির মধ্যে ত্রুটি নেই এবং তাতে تخطيه -এরও কোনো সুযোগ হতো না। বিশুদ্ধ মাযহাবের অধিকারীগণ এ বলে তাদের বক্তব্যের জবাব দেন যে, কোনো কোনো فصحاء গণ ذوالرمة কবির প্রতি تخطيه কারীদের تخطيه -কে স্বীকার করেন না এবং তারা বলেন, কবি تخطيه স্বীকার করে ভুল করেছেন। কেননা, لم يكد শব্দটি نفی -এর অর্থে ব্যবহৃত হয় اثبات -এর অর্থে নয়। ফলে কবিতার অর্থ নির্ভুল।

তৃতীয় প্রকার : قَوْلُهُ اَلثَّالِثُ طَفِقَ الخ : اَخَذَا فِيْهِ তথা গ্রহণার্থ বোধক ও শুরুর অর্থজ্ঞাপক; এ প্রকারের ফে'ল হলো– اَخَذَ ও جَعَلَ ، كَرَبَ ، طَفِقَ এগুলো كَادَ -এর মতো ব্যবহৃত হয়। অর্থাৎ এদের ব্যবহার রীতি كَادَ -এর ব্যবহারের ন্যায়। যেমন– طَفِقَ زَيْدٌ يَخْرُجُ (যায়েদ বের হতে শুরু করল)। অপর আরেকটি হলো– اَوْشَكَ -এর প্রয়োগ اَوْشَكَ (ناقصه হয়ে) كَادَ ও عَسٰى -এর মতো। সুতরাং এটির ব্যবহার কখনো عَسٰى -এর উভয় রীতি অনুযায়ী যেমন– اَوْشَكَ زَيْدٌ اَنْ يَّخْرُجَ (تامه হয়ে) এবং اَوْشَكَ اَنْ يَّخْرُجَ زَيْدٌ আবার কখনো এটি كاد -এর মতো ان ব্যতীতও ব্যবহৃত হয়। যেমন– اَوْشَكَ زَيْدٌ يَخْرُجُ (সম্ভবত যায়েদ বের হবে)।

فِعْلُ التَّعَجُّبِ مَا وُضِعَ لِإِنْشَاءِ التَّعَجُّبِ وَلَهُ صِيْغَتَانِ مَا اَفْعَلَهُ وَاَفْعِلْ بِهِ وَهُمَا غَيْرُ مُتَصَرِّفَيْنِ مِثْلُ مَا اَحْسَنَ زَيْدًا وَاَحْسِنْ بِزَيْدٍ وَلَا يُبْنَيَانِ اِلَّا مِمَّا يُبْنٰى مِنْهُ اَفْعَلُ التَّفْضِيْلِ وَيُتَوَصَّلُ فِى الْمُمْتَنِعِ بِمِثْلِ مَا اَشَدَّ اِسْتِخْرَاجَهُ وَاَشْدِدْ بِاِسْتِخْرَاجِهِ وَلَا يُتَصَرَّفُ فِيْهِمَا بِتَقْدِيْمٍ وَتَاخِيْرٍ وَلَافَصْلٍ وَاَجَازَ الْمَازِنِى الْفَصْلَ بِالظَّرْفِ وَمَا اِبْتِدَاءُ نَكِرَةٌ عِنْدَ سِيْبَوَيْهِ وَمَا بَعْدَهَا الْخَبَرُ وَمَوْصُوْلَةٌ عِنْدَ الْاَخْفَشِ وَالْخَبَرُ مَحْذُوْفٌ وَبِهِ فَاعِلٌ عِنْدَ سِيْبَوَيْهِ فَلَا ضَمِيْرَ فِىْ اَفْعَلَ وَمَفْعُوْلٌ عِنْدَ الْاَخْفَشِ وَالْبَاءُ لِلتَّعْدِيَةِ اَوْ زَائِدَةٌ فَفِيْهِ ضَمِيْرٌ -

---

অনুবাদ : فعل تعجب (বিস্ময়সূচক ক্রিয়া) হলো যাকে বিস্ময় সৃষ্টির উদ্দেশ্যে গঠন করা হয়েছে। এর দু'টি সীগাহ রয়েছে। (১) مَا اَفْعَلَهُ ও (২) اَفْعِلْ بِهِ এবং এ সীগাহদ্বয় অরূপান্তরিত। যেমন– مَا اَحْسَنَ زَيْدًا (যায়েদ কতই সুন্দর) এবং اَحْسِنْ بِزَيْدٍ (যায়েদ কতইনা উত্তম)। فعل تعجب কেবলমাত্র ঐসব ফে'ল হতে গঠিত হয়, যে সব ফে'ল হতে افعل التفضيل গঠিত হয়। আর যেসব ফে'ল হতে اسم تفضيل গঠন নিষিদ্ধ সে সব فعل হতে مَا اَشَدَّ اِسْتِخْرَاجَهُ এবং اَشْدِدْ بِاِسْتِخْرَاجِهِ অনুরূপ সহায়তা নেওয়া। আর এ فعل দ্বয়ে অগ্রগামীকরণ, পশ্চাদপদকরণ ও বিচ্ছিন্নকরণ বৈধ নয়। তবে ইমাম মাযানী (র.) ظرف -এর ক্ষেত্রে فصل (বিচ্ছিন্নকরণ) জায়েজ মনে করেন। আর (প্রথম ওযনের) "ما" শব্দটি نكره ও مبتدأ ইমাম সীবওয়াইহ (র.)-এর মতে। এবং তার পরবর্তী অংশ خبر ইমাম আখফাশ (র.)-এর মতে "ما" শব্দটি موصوله আর তার خبر টি উহ্য রয়েছে। (দ্বিতীয় ওযনের) به শব্দটি ইমাম سيبويه (র.)-এর মতে فاعل এবং افعل -এর মাঝে কোনো ضمير নেই। আর ইমাম اخفش (র.)-এর মতে "به" শব্দটি হলো مفعول এবং باء متعدى -এর জন্য কিংবা অতিরিক্ত ফলে (اَفْعَلَ) -এর মধ্যে একটি ضمير উহ্য আছে।

ব্যাখ্যা : قَوْلُهُ فِعْلُ التَّعَجُّبِ الخ : تعجب শব্দটি বাবে تفعل -এর মাসদার। এর শাব্দিক অর্থ– বিস্ময় বা আশ্চর্য প্রকাশ করা। আর নাহবিদের পরিভাষায় কোনো ব্যক্তি বা বস্তুর মাঝে নিহিত কোনো গুণ দেখে বা শুনে অভিভূত হবার পর যে ব্যবহার করা হয় তাকে فعل تعجب বলে। আর فعل تعجب -এর সীগাহ তথা ওযন দু'টি। যথা– (১) مَا اَفْعَلَهُ (২) اَفْعِلْ بِهِ এ সীগাহদ্বয় অরূপান্তরশীল অর্থাৎ এগুলো যেরূপ আছে এরূপই থাকবে। مضارع বা مجهول বা অন্য কোনো রূপান্তরে রূপান্তরিত হয় না।

قَوْلُهُ وَلَا يُبْنَيَانِ اِلَّا مِمَّا يُبْنٰى مِنْهُ الخ : সম্মানিত গ্রন্থকার (র.) এ ইবারত দ্বারা فعل -এর গঠনের নিয়ম-পদ্ধতি আলোচনা করেছেন। অর্থাৎ فعل تعجب -এর সীগাহদ্বয় সে সব বস্তু হতে গঠিত হয়, যা হতে افعل التفضيل গঠন করা হয়। কেননা, فعل التفضيل -এর সাথে فعل التعجب -এর مشابهه বা মিল রয়েছে। আর তা হলো উভয়টি আধিক্য জ্ঞাপক ক্রিয়া। সুতরাং فعل التعجب -এর সীগাহদ্বয় ঐসব ثلاثى مجرد হতে গঠিত হয় যা زياده বা نقصان -কে কবুল করে এবং তার মধ্যে لون ও عيب -এর অর্থ বিদ্যমান না থাকে।

قَوْلُهُ وَيَتَوَصَّلُ فِى الْمُمْتَنِعِ الخ : সম্মানিত গ্রন্থকার (র.) একটি উহ্য প্রশ্নের জবাবস্বরূপ এ ই'বারতটুকু উল্লেখ করেছেন। প্রশ্নটি হলো, যেসব فعل হতে فعل التعجب গঠন করা নিষিদ্ধ সেগুলো হতে فعل التعجب গঠন করার নিয়ম কি? তার জবাবে সম্মানিত গ্রন্থকার (র.) বলেন, যে সব فعل হতে فعل التعجب -এর সীগাহ গঠন করা নিষিদ্ধতা হতে فعل للتعجب -এর সীগাহদ্বয় اَشْدِدْ بِاِسْتِخْرَاجِهٖ ও مَا اَشَدَّ اِسْتِخْرَاجَهٗ -এর ন্যায় গঠন করতে হবে। অর্থাৎ যেসব ফে'ল হতে ثلاثى مجرد ، ثلاثى مزيد فيه ، لون ও عيب যুক্ত فعل التعجب -এর সীগাহ গঠন নিষিদ্ধ। যেমন– رباعى مزيد فيه ও رباعى مجرد এদের থেকে فعل التعجب গঠন করার নিয়ম হলো– উক্ত فعل সমূহের মাসদার নিয়ে তার পূর্বে اَقْبَحَ ও اَحْسَنَ - اَضْعَفَ - اَشْدِدْ ইত্যাদি কিংবা مَا اَقْبَحَ فِىْ اَحْسَنَ ، مَا اَضْعَفَ مَا اَشَدَّ ইত্যাদি সীগাহসমূহ যোগ করতে হবে। (তাহলে فعل التعجب -এর সীগাহ গঠিত হবে। যেমন– مَا اَشَدَّ اِسْتِخْرَاجَهٗ (তার বের হওয়াটা কতইনা কঠিন)। اَشْدِدْ بِاِسْتِخْرَاجِهٖ (তার বের হওয়াটা কতইনা কঠিন)।

قَوْلُهُ وَلَا يَتَصَرَّفُ فِيْهِمَا بِتَقْدِيْمٍ الخ : সম্মানিত গ্রন্থকার (র.) এ ই'বারত দ্বারা فعل التعجب -এর কয়েকটি বিধান বর্ণনা করেছেন। (১) এ সীগাহদ্বয়ে অগ্রগামীকরণ ও পশ্চাদপদকরণ তথা উভয় সীগার মধ্যে مفعول به ও جار مجرور -কে صيغه -এর পূর্বে আনা জায়েজ নেই। ফলে بِزَيْدٍ اَحْسَنَ বা مَا زَيْدًا اَحْسَنَ বলা বৈধ নয়। (২) فعل التعجب -এর মধ্যখানে কোনো فاصله (পার্থক্যকারী) আসা নিষিদ্ধ। ফলে اَحْسَنَ ও مَا اَحْسَنَ فِى الدَّارِ زَيْدًا এবং متعجب به -এর মধ্যখানে কোনো فاصله (পার্থক্যকারী) আসা নিষিদ্ধ। ফলে اَلْيَوْمَ بِزَيْدٍ বলা সিদ্ধ নয়। এটা جمهور نحاة -এর অভিমত। তবে ইমাম মাযানী (র.) ظرف দ্বারা فاصله নেওয়াকে জায়েজ মনে করেন। কেননা, ظرف -এর মধ্যে توسع তথা প্রশস্ততা রয়েছে। যেমন– مَا اَحْسَنَ الْيَوْمَ زَيْدًا তা ছাড়া (৩) فعل التعجب -এর সীগাহদ্বয় تعجب অর্থে ব্যবহৃত হবার পর এগুলো فعل جامد হয়ে যায়। অর্থাৎ এগুলোর মধ্যে কোনোরূপ পরিবর্তন-পরিবর্ধন হবে না। ফলে এদের থেকে مضارع - مجهول - ماضى - نهى ইত্যাদি হবে না। এমনকি تثنيه - مؤنث এবং جمعও হবে না। কেননা, তা انشاء تعجب -এর প্রতি منقول হয়ে امثال -এর স্থলাভিষিক্ত হয়ে পড়েছে। আর امثال এখনো تصريف হয়, ফলে تعجب ও فعل تصرف হবে না। (৪) যে কোনো কাল হতে فعل متعجب মুক্ত হতে হবে। (৫) فعل التعجب -এর فاعل -এর উপর অন্য কিছুর عطف জায়েজ নেই। (৬) متعجب منه টি معرفة বা مخصصة نكرة হতে হবে।

قَوْلُهُ وَمَا اِبْتِدَاءٌ نَكِرَةٌ الخ : ইমাম সীবওয়াই (র.)-এর মতে فعل التعجب -এর প্রথম সীগাহ তথা مَا اَحْسَنَ زَيْدًا -এর "ما" টি خبر ও مبتدأ অর্থ হলো– شئ এবং এর পরবর্তী অংশ (حسنه) হলো এ হিসেবে "ما" -এর অর্থ দাঁড়ায় شَئٌ اَحْسَنَ زَيْدًا আর ইমাম اخفش (র.)-এর মতে "ما" টি হলো موصولة এবং তার পরবর্তী অংশ হলো তার صله অতঃপর موصول এবং صله মিলে مبتدأ এবং উহ্য شئ عظيم হলো তার خبر এ হিসেবে বাক্যটির অর্থ হয়– اَلَّذِىْ اَحْسَنَ زَيْدًا شَئٌ عَظِيْمٌ – এ ব্যাপারে ইমাম فراء ও একমত রয়েছে যা গ্রন্থকার (র.) উল্লেখ করেননি। সেটি হলো– "ما" -এর অর্থ হলো اى شئ এটি হলো مبتدأ এবং তার পরবর্তী অংশ হলো خبر সুতরাং فراء -এর মতে বাক্যটির অর্থ হয়– اَىُّ شَئٍ اَحْسَنَ زَيْدًا ।

قَوْلُهُ وَبِهٖ فَاعِلُ عِنْدَ سِيْبَوَيْهِ الخ : এখানে فعل التعجب -এর সীগাহ اَحْسِنْ بِزَيْدٍ -এর করা হয়েছে। এটির ব্যাপারেও ইমামদের মধ্যে মতবিরোধ রয়েছে। যথা– ইমাম سيبويه -এর মতে به টি হলো فاعل এমতাবস্থায় احسن যদিও امر -এর সীগাহ। তবে অর্থ প্রদান করবে احسن তথা ماضى -এর। আর "به" -এর মধ্যে যে ب রয়েছে এটি جارة এবং অতিরিক্ত হবে এবং ضمير مجرور তার فاعل এবং হামযা صيرورة -এর জন্য। সুতরাং সীবওয়াইহের মত অনুযায়ী اَحْسِنْ بِزَيْدٍ -এর অর্থ হলো– زَيْدٌ صَاحِبُ حَسَنٍ ; আর ইমাম اخفش (র.)-এর মতে احسن টি امر -এর সীগাহ তার মধ্যে উহ্য فاعل হলো انت আর ضمير – ، টি হলো مفعول টি আর باء টি تعديه বা অতিরিক্ত। এ হিসেবে মূল ইবারত হবে احسن انت زيدا (যায়েদ কতইনা সুন্দর)।

اَفْعَالُ الْمَدْحِ وَالذَّمِّ مَا وُضِعَ لِاِنْشَاءِ مَدْحٍ اَوْ ذَمٍّ فَمِنْهَا نِعْمَ وَبِئْسَ وَشَرْطُهُمَا اَنْ يَّكُوْنَ الْفَاعِلُ مُعَرَّفًا بِاللَّامِ اَوْمُضَافًا اِلَى الْمُعَرَّفِ بِهَا اَوْ مُضْمَرًا مُمَيَّزًا بِنَكِرَةٍ مَنْصُوْبَةٍ اَوْ بِمَا مِثْلُ فَنِعِمَّا هِىَ وَبَعْدَ ذٰلِكَ الْمَخْصُوْصِ وَهُوَ مُبْتَدَأٌ مَا قَبْلَهٗ خَبَرُهٗ اَوْ خَبَرُ مُبْتَدَأٍ مَحْذُوْفٍ وَمِثْلُ نِعْمَ الرَّجُلُ زَيْدٌ وَشَرْطُهٗ مُطَابَقَةُ الْفَاعِلِ وَبِئْسَ مَثَلُ الْقَوْمِ الَّذِيْنَ كَذَّبُوْا وَشِبْهُهٗ مُتَأَوَّلٌ وَقَدْ يُحْذَفُ الْمَخْصُوْصُ اِذَا عُلِمَ مِثْلُ نِعْمَ الْعَبْدُ وَفَنِعْمَ الْمَاهِدُوْنَ وَسَاءَ مِثْلُ بِئْسَ وَمِنْهَا حَبَّذَا وَ فَاعِلُهٗ ذَا وَلَايَتَغَيَّرُ وَبَعْدَهُ الْمَخْصُوْصُ وَاِعْرَابُهٗ كَاِعْرَابِ مَخْصُوْصِ نِعْمَ وَيَجُوْزُ اَنْ يَّقَعَ قَبْلَ الْمَخْصُوْصِ وَبَعْدَهٗ تَمْيِيْزًا وَحَالٌ عَلٰى وَفْقِ مَخْصُوْصِهٖ -

---

অনুবাদ : افعال مدح و ذم (প্রশংসা ও নিন্দা জ্ঞাপক ক্রিয়া) ঐসব ক্রিয়াকে বলে যাকে প্রশংসা বা নিন্দা জ্ঞাপনের জন্য গঠন করা হয়েছে। আর সেগুলো হলো نعم ও بئس উভয়ের জন্যে শর্ত হলো, এদের فاعل টি معرف باللام (তথা লাম দ্বারা নির্দিষ্ট জ্ঞাপক) হওয়া। অথবা معرف باللام-এর প্রতি اضاف হওয়া (তথা معرف باللام -এর প্রতি সম্পর্কিত হওয়া) অথবা এমন ضمير (সর্বনাম) হওয়া যার تمييز নেওয়া হয়েছে نكرة منصوبة (তথা যবর বিশিষ্ট অনির্দিষ্ট জ্ঞাপক বিশেষ্য) দ্বারা تمييز কৃত ضمير হওয়া অথবা ما দ্বারা (تمييز টির ضمير নেওয়া) যেমন (আল্লাহর বাণী-) فَنِعِمَّا هِىَ (তথা نِعْمَ شَيْئًا هِىَ) এবং তারপর (এরপর- فاعل) مخصوص হয়। (এ مخصوص টি) হয়তো এমন مبتدأ হবে যার পূর্বে خبر রয়েছে। অথবা مَخْصُوْصٌ بِالذَّمِّ এবং بالمدح (যায়েদ কতইনা ভাল মানুষ)। আর نِعْمَ الرَّجُلُ زَيْدٌ - مبتدأ (টি) উহ্য خبر-এর হবে। যেমন- بِئْسَ مَثَلُ الْقَوْمِ الَّذِيْنَ كَذَّبُوْا (কতইনা নিকৃষ্ট ঐ জাতীয় উদাহরণ যারা মিথ্যা প্রতিপন্ন করে) ও অনুরূপ উদাহরণ তাবিলকৃত। কখনো কখনো مخصوص -কে বিলোপ করা হয়, যখন তাকে কোনোভাবে জানা যায়। যেমন- نِعْمَ الْعَبْدُ (কতইনা উত্তম বান্দা) এবং فَنِعْمَ الْمَاهِدُوْنَ এবং ساء টি بئس-এর অনুরূপ এবং افعال مدح و ذم থেকে একটি হলো حبذا এটার فاعل হলো ذا আর এটির পরিবর্তন হয় না। এবং এরপরে مَخْصُوْصٌ بِالْمَدْحِ হয়ে থাকে। এটির اعراب হলো نعم-এর مخصوص -এর اعراب-এর মতো। এবং مخصوص-এর পূর্বে বা পরে স্বীয় مُخْصُوْصٌ بِالْمَدْحِ مُطَابِقٌ (তথা অনুপাতে) حال বা تمييز নেওয়া জায়েজ।

ব্যাখ্যা : قَوْلُهٗ اَفْعَالُ الْمَدْحِ وَالذَّمِّ الخ : فعل শব্দটি افعال-এর বহুবচন। مدح অর্থ- প্রশংসা করা। আর ذم অর্থ- নিন্দা করা। সুতরাং افعال مدح و ذم ঐসব ফে'লকে বলে যা-প্রশংসা ও নিন্দাজ্ঞাপনের জন্য গঠিত হয়েছে। এদের সংখ্যা চারটি। তন্মধ্যে দু'টি হলো فعل مدح বা প্রশংসা জ্ঞাপক। যথা- (১) نعم (২) حبذا আর দু'টি হলো فعل ذم বা নিন্দা জ্ঞাপক। যথা- (১) بئس ও (২) ساء।

قَوْلُهٗ فَمِنْهَا نِعْمَ وَبِئْسَ الخ : এখান থেকে সম্মানিত গ্রন্থকার (র.) افعال مدح و ذم-এর বিস্তারিত বিধান বর্ণনা শুরু করেছেন। অর্থাৎ افعال مدح و ذم-এর মধ্য হতে দু'টি হলো نعم ও بئس এ ক্রিয়াদ্বয়ের فاعل-এর জন্য কয়েকটি শর্ত

রয়েছে। যথা- (১) نِعْمَ الرَّجُلُ زَيْدٌ -معرف باللام (২) نِعْمَ صَاحِبُ الرَّجُلِ زَيْدٌ -এর প্রতি اضافت হওয়া। যেমন- (৩) এমন উহ্য ضمير হওয়া যার تمييز টা نكره منصوبه দ্বারা নেওয়া হয়েছে। যেমন- نِعْمَ رَجُلًا زَيْدٌ (৪) এমন উহ্য ضمير হওয়া যার تمييز নেওয়া হয়েছে "ما" শব্দটি দ্বারা। যেমন, আল্লাহর বাণী- فَنِعِمَّا هِيَ তথা نِعْمَ شَيْئًا هِيَ ।

قَوْلُهُ وَبَعْدَ ذَالِكَ الْمَخْصُوْصِ : অর্থাৎ مدح وذم -افعال -فاعل -এর পরে مخصوص বা مخصوص بالمدح হয়ে থাকে। যেমন- نعم الرجل -এর মধ্যে نعم হলো فعل مدح এবং الرجل হলো فاعل مدح আর زيد হলো مخصوص بالمدح।

قَوْلُهُ وَهُوَ مُبْتَدَأٌ مَا قَبْلَهُ الخ : তারকীবে উল্লিখিত مخصوص -এর দু'টি পদ্ধতি রয়েছে- (১) مخصوص টি جمله টি ما قبل -এর তার পূর্বে যা আছে সেগুলো جمله হয়ে خبر হবে। **প্রশ্ন :** مخصوص -এর جمله হওয়ার অবস্থায় তার মধ্যে এমন ضمير হওয়া আবশ্যক যা مبتدأ -এর প্রতি عائد হয়ে থাকে এখানে তো এমন কোনো عائد বিদ্যমান নেই? **উত্তর :** عائد -এর জন্য ضمير হওয়া আবশ্যক নয়; বরং نعم الرجل زيد -এর মধ্যে الف لام عهدى -ই হলো عائد - فيه - عائد اشكال فلا : (২) مخصوص টি উহ্য هو মুবতাদার خبر হবে এবং نعم الرجل আলাদা جمله فعليه হবে। এমতাবস্থায় نِعْمَ الرَّجُلُ زَيْدٌ দু'টি আলাদা আলাদা جمله হবে প্রথমটি نعم الرجل হলো فعليه جمله দ্বিতীয়টি তথা زيد হলো هو অর্থাৎ جمله اسميه হয়ে এর প্রথমাংশটি উহ্য থাকবে।

قَوْلُهُ شَرْطُهُ مُطَابَقَةُ الْفَاعِلِ الخ : অর্থাৎ مخصوص -এর জন্য শর্ত হলো- এটি فاعل -এর সাথে تذكير - مؤنث ও مذكر - جمع - تثنيه - واحد টি فاعل তে تطابق হওয়া অর্থাৎ جمع - تثنيه ও تانيث যাই হোক না কেন তার مخصوص টিও অনুরূপ হবে। যেমন- نِعْمَ الرَّجُلُ زَيْدٌ - نِعْمَتِ الْمَرْأَةُ زَيْنَبُ - نِعْمَ الرَّجُلَانِ الزَّيْدَانِ - نِعْمَ الرِّجَالُ الزَّيْدُوْنَ ইত্যাদি।

قَوْلُهُ وَبِئْسَ مَثَلُ الْقَوْمِ الَّذِيْنَ كَذَّبُوْا الخ : এটি একটি উহ্য প্রশ্নের উত্তর। প্রশ্নটি হলো بِئْسَ مَثَلُ الْقَوْمِ الَّذِيْنَ الخ -এর মধ্যে مخصوص بالذم হলো مثل القوم আর جمع যা واحد যা। সুতরাং এখানে فاعل -এর মধ্যে مطابق হয়নি। কাজেই এ তারকীব কি করে বিশুদ্ধ? **উত্তর :** এ আয়াত ও তার مخصوص ও তার মতো যে সব তারকীব আছে সেগুলো متاول তথা ব্যাখ্যাকৃত। আর তা এভাবে যে, مَثَلُ الْقَوْمِ الَّذِيْنَ كَذَّبُوْا -এর মধ্যে الذين كذبوا -এর প্রথমে একটি مضاف উহ্য আছে। এর মূল ইবারত হলো- مَثَلُ الَّذِيْنَ كَذَّبُوْا সুতরাং এমতাবস্থায় উভয়টি مفرد হলো। ফলে উভয়ের মাঝে مطابق যথাযথভাবেই হয়েছে। অথবা বলা যায় যে, الذين হলো قوم -এর সিফাত مخصوص নয়।

قَوْلُهُ وَقَدْ يُحْذَفُ الْمَخْصُوْصُ الخ : কখনো কখনো قرينه পাওয়া গেলে مخصوص -কে বিলোপ করা হয়। যেমন- আল্লাহর বাণী- نِعْمَ الْعَبْدُ তথা نعم العبد এবং আল্লাহর বাণী- فَنِعْمَ الْمَاهِدُوْنَ তথা ايوب উভয়টি আয়াতেই حذف তথা বিলোপকরণের قرينه স্পষ্ট। প্রথমটির মধ্যে وَالْاَرْضَ فَرَشْنَاهَا আর দ্বিতীয় আয়াতে তো এটি আইয়্যুব (আ.)-এর ঘটনা।

قَوْلُهُ وَسَاءَ مِثْلُ بِئْسَ : سَاءَ الرَّجُلُ زَيْدٌ -এর অনুরূপ। যেমন- بئس -এর فعل ذم হতে سا ء এটির যাবতীয় বিধান।

قَوْلُهُ وَمِنْهَا حَبَّذَا الخ : حبذا এ ফে'লটি حب এবং ذا -এর সমন্বয়ে افعال مدح وذم -এর মধ্য হতে একটি হলো গঠিত। এর তারকীব এভাবে হয় যে, حب হলো فعل مدح এবং ذا তার فاعل مدح অর্থাৎ حب -এর فاعل مدح সর্বদা ذا টিই হবে। এটি কখনো বিলুপ্ত হবে না এবং কখনো পরিবর্তনও হবে না তথা حبذا ফে'লটি সর্বদা নিজের অবস্থায়ই থাকবে। - حَبَّذَا الزَّيْدَانِ - حَبَّذَا زَيْدٌ مؤنث ، مذكر ، جمع ، تثنيه -এর مخصوص ক্ষেত্রে তার مطابق হয় না। যেমন- حَبَّذَا هِنْدٌ - حَبَّذَا الزَّيْدُوْنَ ইত্যাদি। এসব অবস্থায় فاعل مدح আর ذا টি হলো فعل مدح টি حب (যা ما فى الذهن -এর দিকে ফিরেছে) উভয় মিলে جمله اسميه হয়ে مبتدأ مؤخر আর পরবর্তীটি خبر مقدم উভয় মিলে جمله فعليه ।

قَوْلُهُ يَجُوْزُ اَنْ يَّقَعَ قَبْلَ الْمَخْصُوْصِ الخ : حبذا -এর مخصوص بالمدح -এর পূর্বে বা পরে تمييز কিংবা حَبَّذَا -এর مخصوص -এর مطابق হওয়া জায়েজ। যেমন- مخصوص ইত্যাদিতে جمع ও تثنيه ، افراد ، تانيث ، تذكير ، حال حَبَّذَا رَاكِبَةً - حَبَّذَا زَيْدٌ رَاكِبًا - حَبَّذَا رَاكِبًا زَيْدٌ - حَبَّذَا هِنْدٌ اِمْرَاَةً - حَبَّذَا اِمْرَاَةً هِنْدٌ - حَبَّذَا زَيْدٌ رَجُلًا - رَجُلًا زَيْدًا حَبَّذَا فَاطِمَةُ رَاكِبَةً - فَاطِمَةُ ইত্যাদি।

اَلْحَرْفُ مَا دَلَّ عَلٰى مَعْنًى فِىْ غَيْرِهٖ وَمِنْ ثَمَّ اِحْتَاجَ فِىْ جُزْئِيَّتِهٖ اِلٰى اِسْمٍ اَوْ فِعْلٍ ـ

অনুবাদ : حرف এমন শব্দকে বলে, যা এমন অর্থকে বুঝায় যে অর্থ তার অন্যের মধ্যে পাওয়া যায়। সেজন্যই এটি বাক্যের অন্তর্গত স্বয়ংপদ হওয়ার জন্য اسم বা فعل -এর প্রতি মুখাপেক্ষী হয়ে থাকে।

ব্যাখ্যা : قَوْلُهُ اَلْحَرْفُ مَا دَلَّ الخ : اسم ও فعل -এর আলোচনা থেকে ফারিগ হয়ে মুসান্নেফ (র.) حرف -এর আলোচনা শুরু করেছেন। এর প্রধানত: কারণ হলো, حرف শব্দের আভিধানিক অর্থ হলো– পার্শ্ব। যেমন– جَلَسْتُ حَرْفَ الْوَادِىْ (আমি এ উপত্যকার পার্শ্বে বসেছি)। আর اسم ও فعل এগুলো বাক্যের সর্বাধিক গুরুত্বপূর্ণ অংশ مسند ও مسند اليه হতে পারে এবং حرف এ দু'য়ের কোনোটি হতে পারে না বলে اسم ও فعل -এর তুলনায় এটি পার্শ্বে আছে। এছাড়া বাক্যের মূল অংশ যেহেতু مسند ও مسند اليه তথা اسم ও فعل তাই এগুলোর আলোচনার পর حرف -এর আলোচনা স্থান পেয়েছে।

حروف -এর সংজ্ঞা ঃ حرف বলা হয় এমন كلمه -কে যা ঐ অর্থকে বুঝায় যে অর্থ তার অন্যের মধ্যে রয়েছে। حرف -এর সংজ্ঞায় ব্যবহৃত مافى موصوله -এর দ্বারা উদ্দেশ্য হলো كلمه কেননা, এটি হলো مقسم (বণ্টনকৃত) আর اقسام (বণ্টন)-এর সংজ্ঞায় مقسم গ্রহণীয় হয়ে থাকে। মুসান্নিফ (র.)-এর উক্তি فى غيره পদটি ثابت উহ্য فعل شبه -এর সঙ্গে متعلق হয়ে معنى -এর صفت (বিশেষণ) হয়েছে। এবং এর দ্বারা اسم ও فعل উভয়টি حرف -এর সংজ্ঞা হতে বের হয়ে যায়। তা এ হিসেবে যে فعل واسم উভয় مستقل بالمفهوميه (স্বয়ংসম্পূর্ণ অর্থ প্রকাশক)। অপরদিকে উল্লিখিত সংজ্ঞায় فى غيره -এর قيد দ্বারা এ কথাও প্রমাণিত হয় যে, حرف -এর অর্থ স্বয়ংসম্পূর্ণ অর্থ প্রকাশক নয়, অন্য كلمه -এর সাথে মিলানো ব্যতীত তার অর্থ বুঝে আসে না।

قَوْلُهُ وَمِنْ ثَمَّ اِحْتَاجَ الخ : حرف নিজের অর্থ নিজে প্রকাশ করতে সক্ষম না হওয়ায় এটি اسم ও فعل -এর মতো كلام তথা বাক্যের مسند ও مسند اليه এ দু'য়ের অংশ হতে اسم এবং فعل -এর প্রতি মুখাপেক্ষী। অর্থাৎ اسم ও فعل -এর সাথে মিলানো ব্যতীত এটি محكوم عليه ও محكوم এ দু'য়ের কোনোটি হতে পারে না।

حُرُوْفُ الْجَرِّ مَا وُضِعَ لِلْاِفْضَاءِ بِفِعْلٍ اَوْ مَعْنَاهُ اِلٰى مَا يَلِيْهِ -

অনুবাদ : حروف جر (পদন্বয়ী অব্যয়) ঐ حرف -কে বলে যাকে গঠন করা হয়েছে فعل বা فعل معنى -কে তার (وحرف) مدخول -এর সাথে মিলিয়ে দেওয়ার জন্য।

ব্যাখ্যা : قَوْلُهُ حُرُوْفُ الْجَرِّ الخ : মুসান্নিফ (র.)-এর উক্তি– حروف الجر -এর মধ্যে حرف শব্দটি -এর বহুবচন আর جر শব্দটি বাবে نصر ينصر -এর মাসদার যার অর্থ– টানা, আকর্ষণ করা। এ حروف গুলোকে এ হিসেবে বলা হয় যে, এগুলো তাদের পূর্বে উল্লিখিত فعل ، فعل معنى বা مشبه فعل -কে তাদের مدخول -এর দিকে টেনে নিয়ে যায়। তা ছাড়া এ حروف গুলোকে حروف اضافت ও বলা হয়ে থাকে, কারণ اضافت অর্থ– মিলানো। আর এ حروف গুলো فعل ، فعل معنى বা شبه فعل -কে তাদের مدخول -এর সাথে মিলিয়ে দেয়, এ হিসেবে এগুলোকে حروف اضافت বলা যথার্থ।

প্রশ্ন : حروف مشبه بالفعل -এর আলোচনা حروف جر -এর পূর্বে করা উচিত ছিল। কারণ, حروف مشبه بالفعل হলো رفع ও نصب প্রদানকারী عامل এবং حروف হলো, শুধুমাত্র যের প্রদানকারী عامل ; আর এ কথা সকলেরই জানা যে موفوع ও منصوب উভয়টি مقدم (অগ্রগামী) হয় مجرور -এর উপর। এ হিসেবে رافع ও ناصب -এর উপর مقدم হওয়া বাঞ্ছনীয়, এবং عامل جار হল حروف مشبه بالفعل ناصب ও رافع উভয়টি আর حروف জর হলো সুতরাং حروف مشبه بالفعل কে حروف جر -এর উপর مقدم করা অত্যাবশ্যকীয় ছিল? **উত্তর :** মুসান্নিফ (র.) اصل حروف, حروف جار স্বীয় আমলের ক্ষেত্রে -এর অগ্রে এ জন্য আলোচনা করেছেন যে, حروف مشبه بالفعل -কে جار (মৌলিক) আর حروف مشبه بالفعل স্বীয় আমলের ক্ষেত্রে فرع (শাখা)। কেননা فعل -এর সাথে مشابه রাখার কারণে এগুলো আমল করে থাকে। সুতরাং যুক্তিসঙ্গত কথা হলো حروف مشبه بالفعل -কে حروف جار -এর উপর مقدم করা। আর মুসান্নিফ (র.) তা-ই করেছেন فَلَا اِشْكَالَ فِيْهِ । **প্রশ্ন :** حروف جر -এর সংজ্ঞায় ব্যবহৃত فعل ও فعل معنى -এর দ্বারা উদ্দেশ্য কি? **উত্তর :** فعل দ্বারা উদ্দেশ্য হল পারিভাষিক فعل ও شبه فعل তথা اسم فاعل - اسم مفعول - صف مشبه - اسم تفضيل - مصدر । আর فعل معنى দ্বারা উদ্দেশ্য হলো, প্রত্যেক ঐ বস্তু যা থেকে فعل -এর অর্থ اسماء افعال - اسماء اشارات - حروف فعليه - جار مجرور –মত مستنبط হয়। তবে তা فعل হতে গঠিত নয়। যেমন حروف تشبيه - حروف ترجى - حروف تمنى - ظرف ইত্যাদি।

قَوْلُهُ مَا يَلِيْهِ : এখানে ما দ্বারা উদ্দেশ্য হলো اسم আর يلى ফে'লের فاعل ضمير - هو - টি راجع হলো حرف اِلٰى اِسْمٍ يَلِى الْحُرُوْفُ ذَالِكَ হয় عبارات এ হিসেবে এর মূল راجع টি ما -এর প্রতি ضمير منصوب "ه" -এর প্রতি এবং اَلْاِسْمَ এমন اسم -এর সাথে সংযুক্ত করে দেয় حرف টি যে اسم -এর সাথে মিলিত হয়ে থাকে। অর্থাৎ যে اسم টির উপর حرف টি প্রবিষ্ট হয় ঐ اسم -এর সাথে فعل বা فعل معنى -কে সংযুক্ত করে দেয়।

বি: দ্র: এখানে اسم দ্বারা عام উদ্দেশ্য অর্থাৎ اسم صريح হতে পারে যেমন– مَرَرْتُ بِزَيْدٍ অথবা تاويل اسم ও হতে পারে। যেমন– وَضَاقَتْ عَلَيْهِمُ الْاَرْضُ بِمَا رَحُبَتْ اَىْ بِرُحْبِهَا।

وَهِيَ مِنْ وَاِلٰى وَحَتّٰى وَفِيْ وَالْبَاءُ وَاللَّامُ وَ رُبَّ وَ وَاوُهَا وَ وَاوُ الْقَسَمِ وَبَاءُهُ وَتَاءُهُ وَعَنْ وَعَلٰى وَالْكَافُ وَمُذْ وَمُنْذُ وَخَلَا وَعَدَا وَحَاشَا فَمِنْ لِلْاِبْتِدَاءِ وَالتَّبْيِيْنِ وَالتَّبْعِيْضِ وَزَائِدَةٍ فِيْ غَيْرِ الْمُوْجَبِ خِلَافًا لِلْكُوْفِيِّيْنَ وَالْاَخْفَشِ وَقَدْ كَانَ فِيْ مَطَرٍ وَشِبْهُهُ مُتَاَوَّلٌ -

---

অনুবাদ : আর সেগুলো (حروف جر) হলো- (১) مِنْ (২) اِلٰى (৩) حَتّٰى (৪) فِيْ (৫) بَاء (৬) لَامْ (৭) رُبَّ (৮) وَاوْ رُبَّ (৯) وَاوْ قَسَمْ (১০) بَاء قَسَمْ (১১) تَاء قَسَمْ (১২) عَنْ (১৩) عَلٰى (১৪) كَافْ (১৫) مُذْ (১৬) مُنْذُ (১৭) خَلَا (১৮) عَدَا (১৯) حَاشَا । অতঃপর مِنْ অব্যয়টি ابتداء (প্রারম্ভ) بيان (বর্ণনা) এবং بعض (কতেক)-এর অর্থে ব্যবহৃত হয়। এবং كلام غير موجب এ অতিরিক্ত হিসেবে ব্যবহৃত হয়। এ ব্যাপারে কূফাবাসী নাহু বিশারদগণ ও আখফাশ নাহবী বিপরীত মত পোষণ করেন। (তাঁদের মতে, كلام موجب ও غير موجب উভয় ক্ষেত্রেই مِنْ অতিরিক্ত হতে পারে) এবং قَدْ كَانَ مِنْ مَطَرٍ ও তার মতো স্থানে যে مِنْ ব্যবহার হয়েছে তা ব্যাখ্যা সম্বলিত।

ব্যাখ্যা : قَوْلُهُ وَهِيَ مِنْ وَاِلٰى الخ : হরফে জর হলো মোট ১৯টি। যথা- (১) مِنْ (থেকে, হতে, মধ্য হতে, চেয়ে, অপেক্ষা, এর), (২) الى (দিকে, প্রতি, নিকটে, পর্যন্ত, নাগাদ, অবধি), (৩) حَتّٰى (পর্যন্ত, যতক্ষণ না, যাতে, এমনকি), (৪) فِيْ (তে, এ, মধ্যে, মাঝে, ভিতরে, অভ্যন্তরে, বিষয়ে, সম্বন্ধে), (৫) بَا (সাথে, সঙ্গে, তে, এ, দ্বারা, কর্তৃক, বিনিময়ে, মাধ্যমে, কসম, শপথ), (৬) ل (জন্যে, তরে, কারণে, ফলে, উদ্দেশ্যে, নিমিত্তে, সময়ে), (৭) رُبَّ (অনেক, কতক, কতিপয়, কোনো কোনো), (৮) وَاوْ رُبَّ (رُبَّ)-এর অর্থ জ্ঞাপক وَاوْ), যেমন- وَبَلْدَةٍ (অনেক কম শহরে), (৯) وَاوْ قَسَمْ (শপথের অর্থজ্ঞাপক وَاوْ), (১০) بَاء قَسَمْ (শপথের অর্থজ্ঞাপক بَاء), (১১) تَائے قَسَمْ (শপথের অর্থজ্ঞাপক تَاء), (১২) عَنْ (থেকে, হতে, সম্বন্ধে, ব্যাপারে, বিষয়ে, কারণে, পরে, দিকে), (১৩) عَلٰى (উপরে, বিপক্ষে, ভিত্তিতে, অনুসারে, কারণে, অবস্থার শর্তে), (১৪) ك (ন্যায়, মতো), (১৫) مُذْ (যাবৎ, পর্যন্ত, অবধি, হতে, থেকে), (১৬) مُنْذُ (হতে, থেকে, যাবৎ, পর্যন্ত, অবধি), (১৭) خَلَا (ছাড়া, ব্যতীত, বিনা, বাদে), (১৮) عَدَا (ছাড়া, ব্যতীত, বিনা, বাদে), (১৯) حَاشَا (ব্যতীত, ছাড়া, বিনা, বাদে)।

قَوْلُهُ فَمِنْ لِلْاِبْتِدَاءِ : গ্রন্থকার (র.) حروف جر -এর সংখ্যা বর্ণনা করার পর এখান থেকে সেগুলোর কোনটি কি অর্থে ব্যবহৃত হয়, সে সম্পর্কে বিস্তারিত আলোচনা শুরু করেছেন।

প্রশ্ন : এখানে একটি প্রশ্ন হতে পারে যে, গ্রন্থকার حرف جر -এর আলাচনার مِنْ -কে কেন সর্বপ্রথম উল্লেখ করেছেন? **উত্তর :** مِنْ অব্যয় ابتداء তথা প্রারম্ভ অর্থের জন্য আসে, তাই মুসান্নিফ (র.)-কে مِنْ -এর আলোচনা প্রথমে এনেছেন। অথবা বলা যেতে পারে, যে কোনো একটি দিয়ে তো শুরু করতে হবে, সে হিসেবে مِنْ দ্বারাই শুরু করা হয়েছে। আর যদি مِنْ দ্বারা আরম্ভ না করে অন্য কোনোটি দ্বারা করা হতো, তাহলে তো এটি সম্পর্কেও আবার প্রশ্ন উত্থাপিত হতো। সুতরাং مِنْ দ্বারা শুরু করাটা যথার্থ হয়েছে।

مِنْ অব্যয়টি ابتداء غائب তথা দূরত্বের শুরু বা প্রারম্ভ অর্থে ব্যবহৃত হয়ে থাকে। এটা দু'প্রকার। যথা- (১) ابتداء مكانى যথা- سِرْتُ مِنَ الْكُوْفَةِ اِلَى الْبَصْرَةِ (আমি কূফা থেকে বসরা পর্যন্ত ভ্রমণ করেছি)। (২) ابتداء زمانى যথা-

صُمْتُ مِنْ يَوْمِ الْجُمُعَةِ (আমি জুমার দিন থেকে রোজা রেখেছি)। উভয় উদাহরণেই من -এর مجرور ঐ স্থান যেখান থেকে فعل টি শুরু হয়েছে।

বি: দ্র: من ابتدائية -এর নিদর্শন তার পরে الى কিংবা الى -এর সমার্থক শব্দ ব্যবহার করা বিশুদ্ধ হওয়া। অর্থাৎ যে বাক্যে শেষসীমা নির্দেশক শব্দ ব্যবহৃত হয় সে বাক্যে যদি من থাকে তাকেই من ابتدائيه বলবে।

قَوْلُهُ وَالتَّبْيِيْنِ : من অব্যয়টি تبيين তথা অস্পষ্ট বস্তুকে স্পষ্ট করে বর্ণনা করার অর্থে ব্যবহৃত হয়। যেমন আল্লাহর বাণী- فَاجْتَنِبُوا الرِّجْسَ مِنَ الْاَوْثَانِ (তোমরা অপবিত্রতা থেকে বাঁচো অর্থাৎ মূর্তি হতে।) من تبيين -এর আলামত হলো, যদি এর স্থলে اسم موصول প্রয়োগ করা হয় তাহলে অর্থ বিশুদ্ধ হয়ে যাওয়া।

قَوْلُهُ وَالتَّبْعِيْضِ : অর্থাৎ من অব্যয়টি تبعيض তথা কতেক কিংবা অংশ বুঝাবার অর্থে ব্যবহৃত হয়। এর নিদর্শন হলো, من -এর স্থলে بعض শব্দটি বসালে অর্থ সঠিক থাকে। যেমন- حَتّٰى تُنْفِقُوْا مِمَّا تُحِبُّوْنَ তথা حَتّٰى تُنْفِقُوْا بَعْضَ مَاتُحِبُّوْنَ ।

قَوْلُهُ زَائِدَةٌ فِىْ غَيْرِ الْمُوْجَبِ الخ : উক্ত ইবারতে زائدة শব্দটি مرفوع হয়েছে এবং للابتداء -এর উপর عطف-এর অর্থ হলো من অব্যয়টি كلام غير موجب (যাতে نفى - نهى ও استفهام থাকে)-এর মধ্যে অতিরিক্ত হিসেবেও ব্যবহৃত হয়। (এটি বসরাবাসী নাহবিদগণের অভিমত) من زائده -এর নিদর্শন হলো, একে বিলোপ করলেও অর্থের কোনো পরিবর্তন ঘটে না। যেমন- هَلْ جَاءَكَ مِنْ اَحَدٍ (১) مَاجَاءَنِىْ مِنْ اَحَدٍ (২) لَاتُزَادُ مِنَ الشَّىْءِ (৩) এ সকল উদাহরণে من বিলাপ করলেও অর্থের কোনো পরিবর্তন হয় না। কিন্তু কূফাবাসী নাহবিদগণও আখ্ফাশ নাহ্বিদ তার বিরোধিতা করে বলেন যে, من অব্যয়টি অতিরিক্ত হিসেবে ব্যবহার হওয়ার জন্য كلام غير موجب শর্ত নয়; বরং كلام موجب (যার মধ্যে نفى ، نهى ও استفهام না হয়) ও كلام غير موجب উভয়ের মধ্যে من অতিরিক্ত হিসেবে ব্যবহৃত হয়ে থাকে। যেমন- قَدْ كَانَ مَطَرٌ -এর মধ্যে من টি অতিরিক্ত, কারণ মূলবাক্য হলো- قَدْ كَانَ مَطَرٌ ছিল। গ্রন্থকার (র.) তাদের বক্তব্যের জবাব দিতে গিয়ে বলেন- قَدْ كَانَ مِنْ مَطَرٍ وَقَدْ كَانَ مِنْ مَطَرٍ وَشِبْهُهُ مُتَاوَّلٌ অর্থাৎ ও এ জাতীয় কথায় ব্যাখ্যা রয়েছে। আর তা হলো, এখানে من টি تبعيض কিংবা تبيين অর্থে ব্যবহার হয়েছে। زائده তথা অতিরিক্ত হিসেবে নয়। সুতরাং বাক্যটি মূল অর্থ হলো, قَدْ كَانَ شَىْءٌ مِنَ الْمَطَرِ বা قَدْ كَانَ بَعْضُ مَطَرٍ ।

বি: দ্র: من অব্যয়টি উপরোক্ত চারটি অর্থ ছাড়াও আরো কয়েকটি অর্থ প্রদান করে থাকে। নিম্নে সেগুলো উদাহরণসহ আলোকপাত করা হলো- (৫) فصل (পার্থক্য) অর্থে। এ ক্ষেত্রে এটি দু'টি বিপরীতধর্মী বিষয়ের দ্বিতীয়টির উপর প্রবেশ করে। যেমন- لِيَمِيْزَ اللّٰهُ الْخَبِيْثَ مِنَ الطَّيِّبِ এবং يَعْلَمُ الْمُفْسِدَ مِنَ الْمُصْلِحِ। (৬) بدل (পরিবর্তন) অর্থে। যেমন- اَرَضِيْتُمْ بِالْحَيَاةِ الدُّنْيَا مِنَ الْاٰخِرَةِ তথা بدل الاخرة (৭) تعليل (কারণ) অর্থে। যেমন আল্লাহর বাণী- مِمَّا خَطِيْئَتِهِمْ اُغْرِقُوْا (তাদের পাপের কারণে তাদেরকে ডুবানো হয়েছে)। (৭) باء (দ্বারা) এর অর্থে। যেমন- يَنْظُرُوْنَ مِنْ طَرْفٍ خَفِيٍّ তথা وَنَصَرْنَاهُ مِنَ الْقَوْمِ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيَاتِنَا (৯) على (উপর) অর্থে। যেমন- يَنْظُرُوْنَ بِطَرْفٍ خَفِيٍّ তথা فِى يَوْمِ الْجُمُعَةِ তথা اِذَا نُوْدِىَ لِلصَّلٰوةِ مِنْ يَوْمِ الْجُمُعَةِ (১০) فى (মধ্যে) অর্থে। যেমন- وَنَصَرْنَاهُ عَلَى الْقَوْمِ (১১) عند তথা فِىْ غَفْلَةٍ عَنْ هٰذَا তথা قَدْ كُنَّا فِىْ غَفْلَةٍ مِّنْ هٰذَا (১২) مجاوزة তথা عن (অতিক্রম) অর্থে। যেমন- (নিকট) অর্থে। যেমন- لَنْ تُغْنِىَ عَنْهُمْ اَمْوَالُهُمْ وَلَا اَوْلَادُهُمْ مِنَ اللّٰهِ তথা عِنْدَ اللّٰهِ (১৩) استعانه (সাহায্য) অর্থে। যেমন- يَنْظُرُ النَّاسُ اِلٰى عَدُوِّهٖ مِنْ عَيْنٍ تَرْمِىْ بِشَرَرٍ অর্থাৎ মানুষ তার শত্রুর দিকে অগ্নিস্ফুলিঙ্গ দৃষ্টির সাহায্যে তাকায়। (১৪) تاكيد (দৃঢ়তা) অর্থে। যেমন- مَاجَاءَ مِنْ اَحَدٍ مِنَ الرَّجُلِ (একজন মানুষও আসেনি)। (১৫) قسم (শপথ) অর্থে। যেমন- مِنْ رَبِّىْ لَاَفْعَلَنَّ كَذَا (আল্লাহর শপথ আমি অবশ্যই এটা করব)।

وَاِلٰى لِلْاِنْتِهَاءِ وَبِمَعْنٰى مَعَ قَلِيْلًا وَحَتّٰى كَذٰلِكَ وَبِمَعْنٰى مَعَ كَثِيْرًا وَيَخْتَصُّ بِالظَّاهِرِ خِلَافًا لِلْمُبَرِّدِ -

অনুবাদ : (দ্বিতীয় حرف جر) الى এটি উদ্দেশ্যের শেষসীমা বুঝাবার অর্থে ব্যবাহৃত হয় এবং কখনও কখনও مع (সহ) অর্থে ব্যবহার হয় এবং حتى (তৃতীয় حرف جر) অনুরূপ (অর্থাৎ এটিও উদ্দেশ্যের শেষসীমা বুঝায়) এক অধিকাংশ সময় مع -এর অর্থে ব্যবহার হয়। এটি নির্দিষ্ট হলো اسم ظاهر -এর সাথে। তবে নাহুবিশারদ আল্লামা মুবাররাদ (র.) ভিন্ন মত পোষণ করেন।

ব্যাখ্যা : قَوْلُهُ اِلٰى لِلْاِنْتِهَاءِ : حرف جر -এর মধ্যে হতে দ্বিতীয়টি হলো الى অব্যয়টি প্রান্তসীমা বুঝাবার জন্য ব্যবহৃত হয়। আর এ প্রান্তসীমাটা হলো ব্যাপক। সেটি আবার তিন প্রকার হতে পারে। যথা– কালের প্রান্তসীমা। যেমন আল্লাহর বাণী– ثُمَّ اَتِمُّوا الصِّيَامَ اِلَى الَّيْلِ (অতঃপর তোমরা রোজাকে পূর্ণ করো রাত পর্যন্ত)। অথবা (২) স্থানের প্রান্তসীমা। যেমন– ذَهَبْتُ اِلَى الْبَيْتِ (আমি বাড়ি পর্যন্ত গিয়েছি)। অথবা (৩) কাল বা স্থান ব্যতীত অন্যকোনো বস্তুর প্রান্তসীমা। যেমন– قَلْبِىْ اِلَيْكُمْ (আমার অন্তর তোমাদের পর্যন্ত)। এবং الى অব্যয়টি مع (সহ) অর্থেও ব্যবহার হয় তবে এ ব্যবহারটি খুবই কম। এর জন্য শর্ত হলো الى ما قبل و ما بعد -এর جنس একই -এর হতে হবে। যেমন আল্লাহর বাণী– فَاغْسِلُوْا وُجُوْهَكُمْ وَاَيْدِيَكُمْ اِلَى الْمَرَافِقِ (তোমরা তোমাদের মুখমণ্ডল ও হাত ধৌত কর কনুইসহ) এ বাক্যে الى শব্দটি مع অর্থে এসেছে। এ ছাড়া الى অব্যয়টি আরো কয়েকটি অর্থে ব্যবহৃত হয়ে থাকে। যথা– (১) مصاحبة (সাথী) অর্থে যেমন আল্লাহর বাণী– لَا تَاْكُلُوْٓا اَمْوَالَكُمْ اِلٰى اَمْوَالِكُمْ (তোমরা তোমাদের সম্পদের সাথে মিলিয়ে তাদের (এতিমদের) সম্পদ খেয়ো না)। (২) فى (মধ্যে) অর্থে। যেমন, আল্লাহর বাণী– لَيَجْمَعَنَّكُمْ اِلٰى يَوْمِ الْقِيَامَةِ তথা فِىْ اِحْتِمَالُ الْمَشَقَّةِ اَحَبُّ اِلَى مِنَ الْاِسْتِعَانَةِ بِلَئِيْمِ الطَّبْعِ (৩) اَلتَّبْيِيْنُ (বর্ণনা করা) অর্থে। যেমন– يَوْمِ الْقِيَامَةِ । وَالْاَمْرُ (৪) । اِحْتِمَالُ الْمَشَقَّةِ اَحَبُّ مِنَ النَّفْسِ الْكَرِيْمَةِ তথা النَّفْسِ الْكَرِيْمَةِ وَالْاَمْرُ– (اختصاص) লাম অর্থে। যেমন– (৬) । مِنَ الْمَاءِ شَرِبَ الْعَاطِشُ فَلَمْ يَرْتَوِ اِلَى الْمَاءِ– (কতক) بعض (৫) । وَالْاَمْرُ لَكَ اِلَيْكَ তথা تَاكِيد (দৃঢ়তা) অর্থে। এ ক্ষেত্রে الى টি زائده হয়। যেমন– اَفْئِدَةً مِّنَ النَّاسِ تَهْوِىْ اِلَيْهِمْ তথা تَهْوَاهُمْ ।

قَوْلُهُ وَحَتّٰى كَذٰلِكَ الخ : حتى অব্যয়টি অনুরূপই অর্থাৎ এটি الى -এর মতো انتهائے غايت (প্রান্তসীমা) বুঝাবার জন্য ব্যবহৃত হয়। তবে উভয়ের মধ্যে কিছু পার্থক্য রয়েছে। তা নিম্নরূপ– (ক) الى কম সময় مع অর্থে ব্যবহৃত হয় আর অধিকাংশ সময় مع অর্থে ব্যবহৃত হয়। যেমন– اَكَلْتُ السَّمَكَةَ حَتّٰى رَاْسِهَا اَىْ مَعَ رَاْسِهَا (আমি মাছ খেয়েছি মাথাসহ)। (খ) الى অব্যয়টি اسم ظاهر ও ضمير উভয়ের পূর্বে প্রবিষ্ট হতে পারে। আর حتى অব্যয়টি শুধুমাত্র اسم ظاهر -এর পূর্বে আসে। তবে ইমাম মুবাররাদের মতে اسم ظاهر ও ضمير উভয়ের পূর্বেই ব্যবহার হয়, শুধুমাত্র اسم ظاهر -এর সাথে নির্দিষ্ট নয়। এছাড়াও حتى আরো দু'টো অর্থে আসে। অর্থাৎ حتى অব্যয়টি মোট চারটি অর্থে ব্যবহৃত হয়। যথা– (১) (পর্যন্ত) অর্থে। যেমন– لَنْ نَبْرَحَ عَلَيْهِ عَاكِفِيْنَ حَتّٰى يَرْجِعَ اِلَيْنَا مُوْسٰى (২) مع (সহ) অর্থে। যেমন– اَكَلْتُ السَّمَكَةَ حَتّٰى رَاْسِهَا তথা مع راسها (৪) الا (استثناء) অর্থে। যেমন– وَمَا يُعَلِّمَانِ مِنْ اَحَدٍ حَتّٰى يَقُوْلَا তথা اِلَّا يَقُوْلَا ।

وَفِىْ لِلظَّرْفِيَّةِ وَبِمَعْنٰى عَلٰى قَلِيْلًا وَالْبَاءُ لِلْاِلْصَاقِ وَالْاِسْتِعَانَةِ وَالْمُصَاحَبَةِ وَالْمُقَابَلَةِ وَالتَّعْدِيَةِ وَالظَّرْفِيَةِ وَ زَائِدَةٌ فِى الْخَبَرِ فِى الْاِسْتِفْهَامِ وَالنَّفْىِ قِيَاسًا وَفِىْ غَيْرِهٖ سِمَاعًا نَحْوُ بِحَسْبِكَ زَيْدٌ وَالْقٰى بِيَدِهٖ -

---

